ফার্সী-বাংলা-ইংরেজী অভিধান

PERSIAN-BENGALI-ENGLISH DICTIONARY

সার্বিক তত্ত্বাবধানে আলী আভারসাজী

Prepared by Ali Avarseji

ইসলামী প্রজাতন্ত্র ইরানের সাংস্কৃতিক কেন্দ্র, ঢাকা

CULTURAL CENTRE OF THE ISLAMIC REPUBLIC OF IRAN, DHAKA

ফার্সী-বাংলা-ইংরেজী অভিধান

PERSIAN-BENGALI-ENGLISH DICTIONARY

প্রধান সম্পাদক : আলী আভারসাজী
Chief editor : Ali Avarseji

সহকারী সম্পাদক : মুহাম্মদ ঈসা শাহেদী
আবু মূসা মোঃ আরিফ বিল্লাহ্
Assistant editors : Mohammad Isa Shahedi
Abu Musa Md. Arif Billah

প্রকাশনায় : ইসলামী প্রজাতন্ত্র ইরানের সাংস্কৃতিক কেন্দ্র, ঢাকা, বাংলাদেশ
Publisher : Cultural Centre of the Islamic
Republic of Iran, Dhaka, Bangladesh.

প্রকাশকাল : মার্চ, ১৯৯৮
Date of publication : March, 1998

শব্দ বিন্যাস : কম্পিউটার বিভাগ, ইসলামী প্রজাতন্ত্র ইরানের সাংস্কৃতিক কেন্দ্র
তারিক সিরাজী, মোঃ বিল্লাল হোসেন
Composed by : Computer Section of the Cultural Centre
Tarique Sirazi, Md. Bellal Hossain

মুদ্রণ : চৌকস, ১৩১, ডিআইটি এক্সটেনশন রোড, ঢাকা-১০০০
Printed by : Chowkash, 131, D.I.T. Extension Road,
Dhaka-1000.

মূল্য : ৩০০.০০ টাকা
১০ ডলার
Price : Tk. 300.00
U.S. $ 10

সম্পাদনা পরিষদের সদস্যবৃন্দ

MEMBERS OF THE EDITORIAL BOARD

ভূমিকা

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহীম

বাংলাদেশে ফার্সী ভাষার সমৃদ্ধ ইতিহাসের সূচনা হিজরী সপ্তম শতকের শুরু থেকে। তখন ইরানী বংশোদ্ভূত মুসলিম শাসকদের মাধ্যমে দীন ইসলামকে সাথে নিয়ে ফার্সী ভাষা এ ভূখণ্ডে প্রবেশ করে। ক্রমান্বয়ে ফার্সীর বিকাশ ও বিস্তার এমন পর্যায়ে পৌঁছে যে, অল্প সময়ের মধ্যেই এ ভাষা জ্ঞান-বিজ্ঞান, সাহিত্য-সংস্কৃতি ও আধ্যাত্মিকতা চর্চার বাহন ও শাসকবর্গের রাষ্ট্রভাষায় পরিণত হয়; এমন কি অষ্টাদশ খৃষ্টাব্দের দ্বিতীয়ার্ধ থেকে উপমহাদেশে ঔপনিবেশিক আধিপত্যের সময় বৃটিশ শাসকদের পক্ষ হতে ফার্সী ভাষা ব্যবহারের ওপর আরোপিত নিষেধাজ্ঞা সত্ত্বেও এ ভাষা জনগণের মাঝে স্বীয় গুরুত্ব বজায় রাখে।

বিগত কয়েক শতাব্দীতে ফার্সী ভাষা বাংলায় মুসলমানদের জ্ঞান-বিজ্ঞান, সাহিত্য, সংস্কৃতি ও আধ্যাত্মিকতার চর্চা এবং ইসলামী সভ্যতার বাহন ও ধর্মীয় ভাষা হিসাবে বিদ্যমান ছিল। হাজার হাজার প্রাচীন ফার্সী পাণ্ডুলিপির বিদ্যমানতা এদেশের জনগণের মাঝে এ ভাষার সমুন্নত আসন ও ভূমিকার প্রমাণ বহন করছে।

এ এলাকায় ফার্সী ভাষার চর্চা ও বিকাশ কত উচ্চস্তরে পৌঁছেছিল তা হিজরী সপ্তম শতকে বাংলার ফার্সী-প্রেমিক মুসলিম শাসক সুলতান গিয়াস উদ্দীন আযম শাহকে নিবেদিত ইরানের মহান সাধক কবি শামসুদ্দিন মুহাম্মদ খাজা হাফেজ শিরাজীর একটি গজল হতেই অনুমান করা যায়। বাংলায় সফরে আসার জন্য সুলতানের আমন্ত্রণের জবাবে মহাকবি হাফেজ শিরাজী এ গজল রচনা করেন। বিখ্যাত গজলটির কয়েকটি ছত্র নিম্নরূপ :

ساقی حدیث سرو و گل و لاله می رود   وین بحث با ثلاثه غساله می رود
شکر شکن شوند همه طوطیان هند   زین قند پارسی که به بنگاله می رود
حافظ ز شوق مجلس سلطان غیاث دین   غافل مشو که کار تو از ناله می رود

"সাকী! সার্ভ, গুল ও লালার আলোচনা চলছে
তিন ধৌতকারী (পান পেয়ালা)-সহ এ আলোচনা চলছে।
ফার্সীর এ মিছরিখণ্ড (গজলগীতি) যা বাংলায় যাচ্ছে তা নিয়ে
ভারতের তোতারা (কবিরা) সবাই মিষ্টিমুখ হবে।
হাফেজ! সুলতান গিয়াস উদ্দীনের মজলিসের উদ্দীপনা নিয়ে
উদাসীন বসে থেকো না। কারণ ক্রন্দন দিয়েই তোমার কার্য সিদ্ধ হবে।"

এ ভূখণ্ডে ফার্সীর আগমনের পর প্রায় ৮০০ বছর অতিক্রান্ত হচ্ছে। এ সময়ের মধ্যে ফার্সী ভাষা ও সাহিত্যের প্রতি সাম্রাজ্যবাদের জুলুম এবং বাংলা ভাষার অক্ষর, শব্দ, বাচনভঙ্গি ও লিখনরীতি ফার্সী ভাষার চেয়ে ভিন্নতর হওয়া সত্ত্বেও ভাষাতাত্ত্বিক গবেষণার মাধ্যমে লিখিত মরহুম ড. মকসুদ হেলালীর 'বাংলা ভাষায় আরবী-ফার্সীর উপাদান' শীর্ষক বইয়ের ভাষ্য অনুযায়ী বর্তমান বাংলা ভাষায় নয় হাজারের অধিক মূল ও যৌগিক ফার্সী শব্দ প্রচলিত রয়েছে, যেগুলো সামান্য পরিবর্তিত রূপে দৈনন্দিন কথাবার্তায় ব্যবহৃত হচ্ছে।

এখানে বহু প্রবীণ আলেম, মনীষী, দার্শনিক, সূফী, এমন কি অনেক তরুণ সাহিত্য-ব্যক্তিত্ব রয়েছেন যাঁরা মাওলানা জালাল উদ্দীন রুমীর মাসনাভী শরীফ, শেখ সাদীর গুলিস্তান, আত্তারের পান্দনামা, হাফেজের দিওয়ান, খৈয়ামের রুবাইয়াত, ফেরদৌসীর শাহনামা ও এ জাতীয় অসংখ্য গ্রন্থের কোন না কোন অংশ পাঠ করতে পারেন।

দুর্ভাগ্যবশত ওপরে উল্লিখিত সকল দিক ও বাংলার মনীষীদের পক্ষ হতে ফার্সী ভাষায় হাজার হাজার গ্রন্থ ও দিওয়ান রচিত হওয়া সত্ত্বেও 'ফার্সী-বাংলা' অভিধানের শূন্যতা ফার্সী ভাষার ইতিহাসের এক ক্ষতচিহ্ন হিসাবে বিদ্যমান ছিল। হয়ত এখানে বহু বিজ্ঞ মনীষী ছিলেন যাঁরা এরূপ অভিধান রচনার আগ্রহ পোষণ করতেন, কিন্তু যে কোন কারণেই হোক এ কাজ সম্পাদন করতে তাঁরা সক্ষম হন নি।

আমি নিজেকে সৌভাগ্যবান মনে করছি যে, বাংলাদেশে ইসলামী প্রজাতন্ত্র ইরানের কালচারাল কাউন্সেলর হিসাবে দায়িত্ব পালনকালীন এ অভিধান প্রণয়নের পরিকল্পনা গ্রহণ করার সুযোগ পেয়েছি এবং ফার্সী-প্রেমিক সম্মানিত বাংলাদেশী ও ইরানী বিশেষজ্ঞ ও সহকর্মীদের সহায়তায় দীর্ঘ ৪ বছরে এর গ্রন্থনা ও মুদ্রণ কাজ শেষ করতে সক্ষম হয়েছি। প্রথমে পরিকল্পনা ছিল একটি ফার্সী-বাংলা অভিধান প্রণয়নের; কিন্তু বাংলাদেশে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজীর গুরুত্ব বিবেচনায় রেখে অভিধানে ফার্সী-বাংলার সাথে ইংরেজীও যোগ করা হয়েছে।

এ অভিধান প্রণয়নের ক্ষেত্রে হাইয়েম প্রণীত 'ফার্সী-ইংরেজী অভিধান', অ'রিয়ানপুর প্রণীত 'ফার্সী-ইংরেজী অভিধান' ও ড. মুঈন প্রণীত 'ফার্সী অভিধান'কে মৌলিক গ্রন্থ হিসাবে অনুসরণ করা হয়েছে।

এ অভিধানে প্রায় ৩০,০০০ ফার্সী শব্দ রয়েছে। তাতে অপ্রচলিত শব্দসমূহ বাদ দিয়ে নতুন নতুন শব্দ সংযোজনের চেষ্টা করা হয়েছে। সর্বস্তরের পাঠকের ব্যবহার উপযোগী করার জন্য অভিধানটি একখণ্ডে ও যতদূর সম্ভব ছোট কলেবরে ছাপানোর ব্যবস্থা করা হয়েছে।

ফার্সী শব্দ ও পরিভাষার উচ্চারণ ও অর্থের ক্ষেত্রে ড. মুঈন প্রণীত ফার্সী অভিধান মূল গ্রন্থ হিসাবে অনুসরণ করা হয়েছে। ফার্সী শব্দ ও ধ্বনির উচ্চারণের নির্দেশিকা ও প্রয়োজনীয় তথ্য অভিধানের শুরুতে বাংলা ভাষায় আলাদাভাবে সংযোজিত হয়েছে।

একটি সমন্বিত কর্মপন্থার মাধ্যমে এ অভিধান প্রণয়নের কাজ আঞ্জাম দেয়া হয়েছে। অভিধানের শুরুতে পৃথক তালিকায় উল্লিখিত সহকর্মীদের নির্ধারিত কাজ সূক্ষ্ম পর্যালোচনার পর প্রয়োজনীয় সংশোধন ও সম্পাদনা করা হয়েছে।

আমি সম্পাদনা পরিষদের সকল সদস্যের প্রতি, বিশেষত জনাব মুহাম্মদ ঈসা শাহেদী যিনি এ প্রকল্পে আমার সহকারী হিসাবে দায়িত্ব পালন করেছেন, তাঁদের আন্তরিক সহযোগিতার জন্য আমার কৃতজ্ঞতা জানাচ্ছি। অনুরূপভাবে কম্পিউটার অপারেটর, প্রুফ রিডার ও মুদ্রণের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতিও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সন্দেহ নেই যে, বর্তমান অভিধান এ ধরনের প্রথম উদ্যোগ বিধায় যথেষ্ট সতর্কতা ও যত্ন নেয়া সত্ত্বেও ভুল-ত্রুটি থেকে যাওয়া অসম্ভব নয়। আমাদের প্রত্যাশা হল, সম্মানিত পাঠক-পাঠিকাগণ, বিশেষত বিশেষজ্ঞ মহোদয়গণ এ ব্যাপারে নিজেদের সংশোধনমূলক ও পরিপূরক পরামর্শসমূহ ইসলামী প্রজাতন্ত্র ইরানের ঢাকাস্থ সাংস্কৃতিক কেন্দ্রের গবেষণা বিভাগে প্রেরণ করবেন, যাতে পরবর্তী সংস্করণসমূহে এ অভিধান আরো পূর্ণাঙ্গ ও সমৃদ্ধ হয়। ওয়াস্‌সালাম।।

আলী আভারসাজী
কালচারাল কাউন্সেলর
ইসলামী প্রজাতন্ত্র ইরানের সাংস্কৃতিক কেন্দ্র
ঢাকা, বাংলাদেশ

Preface

Bismillahir Rahmanir Rahim

The history of the Persian language in Bangladesh dates back to the early days of the 7th century Hijri when the Muslim rulers of Iranian origin conquered Bengal. It was so popular that within a short period it not only became the state language of the ruling government but took its place in science, culture and mysticism. Even during the colonial British rule from mid 18th century, it preserved its importance in every field in spite of the prohibition imposed against its usage.

During the past few centuries the Persian language had been the foundation for providing the Muslims of Bengal with knowledge-culture-mysticism and Islamic civilization. Thus, it became the religious language. The existing old Persian scripts show the high role it played and the status it enjoyed among the people.

The climax of flourishing Persian in the region is felt by the lyric written by famous poet and mystic Hafiz Shirazi. He wrote it in response to the invitation to visit Bengal by Sultan Ghiyasuddin Azam Shah, the Muslim ruler and Persian fan of Bengal in the 7th century Hijri. Hafiz says :

ساقی حدیث سرو و گل و لاله می رود   وین بحث با ثلاثه غساله می رود

شکر شکن شوند همه طوطیان هند   زین قند پارسی که به بنگاله می رود

حافظ ز شوق مجلس سلطان غیاث دین   غافل مشو که کار تو از ناله می رود

Saqi! the tale of the cypress and the rose and the tulip-goeth.

And with the three washers (cups of wine), this dispute-goeth.

Sugar-Shattering (verses of Hafiz devouring), have become

All the parrots (poets) of Hindustan,

On account of this Farsi candy (sweet Persian ode) that to Bengal-goeth.

Of love for the assembly of the Sultan Ghiyasuddin, Hafiz!

Be not silent. For, from lamenting, thy work-goeth.

Now, after eight hundred years of the presence of Persian in Bengal and in spite of all the pressures made by colonial rule and also the difference of Bengali language in writing and speaking, according to the linguistic research of the late Bangladeshi scholar Dr. Maqsud Hilali in his book titled "Perso-Arabic elements in Bengali Language", more than 9,000 basic and compound Persian words exist in the present Bengali language which are used with a different accent.

There are a lot of old scholars, philosophers and mystics, even new literary figures here who can recite passages of Masnavi of Maulana Jalal-Uddin Rumi, Gulistan of S'adi, Diwan-e-Hafiz, Rubaiat-e-Khayyam, Shahnameh of Ferdousi and many other famous Persian literary books.

Unfortunately, in spite of all the facts mentioned above and thousands of Persian manuscripts written by writers of Bengal the lack of a Persian-Bengali Dictionary was a detrimental factor. Perhaps there were great scholars who wished to do this but couldn't fulfil their wish due to unknown different reasons.

I feel elated that during my responsibility as the Cultural Counsellor of I.R.I. in Bangladesh, I found the opportunity to plan this Dictionary and with the co-operation of respected Bangladeshi and Iranian scholars and colleagues who love Persian language and literature succeeded in completing and publishing it after long four years.

Initially, we planned to have only a Persian-Bengali Dictionary but due to the importance of English as second language in Bangladesh we decided to add it as well.

This Dictionary is based on Haim and Aryanpur Persian-English Dictionaries and also the Persian to Persian descriptive Dictionary of Dr. M. Mo'in and holds almost 30,000 words in which archaic words are omitted and new words are added. It is prepared and published in one volume, to be easy to use by all.

The method of compiling this dictionary was a joint work in which each of colleagues had a specific role in the editorial board.

I would like to thank all the members of the Editorial Board specially Mr. Mohammad Isa Shahedi as my assistant in this project for their sincere co-operation and also I should appreciate the hard work of composers, proof readers and press authorities in this regard.

There is no doubt that the present work in spite of all our joint efforts may not be without mistakes. We expect the noble readers specially experts to give their suggestions to the research section of Cultural Centre of the Islamic Republic of Iran for making it more complete and fruitful in the next edition.

Ali Avarseji
Cultural Counsellor
Islamic Republic of Iran
Dhaka, Bangladesh.

بسم الله الرحمن الرحیم

سابقه دیرینه زبان فارسی در بنگال به اوائل قرن هفتم هجری بر می گردد که توسط فرمانروایان مسلمان ایرانی تبار همراه با دین اسلام وارد این خطه گردید. گسترش روز افزون فارسی تابدانجا رسید که در مدتی کوتاه زبان رسمی حکومتها و زبان علم و فرهنگ و عرفان گردید. حتّی در زمان سلطه استعمار بریتانیا از نیمه دوم قرن هجدهم میلادی بر شبه قاره نیز علیرغم ممنوعیت استفاده از زبان فارسی توسط فرمانروایان انگلیسی همچنان اهمیت خود را در بین مردم حفظ کرد.

در طول قرون گذشته زبان فارسی وسیله انتقال فرهنگ، علم، عرفان و تمدن اسلامی و زبان مذهبی و دینی مسلمانان در منطقه بنگال بوده است که وجود هزاران نسخه خطی فارسی در زمینه های یاد شده بیانگر نقش و جایگاه رفیع این زبان در بین مردم است.

اوج شکوفائی فارسی در منطقه را می توان از غزل اهدائی شاعر و عارف بزرگ ایران شمس الدین محمد خواجه حافظ شیرازی به سلطان غیاث الدین اعظم شاه فرمانروای مسلمان و فارسی دوست بنگال در قرن هفتم هجری در پاسخ دعوت وی از حافظ جهت سفر به خطه بنگال دریافت آنجا که می گوید:

ساقی حدیث سرو و گل و لاله می رود — *وین بحث با ثلاثه غساله می رود*

شکر شکن شوند همه طوطیان هند — *زین قند پارسی که به بنگاله می رود*

حافظ ز شوق مجلس سلطان غیاث دین — *غافل مشو که کار تو از ناله می رود*

ارسال غزلیات حافظ به مجلس سلطان غیاث الدین نشانگر حضور مؤثر فارسی و ارزش والای آن در منطقه می باشد.

هم اکنون که حدود ۸۰۰ سال از ورود فارسی به این خطه می گذرد و علیرغم جفاهای فراوانی که استعمار در حق زبان و ادبیات فارسی روا داشته و با اینکه زبان بنگالی از نظر

حروف و کلمات و گویش و نوشتار کاملاً متفاوت با زبان فارسی است لیکن براساس تحقیقات زبانشناسانه ای که دانشمند فقید بنگلادشی دکتر مقصود هلالی در کتاب خود تحت عنوان «حضور واژه های فارسی در زبان بنگالی» انجام داده بیش از ۹۰۰۰ واژه اصلی و ترکیبی فارسی در زبان امروزین بنگالی وجود دارد که با اندك تغییری در تلفّظ مورد استفاده روزانه قرار می گیرد.

کمتر کسی از علماء، عرفا، دانشمندان و ادبای کهنسال این دیار خواهد بود که با کتاب شریف مثنوی مولانا جلال الدین رومی، گلستان سعدی، دیوان حافظ، رباعیات خیام، شاهنامه فردوسی و دهها نمونه دیگر بیگانه و نا آشنا باشد.

متأسفانه با وجود همه نقاط قوتی که ذکر شد و تألیف و تدوین هزاران نسخه کتاب و دیوان به زبان فارسی از سوی دانشمندان منطقه بنگال جای خالی لغتنامه «فارسی - بنگالی» به عنوان نقطه ضعفی در تاریخ زبان فارسی محسوب می گردید. شاید دانشمندان و علاقمندانی در آرزوی تدوین چنین فرهنگی بوده اند لیکن به هر دلیل موفق به انجام آن نگردیده بودند.

اینجانب از افتخارات خود میدانم که در دوران مسؤولیتم به عنوان رایزن فرهنگی جمهوری اسلامی ایران در بنگلادش با در نظر داشتن حقایق فوق الذکر و نیاز مبرم علاقمندان فارسی، به طرح تدوین این فرهنگ پرداخته و با همکاری استادان و محققین فارسی دوست بنگالی و ایرانی در طول ٤ سال موفق به تکمیل و چاپ آن گردیدیم. ابتدا طرح فرهنگ فارسی، بنگالی مدّ نظر بود ولی با توجه به اهمیت انگلیسی به عنوان زبان دوم در بنگلادش انگلیسی نیز بدان افزوده گردید.

مبنای کار ما در تدوین این لغتنامه، فرهنگ «فارسی- انگلیسی» حییم، فرهنگ «فارسی- انگلیسی» آریانپور و فرهنگ فارسی دکتر معین بوده است.

فرهنگ حاضر دارای حدود ۳۰۰۰۰ واژه می باشد و تلاش نموده ایم تا لغات مهجور حذف و کلمات جدید بدان افزوده گردد و به صورت یك جلدی و حجم هرچه کمتر که به آسانی قابل حمل و استفاده برای اقشار مختلف باشد تهیه و چاپ شود.

شیوه کار ما در تدوین فرهنگ حاضر به صورت گروهی بوده و هر یك از همکارانی که نامشان در بخش مستقلّی ذکر شده قسمت های معینی ازکار را انجام داده وسپس با بررسی های دقیق تصحیح وویرایش گردیده است.

لازم می دانم از کلیه استادان و محققانی که در تدوین این فرهنگ همکاری داشته اند به ویژه آقای محمد عیسی شاهدی که دستیاری توانا برای اینجانب بوده اند و نیز آنهایی که در بخش حروفچینی و غلطگیری و چاپ نهایت همکاری را کرده اند تشکر و قدردانی نمایم.

شکی نیست که کار حاضر به عنوان اولین اثر در نوع خود با همهٔ دقت و جدیتی که صورت گرفته است ممکن است خالی از اشکال نباشد. انتظار ما اینست که خوانندگان محترم به ویژه اهل فنّ پیشنهادات اصلاحی و تکمیلی خود را به بخش تحقیقات رایزنی فرهنگی جمهوری اسلامی ایران در داکا ارسال نمایند تا در چاپ های بعدی با استفاده از آنها فرهنگ مزبور هرچه کاملتر و غنی تر گردد.

والسّلام

علی اورسجی

رایزن فرهنگی جمهوری اسلامی ایران-داکا

راهنمای تلفظ

উচ্চারণ নির্দেশিকা Pronunciation Indication

فارسی	بنگالی	انگلیسی	فارسی	بنگالی	انگلیسی
آ	অ'	ă	ش	শ	š
ا	আ	a	ص	স	s
ب	ব	b	ض	য	z
پ	প	p	ط	ত	t
ت	ত	t	ظ	য	z
ث	স	s	ع	আ/-	a/'
ج	জ	j	غ	গ্ব	ğ
چ	চ	č	ف	ফ	f
ح	হ	h	ق	গ্ব	ğ
خ	খ	x	ك	ক	k
د	দ	d	گ	গ	g
ذ	য	z	ل	ল	l
ر	র	r	م	ম	m
ز	য	z	ن	ন	n
ژ	জ্ব	ẑ	و	ভ্	v
س	স	s	هـ	হ	h
			ی	য়	y

فارسی	بنگالی	انگلیسی	فارسی	بنگالی	انگلیسی
آ	অ'/া'	ă	اُو	ঊ/ ূ	u
اَ	আ/া	a	ای	ঈ/ ি/ী	i
اِ	এ/ে	e	اَو	অও/আও	OW/AW
اُ	ও/ো	o			

টীকা

ফার্সী ا (অ'/া')-এর উচ্চারণ দীর্ঘস্বরে অ...এর ন্যায়।

ফার্সী ژ (জ্ব) বর্ণের উচ্চারণ বাংলা ঝ বর্ণের কাছাকাছি যা জিহ্বা ও তালুর মধ্যবর্তী স্থান হতে উচ্চারিত হয়।

ع ও ء (আ/-) যদি শব্দের শুরুতে থাকে তাহলে 'আ'-রূপে উচ্চারিত হয়। অন্যথায় যদি সাকীন বা স্বরধ্বনিবিহীন হয় তাহলে মুখের ভেতরে একটু ধাক্কা দিয়ে হসন্তের মত উচ্চারিত হয়। যেমন তা-লীফ।

غ ও ق (গ্ব) ফার্সীতে উভয় অক্ষরের উচ্চারণে কোন পার্থক্য নেই। দুটি অক্ষরই মুখের তালু ও কণ্ঠনালীর মধ্যবর্তী স্থান থেকে উচ্চারণ করতে হয়।

আধুনিক ফার্সীতে و (ভ)-এর উচ্চারণ 'ও' ও 'ব'-এর মাঝামাঝি। বাংলায় প্রতিবর্ণ না থাকায় 'ভ' ব্যবহার করা হয়েছে। তবে কবিতায় ও যৌগিক শব্দের মধ্যখানে আসলে (যেমন: অ'ব-ও-হাভা')-এর উচ্চারণ বাংলা 'ও'-এর ন্যায় হয়। নিচের ওষ্ঠের ওপর ওপরের দাঁত রেখে و (ভ) উচ্চারণ করতে হয়।

ফার্সীতে ذ ز ض ظ উচ্চারণে কোন পার্থক্য নেই এবং তা বাংলা 'য'-এর মত। অনুরূপ ث س ص -এর উচ্চারণে কোন তফাৎ নেই এবং তা বাংলা 'স' ও ইংরেজী 'S'-এর মত।

علائم اختصاری

সাংকেতিক চিহ্নসমূহ		Abbreviations	
অতি./Sup.	অতিশয়বাচক	Superlative	درجه عالی
অনু./Imp.	অনুজ্ঞাবাচক	Imperative	امر
উদা./Ex.	উদাহরণ	Example	مثال
এ.ব./S.	এক বচন	Singular	مفرد
ক্রি.বিণ./P.P.	ক্রিয়া বিশেষণ	Past Participle	اسم مفعول
তুল./Cf.	তুলনা করুন	*Confer*=compare	مقایسه کنید با
দ্র./S.u.	দ্রষ্টব্য	See under	مراجعه کنید
পুং./Mas.	পুংলিঙ্গবাচক	Masculine	مذکر
মূ.অ./OS.	মূল অর্থ	Original sense	معنی اصلی
স্ত্রী./Fem.	স্ত্রীলিঙ্গবাচক	Feminine	مونث

آ

آ (অ'/ă) এবং **ا** (আ/a) ফার্সী ও আরবী বর্ণমালার প্রথম অক্ষর এবং নাম আলেফ (হাম্‌যা) ও আলেফ মাম্‌দূদে। First letter of the Persian and Arabic alphabet called 'alef' (hamze) and alefe momdude.

آ(ئ) (অ'[য়]/ă[y]) [آمدن এর অনু./Imp. of آمدن] তুমি এসো। Come thou. (সাধারণ ব্যবহার بیا [বিয়া']। Usually. بیا [biyă]) .

آب (অ'ব/ăb) পানি, জ্যুস, রস। Water. Juice. آب آشامیدنی খাবার পানি; পানীয় জল। Drinking water. آب آلوده দূষিত পানি। Polluted water.

آباد (অ'বা'দ/ăbăd) চাষাবাদকৃত; বাসযোগ্য; আবাদী; জনবহুল। Habitable; cultivated; populous.

آبادان (অ'বা'দা'ন/ăbădăn) ১/1) চাষাবাদকৃত; সমৃদ্ধশালী। Cultivated: Thriving. ২/2) ইরানের দক্ষিণ–পশ্চিমাঞ্চলীয় একটি শহর। A city in the south-west of Iran.

آبادانی (অ'বা'দা'নী/ăbădăni) আবাদী; উন্নয়ন; চাষাবাদ; ক্ষেত; জনবহুলতা। Development; improvement; populousness. Plantation.

آبادی (অ'বা'দী/ăbădi) ১/1) গ্রাম; বসতি; আবাদী। Village.২/2)= آبادانی

آبان (অ'বা'ন/ăbăn) ৩০ দিনবিশিষ্ট ইরানী বর্ষপঞ্জির (হিজরী সৌরবর্ষের) ৮ম মাস । Eighth month of the Persian solar calender having 30 days.

آب انبار (অ'ব আম্বা'র/ăb anbăr) পানির (ভূগর্ভস্থ) ট্যাংক বা হাউজ। (Underground) water tank or cistern.

آب باز (অ'.-বা'য/ă.-băz) সাঁতারু; ডুবুরী। Swimmer. Diver.

آب بازی (অ'.-বা'যী/ă.-băzi) সাঁতার কাটা; ডুব দেওয়া। Diving; swimming.

آب بندی (অ'.-বান্দী/ă.-bandi) পানির ছিদ্র বন্ধ করা; পানির সরবরাহ বন্ধ করার কাজ। Stopping a leak.

آب بها (অ'.-বাহা'/ă.-bahă) পানির দাম; জলকর। Water-rate.

آب پا (অ'.-পা'/ă.-pă) পানি নিয়ন্ত্রক। Water supervisor.

آب پاش (অ'.-পা'শ/ă.-păš) পানি ছিটানোর পাত্র বা ঝরনা; পিচকারি। Watering-can. آ. اتوموبیل (বিতরণের জন্য বা ধূলাময় রাস্তায় ছিটিয়ে দেওয়ার জন্য) পানিবাহী গাড়ি। Watering-cart.

آب پاشی (অ'.- পা'শী/ă.-păši) পানি ছিটানো। Sprinkling of water.

آب پز(অ'.-পায/ă.-paz) (পানিতে) সিদ্ধ। Boiled (in water).

آبتنی (অ'.-তানী/ă.- tani) (ঠাণ্ডা পানিতে) গোসল করা। (Cold) bath. - آ. کردن গোসল করা। To take a bath.

آبجو (অ'বজোও/ăbjow) বিয়ার; এক রকম হালকা মদ। Beer.

آبجو سازی (অ'.-সা'যী/ă.-săzi) চোলাই করা; ভাঁটিখানা। Beer-brewing; brewery.

آبجوش(অ'বজূশ/ăbjuš) ফোটানো পানি। Boiling water.

آب حیات (অ'বে হায়া'ত/ăbe hayăt) আবে হায়াত; অমৃত; সুধা; যে পানি পান করে হযরত খিযির (আঃ) অমরত্ব লাভ করেন। Water of life.

آب خشک کن (অ'ব খোশ্‌ক্‌ কোন/ăb-xošk kon) চোষ কাগজ; যে কাগজ তরল পদার্থ চুষে নেয়। Blotting Paper; blotter.

آبخور (অ'.-খোর/ă.-xor) নদী/খাল/ঝর্ণার কিনারা; যেখান থেকে পানি খাওয়া কিংবা সরবরাহ করা হয়। Irrigable area.

آبخوری (অ'.- খোরী/ă.- xori) গ্লাস; পানি খাওয়ার পাত্র; পানপাত্র। Drinking-cup; tankard.

آبخیز (অ'.- খীয/ă.- xiz) জলজ ভূমি; পানিসমৃদ্ধ জমি; যে জমির সর্বত্র খনন করলে পানি পাওয়া যায়। Aquiferous.

آبدار (অ'.-দা'র/ă.-dăr) ১/1) রসাল; পানিপূর্ণ। Juicy, Hydrous. ২/2) পরিচারক; খানসামা। Butler.

آبدارخانه (অ'বদা'র-খা'নে/ăbdăr-xăne) (অফিসে) চা-কফি ইত্যাদি তৈরি করার এবং থালা বাসন রাখার কক্ষ; পরিচারক বা খানসামার কক্ষ। Butler's pantry.

آبدان(অ'বদা'ন/ăbdăn) পুকুর; পনিপূর্ণ পাত্র; জীব দেহস্থ পানির থলি বা কোষ; বিশেষত মূত্রাশয়। Bladder; vesica.

آبدانک (অ'বদা'নাক/ăbdănak) পানির ক্ষুদ্র থলি; ক্ষুদ্র মূত্রাশয়। Vescicle.

آبدزدك (অ'বদোয্‌দাক/ăbdozdak) সিরিঞ্জ; পিচকারি। Syringe. Squirt.

آبدست (অ'.-দাস্ত/a.-dast) হাত মুখ ধোয়ার পানি; অজু করার পানি। Water for ablution.

آبدوغ (অ'.-দূগ্ব/ă.-duğ) লাচ্ছি; দইয়ের ঘোল। Yogurt diluted with water.

آبدیده (অ'.-দীদে/ă.-dide) ১/1) পানিতে বিনষ্ট বস্তু। Damaged by water. ২/2) অভিজ্ঞতাসম্পন্ন। Experienced. آهک .। পানি দ্বারা রাসায়নিকভাবে প্রকৃতি পরিবর্তনকৃত চুনা পাথর। Slaked lime.

آبراهه (অ'.-রা'হে/ă.-răhe) প্রণালী; খাল; বন্যা বা প্লাবনের পানি বের হওয়ার নালা। Floodway; flood channel.

آبرسان (অ'.-রেসা'ন/ă.-resăn) পানিসেচক যন্ত্র; তরল পদার্থ প্রয়োগের যন্ত্র। water carrier. Injector.

آبرسانی (অ'.-রেসা'নী/ă.-resăni) পানি সরবরাহ। Water supply.

آبرفت (অ'বরোফ্‌ত্‌/ăbroft) পলি। Alluvium.

آبرنگ (অ'বরাঙ্গ/ăbrang) জলরং। Water-colour.

آبرو (অ'বেরূ/ăberu) সম্মান; মর্যাদা; আবরূ। Honour; reputation; credit.

آبرودار (অ'.-দা'র/ă.-dăr) ১/1)= آبرومند ২/2) মর্যাদাবান; সম্মানজনক ভাবমূর্তির অধিকারী ব্যক্তি; ভদ্র। Who maintains a respectable apearance; genteel.

آبرومند (অ'.-মান্দ/ă.-mand) সম্মানিত; মর্যাদাবান; শ্রদ্ধেয়। Respectable.

آبرومندانه (অ'.-মান্দা'নে/ă.-mandăne) মানানসইভাবে, সম্মানজনকভাবে। Respectably.

آبریز (অ'বরীয/ăbriz) ময়লা পানির গর্ত; লোটা। Water-closet. Water-shed.

آبریزش (অ'বরীযেশ্/ăbrizeš) ফোঁটা ফোঁটা পানি পড়া; এপিফোরা। Epiphora.

آبزی (অ'বযী/ăbzi) সামুদ্রিক; জলজ। Marine; aqueous.

آبستن (অ'বেস্তান/ăbestan) গর্ভবতী। Pregnant.

آبستنی(অ'বেস্তানী/ăbestani) গর্ভ ধারণ। Pregnancy.

آبشار (অ'বশা'র/ăbšăr) ঝর্ণা; জলপ্রপাত। Waterfall.

آبشخور (অ'বেশখোর/ăbešxor) পশুদের খাদ্য ও পানীয় দেওয়ার পাত্রবিশেষ; নিয়তি। Watering-trough. Destiny.

آبشی (অ'বশী/ăbši) ময়লা পানির জন্য আঙ্গিনার ধারে খননকৃত গর্ত। Sink.

آبشیر(অ'বশীর/ăbšir)= آبشی

آبغوره (অ'বগূরে/ăbğure) কাঁচা ফলের রস। Verjuice.

آبفشان (অ'বফেশা'ন/ăbfešăn) উষ্ণ প্রস্রবণ; গোসলের পানি গরম করার যন্ত্রবিশেষ। Geyser.

آبکار (অ'বকা'র/ăbkăr) ধাতুর প্রলেপদানকারী; চোলাইকারী। Plater (of metals). Distiller.

آبکاری (অ'বকা'রী/ăbkări) ধাতুর প্রলেপ দেওয়া; ধাতু লেপন। Plating (of metals).

آبکش (অ'বকেশ/ăbkeš) পানি উত্তোলনকারী; পানি বহনকারী। Strainer. Water-carrier.

آبکشی (অ'বকেশী/ăbkeši) পানি উত্তোলন; পানি পরিবহন। Rinsing.

آبکی (অ'বাকী/ăbaki) পানসে; তরল। Liquid. Watery.

آبگاه(অ'বগা'হ্/ăbgăh) হাইপোকনড্রিআম বা অহেতুক মানসিক অবসাদজনিত রোগ; পুকুর। Hypochondrium. Pond.

آبگذر (অ'বগোযার/ăbgozar) পানি সরবরাহের পথ; নালা; খাল। Watercourse.

آبگردان (অ'বগার্দা'ন/ăbgardăn) বড় হাতা; পেয়ালা আকৃতির লম্বা হাতাযুক্ত পাত্র যা দ্বারা তরল কিছু বণ্টন করা হয়। (Large) ladle. Dipper.

آب گرم کن (অ'ব গার্ম কোন/ăb-garm-kon) (গোসলের) পানি গরম করার পাত্র বা যন্ত্রবিশেষ। Geyser.

آبگوشت (অ'বগূশ্‌ত্/ăbgušt) গোশত সহযোগে রান্না করা তরকারি; ঝোল। Broth.

آبگونه (অ'বগূনে/ăbgune) তরল; পানির মত। Liquid.

آبگیر (অ'বগীর/ăbgir) অববাহিকা; নদী বিধৌত এলাকা; পুকুর; জলাধার। River-basin. Tankage. Submergible.

آبگیری (অ'বগীরী/ăbgiri) পানি পরিবহন; পুকুর। Supplying or refilling with water.

آبگینْ (অ'বগীন/ăbgin) জলীয় বা পানির মত। Aqueous.

آبگینه (অ'বগীনে/ăbgine)= آئینه/ شیشه

آبله (অ'বেলে/ăbele) গুটি বসন্ত; ফোসকা। Small-pox. Blister.

آبله رو (অ'.-রূ/ă.-ru) যার মুখে গুটি বসন্তের দাগ আছে। With a pockmarked face.

آبله کوب (অ'.-কূব/ă.-kub) টিকা দানকারী। Vaccinator.

آبله کوبی (অ'.-কূবী/ă.-kubi) গুটি বসন্তের ভ্যাকসিন দেওয়া; টিকা দেওয়া। Vaccination against small-pox.

آبله مرغان (অ'.-মোরগ্বা'ন/ă.-morğăn) জল বসন্ত। Chicken-pox.

آب مروارید (অ'বে মোরভা'রীদ/ăbe-morvărid) (চোখের) ছানি। Cataract (in the eye).

آبلیمو (অ'বলীমূ/ăblimu) লেবুর রস। Lemon-juice.

آب نارنج (অ'বে না'রাঞ্জ/ăbe năranj) কমলার রস। Orange-juice.

آب نبات (অ'ব নাবা'ত/ăb nabăt) অল্প বার্লি-গোলা পানিতে ফুটিয়ে ঢেলা পাকিয়ে প্রস্তুত মিঠাই বিশেষ। Sweet(s). Barley-sugar.

آبنما (অ'ব নামা'-/ăbnamă) পানির মত স্বচ্ছ; জলবৎ। Water-view.

آبنوس کار (অ'বনূসকা'র/ăb-nuskăr) কেবিনেট মেকার; সম্মুখভাগ খোলা আলমারি, তাক বা দেরাজ প্রস্তুতকারী। Ebonist; cabinet-maker.

آب و تاب (অ'ব-ও-তা'ব/ăb-o -tăb) বাগাড়ম্বরপূর্ণ; ফাঁকা বুলি। Bombastic style; grandiloquence.

آب و رنگ (অ'ব-ও-রাঙ্গ/ăb-o-rang) গোলাপী বর্ণের। Rosy complexion.

آبو نمان (অ'বুনেমা'ন/ăbunemăn) গ্রাহক চাঁদা। Subscription.

آبونه (অ'বূনে/ăbune) পত্রিকার গ্রাহক। Subscriber.

آب و هوا (অ'ব-ও-হাভা'/ăb-o-havă) আবহাওয়া; জলবায়ু। Climate.

آبی (অ'বী/ăbi) জলজ; নীল বর্ণের। Blue. Aquatic.

آبیار (অ'বইয়া'র/ăbyăr) পানি বিতরণকারী; পানিসেচের কাজে নিযুক্ত কর্মচারী। Water-distributor. Person employed in irrigation.

آبیاری (অ'বইয়া'রী/ăbyări) সেচকার্য। Irrigation.

آپارتمان (অ'পা'রতেমা'ন/ăpărtemăn) এপার্টমেন্ট; ফ্লাটবাড়ী। Flat; apartment.

آتش (অ'তা[তে]শ/ăta[e]š) আগুন। Fire.

آتشبار (অ'.-বা'র/ă.-băr) আর্টিলারী; কামান; গোলন্দাজ বাহিনী। Artillery.

آتشبازی (অ'.-বা'যী/ă.-băzi) আতশবাজি; বাজি পোড়ানো। Fireworks.

آتش بس (অ'.-বাস/ă.-bas) যুদ্ধ বিরতি। sease fire.

آتش پاره (অ'.-পা'রে/ă.-păre) অগ্নিস্ফুলিঙ্গ; ঝগড়াটে লোক; দুষ্ট ছেলে। Fire-brand. Spark. Quarrelsome person; naughty child.

آتش پرست (অ'.-পারাস্‌ত্‌/ă.-parast) অগ্নি উপাসক। Fire-worshipper.

آتش پرستی (অ'.-পারাস্তী/ă.-parasti) অগ্নিপূজা। Fire-worship.

آتشدان (অ'.-দা'ন/ă.-dăn) ১/1)= منقل ২/2) আগুন রাখার স্থান/পাত্র, চুল্লি। Hearth; fireplace.

آتش سوزی (অ'.-সূযী/ă.-suzi) অগ্নিকাণ্ড। A fire accident.

آتش فشان (অ'.-ফেশা'ন/ă.-fešăn)= کوه آ. আগ্নেয়গিরি। Volcano.

آتش فشانی (অ'.-ফেশা'নী/ă.-fešăni) অগ্ন্যুৎপাৎ। Volcanic (action).

آتشک (অ'তাশাক/ătašak) যৌনব্যাধিজনিত সামান্য ক্ষত। Mild chancre.

آتشکده (অ'তাশ্‌-কাদে/ătaš-kade) অগ্নিকুণ্ড; যরথুস্ত্রিয়ানদের অগ্নি-মন্দির। Fire-temple.

آتش نشان (অ'.- নেশা'ন/ă.-nešăn) যে ব্যক্তি অগ্নিকাণ্ড নির্বাপিত করে; অগ্নি নির্বাপক। Fireman.

آتش نشانی (অ'.- নেশা'নী/ă.-nešăni) অগ্নি নির্বাপন; দমকল বাহিনী বা বিভাগ। Fire-fighting. Fire department. – اداره‌ٔ آ. দমকল বাহিনীর দপ্তর। Fire station.

آتشی (অ'তাশী/ătaši) অগ্নিময়, আগ্নেয়। Fiery. Enraged.

آتشین (অ'তাশীন/ătašin) আগুনের মত; অগ্নিসদৃশ; অত্যন্ত উৎসাহী। Fiery. Ardent.

آتن (অ'তেন/ăten) এথেন্স; গ্রীসের রাজধানী। Athens.

آتی (অ'তী/ăti) আসন্ন; ভবিষ্যৎ। Coming; future.

آتیه (অ'তিয়ে/ătiye) আসন্ন; ভবিষ্যৎ। The future .

آثار (অ'সা'র/ăsăr) আলামত; চিহ্ন, অবদান; নিদর্শন; স্মৃতিচিহ্ন; স্মরণীয় কীর্তি; ঐতিহ্য। Traces. Relics; Monuments. Traditions. – آثار ادبی সাহিত্যিক অবদান; সাহিত্যকর্ম। Literary works.

آج (অ'জ/ăj) অমসৃণ বহিরাঙ্গ, পৃষ্ঠ বা সমতল। Rough surface.

آجدار (অ'জদা'র/ăjdăr) খসখসে। Granulated.

آجر (অ'জোর/ăjor) ইট। Brick.

آجر پز (অ'-পায/ă.-paz) ইট পোড়ানোর চুল্লি; ইটের ভাটা। Brick-burner.

آجر پزی (অ'-পাযী/ă.-pazi) ইট পোড়ানা; ইট তৈরির কারখানা। Brick-burning. – کوره آ. পোড়াবার জন্য ইটের পাঁজা; ইটের ভাটা। Brick-Kiln.

آجری (অ'জোরী/ăjori) ইটের তৈরী; ইটের। Of brick; brick-made.
آجل (অ'জেল/ăjel) ভবিষ্যতে হবে বা আসবে এমন; বিলম্বে আসবে এমন; মেয়াদী। Coming; Ultimate.
آجلاً (অ'জেলান/ăjelan) শেষ পর্যন্ত; অবশেষে। Ultimately.
آجودان (অ'জূদা'ন/ăjudăn) নৌবাহিনী বা সেনাবাহিনীর যে কর্মকর্তা ঊর্ধ্বতন কর্মকর্তার হুকুম তামিল করে তাকে সহায়তা করে; অ্যাডজুটান্ট। Aide-de-camp; adjutant.
آجیل (অ'জীল/ăjil) শুকনো বাদাম বা দানা; শুকনো ফল। Dried nuts or seeds; dried fruit.
آچار (অ'চা'র/ăčăr) স্ক্রু-ড্রাইভার; আচার। Screw-driver. Spanner. Pickles.
آحاد (অ'হা'দ/ăhăd) [احد। এর ব.ব./Pl. of احد।].
آخ (অ'খ/ăx) আহ! দুঃখ বা অনুতাপসূচক শব্দ। Ah! Alas! Ouch!
آخر (অ'খের/ăxer) [ব.ব./pl.اواخر।] শেষ। অবশেষে। Last. At last.
آخرسر (আ'.-সার/ă.-sar) শেষ পর্যন্ত; অবশেষে। In the end. At last.
آخرکار (অ'.-কা'র/a.-kăr)= آخرسر
آخرالامر (অ'খেরোল আম্‌র/ăxerol amr) অবশেষে। At last.
آخربین (অ'খের বীন/ăxer-bin) পরিণামদর্শী; দূরদর্শী; মিতব্যয়ী। Provident.
آخرت (অ'খেরাত/ăxerat) পরকাল; পারলৌকিক জীবন। Futurity; future life.
آخری (অ'খেরী/ăxeri) আখেরী; সর্বশেষ। (The) last.
آخرین (অ'খেরীন/ăxerin)= آخری
آخور (অ'খোর/ăxor) অশ্ব বা গবাদি পশুর জাবনা-পাত্র; কাঠের তৈরী গামলা বা চাড়ি। Manger; crib.
آخوند (অ'খোন্দ/ăxond) মোল্লা; মৌলভী; ধর্মতত্ত্ববিদ; গৃহশিক্ষক। Theologian. Tutor.
آداب (অ'দা'ব/ădăb) আদব-কায়দা; শিষ্টাচার; নিয়ম-কানুন। Ceremonies; formalities. Rules. Manners.
آدامس (অ'দা'মস/ădăms) চুইঙ্গাম। Chewing-gum.
آدم (অ'দাম/ădam) মানুষ; মানবজাতি; হযরত আদম (আঃ)। Hazrat Adam (A.S.) Human; mankind.
آدم خوار (অ'-খা'র/ă.-xăr) মানুষ খেকো; নরভুক। Man-eating. Man-eater.
آدم خور (অ'.-খোর/a.-xor)=آدم خوار
آدمک (অ'দামাক/ădamak) কুশপুত্তলিকা; খেলনা-মানুষ; চোখের মণি বা তারা। Toy-man. Automaton. Pupil of the eye.
آدم کش (অ'দাম-কোশ/ădam-koš) নরহন্তা। Homicide; assassin.
آدم کشی (অ'-কোশী/ă-Koši) নরহত্যা। Homicide.
آدم نما (অ'.-নামা'/ă.-namă) মানুষরূপী; মানুষের মতো; গরিলা, বনমানুষ প্রভৃতি নরাকার প্রাণী। Anthropoid.
آدم وار (অ'.-ভা'র/ă.-văr)= آدم نما

آدمی (অ'দামী/ădami) মানুষ সম্বন্ধীয়; মানুষ। Human(ity). Man.

آدمیت (অ'দামিয়্যাত/ădamiyyat) মানবতা; মনুষ্যত্ব। Humanity.

آدمیزاد(ه) (অ'দামীযা'দ[-দে]/ădamizăd[e]) মানব সন্তান; আদম-সন্তান। Human (being).

آدینه (অ'দীনে/ădine) শুক্রবার। Friday.

آذر(অ'যার/ăzar) ১/1)=آتش ২/2) ইরানী বর্ষপঞ্জির ৩০ দিনবিশিষ্ট নবম মাস। Ninth month of the Iranian Calender having 30 days.

آزرخش/ آذرخش (অ'যারাখ্‌শ্‌/ăzaraxš) বিদ্যুত; বিজলি; ঔজ্জ্বল্য। Lightning.

آذرین (অ'যারীন/ăzarin) আগ্নেয়। Igneous.

آذوقه(অ'যূগে/ăzuğe) খাদ্য-সামগ্রী; রসদপত্র; খাদ্য সরবরাহ। Provisions.

آذین (অ'যীন/ăzin) ডেকোরেশন; সাজ-সজ্জা। Decoration.

آر (অ'র/ăr)= آور

آرا(ی) (অ'রা'[য়]/ără[y]) [آراستن এর অনু./Imp. of آراستن]

آراء (অ'রা'-/ără') [رای এর ব.ব./Pl. of رای]

آراستگی (অ'রা'স্তেগী/ărăstegi) ব্যবস্থাপনা; সাজসজ্জা। Arrangement; Adornment.

آراستن (অ'রা'সতান/ărăstan) সাজানো বা অলংকৃত করা। To Adorn or decorate.

آراسته (অ'রা'স্তে/ărăste) সজ্জিত; অলংকৃত। Decorated. Arranged.

آرام(অ'রা'ম/ărăm) আরাম; প্রশান্তি; বিশ্রাম। Quiet. Tranquillity; rest. –آ. گرفتن শান্ত হওয়া; বিশ্রাম নেওয়া। To quiet (down). To find comfort.

آرام بخش (অ'.-বাখ্‌শ্‌/ă.-baxš) আরামদায়ক; শান্তিপ্রদ। Tranquillizing. Comforting.

آرام ده (অ'.-দেহ্‌/ă.-deh) শান্তিদায়ক; উপশমকারী। Soothing; calmative.

آرامش (অ'রা'মেশ/ărămeš) শান্তি; স্বস্তি; শান্ত অবস্থা। Peace. Tranquillity.

آرامگاه (অ'.-গা'হ/ă.-găh) শান্তিধাম; পীর-বুযর্গের মাযার; শান্তির নিবাস; সমাধিসৌধ। Resting-place. Tomb.

آرایش (অ'রা'য়েশ/ărăyeš) বিন্যাস; সাজান; ডেকোরেশন। Decoration. Adornment. Dressing-up.

آرایشگاه (অ'-গা'হ/ă.-găh) সেলুন; নাপিতের দোকান। Hairdressing saloon; barber's shop.

آرایشگر (অ'.-গার/ă.-gar) চুল বিন্যাসকারী; সেলুনের কর্মচারী; ডেকোরেটর। Hair-dresser; decorator.

آرتیست(অ'রতীস্ত/ărtist) শিল্পী। (স্ত্রী বাচক) নৃত্য বা কণ্ঠশিল্পী। Artist. (Female) dancer or singer.

آرد (অ'র্দ/ărd) গুঁড়া; আটা। Flour.

آرزو (অ'রেযূ[অ'রযূ]/ărezu[ărzu]) আরজু; আশা; কামনা। Wish; desire. Hope.

آرزومند (অ'.-মান্দ/ă.-mand) প্রত্যাশী; আগ্রহী; আশান্বিত। Desirous.

Hopeful. توفیق شما را آرزومندم আমি তোমার সাফল্য কামনা করি। I wish your success.

آرژانتین (অ'রজা'নতীন/ăržăntin) আর্জেন্টিনা। Argentine.

آرشه (অ'রশে/ărše)(বেহালা বাজানোর) ধনুক। (Violin's) bow.

آرشیو(অ'রশীভ/ăršiv)= ضبط / بایگانی

آرم (অ'র্ম /ărm) প্রতীক; প্রতীক-চিহ্ন; কুলচিহ্ন। Arms; armorial bearings.

آرمان(অ'রমা'ন/ărmăn) আশা-আকাঙ্ক্ষা; লক্ষ্য; আদর্শ। Ideal. Aim. Desire.

آرمیدن (অ'রামীদান/ăramidan)= آرام گرفتن

آرنج (অ'রাঞ্জ/ăranj) কনুই, জামার হাতার অংশ বিশেষ। Elbow.

آرواره (অ'রভা'রে/ărvăre) চোয়াল; চোয়ালের হাড়। Jaw.

آروغ زدن (অ'রূগ যাদান/ărug̃ zadan) উদগীরণ করা; ঢেকুর বা উদ্গার তোলা। To belch.

آره (অ'রে/ăre) = آری / بله

آری (অ'রী/ări) হাঁ; জী হাঁ। Yes. Yea.

آریایی (অ'রিয়া'য়ী/ăryăyi) আর্য। Aryan.

آز (অ'য্/ăz) লোভ; লালসা। Greed; avidity.

آزاد (অ'যা'দ/ăzăd) স্বাধীন; আজাদ; মুক্ত; ঐচ্ছিক। Free. Exempt. Optional.

آزادانه (অ'যা'দা'নে/ăzădăne) স্বাধীনভাবে; খোলাখুলিভাবে। Freely. Frankly.

آزادگان (অ'যা'দেগা'ন/ăzădegăn) [آزاده এর ব.ব./Pl. of آزاده]

آزادگی (অ'যা'দেগী/ăzădegi) স্বাধীনতা; উদারতা; মুক্ত-বিশ্বাস। Freedom. Frankness. Broad-mindeness.

آزادماهی (অ'যা'দ মা'হী/ăzăd măhi) বিভিন্ন ধরনের রুই জাতীয় মাছ; স্যামনসদৃশ মাছ। Salmon-trout.

آزاده (অ'যা'দে/ăzăde) স্বাধীনচেতা; উদার; মহানুভব। Free (-born). Noble. Broad-minded.

آزادی (অ'যা'দী/ăzădi) স্বাধীনতা; আযাদী। Freedom; liberty.

آزادیخواه (অ'.-খা'হ্/ă.-xăh) স্বাধীনতাকামী; উদারনৈতিক। Freedom-loving. Liberal.

آزادیخواهی (অ'.-খা'হী/ă.-xăhi) স্বাধীনতাপ্রিয়তা। Love of freedom.

آزار (অ'যা'র/ăzăr) ক্ষত; আঘাত; যন্ত্রণা প্রদান বা ভোগ। Injury; harm. Persecution.

آزار (অ'যা'র/ăzăr) = [آزردن এর অনু./ Imp. of آزردن]

آزرخش (অ'যারাখ্শ্/ăzaraxš)=آذرخش

آزردگی (অ'যোরদেগী/ăzordegi) ১/1) দুঃখভারাক্রান্ত হওয়া; বিরক্তিকর অবস্থা। State of being vexed; annoyment. ২/2)= آزار।

آزردن (অ'যোরদান/ăzordan) দু:খ দেওয়া; জ্বালাতন করা; কষ্ট দেওয়া। To annoy; vex. To afflict.

آزرده (অ'যোরদে/ăzorde) ব্যথিত; দুঃখিত; বিড়ম্বিত। Annoyed; offended; Vexed.

آزرده خاطر (অ'-খা'তের/ă.-xăter) ব্যথিত; মনঃক্ষুণ্ন; অসন্তুষ্ট; হতাশ।

Offended; annoyed.
Distressed.

آزرده دل (অ'.-দেল/x.-del)= آزرده خاطر

آزرم (অ'যার্ম/ăzarm) লজ্জা; লাজুকতা; বিনয়; অহংকারহীনতা। Shame. Modesty.

آزما(ی) (অ'যমা'[য়]/ăzmă[y]) [آزمودن এর অনু./Imp. of آزمودن]

آزمایش (অ'যমা'য়েশ/ăzmăyeš) পরীক্ষা-নিরীক্ষা; পরীক্ষণ; অনুশীলন। Test; experiment. Temptation.
- آ. کردن পরীক্ষা করা । To test or experiment. To try.

آزمایشگاه (অ'.-গা'হ/ă.-găh) পরীক্ষাগার; ল্যাবরেটরী। Laboratory.

آزمایشگاهی (অ'.-গা'হী/ă.-găhi) ল্যাবরেটরী সংক্রান্ত; পরীক্ষাগার বিষয়ক। Laboratorial.

آزمایشی (অ'যমা'য়েশী/ăzmăyeši) পরীক্ষামূলক; সাময়িক। Tentative. Probational.

آزمند (অ'যমান্দ/ăzmand) লোভী; লোলুপ। Greedy.

آزمودگی (অ'যমূদেগী/ăzmudegi) অভিজ্ঞতা; পরীক্ষালব্ধ জ্ঞান। Experience.

آزمودن (অ'যমূদান/ăzmudan) [آزمای] পরীক্ষা-নিরীক্ষা করা। To test. To experience.

آزموده (অ'যমূদে/ăzmude) পরীক্ষিত। Experienced. Tried.

آزمون (অ'যমূন/ăzmun) পরীক্ষা; যাচাই-বাছাই করা; মূল্যমান, গুণ, গঠন ইত্যাদি জানার জন্য পরীক্ষা-প্রক্রিয়া। Test; experiment.

آزوقه (অ'যূঘে/ăzuğe)= آذوقه

آژانس (অ'জ্বা'ন্স্/ăžăns) ১/1)= نمایندگی / نماینده . ২/2)= خبر گزاری

آژیر (অ'জ্বীর/ăžir) বিপদ সংকেত; শত্রুর বিমান হামলার সংকেত ধ্বনি বা তার যন্ত্র; ঘুম ভাঙানোর ঘড়ির আওয়াজ। Alarm; tocsin.

آسا(ی) (অ'সা'[য়]/ăsă[y]) [آسودن এর অনু./Imp. of آسودن].

آسان (অ'সা'ন/ăsăn) সহজ; সহজভাবে। Easy. Easily.

آسانسور (অ'সা'নসোর/ăsănsor) লিফট; বৈদ্যুতিক সিঁড়ি। Lift.

آسانی (অ'সা'নী/ăsăni) সহজ। Easy.
– به آ. সহজে; অনায়াসে। Easily.

آسایش (অ'সা'য়েশ/ăsăyeš) প্রশান্তি; সুখ; বিশ্রাম। Rest. Tranquillity.

آسایش خاطر (অ'সা'য়েশে-খা'তের/ ăsăyeše-xăter) মানসিক শান্তি; প্রশান্তি। Peace of mind.

آسایشگاه (অ'সা'য়েশগা'হ/ăsăyešgăh) স্বাস্থ্য নিবাস; বিশ্রামাগার। Sanatorium. Rest-house.

آستان (অ'সতা'ন/ăstăn) ১/1) জানালার বা দরজার চৌকাঠের নিম্নাংশ। Threshold; sill. ২/2) দরবার; দর্শক বা শ্রোতৃমণ্ডলী। Audience.

آستانه (অ'সতা'নে/ăstăne) চৌকাঠের তলার কাঠ; আস্তানা। Sill; threshold.

آستر (অ'সতার/ăstar) আস্তর;বস্ত্রাদির আস্তরণ; চিত্র-প্রলেপ। Lining. Priming.

آستردوز (অ'.-দূয/ă.-duz) বস্ত্রাদির আস্তরণ সেলাইকারী দর্জি। Liner.

آستین (অ'সতীন/ăstin) জামার আস্তিন; হাতা। Sleeve.

آسفالت (অ'সফা'লত/ăsfălt) অ্যাসফাল্ট; আলকাতরার মতো কালো আঠালো পদার্থ বিশেষ, যা ছাদ বা রাস্তা আস্তীর্ণ করার কাজে ব্যবহৃত হয়। Asphalt. -آ.کردن অ্যাসফাল্ট করা; ছাদ বা রাস্তা ঢালাই করে আস্তীর্ণ করা। To asphalt.

آسمان (অ'সমা'ন/ăsmăn) আকাশ; আসমান; গগন; নভোমণ্ডল। Sky; heaven.

آسمان خراش (অ'.-খারা'শ/ă-xarăš) গগণবিদারী। Sky-scraper.

آسمان غرغره (অ'.-গোরগোরে/ ă.-ğorğore)=رعد/تندر

آسمانه (অ'সমা'নে/ăsmăne) শামিয়ানা; চাঁদোয়া; বিমানে ককপিটের ওপরের আচ্ছাদন; ঘরের ছাদের বা চালার নীচের তল; মেঘের তল। Canopy; baldachin; tester (of an aircraft); ceiling.

آسمانی (অ'সমা'নী/ăsmăni) স্বর্গীয়; আসমানী; [آبی آ. বোঝাতে] আকাশী-নীল। Heavenly; divine. [for آبی آ.] sky-blue.

آسودگی (অ'সূদেগী/ăsudegi) প্রশান্তি; স্বস্তি; আরাম; পরিতৃপ্তি। Tranquillity; peace. Comfort.

آسودن (অ'সূদান/ăsudan) [آسای] স্বস্তি লাভ; মানসিক প্রশান্তি লাভ করা। To repose; rest. To obtain peace of mind.

آسوده (অ'সূদে/ăsude) তুষ্ট; পরিতৃপ্ত; আসুদা; শান্তিপূর্ণ। Tranquil; quiet. Peaceful.

آسوده خاطر (অ'.-খা'তের/ă.-xăter) প্রশান্তচিত্ত। Enjoying peace of mind; tranquil.

آسوری (অ'সূরী/ăsuri) এ্যাসিরিয়ান; এ্যসিরীয় সম্প্রদায়। Assyrian.

آسه (অ'সে/ăse) অক্ষরেখা; অক্ষদণ্ড; যে রেখা বা দণ্ডকে কেন্দ্র করে কিছু ঘোরে। Axis or axle.

آسیا (অ'সিয়া'/ăsiyă) এশিয়া। Asia.

آسیای صغیر (অ'সিয়া'য়ে সাগ্বীর/ ăsiyăye-sağir) মধ্যএশিয়া। Asia minor.

آسیا(ب) (অ'সিয়া'[ব]/ăsiyă[b]) যাঁতাকল; (শস্যাদি চূর্ণনার্থ) জলস্রোত দ্বারা চালিত কল; পেষণী। [Water-] mill.

آسیابان (অ'-বা'ন/ă.-băn) যাঁতাকলে নিযুক্ত শ্রমিক; কলচালক। Miller.

آسیاسنگ (অ'-সাঙ্গ/ă-sang) যাঁতাকলের পেষণী পাথর। Millstone.

آسیائی (অ'সিয়া'ঈ/ăsiyă'i) এশীয়; এশিয়া মহাদেশীয়। Asiatic.

آسیب (অ'সীব/ăsib) ক্ষত; আঘাত; লোকসান। Injury. Damage. –آ.دیدن ক্ষতিগ্রস্ত হওয়া; আঘাত প্রাপ্ত হওয়া। To sustain an injury. –آ.رساندن ক্ষত সৃষ্টি করা; আঘাত দেওয়া। To injure; harm. –آسیب دیدگان زلزله ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত লোকেরা। Earthquake victims.

آش (অ'শ/ăš) স্যুপ; ঝোল বা সিদ্ধ করা তরিতরকারি। (Sour) pottage or soup.

آشام (অ'শা'ম/ăšăm) ১/1) [آشامیدن এর অনু./Imp. of آشامیدن]. ২/2) শোষণ। Absorption.

آشامیدن (অ'শা'মীদান/ăšămidan) পান করা; চুষে নেওয়া। To drink. To absorb.

آشامید نی (অ'শা'মীদানী/ăšămidani) পানীয়; পানযোগ্য। Drinkable. Beverage.

آشپز (অ'শপায/ăšpaz) পাচক; বাবুর্চি। Cook.

آشپز خانه (অ'.–খা'নে/ă.-xăne) রান্নাঘর। Kitchen.

آشپزی (অ'শপাযী/ăšpazi) রান্নার কাজ। Cooking; Cookery.

آشتی (অ'শতী/ăšti) সমঝোতা; আপোস করা; বন্ধুত্ব স্থাপন। Peace; Reconciliation.

آشغال (অ'শগা'ল/ăšğăl) বাজে জিনিষ; আবর্জনা। Rubbish; refuge; garbage.

آشفتگی (অ'শোফ্তেগী/ăšoftegi) গোলযোগ; বিশৃংখলা; মানসিক বা সামাজিক অশান্তি। Agitation; disturbance; unrest.

آشفتن (অ'শোফতান/ăšoftan) [آشوب] বিশৃংখল হওয়া; গোলযোগপূর্ণ হওয়া। To be disturbed or agitated.

آشفته (অ'শোফতে/ăšofte) বিশৃংখল; গোলযোগপূর্ণ; চরম দুর্দশাগ্রস্ত। Disturbed. Amazed. Distressed.

آشکار (অ'[ে]শকা'র/ăš[e]kăr) প্রকাশ্য; স্পষ্ট; পরিষ্কার। Manifest; evident. open. –آ. شدن প্রকাশ পাওয়া; স্পষ্ট হওয়া; আবির্ভূত হওয়া। To be come manifest. To be revealed.

آشکارا (অ'শেকা'রা'/ăšekără) প্রকাশ্যে; খোলাখুলিভাবে। Openly; frankly.

آشکوب (অ'শকূব/ăškub) দ্র./S.u. اُشکوب.

آشنا (অ'(ে)শনা' /ăš(e)nă) [ব.ব./Pl. آشنایان] পরিচিত; ঘনিষ্ঠ; বন্ধু। Acquainted; familiar.

آشنایی (অ'(ে)শনা'য়ী/ăš(e)năyi) [স্বল্প] পরিচয়; অবগতি। Acquaintance.

آشوب (অ'শূব/ăšub) দাঙ্গা; গোলযোগ; বিশৃংখলা; অস্থিরতা। Riot; disturbance; revolt. Confusion.

آشوب انگیز (অ'.-আঙ্গীয/ă.-angiz) গোলযোগ সৃষ্টিকারী; উচ্ছৃংখল (লোক)। Seditious (person).

آشوب طلب (অ'.-তালাব/ă.-talab) দাঙ্গাবাজ। Riotous.

آشوبگر (অ'.-গার/ă.-gar) গোলযোগ সৃষ্টিকারী (ব্যক্তি)। Agitator.

آشور(ی) (অ'শূর[ী]/ăšur[i]) এ্যাসিরীয়; প্রধানত প্রাচীন অ্যাসিরিয়াবাসী। Assyria(n).

آشیان (অ'শীয়া'ন/ăšiyăn) পাখির বাসা; নীড়। Nest.

آشیانه(অ'শীয়া'নে/ăšiyăne) পাখির বাসা; বিমান রাখার ঘর। Nest. Hangar.

آغا (অ'ঘা'/ăğă) খোজা। [ব্যক্তিবাচক নামের পূর্বে ব্যবহৃত آقا এর স্ত্রী;]। Eunuch. [Fem. of آقا used in pr. names.] : انیس آغا

آغاز (অ'গ্বা'য/ăğăz) শুরু; সূচনা; প্রারম্ভ। Beginning.

آغازگر (অ'.-গার/ă.-gar) সূচনাকারী; (প্রতিযোগিতায়) যে প্রথম আরম্ভ করে। Starter [in races].

آغشته (অ'গ্বেশ্‌তে/ăğešte) আপ্লুত; সিক্ত; ভেজা; মিশ্রিত। Mixed. Soaked.

آغل (অ'গ্বোল/ăğol) গোয়ালঘর; রাত্রিবেলা গৃহপালিত জন্তু বাধার খোঁয়াড় বা ঘর। Fold; Sheep-cote.

آغوش (অ'গ্বুশ/ăğuš) বক্ষস্থল; বুক; দুই বাহুর বেষ্টনীর মধ্যস্থিত স্থান। Bosom; breast. –در آ. گرفتن / در آ. کشیدن বুকে জড়িয়ে ধরা; আলিঙ্গন করা; কোলে তুলে নেওয়া। To embrace.

آفات (অ'ফা'ত/ăfăt) [آفت এর ব.ব./Pl. of آفت]

آفاق (অ'ফা'গ্ব/ăfăğ) [افق এর ব.ব./Pl. of افق] দিগন্ত; পৃথিবীর একচতুর্থাংশ। Horizons. (Quarters of) the world.

آفت (অ'ফাত/ăfat) [ব.ব./pl. آفات] আপদ; বিষম দুর্দৈব; মড়ক; দুর্বিপাক; প্লেগ। Calamity. Plague; pest; vermin.

آفتاب (অ'ফতা'ব/ăftăb) সূর্য (এর তাপ বা আলো)। Sun(shine).

آفتاب پرست (অ'.-পারাস্ত/ă.-parast) সূর্য-পূজারী। Sun-worshipper.

آفتاب پرستی (অ'.-পারাস্তী/ ă.-parasti) সূর্যের পূজা-অর্চনা। Sun-worship.

آفتاب رو (অ'.-রূ/ă.-ru) সূর্যের দিকে মুখ করা হয়েছে এমন; সূর্যমুখী; সূর্যালোকিত। Exposed to the sun; Sunlit.

آفتاب زدگی (অ'.-যাদেগী/ă.-zadegi) রোদে পোড়া ঘা, দাগ বা রোগ; রোদে পোড়া। Sunburn.

آفتاب زده (অ'.-যাদে/ă.-zade) রোদে পোড়া; রৌদ্রদগ্ধ। Sun-stricken.

آفتاب زردی (অ'.-যার্দী/ă.-zardi) গোধূলি সন্ধ্যালোক। Sunset. Evening twilight.

آفتاب غروب (অ'.-গ্বোরূব/ă.-ğorub) সূর্যাস্ত। Sunset.

آفتاب گردان (অ'.-গার্দা'ন/ă.-gardăn) রোদের আঁচ কমানোর জন্যে টুপির অগ্রভাগে বা গাড়ীর সম্মুখে লাগানো সানশেড; সূর্যের আলোরোধক। Visor. Sun-shade. Sun-protector. –گل آ. সূর্যমুখী ফুল। Sun-flower.

آفتاب گرفتگی (অ'.-গেরেফতেগী/ă.-gereftegi) সূর্য গ্রহণ। Sun-eclipse.

آفتاب گیر (অ'.-গীর/ă.-gir) রোদ নিবারক ছাতা; প্রতিদিন সূর্যের আলো পতিত হয় এমন স্থান। Parasol.

آفتابه (অ'ফতা'বে/ăftăbe) জগ; লোটা। Ewer; aiguiere.

آفتابی (অ'ফতা'বী/ăftăbi) সূর্যের আলোয় বেড়ে ওঠেছে এমন; রোদেলা, সৌর; সূর্যসংক্রান্ত। Sunny; fair; Solar.

آفتامات (অ'ফতা'মা'ত/ăftămăt) কারেন্ট ও ভোল্টেজ রেগুলেটর; কাট-আউট; (বিদ্যুৎ) সার্কিট বিচ্ছিন্ন রাখবার পদ্ধতি বিশেষ। Cutout; current and vol-tage regulator.

آفت زده (অ'ফাত যাদে/ăfat zade) আপদগ্রস্ত; দুর্গত; ক্ষতিগ্রস্ত; প্রাকৃতিক দুর্যোগে পতিত। Damaged; Calamity-stricken.

آفریدگار (অ'ফারিদেগা'র/ăfaridegăr) সৃষ্টিকর্তা। Creator.

آفریدن (অ'ফারীদান/ăfaridan) [آفرین] সৃষ্টি করা। To create.

آفریده (অ'ফারীদে/ăfaride) সৃষ্ট। Created. [ব.ব./Pl. آفریدگان] সৃষ্টিজীব; সৃষ্ট বস্তু। Created-being.

آفریقا (অ'ফ্রীগ্বা'/ăfrigă) আফ্রিকা। Africa.

آفریقائی (অ'ফ্রীগ্বা'ঈ/ăfrigă'i) আফ্রিকান। African.

آفرین (অ'ফারীন/ăfarin) সাবাস! বাহবা! Praise; applause.

آفرین (অ'ফারীন/ăfarin) [آفریدن এর অনু./Imp. of آفریدن]

آفرینش (অ'ফারীনেশ/ăfarineš) সৃষ্টি; সৃষ্টি জগৎ। Creation.

آفریننده (অ'ফারীনান্দে/ăfarinande) সৃষ্টিকর্তা। Creator.

آقا (অ'গ্বা'/ăgă) ভদ্র মহোদয়; জনাব; স্যার। Gentleman. Sir.

آقاجان (অ'.-জা'ন/ă.-jăn) খুব মার্জিত ও অন্তরঙ্গ সম্ভাষণ; শিশুর ভাষায়, (প্রিয়) পিতা! বাপ্পি! প্রিয় সহকর্মী বা সাথী। [Dear] Papa; daddy. Dear fellow.

آقازاده (অ'.-যা'দে/ă.-zăde) ভদ্রলোকের ছেলে বা মেয়ে। Son or daughter of a gentleman.

آقامنش (অ'.-মানেশ/ă.-maneš) ভদ্রজনোচিত। Gentlemanly; decent.

آقایی (অ'গ্বা'য়ী/ăgăyi) ভদ্রলোকী; ভদ্রলোকী স্বভাব চরিত্র; উদারতা; মহত্ত্ব। Character of a gentleman. Generosity.

آکادمی(আকা'দেমী/akădemi) একাডেমী; শিল্পকলা, সাহিত্য, বিজ্ঞান ইত্যাদি বিষয়ের উচ্চতর চর্চার কেন্দ্র বা প্রতিষ্ঠান। Academy.

آکندن (অ'কান্দান/ăkandan) = آگندن

آگاه (অ'গা'হ/ăgăh) সতর্ক; অবহিত; সজাগ। Aware.

آگاهانیدن (অ'গা'হানীদান/ăgăhănidan) অবগত করা; সতর্ক করা । To inform; to warn.

آگاهی (অ'গা'হী/ăgăhi)তথ্য; উপদেশ; নোটিশ। Information; Advice; notice.

آگندن(অ'গান্দান/ăgandan) পূর্ণ করা; ঠেসে ভরা। To stuff; to fill.

آگهی (অ'গাহী/ăgahi) ১/1)= آگاهی ২/2) বিজ্ঞপ্তি; বিজ্ঞাপন। Notice; advertisement.

آگین (অ'গীন/ăgin) [প্রত্যয় / বিভক্তি] পূর্ণ; আপ্লুত, মিশ্রিত। Suffix : Full of; Mixed with.

آل (অ'ল/ăl) সম্ভ্রান্ত বংশধরগণ; খান্দান; রাজবংশ। Descendants; posterity. Dynasty.

آلات (অ'লা'ত/ălăt) [آلت এর ব.ব./Pl. of آلت]

آلا(ی) (অ'লা'[য়]/ălă[y]) [آلودن এর অনু./Imp. of آلودن]

آلاچیق (অ'লা'চীগ্ব/ălăčiğ) নিকুঞ্জ; চালা; ছাউনি; মূ.অ. লতাপাতা নিয়ে ছায়াঘেরা স্থান। Arbour; bower. *OS.* Tent covered with felt.

آلاله (অ'লা'লে/ălăle) এক প্রকার হলদে বুনো ফুলের গাছ। Buttercup.

آلت (অ'লাত/ălat) [ব.ব./pl. آلات] সরঞ্জাম; হাতিয়ার; খুচরা যন্ত্রাংশ; (জনন) অঙ্গ। Tool. Instrument. (Genital) organ.

آلمان (অ'লমা'ন/ălmăn) জার্মানী। Germany.

آلمانی (অ'লমা'নী/ălmăni) জার্মান। German.

آلو (অ'লু/ălu) আলু বোখারা। Plum. –آلو بخارا শুকনা আলু বোখারা। Prune.

آلوبالو (অ'লূবা'লূ/ălubălu) কালো রঙের চেরিফল। Black cherry.

آلوچه (অ'লূচে/ăluče) নীল-লোহিত বর্ণের আলু বোখারা জাতীয় ফল; ঐ ফলের আচার। Damson. Prunella.

آلودگی (অ'লূদেগী/ăludegi) দূষণ; কলুষতা। Contamination; Implication.

آلودن (অ'লূদান/ăludan) [آلای] দূষিত করা; কলুষিত করা; কলঙ্কিত করা। To contaminate; To taint.

آلوده (অ'লূদে/ălude) দূষিত; কলুষিত। Contaminated; Implicated.

آلوزرد (অ'লূ যার্দ/ălu zard) হলুদ রঙের মিষ্ট শুকনো ফল বিশেষ; যরদালু। Mirabelle.

آلومینیوم (অ'ল্মিনিয়োম/ălminiyom) এ্যালুমিনিয়াম। Aluminium.

آلونک (অ'লূনাক/ălunak) কুঁড়ে ঘর; কুঠি; ছাউনি; জীর্ণ কুটির। Hut. hovel.

آماتور (অ'মা'তোর/ămător) সৌখিন শিল্পী; অপেশাদার ক্রীড়াবিদ। Amateur.

آماج (অ'মা'জ/ămăj) লক্ষ্যবস্তু; টার্গেট। Target.

آمادگی (অ'মা'দেগী/ămădegi) প্রস্তুতি; যোগ্যতা। Readiness; fitness.

آماده (অ'মা'দে/ămăde) প্রস্তুত; তৈরী; যোগ্য। Ready; prepared. fit. –آ. شدن প্রস্তুত হওয়া। To get ready. –آ. کردن প্রস্তুত করা। To make ready.

آمار (অ'মা'র/ămăr) পরিসংখ্যান। Statistics.

آمارشناس (অ'.-শেনা'স/ă.-šenăs) পরিসংখ্যানবিদ। Statistician.

آماری (অ'মা'রী/ămări) পরিসংখ্যান সংক্রান্ত। Statistical.

آماس (অ'মা'স/ămăs) ফোলা; স্ফীতি; গণ্ডমালা। Swelling; inflammation.

آمال (অ'মা'ল/ămăl) [امل এর ব.ব./Pl. of امل]

آمبولانس (অ'ম্বোলা'ন্স/ămbolăns) হাসপাতালের রোগী পরিবহনের বিশেষ গাড়ী; এ্যাম্বুলেন্স। Ambulance.

آمپر (অ'মপের/ămper) বিদ্যুৎ প্রবাহ পরিমাপের একক। Ampere.

آمپرسنج (অ'.-সান্জ/ă.-sanj) বিদ্যুৎ প্রবাহ পরিমাপের যন্ত্র। Ammeter.

آمپول (অ'মপূল/ămpul) ইনজেকশনের ঔষধ ধারণকারী কাচের ছোট আধার বিশেষ। Ampoule.

آمد (অ'মাদ/ămad) ভাগ্য; এসেছে। Luck. Came.

آمدن(অ'মাদান/ămadan) [آی / آ] ১/1) আসা। To come. ২/2) হওয়া, খাপ খাওয়া, উপযোগিতা। To become; suit; match.

آمدنی (অ'মাদা'নী/ămadani) আসন্ন; যার আগমন নিশ্চিত। Coming; sure to come.

آمد و رفت (অ'মাদ-ও-রাফত/ămad-o-raft) আসা-যাওয়া; যাতায়াত। Traffic. Frequentation.

آمد و شد (অ'-ও- শোদ/ă.-o-šod)= آمد و رفت

آمده (অ'মাদে/ămade) [آمدن এর ক্রি. বিণ./P.P. of آمدن] আগত। Come.

آمر (অ'মের/ămer) নির্দেশ দানকারী; আদেশব্যঞ্জক। Commanding; imperious.

آمرانه (অ'মেরা'নে/ămerăne) নির্দেশাত্মক; আদেশমূলক ধ্বনি বা ভঙ্গিতে। Imperiously; in a commanding tone.

آمرز (অ'মোর্য/ămorz) [آمرزیدن এর অনু. /Imp. of آمرزیدن]

آمرزش (অ'মোরযেশ্/ămorzeš) ক্ষমা; ক্ষমাশীলতা; দণ্ড হতে অব্যাহতি। Forgiveness; absolutoin.

آمرزنده (অ'মোরযান্দে/ămorzande) যিনি মাফ / ক্ষমা করেন। One who forgives.

آمرزیدگی (অ'মোরযীদেগী/ămorzidegi) ক্ষমা; পাপ মোচন। Absolution; salvation.

آمرزیدن (অ'মোরযীদান/ămorzidan) ক্ষমা করা; মাফ করে দেওয়া। To forgive.

آمرزیده (অ'মোরযীদে/ămorzide) [ব.ব./Pl. آمرزیدگان] ক্ষমাপ্রাপ্ত; মাফ করে দেওয়া হয়েছে এমন ব্যক্তি। forgiven.

آمله (অ'মেলে/ămele) হরীতকী। Emblic myrobalan.

آموختن (অ'মূখতান/ămuxtan) শিক্ষা করা বা নেওয়া; শিক্ষা দেওয়া। To learn. To teach.

آموخته (অ'মূখতে/ămuxte) শিক্ষাপ্রাপ্ত; যা শেখা হয়েছে; তালিমপ্রাপ্ত। Tame; taught; learnt.

آمودریا (অ'মূদারিয়া'/ămudaryă) আমু দরিয়া (নদী)। Amudarya; Oxus.

آموز (অ'মূয/ămuz) [آموختن এর অনু./ Imp. of آموختن]

آموزش (অ'মূযেশ/ămuzeš) শিক্ষা দান; প্রশিক্ষণ। Instruction; training. –آ. و پرورش শিক্ষা-দীক্ষা; শিক্ষা ব্যবস্থা। Education.

آموزشگاه (অ'মূযেশগা'হ/ămuzešgăh) স্কুল; শিক্ষা প্রতিষ্ঠান। School.

آموزگار (অ'মূযেগা'র/ămuzegăr) শিক্ষক। Teacher.

آموزگاری (অ'মূযেগা'রী/ămuzegări) শিক্ষকতা। Teaching.

آموزنده (অ'মূযান্দে/ămuzande) শিক্ষার্থী; শিক্ষক; প্রশিক্ষক; শিক্ষণীয়। Learner. Instructor. Instructive.

آمیختگی (অ'মীখতেগী/ămixtegi) মিশ্রণ। Mixture.

آمیختن (অ'মীখতান/ămixtan) [آمیز] মিশ্রিত হওয়া; মিশে যাওয়া; মেলামেশা করা। To Mix. To associate.

آمیخته (অ'মীখতে/ămixte) মিশ্রিত। Mixed.

آمیز (অ'মীয/ămiz) [آمیختن এর অনু./Imp. of آمیختن]

آمیزش (অ'মীযেশ/ămizeš) মিশ্রণ; মাখামাখি; সহবাস। Intercourse. Association.

آمیزشی (অ'মীযেশী/ămizeši) যৌন সংসর্গঘটিত। Venereal.

آمین (অ'মীন/ămin) আমীন! আল্লাহ্‌র দরবারে মোনাজাত কবুল হওয়ার আর্তিসূচক শব্দ। Amen!

آن (অ'ন/ăn) ঐ; ঐলোক; পূর্বেকার। that. the former. -آنکه যেটি; যে ব্যক্তি। That which. He who. -دوم آنکه দ্বিতীয়ত। Secondly.

آن (অ'ন/ăn) [ব.ব./pl. آوان] সময়; মুহূর্ত। Instant; moment.

آناً (অ'নান/ănan) তাৎক্ষণিকভাবে। Instantaneously.

آنان (অ'না'ন/ănăn) [آن এর ব.ব./Pl. of آن] তারা; ওরা। They; Those.

آنانکه (অ'না'নকে/ănănke) যারা। They who; those who.

آناناس (অ'না'না'স/ănănăs) আনারস। Pineapple.

آنتن (অ'নতেন/ănten) এন্টেনা; বেতার বা টেলিভিশনের যে দণ্ড বা তার সংকেত প্রেরণ বা গ্রহণ করে। Aerial.

آنجا (অ'নজা'/ănjă) ওখানে; সেখানে। There; (in) that place. -از آنجائی که যেহেতু। Since; in as much as.

آنچنان (অ'নচোনা'ন/ănčonăn) এভাবে; ঐভাবে; ঐরূপ। So. Such.

آنچه (অ'নচে/ănče) যা; যেটি। What; that which. -هرآنچه যা কিছু। Whatever.

آنژین (অ'নজ্বীন/ănžin) গলাব্যথা; টনসিল ফোলা জাতীয় রোগ বিশেষ। Angina.

آنسان (অ'নসা'ন/ănsăn) ঐরকম; ঐভাবে। [In] that manner.

آنفلوانزا (অ'নফ্লুঅ'নযা'/ănfluănză) ইনফ্লুয়েঞ্জা। Influenza.

آنقدر (অ'নগ্বাদ্‌র/ănğadr) দ্র./S.u. قدر

آنگاه (অ'নগা'হ/ăngăh) তখন; পরে; পরবর্তীতে। Then; afterwards.

آنگه (অ'নগাহ/ăngah) [آنگاه এর সংক্ষেপ/Contraction of آنگاه]

آنها (অ'নহা'/ănhă) [آن এর ব.ব./Pl. of آن] ঐগুলো; তারা [-ব্যক্তি, প্রাণী ও বস্তুর বেলায়]। Those, they [for persons, animals or things].

آنی (অ'নী/ăni) তাৎক্ষণিক; অন্তর্বর্তী। Instantaneous.

آوا (অ'ভা'/ăvă) [آواز এর সংক্ষেপ / Contraction of آواز]

آوار (অ'ভা'র/ăvăr) ধ্বংসস্তূপ; ধূলাবালি; বোঝা; চাপ। Load; pressure; weight.

آوارگی (অ'ভা'রেগী/ăvăregi) গৃহহীন অবস্থা; উদ্বাস্তু জীবন; ভবঘুরে জীবন। Vagrancy; homelessness.

آواره (অ'ভা'রে/ăvăre) শরণার্থী; ছিন্নমূল; উদ্বাস্তু; ভবঘুরে। Vagrant. home less. -آ. شدن শরণার্থী হওয়া; ভবঘুরে হওয়া। To go vagrant.

آوارگان (অ'ভা'রেগা'ন/ăvăregăn) শরণার্থী। Refugees.

آواز (আ'ভ'য্/ăvăz) আওয়াজ; ধ্বনি; সংগীত; পল্লীগীতি; খ্যাতি। Voice. Tune or melody. Call. Fame.

آوازه (অ'ভা'যে/ăvăze) ১/1)= آواز ২/2) খ্যাতি। Fame.

آوازه خوان (অ'.-খা'ন/ă.-xăn) (পেশাদার) গায়ক। (Professional) Singer.

آوخ (অ'ভাখ/ăvax) আহ! দুঃখ ও অনুতাপসূচক চিৎকার; হায়! Ah! Alas!

آور (অ'ভার/ăvar) [آوردن এর অনু./Imp. of آوردن]

آوردن (অ'ভারদান/ăvardan)[آور] আনয়ন করা; উপস্থাপন করা। To bring. To produce.

آورده (অ'ভারদে/ăvarde) [آوردن এর ক্রি. বিণ./P.P. of آوردن] আনীত। Brought.

آورنده (অ'ভারান্দে/ăvarande) আনয়নকারী; বহনকারী। Bringer. Bearer.

آوریل (অ'ভরীল/ăvril) এপ্রিল (মাস)। April.

آوند (অ'ভান্দ/ăvand) পানির পাত্র; (রক্ত, রসও লসিকাবাহী) নালী । Vessel; vasculum.

آوندی (অ'ভান্দী/ăvandi) (রক্ত, রস ও লসিকাবাহী) নারী সম্বন্ধী; নালী ঘটিত। Vascular.

آونگ (অ'ভাঙ্গ/ăvang) ১/1) দোলক; ওপর দিকে এমনভাবে গ্রথিত দণ্ড, যা সহজভাবে দুলতে পারে। Pendulum. ২/2)= آویزان

آویختن (অ'ভীখ্‌তান/ăvixtan)[آویز] লটকান; ঝুলে থাকা বা রাখা। To hang.

آویخته (অ'ভীখ্‌তে/ăvixte) মুলতবী; ঝুলন্ত। Suspended; hanging.

آویز (অ'ভীয/ăviz) ১/1) [آویختن এর অনু./Imp. of آویختن] ২/2) গলার হার; ঝুলে থাকে এমন অলংকার। Pendant.

آویزان (অ'ভীযা'ন/ăvizăn) ঝুলন্ত; মুলতবী অবস্থায় রয়েছে এমন। Hanging; suspended.

آویزه (অ'ভীযে/ăvize) ঝুলন্ত মাকড়ি (সহ কর্ণফুল)। (Earring with a) Pendant.

آه (অ'হ/ăh) আফসোস! দুঃখ ও অনুতাপসূচক শব্দ। Sigh. Ah! Alas!

آها (অ'হা'/ăhă) অ-হ! হাঁ-হাঁ! তা-ই! Aha! I see!

آهار (অ'হা'র/ăhăr) মাড়; শ্বেতসার। Starch.

آهاردار (অ'.-দা'র/ă.-dăr) মাড় দেওয়া হয়েছে এমন; কঠিন; শক্ত। Starched; stiff.

آهستگی (অ'হেসতেগী/ăhestegi) ধীরতা; মন্থর গতি। Slowness.

آهسته (অ'হেস্তে/ăheste) ধীরে; নম্রভাবে; ক্রমান্বয়ে। Slowly. Softly. Gradually.

آهک (অ'হাক/ăhak) চুন। Lime.
 سنگ آ.– চুনা পাথর। Limestone.

آهک پز (অ'.-পায/ă.-paz) চুনা পাকানোর সামগ্রী। Lime-burner.

آهک پزی (অ'.-পা'যী/ă.pazi) চুনা পাকানো বা জ্বাল দেওয়ার চুল্লি। Lime-burning. Lime-kiln.

آهن (অ'হান/ăhan) লৌহ। Iron.

آهن آلات (অ'.-অ'লা'ত/ă.-ălăt) লৌহজাত সামগ্রী। Ironware.

آهن بر (অ'.-বোর/ă.-bor) লোহা কাটার যন্ত্র বা হাতিয়ার। Iron-cutter.

آهن پاره (অ'.-পা'রে/ă.-păre) টুকরা লোহা। Scrap iron.

آهن جامه (অ'.-জা'মে/ă.-jăme) জোড়া লাগানোর লোহার টুকরা বা পাত। Iron bands or fastenings.

آهن ربا (অ'.-রোবা'/ă.-robă) চুম্বক। M-agnet.

آهن ربایی (অ'.-রোবা'য়ী/ă-robăyi) চুম্বকের গুণসম্পন্ন; আকর্ষণ করতে পারে এমন। Magnetic.

آهن ریزی (অ'.-রীযী/ă.-rizi) লোহা ঢালাই করার কারখানা; অট্টালিকা; ভবন ইত্যাদি নির্মাণকালে লৌহ-ঢালাই করার কাজ। Iron-foundry; ironworks.

آهن ساز (অ'.-সা'য/ă.-săz) কামার। Iron-worker.

آهنکوب (অ'.-কূব/ă.-kub) কামার; কর্মকার; টিনের প্রলেপ দানকারী শ্রমিক। Tin-roofer; tinman.

آهنگ (অ'হাঙ্গ/ăhang) সুর; সুরের মিল; উদ্যোগ; ইচ্ছা; পদক্ষেপ। Tune. Music. Setting. Intention; attempt.

آهنگر (অ'হাঙ্গার/ăhangar) কামার; লৌহ কর্মকার। Blacksmith; ironsmith.

بی شعوری (বী শোউরী/bi-šo'uri) বোধশক্তিহীনতা; অনুভূতিহীনতা; নির্বুদ্ধিতা। Lack of common sense. Idiocy.

بیشک (বী শাক্/bi-šak) সন্দেহাতীত; নিঃন্দেহে। Undoubtedly.

بی شکل (বী শেক্ল্/bi-šekl) নির্দিষ্ট আকার-আকৃতিহীন। Amorphous.

بی شکیب (বী শাকীব্/ bi-šakib) অধৈর্য; অসহিষ্ণু। Impatient.

بیشمار (বী শোমা'র্/bi-šomăr) অগণিত; অসংখ্য। Innumerable; countless.

بیشه (বীশে/biše) ঘন বনজঙ্গল; ঝোঁপ; তরুবীথি। Thicket; coppice; grove.

بیشینه (বীশীনে/ bišine)= حد اکثر সর্বাধিক পরিমাণ; বেশীর পক্ষে। Maximum.

بی صبر (বী সাব্র্/bi-sabr) ধৈর্যহীন; অসহিষ্ণু। Impatient.

بی صبری (বী সাব্রী/bi-sabri) ধৈর্যহীনতা; অসহিষ্ণুতা। Impatience.

بیصدا(বীসাদা'/bisadǎ) সাড়া শব্দহীন; শান্ত; বোবা; নীরব। Noiseless; quiet. Dumb. Silent.

بی صرفه (বী সারফে/bi-sarfe) অলাভজনক; অসুবিধাজনক। Unprofitable;. Disadvantageous.

بی صفا (বী সাফা'/bi-safǎ) যা সুখকর বা আনন্দদায়ক নয়; কপট। Not pleasant or cheerful. Insincere.

بی صفت (বী সেফাৎ/bi-sefat) যার কোন গুণ-বৈশিষ্ট্য নেই; অকৃতজ্ঞ। Ungrateful.

بیضاء (বেইযা'-/beyzǎ') সাদা; পরিষ্কার; উজ্জ্বল। White. Clear.

بی ضرر (বী যারার্/bi-zarar) ক্ষতি করে না এমন; নিরীহ। Harmless. Involving no loss.

بیضتین (বেইযাতেইন্/ beyzateyn) দ্র./S u. بیضه

بیضه (বেইযে/beyze)=تخم ডিম, অণ্ডকোষ। Egg. Testicle [দ্বিবচন/ Dual بیضتین] - ورم ب. অণ্ডকোষ ফুলে যাওয়া রোগ। Orchitis.

بیضه بند (বে.-বান্দ্/ b.-band) অণ্ডকোষ চেপে রাখার বিশেষ ধরনের জাঙ্গিয়া। Suspensory.

بیضی (বেইযী/ beyzi) ডিম্বাকৃতির উপবৃত্ত সংক্রান্ত। Elliptical.

بیطار (বেইতা'র্/beytǎr) = دام پزشک

بیطاری (বেইতা'রী/ beytǎri) পশু রোগ বিষয়ক; পশু চিকিৎসক। Veterinary.

بیطاقت (বী তা'ক্বাৎ/bi-tǎğat) শক্তিহীন; অক্ষম; যন্ত্রণা/কষ্ট সহ্য করতে অক্ষম; অসহিষ্ণু। Impatient. Unable to bear pain.

بیطاقتی (বী তা'ক্বাতী/bi-tǎğati) ধৈর্যহীনতা; দুঃখ-কষ্ট সহ্য করতে অক্ষমতা। Impatience. Inability to bear pain.

بی طالع (বী তা'লে-/bi-tǎle') হতভাগা; বঞ্চিত। Ill-starred.

بیطرف(বী তারাফ্/bi-taraf) পক্ষপাতহীন; নিরপেক্ষ। Impartial. Neutral.

بیطرفانه (বী তারাফা'নে/bi-tarafǎne) নিরপেক্ষভাবে; পক্ষপাতহীনভাবে। Impartially.

بیطرفی (বী তারাফী/bi-tarafi) নিরপেক্ষতা; পক্ষপাতহীনতা। Impartiality.

بی طعم (বী তা-ম্/bi-ta'm) স্বাদগন্ধহীন। Flavourless.

بی طمع (বী তামা-/bi-tama') নির্লোভ; লালসাহীন। Disinterested. Not covetous.

بی ظرافت (বী যারা'ফাৎ/bi-zarǎfat) অশোভন; অমার্জিত। Inelegant.

بیظرف (বী যারফ্/bi-zarf) পাত্রবিহীন। Unpacked.

بیع (বেই-/bey') ১/1)= فروش বিক্রয় Selling; sale [فروش] ২/2)= بیعانه বায়না টাকা। Earnest-money.

بیعار (বী অ'র্/bi'ǎr) ইন্দ্রিয়পরায়ণ; নির্লজ্জ। Profligate; shameless.

بیعاری (বী অ'রী/bi'ǎri) লাম্পট্য; দুর্বৃত্তপনা; নির্লজ্জতা। Profligacy; wantonness.

بی عاطفه (বী অ'তেফে/bi-ǎtefe)

হৃদয়হীন; দয়ামায়াহীন। Unfeeling; heartless.

بیعانه (বেইঅ'নে/beyăne) বায়না টাকা। Earnest-money.

بیعت (বেইআৎ/bey'at) বায়আত; আনুগত্যের শপথ। (Oath of) allegiance.

بیعدالت (বী এদা'লাৎ/bi'edălat) অন্যায়। Unjust.

بیعدالتی (বী এদা'লাতী/bi-edălati) অন্যায়; বেইনসাফী; অবিচার। Injustice.

بیعرضگی (বী ওর্‌যেগী/bi-orzegi) অকার্যকরতা; অক্ষমতা; অদক্ষতা। Inefficiency; incapability.

بیعرضه (বী ওর্‌যে/bi-orze) অক্ষম; অপারগ; অদক্ষ। Incapable; inefficient.

بیعزتی(বী এয্‌যাতী/bi-ezzati) বেইজ্জতী; অসম্মান। Dishonour; disrespect.

بی عصمت(বী এস্‌মাৎ/bi-esmat) অসতী বা অসৎ; পাপী। Unchaste.

بی عفت (বী এফ্‌ফাৎ/bi-effat) অসতী; ব্যভিচারী। Unchaste.

بی عفتی (বী এফ্‌ফাতী/bi-effati) সতীত্বহীনতা; ব্যভিচার। Unchastity.

بی عقل (বী আগ্বল্/bi-ağl)= بیخرد

بیعلاقگی (বী আলা'গ্বেগী/bi-alăğegi) অনাগ্রহিতা; অসম্পৃক্ততা। Disinterestedness.

بی علاقه (বী আলা'গ্বে/bi-alăğe) অনাগ্রহী; অসম্পৃক্ত। Disinterested.

بی علت (বী এল্লাৎ/bi-ellat) ১/1) অকারণ। Causeless. ২/2)=بی عیب

بیعلم(বী এল্‌ম্/bi-elm) অজ্ঞ; মূর্খ। Void of learning; ignorant.

بیعلمی (বী এল্‌মী/bi-elmi) অজ্ঞতা; মূর্খতা। Lack of learning; ignorance.

بیع نامه (বেইনা'মে/bey'năme) মাল বিক্রির বিল অথবা চুক্তি। Bill (or deed) of sale.

بیعوض (বী আভায্/bi-avaz) ক্ষতি পূরণ হবার নয় এমন; বদলি মেলে না এমন। Irreplaceable.

بی عیب (বী এইব্/bi-eyb) নির্দোষ; ত্রুটিহীন; নিখাদ। Faultless; sound; in perfect condition.

بی غرض (বী গ্বারায্/bi-ğaraz) নিঃস্বার্থ; স্বার্থ বা উদ্দেশ্যপ্রণোদিত নয় এমন। Having no private motive; disinterested.

بیغرضانه (বী গ্বারাযা'নে/bi-ğarazăne) ব্যক্তিস্বার্থ বা উদ্দেশ্যবিহীনভাবে। Without private motive or interest.

بی غرضی (বী গ্বারাযী/bi-ğarazi) ব্যক্তি স্বার্থহীনতা। Lack of private motive.

بیغش (বী গাশ্/bi-ğaš) নির্ভেজাল; খাঁটি। Unalloyed; pure. Sincere.

بیغلّ و غش(বী গাল-ও-গাশ্/bi ğal-o-ă-aš)=بیغش

بیغم (বী গ্বাম্/ bi ğam) দুশ্চিন্তাহীন; নিরুদ্বিগ্ন। Worriless.

بیغوله (বেইগ্বূলে/beyğule) পর্বতগুহা। Cave.

بیغیرت (বী গ্বেইরাৎ/bi-ğeyrat)

আত্মমর্যাদাহীন; অনুভূতিহীন; কাপুরুষ। Spiritless; cowardly; zealless.

بيغيرتى (বী গেইরাতী/bi-ğeyrati) আত্মমর্যাদাবোধহীনতা; ভীরুতা; কাপুরুষতা। Lack of zeal or spirit; dastardliness.

بيفايده (বী ফা'য়েদে/bi-făyede) অলাভজনক; অনর্থক; মূল্যহীন। Useless. Unprofitable.

–کوشش ب. ব্যর্থ প্রচেষ্টা। Lost labour; useless effort.

بيفتک (বীফ্তেক্/biftek) কাবাব ইত্যাদি বানানোর জন্য লম্বা ফালি করা গোশত। (Beef)steak.

بى فراست (বী ফেরা'সাৎ/bi-ferăsat) বিচক্ষণতাহীন; অদূরদর্শী। Unintelligent.

بى فرزند (বী ফার্যান্দ্/bi-farzand) নিঃসন্তান; বন্ধ্যা। Childless; issueless.

بى فرهنگ (বী ফার্হাঙ্গ্/bi-farhang) অশিক্ষিত; অসভ্য; সংস্কৃতিহীন। Void of culture; uneducated.

بى فروغ (বী ফোরূগ্/bi-foruğ) ঔজ্জ্বল্যহীন; আলোকরশ্মীহীন। Lustreless.

بى فكر (বী ফেক্র্/bi-fekr) নিশ্চিন্ত; চিন্তাহীন; অমনোযোগী। Mindless; thoughtless.

بى قابليت(বী গ্বা'বেলিয়্যাৎ/bi-ğăbeliyyat)=ناقابل

بيقاعدگى (বী গ্বা'এদেগী/bi-ğăedegi) অনিয়মতান্ত্রিকতা। Irregularity.

بيقاعده (বী গ্বা'এদে/bi-ğăede) নিয়ম বহির্ভূত; অনিয়মতান্ত্রিক। Irregular.

بيقدر (বী গ্বাদ্‌র্/bi-ğadr) মূল্যহীন। Of no value.

بى قرار (বী গ্বারা'র্/bi-ğarăr) অস্থির; অনিয়মতান্ত্রিক; অস্থিতিশীল। Restless; irregular. Unstable.

بى قرارى (বী গ্বারা'রী/bi-ğarări) অস্থিরতা; চঞ্চলতা; অস্থিতিশীলতা। Uneasiness. Instability.

بى قرين (বী গ্বারীন্/bi-ğarin) অতুলনীয়; অনুপম; নিঃসঙ্গ। Matchless; peerless.

بى قرينه (বী গ্বারীনে/bi-ğarine) অসুষম; অপ্রতিসম। Unsymmetrical.

بى قصد(বী গ্বাস্দ্/bi-ğasd) কোন বিশেষ উদ্দেশ্যহীন (ভাবে)। Unintentional(ly).

بيقوت (বী গূৎ/bi-ğut) পুষ্টিহীন; খাদ্যবিহীন। Having no nourishment.

بيقوّت(বী গোভ্ভা'ৎ/bi-ğovvat) দুর্বল; শক্তিহীন। Weak; powerless.

بى قوّة (বী গোভ্ভে/bi-govve)=بى قوّت

بى قياس (বী গিয়া'স্/bi-ğiyăs) অনুমানবহির্ভূত; অপরিমেয়; বিশাল। Immeasurable; immense.

بيقيد (বী গেইদ্/bi-ğeyd) বেপরোয়া; বন্ধনহীন; শর্তহীন। Unrestrained. Easy-going. Unconditional.

بيقيدى (বী গেইদী/bi-ğeydi)= لاقيدى

بى قيمت (বী গীমাৎ/bi-ğimat) মূল্যহীন। Invaluable.

بيكار (বীকা'র্/bikăr) বেকার;

কর্মসংস্থানহীন (লোক)। Unemployed; out of employment.

بیکاری (বীকা'রী/bikări) বেকারত্ব; কর্মসংস্থানহীন অবস্থা। Unemployment. Idleness.

بی کردار (বী কের্‌দা'র্/bi-kerdăr) অপরকে উপদেশ দেয়, অথচ নিজে তা পালন করে না এমন ব্যক্তি; অকৃতজ্ঞ। Not practising what one preaches. Ungrateful.

بیکس (বী কাস্/bi-kas) আত্মীয় বা বন্ধু নেই এমন; নিঃসহায়। Having no relatives or friends; forlorn.

بی کفایت (বী কেফা'য়াৎ/bi-kefăyat) অযোগ্য; অক্ষম; অদক্ষ। Incapable; inefficient.

بی کفایتی (বী কেফা'য়াতী/bi-kefăyati) অক্ষমতা; অযোগ্যতা; অদক্ষতা। Inefficiency.

بی کله (বী কাল্লে/bi-kalle)মস্তিষ্কহীন; মানসিকভাবে দুর্বল (ব্যক্তি)। Brainless; weak-minded.

بی کمال (বী কামা'ল্/ bi kamăl) গুণবৈশিষ্ট্যহীন; অশিক্ষিত। Void of accomplishments; uneducated.

بی کمالی (বী কামা'লী/bi-kamăli) শিক্ষা ও ভদ্রতার গুণবৈশিষ্ট্য না থাকা; ব্যক্তিত্বহীনতা। Lack of education or civility.

بی کم و کاست (বী কাম্-ও-কা'স্ত্/bi kam-o-kăst) বেশকম ছাড়া; হুবহু। Entirely. Exactly.

بیگ (বেইগ্/beyg) প্রভু বা যুবরাজ। Lord or prince.

بیگار(ی) (বীগা'র্[ী]/bigăr[i]) বেগার শ্রমিক; যে শ্রমিককে পারিশ্রমিক না দিয়ে জোরপূর্বক খাটানো হয়। Forced labour; unpaid labour.

بیگانگی(বীগা'নেগী/bigănegi) বিদেশিত্ব; অনাত্মীয়তা; বিচ্ছিন্নতাবোধ। Foreignness; alienation.

بیگانه (বীগা'নে/bigăne) বেগানা; বিদেশী; অপরিচিত ব্যক্তি। Foreign. Foreigner; stranger. [ব.ব./pl. بیگانگان]

بیگانه پرست (বী.-পারাস্ত্/b.-parast) বিদেশপূজারী; বিদেশীদের তোষামোদকারী। Xenophilous.

بیگانه پرستی (বী.-পারাস্তী/b.-parasti) বিদেশপূজা; বিদেশপ্রীতি। Xenophilism.

بیگاه (বীগা'হ্/bigăh) অসময়ে। Ill-timed; untimely. –گاه و بیگاه যখন তখন। Now and then.

بی گزند (বী গাযান্দ্/bi-gazand) ক্ষতিকর বা অনিষ্টকর নয় এমন।

بی گمان (বী গোমা'ন্/bi-gomăn) নিঃসন্দেহে। Undoubtedly.

بی گناه (বী গোনা'হ্/bi-gonăh) নির্দোষ; নিষ্পাপ। Innocent. Sinless.

بی گناهی (বী গোনা'হী/bi-gonăhi) নির্দোষত্ব; পাপশূন্যতা। Innocence.

بیگودی(বীগূদী/bigudi) চুল কোঁকড়ানোর যন্ত্রবিশেষ। Hair-curler.

بیل (বীল্/bil) ১/1) কোদাল; বেলচা। Spade; shovel. ২/2)= خیش

بیلان (বীলা'ন্/bilăn) = ترازنامه

بی لبه (বী লাবে / bi labe) প্রান্তহীন ছুরি; তলোয়ার জাতীয় যে কোন অস্ত্র। Edgeless.

بیلچه (বীল্চে/bilče) ছোট কোদাল; খুরপি; গাছের চারা তোলার জন্য বাকানো ডগা-যুক্ত হাতিয়ার বিশেষ; ছোট বেলচা। Small shovel. Dibble; trowel.

بیل زن (বীল্যান্/bilzan) কোদাল-শ্রমিক; যে শ্রমিক মাটি কাটার কাজ করে। Labourer with a shovel.

بی لطافت (বী লেতা'ফাৎ/bi-letăfat) বেয়াড়া; সৌষ্ঠবহীন; দয়ামায়াহীন। Ungainly.

بی لطف (বী লোৎফ্/bi-lotf) নির্দয়; দয়ামায়াহীন; বেরসিক। Unkind. Insipid. Bald.

بی لطفی (বী লোত্ফী/bi-lotfi) দয়ামায়াহীনতা; নির্দয়তা। Unkindness.

بی لفاف(বী লেফা'ফ্/bi-lefăf) ঢাকনাহীন; প্যাকেটবিহীন; বহিরাবরণহীন; খোলামেলা। Uncovered. Unpacked. Frank(ly).

بی لگام (বী লেগা'ম্/bi-legăm) লাগামহীন। Unbridled.

بی لیاقت(বী লিয়া'খ্বাৎ/bi-liyăğat) অযোগ্য; অদক্ষ; অনুপযুক্ত। Incapable. Undiserving.

بی لیاقتی (বী লিয়া'খ্বাতী/bi-liyăğati) অযোগ্যতা। Incapability.

بیلیون (বিলয়ূন/bilyun) লক্ষ কোটি; বিলিয়ন; (আমেরিকায়) শত কোটি। Billion.

بیم (বীম্/bim) ভয়; ভীতি; বিপদাশংকা। Fear. Danger. –ب . داشتن ভয় পাওয়া; আশংকাগ্রস্ত বা আতঙ্কিত থাকা। To fear. –بیم آن می پرود که আশংকা রয়েছে যে। It is to be feared that. –از بیم جـان প্রাণভয়ে। For one's life.

بیمار (বীমা'র্/bimăr) অসুস্থ; রোগী। Ill; sick. –بیمار عشق প্রেমের রোগী; প্রণয় পীড়িত। Love-sick. –ب . شدن অসুস্থ হওয়া; রোগাক্রান্ত হওয়া। To fall sick.

بیمار داری (বী.-দা'রী/b.-dări) রোগীর সেবা-শুশ্রূষা। Attendance on the sick.

بیمارستان (বীমা'রেস্তা'ন্/bimarestăn) হাসপাতাল। Hospital.

بیماری (বীমা'রী/bimări) অসুস্থতা; রোগ-ব্যাধি। Illness. Disease.

بی مانند (বী মা'নান্দ/bi-mănand) সমকক্ষহীন, তুলনাহীন। Unparalleled.

بی ماوی/ بی ماوا (বী মা-ভা'/bi-ma'vă) ঘরবাড়ীহারা; আশ্রয়হীন। Homeless.

بیمایگی(বীমা'য়েগী/ bimăyegi) অগভীর বা ভাসাভাসা জ্ঞান; দারিদ্র্য; অভাব। Superficial knowledge. Indigence.

بیمایه (বীমা'য়ে/bimăye) দরিদ্র; সম্বলহীন; সারবস্তুহীন। Fundless. Indigent. –شعربیمایه মূল্যহীন/ সারবত্তাহীন বাজে কবিতা। Doggerel.

بی مبالات (বী মোবা'লা'ৎ/bi-mobălăt) বেপরোয়া; অসাবধান; অমনোযোগী। Careless.

بی مبالاتی (বী মোবা'লা'তী/bi-mobălăti) অসাবধানতা; অমনোযোগিতা; বেপরোয়া হওয়া। Carelessness.

بیمثال (বী মেসা'ল্/bi-mesăl) যার উপমা বা তুলনা নেই; সমকক্ষহীন; অদ্বিতীয়। Unparalleled.

بی مثل (বী মেস্‌ল্/bi-mesl)= بی مانند

بی محابا (বী মোহা'বা'/bi-mohăbă) নির্ভীক(ভাবে); উদার(ভাবে); বিচার-বিবেচনাহীন(ভাবে)। Dauntless(ly). Unsparing(ly). Regardless(ly).

بی محبت (বী মাহাব্বাৎ/bi-mahabbat) দয়ামায়াহীন; ভালবাসাহীন। Unaffectionate; unkind.

بی محل (বী মাহাল্/bi-mahal) অসময়ে বা অস্থানে ঘটিত; উপযুক্ত স্থান বা সময়ে না ঘটা। Untimely. Unallocated?

بی مرحمت (বী মার্‌হামাৎ/bi-marhamat) দয়াহীন। Unkind.

بیمروّت(বী মোরোভ্‌ভাৎ/bi morovvat) সদাচার বা সৌজন্যবোধবিহীন (ব্যক্তি)। Ungenerous. Unjust.

بیمروّتی (বী মোরোভ্‌ভাতী/bi-morovvati) অসৌজন্য; অমানবিকতা; শিষ্টাচারহীনতা। Inhumanity. Injustice.

بیمزگی (বী মাযেগী/bi-mazegi) স্বাদ-গন্ধহীনতা; বেমজা হওয়া। Insipidity. Flat joke.

بیمزه (বী মাযে/bi-maze) বেমজা; স্বাদহীন; নিরস; আকর্ষণীয় নয় এমন। Insipid; tasteless. Uninteresting.

بی مسلک (বী মাস্‌লাক্/bi-maslak) নীতিহীন; নিয়মনীতিবর্জিত (ব্যক্তি)। Unprincipled.

بی مسمی (বী মোসাম্মা'/bi-mosammă) আচার ও বৈশিষ্ট্যের সাথে খাপ খায় না এমন। Not answering to its significance. –اسم ب. অর্থের সাথে খাপ খায় না এমন নাম। Name which does not answer to its meaning.

بی مصرف (বী মাস্‌রাফ্/bi-masraf) অব্যবহার্য; কোন কাজে আসবে না এমন। Useless.

بی مطالعه (বী মোতা'লেএ/bi-motăle'e) পূর্ব চিন্তা বা পূর্ব প্রস্তুতি ছাড়া; তাৎক্ষণিক; চিন্তা-ভাবনা ছাড়া। Offhand.

بی معرفت (বী মা-রেফাৎ/bi-ma'refat) =نادان/ بیدانش

بی معطلی(বী মোআত্তালী/bi-mo'attali) অবিলম্বে; তাৎক্ষণিকভাবে; খুব দ্রুত। Prompt(ly). Quick(ly).

بی معنی (বী মা-নী'/bi-ma'ni) অর্থহীন; কোন কাজের নয় এমন। Meaningless. Good-for-nothing.

بی مغز (বী মাগ্‌য্/bi-mağz) মজ্জাহীন; পাগলের মত; মগজহীন; নির্বোধ; হাবা। Pithless. Deaf, as a nut. Brainless. Hollow.

بی مقدار (বী মেগ্‌দা'র্/bi-meğdăr) অযোগ্য। Unworthy.

بی مقدمه (বী মোগ্বাদ্দামে/bi-moğaddame) ভূমিকা ছাড়া; পূর্বপ্রস্তুতি ব্যতিরেকে। Abrupt(ly). Suddenly.

بی ملاحظه (বী মোলা'হেযে/bi-molăheze) (অন্যের সুবিধা-অসুবিধার প্রতি) মনোযোগহীন; যে কারো পরোয়া করে না। Regardless (of others); careless.

بی مناسبت (বী মোনা'সেবাৎ/bi-monăsebat) অপ্রাসঙ্গিক; অনুচিত; অনুপযোগী; বেমানান। Irrelevant. Unsuitable.

بیمناك (বীম্‌না'ক্/bimnăk) ভীত, উদ্বিগ্ন; শংকিত। Apprehensive. Afraid.

بی منت (বী মেন্নাৎ/bi-mennat) কারো উপকার করার পর খোঁটা দেয় না এমন ব্যক্তি। Freely and without reproach.

بی مورد(বী মোওরেদ্/bi-mowred) ভ্রান্ত; সময়োপযোগী নয় এমন; অবান্তর; অপ্রাসঙ্গিক। Out of place; inopportune.

بیمه (বীমে/bime) বীমা। Insurance. –ب. کردن বীমা করা; নিশ্চয়তা বিধান করা। To insure. –بیمهٔ عمر জীবন বীমা। Life insurance. –حق ب. প্রিমিয়াম; বীমার পরিশোধ্য কিস্তি। Premium. –سند ب. বীমা পলিসি। Insurance policy.

بی مهارت (বী মাহা'রাৎ/bi-mahărat) অদক্ষ; অনভিজ্ঞ। Unskilful; inexpert.

بی مهره (বী মোহ্‌রে/bi-mohre) মেরুদণ্ড বা শিরদাঁড়াহীন। Invertebrate.

بی مهری (বী মেহ্‌রী/bi-mehri) দয়ামায়াহীনতা। Unkindness.

بیمه شده (বীমে শোদে/bime-šode) বীমাকৃত। Insured.

بیمه نامه (বীমে না'মে/bime-năme) বীমা পলিসি। Insurance policy.

بی میل (বী মেইল্/bi-meyl) অনাগ্রহী। Unwilling.

بی میلی (বী মেইলী/bi meyli) অনাগ্রহ। Unwillingness.

بین (বীন্/bin) [دیدن এর অনু./Imp. of دیدن]

بین (বেইন্/beyn) মধ্যখান; মধ্যস্থল। Distance between. Middle. –در بین মধ্যে; মাঝখানে। Between the parties. In the middle.

در این بین– এরি মধ্যে; ইতোমধ্যে; ইত্যবসরে। In the meantime.

بینا (বীনা'/binǎ) যে দেখতে পায়; যে অন্ধ নয়; প্রখর দৃষ্টিসম্পন্ন। That can see; not blind. Clear-sighted.

بینا بین (বেইনা' বেইন্/beynǎ beyn) মাঝামাঝি; মধ্যভাগে। Halfway. In the middle.

بین اثنین (বেইনে এস্নাইন্/beyne esnayn) দ্বিপাক্ষিক। Mutual.

بین السطور (বেইনোস্ সোতূর্/beynos sotur) ছত্র বা পংক্তির মধ্যে মধ্যে লিখিত বা মুদ্রিত। Interlinear.

بین المدارین (বেইনোল্ মাদা'রাইন্/ beynol madǎrayn) দুই অক্ষাংশের মধ্যবর্তী (অঞ্চল)। Intertropical (regions).

بین المللی (বেইনোল্ মেলালী/beynol melali) আন্তর্জাতিক। International.

بین النهرین (বেইনোন্ নাহ্‌রাইন্/ beynon nahrayn) মেসোপটেমিয়া। Mesopotamia.

بی نام (বী না'ম্/bi nǎm) বেনামী; অপ্রকাশিত নাম; নামহীন। Anonymous. –سهام ب. বাহকের অংশ। Bearer shares.

بی ناموس (বী না'মূস্/bi nǎmus) নীতিজ্ঞানহীন; ভ্রষ্টা; লম্পট। Unprincipled. Unchaste.

بی نام و نشان (বী না'ম্-ও-নেশা'ন্/bi nǎm-o-nešǎn) নাম-নিশানাবিহীন; চিহ্নবিহীন; নাম-ঠিকানাবিহীন। Untraceable; traceless.

بینایی (বীনা'য়ী/binǎyi) দর্শনেন্দ্রিয়; স্বচ্ছ দৃষ্টি। (Sense of) sight Clear-sightedness.

بی نتیجه (বী নাতীজে/bi-natije) অসার; নিরর্থক; নিষ্ফল। Futile; abortive.

بین راهی (বেইনে রা'হী/beyne rǎhi) পথিমধ্যে; গমনপথে। In transit.

بی نزاکت (বী নেযা'কাৎ/bi-nezǎkat) অসুন্দর; রুচিহীন; শিষ্টাচারবর্জিত। Inelegant; rude.

بینش (বীনেশ্/bineš) তীক্ষ্ণদৃষ্টি; অন্তর্দৃষ্টি। Insight; perspicacity.

بی نشاط (বী নেশা'ৎ/bi-nešat) আনন্দহীন; প্রফুল্লতাহীন। Joyless; mirthless.

بی نشان (বী নেশা'ন/bi-nešan) নামচিহ্নহীন; ঠিকানাহীন। Traceless.

بی نصیب (বী নাসীব্/bi-nasib) হতভাগা; যে প্রাপ্য অংশ বা ভাগ পায়নি। Portionless.

بی نظم (বী নায্‌ম্/bi-nazm) শৃঙ্খলাহীন। Disorderly.

بی نظمی (বী নায্‌মী/bi-nazmi) বিশৃঙ্খলা; অগোছালো অবস্থা। Disorder; confusion.

بی نظیر (বী নাযীর্/bi-nazir) নজিরবিহীন; অতুলনীয়। Unparalleled; incomparable.

بی نماز (বী নামা'য্/bi-namǎz) বেনামাজী; ঋতুবতী (হওয়ায় নামায

পড়ে না এমন)। (Disqualified for saying her prayers on account of being) menstruous.

بی نمک (বী নামাক/bi-namak) লবণহীন; নিরস; অনাকর্ষণীয়; সাদাসিধা। Saltless. Insipid. Inattractive.

بیننده (বীনান্দে/binande) দর্শক। Seer; spectator. [ব.ব./pl. بیننده گان]

بی ننگ (বী নাঙ্গ/bi-nang) লজ্জাহীন। Shameless.

بینوا (বী নাভা'/bi-navă) নিঃস্ব; অসহায়। Indigent. Helpless.

بینوائی (বী নাভা'য়ী/bi-navăyi) অসহায়ত্ব; দারিদ্র্য। Indigence; poverty.

بی نور (বী নূর/bi-nur) আলোহীন; অন্ধ। Lustreless. Blind.

بی نوری (বী নূরী/bi-nuri) আলোহীনতা; বোকামি। Dimness. Stupidity.

بینه (বীনে/bine) গোসলখানায় কাপড় বদলানোর বিশেষ কক্ষ। Dressing-room in a bath-house.

بیّنه (বাইয়্যেনে/bayyene) সাক্ষ্য; প্রমাণ; সুস্পষ্ট দলিল। Clear proof or evidence.

بی نهایت (বী নেহা'ইয়াৎ/bi-nehăyat) অসীম; যার শেষ নেই। Extreme(ly.) Infinite(ly).

بینی (বীনী/bini) নাক; নাসিকা। Nose. –ب. آماس নাকফোলা রোগ। Rhinitis. –ب. گرفتن নাক ঝাড়া। To blow the nose.

بی نیاز (বী নিয়া'য্/bi-niyăz) [পরে از যোগ করে] অমুখাপেক্ষী। [With از] Able to do without or dispense with. –ب. کردن অমুখাপেক্ষী করা; স্বয়ংসম্পূর্ণ করা। To free from want.

بی نیازی (বী নিয়া'যী/bi-niyăzi) অমুখাপেক্ষিতা; সম্পূর্ণ স্বাধীনভাবে কাজ করার সামর্থ্য; স্বনির্ভরতা। Ability to do without; independence.

بیواسطه (বী ভা'সেতে/bi-văsete) সরাসরি; তাৎক্ষণিক; মাধ্যমবিহীন। Direct. Immediate.

بی وجود (বী ভোজূদ্/bi-vojud) মূল্যহীন; অকাজের; অস্তিত্বহীন। Good-for-nothing; worthless.

بی وصیت (বী ভাসিয়্যাৎ/bi-vasiyyat) মৃত্যুর আগে অন্তিম উপদেশ বা উইল না রেখে মারা গিয়েছে এমন; অসিয়তহীন। Intestate.

بی وعده (বী ভা-দে/bi-va'de) অযাচিত। Payable at sight.

بی وفا (বী ভাফা'/bi-vafă) অবিশ্বস্ত; যার ওপর আস্থা রাখা যায় না; যে আস্থাভাজন নয়। Unfaithful. Inconstant.

بی وفائی (বী ভাফা'য়ী/bi-vafăyi) বিশ্বাস বা আস্থা ভঙ্গ করা। Unfaithfulness.

بی وقار(বী ভাগ্বা'র্/bi-vağăr) অমার্জিত; মর্যাদাহীন। Ungraceful; undignified.

بیوقت (বী ভাগ্বত্/bi-vağt) = بیموقع

بی وقوف (বী ভোগূফ/bi-voğuf) বেকুব; বোকা; অসতর্ক। Ignorant. Unaware.

بیوك (বোয়ুক/boyuk) ১/1)= بزرگ ২/2) পুংবাচক নাম। Mas. pr. name.

بیوگی (বীভেগী/bivegi) বৈধব্য; বিধবা জীবন। Widowhood.

بیوه (বীভে/bive) বিধবা। Widow(ed).
–. زن ب বিধবা নারী। Widow.
–. مرد ب বিপত্নীক। Widower.

بیهده (বীহোদে/bihode) = [بیهوده এর সংক্ষেপ/Contraction of بیهوده].

بیهراس (বী হারা'স্/bi-harăs) নির্ভয়; আশংকাহীন(ভাবে)। Fearless(ly).

بیهمال (বী হামা'ল্/bi-hamăl)= بی نظیر/ بی مانند

بی همت (বী হেম্মাৎ/bi-hemmat) উদ্যমহীন; সাহসহীন। Spiritless. Lacking good ambition.

بی همتی (বী হেম্মাতী/bi-hemmati) সাহসহীনতা; উদ্যমহীনতা। Lack of ambition or spirit.

بی همتا (বী হাম্তা'/bi-hamtă) সমকক্ষহীন; অদ্বিতীয়; আল্লাহ্র একটি গুণবাচক নাম। Matchless; unique: epithet of God.

بی همه چیز (বী হামে চীয্/bi-hame čiz) নীতিজ্ঞানশূন্য; নীতিবর্জিত। Unscrupulous; unprincipled.

بی هنر(বী হোনার্/bi-honar) গুণবৈশিষ্ট্যহীন; অনিপুণ; অকাজের। Void of any art or virtue. Unskilful. Good-for-nothing.

بی هنگام (বী হেঙ্গা'ম্/bi-hengăm) অসময়ে। Untimely.

بیهوا (বী হাভা'/bi-havă) অপ্রত্যাশিতভাবে; হঠকারিতাপূর্বক। Suddenly. Rashly.

بیهودگی (বী হূদেগী/bi-hudegi) অন্তঃসারশূন্যতা; নিরর্থক হওয়া; বাতুলতা। Vanity. Futility.

بیهوده (বীহূদে/bihude) অনর্থক; বাজে; বেহুদা; অন্তঃসারশূন্য। Vain; useless; futile.

بیهوش (বী হূশ্/bi-huš) সম্বিৎহারা; বেহুঁশ; অজ্ঞান; নির্বোধ। Unconscious. Dull. –ب. شدن বেহুঁশ হওয়া; সম্বিৎ হারানো; অজ্ঞান হওয়া। To become unconscious.
–ب. کردن বেহুঁশ করা; অজ্ঞান করা। To anaesthetize.

بیهوشی (বী হূশী/bihuši) অজ্ঞান অবস্থা; সম্বিৎহারা অবস্থা। Unconsciousness. Anaesthesia.
–بیهوشی اعصاب চৈতন্য বিলোপ হওয়া। Nárcolepsy.

بی یار (বী ইয়া'র্/bi-yăr) বন্ধুহীন; বিরহকাতর; নিরাশ প্রেমিক। Friendless. Love-lorn.

پ (প/p) ফার্সী বর্ণমালার ৩য় বর্ণ এবং নাম 'পে'। The 3rd letter of the Persian alphabet called 'pe'.

پا(ی) (পা'[য়]/Pă[y]) পা; চরণ; ভিত্তি Leg. Foot. Foundation. –پا زدن পদাঘাত করা। To kick away. –پا شدن উঠে দাঁড়ানো; ওঠা। To get up; rise.

پا(ی) افزار (পা'[য়]আফ্‌যা'র্‌/ pă[y]afzăr) জুতা; বুট; পাদুকা; পায়ে পরা হয় এমন জিনিস। Footwear.

پا انداز (পা'আন্দা'য্‌/Păandăz) পাপোশ; পা মোছার জন্য দরজায় রাখা হয় এমন বস্তু; অবৈধ প্রণয়ের দালাল। Foot-cloth. Pimp.

پا برجا (পা' বার্‌জা'/pă barjă) প্রতিষ্ঠিত; স্থির; নিয়মিত; নিশ্চিত; বহাল। Firm. Established or regular. Confirmed.

پا برچین (পা' বার্‌চীন্‌/pă barčin) মৃদু বা কোমলভাবে; ধীরগতিতে। Softly; slowly.

پا برهنه (পা'বেরেহ্‌নে /pă berehne) খালি-পা; নগ্নপদ। Barefoot(ed)

پابست (পা'বাস্‌ৎ/păbast) বাধ্য; সীমাবদ্ধ; নিয়ন্ত্রিত; ভিত্তি। Bound. Encumbered. Foundation.

پای بست (পা'য়/păy bast)= پا بست

پا بلند (পা'বোলান্দ্‌/pă boland) দীর্ঘ পা বিশিষ্ট (মানুষ বা প্রাণী)। Long-legged.

پا بماه (পা' বেমা'হ্‌/pă bemăh) যে গর্ভবতীর প্রসবের সময় নিকটবর্তী। Near her time; the pregnant whose delivery time is near.

پا بمهر (পা' বেমোহ্‌র্‌/pă bemohr) যথাযথভাবে সীলমোহরকৃত। Duly sealed.

پا بند (পা' বান্দ্‌/pă band) পায়ের বেড়ি; প্রতিবন্ধ; Fetters. Hindrance. –پا بند বাধ্যগত; দায়বদ্ধ। Encumbered by.

پابوس (পা'বূস্‌/păbus) যে ব্যক্তি কারো পায়ে চুমু দেয়; উপস্থিতি; কারো খেদমতে হাজির থাকা। Presence; audience.

پابوسی (পা'বূসী/păbusi) কদমবুছি; শ্রদ্ধা বা সম্মান প্রদর্শনার্থে উপস্থিতি। (Honour of being given) audience.

پاپ (পা'প্‌/păp) পোপ; খৃস্টান ধর্মগুরু। Pope.

پاپا (পা'পা'/păpă) পিতা; পাপা; ড্যাডী; দাদা। Papa; daddy. Grandpa.

پاپوش (পা'পূশ্‌/păpuš) পাদুকা। Slipper.

پاپیچ (পা'পীচ্/păpič) হাঁটু থেকে পায়ের গোড়ালি পর্যন্ত রক্ষা করার জন্য পেঁচানো কাপড়; পট্টি। Puttee.

پاپیون (পা'পিয়্যূন্/Păpiyyun) প্রজাপতি-সদৃশ নেকটাই। Bowtie.

پاتابه(পা'তা'বে/pătăbe) চামড়া বা মোটা কাপড়ে প্রস্তুত পায়ের উপরিভাগের আচ্ছাদন। Leggings.

پاتاوه (পা'তা'ভে/pătăve)= پاتابه

پاتخته (পা'তাখ্‌তে/pătaxte) (ঘোড়ার গাড়ী ইত্যাদিতে) চালকের পা রাখার জন্য ঢালু ফলক বা পাদানি। Footboard. Treadle.

پاتختی(পা'তাখ্‌তী/pătaxti) বিয়ের পরের দিনের অনুষ্ঠান; বিয়ের পরের আনন্দ উৎসব। (Feast on) the day following the consummation of a marriage.

پاتوق(পা'তোগ্/pătoğ) যেখানে হরহামেশা যাতায়াত করা হয়; আস্তানা; শেষ আশ্রয়; বিনোদনের জন্য খাবার জায়গা; আড্ডা। Haunt; resort; joint; hangout.

پاتیل (পা'তীল্/pătil) বড় ডেগ্; বড় তামার পাতিল; পাতিল। Cauldron. Dead drunk.

پاچنبری (পা'চাম্বারী/păčambari) অস্বাভাবিক পা; হকিস্টিকের ন্যায় বাঁকা পা; জন্ম হতে ভারী ও বিকৃত পা। Club-footed; bow-legged.

پاچه (পা'চে/păče) ভেড়া, গরু ইত্যাদির পায়া, যা রান্না করে খাওয়া হয়। (Sheep's) trotters.

پاچه بند (পা'.-বান্দ্/p.-band) [সাধারণত/Usually پاچه بند قوش] পাখির পায়ের বেড়ি; বাজ পাখিকে পোষ মানানোর জন্য তার পায়ে যে বেড়ি লাগানো হয়। Jess.

پاچه ورمالیده (পা'.-ভার্ মা'লীদে/p.-var mălide) ধোঁকাবাজ; ক্ষিপ্র; আঙ্গুল ব্যবহারে দক্ষ; পকেট মারতে ওস্তাদ এমন। Light-fingered (person); old rogue.

پاچین (পা'চীন্/păčin) মহিলাদের পোষাক বিশেষ; ঘাগরা; পোষাকের যে অংশ কোমরের নীচে ঝুলে থাকে। Skirt. [বর্তমানে/Now دامن]

پادار کردن (পা'দা'র্ কার্‌দান্/pădăr kardan) নিয়োগ দেয়া; অর্থ বরাদ্দ করা। To provide for. To allocate a budget for.

پاداش (পা'দা'শ্/pădăš) পুরস্কার; পারিতোষিক। Reward; remuneration. پاداش دادن به পুরস্কার প্রদান করা। To reward.

پا دراز (পা' দেরা'য্/pă deržz) লম্বা বা দীর্ঘ পাবিশিষ্ট পক্ষী বিশেষ; বক বা কানি বক। Long-legged.

پا درازی (পা' দেরা'যী/pă derăzi) অনাহূত প্রবেশ; অনধিকার চর্চা; সীমা অতিক্রম করা; বিনা অনুমতিতে অন্যের এলাকায় প্রবেশ করা। Intrusion. Trespassing.

پادر هوا (পা' দার্ হাভা'/pă dar havă) অসমর্থিত; অনিশ্চিত; ভাসমান। Unconfirmed. (Quite) in the air.

پادری (পা'দারী/pădari) পাপোশ। Door-mat.

پا دزهر (পা'দ্ যাহ্‌র্/păd zahr) বিষক্রিয়া নষ্ট করে এমন পাথর; রোগনাশক। Bezoar-stone. Antitoxin.

پادشاه (পা'দ্[-এ]শা'হ্/păd[-e]šăh) রাজা; বাদশা। King.

پادشاهی (পা'দ্[-এ]শা'হী/păd[-e]šăhi) রাজত্ব; সার্বভৌম ক্ষমতা; বাদশাহী। Reign. Sovereignty; kingship.

پادشه (পা'দ্[-এ]শাহ্/păd[-e]šah)=پادشاه

پادگان (পা'দেগা'ন্/pădegăn) সেনানিবাস; গেরিসন। Garrison.

پادنگ (পা'দাঙ্গ/pădang) (শস্যাদি) মাড়ানো, আছড়ানো, মাড়াই করার কল; মাড়াইখানা; মাড়াইকল; পদচালিত (বাদ্য) যন্ত্র। Threshing instrument worked by foot. Anchor escapement.

پادو (পা'দোও/pădow) উর্দি পরিহিত বালক ভৃত্য; বার্তাবাহক ভৃত্য; অশ্বপৃষ্ঠে আরোহী ব্যক্তির সহযোগী ভৃত্য। Footboy; errand boy. Footman attending a person on horseback.

پارازیت (পা'রা'যিৎ/părazit)= ب. انداختن در || طفیلی/انگل– বেতারে শব্দতরঙ্গে বিঘ্ন সৃষ্টি। [In wireless] to jam.

پاراف (পা'রা'ফ্/păr ăf) সংক্ষিপ্ত স্বাক্ষর। Initials.

پارتی (পা'র্তী/părti) সমর্থক; দলভুক্ত; দল। (Single) consignment; lot. Friend at court.

پارچ(পা'র্চ্/părč) পানি রাখার পাত্র; জগ। Kind of jar.

پارچه (পা'র্চে/părče) কাপড়; বস্ত্র; জমি; ভূমিখণ্ড। Cloth; stuff. Plot.

پارچه باف (পা'র্চে বা'ফ্/părče băf) কাপড় প্রস্তুতকারক; তাঁতি। Cloth-weaver.

پارچه بافی (পা'র্চে বা'ফী/părče băfi) তাঁতের কাজ; কাপড় বোনা। Cloth-weaving.

پارچه کاری (পা'র্চে কা'রী/părče kări) কোন কিছুকে এমনভাবে বিভক্ত বা টুকরা করা যা জোড়া লাগালে পুনরায় পূর্ণাঙ্গ বস্তুটি তৈরি করা যাবে। Piece-work.

پارس (পা'র্স্/părs) ইরান; পারস্য। Iran. Fars.

پارس(পা'র্স্/părs) শিয়াল-কুকুরের ডাক; ঘেউঘেউ; হুক্কাহুয়া। Barking.

پارسا (পা'র্সা'/părsă) ধর্মপ্রাণ সাধু; সৎ; পূত, চরিত্রবান। Devout or abstemious person. Pious (person).

پارسال (পা'র্সা'ল্/părsăl) গত বছর; গেল বছর। Last year.

پارسنگ (পা'র্সাঙ্গ/părsang) পণ্য রাখা পাত্র বা গাড়ির ওজন বাদ দিয়ে মূল পণ্যের ওজনে হিসাব করা; পাল্লার দুই দিকের ভারসাম্য ঠিক করার জন্য বা ক্রয়কৃত পণ্যের পাত্রের ওজন বাদ দেয়ার জন্য ব্যবহৃত পাথর। Tare: allowance for tare. Counterweight.

پارسی (পা'র্সী/părsi) পারসিক; পারস্যের অগ্নিউপাসক (সম্প্রদায়ভুক্ত); ইরানী; ফার্সী ভাষা। Persian. Parsee. Iranian. Fire-worshipper.

پارك (পা'র্ক্ /pặrk) নগর-উদ্যান; পার্ক। Park. –ب . کردن (কোন স্থানে) সাময়িকভাবে বিনা পাহারায় (মোটর গাড়ী) রাখা; গাড়ি পার্ক করা। To park.

پارلمان (পা'র্লেমা'ন্/pặrlemặn) সংসদ; (জনপ্রতিনিধিত্বশীল সরকারশাসিত দেশে) সর্বোচ্চ আইন প্রণয়নকারী সংস্থা। Parliament.

پارلمانی (পা'র্লেমা'নী /pặrlemặni) সংসদীয়। Parliamentary.

پارو(ب) (পা'রু[ব্]/Pặru[b]) বরফ (ইত্যাদি) সরাবার জন্য বৈঠাসদৃশ হাতিয়ার; কাঠের বেলচা; বৈঠা। Snow-shovel. Oar. –ب . کردن বেলচা (ইত্যাদি) দ্বারা (বরফ ইত্যাদি) পরিষ্কার করা। To clean with a shovel.

پاروزن (পা'রুযান্/pặruzan) যে ব্যক্তি দাঁড় টেনে নৌকা চালায় বা বৈঠা বায়। Oarsman; rower.

پاره (পা'রে/pặre) টুকরা; অংশ; ন্যাকড়া; টুকরা কাপড়; ছিন্ন বস্ত্র। Piece. Part. Rag; patch. Torn. –ب . شدن ছিঁড়ে যাওয়া। To be torn. –ب . کردن ছিন্ন করা; ছিঁড়ে ফেলা; বিদীর্ণ করা। To tear. To cut.

پاره آجر (পা'.- অ'জোর্/p.- ặjor) ইটের ছোট টুকরা; ঢিলা; পাটকেল; কথার আক্রমণ। Brickbat.

پاره آهن (পা'.- অ'হান্/p.-ặhan) লোহার টুকরা। Piece of iron; scrap.

پاره پاره(পা'রে পা'রে/pặre pặre) টুকরা টুকরা। Torn to pieces.

پاره دوز (পা'রে দূয্/pặre duz) যে ব্যক্তি তালি বা পট্টি সিলাই করে। Botcher; patcher.

پاریس (পা'রীস্/pặris) প্যারিস। Paris.

پاریسی (পা'রীসী/pặrisi) প্যারিস শহরের (বাসিন্দা); প্যারিসবাসী। Parisian.

پارینه/پارین (পা'রীন্[ে]/pặrin[e]) গেল বছরের; পুরানো। Last year's. Old.

پارینه سنگی (পা'রীনে সাঙ্গী/pặrine sangi) প্রাচীন প্রস্তরযুগীয়; প্রাচীন প্রস্তরযুগ সম্বন্ধীয়। Paleolithic.

پازند (পা'যান্দ্/pặzand) যরতুশ্‌ত্ ধর্মাবলম্বীদের ধর্মগ্রন্থ زند এর ব্যাখ্যা। Pazand: commentary on the زند.

پاس (পা'স্/pặs) রাত্রিকালীন প্রহরা; লক্ষ্য রাখা; সতর্ক দৃষ্টি; পর্যবেক্ষণ; প্রহরী। Watch (of the night). Guard. –بپاس খাতিরে। In consideration.

پاسار (পা'সা'র্/pặsặr) আনুভূমিক বা হেলানো পাত বা রড যা বেড়া হিসেবে ব্যবহৃত হয়। (In a door) Rail.

پاساژ(পা'সা'য্‌/pặsặž) আচ্ছাদিত বাজার। Arcade.

پاسبان (পা'স্‌বা'ন্/pặsbặn) পুলিশ; চৌকিদার। Policeman. Watchman.

پاسبانی (পা'স্‌বা'নী/pặsbặni) অভিভাবকত্ব; পুলিশের বা চৌকিদারের কাজ। Guardianship; policeman's duty.

پاس بخش (পা'স্ বাখ্‌শ্/pặs baxš) পাহারাদারের পালা বদল বা সাময়িক বিরতি। Relief of sentry.

پاستوریزه (পা'স্তোরিযে/păstorize) ফরাসী রসায়নবিদ লুই পাস্তুরের পদ্ধতি অনুযায়ী তাপ প্রয়োগ করে যে দুধ ইত্যাদি জীবাণুমুক্ত করা হয়েছে; পাস্তুরিত। Pasteurized.

پاسخ (পা'সোখ্/păsox) জবাব; উত্তর। Answer; reply. –پ. دادن উত্তর দান করা To answer or reply.

پاسدار (পা'স্দা'র্/păsdăr) প্রহরারত সৈনিক; রক্ষী; পুলিশ বা সশস্ত্র ব্যক্তির ছোট দল যারা বিশেষ কর্তব্যে নিয়োজিত। Sentry; picket.

پاسگاه (পা'স্গা'হ্/păsgăh) প্রহরারত সৈনিকদের চৌকি; প্রহরীদের ক্যাম্প। Post of duty; sentry post.

پاسیار (পা'সিয়া'র্/păsyăr) (পুলিশ বাহিনীতে) পদমর্যাদাসম্পন্ন অফিসার। Colonel (in the Police Department.)

پاش (পা'শ্/păš) [پاشیدن এর অনু./Imp. of پاشیدن]

پاشا (পা'শা'/păšă) ওসমানীয় শাসনামলের একটি খেতাব। Pasha. Pacha.

پاشاندن (পা'শা'ন্দান্/păsăndan) ইতস্তত বিক্ষিপ্তভাবে ছড়িয়ে ছিটিয়ে দেওয়া। To scatter about.

پاشنه (পা'শ্নে/păšne) গোড়ালি; বন্দুকের ট্রিগার; জাহাজের পশ্চাৎভাগ। Heel. Trigger. Stern (of a ship).

پاشنه بلند (পা'.-বোলান্দ্/p.-boland) উঁচু গোড়ালিযুক্ত। High-heeled.

پاشنه سابیده (পা'.-সা'য়ীদে/p.-săyide) গোড়ালি ক্ষয়প্রাপ্ত জুতা পরিধানকারী অথবা এমন পোষাক পরিহিত ব্যক্তি যা তার আর্থিক দৈন্য প্রকাশ করে; অসৎ. বদমাশ লোক; দুর্বৃত্ত। Down at heel. Roguishly cunning.

پاشنه کش (পা'.-কাশ্/p-kaš) জুতা বা পাদুকার ভেতরে পায়ের গোড়ালি সহজে ঢোকাবার জন্য বাঁকানো ফলা বিশেষ। Shoe-horn.

پاشویه (পা'শুইয়ে/păšuye) পা ধোয়া; পা ধোয়ার গামলা। Foot-bath. –پ. کردن সুস্থতার জন্যে গরম পানি লবণ ও সরিষার তেল দ্বারা পা ধোয়া। To give a foot-bath to.

پاشیدن (পা'শীদান্/păšidan) ছড়িয়ে বা ছিটিয়ে দেওয়া। To sprinkle. To scatter. –از هم پ. ছড়িয়ে ছিটিয়ে পড়া; ছিটানো। To be scattered. To break up.

پاشیده (পা'শীদে/păšide) [پاشیدن এর ক্রি. বিণ./P.P. of پاشیدن]

پافشاری (পা'ফেশা'রী/păfešări) যুক্তির ব্যর্থতা বা বিরোধিতা সত্ত্বেও কোন বিষয়ে নিজস্ব অভিমত বজায় রাখা; নাছোড় বান্দার মতো অটল থাকা। Persistence. –پ. کردن নিজের কথার ওপর দৃঢ়তা প্রদর্শন; দাবি আদায়ের জন্য জোরাজুরি করা। To persist.

پافنگ (পা'ফাঙ্/păfang) সামরিক বাহিনীর বিন্যাস। Order arms!

پاك (পা'ক্/păk) নির্মল; পরিষ্কার; খাঁটি; নির্ভেজাল; নিষ্পাপ। Clean. Pure. Chaste. –پ. شدن নির্মল হওয়া; পরিষ্কার হওয়া; নিষ্পাপ হওয়া; খাঁটি হওয়া।To be cleaned or purified.

-ب. کردن নির্মল করা; পরিষ্কার করা; নিষ্পাপ করা; নির্ভেজাল করা। To cleanse. -بینی پ. کردن নাক পরিষ্কার করা। To blow one's nose.
-. گل پ অক্সিজেন মিশ্রিত এলুমিনিয়াম। Alumina.

پاك (পা'ক্/pǎk) মিসরীয়দের দাসত্ব শৃঙ্খল থেকে ইহুদীদের মুক্তির স্মরণে ইহুদী ধর্মীয় উৎসব; খৃস্টধর্ম মতে ২১শে মার্চ বা তৎপরবর্তী রবিবারে যে অনুষ্ঠান পালিত হয়। Passover. Easter.

پاکار (পা'কা'র্/pǎkǎr) = دشتبان

پاك باز (পা'ক্ বা'য্/pǎkbǎz) জুয়াখেলা; প্রেম ও যে কোন উদ্দেশ্য সাধনে ঝুঁকি নেওয়া; নির্ভীক; পূত চরিত্র। Risking all in gambling. Playing fairly.

پاکت (পা'কাত্/pǎkat) খাম; লেফাফা; কাগজের প্যাকেট। Envelope. Paper bag.

پاکدامن (পা'ক্ দা'মান্/pǎk dǎman) সতী; কুমারী; সচ্চরিত্র। Chaste; continent.

پاکدامنی (পা'.- দা'মানী/p.-dǎmani) ধার্মিকতা; সতীত্ব; সচ্চরিত্রতা; কুমারিত্ব। Chastity; continence.

پاکدوزی (পা'.-দূযী/p.-duzi) সুতা বা তার দিয়ে চামড়া বা কাপড়ের প্রান্ত পেঁচিয়ে পেঁচিয়ে সেলাই করা। Overcast stitch; whipstitch.

پاکرو (পা'.-রূ/p.-ru) = خوب رو

پاکزاد (পা'.-যা'দ্/p-zǎd) অভিজাত; সম্ভ্রান্ত ঘরের সন্তান। Of noble birth.

پاك سرشت (পা'.- সেরেশ্ত্/p.-serešt) অভিজাত বংশের; কুলীন। Of noble extraction.

پاك طينت (পা'.-তীনাৎ/p.-tinat) খাঁটি চরিত্র সম্পন্ন; সৎলোক। Of a pure nature. Well-intentioned.

پاك طينتى (পা'.-তীনাতী/p.-tinati) সৎস্বভাব; পূতপবিত্র স্বভাব। Noble disposition. Pure nature.

پاك كن (পা'.-কোন্/p.-kon) যা দিয়ে কোন কিছুকে মুছে ফেলা হয়; রাবার। Eraser. Rubber.

پاك نژاد (পা'.-নেজ়া'দ্/p.-nežǎd) নিষ্কলঙ্ক; পবিত্র জন্মের; পুতপবিত্র বংশের (লোক)। Of a pure race.

پاکنویس (পা'.-নেভীস্/p.-nevis) সুন্দর/ পরিস্কার অনুলিপি; ভুলক্রটি শুদ্ধ করে পুনরায় লিখিত কপি। Fair copy.
-ب. کردن কোন লেখাকে পরিস্কার ও ভুলক্রটি শুদ্ধ করে পুনরায় লেখা। To write fair; make a fair copy of; type fair.

پاکی (পা'কী/pǎki) বিশুদ্ধতা; পরিস্কার অবস্থা; পবিত্রতা; পাপশুন্যতা; পাকী। Cleanliness. Purity.

پاکیزگی (পা'কীযেগী/pǎkizegi) পরিচ্ছন্নতা। Cleanliness. Purity.

پاکیزه (পা'কীযে/pǎkize) পরিপাটি; পরিচ্ছন্ন; সুবিন্যস্ত; মানানসই। Neat. Clean. Proper.

پاگرد(পা'গারদ্/pǎ gard) সিঁড়ির পরিবর্তে একতলা থেকে অন্যতলায় যাওয়ার জন্য ব্যবহৃত ঢালু পথ; হাসপাতালে রোগীর শয্যা বা হুইল চেয়ার নেয়ার জন্য ব্যবহৃত পথ। Landing(-place); ramp.

پاگن (পা'গোন্/pǎgon)= سردوشی

پایگیر / پاگیر (পা'[য়]গীর্/pă[y]gir) যে কোন প্রতিবন্ধক, বাধা; মানুষ যেখানে আটকে যায়। Encumbrance; impediment; obstruction.

پالای / پالا (পা'লা'[য়]/pălă[y]) [پالودن এর অনু./Imp. of پالودن]

پالان (পা'লা'ন্/pălăn) মাল বহনের জন্য ফিতাবিশিষ্ট জিন। Pack-saddle.

پالاندوز (পা'.-দূয্/p.-duz) মাল বহনের ফিতাবিশিষ্ট জিন প্রস্তুতকারী। Pack-saddle maker.

پالایش (পা'লা'য়েশ্/pălăyeš) পরিমার্জিত করা; পরিশোধন। Filtration. Refining.

پالایشگاه(পা'.-গা'হ্/p.-găh) শোধনাগার। Refinery.

پالتو (পা'ল্‌তো/pălto) জামার ওপরে পরার লম্বাহাতাবিশিষ্ট বুক খোলা পোষাক। লম্বা কোট; ওভারকোট। (Over)coat; (great) coat; (top-)coat.

پالکی (পালাকী/pălaki) পালকি। Palanquin.

پالودن (পা'লূদান্/păludan) শোধন করা; বিশুদ্ধ করা। To filter. To strain. To refine.

پالوده (পা'লূদে/pălude) পরিশোধিত; সরু বরফ কুচি দিয়ে তৈরী এক প্রকার মিষ্টি। Filtered. Refined. Sweet beverage containing thin fibres of starch jelly.

پالهنگ (পা'লাহাঙ্গ্/pălahang) ঘোড়ার গলার দড়ি; ফাঁসির দড়ি; বল্‌গা; বাজপাখি বা শিকারী কুকুরকে বন্ধনার্থ চর্মরজ্জু। Halter. Bridle. Leash.

پالیز (পা'লীয্/păliz) বাসগৃহ সংলগ্ন সব্‌জি বাগান; তরমুজের বীজ, চারা ইত্যাদি রোপণের জমি। Kitchen-garden. Melonbed.

پامال (পা'মা'ল্/pămăl) = پایمال

پامچال (পা'ম্‌চা'ল্/pămčăl) ফিকে হলুদ বুনো ফুলের গাছ বিশেষ; বাসন্তী কুসুম; বাসন্তী রং। Primrose.

پاملخ (পা'মালাখ্/pămalax) পঙ্গপালের পায়ের আকৃতির বস্তু; ঘড়ির গতি নিয়ন্ত্রক সিলিন্ডার। Cylinder escapement.

پانزده (পা'ন্‌য্‌দাহ্/pănzdah) পনর। Fifteen.

پانزدهم (পা'ন্‌য্‌দাহোম্/pănzdahom) পঞ্চদশতম; ১৫তম। Fifteenth.

پانزدهمین (পা'ন্‌য্‌দাহোমীন্/pănzdahomin) পঞ্চদশতম(টি)। The fifteenth.

پانسمان (পা'ন্‌সোমা'ন্/pănsomăn) ক্ষতস্থান পরিষ্কার করে পট্টি বাঁধার কাজ। Dressing of a wound.

پانسیون (পা'ন্‌সিয়োন্/pănsiyon) টাকা-পয়সার বিনিময়ে থাকা ও খাওয়ার সংস্থান হয় এমন স্থান। Boarding-house.

پانصد (পা'ন্‌সাদ্/pănsad) পাঁচ শত। Five-hundred.

پانصدم (পা'ন্‌সাদোম্/pănsadom) পাঁচ শততম। Five-hundredth.

پانما (পা'নে[না/নো]মা/păne[a/o]ma) পরলে বাইরে থেকে পা দেখা যায় এমন পাতলা (মোজা)। Flesh-coloured (stockings).

پاورقی (পা'ভারাগ্বী/păvaraği) টীকা; পাদটীকা; ক্রমবিন্যস্ত নাটক-কাহিনী ইত্যাদি। Serial story; feuilleton.

پای (পা'য়/pǎy)= [দ্র./S.u. پا / پایستن]
پایا(পা'ইয়া'/pǎyǎ) স্থায়ী। Permanent.
پایاب (পা'ইয়া'ব্/pǎyǎb) অগভীর।
Shallow.
پایاپای (পা'য়া'পা'ই/pǎyǎpǎy)
পাওনাদারের দাবি ইত্যাদি মিটিয়ে ফেলা; ক্ষতিপূরণ; খেসারত; বার্টার পদ্ধতি।
Clearing; compensation.
Barter.
پایان (পা'ইয়া'ন্/pǎyǎn) ইতি; সমাপ্তি
End. Conclusion. –به پ. رساندن সমাপ্তি ঘটানো; সমাপ্ত করা। To bring to an end. –به پ. رسیدن সমাপ্ত হওয়া। To come to an end.
پایان نامه (পা'.-না'মে/p.-nǎme)
অভিসর্ন্দভ; থিসিস। Thesis.
پای افزار (পা'য় আফ্যা'র্/pǎy afzǎr)=
پاافزار
پای انداز (পা'য় আন্দা'য্/p- andǎz) =
پا انداز
پای بست (পা'.-বাস্ত্/p.- bast)=پابست
پای بند (পা'য় বান্দ্/pǎy band) =پابند
پای بوس (পা'.- বূস্/p.-bus) = پابوس
پایتخت (পা'য়তাখ্ত্/pǎytaxt)
রাজধানী; মহানগরী। Capital; metropolis.
پایدار (পা'য়দা'র্/pǎydǎr) স্থায়ী; স্থির; অপরিবর্তনীয়। Permanent.
Constant.
پایداری (পা'য়দা'রী/pǎydǎri) সুস্থিত অবস্থা; টেকসই হওয়ার গুণ বা শক্তি।
Stability; durability. –پ. کردن অবিচলতা প্রদর্শন; দৃঢ় ও সুস্থির থাকা।
To be constant.

پایستن(পা'য়িস্তান/.pǎyestan] দীর্ঘস্থায়ী হওয়া; টেকসই হওয়া।.To last (long); be permanent.
پایگاه (পা'য়গা'হ্/pǎygǎh) (সামরিক) ঘাঁটি; সামাজিক মর্যাদা। Base.
Degree.
پایمال (পা'য়মা'ল্/pǎymǎl) পায়ে মাড়ানো; পদদলিত; (প্রতিশ্রুতি; চুক্তি ইত্যাদি) ভঙ্গ বা লঙ্ঘিত হয়েছে এমন।
Trampled (upon); trodden.
Violated. –پ. کردن পায়ে মাড়ানো; লংঘন করা; পদদলিত করা। To trample upon. To supress. To violate.
پایمالی (পা'য়মা'লী/pǎymǎli) অত্যাচার; পদদলন; লংঘন। Trampling.
Suppression. Violation.
پایمردی(পা'য়মার্দী/pǎymardi) সাহায্য; সহায়তা করা; মধ্যস্থতা।
Assistance. Intercession.
پاینده (পা'য়ান্দে/pǎyande) টেকসই হওয়া; স্থায়ী। Lasting; permanent.
پایه(পা'য়ে/pǎye) (চেয়ার বা খাটের) পায়া; স্তম্ভ; থাম। Leg (of a chair, etc.).
Pillar; pile. Stand.
پایه بلند (পা'.-বোলান্দ্/p.-boland) লম্বা পায়াবিশিষ্ট। Having tall supports.
پایه دار (পা'.-দা'র্/p.-dǎr) উচ্চপদস্থ ব্যক্তি; বিশিষ্ট বা যার ভিত্তি শক্ত; পায়াযুক্ত। Graded. Legged.
Provided with a stand, pillar, etc.

پایی (পা'য়ী/pǎyi) যা পায়ের সাহায্যে চালানো হয়; পা সংক্রান্ত। Worked by the feet.
پاییدن(পা'য়ীদান্/pǎyidan) ১/1)= پایستن ২/2) পর্যবেক্ষণ করা; কাউকে চোখে চোখে রাখা। To watch; fix one's eyes on.
پائیز/پاییز (পা'য়ীয্/pǎyiz) পাশ্চাত্য ও ইরানী ঋতু বিভাগ অনুযায়ী বছরের তৃতীয় ঋতু; শরৎকাল। গ্রীষ্মকাল ও শীতকালের মাঝামাঝি সময়। Autumn.
پائیزه (পা'য়ীযে/pǎyize) শারদীয় ও হেমন্তকালীন চাষ বা উৎপাদন। Autumnal (product).
پائین (পা'য়ীন্/pǎyin) নিচে; নিম্নে; নিচের অংশ। Down. Low(er). Lower part. –پ. آمدن নেমে আসা। To come down(stairs). –پ. آوردن নীচে নামানো। To bring down. –پ. رفتن নিচে যাওয়া। To go down. –پ. تر আরো নিচে। Farther down.
پایین تنه (পা'.-তানে/p.-tane) ১/1) দেহের নিচের অংশ। Lower part of the body. ২/2) গোপনীয়; একান্ত। Privates.
پائین دست (পা'.-দাস্ত্/p.-dast) নিচের অংশ। Lower part. –پائین دست رودخانه খাল বা নদীর নিচের দিক। Down the river.
پایین رتبه (পা'.-রোৎবে/p.-rotbe) (পদমর্যাদায়) অধস্তন; নিম্নপদস্থ। Junior; of a low grade.
پائینی (পা'য়ীনী/pǎyini) নিচের। Lower. Inferior.
پتک (পোৎক্/potk) মাটিতে খুঁটি পোঁতার জন্য ব্যবহৃত লম্বা হাতলওয়ালা ভারি হাতুড়ি; কামারের ভারি হাতুড়ি। Sledge: smith's hammer.
پتو (পাতু/patu) কম্বল। Blanket.
پته (পাতে/pate) অনুমতিপত্র; পাট্টা; পারমিট। Permit.
پتی (পাতি/pati) নগ্ন; অনাবৃত; বিবস্ত্র। Bare. –باپای پتی জুতা-মোজাহীন অবস্থায়; খালি পায়ে; নগ্নপদে। Barefoot.
پتیاره (পাতিয়া'রে/patyǎre) ঝগড়াটে; বদরাগী; কলহপ্রিয় রমণী। Quarrelsome; termagant.
پچ پچ (পাচ্ পাচ্/peč peč) অনর্থক বকবক করা; বেশি কথা বলা। Chatter.
پخت (পোখ্ত্/poxt) রান্না; সেকা রান্নার পদ্ধতি; একবারে রান্না করা খাবার। (Manner of) cooking or baking. Batch.
پختگی (পোখ্তেগী/poxtegi) পাকা; পরিপক্বতা; অভিজ্ঞতা; দক্ষতা। Ripeness. Experience.
پختن (পোখ্তান্/poxtan) রান্না করা; পাক করা; সেকা। To cook. To bake.
پختنی ((পোখ্তানী/poxtani) রান্নাঘর অথবা রান্নাবান্না সম্পর্কিত। Culinary.
پخته (পোখ্তে/poxte) [پختن এর ক্রি. বিণ./P.P. of پختن] রান্না করা হয়েছে এমন; পাকা; পরিপক্ব। Cooked. Baked. Ripe. Mellow. –پ. کردن চূড়ান্ত করা। To settle (once and for all).
پخش (পাখ্শ্/paxš) বিতরণ; বন্টন; সম্প্রচার করা (বিশেষত রেডিও বা

টেলিভিশনের মাধ্যমে)।
Distribution. Broadcast.
-ب. کردن ইতস্তত নিক্ষেপ বা বিক্ষিপ্ত করা; ছড়িয়ে বা ছিটিয়ে দেওয়া; বিতরণ করা; সম্প্রচার করা । To scatter. To distribute. To broadcast.

پخمه (পাখ্‌মে/paxme) মূর্খ; বোকা; ধূর্ত; কুটিল। Shiftless. Stupid.

پدال (পেদা'ল্/pedăl) (সাইকেল; সেলাই মেশিন ইত্যাদি চালনোর জন্যে পা দিয়ে ব্যবহার করার) পাদানি; প্যাডেল। Pedal. -پدال گاز যন্ত্রের গতি নিয়ন্ত্রক কৌশল; যেমন, মোটরযানের পাদানি; বেগবর্ধক। Accelerator.

پدر (পেদার্/pedar) পিতা। Father. -پدر کسیرا در آوردن কাউকে শাস্তি দেওয়া; তিরস্কার করার তুচ্ছার্থক শব্দ। To serve one out; give it to him hot.

پدرانه (পেদারা'নে/pedarăne) পিতৃসুলভ বা পিতার ন্যায়। Fatherly; paternal.

پدر بزرگ (পেদার্ বোযোর্গ্/pedar bozorg) দাদা; পিতামহ। Grandfather.

پدرجد (পে.-জাদ্/p.-jad) দাদার দাদা; বড়দাদা। Great grandfather.

پدرزن (পে.-যান্/p.-zan) শ্বশুর (স্ত্রীর পিতা)। Father-in-law.

پدر سوخته (পে.-সূখ্‌তে /p.-suxte) অসৎ; অলক্ষ্মী (গালি)। Knavish; roguish.

پدر شوهر (পে.-শোওহার্ /p.-šowhar) শ্বশুর; স্বামীর পিতা। Father-in-law.

پدرکشی / پدرکش (পে.-কোশ[কোশী]/ p.-koš[i]) পিতৃহন্তা; পিতৃহত্যা। Patricide.

پدروار (পে.-ভা'র্/p.-văr)=پدرانه পিতার ন্যায়; পিতৃবৎ। Fatherly.

پدری (পেদারী/pedari) পিতৃত্ব। Fatherhood.

پدید (পাদীদ্/padid) দৃষ্টিগ্রাহ্য; দৃশ্যমান। Visible. -پ. آمدن দৃষ্টিগোচর হওয়া। To come in sight; appear. -پ. آوردن সৃষ্টি করা বা প্রকাশ ঘটানো। To cause to apear or happen.

پدیدار (পাদীদা'র্/padidăr) দৃষ্টিগোচর; দৃশ্যমান; সুস্পষ্ট। Visible. Manifest. -پ. شدن দৃষ্টিগোচর হওয়া; দৃশ্যমান হওয়া। To appear; become visible.

پدیده (পাদীদে/padide) ইন্দ্রিয়গোচর বস্তু বা বিষয়; বিস্ময়কর ব্যক্তি, বিষয়, ঘটনা। Phenomenon.

پذیر (পাযীর্/pazir) [پذیرفتن এর অনু./ Imp. of. پذیرفتن]

پذیرا(পাযীরা'/pazíră) গ্রহণ করতে সম্মত হওয়া; গ্রহণকারী। Accepting. Acceptor.

پذیرانیدن (পাযীরা'নীদান্/ pazirănidan) গ্রহণ করানো; গ্রহণযোগ্য করা। To cause to accept.

پذیرایی (পাযীরা'য়ী/pazirăyi) অভ্যর্থনা; আপ্যায়ন। Entertainment; reception. -پ. کردن از আপ্যায়ন করা; অভ্যর্থনা করা। To entertain

or receive. –اتاق پ অভ্যর্থনা কক্ষ। Drawing room

پذیرش(পাযীরেশ্/pazireš) গ্রহণ; স্বীকার; অনুমোদন; বরণ; চুক্তি। Acceptance. Agreement. Admittance.

پذیرفتن (পাযীরোফ্তান্ /paziroftan) [پذیر] স্বীকার করা; গ্রহণ করা; অনুমোদন করা; বরণ করা। To accept. To admit. To adopt. To listen to.

پذیرفته (পাযীরোফ্তে/pazirofte) [پذیرفتن এর ক্রি. বিণ./P.P. of پذیرفتن]

پذیرنده (পাযীরান্দে /pazirande) গ্রহণকারী। Acceptor.

پَر (পার্[র])/par[r]) পাখির পালক। Feather. –پر در آوردن পাখির পাখার পালক উদ্‌গত হওয়া; অভিজ্ঞ; পূর্ণাঙ্গ শক্তিমত্তা ও সাহসিকতার আলামত দেখানো। To be fledge. –پر ریختن (পাখির) নতুন পালক গজানোর আগে পালক খসে যাওয়া। To shed off one's feathers; moult. –پر زدن পাখা ঝাপটানো; উড়াল দেওয়া। To flap (the wings); fly. –پ. کندن হাঁস-মুরগী বা অন্য কোন পাখির পালক ছাড়ানো; উৎপাটন করা। To pluck. پرقو রাজহাঁস, মরাল, হংস ইত্যাদির পালক। Swan-feather. Eider-down. پرکلاه সৌন্দর্য-শোভার জন্য টুপিতে লাগানো পালক। Plume (in a hat). –پرنرم কোমল/নরম পালক বা কেশ। Down.

پَر (পার্/par) [پریدن এর অনু./Imp. of پریدن]

پُر (পোর্/por) ভর্তি; ভরা; পূর্ণ; পরিপূর্ণ। Full. Loaded. –پر از آب পানিতে পরিপূর্ণ। Full of water; filled with water. –پر خوردن অতিরিক্ত খাওয়া; অতিভোজন। To eat too much; overeat (oneself). –پر کردن পূরণ করা; বোঝাই করা; বন্দুক ইত্যাদিতে টোটা ভর্তি করা। To fill. To load, as a gun. –ماه امشب پر می شود আজ রাতে চাঁদ পূর্ণ (পূর্ণিমা) হবে। The moon fulls to-night.

پر آب (পো.-অ'ব্/p.-ăb) রসালো; আকর্ষণীয়; পানিতে পরিপূর্ণ; রসে ভরা। Juicy.

پر آب و تاب (পো.-অ'ব্ ও তা'ব্/p.-ăb-o-tăb) বাগাড়ম্বরপূর্ণ; আড়ম্বরপূর্ণ; জমকালো। Grandiloquent; bombastic; high-flown.

پر آشوب (পো.-অ'শূব্/p.-ăšub) বিশৃঙ্খল; কিংকর্তব্যবিমূঢ় অবস্থা; গোলযোগপূর্ণ। Confused; turbulent.

پر افتخار(পে.-এফ্তেখা'র্/p.-eftexăr) মহিমান্বিত; গৌরবদীপ্ত। Glorious; honourable.

پراکندگی(পারা'কান্দেগী/parăkandegi) ইতস্তত; বিক্ষিপ্ত; ছড়ানো ছিটানো অবস্থা। State of being scattered. Dispersion.

پراکندن (পারা'কান্দান্ /parăkandan) [پراکن] ছত্রভঙ্গ হওয়া; সব দিকে ছড়িয়ে দেওয়া বা পড়া; সম্প্রচার করা। To scatter; disperse. To broadcast.

پراکنده (পারা'কান্দে/parăkande) [پراکندن এর ক্রি. বিণ./P.P. of پراکندن] বিক্ষিপ্ত; ছড়িয়ে ছিটিয়ে আছে এমন। Scattered. Dispersed. –پ. شدن বিক্ষিপ্ত হওয়া। To be scattered. –پ. کردن বিক্ষিপ্ত করা। To scatter.

پراکنده حال (পা.-হা'ল্/p.-hăl)= پریشان حال

پران (পারা'ন্/parăn) [پراندن এর অনু. /Imp. of پراندن]

پرّان (পার্‌রা'ন্/parrăn) উড়ন্ত; উড়ুক্কু; পাখা বা ডানা দিয়ে উড়তে পারে এমন কিছু। Flying; on the wing.

پرانتز (পারা'ন্তেয্/parăntez) বিভিন্ন প্রকার বন্ধনী। Parenthesis; bracket(s).

پراندن (পারা'ন্দান্/parăndan) ওড়ানো; উড়িয়ে নিয়ে যাওয়া; বায়ু বা বাতাসের প্রবাহ দ্বারা তাড়িত বা চালিত করা। To cause to fly. To blow out.

پرانیدن(পারা'নীদান/paranidan)= پراندن

پربار (পোর্ বা'র্/por băr) প্রচুর পরিমাণে ফল উৎপাদনের কারণে ভারাক্রান্ত (গাছ); ফলবান। Laden with fruit. Prolific.

پربرگ (পো.-বার্গ/p.-barg) প্রচুর পাতাপূর্ণ; ঘন পত্রবিশিষ্ট। Many-leaved; multifoliate.

پربسامد (পো.-বাসা'মাদ্/p.-basămad) বেতার তরঙ্গের উচ্চ পৌনঃপুন্য। High-frequency.

پربلا (পো.-বালা'/p.-bală) চরম দুর্যোগপূর্ণ; চরম পরিণতিপূর্ণ; বিপর্যয়জনক। Calamitous. Fateful.

پُر پَر(পো.-পার্/p.-par) পাপড়িভরা; পত্রবিশিষ্ট। Double; many-leaved.

پَرپَر زدن (পার্ পার্ যাদান্/parpar zadan) (পাখির) দ্রুত পাখা ঝাপটানো। To flutter; hover.

پرپری (পের্‌পেরী/perperi) ১/1)= فرفری ২/2) হাল্কা ও পাতলা; ফিনফিনে (বস্ত্র সম্বন্ধে)। Thin; flimsy.

پر پشت (পোর্-পোশ্‌ত্/por pošt) ফলবান; ফলন্ত; নিবিড়। Luxuriant; lush; exuberant.

پرت (পার্ত্/part) বিচ্যুত; অনর্থক; নিক্ষেপ। Flung; thrown down. Outlying. –پ. شدن নিক্ষিপ্ত হওয়া। নিচে পড়ে যাওয়া। To be thrown; fall down. –پ. کردن নিক্ষেপ করা। To throw. –پ. گفتن কাণ্ডজ্ঞানহীন বা আজেবাজে কথা বলা। To talk nonsense. –از حساب پ. হিসেব থেকে বাদ পড়া। Out in one's reckoning. –از موضوع پ. মূল বিষয়ের বাইরে চলে যাওয়া। Wide of the subject.

پرتاب (পার্‌তা'ব্/partăb) সজোরে নিক্ষেপ; (গোলা) নিক্ষেপ। Hurled. Shot. Hurling. –پ. کردن (গোলা) নিক্ষেপ করা; ছুঁড়ে মারা। To fling; throw. To shoot.

پرت سعید (পোর্ত্ সায়ীদ/port said) পোর্ট সাঈদ বন্দর। Port Said.

پرتقال (পোর্তোগ্বা'ল্/portoğăl) পর্তুগাল্ (দেশ); মাল্টা (এক ধরনের কমলালেবু)। Portugal. Orange.

پرتقالی (পোর্তোগ্বা'লী /portoğăli) পর্তুগীজ; কমলাবর্ণ। Portugese. Orange (colour).

پرتکل (পোর্‌তোকোল্‌/portokol) (দুই দেশের মধ্যে) খসড়া চুক্তি; শিষ্টাচার বিধি; সৌজন্যবিধি প্রোটোকল। Protocol.

پرتگاه (পার্ত্‌গা'হ্‌/partgăh) উঁচু খাড়া পাহাড়, বিশেষত সমুদ্র কিনারে যেখান থেকে নিচে পড়ে যাওয়ার আশংকা থাকে; নরক, রসাতল। Cliff; precipice. Abyss.

پرتو (পার্‌তোও/partow) রশ্মি; কিরণ। Ray(s). –پ. افکندن আলোকরশ্মি বিকিরণ করা। To radiate. –پرتو مجهول রঞ্জনরশ্মির এক্স-রে। X-rays. –معالجه با پرتو مجهول রশ্মি বিকিরণ, বিশেষত এক্সরের সাহায্যে চিকিৎসা। Radiotherapy; treatment by X-rays.

پرتو افکن(পা.- আফ্‌গান্‌/p.-afgan) রশ্মি বিকিরণ করে এমন; আলোকরশ্মি দ্বারা পর্দায় ছবি প্রক্ষিপ্ত করার যন্ত্রবিশেষ; প্রক্ষেপক। Radiant. Projector.

پرتو افکنی (পা.-আফ্‌গানী/ p.-afgani) তাপ বিকিরণ, রশ্মি বিচ্ছুরণ ইত্যাদি। Radiation.

پرتو بینی (পা.-বীনী/ p.-bini) মানুষের শরীরের ভেতরের কোন অংশের চিকিৎসার জন্য রশ্মি বিকিরণ যন্ত্র, বিশেষত এক্সরে দ্বারা চিকিৎসার যন্ত্র। Radioscopy.

پرتوشناس (পা.-শেনা'স্‌/p.-šenăs) এক্সরে ও অন্যান্য প্রকার রশ্মি প্রয়োগবিদ্যা বিশারদ। Radiologist.

پرتوشناسی(পা.-শেনা'সী/ p.-šenăsi) এক্সরে ও চিকিৎসা ক্ষেত্রে ব্যবহৃত অন্যান্য বিকিরণের বৈজ্ঞানিক বিচার; এতদ্‌সম্পর্কিত বিদ্যা। Radiology.

پرتونگار (পা.-নেগা'র্‌/ p.-negăr) এক্সরে /আলোকচিত্র গ্রহণে প্রশিক্ষিত ব্যক্তি। Radiographer.

پرتونگاری (পা.-নেগা'রী/ p.-negări) এক্সরে/আলোকচিত্র গ্রহণের কাজ। Radiography.

پرتوی (পারতোভী/partovi) রশ্মি বিকিরণ করে এমন। Radiant.

پُرجثه (পোর্‌ জোস্‌সে/ por josse) প্রচুর; স্থূলকায়। Huge; bulky.

پرجرأت (পোর্‌ জোর্‌আৎ/ por jor'at) সাহসী; নির্ভয়। Courageous.

پرجمعیت (পোর্‌ জামইয়্যাৎ/por jam'iyyat) ঘনবসতিপূর্ণ; জনবহুল; জনাকীর্ণ। Thickly populated; populous.

پرچ(পার্চ্‌/parč) (জাহাজের প্রান্তে ব্যবহৃত) বল্টু বিশেষ। Rivetting; rivet. –پ. کردن বল্টু লাগানো; দৃঢ়ভাবে চেপে ধরা। To rivet. To clench. –میخ پ. বল্টু; জাহাজের প্রান্তে ব্যবহৃত বল্টু বিশেষ। Rivet.

پرچانه (পোর্‌চা'নে/porčăne)= پرحرف/پرگو

پرچم (পার্‌চাম্‌/parčam) পতাকা; ঝাণ্ডা। Flag. –خدمت زیر پ. সেনাবাহিনীর চাকুরী। Military service.

پرچم دار (প.-দা'র্‌/p.-dăr) পতাকাবাহী; অগ্রপথিক; কোন আন্দোলনের প্রধান নেতা। Standard-bearer. Leader; pioneer.

پرچمی (পার্চামী/parčami) পতাকার ন্যায়; এক প্রকার পতাকাসদৃশ ফুল। Flag-like. Staminal.

پَرچین (পার্চীন্/parčin) বেড়া; বেড়া নির্মাণের উপাদান; মাঠ, বাগান ইত্যাদির সীমানা নির্দেশক ঝোপ। Fence; hedge. Paling.

پُرچین (পোর্চীন্/porčin) পুরোপুরি কোঁকড়ানো; সম্পূর্ণরূপে কুঞ্চিত। Full of curls; curly.

پرحادثه (পো.-হা'দেসে/p.-hădese) ঘটনাবহুল; রোমাঞ্চকর। Eventful; adventurous.

پرحرف(পো.-হার্ফ্/p.-harf)= وراج/پرگو

پرحرفی (পো.-হার্ফী/p.-harfi)=پرگویی

پَرخاش(পার্খা'শ্/parxăš) ঝগড়া; কলহ; বিবাদ। Quarrel.

پرخاش جو (পা.-জূ/p.-ju) ঝগড়াটে; কলহপ্রিয়। Quarrelsome.

پرخرج (পোর্ খার্জ/por xarj) ব্যয়বহুল; দামী। Costly; expensive.

پرخطر (পো.-খাতার্/p.-xatar)=خطرناك

پرخور (পো.-খোর্/p.-xor) পেটুক; অতিভোজী ব্যক্তি। Gluttonous.

پرخوری (পো.-খোরী/p.-xori) অতিভোজন। Gluttony.

پرداخت (পার্দা'খ্ত্/pardăxt) দান অথবা প্রদান; ঘষামাজা। Payment. Polish(ing). -پ. کردن টাকা/বেতন/মাইনে/মজুরী দেওয়া; পাওনা পরিশোধ করা; ঘষামাজা করে চকচকে করা। To pay. To give a finish to. -قابل پ. পরিশোধযোগ্য; প্রদানযোগ্য; চূড়ান্ত পর্যায়ের। Payable. -مامور پرداخت বেতনাদি বা অর্থ প্রদানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি। Paymaster. -سرمایهٔ پ. شده পরিশোধিত পুঁজি। Paid-in capital.

پرداختگر (পা.-গার্/p.-gar) মসৃণকারী; প্রদানকারী। Polisher; furbisher.

پرداختن (পার্দা'খ্তান্/ pardăxtan) [پرداز] প্রদান করা; পাওনা মিটিয়ে দেওয়া; মসৃণ করা। To pay; settle. To polish.

پرداختنی (পার্দা'খ্তানী/ pardăxtani) পরিশোধনীয়; দেয়। Payable. Due.

پرداخته (পার্দা'খ্তে/pardăxte) [پرداختن এর ক্রি. বিণ./P.P. of پرداختن] আদায়কৃত; পরিশোধিত; পলিশকৃত। Paid. Polished. Cleared.

پردار(পার্দা'র্/pardăr) ডানাযুক্ত; উড়তে পারে এমন জীব। Winged; flying.

پرداز (পার্দা'য্/pardăz) ১/1) [پرداختن এর অনু./ Imp. of پرداختن]। ২/2) (যুক্তাক্ষরের বেলায়) প্রদানকারী; সম্পাদনকারী। Payer(used in combination).

پردگی (পার্দেগী/pardeği) আবৃত যে কোন জিনিষ; বহুচারিতা বা যৌন সংশ্রব থেকে সম্পূর্ণভাবে মুক্ত কুমারী। Chaste and secluded woman.

پردل (পোর্দেল্/pordel) আত্মবিশ্বাসে বলীয়ান; নির্ভীক। Courageous.

پردوام (পো.-দাভা'ম্/p.-davăm) = بادوام

پَرده (পার্দে/parde) (দরজা-জানালার) পর্দা; অবগুণ্ঠন; মুখাবরণ; নেকাব।

Curtain. Screen. Veil. Mantle.
–پردهٔ دل মধ্যচ্ছদা; অন্তরের পর্দা। Pericardium. Midriff.
–پردهٔ صماخ কানের পর্দা। Tympanum of the ear.
–پردهٔ عینی চোখের পর্দা; কণীনিকা। Iris of the eye. –پردهٔ عنکبوت মাকড়সার জাল; ঊর্ণা। Cobwed.

پرده برداری(পা.-বার্‌দা'রী/p.-bardări) ফলক, ভাস্কর্য প্রভৃতি(র অবগুণ্ঠন) উন্মোচন করা। Unveiling a statue.

پرده پوشی (পা.-পূশী/ p.-puši) কারো দোষ ঢাকা বা আড়াল করা; গোপনীয়তা রক্ষা করা। Glossing over a fault. Keeping a secret.

پرده دار (পা.-দা'র্/ p.-dăr) দারোয়ান। Door-keeper.

پرده دری (পা.-দারী/p.-dari) গোপন বিষয় প্রকাশ করে দেওয়া; অবাধ্য হওয়া; বিশ্বাস ভঙ্গ করা। Betrayal of secrets.

پررنگ (পোর্ রাঙ্গ/por rang) গাঢ় উজ্জ্বল রংবিশিষ্ট। Richly coloured.

پر رو (পো.-রূ/p.-ru) চপল; ধৃষ্ট; দুর্বিনীত। Cheeky or saucy.

پررویی (পো.-রূয়ী/p.-ruyi) ধৃষ্টতা। Cheekiness. –پ. کردن ধৃষ্টতাপূর্ণ আচরণ করা। To be cheeky.

پرز (পোর্য্/ porz) সুতি বা পশমী কাপড়ের আঁশালো পিঠ; ভেলভেটের কোমল আস্তরণ। Villosity. Nap; pile.

پُرزا (পোরযা'/ porză) প্রচুর পরিমাণে উৎপাদনশীল; যে অধিক পরিমাণে বাচ্চা প্রসব করে। Multiparous; prolific.

پرزور(পোরযূর্/porzur) শক্তিশালী; পরাক্রান্ত; বলিষ্ঠ। Powerful. Violent.

پرزحمت (পো.-যাহ্‌মাত্/p.-zahmat) শ্রমসাধ্য; কষ্টকর। Laborious.

پرس (পোর্স্/ pors) [پرسیدن এর অনু./ Imp. of پرسیدن]

پرست (পারাস্ত্/ parast) [پرستیدن এর অনু./ Imp. of پرستیدن]

پرستار(পারাস্তা'র্/parastăr) প্রশিক্ষণপ্রাপ্ত সেবক বা সেবিকা; নার্স; অর্থের বিনিময়ে শিশুদের দেখাশোনা করে এমন মহিলা। Nurse. Baby-sitter.

پرستار خانه (পা.-খা'নে/p.-xăne) আরোগ্যশালা; রুগ্ন বা আহতদের সেবাকক্ষ। Infirmary.

پرستاری (পারাস্তা'রী/ parastări) সেবা; শুশ্রূষা; নার্সের পেশা। Nursing. Attendance. –پ. کردن সেবা করা; যত্ন নেওয়া। To nurse; attend.

پرستش (পারাস্তেশ্/ parasteš) ইবাদত; পূজা। Worship. –پ. کردن ইবাদত করা; পূজা করা। To worship.

پرستش گاه (পা.-গা'হ্/p.-găh) মসজিদ, মন্দির, চার্চ প্রভৃতি প্রার্থনার স্থান। House of worship.

پرستنده (পারাস্তান্দে/parastande) অনুরাগী ব্যক্তি; ইবাদতকারী; প্রার্থনাকারী; পূজারী। Worshipper. [ব.ব./pl. پرستندگان]

پرستو(ك) (পারাস্তূ[ক্]/ parastu[k]) ক্ষুদ্র পাখি বিশেষ (এরা গ্রীষ্মকালে নাতিশীতোষ্ণমণ্ডলে দেশান্তর গমন করে); আবাবিল। Swallow.

پرستیدن(পারাস্তীদান্/ parastidan) [پرست] ইবাদত করা; পূজা করা; প্রার্থনা করা। To worship. To adore.

پرسش (পোর্‌সেশ্‌/porseš) প্রশ্ন; প্রশ্নবোধক বাক্য; জেরা। Question.

پرسش نامه (পো.-না'মে/p.-năme) প্রশ্নমালা; প্রশ্নপত্র। Questionnaire.

پرسُنل (পের্‌সোনেল্‌/personel)=کارکنان কোন প্রতিষ্ঠানের কর্মচারীবৃন্দ; স্টাফ; ঊর্ধ্বতন সামরিক স্টাফ। Personnel; staff.

پرسه زدن(পার্‌সে যাদান্‌/parse-zadan) শিকারের সন্ধানে বা চুরি করার উদ্দেশ্যে সাবধানে পরিভ্রমণ করা; ঘুরঘুর করা। To prowl or moon.

پرسیاوش (পারে সিয়া'ভোশ্‌/ pare-siyăvoš) ফার্ন গাছ বিশেষ। Maidenhair.

پرسیدن (পোর্‌সীদান্‌/ porsidan) [پرس] জিজ্ঞাসা করা; প্রশ্ন করা। To ask. –از او بپرسید তাকে জিজ্ঞেস কর। Ask him. –پرسان پرسان (রাস্তা) জিজ্ঞাসা করতে করতে। Always asking (one's way).

پَرش (পারেশ্‌/ pareš) লাফ; ঝাঁপ; লাফ দেওয়া। Jumping; leap. Flight. –پرش به ارتفاع উচ্চ লম্ফ। High jump. –پرش بطول দীর্ঘ লম্ফ। Long or broad jump.

پرشگاه (পারেশ্‌গা'হ্‌/parešgăh) উল্লম্ফনস্থল (বিমানের) উড্ডয়ন স্থল। Take-off.

پرصدا (পোর্‌ সেদা'/por-sedă) কোলাহলপূর্ণ; হৈ চৈপূর্ণ; ধ্বনিময়। Noisy. Sonorous.

پرطاقت(পো.-তা'ক্বাৎ/p.-tăğat) কষ্টসহিষ্ণু; শক্তিশালী। Hardy. Patient.

پرطاوسی (পার্‌ তা'ভোসী/par-tăvosi) ময়ূরের পালকের ন্যায়; ময়ূরতুল্য। Chatoyant; shot; pavonine.

پرطمع (পোর্‌ তামা-/por tama') =طماع

پرفایده (পো.-ফা'য়েদে/p.-făyede)= پرمنفعت

پرفتوح (পো.-ফোতূহ্‌/p.-fotuh) আল্লাহ্‌র অনুগ্রহে প্রশান্ত (শুধু روح پ. বোঝাতে) Bestowed with God's grace (only in روح پ.)

پرفشار (পো.-ফেশা'র্‌/ p.-fešăr) চাপ; টান; উচ্চচাপ; মানসিক আবেগজাত অথবা স্নায়বিক চাপ। High-pressure. High-tension.

پَرك (পারাক্‌/parak) মাছ বা অন্যান্য জলচর প্রাণীর ডানা যা সাঁতারের সময় ব্যবহৃত হয়। মূ. অ. ছোট ডানা; ক্ষুদ্র পালক। Fin. OS. Small feather.

پُرکار (পোর্‌কা'র্‌/porkăr) টেকসই; মজবুত; সুনির্মিত; কর্মঠ। Durable.

پَرکنده (পার্‌ কান্দে/ par kande) পালক উৎপাটিত বা পালক ছাড়ানো (হাঁস-মুরগি ইত্যাদি)। Plucked.

پرگار (পার্‌গা'র্‌/ pargăr) কাঁটা-কম্পাস; বৃত্ত বা বৃত্তচাপ আঁকার জন্য ব্যবহৃত V আকৃতির অঙ্কন শলাকা। (Pair of) compasses. –پرگار بازودار বাহুবিশিষ্ট কম্পাস। Beam-compass. –پرگار تقسیم রেখা বা কোণ বিভক্ত করার জন্য ব্যবহৃত কম্পাস। Dividers.

پرگرد (পার্‌গার্‌দ্‌/pargard) অনুচ্ছেদ; পরিচ্ছেদ; পর্ব। Paragraph. Section.

پرگو(পোর্গু/porgu) বাক্যবাগীশ। Talkative; loquacious.

پرگویی (পো.-গূয়ী/p.-guyi) বাচালতা। Talkativeness.

پرمایه (পো.-মা'ইয়ে/p.-măye) কড়া (যেমন, চা); দামী; উন্নত মানের; সমৃদ্ধ। Strong, as tea. Rich. Pithy.

پرمدعا (পো.-মোদ্দাঅ'/ p.-moddaă) কৃতিত্ব বা গুরুত্বের দাবিদার। Pretentious.

پرمعنی(পো.-মা-না[-নী]/ p.-ma'na[-ni]) অর্থপূর্ণ; সারগর্ভ। Full of meaning; pithy; significant.

پرمغز (পো.-মাগ্য্/ p.-mağz) সারগর্ভ (লাভজনক)। Pithy.

پرمنفعت(পো.-মান্ফাআৎ/p.-manfaat) লাভজনক; আর্থিকভাবে লোভনীয়। Lucrative; profitable.

پرمنگنات(পের্মাঙ্গানা'ৎ/ permanganăt) গাঢ় লালচে স্বচ্ছ লবণ যা থেকে জীবাণুনাশক ও এন্টিসেপটিক তৈরি করা হয়। Permanganate.

پرمو (পোর্মু/pormu) লোমশ; ঘন চুল বিশিষ্ট; এলোকেশী। Hairy; shaggy.

پرند (পারান্দ্/parand) নকশাকৃত বা নকশাবিহীন রেশমী কাপড়। Plain or painted silk.

پرنده (পারান্দে/parande)= مرغ [ব.ব./ pl. پرندگان] পাখি; উড়তে পারে এমন জীব। Bird. Flying. -بشقاب پ. উড়ন্ত সসার। Flying saucer.

پرنده شناس (পা.-শেনা'স্/ p.-šenăs) পক্ষী বিজ্ঞানী। Ornithologist.

پرنده شناسی(পা.-শেনা'সী/p.-šenăsi) পক্ষী বিজ্ঞান। Ornithology.

پرنیان (পার্নিয়া'ন্/ parniyăn) নকশাদার রেশমী কাপড়। Shot silk.

پرو (পেরোভ্/ perov) জামা তৈরির পর দর্জির পরখ; ট্রায়াল। Fitting (on).

پروا (পার্ভা'/ parvă) সতর্কতা; ভয়; আতঙ্ক; ভীতি; পরওয়া। Care. Fear. Concern. -پ. داشتن (কাউকে বা কিছুকে) ভয় করা; ভীত হওয়া। To be concerned or anxious. To fear.

پروار (পার্ভা'র্/parvăr) (পশু) লালন-পালন করে বড় করা। Fattened (animal).

پرواری (পার্ভা'রী/ parvări) খোঁয়াড় বা আস্তাবলে থেকে খেয়ে হৃষ্টপুষ্ট হয়েছে এমন পশু। Stall-fed; fattened.

پرواز(পার্ভা'য/parvăz) উড্ডয়ন; উড়াল। Flight. -پ. کردن উড্ডয়ন করা; ওড়া। To fly. -قابل پ. উড্ডয়নক্ষম; ওড়ার উপযুক্ত। Airworthy.

پرواس (পার্ভা'স্/ parvăs) ১/1) স্পর্শ; ছোয়া; স্পর্শানুভূতি। Feel; touch. ২/2) ভয়, ভীতি। Fear; dread.

پروانه (পার্ভা'নে/ parvăne) প্রজাপতি; পতঙ্গ; লাইসেন্স বা অনুমতিপত্র। Butterfly. Moth. Licence; permit.

پروبال (পার্-ও-বা'ল্/ par-o-băl) পাখির পালক ও ডানা; উড়তে সক্ষম হওয়া। Plumage. -پ. در آوردن পাখার পালক গজানো; বেড়ে ওঠা। To fledge. To grow strong or bold.

پروپا(পার্-ও-পা'/par-o-pă) ভিত্তি। Foundation. -پروپایی ندارد (এটি সম্পূর্ণ) ভিত্তিহীন। It is unfounded.

پروپا قرص (পা.-গ্বোর্স্/p.-ğors) দৃঢ়; বলিষ্ঠ। Firm.

پروتستان (পোরোতেস্তা'ন্/porotestăn) প্রোটেস্ট্যান্ট মতবাদ বা তার অনুসারী খ্রীস্টান সম্প্রদায়। Protestant.

پرور (পার্ভার্/parvar) [پروردن এর অনু./Imp. of پروردن]

پروراندن(পার্ভারা'ন্দান্/parvarăndan) = پروردن

پروردگار(পার্ভার্দেগা'র্/parvardegăr) আল্লাহ্; বিধাতা; মূ.অ. প্রতিপালক। God. OS. The Nourisher.

پروردن(পার্ভার্দান্/parvardan) [پرور] প্রতিপালন; সযত্নে লালন-পালন করা; উন্নয়ন সাধন। To foster; rear; cherish. To develop.

پرورده (পার্ভার্দে/ parvarde) [پروردن এর ক্রি. বিণ./P.P. of پروردن] زنجبیل پ. সংরক্ষিত আদা। Preserved ginger.

پرورش (পার্ভারেশ্/ parvareš) লালন-পালন; পরিচর্যা; প্রশিক্ষণ। Nourishment; nurture. Training. -پ. دادن পরিচর্যা করা; প্রতিপালন করা। To train. To foster; Cherish. -پ. یافتن পরিপুষ্ট হওয়া; প্রতিপালিত হওয়া; প্রশিক্ষিত হওয়া। To be trained or fostered. .

پرورشگاه (পা.-গা'হ্/p.-găh) নার্সারী; শিশু সদন; কর্মজীবী মহিলাদের সন্তানপালনকারী প্রতিষ্ঠান। Nursery. Creche. پرورشگاه یتیمان এতিমখানা; পিতৃহীন শিশু-কিশোর পরিচর্যাকেন্দ্র। Orphan asylum; orphanage.

پَر وزن (পার্ ভায্ন্/par vazn) পালকের মত ওজন; হালকা। Feather-weight.

پروژکتور(পোরোঝেক্তোর্/porožektor) প্রক্ষেপণযন্ত্র; আলোক রশ্মি দ্বারা পর্দায় ছবি প্রক্ষিপ্ত করার যন্ত্র বিশেষ। Projector.

پروژه (পোরোঝে/porože)= طرح প্রকল্প; পরিকল্পনা। Project.

پروس(পেরুস্/perus) প্রুশিয়া। Prussia.

پروفسور (প্রোফেসোর্/profesor)= استاد অধ্যাপক; প্রফেসর। Professor.

پرونده (পার্ভান্দে/ parvande) ফাইল; কাগজপত্রাদি সাজিয়ে রাখার নথি। File; Dossier. Case.

پرونده سازی (পা.-সা'যী/ p.-săzi) নির্দোষ ব্যক্তিকে দোষী প্রতীয়মান করার জন্য ফন্দি বা দুরভিসন্ধি; ফাইল সাজানো। Frame-up.

پرویز (পার্ভীয্/ parviz) পুংবাচক নাম। Mas. pr. name.

پرویزنی (পার্ভীযানী/ parvizani) খামির তৈরি করার যন্ত্র সংক্রান্ত। Ethmoid.

پروین (পার্ভীন্/ parvin) সপ্তর্ষিমণ্ডল; স্ত্রীবাচক নাম। Pleiades. Fem. pr. name

پَرّه(পার্রে/parre) প্যাডেল; ব্লেড; বায়ুচালিত যন্ত্রের পাখা; তরবারি; দাঁড় বা

বৈঠার চ্যাপ্টা অংশ। Paddle. Blade. Sail (of a windmill). Spoke (of a wheel). Wing (of the nose).

پرهنر (পোর্‌হোনার্‌/ porhonar) অভিজ্ঞ; শিল্প(কলায়) দক্ষ; ঝানু; বিচক্ষণ। Skilled in arts; ingenious.

پرهیز (পার্‌হীয্‌/ parhiz) সংযম; নিবৃত্তি; বিরত থাকা; নীতিপরায়ণতা। Abstinence. Austerity. Regimen; diet. –پ. داشتن নিয়ন্ত্রিত খাবার গ্রহণ করা। To be on diet. –پ. کردن সংযম রক্ষা করা; দূরে থাকা। To abstain; keep away.

پرهیزکار(পা.-কা'র্‌/p.-kăr) (প্রধানত পানাহারে ও ভোগবিলাসে) সংযমী; মিতাচারী; পরহেযগার। Abstemious.

پرهیزگار (পা.-গা'র/p.-găr)= پرهیزکار

پرهیزگاری (পা.-গা'রী/p.-gări) মিতাচারিতা; পরহেয্‌গারী; সংযমী জীবন যাপন। Abstemiousness.

پَری (পারী/ pari) পরী। Fairy.

پُری (পোরী/pori) পরিপূর্ণতা; পূর্ণতা; ভর্তি। Fullness.

پری پیکر (পারী পেইকার্‌/ pari peykar) সুকুমার; কোমল; পরীর মতো দেখতে। Delicate in body, as a fairy.

پری چهره (পা.-চেহ্‌রে/ p.-čehre) পরীর মতো সুন্দর চেহারা বিশিষ্ট। Fairy-faced.

پریدخت (পা.-দোখ্‌ত্‌/ p.-doxt) স্ত্রীবাচক নাম বিশেষ। মূ. অ. পরীকন্যা। Fem. pr. name. OS. Fairy's daughter.

پریدن (পারীদান্‌/paridan) [پَر] লাফ দেওয়া; উড়াল দেওয়া; হঠাৎ করে চলে যাওয়া। To fly. To jump. To pass away suddenly.

پریرُخ (পারীরোখ্‌/parirox) পরীর মতো চেহারাবিশিষ্ট; রূপসী। Fairy-faced; beautiful.

پریرو(পারীরূ/pariru)= پریرُخ

پریروز (পারীরূয্‌/pariruz) গত পরশু। Day before yesterday.

پریز (পেরীয্‌/ periz) (দেয়ালে) বৈদ্যুতিক সংযোগ স্থাপনের জন্য ছিপি বিশেষ; প্লাগ; বিদ্যুৎসন্ধি। Wall-plug; point.

پریزاد (পারীযা'দ্‌/ parizăd) পরীর সন্তান; অতিশয় সুশ্রী। Fairy(-born).

پریش (পারীশ্‌/ pariš) = پریشان

پریشان (পারীশা'ন্‌/parišăn) নিদারুণ বেদনা বা যন্ত্রণাগ্রস্ত; মর্মপীড়ায় আক্রান্ত; পেরেশান। Distressed. Distracted. Disturbed. –پ. کردن অবিন্যস্ত/ আলুথালু/ অগোছালো করা। To dishevel. To distress. To agitate. –پ. گفتن অগোছালো, অসংলগ্নভাবে কথা বলা। To speak incoherently.

پری شاهرُخ (পারী শাহ্‌রোখ্‌/pari šă-hrox) কালো ও হলুদ পালকবিশিষ্ট সোনালি পাখি বিশেষ; অরিওল। Oriole.

پریشان حال (পা.-হা'ল/p.-hăl) দুঃখ ভারাক্রান্ত; পেরেশান (অবস্থা)। Distressed.

پریشان حالی (পা.-হা'লী/p.-hăli) খারাপ অবস্থা; পেরেশানী; মানসিকভাবে অস্থির অবস্থা। Distressed condition.

پریشان روزگار (পা.-রূয[যে]গার/ p.-ruzg[e]găr)= پریشاحال

پریشانی (পারীশা'নী/parišăni) মর্মপীড়া; মানসিক অস্থিরতা; পেরেশানী। Distress. (Mental) disturbance; agitation.

پریشب (পারীশাব্/ parišab) গত পরশু রাত। Night before last.

پریموس (পারীমূস্/ parimus) রান্না করার জন্য এক ধরনের স্টোভ বিশেষ, যাতে তেল বাষ্পীভূত হয়ে জ্বালানিরূপে ব্যবহৃত হয়; প্রাইমাস (স্টোভ)। Primus (stove).

پریوَش (পারীভাশ্/ parivaš) পরীর মতো; স্ত্রীবাচক নাম। Fairy-like. Fem. pr. name.

پَز (পায্/ paz) [پختن এর অনু./Imp. of پختن]

پُز (পোয্/ poz) পোজ; গর্বিত অঙ্গভঙ্গি। Posture. -پز دادن ভঙ্গি; আকস্মাৎ নাটকীয়ভাবে কোন ভঙ্গি প্রদর্শন করা; ছবি তোলার জন্য বিশেষ ভঙ্গিতে দাঁড়ানো। To show off. To strike an attitude. -پز عالی جیب خالی বাইরে বড়লোকী ভেতরে খালি। Great boast little toast.

پزا (পাযা'/pază) সহজে রান্না করা যায় এমন। Easily cooked.

پزشک (পেযেশ্ক্/pezešk) চিকিৎসক; ডাক্তার। Physician; Doctor.

پزشک خانه (পে.-খা'নে/ p.-xăne) হাসপাতালের অনাবাসিক রোগীদের ওষুধ দেওয়ার বিভাগ; ওষুধালয়। Dispensary.

پزشکی(পেযেশ্কী/pezeški) ডাক্তারী পেশা; চিকিৎসাশাস্ত্রীয়। Medical profession. Medical.

پزشک یار (পে.-ইয়া'র্/p.-yăr) সহকারী চিকিৎসক। Medical assistant.

پزنده (পাযান্দে/pazande) পাচক/ পাচিকা; রাঁধুনী। (One) who cooks or bakes.

پژمردگی (পাজ্‌মোর্দেগী/pažmordegi) বিবর্ণতা; বিমর্ষতা; মুমূর্ষতা। Withered state. Dejection.

پژمردن (পাজ্ মোর্দান্/paž mordan) শুকিয়ে যাওয়া; ম্রিয়মাণ হওয়া; বিবর্ণ হওয়া। To fade; wither.

پژمرده (পাজ্‌মোর্দে/pažmorde) শুকিয়ে গেছে, বিবর্ণ হয়েছে, মলিন হয়েছে বা ফ্যাকাশে হয়েছে এমন। Faded; withered Pale.

پژوه (পেজুহ্/ pežuh) [پژوهیدن এর অনু./ Imp. of. پژوهیدن]

پژوهش (পেজুহেশ্/pežuheš) অন্বেষণ; অনুসন্ধান; তদন্ত; গবেষণা। Search; investigation. Appeal.

پژوهش خواسته (পে.-খা'স্তে/p.-xăste) আপিল করা হয়েছে এমন ব্যাপার। Object of appeal.

پژوهش خوانده (পে.-খা'ন্দে/p.-xănde) যার বিরুদ্ধে আপিল করা হয়েছে; প্রতিবাদী। Appellee; respondent.

پژوهش خواه (পে.-খা'হ্/p.-xah) পুনর্বিচারপ্রার্থী বা আপিলকারী। Appellant.

پژوهیدن (পেযূহীদান্/pažuhidan) [پژوه] অন্বেষণ করা; অনুসন্ধান করা; তদন্ত করা। To search; investigate.

پژه(পাজ্বে/pažе) ছোট ছোট সবুজ বা হলুদ উদ্ভিদ বিশেষ, যা ভেজা গাছ, পাথর ইত্যাদির গায়ে ঘন হয়ে জন্মে; শেওলা; শৈবাল। Moss.

پَس (পাস্/pas) তখন; অতএব; অতঃপর; পশ্চাৎভাগ; পেছনে। Then. So. After-wards. Behind. Back (part). –پس آمدن ফিরে আসা; প্রত্যাবর্তন করা। To come back. –پس آوردن ফেরৎ আনা; (বিক্রিত মাল ইত্যাদি)। To bring back (for resale to the seller) –پس از পরে; তারপর। After. –پس از این অতঃপর; এরপর। After this; hereafter. –پس از آن পরে; তারপর। Afterwards; thereafter. –پس از آنکه او رفت তিনি চলে যাওয়ার পর। After (or when) he had gone. –پس افتادن পিছিয়ে পড়া; পেছনে পড়ে থাকা। To fall behind. To fall in arrears. –پس انداختن ঋণ পরিশোধের মেয়াদ পিছিয়ে দেওয়া। To delay the payment of. –پس دادن ফিরিয়ে দেওয়া; প্রত্যার্পণ করা। To give back; return. To refund. –پس رفتن পেছনে যাওয়া (সম্মুখে আসার বিপরীত)। To go back. To get out of the way. –پس زدن পেছনে ফেলে যাওয়া; পশ্চাতে ফেলা। To draw back. –پس گرفتن ফিরিয়ে নেওয়া; ফেরত নেওয়া। To take back; retake. –پس نشستن পিছিয়ে আসা; পশ্চাদপসরণ করা; প্রত্যাহার করা। To recoil. To retreat.

پساب(পাসা'ব্/pasăb) নোংরা পানি; শূকরের খাদ্যরূপে ব্যবহৃত প্রধানত তরল উচ্ছিষ্ট। Weakest water. Hog-wash.

پسادست (পাসা'দাস্ত্/pasădast) বাকীতে বেচাবিক্রি। Credit transaction.

پس انداز (পাস্ আন্দা'য্/ pas-andăz) সঞ্চয়; জমা। Savings.

پس اندازی (পা.-আন্দা'যী/ p.-andăzi) সঞ্চয় করা; জমা করা। Saving.

پس پریروز (পা.-পারীরূয্/ p.-pariruz) তিন দিন পূর্বে। Three days ago.

پست (পাস্ত্/past) নিচু; হীন; নিচ; ইতর নিম্নমানের। Low. Mean. Humble. Of inferior quality. –پ. کردن দুর্বল করা; খাটো করা; অবনমিত করা। To lower. To weaken.

پُست (পোস্ত্/ post) ডাক; পোস্ট। Post; mail. –پول پست ডাকমাশুল; ডাকখরচা। Postage.

پستا (পাস্তা'/ pastă) ১/1)=نوبت ২/2) প্রস্তুতকরণ; প্রস্তুতি। Preparation.

پستائی (পাস্তা'ঈ/ pastăy'i) প্রস্তুত রাখা হয়েছে এমন। Prepared; kept as reserve.

پستان (পেস্তা'ন্/pestăn) স্তন; (গরু, ছাগল ইত্যাদির) পালান। Breast. [Of a cow] Udder. –غدهٔ پ. স্তনের লালাগ্রন্থি। Mammary gland. – نوك پ. স্তনের বোঁটা; স্তনাগ্র। Nipple.

پستان بند(পে.-বান্দ্/p.-band) বক্ষবন্ধনী; কাঁচুলি; ব্রেশিয়ার। Brassiere.

پستاندار(পে.-দা'র/ p.-dăr) মাদী; স্তন্যপায়ী প্রাণী। Mammiferous.

پستانک (পেস্তা'নাক/ pestănak) চুষণী; কৃত্রিম দুধের বোঁটা। Nipple.

پست چی (পোস্তচী/ postči) ডাক পিয়ন; ডাক হরকরা। Postman. Member of the Post Office.

پستخانه (পো.-খা'নে/p.-xăne) ডাকঘর। Post Office.

پَست فطرت (পাস্ত্ ফেৎরাত/ past-fetrat) (ব্যক্তি, আচরণ, চিন্তা ইত্যাদি সম্পর্কে) নিচ; হীন; ঘৃণ্য; ইতর। Mean; base.

پست فطرتی (পা.-ফেৎরাতী/ p.-fetrati) হীনমন্যতা। Meanness.

پست قد (পা.-গ্বাদ্/p.-ğad) বেঁটে; খাটো; খর্ব; অনুচ্চ; বামন। Short; dwarfish.

پستو (পাস্তু/pastu) দোকান বা বসার স্থানের ঘেঁষাঘেঁষি (কাছাকাছি) অন্য একটা ছোট কক্ষ; দোকানের পেছনের অংশ। Closet. Back part of a shop.

پسته (পেস্তে/peste) পেস্তা; পেস্তাবাদাম। Pistachio. –پسته زمینی চীনা বাদাম। Peanut.

پستی (পাস্তী/pasti) নিচুতা; হীনমন্যতা; পতিত অবস্থা। Meanness. Lowness. –پستی و بلندی روزگار কালের উত্থান পতন। Ups and downs.

پُستی (পোস্তী/posti) ডাক সম্বন্ধীয়। Postal.

پس درد (পাস্দারদ্/pasdard) প্রসবের পরের ব্যথা। Afterpains.

پس دوزی(পা.-দূযী/p.-duzi) পোশাকের উল্টো পিঠে বিশেষ পদ্ধতিতে হাতে সেলাই করা। Overcast stitch on the wrong side of a cloth.

پِسر (পেসার্/ pesar) ছেলে; পুত্রসন্তান। Son. Boy.

پسربچه (পে.-বাচ্চে/ p.-bačče) বালক; কিশোর। Baby boy.

پسرخاله (পে.-খা'লে/ p.xăle) খালাতো ভাই। Cousin: son of a maternal aunt.

پسر خوانده (পে.-খা'ন্দে/ p.-xănde) পোষ্যপুত্র; পালকপুত্র। Adopted son.

پسردایی (পে.-দা'য়ী/ p.-dăyi) মামাতো ভাই। Cousin: son of a maternal uncle.

پسرعم/ پسرعمو (পে.-আমূ[আম্]/p.-amu[am]) চাচাতো ভাই। Counsin: son of a paternal uncle.

پسرعمه (পে.-আম্মে/ p.-amme) ফুফাতো ভাই। Cousin: son of a paternal aunt.

پَسرو (পাস্রোও/pasrow) পশ্চাদ্মুখী। Retrograde.

پس فردا (পা.-ফার্দা'/p.-fardă) আগামী পরশু; পরশু দিন। Day after tomorrow.

پس قراول (পা.-গ্বারা'ভোল্/p.-ğarăvol) সেনাবাহিনীর পশ্চাদ্ভাগ রক্ষী সেনাসমষ্টি; পশ্চাদ্রক্ষী। Rearguard.

پس کرایه (পা.-কেরা'ইয়ে/p.-kerăye) (মালামাল বুঝে নেওয়ার পর প্রদত্ত) ভাড়া বাবৎ বকেয়া টাকা। Balance of freight. (paid on taking delivery of goods).

پس کوچه(পা.-কূচে/p.-kuče) গলি; সরু পথ। By-lane; by-road.

پس گردنی (পাসে গার্দানী/ pas-e-gardani) ঘাড়ে চড় বা থাপ্পড় মারা; গলাধাক্কা। Slap on the neck.

پسله (পাসেলে/pasele) গোপন স্থান; ছলচাতুরিপূর্ণভাবে; কারো পশ্চাতে। Behind one's back; on the sly; underhand.

پس مانده (পাস্ মা'ন্দে/pas-mănde) উচ্ছিষ্ট; পশ্চাৎপদ। Refuse; leavings; residue.

پسند(পাসান্দ্/pasand) ১/1) পছন্দ; বাছাই করা; অনুমোদন। Selection. Admiration. Approval. ২/2) [پسندیدن এর অনু. /Imp. of پسندیدن] –پ. آمدن পছন্দ হওয়া; মনঃপূত হওয়া। To be admired or selected. –پ. کردن পছন্দ করা; বাছাই করে নেওয়া। To select. To admire.

پسندیدن (পাসান্দীদান্/pasandidan) [پسند] পছন্দ করা; বাছাই করে নেওয়া। To admire. To select; choose.

پسندیده(পাসান্দীদে/pasandide) গ্রহণযোগ্য; অনুমোদনযোগ্য; মনঃপূত। Praiseworthy; acceptable; admirable.

پس و پیش(পাস্-ও-পীশ্/pas-o-piš) সামনে-পেছনে; ইতস্তত। Back and forth; to and fro. –پ. کردن স্থান পরিবর্তন করা; খাপ.খাওয়ানো। To change the places of. To adjust.

پس وند(পাস্‌ভান্দ্/ pasvand) বিভক্তি ও প্রত্যয়। Suffix.

پسین(পাসীন্/ pasin) পশ্চাৎকালীন; শেষ; সর্বশেষ। Last. Latest. Posterior.

پسین فردا(পা.-ফার্‌দা'/p.-fardă) তিন দিন পর। Three days hence.

پُشت(পোশ্‌ত্/pošt) পিঠ; পেছন দিক; পেছনের অংশ। Back. Back part. پشت পেছনে। Behind. –پشت بام বাড়ীর ছাদ; ফ্লাটের ছাদ; ছাদের উপরিতল। Housetop; flat roof. –پ. بدیوار দেয়ালে পিঠ ঠেকে যাওয়া With one's back against the wall. –پشت پا পায়ের তলা। Instep. –پشت سکه মুদ্রার উল্টো পিঠ। Reverse of a coin. –پشت سر পেছনে; (কারো) অবর্তমানে। Behind. In the absence of. –پشت گردن ঘাড়; গ্রীবার পশ্চাদ্দিক। Nape of the neck. –پشت خود را بستن নিজের জন্য আরামের ব্যবস্থা করা; নিজের আখের গোছানো। To feather one's nest. –پ. کردن পশ্চাতে রাখা; প্রত্যাখ্যান বা অস্বীকার করা। To turn one's back. To repose. –پشت هم انداختن একটার ওপর আরেকটা ভাঁজ করে রাখা (যেমন কার্ড)। To pack, as cards.

پشت بند(পো.-বান্দ্/p.-band) দৃঢ়ীকরণের জন্য ব্যবহৃত বন্ধনী। Fastening; brace; clamp.

پشت پوش(পো.-পূশ্/p.-puš) আলো নিরোধক; অস্বচ্ছ; জড়। Opaque.

پشت در پشت(পো.-দার্ পো.-/p.-dar p.-) বংশপরম্পরা। From generation to generation.

پشت درد(পো.-দার্দ্/ p.-dard) পৃষ্ঠশূল; পিঠের বেদনা। Backache.

پشت دری (পোশ্‌ত দারী /pošt dari) দরজা ও জানালার পর্দা। Half net curtain.

پشت رو(পো.-রূ/p.-ru) উল্টো। Turned inside out.

پشت شیشه ای(পা.-শীশেঈ/p.-šišey'i)= پشت دری

پشتک(পোশ্‌তাক্/ poštak) ডিগবাজি। Somersault. –پ. زدن ডিগবাজি খাওয়া। To turn a somersault.

پشت کار(পোশ্‌তে কা'র্/ pošte-kăr) অধ্যবসায়; নিরবচ্ছিন্ন মনোযোগ। Perseverance.

پشت کاردار(পো.-কা.-দা'র্/ p.-k.-dăr) অধ্যবসায়ী; নিরবচ্ছিন্ন মনোযোগী। Perseverant.

پشت گرمی (পোশ্‌ৎ গার্মী/poštgarmi) নিশ্চয়তা; পৃষ্ঠপোষকতা; অনুপ্রেরণা; সমর্থন। Assurance. Encouragement. Support.

پشت گلی(পোশতে গোলী/pošte goli) হালকা লাল রং; গাঢ় গোলাপী রং। Light red.

پشت گوش فراخ(পোশ্‌তে গুশ্ ফারা'খ্/ pošte gúš farăx) অমনোযোগী; অলস; উদাসীন; নির্লিপ্ত। Neglectful; nonchalant.

پشت مازو (পোশ্‌ত্ মা'য়্/pošt măzu) জন্তুর শিরদাঁড়া বা শিরদাঁড়ার মাংস। Fillet; undercut.

پشت مازه (পোশ্‌ত্ মা'যে/pošt maze)= پشت مازو

پشت میزنشین (পোশ্‌তে মীয্ নেশিন্/ pošté miz nešin) সরকারী কর্মকর্তা; দৈহিক পরিশ্রম করতে হয় না এমন কর্মকর্তা। White-collar.

پشت نویس(পোশ্‌ৎ নেভীস্/pošt nevis) পিঠে লেখা হয়েছে এমন সনদ; সনদপত্রের অপর পৃষ্ঠায় লেখে যে ব্যক্তি; সত্যায়নকারী। Endorsed. Endorser.

پشت نویسی(পো.-নেভীসী/p.-nevisi) সনদপত্রের অপর পিঠে লেখা বা সত্যায়নের কাজ। Endorsement. –پ. کردن দলিল অথবা চেক-এর উল্টো পিঠে অনুমোদনসূচক সই করা। To endorse.

پشتواره(পোশ্‌ত্‌ভা'রে/ poštvăre) পিঠে বহন করা যায় এমন পরিমাণ জামাকাপড় বা খাদ্য রাখার চামড়ার ব্যাগ। Knapsack.

پشتوانه(পোশ্‌ত্‌ভা'নে/poštvăne) ব্যাংক নোট ছাপানোর সমর্থনে গচ্ছিত স্বর্ণ-রৌপ্য বা রত্ন; পৃষ্ঠপোষক। Cover (for bank notes); bullion.

پشته(পোশ্‌তে/pošte) ঢিবি; টিলা; স্তূপ; উচ্চভূমি। Mound; eminence.

پشت هم انداز(পোশ্‌তে হাম্ আন্দা'য্/ pošte ham andăz) ধোঁকাবাজ; প্রতারক। Charlatan. Blusterer.

پشتی(পোশ্‌তী/pošti) গদি; তাকিয়া; সমর্থন; সহায়তা। Cushion (for the back) Support. –پ. کردن সমর্থন করা; সাহায্য করা। To support; back.

پشتیبان(পোশ্‌তীবা'ন্/poštibăn) সাহায্যকারী; সমর্থনকারী। Supporter. Buttress.

پشتیبانی(পোশ্‌তীবা'নী/poštibăni) সমর্থন; সহায়তা; পৃষ্ঠপোষকতা। Support. –پ. کردن সহায়তা বা সমর্থন করা। To support or back.

پشک(পেশ্‌ক্/ pešk) লটারী। Lot.

پشکل(পেশ্‌কেল্/peškel) পশুর মল, বিশেষত গোবর, যা জমিতে সাররূপে ব্যবহৃত হয়। Orbicular dung.

پشم(পাশ্‌ম্/pašm) পশম; পশমী সুতা; ভেড়া এবং অনুরূপ জন্তুর পশম। Wool. Fleece. –پ. چیدن কাঁচি দিয়ে (ভেড়ার) লোম ছাঁটা। To shear (a sheep).

پشمالو(د)(পাশ্‌মা'লূ[দ্]/pašmălu[d]) (চুল/লোম সম্বন্ধে) রুক্ষ, মোটা ও অপরিপাটি; মোটা চুলে আবৃত; লোমশ। Shaggy; woolly.

پشم چینی(পাশ্‌ম্ চীনী/pašm čini) পশুর লোম ছাঁটার কাজ। Sheep-shearing.

پشم ریسی(প.-রীসী/p.-risi) পশমী সুতা বুনন; পশমী সুতার চরকা। Wool-spinning.

پشمک(পাশ্‌মাক্/ pašmak) পশমের মতো এক প্রকার মিষ্টি যা চিনি, ঘি ইত্যাদি দিয়ে তৈরি করা হয়; শন পাপড়ি। Kind of sweets.

پشمین/پشمی (পশ্‌মী[ন্]/pašmi[n]) পশমী; পশমের তৈরী। Woollen.

پشمینه(পাশ্‌মীনে/pašmine) পশমের তৈরী (পোশাক)। Woollen (garment).

پشه(পাশে/ paše) মশা; ডাঁশ। Gnat. Mosquito. –پشه خاکی সংক্রামক রোগ-জীবাণুবাহী মক্ষিকা বিশেষ; বেলেমাছি। Sandfly.

پشه بند(পা.-বান্দ্/p.-band) মশারি। Mosquito-net.

پشه پران(পা.-পার[রা]'ন্/p.-par[r]ăn) চুল দিয়ে তৈরী এক ধরনের পাখা বা কোন লাঠির মাথায় চুল বেঁধে মশা/পোকা-মাকড় তাড়ানোর ব্যবস্থা। Fly-net; fly-flap.

پشه خوار(পা.-খা'র্/p.-xăr) মশা ও পোকা-মাকড় ভক্ষণকারী উদ্ভিদ। Goatsucker; fern-owl.

پشیز(পাশীয্/pašiz) তাম্র বা নিকেলের তৈরী মুদ্রা বিশেষ। Copper or nickel coinage.

پشیمان(পাশীমা'ন্/pašimăn) অনুতপ্ত; অনুশোচনাগ্রস্ত। Sorry; regretful; penitent. –پ. شدن অনুতপ্ত হওয়া; অনুশোচনা করা। To repent; regret.

پشیمانی(পাশীমা'নী/pašimăni) অনুতাপ; পরিতাপ; আক্ষেপ; গভীর অনুশোচনা। Regret; remorse.

پفک(পোফাক্/pofak) পাইপের মতো যে খেলনা দিয়ে শুকনো মটরশুঁটি বা অনুরূপ কোন গোলাকার বস্তু ছোঁড়া হয়। Pea-shooter. Puff (paste).

پُف کردن(পোফ্ কার্‌দান্/ pof kardan) আগুন বাড়ানো বা নিভিয়ে দেওয়ার জন্য সজোরে ফুঁ দেওয়া। To blow out to puff (up); inflate.

پفیوز(পোফিউয্/pofyuz) গোমড়ামুখো; অসামাজিক; অকাজের। Sullen. Good- for- nothing.

پُک (পোক্/pok) এক চুমুক; এক ঢোক; একবার টানা। Puff; draught. –پک بچپق زدن কোন পাইপে ফুঁক দেওয়া। To puff a pipe.

پکر(পাকার্/pakar) প্রার্থিত কিছু না পাওয়ায় হতাশ; দুঃখিত; বিষণ্ন; মর্মাহত। Gloomy; disappointed. –پ. شدن হতাশ হওয়া; বিষণ্ন হওয়া। To be disappointed; pull a long face.

پکیدن(পোকীদান্/ pokidan) =ترکیدن

پگاه(পাগা'হ্/ pagăh)= سپید ه دم

پل(পোল্/pol) সেতু; সাঁকো; পুল। Bridge. –پل دره ای কোন উপত্যকা বা অবতল ভূমির ওপর দিয়ে রাস্তা বা রেলপথের জন্য দীর্ঘ সেতু; সেতুপথ। Viaduct. –پل کشتی জাহাজের কাঠামোর ওপরে বা ভেতরে সাধারণত কাষ্ঠ ফলক নির্মিত যে কোন তল; জাহাজের পাটাতন; ডেক। Deck. –پل متحرك জাহাজ ইত্যাদি যেতে দেওয়ার জন্য নদী বা খালের ওপর স্থাপিত যে সেতু বিভক্ত করে এর অংশগুলো উত্তোলিত করা যায়। Drabridge. –پل معلق ঝুলন্ত সেতু। Suspension bridge.

–روی رودخانه ای پل زدن কোন নদীর ওপর সেতু স্থাপন করা। To bridge a river; construct a bridge over it.

پلاطین / پلاتین (পেলা'তীন্/pelătin) চিরঅম্লান ধাতু বিশেষ; প্লাটিনাম; বিদ্যুৎ সংযোগের স্থান বা বিদ্যুৎ সংযোগের যন্ত্র। Platinum. Contact point.

پلاس(পালা'স্/palăs) চট্; দরবেশদের পরিধেয় কম দামী জামা। Sackcloth.

پلاسیدن(পালা'সীদান্/palăsidan)= پژمرده شدن

پلاسیده(পালা'সীদে/ palăside)=پژمرده

پلاك(পেলা'ক্/ pelăk) ধাতু, পাথর বা অন্য কিছু দ্বারা নির্মিত নামের ফলক; ট্যাগ। Plate; plaque; tag.

پلخنگ(পোল্খাঙ্গ্/polxăng) পানি সরবরাহের কৃত্রিম প্রণালী বা নালা। Aqueduct.

پل سازی (পোল্ সা'যী/ pol săzi) পুল তৈরী; সেতু নির্মাণ। Construction of bridges.

پلشت بَر(পালাশ্ত্বার্/palaštbar) বিশেষত জীবাণু নাশ করে ক্ষত ইত্যাদির পচন রোধ করে এমন রাসায়নিক পদার্থ। Antiseptic.

پلک(পেল্ক্/পালাক্/ pelk/palak) চোখের পাতা; পলক। Eye-lid.

پلکان(পেল্লাকা'ন/ pellakăn) [پلهএর ব. ব./pl. of پله] সিঁড়ি/সোপানসমূহ। Stairs. Steps.

پلکی(পোল্কী/polki) এক প্রকার মিষ্টি রুটি। Palpebral.

پلکیدن(পালাকীদান্/ palakidan) কোন রকমে টেনেহেঁচড়ে চলা; টানাপোড়েনের মধ্যে জীবন কাটানো। To scratch along. To hang around.

پلمب(পোলোম্ব্/polomb) সীসা নির্মিত সীলমোহর। Lead seal. Plumb.

پلمه(পাল্মে/ palme) স্লেট; গৃহছাদ আস্তরণের জন্য বা লেখার জন্য সেলেট পাথরের ফলক। Slate.

پلنگ(পালাঙ্গ্/palang) চিতাবাঘ। Leopard. –پلنگ ماده মাদি চিতাবাঘ। Leopardess.

پلو(পোলোও/polow) পোলাও। Pilaw; dish of rice; chopped meat, vegetables and spices.

پله(পেল্লে/pelle) সিঁড়ি; সোপান; স্তর। Stair; step.

پله پله(পেল্লেপেল্লে/pelle-pelle) ধীরে ধীরে; ক্রমান্বয়ে। By degrees. –پ. رفتن (পাথর, বুলেট ইত্যাদির ক্ষেত্রে) মাটিতে পড়ে লাফিয়ে ওঠা; প্রতিহত হয়ে ফিরে আসা। To ricochet.

پلید(পালীদ্/palid) নাপাক; অপবিত্র; নোংরা। Unclean. –پ. کردن নোংরা/দূষিত/কলুষিত করা। To defile.

پلیدی(পালীদী/ palidi) অপবিত্রতা; নাপাকি; ময়লা; আবর্জনা। Uncleanness. Abomination.

پلیس(পোলিস্/ polis) পুলিশ; আইন-শৃঙ্খলা রক্ষার্থে নিয়োজিত সরকারী বাহিনী বা এর সদস্য। Police(man).

پلی کپی کردن (পোলি কাপী কার্দান্/ poli copi kardan) অনুরূপ/হুবহু কপি করা; কোন লেখা কাগজের অনেকগুলো কপি করা। To duplicate; stencil; manifold.

پناه(পানা'হ্/panăh) আশ্রয়; নিরাপদ আশ্রয়; নিরাপত্তা। Shelter. Refuge; asylum.

پناهگاه (পা.-গা'হ্/p.-găh) নিরাপদ আশ্রয়; নিরাপত্তার স্থান; আশ্রয়কেন্দ্র। Shelter.

پناهنده(পানা'হান্দে/panăhande) শরণার্থী; মোহাজের; উদ্বাস্তু। Refugee. –پ. شدن আশ্রয় নেওয়া; উদ্বাস্তু হওয়া। To seek refuge. To resort.

پنبه(পাম্বে/panbe) তুলা; কার্পাস তুলা। Cotton. Cotton-wool. –پنبهٔ فرنگی বীজাণুমুক্ত তুলা। Sterilized cotton. –پنبهٔ ناسوز অদাহ্য তুলা। Asbestos. –پنبهٔ هیدروفیل শোষণক্ষম তুলা। Absorbent cotton-wool. –پ. درگوش گذاشتن কানে তুলা দেওয়া; অন্যমনস্ক থাকা। To turn a deaf ear (to some one).

پنبه آب(পা.-অ'ব্/p.-ăb) চুনকামের গোলা, উজ্জ্বল সাদা বানানোর জন্য যা দিয়ে দেয়ালের ওপর প্রলেপ দেওয়া হয়। Whitewash.

پنبه ای(পাম্বেয়ী/ panbeyi) তুলার তৈরী; তুলার মত; নরম তুলতুলে। (Made of) cotton. Resembling cotton. Soft; mild.

پنبه پاك كن(পা.-পা'ক্ কোন্/ p.-pak-kon) তুলা থেকে বীজ ছাড়াবার যন্ত্র। Cotton-gin. Willow(ing-machine)

پنبه دانه(পা.-দা'নে/ p.-dăne) তুলাবীজ। Cotton-seed.

پنبه زن(পা.-যান্/ p.-zan) ধুনকার; তুলা ধুনকার। Cotton-beater.

پنج(পান্জ্/panj) পাঁচ। Five.

پنج انگشت(পা.-আঙ্গোশ্ত্/p.-angošt) পাঁচ আঙ্গুল (হাত বা পায়ের); পঞ্চদল বৃক্ষ। Five-leaved; chaste-tree.

پنجاه(পাঞ্জা'হ্/ panjăh) পঞ্চাশ। Fifty.
پنجاهم(পাঞ্জা'হোম্/panjăhom) পঞ্চাশতম। Fiftieth.
پنجاهمین(পাঞ্জা'হোমীন্/ panjăhomin) পঞ্চাশতম(টি)। The fiftieth.
پنج پر (পাঞ্জপার্/panjpar) ১/1)= پنج برگ ২/2) পঞ্চ পাপড়িবিশিষ্ট। Pentapetalous.
پنج پهلو(পা.-পাহ্লু/ p.-pahlu) পঞ্চভুজ বা পঞ্চকোণ (বিশিষ্ট)। Pentagon(al).
پنج تیر(পা.-তীর্/p.-tir) বন্দুক বা রাইফেল বিশেষ, যার ম্যাগাজিনে পাঁচটি কার্তুজ থাকে। Five-loader; five-cartridge magazine rifle.
پنجره(পাঞ্জারে/panjare) জানালা; জানালা প্রভৃতির গরাদ। Window. Grating.
پنج سطحی(পান্জ্ সাৎহী/panjsathi) = پنج وجهی
پنج شنبه(পা.-শাম্বে/p.-šanbe) বৃহস্পতি-বার। Thursday.
پنج ضلعی(পা.-যেল্ঈ/p.-zel'i)= پنج پهلو
پنجگانه(পা.-গা'নে/ p.-găne) পঞ্চ; পাঁচবার। (The) five.
پنجگی(পাঞ্জাগী/panjagi) জুতার যে অংশে আঙ্গুল ঢাকা পড়ে তার ওপর চামড়ার বহিরাচ্ছাদন। Toe-cap.
پنج گوشه/پنج گوش (পা.-গূশ্[শে]/ p.-guš[e]) পঞ্চকোণী; পঞ্চভুজ। Five-angled; pentagonal.
پنجم(পাঞ্জোম্/ panjom) পঞ্চম। Fifth.
پنجمی(পাঞ্জোমী/panjomi) পঞ্চমী;পঞ্চম। (The) fifth.
پنجمین(পাঞ্জোমীন্/panjomin) পঞ্চম(টি)। The fifth.
پنج وجهی(পাঞ্জ্ ভাজ্হী/ panj-vajhi) পাঁচকোণা বা পাঁচ মাথাবিশিষ্ট; পঞ্চভুজ। Pentahedral.
پنجول زدن (পাঞ্জূল্ যাদান্/ panjul zadan) (হাতের নখ দিয়ে কাউকে) আঁচড় দেওয়া। To scratch.
پنجه(পাঞ্জে/ panje) পাঞ্জা; হাত; হাতের পাঁচ আঙ্গুল; পশুপাখির পায়ের তীক্ষ্ণ নখর; থাবা। The hand; the five fingers. Claw.
پنجه ای(পাঞ্জেয়ী/panje'i) অঙ্গুলি সংক্রান্ত; হাতের পাঞ্জা সম্বন্ধীয়। Palmate; digitate.
پنجه بوکس(পান্জে বোক্স্/panje-box) মুষ্টিযুদ্ধে ব্যবহৃত বিশেষভাবে নির্মিত হ্যান্ডগ্লোব বা দাস্তানা। Knuckle-duster.
پنجه کلاغ(পা.-কালা'গ্ব/ p.-kalăğ) বন্য উদ্ভিদ; বন্য আঙ্গুর। Wild bryony; wild grape.
پنجه گرگی(পা.-গোর্গী/p.-gorgi) নেকড়ের থাবা। Wolf's claw.
پنجهٔ مریم(পাঞ্জেয়ে মারিয়াম্/panje-ye maryam) তীক্ষ্ণ গন্ধের ফুলবিশিষ্ট গাছ বিশেষ। Cyclamen.
پنج یک(পান্জ্ ইয়াক্/panj-yak) পাঁচের এক ভাগ; এক-পঞ্চমাংশ। Fifth part.
پند(পান্দ্/ pand) উপদেশ; প্রবচন। Counsel. Maxim. –پ. گرفتن উপদেশ নেওয়া। To take counsel. –پندی بصد تومان যে কোন মূল্যে সদুপদেশ। Good advice beyond all price.

پندار(পেন্দা'র্/pendăr) ১/1) চিন্তা; অনুমান; চিন্তাশক্তি। Thought. Imagination. Self-conceit. ২/2) [پنداشتن এর অনু./Imp. of پنداشتن]

پنداشتن(পেন্দা'শ্‌তান্/ pendaštan) [پندار] মনে করা; সত্য বলে ধরে নেওয়া। To suppose; imagine.

پنکه(পাঙ্কে/panke) বৈদ্যুতিক পাখা; পাঙ্খা। Punka(h); fan.

پنهان(পেন্‌হা'ন/ penhăn) গোপন; গুপ্ত; লুক্কায়িত। Hidden; secret.
–پ. شدن গোপন হওয়া; (নিজে নিজে) লুকিয়ে থাকা বা আত্মগোপন করা। To hide (oneself).
–پ. کردن/پ. داشتن গোপন করা; লুকিয়ে রাখা। To hide; conceal.

پنهانی(পেন্‌হা'নী/ penhăni) গোপন; লুক্কায়িত; গোপন অবস্থা। Concealment.

پنیر(পানীর্/ panir) পনির। Cheese.
–کرم. پ ক্ষুদ্র পরজীবী কীট বিশেষ যা পনিরে জন্ম নিয়ে থাকে। Cheese-mite.

پنیرتراش(পা.-তারা'শ্/ p.-tarăš) পনির কাটার যন্ত্রবিশেষ। Grater.

پنیرمایه(পা.-মা'ইয়ে/p.-măye) দুধ থেকে ছানা বের করার জন্য ব্যবহৃত এক প্রকার উপাদান। Rennet.

پنی سیلین(পেনিসিলিন্/penicilin) পেনিসিলিন। Penicillin.

پو(ی) (পূ[য়]/pu[y]) [پوییدن এর অনু./ Imp. of پوییدن]

پوتین(পূতীন্/ putin) বুট-জুতা। Boot.

پوچ(পূচ/ puč) নিষ্ফল; বিফল; বৃথা; শূন্য। Vain; futile. Empty.

پود.(পূদ্/pud) কাপড় তৈরির সময় বুননের জন্য (টানার বিপরীতে) ব্যবহৃত সূতা। Woof; weft.

پودر(পূদ্‌র্/pudr) পাউডার; চূর্ণ; গুঁড়া। Powder.

پودر دان(পূদ্‌র্ দা'ন্/pudr-dăn) পাউডার ও পাউডার মাখার পাফ্ রাখার কৌটা বিশেষ; আয়না ও প্রসাধন দ্রব্যাদি রাখার ক্ষুদ্র আধার। Vanity(-box). Puff-box.

پودنه(পূদ্‌নে/pudne) পুদিনা পাতা। Pennyroyal.

پور(পূর্/ pur)=پسر ছেলে; সন্তান। Son.

پوره(পূরে/ pure) আলু, কদু, ডাল ও সব্‌জি ইত্যাদি সমন্বয়ে তৈরী ঘণ্ট জাতীয় খাবার বিশেষ। Puree; mash.
–پورهٔ سیب زمینی আলু ঘণ্ট। Mashed potatoes.

پوز(ہ) (পূয্[যে]/puz[e]) চতুষ্পদ জন্তুর চোয়াল। Snout.

پوزه بند/پوزبند (পূয্[পূযে]বান্দ্/puz/ [puze]band) পশুর নাক ও মুখ বাঁধার ঘোণা; জালতি; মুখোশ। Muzzle.

پوزخند(পূয্‌খান্দ্/puzxand) [ব্যঙ্গাত্মক হাসি। Derogatory forلبخند].

پوزش(পূযেশ্/ puzeš) দুঃখ প্রকাশ; দুঃখ জ্ঞাপক অভিব্যক্তি; ক্ষমা বা মাফ (চাওয়া)। Apology; excuse.
–پ. خواستن ক্ষমা চাওয়া; দুঃখ প্রকাশ করা। To offer an apology.

پوزش پذیر(পূ.-পাযীর্/p.-pazir) দোষীর অনুশোচনা গ্রহণ করে যে দোষীকে ক্ষমা করে; ওযর বা কৈফিয়ত গ্রহণকারী। Forgiving.

پوساندن(পূসা'ন্দান্/pusăndan) পচানো; পচিয়ে ফেলা; নিঃশেষ করা। To cause to decay or rot. To wear out.

پوسانیدن (পূসা'নীদান/pusănidan)= پوساندن

پوست(পূস্ত্/ pust) চামড়া; ছাল; খোসা; আস্তর; ত্বক। Skin. Hide. Rind. Hull. Peel. Shell. –پ. انداختن চামড়া খসানো; খোলস ঝেড়ে ফেলা; দুঃসময়ের সম্মুখীন হওয়া। To moult. To have a hard time of it. –پ. بستن চামড়ায় ঢেকে যাওয়া; (ক্ষত স্থানের) মামড়ি। To skin over; scab. –پ. کندن খোসা ছড়ানো। To peel. –پوست بخارا মেষশাবকের ঈষৎ কুঞ্চিত লোমযুক্ত চামড়া; আস্ত্রাখান। Astrakhan. –پوست خام কাঁচা চামড়া; ফার ও পশমসমৃদ্ধ পশুর চামড়া। Raw hide; pelt. –پوست زخم মামড়ি পড়া; চর্মরোগ। Scab. –پوست سر মাথার ত্বক ও চুল; মাথার চামড়া। Scalp. –پوست مار সাপের পরিত্যক্ত খোলস। Slough (of a snake). –پ. واستخوان চর্মসার; হাড্ডিসার; নিচুমনা; কৃপণ। Skinny; bare-bone.

پوست تراش(পূস্ত্ তারা'শ্/ pust tarăš) যে ব্যক্তি পশুর চামড়া তোলে বা পরিষ্কার করে। Hide-dresser.

پوست رفته(পূস্ত্ রাফ্তে/pust rafte) (গায়ের চামড়া, হাত) ঘষে ঘষে ক্ষত সৃষ্টি হয়েছে এমন। Galled; chafed; raw.

پوست فروش(পূ.-ফোরূশ্/p.-foruš) চামড়া বিক্রেতা; চামড়া ব্যবসায়ী। Peltmonger; furrier.

پوست فروشی(পূ.-ফোরূশী/ p.-foruši) চামড়ার ব্যবসা। Furriery.

پوستک(পূস্তাক্/pustak) ছোট চামড়া; চামড়ার বাইরের স্তর। (Small) pelt. Cuticle.

پوست کلفت(পূস্ত্ কোলোফ্ত্/ pust-koloft) চামড়ামোটা; পুরু; মোটা চামড়া বিশিষ্ট; ধৈর্যশীল ব্যক্তি। Thick-skinned; pachydermous.

پوست کلفتی(পূ.-কোলোফ্তি/ p.-kolofti) (বিপদে) ধৈর্যশীলতা; চামড়া মোটা অবস্থা; অনুভূতি শূন্যতা। Impassiveness; insensibility.

پوست کن(পূ.-কান্/p.-kan) যে ব্যক্তি চামড়া ছাড়ায়। Flayer. Fleecer.

پوست کنده (পূ.-কান্দে/p.-kande) খোসা ছাড়িয়ে ফেলা হয়েছে এমন (ফল); খোলাখুলি। Peeled; shelled. Frankly.

پوسته (পূস্তে/puste) চামড়া; খুস্কি; কঠিন আস্তরণ; শক্ত আবরণ। Crust. Scale.

پوستی (পূস্তী/pusti) চামড়ার তৈরী; চামড়ার ন্যায়। Made of, or like, skin. –کاغذ پ. লেখার উপযোগী করে তৈরী করা পশুচর্ম; পার্চমেন্ট কাগজ। Parchment paper.

پوستین(পূস্তীন্/pustin) পশুর চামড়ার তৈরী আলখেল্লা বা জামা। Pelisse. –در پوستین کسی افتادن (কাউকে) গালমন্দ করা; দুর্নাম করা। To backbite someone.

پوسیدگی(পূসীদেগী/pusidegi) খারাপ হওয়া; ক্ষয়প্রাপ্তি; নষ্ট হয়ে যাওয়া; পচে

যাওয়া। Decay. Rottenness.
–پوسیدگی استخوان দন্ত, অস্থি প্রভৃতির ক্ষয়। Caries.

پوسیدن(পূসীদান্/ pusidan) [پوس] পচে যাওয়া; নষ্ট হওয়া; খারাপ হওয়া। To decay; rot. To wear out.

پوسیده(পূসীদে/puside) [پوسیدن এর ক্রি. বিণ./P.P. of پوسیدن] পচা; নষ্ট; ব্যবহারের অযোগ্য হয়েছে এমন। Decayed. Rotten. Putrefied.

پوش(পূশ্/puš) ১/1) [پوشیدن এর অনু./ Imp. of پوشیدن. ২/2) জল-অভেদ্য মোটা ক্যাম্বিস কাপড়; তেরপল। Tarpaulin.

پوشاك(পূশা'ক্/pušăk) পোষাক; পরিচ্ছদ; আবরণ। Clothing; wearing stuff.

پوشال(পূশা'ল্/ pušăl) ঠেসে ভরা; গোঁজা; বালিশ, গদি ইত্যাদির মধ্যে যা ভরা হয়; শুষ্ক খড়কুটা; কাঠের ছেঁচে ফেলা অংশ। Stuffing or packing (material).

پوشالی (পূশা'লী/pušăli) কাঠের ছেঁচে ফেলা অংশ; শুষ্ক খড়কুটা দিয়ে তৈরী হয়েছে এমন। Made of straw or dunnage. –دولت پ. পুতুল সরকার। Puppet government.

پوشاندن(পূশা'ন্দান্/pušăndan) [پوشان] পরিধান করানো; অঙ্গে ধারণ করানো; ঢাকা। To cause to wear; clothe. To cover.

پوشانیدن (পূশা'নীদান/pušănidan)= پوشاندن

پوشش(পূশেশ্/pušeš) ঢিলা কোট বিশেষ; আবরণ। Covering. Mantle.

پوشنده(পূশান্দে/pušande) যে পরিধান করে; গোপনকারী। Wearer. Concealer.

پوشه(পূশে/puše) ভাঁজ করা যায় এমন; পর্দা; ফাইল। Folder; flat file.

پوشیدن(পূশীদান্/ pušidan) [پوش] আবৃত করা; ঢাকা; পরিধান করা। To wear. To put on. To cover.

پوشیده(পূশীদে/pušide) [پوشیدن এর ক্রি. বিণ./P.P. of پوشیدن] পরিহিত; আবৃত; গোপনকৃত। Covered. Concealed. –پ. داشتن গোপন রাখা। To keep secret.

پوشینه(পূশীনে/pušine) মস্তকাবৃত বস্তু; ক্যাপসুল। Capsule.

پوك(পূক্/puk) ফাঁপা; শূন্যগর্ভ; ফাঁকা; বোবা; কালা। Hollow. Deaf, as a nut. –پ. کردن ফাঁকা করা; গুহা বা গহ্বর তৈরি করা; ফুঁক দেওয়া। To hollow. To cave. –پوكهٔ زغال سنگ তাপ প্রয়োগের দ্বারা পাথুরে কয়লা থেকে গ্যাস বের করে নেওয়ার পর যে হালকা অমসৃণ পদার্থ অবশিষ্ট থাকে; কোক কয়লা। Coke.

پول(পূ'ল্/ pul) অর্থ; টাকাকড়ি। Money. –پول چای বখ্‌শিশ্; চা-পানির পয়সা। Tip; drink-money. –پول کاغذی কাগজের টাকা। Paper money. –پولش را باید بدهید তোমাকে এর দাম অবশ্যই দিতে হবে। You must pay for it.

پولاد(পূলা'দ্/pulăd)=فولاد ইস্পাত; স্টীল। Steel.

پولادگر(পূ.-গার্/p.-gar) ইস্পাতসামগ্রী প্রস্তুতকারক। Steel manufacturer.

پولادسازی(পূ.-সা'যী/p.-săzi) ইস্পাতের কারখানা; স্টীল মিল। Steel manufacture. : کارخانهٔ پ

پولادین/پولادی(পূলা'দী[ন]/pulădi[n]) স্টীলের তৈরী; ইস্পাতের তৈরী. মজবুত। (Made of) steel. Hard.

پولدار(পূল্দা'র্/puldăr) সম্পদশালী; বিত্তবান; ধনী। Wealthy.

پولک(পূলা'ক্/pulăk) পোষাক ইত্যাদিতে অলংকার হিসাবে সেলাই করা রূপা ইত্যাদির ক্ষুদ্রাকার চাকতি; চুমকি। Sequin; spangle. Fishscale. –پولک فنری সন্ধি বা জয়েন্ট অথবা স্ক্রু আঁটার জন্য ধাতু, প্লাস্টিক, রাবার বা চামড়ার ছোট চ্যাপটা আংটি বা বলয়; ওয়াশার। Lock washer; spring washer.

پولکی (পূলাকী/pulaki) অর্থলোলুপ; অর্থ পিশাচ! Venal.

پولی(পূলী/puli) অর্থ বা মুদ্রা সম্বন্ধীয়; আর্থিক; মুদ্রা সম্পর্কিত। Monetary. Pecuniary.

پوماد(পোমা'দ্/pomăd) সুবাসিত মলম বিশেষ; কেশরাগ। Pomade; pomatum; ointment.

پوند(পোন্দ্/ pond) পাউন্ড স্টার্লিং; ব্রিটিশ মুদ্রার একক। Pound; sterling.

پونز(পূনেয্/punez) পিন; আলপিন; কাঁটা; চ্যাপটা মাথাওয়ালা পিন। Drawing-pin.

پونه(পূনে/ pune) = پودنه

پویا(পূয়া'/ puyă) অনুসন্ধানী; পরিপূরক। Searching. پ. شدن তল্লাশী করা; সন্ধান করা; পশ্চাৎগামী হওয়া। To search; run (after).

پوینده(পূইয়ান্দে/puyande) অন্বেষী; অনুসন্ধানী। Searcher.

پوییدن(পূয়ীদান্/ puyidan) [پوی] তল্লাশী করা; সন্ধান করা। To search.

پهلو(পাহ্লূ/pahlu) পার্শ্ব; পাঁজর; পার্শ্বাঙ্গ। Side. Flank. – پ. به پ. পাশাপাশি; একই সাথে। Side by side –(در) پهلوی .... نشستن (কারো) পাশে বসা; কাছে ঘেঁষে বসা। To sit by the side of.
–از پهلوی کسی رد شدن কারো পাশ দিয়ে চলে যাওয়া। To go past someone. –پ. گرفتن জেটিতে জাহাজ বেঁধে রাখা; নোঙ্গর করা। To berth, as a ship.

پهلوان(পাহ্লাভা'ন্/pahlavăn) পাহ্লোয়ান; বীর। Hero; champion.

پهلوانانه(পাহ্লাভা'না'নে/ pahlavanăne) বীরের মতো; বীরোচিত। Like a champion. Heroically.

پهلوان پنبه(পাহ্লাভা'নে পাম্বে/pahvăne panbe) দেখতে বিরাট অথচ ভেতরে ফাঁকা এমন লোক; মূল্যহীন লোক। Cardboard cavalier; man of straw.

پهلوان کچل(পা.-কাচাল্/p.-kačal) পুতুল নাচের লম্বা নাকবিশিষ্ট চরিত্র; জোকার। Punchinello.

پهلوانی (পাহ্লাভা'নী/ pahlavăni) মল্লক্রীড়া বা মল্লক্রীড়াবিদ সম্বন্ধীয়; বীরত্ব; বীরত্বপূর্ণ। Athletic strength or game. Heroic.

پهلوی(পাহ্লাভী/pahlavi) পাহলভী। Pahlavi. –زبان پ. পাহলভী ভাষা।

Pahlavi language. –سلسله پ. পাহলভী রাজবংশ। Pahlavi Dynasty.

پهلویی(পাহ্লূয়ী/pahluyi) পরবর্তী; নিকটতম; পরেরটা। Next; situated next.

پهن(পাহ্ন্/ pahn) চওড়া; প্রশস্ত। Wide; broad. Flat. –پ. شدن প্রশস্ত হওয়া; চওড়া হওয়া; বিস্তৃত হওয়া বা ছড়িয়ে পড়া। To widen or flatten. To spread. –پ. کردن প্রশস্ত করা। To spread. To flatten or widen.

پهن(পেহেন্/ pehen) পশুর মল, বিশেষত গোবর যা জমিতে সাররূপে ব্যবহার করা হয়। Dung.

پهنا(পাহ্না'/pahnă) প্রস্থ; প্রশস্ততা; বিস্তৃতি। Width; breadth. Expanse.

پهناور(পাহ্না'ভার্/pahnăvar) বিস্তৃত; ব্যাপক; বিশাল। Extensive; wide.

پهنک(পাহ্নাক্/ pahnak) ফিতা; পাতার চওড়া অংশ। Tape. Limb.

پهنه(পাহ্নে/pahne) আয়তন; অঙ্গন; ময়দান। Area. Race ground.

پهنی(পাহ্নী/pahni) প্রস্থ; প্রশস্ততা; নির্দিষ্ট প্রস্থবিশিষ্ট কোন বস্তু; পরিসর। Width; breadth.

پی(পেই/pey) মস্তিষ্ক ও শরীরের অন্য সকল অংশের মধ্যে অনুভূতি ও উদ্দীপনা পরিবাহী কোষ; স্নায়ুকোষ; পা। Nerve. Sinew. Heel. Foot. –پی بردن به কেউ আছে, ছিল অথবা কোনো ঘটনা ঘটেছে এ ধরনের আলামত, চিহ্ন ইত্যাদি বুঝতে পারা। To trace. To penetrate into. –پی کردن কোন বিশেষ উদ্দেশ্যে কারো পশ্চাদানুসরণ করা; পেছনে লেগে থাকা। To pursue. –پی گم کردن খেই হারিয়ে ফেলা। To lose the track. –پی کسی فرستادن কারো কাছে পাঠানো। To send for some one. –در پی পর; পেছনে। After; on thé track of. –در پی چیزی گشتن কোন কিছু অনুসন্ধান করা। To look for something; search after it.

پیاپی(পেইয়া'পেই/peyăpey) = پی در پی

پیاده(পিয়া'দে/piyăde) পদব্রজে; পায়ে হেঁটে। On foot. Pedestrian. – سرباز پیاده পদাতিক (সৈন্য)। Infantryman. –پ. شدن অবতরণ করা; (বাহন থেকে) নিচে আসা। To dismount; alight. To land. To get off. – پ. کردن (গাড়ি ইত্যাদি থেকে) নামানো। To put down; drop.

پیاده پا(পি.-পা'/ p.-pă) হেঁটে; পায়দল। On foot. –سرباز پیاده پا পদাতিক সেনা। Foot-soldier.

پیاده رو(পি.-রোও/p.-row) ফুটপাথ; পায়ে চলার পথ। Pavement; sidewalk; footpath.

پیاده نظام(পি.-নেযা'ম্/p.-nezăm) পদাতিক বাহিনী। Infantry.

پیاز(পিয়া'য্/piyăz) পেঁয়াজ। Onion. Bulb.

پیازچه(পি.-চে/p.-če) ছোট পেঁয়াজ। Spring onion.

پیاله(পিয়া'লে/piyăle) পেয়ালা; বাটি; গামলা। Cup. Bowl.

پیامبر(পায়া'ম্বার্/ payămbar) = پیغمبر

پی بر(পেইবার্/peybar) ঘোড়ার দৌড় প্রতিযোগিতায় যে ঘোড়া প্রথম স্থান ছাড়া অন্য কোন স্থান অধিকার করে। Horse winning any other prize than the first.

پی بندی(পেইবান্দী/peybandi) (দেয়াল ইত্যাদির নিচে) কংক্রিট বা পাথরের আলম্ব নির্মাণ করা; ঠেসান দেওয়া। Underpinning. –پ. کردن প্রাচীরের ভিত্তি শক্ত করা। To underpin (a wall).

پیپ(পীপ্/pip) মধ্যে ফাঁকা এমন গোলাকার বস্তু, যার মধ্য দিয়ে তরল পদার্থ বা গ্যাস প্রবাহিত হতে পারে; (তামাক খাওয়ার) পাইপ। Pipe.

پیت(পীৎ/pit) বড় আকারের ড্রাম বা টিন যার মধ্যে তেল বা অন্যান্য জিনিষ রাখা যায়। Large tin.

پیجامه(পীজা'মে/pijăme) পাজামা। Pyjamah(s).

پی جویی(পেই জূয়ী/pey juyi) অনুসন্ধান; তালাশ। Search. –پ. کردن অনুসন্ধান করা; তালাশ করা। To search.

پیچ(পীচ্/pič) পাক; বাঁক; স্ক্রু; পেঁচালো; কোঁকড়ানো; বাঁকানো। Twist; turn. Curl. Curve. Screw. –پیچ در بشکه সাধারণত কাঠ, রাবার, (বা প্লাস্টিকের) বড় ছিপি, কর্ক; ড্রামের ছিপি। Bung. –پیچ سربطری ছিপি খোলার যন্ত্র, কর্ক। Cork-screw. –پیچ شبدر কাঁপা বা কম্পমান হওয়া। Dodder. –پیچ لامپا মোমবাতি, লণ্ঠন, প্রদীপ প্রভৃতির সলিতা; সলতে। Wick-winder. –پیچ وخم আঁকাবাঁকা; চড়াই-উৎরাই। Meanders. –پ. ومهره নাট-বল্টু; সমস্ত কাজ হাতের মুঠোয় থাকা। Bolt and nut. –پ. خوردن (রাস্তার) মোড়যুক্ত হওয়া; ঘুরে যাওয়া; মোচড় খাওয়া। To turn (The corner). –پ. دادن বাঁকিয়ে দেওয়া; মুচড়িয়ে দেওয়া; পেঁচ দেওয়া। To twist. To wind. To turn. To screw.

پیچ(পীচ্/ pič) [پیچیدن এর অনু./Imp. of پیچیدن].

پیچاپیچ(পীচাপীচ্/ pičăpič) আঁকাবাঁকা; উঁচু-নিচু; চড়াই-উৎরাই। Meandrous. Winding. Spiral.

پیچازی(পীচাযী/pičăzi) স্কটল্যান্ডের পাহাড়ীদের গলদেশে পরার দীর্ঘ পশমী বস্ত্র বিশেষ; সতরঞ্চির কাপড়। Plaid; checkered.

پیچان(পীচা'ন্/pičăn) ১/1) (তার, সুতা ইত্যাদি) পেঁচিয়ে গুটি করা বা কোন কিছুর চারদিকে পেঁচানো। Winding; twisting ২/2) [پیچاندن এর অনু./Imp. of پیچاندن]

پیچاندن (পীচা'ন্দান্/pičăndan) পেঁচিয়ে নেওয়া; পেঁচানো। To twist. To wind. To distort.

پیچانیدن(পীচা'নীদান/picănidan)= پیچاندن

پیچ پیچ(পীচ্পীচ্/pičpič) = پیچاپیچ

پیچ خوردگی(পী.-খোর্দেগী/ p.-xordegi) পাক খাওয়া; মোচড় খাওয়া; পেঁচিয়ে গেছে এমন অবস্থা। Contortion. Twist. Strain.

پیچ خورده(পী.-খোর্‌দে/p.-xorde) মোচড়ানো/পেঁচানো হয়েছে এমন। Contorted. Twisted. Strained.

پیچدار (পী.-দা'র্‌/p.-dăr) পেঁচযুক্ত। Twisted. Screwed.

پیچ در پیچ(পী.-দার্‌-পী.-/p.-dăr-p.-) জটিল; কুটিল; দুর্গম; দুর্বোধ্য; কূট। Intricate; complicated.

پیچش(পীচেশ্‌/ pičeš) বক্রতা; জটিলতা। Gripes. Tenesmus.

پیچک(পীচাক্‌/pičak) সুতা, তার ইত্যাদি জড়ানোর লাটিম বা নাটাই; চিরহরিৎ লতা বিশেষ; মহিলাদের চুলের খোঁপা। Bobbin. Ivy. Bindweed. Tendril.

پیچ و تاب(পীচ্‌-ও-তা'ব্‌/pič-o-tăb) নিজের চার পাশে কোন কিছুর ঘূর্ণন; আঁকা-বাঁকা; দুঃখ-কষ্ট। Kinks and twists. Curls and plaits.

پیچ و دنده(পী.-ও-দান্দে/p.-o-dande) খাঁজ কাটা স্ক্রু; মূ. অ. স্ক্রু ও খাম। Endless screw.

پیچه(পীচে/piče) মুসলমান মহিলাদের কালো রংয়ের অবগুণ্ঠন; কালো নেকাব। Black veil used by Moslem women wishing to cover their faces from men's views. –پ. زدن নেকাব পরিধান করা। To put on a veil; cover one's face.

پیچیدگی(পীচীদেগী/pičidegi) পেঁচানো অবস্থা; জটিলতা। Contortion; twist. Warp.

پیچیدن(পীচীদান্‌/pičidan) [پیچ] পেঁচানো; মোচড়ানো। To wind. To wrap. To twist.

پیچیده(পীচীদে/pičide) [پیچیدن এর ক্রি. বিণ./P.P. of پیچیدن] পেঁচযুক্ত; পাকিয়ে যাওয়া বা পাকানো; কুঞ্চিত। Wrapped. Rolled.

پیدا(পেয়দা'/peydă) দৃষ্টিগ্রাহ্য; দৃষ্টিগোচর; দৃশ্যমান; প্রত্যক্ষ। Visible; apparent. Evident. –پ. شدن দৃশ্যমান হওয়া; প্রাপ্ত হওয়া; খুঁজে পাওয়া। To be found. –پ. کردن প্রকাশ করা; স্পষ্ট করা; খুঁজে পাওয়া। To find. To earn.

پیدازا(পে.-যা'/p.-ză) ফুল ও প্রকৃত বীজ উৎপাদক। Phanerogamous. –گیاه پ. ফুল ও প্রকৃত বীজ উৎপাদক গাছ। Phanerogam.

پیدایش(পেয়দা'য়েশ/peydăyeš) অস্তিত্বমান হওয়া; বিদ্যমানতায় আসা; সৃষ্টি হওয়া। Coming into existence; genesis.

پی در پی(পেই দার্‌ পেই/pey-dar-pey) পর পর; একের পর এক; অবিরামভাবে। Successive(ly). Continuous(ly).

پیر(পীর্‌/pir) বৃদ্ধ; পীর; পুরনো; বয়স্ক ব্যক্তি। Old; aged. Old person. –پ. شدن বৃদ্ধ হওয়া। To grow old.

پیرا(ی)(পিরা'[য়]/piră[y]) [پیراستن এর অনু./Imp. of پیراستن].

پیرار سال (পীরার্‌ সা'ল/pirăr săl) দু'বছর আগে; গত বছরের আগের বছর। Year before last.

پیراستن(পীরা'স্তান্‌/pirăstan) [پیری] পরিপাটি করে সাজগোছ করা; সুবিন্যস্ত হওয়া; ফিটফাট হওয়া। To trim (off); dress up, to decorate.

پیراسته(পীরা'স্তে/pirăste) অলংকৃত; ভূষিত; শোভিত; পরিশোভিত। Trimmed. Decorated.

پیرامون(পীরা'মূন্/pirămun) প্রত্যন্ত অঞ্চল; প্রান্তদেশ; আশপাশ; বিষয়। Perimeter. Skirt. Environs. -پیرامون در پیرامون সম্পর্কে; বিষয়ে। About; on the subject of.

پیراهن(পীরা'হান্/pirăhan) শার্ট; জামা। Shirt. -پیراهن خواب নৈশবাস; নাইট গাউন। Night shirt; night gown.

پیراهن دوز(পী.-দূয্/p.-duz) জামা প্রস্তুতকারক; দর্জি। Shirt-maker.

پیراهنی(পীরা'হানী/pirăhani) জামার (কাপড়); জামা সম্বন্ধীয়। Shirting.

پیرایش(পীরা'য়েশ্/pirăyeš) ১/1) সাজগোজ; অঙ্গসজ্জা। Trimming. ২/2)= آرایش

پیرایه(পীরা'ইয়ে/pirăye) গহনা; অলংকার; সাজসজ্জা; অলংকরণ। Ornament; decoration. -بچیزی پ. بستن কোন কিছু সুন্দর করা; অলঙ্কৃত করা; চুমকি বসানো। To ornament or embellish something.

پیرزن(পীর যান্/pir zan) বৃদ্ধা মহিলা। Old woman.

پیرو(পেইরোও/peyrow) অনুসারী; সমর্থক; শিষ্য; অনুচর। Follower; disciple.

پیروز(পীরূয্/piruz) বিজয়ী; বিজেতা; বিজয়দৃপ্ত। Victorious. -پ. شدن بر বিজয়ী হওয়া; পরাজিত করা। To gain a victory; defeat.

پیروزمند(পী.-মান্দ্/p.-mand) বিজয়দীপ্ত; বিজয়ী। Victorious.

پیروزه(পীরূযে/piruze)= فیروزه

پیروزی(পীরূযী/piruzi) জয়; বিজয়। Victory. -پ. یافتن বিজয় অর্জন করা। To gain a victory.

پیروی(পেইরাভী/ peyravi) অনুগমন; অনুসরণ; আনুগত্য। (Act of) following. -پ. کردن অনুসরণ করা। To follow; [পরে از যুক্ত হলে/[with از] সঙ্গে যাওয়া; পালন করা। To go by; observe.

پیره زن(পীরে যান্/pirezan) = پیرزن

پیرهن (পীরাহান্/ pirahan) =پیراهن

پیری(পীরী/ piri) বৃদ্ধকাল; বার্ধ্যক্য। Old age.

پی ریزی(পেই রীযী/pey rizi) গোড়াপত্তনের কাজ; ভিত্তি স্থাপনের কাজ। Foundation work. -پ. کردن ভিত্তি স্থাপন করা। To lay the foundation (of).

پیزر(পীযোর্/pizor) শুকনা খড়, বিচালি; দূর্বা। Rush. Padding; dunnage. -پ. لای پالان کسی گذاشتن চাটুকারিতার মাধ্যমে কারো ওপর কোন বোঝা চাপানো। To load (or stuff) some one with flattery.

پیزُری(পীযোরী/pizori) হালকা-পাতলা, ফিনফিনে (বস্ত্র); ঠুনকো; দুর্বল; নাজুক; ক্ষণস্থায়ী। Rushy. Flimsy; frail.

پیستون(পীস্তোন্/piston) ইঞ্জিন বা পাম্পে ব্যবহৃত একটি ফাঁপা নলের মধ্যে আর একটি ফাঁপা নলের ওঠানামা; পিস্টন। Piston.

پیسه (পীসে/pise) কুষ্ঠরোগ; ক্ষুদ্র (বিশেষত গোল) দাগ। Alphosis. Leprosy. Spot. -پ. سرکسی در آوردن কাউকে (সাধারণত কথার মাধ্যমে) মানসিকভাবে

নির্যাতন করা; রুক্ষ আচরণ করা। To give some one a hard time; ballyrag some one.

پیسی (পীসী/pusi)= پیسه

پیش(পীশ্/ piš) সম্মুখ; উপস্থিতি; অগ্রবর্তী; অগ্রগামী; ইতিপূর্বে; পূর্বে। Front. Presence. Forward; ahead. Before; formerly. Ago. –یک ماه پ. এক মাস পূর্বে। A month ago. –شب پ. আগের রাতে। The night before. –پ. از این ইতোপূর্বে। Before this. –پ. از آنکه او برود তিনি চলে যাওয়ার পূর্বে। Before he goes. –پ. آمدن সামনে আসা; সম্মুখবর্তী হওয়া। To come forward. –پ. آوردن সম্মুখের দিকে নিয়ে আসা। To bring forward. –پ. افتادن অগ্রবর্তী হওয়া; উন্নতি করা; অগ্রগামী হওয়া। To advance; progress. –پ. بردن জিতে নেওয়া; জয় লাভ করা। To win. –پ. رفتن উন্নতির দিকে যাওয়া; এগিয়ে যাওয়া। To advance. –پ. خود নিজের কাছে। By oneself.

پیش(পীশ্/piš) স্বরধ্বনি বোঝাবার জন্য চিহ্ন বিশেষ (ـُ) পেশ। The vowel-point (ـُ).

پیشاب(পীশা'ব্/pišăb) প্রস্রাব; মূত্র; পেশাব। Urine.

پیشاب آور(পী.-অ'ভার্/ p.-ăvar) প্রস্রাব আনয়নকারী। Uretic. –داروی پ. প্রস্রাব সৃষ্টিকারী ওষুধ। Diuretic.

پیشاب دان(পী.-দা'ন্/p.-dăn) মূত্রাধার। Urinal.

پیشاب راه(পী.-রাহ্/p.-răh) মূত্রনালী। Urethra.

پیشاب سنج(পী.-সান্‌জ্/p.-sanj) মূত্র পরিমাপক (যন্ত্র)। Urinometer.

پیشاب شناسی(পী.-শেনা'সী/p.-šenăsi) মূত্র সম্বন্ধীয় বিদ্যা। Urinology.

پیشابی(পীশা'বী/pišăbi) মূত্র সম্বন্ধীয়। Urinous; urinary; uric.

پیشاپیش(পীশা'পীশ্/pišăpiš) আগে আগে; পূর্বাহ্নে; (অনেক) আগে। Beforehand; in anticipation. (Far) before.

پیش آگهی(পী.-অ'গাহী/p.-ăgahi) (পূর্ব) বিজ্ঞপ্তি; পূর্ব সতর্কীকরণ। (Previous) notice. Forewarning.

پیشامد(পীশা'মাদ্/pišămad) উদ্ভূত পরিস্থিতি; গুরুত্বপূর্ণ ঘটনা; জরুরী অবস্থা। Circumstance(s); Event. Emergency. –پ. کردن ঘটানো; আবির্ভূত করা; উদ্ভূত হওয়া। To occur; arise. –دستخوش پ. উদ্ভূত পরিস্থিতির সম্মুখীন হয়েছে এমন; পরিস্থিতির শিকার। Adrift; at the mercy of circumstances.

پیشامدگی(পীশা'মাদেগী/ pišămadegi) প্রক্ষেপণ; অভিক্ষেপণ; বহির্বর্তন। Projection. Saliency. –پ. داشتن প্রদর্শন করা; উপস্থাপন করা। To project.

پیشامده(পীশা'মাদে/pišămăde) অভিক্ষিপ্ত; বাইরে প্রসারিত বা উদ্বিগ্ন। Projecting. Salient. Sticking out.

پیش اندیش(পীশ্ আন্দীশ্/piš andiš) দূরদর্শী; ভবিষ্যত চিন্তক। Provident.

پیش اندیشی(পী.-আন্দীশী/ p.-andiši) ভবিষ্যত চিন্তা; দূরদর্শিতা। Forethought.

پیشانی(পীশা'নী/pišăni) কপাল; ললাট। Forehead.

پیشانی بند(পী.-বান্দ্/p.-band) (অলংকার স্বরূপ মাথায় জড়ানো বা চুল বাঁধার) ফিতা। Fillet.

پیشانی گشاده(পী.-গোশা'দে/ p.-gošăde) অকপট; মনখোলা; সরল। Candid; ingenuous.

پیشانی نوشت(পী.-নেভেশ্‌ৎ/p.-nevešt) ভাগ্যলিপি; তকদীর; নিয়তি। Predestination.

پیشاهنگ (পীশা'হাঙ্গ্/ pišăhăng) অগ্রপথিক; দলনেতা; অগ্রসৈনিক। Leader of a flock, file, etc. Pioneer.

پیشاهنگی(পীশা'হাঙ্গী/ pišăhangi) অগ্রবর্তী হওয়া; দলপতির কাজ; স্কাউট প্রশিক্ষণ। Scouting. Scout training. –پیشاهنگی پسران বয়স্কাউট; স্কাউট দলের বালক সদস্য। Boy scouts. –پیشاهنگی دختران গার্লগাইড; স্কাউট দলের বালিকা সদস্যা। Girl guides.

پیش بخاری(পীশ্ বোখা'রী/piš boxări) আলোক বিচ্ছুরণের জন্য গ্যাসবাতির শিখার চারপাশে স্থাপিত ফিতার ন্যায় ধাতব আবরণ; ম্যানটেল। Mantle-piece cloth. [آهن پ. বোঝাতে/For آهن پ.] লোহার তৈরী আলোক/অগ্নি বিচ্ছুরক। Fender; fireguard.

پیش بر(পী.-বার/p.-bar) প্রথম বিজয়ী; অগ্রগামী। First winner.

پیش بند(পী.-বান্দ্/ p.-band) পোশাক পরিষ্কার রাখার জন্য দেহের সামনের অংশ ঢেকে রাখার ঢিলা বস্ত্র বিশেষ; বীব। Apron. Pinafore; bib.

پیش بندی(পী.-বান্দী/p.-bandi) নিবারণ; নিরোধ; প্রতিরোধ। Prevention; providing against.

پیش بها(পী.-বাহা'/p.-bahă) বায়না; পরবর্তী সময়ে কী ঘটবে তার নিদর্শন-স্বরূপ প্রাথমিক কার্য। Earnest (-money).

پیش بین(পী.-বীন্/p.-bin) ভবিষ্যত চিন্তক; দূরদর্শী। Provident.– آدم پ. দূরদর্শী লোক। Provident person.

پیش بینی(পী.-বীনী/ p.-bini) ভবিষ্যদ্বাণী করা; পূর্বাভাস। Foresight; forecast; anticipation. –پ. کردن আগাম জানানো; ঘটতে পারে এমন কিছু সম্বন্ধে আগেই মন্তব্য করা; পূর্বাভাস দেওয়া। To foresee; anticipate. –پ. نشده ভবিষ্যদ্বাণী করা হয়নি এমন; অনুমান বা বরাদ্দ করা হয়নি এমন। Unforeseen.

پیش پا افتاده(পীশে পা' ওফতা'দে/ pise-pă oftăde) গতানুগতিক; বৈশিষ্ট্যহীন; আলুথালু। Commonplace; platitudinous.

پیش پرداخت(পীশ্ পার্দা'খ্ত্/piš pardăxt) অগ্রিম (অর্থ); অগ্রিম প্রদান। Advance (money); payment in advance.

پیش پرده(পী.-পার্দে/p.-părde) নাটকের দুই অংকের মধ্যবর্তীকালে অভিনেয় ক্ষুদ্র নাটিকা; সঙ্গীতানুষ্ঠান প্রভৃতি। Interlude; entresmes.

پیش پیش(পী.-পী.-/p.-p.-)= پیشاپیش

پیشتاب(পীশ্তা'ব্/pištăb) পিস্তল। Pistol.

پیشتاز(পীশতা'য্/pištăz) অগ্রপথিক; অগ্রণী। Pioneer; vanguard.

پیش تخته(পী.-তাখ্তে/p.-taxte) =پیشخوان

پیشتر(পীশ্তার্/ pištar) পূর্বে; ইতোপূর্বে; আরো সামনে। Formerly. Farther ahead.

پیشخدمت(পী.-খেদ্মাৎ/p.-xedmat) রেস্তোরাঁ, হোটেল, খাবার ঘর ইত্যাদি স্থানের পরিচারক/পরিবেশক/ খেদমতগার। Waiter; garcon; ferash.

پیش خرید(পী.-খারীদ্/p.-xarid) অগ্রিম ক্রয়। Forward purchasing. -پ.کردن ক্রয়ের জন্য অগ্রিম মূল্য প্রদান করা। To buy in advance.

پیشخوان(পী.-খা'ন্/p.-xăn) ব্যাংক; দোকান অথবা কোন প্রতিষ্ঠানের কাউন্টার; যে টেবিলে বা যে স্থানে লেনদেন চলে। Counter.

پیشخور(পী.-খোর্/p.-xor) বেতনের সম্পূর্ণ টাকা বা এর আংশিক আগাম নিয়ে খরচ করা। Received or used up in advance. -پ.کردن সময় হবার আগেই (কিছু) করা বা ব্যবহার করা; বেতনের টাকা অগ্রিম তুলে খরচ করে ফেলা। To Anticipate; use up in advance.

پیش دامن(পী.-দা'মান্/p.-dăman) পোশাক পরিচ্ছন্ন রাখার জন্য দেহের সামনের অংশ ঢেকে রাখার ঢিলা বস্ত্র বিশেষ। Apron. Pinafore.

پیش در آمد(পী.-দার্ অ'মাদ্/p.-dar ămad) কোন কাজ, ঘটনা ইত্যাদির উপক্রমণিকাস্বরূপ অন্য কোন কাজ, ঘটনা ইত্যাদি; প্রস্তাবনা। Prelude; overture.

پیشدستی(পী.-দাস্তী/p.-dasti) কোন কাজে অন্যের চেয়ে অগ্রগামী থাকার প্রচেষ্টা; ফল ও মিষ্টান্ন পরিবেশনের জন্য থালা। Anticipation. Dessert plate.

پیشرس(পী.-রাস্/p.-ras) যে ব্যক্তি নির্ধারিত বা যথাসময়ের পূর্বে পৌঁছে। Early; precocious.

پیشرفت(পী.-রাফ্ৎ/p.-raft) অগ্রগতি; প্রগতি; উন্নতি। Progress; advance. -پ.کردن অগ্রগতি করা। To make progress.

پیشرفتگی(পীশ্রাফ্তেগী/pišraftegi) অগ্রগতি; অগ্রসর অবস্থা। Advanced state; advancement.

پیشرفته(পীশ্রাফ্তে/pišrafte) অগ্রসর; উন্নত। Advanced. Jutting.

پیشرو(পীশ্‌রোও/pišrow) অগ্রদূত; অভিযাত্রী। Forerunner. Pioneer.

پیشروی(পীশ্‌রাভী/pišravi) অগ্রগতি; অগ্রসর হওয়া। Advance. –ب. کردن অগ্রগতি অর্জন করা; অগ্রগামী হওয়া। To advance.

پیش ساحل(পীশ্‌ সা'হেল্‌/piš-sǎhel) সাগর তটের যে অংশে চাষাবাদ ইত্যাদি করা হয়; অগ্রতট। Foreshore.

پیش سینه(পী.-সীনে/p.-sine) বুকের ওপর জামার মাড় দেওয়া অংশ; জামা পরিস্কার রাখার জন্য শিশুদের বুকে ঝুলিয়ে রাখার কাপড়। Shirt-front; plastron.

پیش فاکتور(পী.-ফা'ক্‌তোর্‌/p.-fǎktor) যে চালানে প্রেরিত পণ্যের মূল্য উল্লেখ করা হয়, কিন্তু তা পরিশোধের জন্য অনুরোধ করা হয় না; দস্তুরি চালান। Pro forma invoice.

پیش فروش(পী.-ফোরূশ্‌/p.-foruš) পণ্যাদি অগ্রিম বিক্রি। Forward sale; short sale. –ب. کردن অগ্রিম বিক্রি করা। To sell in advance.

پیش فنگ(পী.-ফাঙ্গ্‌/p.-fang) রাইফেল নিয়ে বিশেষ কায়দায় সামরিক অভিবাদন; রাইফেলকে মাটি থেকে তুলে বিশেষ নিয়মে বাম কাঁধ ও হাতের উপর রাখা। Present arms.

پیش قدم(পী.-গ্বাদাম্‌/p.-ğadam) অগ্রবর্তী; উদ্যোগী; অভিযাত্রী। Leader; initiator; pioneer. –ب. شدن (কোন কাজে) অগ্রবর্তী হওয়া। To take the lead.

پیش قراول(পী.-গ্বারা'ভোল্‌/p.-ğarǎvol) অতর্কিত হামলার বিরুদ্ধে রক্ষণ ব্যবস্থা হিসাবে সেনাদল প্রভৃতির অগ্রগামী অংশ। Advance guard; vanguard.

پیش قسط(পী.-গ্বেস্ত্‌/p.-ğest) (মূল্য বা ঋণ পরিশোধ সম্বন্ধে) প্রথম কিস্তি। First instalment.

پیش قطار(পী.-গ্বাতা'র্‌/ p.-ğatǎr) উষ্ট্র কাফেলার প্রথম উট; সৈন্য কাফেলার প্রথম সারির লোক। Limber.

پیشکار(পী.-কা'র/p.-kǎr) যে ব্যক্তি অন্যের প্রতিনিধিত্ব করে কিংবা কারো প্রতিনিধি স্বরূপ ব্যবসা চালায়। Agent. Steward. Majordomo.

پیش کرایه (পী.-কোরা'ইয়ে/p.-kerǎye) অগ্রিম ভাড়া; সেলামী। Advance(d) freight.

پیشکش(পী.-কেশ্‌/p.-keš) (উপহার ইত্যাদি হিসাবে) প্রদত্ত; উপহার; বখশীশ। Given as a present. –ب. کردن ছোট বা বড়দের খেদমতে কোন হাদিয়া উপস্থাপন করা। To make a present of.

تعطيل (তা-তীল্/ ta'til) ছুটি; অবকাশ; বন্ধ করা বা হওয়া। Holiday; vacation.

تعظيم (তা-যীম্/ta'zim) সম্মান; শ্রদ্ধা। Homage; reverence.

تعفن (তাআফ্‌ফোন/taaffon) দুর্গন্ধ; পূতিগন্ধময়তা। Fetidness.

تعقل (তাআগ্বগ্বোল্/taağğol) উপলব্ধি; বোধ। Reasoning; intellection.

تعقيب (তা-গ্বীব্/ta'ğib) অনুসরণ; পশ্চাদ্ধাবন। Pursuance; following.

تعقيد (তা-গ্বীদ্/ta'ğid) জটিলতা; অর্থের দুর্বোধ্যতা। Abstruseness. Obscurity of meaning.

تعلق (তাআল্লোগ্ব/taalloğ) সম্বন্ধ; সম্পর্ক। Belonging. Attachment.

تعلل (তাআল্লোল্/taallol) গড়িমসি করা; অজুহাত দেখানো। Making excuses. Procrastination.

تعلم (তাআল্লোম্/ taallom) শিক্ষা গ্রহণ। Learning; being taught.

تعليق (তা-লীগ্ব/ ta'liğ) ঝুলিয়ে রাখা; সাময়িক বরখাস্ত; স্থগিত করা। Suspension. Abeyance.

تعليل (তা-লীল্/ta'lil) কারণ ব্যাখ্যা করা। Explaining the causes of.

تعليم (তা-লীম্/ ta'lim) জ্ঞান দান; শিক্ষা দান। Teaching. Instruction.

تعمد (তাআম্মোদ্/ taammod) ইচ্ছাকৃত কিছু করা। Acting intentionally.

تعمداً (তাআম্মোদান্/taammodan)= قصداً/ دانسته

تعمق (তাআম্মোগ্ব/taammoğ) গভীর চিন্তা। Deep thinking.

تعميد (তা-মীদ্/ta'mid) খ্রীস্ট ধর্মানুযায়ী কোন ব্যক্তিকে পবিত্র বারি দ্বারা অভিসিঞ্চন। Baptism.

تعمير (তা-মীর্/ta'mir) মেরামত। Repair.

تعميرگاه(তা.-গা'হ্/t.-gǎh) মেরামত কাজের কারখানা; ওয়ার্কশপ। Repair-shop; workshop.

تعميق(তা-মীগ্ব/ta'miğ) প্রগাঢ় করা; গভীর করা। Sounding. Deepening.

تعميم (তা-মীম্/ta'mim) সর্বজনীন বা সম্প্রসারিত করা। Generalization.

تعنت (তাআন্নোৎ/taannot) খুঁত ধরা; ছিদ্রান্বেষণ। Fault-finding.

تعويذ(তা-ভীয্/ta'viz) তাবিজ; রক্ষাকবচ। Amulet.

تعويض (তা-ভীয্/ta'viz) স্থলাভিষিক্ত করা; বদলানো। Replacement.

تعويق (তা-ভীগ্ব/ ta'viğ) বিলম্বিত করা; মুলতবি রাখা। Putting off.

تعهد (তাআহ্হোদ/taahhod) প্রতিশ্রুতি; অঙ্গীকার। Commitment. Guarantee.

تعيش (তাআইয়োশ/taayyoš) আমোদ-প্রমোদের সাথে জীবন যাপন। Living in pleasure.

تعيين (তা-য়ীন্/ta'yin) স্থির করা; নির্দিষ্ট বা নির্ধারণ করা; কর্মে নিযুক্ত করা। Appointment. Fixing. Ascertainment.

تغابن (তাগ্বা'বোন্/tağăbon) ক্ষতিগ্রস্ত হওয়া; প্রতারিত হওয়া। Being cheated.

تغار (তাগ্বা'র্/tağăr) বারকোশ; কেঠো; মাটির বড় গামলা। Kneading-trough. Deep earthen pan.

تغافل (তাগ্বা'ফোল্/tağăfol) অমনোযোগিতার ভান করা; শৈথিল্য; তাচ্ছিল্য প্রদর্শন। (Feigning) negligence.

تغذی (তাগ্বায্যী/tağazzi) খাওয়া; আহার করা। Nourishment.

تغذيه (তাগ্বযিয়ে/tağziye) খাদ্য দিয়ে পুষ্টি বিধান করা; খাওয়ান। Nourishing.

تغزل (তাগ্বায্যোল্/tağazzol) গজল গীতি; প্রেমের বন্দনামূলক গান গাওয়া বা কবিতা আবৃত্তি করা। Singing love poem.

تغير(তাগ্বাইয়োর্/tağayyor) ক্রোধান্বিত হওয়া; ঘৃণামিশ্রিত ক্রোধ। Getting angry. Indignation.

تغيير (তাগ্বয়ীর্/tağyir) বদল; পরিবর্তন। Change; alteration. –ت. پذير পরিবর্তনক্ষম। Changeable. –ت. ناپذير অপরিবর্তনীয়। Unchangeable.

تف (তোফ্/tof) থুথু; লালা। Spittle; sputum.

تفاخر(তাফা'খোর্/tafăxor) পরস্পর গৌরব দেখানো; আত্মগৌরব। Vying with each other in glory. Self-glorification.

تفاريق(তাফা'রীগ্ব/tafăriğ)= اقساط / دفعات

تفاصيل (তাফা'সীল/tafăsil) [تفصيل এর ব.ব./pl. of تفصيل]

تفاضل (তাফা'যোল্/tafăzol) পার্থক্য; পরস্পর বড়াই দেখানো। Difference. Fluxion.

تفأل (তাফা-ওল/tafa"ol) ভবিষ্যৎ কথন; ভাগ্য গণনা। Divination; augury.

تفاله (তোফালে/tofăle) পরিত্যক্ত। Refuse.

تفاوت (তাফা'ভোৎ/tafăvot) পারস্পরিক পার্থক্য; তফাৎ। Difference.

تفاهم (তাফা'হোম্/tafăhom) পরস্পর বোঝাপড়া; পারস্পরিক সমঝোতা। Mutual understanding.

تفت(তাফ্ৎ/taft) মালির ফুল তোলার ঝুড়ি। Gardener's wicker basket.

تفتيش (তাফ্তীশ্/taftiš)= بازرسی অনুসন্ধান। Inspection.

تفحص (তাফাহ্হোস্/tafahhos) সূক্ষ্ম তদন্ত; অনুসন্ধান। Minute research.

تفخیم(তাফ্খীম্/tafxim) সম্মান দেখানো। Honouring.

تفرج (তাফার্রোজ্/tafarroj) চিত্তবিনোদন; আনন্দময় পদচারণা। Recreation. Walking for pleasure.

تفرجگاه(তা.-গা'হ্/t.-ğăh) প্রমোদোদ্যান; বিনোদনকেন্দ্র। Place for recreation.

تفرّق (তাফার্রোগ্ব/tafarroğ) বিচ্ছিন্ন হওয়া; বিক্ষিপ্ততা। Separation; dissipation.

تفرقه (তাফ্রেগ্বে/tafreğe) অনৈক্য; বিচ্ছিন্নতা। Disunion; dispersion.

تفریح (তাফ্রীহ্/tafrih) আনন্দ; আমোদ-প্রমোদ; বিনোদন। Recreation; diversion.

تفریحی (তাফ্রীহী/tafrihi) আনন্দময়; বিনোদনমূলক। Intended for fun. Recreative.

تفریط (তাফ্রীৎ/tafrit) অপব্যয়; বাড়াবাড়ি। Wasting; dissipation.

تفریق (তাফ্রীগ্ব/tafriğ) বিচ্ছেদ; বিচ্ছিন্ন করা; বিক্ষিপ্ত করা। Subtraction.

تفسیر(তাফ্সীর্/tafsir) [ব.ব./pl.تفاسیر] ব্যাখ্যা; ভাষ্য। Comment(ary). Interpretation.

تفصیل(তাফ্সীল্/tafsil) [ব.ব./pl. تفاصیل] পুঙ্খানুপুঙ্খ বর্ণনা। Detailed account.

تفضّل (তাফায্যোল্/tafazzol) অনুগ্রহ; সাহায্য; দয়া। Favour; grace.

تفضیلی (তাফ্যীলী/tafzili) তুলনামূলক মাত্রা। Comparative.

تفقد (তাফাগ্বগ্বোদ্/tafağğod) সমবেদনা; সমবেদনার উদ্দেশ্যে খোঁজ-খবর নেওয়া। Sympathy. Kindness.

تفکر (তাফাক্কোর্/tafakkor) [ব.ব./pl. تفکرات] ধ্যান; কল্পনা; চিন্তা। Meditation; reflection.

تفکیک (তাফ্কীক্/tafkik) আলাদা আলাদা করা; বিচ্ছিন্ন করা। Separation. Breakdown.

تفنگ (তোফাঙ্/tofang) বন্দুক। Rifle; gun.

تفنن (তাফান্নোন্/tafannon) বিনোদন; হাস্যরস; কৌতুক। Diversion; amusement.

تفو (তোফূ/tofu) থুথু। Fie.

تفوق (তাফাভ্ভোগ্ব/tafavvoğ) প্রাধান্য; শ্রেষ্ঠত্ব। Supremacy.

تفویض (তাফ্ভীয্/tafviz) অর্পণ; সমর্পণ: ন্যস্ত করা। Handing over. Abdication. Submission.

تفهم (তাফাহ্হোম্/tafahhom) হৃদয়ঙ্গম করা; ধীশক্তি। Understanding.

تفهیم (তাফ্হীম্/tafhim) বোঝানো। Causing to understand.

تقابل (তাগ্বা'বোল্/tağăbol) পরস্পর মুখোমুখি হওয়া; সামনাসামনি হওয়া। Oppositeness. Encounter.

تقارب (তাগ্বা'রোব্/tağărob) সমকেন্দ্রিকতা; পারস্পরিক নৈকট্য। Convergence.

تقارن (তাগ্বা'রোন্/tağăron) পারস্পরিক সংযোগ; মিলন। Conjunction.

تقاص (তাগ্বা'স্/tağăs) খুনের জরিমানা বা বদলা নেওয়া। Vengeance.

تقاضا (তাগ্বা'যা/ tağăză) দাবী; প্রার্থনা; আহ্বান; নিবেদন। Demand. Application. Request.

تقاطع (তাগ্বাতো-/tağăto') প্রতিচ্ছেদ; ক্রসিং। Intersection.

تقبل کردن (তাগ্বাব্বোল্ কার্দান্/

tağabbol kardan) গ্রহণ করা। To accept; undertake.

تقبیح (তাগ্বীহ্/tağbih) দোষ দেওয়া; নিন্দা করা। Disapproval; condemning.

تقدس (তাগ্বাদ্দোস্/tağaddos) পবিত্রতা; সাধুতা। Holiness; sanctity.

تقدم (তাগ্বাদ্দোম্/tağaddom) অগ্রাধিকার; অগ্রবর্তিতা। Priority; precedence.

تقدیر (তাগ্বদীর্/tağdir) ভাগ্য; নিয়তি; বিধি; স্বীকৃতিমূলক প্রশংসা। Destiny; fate. Appreciation.

تقدیرنامه (তা.-না'মে/t.-năme) উৎসাহ প্রদানমূলক প্রশংসাপত্র। Letter of commendation.

تقدیس (তাগ্বদীস্/tağdis) পবিত্রকরণ। Sanctification.

تقدیم (তাগ্বদীম্/tağdim) উপস্থাপন; পেশ করা; অর্পণ। Presentation; offering.

تقرب (তাগ্বার্‌রোব্/tağarrob) নৈকট্য; সান্নিধ্য। Access; approach.

تقریب (তাগ্বরীব্/tağrib) (গুণ, অবস্থান বা সংখ্যায়) কাছাকাছি; নিকটে আগমন; নিকটবর্তিতা। Approximation.

تقریباً (তাগ্বরীবান্/tağriban) প্রায়; কাছাকাছি; আনুমানিক। Nearly; almost.

تقریر (তাগ্বরীর্/tağrir) বর্ণনা; বক্তৃতা; আবৃত্তি। Utterance. Recital. –ت. کردن বর্ণনা করা; আবৃত্তি করা। To assert. To recite.

تقریظ (তাগ্বরীয্/tağriz) প্রশংসাসূচক মন্তব্য; মুখবন্ধ। Commendation; foreword.

تقسیط (তাগ্বসীৎ/tağsit) ঋণ পরিশোধে কিস্তি ব্যবস্থা। Arrangement for payment by instalments.

تقسیم (তাগ্বসীম্/tağsim) বণ্টন; অংশীকরণ; ভাগ-বাঁটোয়ারা। Division. Distribution. Share.

تقصیر (তাগ্বসীর্/tağsir) দোষ; ভুল; অপরাধ। Guilt; fault.

تقطیع (তাগ্বতী-/tağti') ছন্দের রীতি অনুযায়ী কবিতার পংক্তি ভাগ করা। Scansion.

تقلا (তাগ্বাল্লা'/tağallă) সংগ্রাম; প্রতিকূল অবস্থার মধ্যে কঠোরভাবে চেষ্টা করা। Struggle; effort.

تقلب (তাগ্বাল্লোব্/tağallob) অসাধুতা; প্রতারণা। Dishonesty; fraud.

تقلید (তাগ্বলীদ্/tağlid) অনুকরণ; (ধর্মীয় নেতার) অনুসরণ। Imitation. Following (a religious leader).

تقلیل (তাগ্বলীল্/tağlil)= کاهش হ্রাস। Diminution; reduction.

تقنین (তাগ্বনীন্/tağnin) আইন প্রণয়ন করা। Legislation.

تقوی (তাগ্বভা'/tağvă) ধর্মানুরাগ; সংযমশীলতা; খোদাভীরুতা। Virtue; piety.

تقویت (তাগ্বভিয়াৎ/ tağviyat) দৃঢ়ীকরণ; শক্তিশালী করা। Strengthening; fortification.

تقویم (তাগ্বভীম্/tağvim) পঞ্জিকা। Calendar.

تقی (তাগ্বী/tağï) পুং বাচক নাম। মূ. অ. পুণ্যবান; সংযমশীল। Mas. pr. name. OS. Virtuous or pure.

تقیه (তাগ্বিয়্যে/tağiyye) প্রকৃত অবস্থা গোপন করে চলা। Dissimulation.

تک(তাক্/tak) দৌড়; দৌড়ান। Running; run.

تک(তাক্/tak) একা; একাকী; একক। Single; lone. Unique.

تگ (তাগ্/tag)= تک

تک (তোক্/tok)= نوك

تکاپو (তাকা'পু/takăpu) অনুসন্ধান করা; খোঁজাখুঁজি। Search. Running about.

تکاثر (তাকা'সোর্/takăsor) প্রাচুর্য। Being numerous.

تکافو (তাকা'ফু/takăfu) পর্যাপ্ততা। Sufficiency.

تکالیف (তাকা'লীফ/ takălif) [تکلیف এর ব.ব./ pl. of تکلیف].

تکامل(তাকা'মোল্/takămol) পর্যায়ক্রমিক পূর্ণতা প্রাপ্তি; বিবর্তন প্রক্রিয়া। Gradual perfection or development. Evolution.

تکان (তাকা'ন্/takăn) ঝাঁকি; নাড়া; ধাক্কা; নড়াচড়া। Shake. Movement.

تکاندن (তাকা'ন্দান্/takăndan) ঝাঁকি; ধাক্কা দেওয়া; নাড়া দেওয়া। To shake(down or off).

تکبر (তাকাব্বোর্/takabbor) অহংকার; ঔদ্ধত্য। Pride; haughtiness.

تک تک (তাক্ তাক্/tak tak) এক এক করে; পৃথক পৃথকভাবে। One by one; separately.

تکثر (তাকাস্সোর্/takassor) প্রাচুর্য। Abounding.

تکثیر (তাক্সীর্/taksir) বৃদ্ধি করা। Increasing.

تکدر (তাকাদ্দোর্/takaddor) মনক্ষুণ্ণতা; বিষাদ। Being offended; offence.

تکدی (তাকাদ্দী/takaddi)= گدایی

تکذیب (তাক্যীব্/takzib) মিথ্যা প্রতিপন্ন করা; প্রত্যাখ্যান। Denial.

تکرار(তেক্রা'র্/tekrăr) পুনরুক্তি; পুনরাবৃত্তি। Repetition.

تکرر (তাকার্রোর্/takarror) পুনর্বার হওয়া; পুনরুক্ত হওয়া। Being repeated. Frequency.

تکریم (তাক্রীম্/takrim) শ্রদ্ধা; সম্মান করা। Honour(ing).

تکفل (তাকাফ্ফোল্/takaffol) ভরণ-পোষণের নিশ্চয়তা; দায়িত্ব নেওয়া; পৃষ্ঠপোষকতা। Guaranteeing; undertaking.

تکفیر (তাক্ফীর্/takfir) অবিশ্বাসী সাব্যস্তকরণ; ধর্মীয় সম্প্রদায় থেকে বহিষ্কৃত করা। Excommunication.

تکلم (তাকাল্লোম্/takallom) কথোপকথন; কথন। Speaking; conversation.

تکلیف (তাক্লীফ্/taklif) দায়িত্ব; স্কুলের অনুশীলন(বাড়ির কাজ)। Duty. School exercise.

تکمله (তাক্মেলে/takmele) সম্পূরক; সম্পূরণী; পরিশিষ্ট। Complement. Codicil.

تکمیل (তাক্মীল্/takmil) সমাপ্তি; সম্পূর্ণকরণ; সমাপন। Completion. –ت. کردن সম্পূর্ণ করা। To complete.

تکون (তাকাভ্ভোন্/takavvon) অস্তিত্ব লাভ। Coming into existence.

تکوین (তাক্ভীন্/takvin) সৃষ্টি করা; অস্তিত্ববান করা। Bringing into existence.

تکه (তেক্কে/tekke) টুকরা। Piece –ت. ت. کردن টুকরা টুকরা করা। To tear to pieces.

تیکه(তীকে/tike) = **تکه**

تکه (তাক্‌কে/takke) পাঁঠা, ছাগল। He-goat.

تکیه (তেকিয়ে/tekye) অবলম্বন; হেলান দেওয়া বা ঠেস দেওয়া। Leaning. Support.

تکیه گاه (তা.-গা'হ্/t.-gǎh) অবলম্বন; উপস্তম্ভ। Support. Fulcrum.

تگرگ (তাগারগ্/tagarg) শিলাবৃষ্টি। Hail.

تل (তাল্[ল্]/tal[l]) পাহাড়; টিলা। Hill.

تلاش (তালা'শ্/talǎš) অনুসন্ধান; সংগ্রাম; আপ্রাণ চেষ্টা। Search. Struggle.

تلاشی (তালা'শী/talǎši) ধ্বংস; বিনাশ; ছিন্নভিন্ন হওয়া। Dispersion.

تلاطم (তালা'তোম্/talǎtom) ঢেউয়ের সংঘাত। Dashing.

تلافی (তালা'ফী/talǎfi) ক্ষতিপূরণ; পুষিয়ে নেওয়া। Retaliation. Recompense. –ت . کردن ক্ষতি পুষিয়ে দেওয়া। To recompense.

تلاقی (তালা'গ্বী/talǎgi) (নদীর) মিলিত প্রবাহ; সংযোগ সাক্ষাৎ। Confluence; meeting.

تلاوت(তেলা'ভাৎ/telǎvat) কুরআন শরীফ পাঠ। Reading or chanting (the Qoran).

تلبیس (তাল্‌বীস্/talbis) জাল করা; প্রতারণা; ভণ্ডামি; কপটতা। Imposture. Disguise. Hypocrisy.

تلحین (তাল্‌হীন্/talhin) স্বর/ধ্বনি/সুর নিয়ন্ত্রণ। Modulation.

تلخ(তাল্‌খ্/talx) তিক্ত; দুঃখপূর্ণ। Bitter.

تلخ کام(তা.-কা'ম্/t.-kǎm) দুঃখী(মানুষ); পীড়িত। Disappointed; afflicted.

تلخی (তাল্‌খী/talxi) তিক্ততা। Bitterness.

تلخیص (তাল্‌খীস্/talxis) সংক্ষিপ্ত করা। Summarization.

تلذذ (তালায্‌যোয/talazzoz) উপভোগ করা; স্বাদ গ্রহণ; আস্বাদন। (Taking) pleasure.

تلطف (তালাত্‌তোফ/talattof) অনুগ্রহ; করুণা; দয়ার্দ্রতা। Kindness; favour.

تلطیف (তাল্‌তীফ্/taltif) পরিশোধন বা মার্জিত করা। Making fine or pure.

تلف (তালাফ্/talaf) [ব.ব./pl. تلفات] নষ্ট; ধ্বংস; প্রাণহানি। Loss; casualty. Wasting.

تلفظ (তালাফ্‌ফোয্/talaffoz) উচ্চারণ। pronunciation. –ت . کردن উচ্চারণ করা। To pronounce.

تلفن (তেলেফোন্/telefon) টেলিফোন। Telephone. –ت . کردن/ت . زدن টেলিফোন করা। To telephone.

تلفن چی (তে.-চী/t.-či) টেলিফোন অপারেটর। Telephone operator.

تلفنی (তেলেফোনী/telefoni) টেলিফোন যোগে। Telephonic.

تلفیق(তাল্‌ফীগ্ব/talfiğ) একত্র করা; সমন্বিত করা; সুবিন্যস্ত করা। Putting together; composing.

تلقی کردن (তালাগ্বগ্বী কারদান/talağği kardan) গ্রহণ/বরণ করা; সাক্ষাৎ করা। To receive or meet.

–. خوب ت ভালভাবে গ্রহণ/মূল্যায়ন করা। To take in good part.

تلقیح (তাল্ঘীহ্/talğih) পরাগায়ন; টিকা দান। Pollination. Inoculation.

تلقین (তাল্ঘীন্/talğin) উপদেশ; শিখিয়ে দেওয়া; বুঝিয়ে দেওয়া। Suggestion. Inculcation. Prompting.

تلگراف(তেলেগ্রা'ফ্/telegrăf) টেলিগ্রাফ; তারবার্তা। Telegraph.

تلگرافا (তেলেগ্রা'ফান্/telegrăfan) টেলিগ্রাফযোগে। By telegraph.

تلگرافچی (তে.-চী/t.-či) টেলিগ্রাফ অপারেটর। Telegraph operator.

تلگراف خانه (তে.-খা'নে/t.-xăne) টেলিগ্রাফ অফিস। Telegraph office.

تلگرافی (তেলেগ্রা'ফী/telegrăfi) টেলিগ্রাফ সম্পর্কিত; তারবার্তা সম্পর্কিত। Telegraphic.

تلمبه (তোলোম্বে/tolombe) পাম্প। Pump.

تلمبه چی (তো.-চী/t.-či) পাম্প চালক। Pumpman.

تلمبه خانه (তো.-খা'নে/t.-xăne) পাম্প ঘর। Pumphouse.

تلمذ (তালাম্মোয/talammoz) শাগরীদী; ছাত্রত্ব; শিষ্যত্ব। Discipleship. Pupilship.

تلمیح (তাল্মীহ্/talmih) পরোক্ষভাবে কোন কিছুর উল্লেখ। Allusion.

تلمیذ(তাল্মীয্/talmiz)= شاگرد ছাত্র; শাগরিদ; শিষ্য। Pupil. Disciple.

تلو تلو خوردن(তেলাও তোলও খোরদান্/telaw telaw xordan) মাতলামি বা দুর্বলতার কারণে রাস্তা দিয়ে হাঁটার সময় ডানে বামে টলমল করে চলা; স্খলিতচরণে দাঁড়ান বা চলা। To stagger. To totter.

تلویح (তাল্ভীহ্/talvih) ইঙ্গিত করা। (Making a) hint.

تلویحًا (তাল্ভীহান্/talvihan) ইঙ্গিত স্বরূপ; ইঙ্গিতে। Implicitly.

تلویزیون (তেল্ভীযিয়োন্/telvizyon) টেলিভিশন। Television.

تله (তালে/tale) ফাঁদ। Trap.

تله موش (তা.-মূশ্/t.-muš) ইঁদুর ধরার ফাঁদ। Mouse-trap.

تمارض (তামা'রোয্/tamăroz) ভান; অসুস্থতার ভান। Feigning illness.

تماس (তামা'স্/tamăs) সংস্পর্শ; যোগাযোগ। Contact.

تماشا (তামা'শা'/tamăšă) দৃশ্যাবলী দেখা; বিনোদন; দর্শনীয় স্থানাদি দর্শন। Sightseeing. Spectacle.

تماشاچی (তা.-চী/t.-či) দর্শক। Spectator; looker-on.

تماشا خانه (তা.-খা'নে/t.-xăne) নাট্যশালা। Theatre.

تماشایی (তামা'শা'য়ী/tamăšayi) দর্শনীয়। Worth seeing.

تمام (তামা'ম্/tamăm) সম্পূর্ণ; সমাপ্ত। Whole. Complete. –ت. شدن সম্পূর্ণ হওয়া। To be finished. –ت. کردن সম্পূর্ণ করা; শেষ করা। To finish; complete.

تمامًا (তামা'মান্/tamăman) সম্পূর্ণরূপে। Entirely; completely.

تمامی(তামা'মী/tamămi) সম্পূর্ণ; পরিপূর্ণ। The whole.

تمایل (তামা'য়োল/tamǎyol) নম্রতা; ঝোঁক; প্রবণতা। Inclination.
تمبر (তাম্বর্/tambr) স্ট্যাম্প; ডাকটিকেট। Stamp.
تمتع (তামাত্তো-/tamatto') উপভোগ; ভোগ করা। Enjoyment. Fruition.
تمثال (তেম্সা'ল/temsǎl) প্রতিকৃতি; প্রতিমূর্তি। Portrait; effigy.
تمثل (তামাস্‌সোল্/tamassol) প্রবাদের উদ্ধৃতি দেওয়া। Citing a proverb.
تمجید (তাম্জীদ্/tamjid) আল্লাহ্ তা'আলার মহিমা কীর্তন; মাহাত্ম্য বর্ণনা। Praise.
تمدن (তামাদ্‌দোন্/tamaddon) কৃষ্টি; সভ্যতা। Civilization.
تمدید (তাম্দীদ্/tamdid) বর্ধিত করা। Extension.
تمر (তাম্র্/tamr) তেঁতুল। Tamarind.
تمرد (তামার্‌রোদ/tamarrod) অবাধ্যতা; বিদ্রোহ; একগুঁয়েমি। Disobedience. Rebellion.
تمرکز (তামার্কোয্/tamarkoz) কেন্দ্রিকতা; কেন্দ্রীকরণ। Centralization. Concentration.
تمرین (তাম্রীন্/tamrin) [ব.ব./pl. تمارین/تمرینات অনুশীলন। Exercise; drill.
تمساح (তেম্সা'হ্/temsǎh) কুমির। Crocodile.
تمسخر (তামাস্‌খোর্/tamasxor) ঠাট্টা; পরিহাস; ভাঁড়ামি। Ridicule.
تمسک (তামাস্‌সোক্/tamassok) দৃঢ়ভাবে ধারণ; অঙ্গীকারপত্র; বন্ড। Obligation; bond. ت. کردن দৃঢ়ভাবে ধারণ করা। To take hold of.
تمشک(তামেশ্‌ক্/tamešk) এক প্রকার লাল বা হলুদ ফল। Raspberry.
تمشیت (তাম্শিয়াত্/tamšiyat) ব্যবস্থা করা; চালু করা। Managing. Promoting.
تمکن (তামাক্‌কোন্/tamakkon) আর্থিক সামর্থ্য। Financial ability.
تمکین ((তাম্কীন্/tamkin) রাজপ্রতাপ; বিভূতি; মহিমা; উৎকর্ষ। Sedateness; gravity; dignity.
تملق (তামাল্লোগ্ব/tamalloğ) মিষ্ট বাক্য; তোষামোদ; প্রেমালাপ। Flattery.
تملک (তামাল্‌লোক্/tamallok) মালিকানা গ্রহণ। Taking possession.
تملیک (তাম্লীক্/tamlik) মালিকানা দান; স্বত্ব দান। Vesting possessory.
تمنّا(তামান্না'/tamannǎ) আকাঙ্ক্ষা; ইচ্ছা; অনুরোধ। Desire; wish. Request.
تموز (তামূয্/tamuz) ইয়াহুদী বর্ষপঞ্জীর মাস (জুন-জুলাই)। Jewish and Syriac month (June-July).
تمهید (তাম্হীদ্/tamhid) প্রস্তুত করা; সুবিন্যস্ত করা; ভূমিকা; অবতরণিকা। Arrangement. Manoeuvre. Introduction.
تمیز (তামীয্/ tamiz) প্রভেদ, ফারাক; পার্থক্য। Discernment. Distinction.
تن (তান্/tan) (দেহ; শরীর; ব্যক্তি (জন)। Body. Person.
تن (তান্/tan) [تنیدن এর অনু./Imp. of تنیدن]
تن (তোন্/ton) টন (ওজন)। Ton.
تنازغ (তানা'যো-/tanǎzo') কলহ; বিবাদ; দ্বন্দ্ব; বিরোধ। Struggle; dispute.

تن آسا(ی)(তান্ অ'সা'[য়]/tan ăsă[y]) বিলাসী; সহজেই আরাম-আয়েশের বশীভূত হয় এমন। Self-indulgent.

تناسب (তানা'সোব্/tanăsob) সম্বন্ধ; সম্পর্ক; মিল। Proportion. Ratio; symmetry.

تناسخ (তানা'সোখ্/tanăsox) মৃত্যুর পর আত্মার দেহ পরিবর্তন; পুনর্জন্ম। Metempsychosis.

تناسخی(তানা'সোখী/tanăsoxi) পুনর্জন্মে বিশ্বাসী। Metempsychosist.

تناسل (তানা'সোল্/tanăsol) প্রজনন। Reproduction.

تنافر (তানা'ফোর্/tanăfor) পারস্পরিক ঘৃণা। Mutual aversion.

تناقض (তানা'ঘোয্/tanăğoz) পারস্পরিক বৈপরীত্য। Contradiction.

تناوب (তানা'ভোব্/tanăvob) পর্যায়ক্রমিক; পালাক্রমে। Alternation. Intermittence.

تناور (তানা'ভার্/tanăvar) স্থূলকায়; মাংসল; বড়; মোটা; শক্তিশালী। Corpulent; big.

تناول کردن (তানা'ভোল্ কারদান/ tanăvol kardan)= خوردن

تنباکو (তাম্বা'কূ/tanbăku) তামাক। Tobacco.

تنبان (তোন্‌বা'ন্/tonbăn) কোমর থেকে হাঁটুর নীচ পর্যন্ত পরিধেয় ঢিলা পায়জামা বিশেষ। Loose breeches.

تنبک (তোন্‌বাক্/tonbak) তবলা। One-headed long (orchestral) drum.

تنبل (তাম্বাল্/tanbal) অলস। Lazy.

تنبلی(তাম্বালী/tanbali) অলসতা। Laziness.

تنبور (তাম্বুর্/tanbur) তানপুরা; বীণা জাতীয় তারের বাদ্যযন্ত্র। (Kind of) guitar or lute.

تنبول (তাম্বূল্/tanbul) পানপাতা। Betel.

تنبه (তানাব্‌বোহ্/tanabboh) সচেতন হওয়া; সতর্কীকরণ। Being roused. Admonition.

تنبیه(তাম্বীহ্/tanbih) ভর্ৎসনা; শাস্তি দেওয়া; তাগাদা দেওয়া। Punishment. Note.

تن پرور (তান্ পার্‌ভার্/tan parvar) আরাম-আয়েশপ্রিয়। Self-indulgent. Voluptuous.

تنخواه(তান্‌খা'হ্/tan-xăh) পুজিঁ; মূলধন; বেতন বাবৎ প্রদেয় অর্থের বরাদ্দ। Funds.Capital.

تند (তোন্‌দ্/tond) দ্রুত; রূঢ়; কড়া। Quick. Harsh. Pungent.

تند باد (তো.-বা'দ্/t.-băd) ঘূর্ণিঝড়। Hurricane.

تند خو (তো.-খূ/t.-xu) বদমেজাজী। Hot-tempered.

تندر (তোনদার্/tondar)=رعد মেঘবিদ্যুতের গর্জন; বজ্রনিনাদ। Thunder.

تندرست (তান্‌দোরোস্‌ত্/tandorost) স্বাস্থ্যবান। Healthy.

تندرستی (তান্‌দোরোস্তী/ tandorosti) সুস্বাস্থ্য। Good health.

تندرو (তোন্দ্ রোও/tond row) গতিশীল; দ্রুতগামী; চরমপন্থী; উগ্র। Swift in walking. Extravagant. Ultraprogressive.

تندروی(তো.-রাভী/ t.-ravi) নির্ভীকতা; দ্রুতগামিতা; অত্যধিক প্রগতিশীলতা। Extravagance. Excessive progressiveness.

تندکن (তো.-কোন্/t.-kon) যন্ত্রের গতিনিয়ন্ত্রক কৌশল; বেগবর্ধক। Accelerator.

تندمزاجی (তো.-মেযা'জী/t.-mezaji) কড়া মেজাজ। Hot temper.

تند و تیز (তো.-ও-তীয্/ t.-o-tiz) কড়া; ঝাল; উগ্র; চটপটে। Purgent. Hot-tempered; harsh.

تند و کند کن (তো.-ও-কোন্দ্ কোন্/t.-o-kond kon) গতিনিয়ন্ত্রক। Speed-regulator.

تنده (তোন্দে/tonde) অতিশয় ঢালু; দুরারোহভাবে ঢালু। Steep slope. Steep.

تندی (তোন্দী/tondi) দ্রুততা; গতি; ক্ষীপ্রতা; উগ্রতা; বদমেজাজ। Rapidity; speed. Harshness.

تندیس (তান্দীস্/ tandis) ছবি; ভাস্কর্য; মূর্তি। Image.

تنزل (তানায্যোল্/tanazzol) পতন; অবতরণ; অধঃপতন। Decline. Retrogradation. Fall.

تنزیب (তান্যীব্/tanzib) সূক্ষ্ম বস্ত্র বিশেষ; জামা তৈরির সূক্ষ্ম ও মোলায়েম বস্ত্র বিশেষ। Tanjib; netting.

تنزیل (তান্যীল্/tanzil) বাট্টা; পূর্ণ মূল্য থেকে কিছু পরিমাণ ছাড়; সুদ; মুনাফা নিচে অবতরণ করানো। Discount. Interest. Sending down.

تنزیه (তান্যীহ্/tanzih) পবিত্র করা। Purifying.

تنسیق(তান্সীগ্ব/ tansiğ) শৃঙ্খলা বিধান। Regulating.

تنسیف (তান্সীফ্/ tansif) সমান দু'ভাগে ভাগ করা। Bisection. Dividing in halves.

تنطق (তানাত্তোগ্ব/ tanattoğ) কথা বলা। Speaking.

تنظیف (তান্যীফ্/tanzif) পরিচ্ছন্ন করা। Cleaning.–ت . کردن পরিষ্কার-পরিচ্ছন্ন করা। To clean. To deterge.

تنظیم (তান্যীম্/ tanzim) শৃঙ্খলা বিধান করা; সুশৃঙ্খল করা। Putting in order; regulating.

تنعم (তানা-ওম/tana'om) বিলাসবহুল জীবন যাপন। Living luxuriously.

تنفر(তানাফ্ফোর্/tanaffor) ঘৃণা; বিতৃষ্ণা; অপছন্দ করা। Aversion; dislike. –ت . داشتن از অপছন্দ বা ঘৃণা করা। To dislike or hate.

تنفر آمیز (তা.-অ'মীয্/t.-ămiz) ঘৃণার্হ; বিরক্তিকর। Disgusting. Repugnant.

تنفرآور (তানফ্ফোর্ অ'ভার/tanffor ăvar)= تنفرآمیز

تنفس(তানাফ্ফোস্/ tanaffos) শ্বাস গ্রহণ; দম নেওয়া। Breathing; respiration.

تنفیذ (তান্ফীয্/tanfiz) ক্ষমতা প্রদান; কার্যকর করা; বলবৎ করা। Authorization. Confirmation. Affirmation.

تنقل (তানাগ্বগ্বোল্/tanağğol) ফলাহার; মিষ্টি খাবার Dessert; junket [ব.ব. تنقلات বোঝাতে/usually in the pl. تنقلات].

تنقیح(তানক্বীহ্/tanğih) পরিষ্কার-পরিচ্ছন্ন করা। Expurgation.

تنقید (তানক্বীদ্/tanğid)= انتقاد

تنقیه(তানক্বীয়ে/tanğiye) যন্ত্রের সাহায্য সমুদ্রের বা নদীর তলদেশ থেকে শুক্তি বা কর্দম উত্তোলন করা; পরিষ্কার-পরিচ্ছন্ন করা; বিশেষ যন্ত্রের সাহায্য গুহ্য দেশে ঔষধ প্রক্ষেপণের মাধ্যমে কোষ্ঠ পরিষ্কার করানো। Purging. Dredging. Enema.

تنک (তোনোক্/tonok) সূক্ষ্মভাবে ইতস্তত বিক্ষিপ্ত; ঘন বা পুরো নয় এমন; সূক্ষ্ম। Scattered. Shallow. Thin.

تنکاب (তোনোকা'ব্/tonokăb) অগভীর; অপক্ব; কাঁচা। Shallow. Raw; green.

تنکه (তোনোকে/tonoke) মেয়েদের কোমর থেকে হাঁটু পর্যন্ত পরিধেয় ইজার; জাঙ্গিয়া। Knickers. Shorts.

تنگ (তাঙ্গ/tang) অপ্রশস্ত; আঁটসাঁট। Narrow. Tight. -ت. کردن সংকীর্ণ করা; আঁটসাঁট করা। To make narrow. To tighten.
-(به) ت. آمدن অসহায় হয়ে পড়া। To be made helpless.
-(به) ت. آوردن কোণঠাসা করে ফেলা। To render helpless.
-دلم ت. است আমার মন ভাল না। I feel lonely.

تنگ چشم (তা.-চেশ্ম্/t.-češm) কৃপণ; লোভী; সংকীর্ণমনা। Insatiable. Avaricious. Greedy.

تنگدست (তা.-দাস্ত্/t.-dast) দরিদ্র; অভাবী। Indigent.

تنگدستی(তা.-দাস্তী/ t.-dasti) দারিদ্র্য; অভাব। Indigence; poverty.

تنگدل (তা.-দেল্/t.-del) বিষণ্ন; দুঃখ ভারাক্রান্ত। Heartsick. Despondent.

تنگدلی (তা.-দেলী/t.-deli) বিষণ্নতা। Heartsickness.

تنگنا(ی)(তাঙ্গ্না'[য়]/ tangnă[y]) অপ্রশস্ত পথ; কঠিন পরিস্থিতি; টানাপোড়েন। Narrow pass. Straitened circumstances.

تنگ نفس (তা.-নাফাস্/t.-nafas) হাঁপানি আক্রান্ত। Asthma.

تنگه (তাঙ্গে/tange) যোজক; প্রণালী। Strait. Isthmus.

تنگی (তাঙ্গী/tangi) সংকীর্ণতা; অপ্রশস্ততা; টানাপোড়েন। Narrowness. Scarcity. Difficulty.

تنور (তানূর্/tanur) চুল্লী; তন্দুর। Oven.

تنوع (তানাভ্ভো-/tanavvo') বৈচিত্র্য। Variety.

تنومند (তানূমান্দ্/tanumand) বলিষ্ঠ; মোটা; ভারি। Corpulent; big.

تنومندی (তানূমান্দী/tanumandi) বলিষ্ঠতা; অত্যধিক মাংসল হওয়া। Corpulence.

تنویر (তান্ভীর্/tanvir) জ্যোতির্ময়; আলোকিত করা। Illumination.

تنه (তানে/tane) গাছের কাণ্ড/গুঁড়ি; বিমানের মূল কাঠামো। Trunk. [Of a plane] Fuselage.

تنها(তান্হা'/tanhă) একাকী; শুধু; কেবল। Alone. Only.

تنهایی (তান্হা'য়ী/tanhăyi) নির্জনতা;

একাকিত্ব। Solitude. -بتنهایی
একাকী। Alone.

تنیدن (তানীদান্/tanidan) সুতা কাটা; বস্ত্র বোনা। To spin or weave.

تنین (তেন্নীন্/tennin) অগ্নিবর্ষী কল্পিত সর্পবিশেষ; ড্রাগন। The Dragon.

تو (তো/to) তুই; তুমি; তোকে; তোমার। Thou. Thee. Thy. -کتاب تو
তোমার বই। Your book.

تو (তূ/tu) ভেতরে; মধ্যে; অভ্যন্তরে। In. Within.

توابع (তাভা'বে-/tavăbe') [تابع এর ব.ব./pl. of تابع] অনুগামিগণ; অন্তর্গত বা সংশ্লিষ্ট এলাকাসমূহ; উপকণ্ঠ। Dependencies. Suburbs.

تواتر (তাভা'তোর্/tavător) পরম্পরায় প্রাপ্ত লোকশ্রুতি বা বর্ণনা। (Successive) hearsay.

توارث (তাভা'রোস্/tavăros) উত্তরাধিকার। Inheritance.-از راه ت
উত্তরাধিকারসূত্রে। By inheritance.

تواریخ (তাভা'রীখ্/tavărix) تاریخ এর ব.ব./pl. of تاریخ

توازن (তাভা'যোন্/tavăzon) সাম্যাবস্থা; ভারসাম্য। Equilibrium; balance.

توازی(তাভা'যী/tavăzi) সমান্তরাল হওয়া। Parallelism.

تواضع (তাভাযো-/tavăzo') ভদ্রতা; সৌজন্যবোধ; বিনয়; নম্রতা। Humility. Curtsey.

توافق(তাভা'ফোগ্/tavăfoğ) পরস্পর সমঝোতা; পারস্পরিক সম্মতি; ঐকতান। Mutual agreement. Harmony.

توالت (তোঅ'লেৎ/toălet) শৌচাগার; পায়খানা। Toilet.

توالد(তাভা'লোদ্/tavălod) প্রজনন; বংশ বৃদ্ধি। Reproduction.

توالی (তাভা'লী/tavăli) উত্তরসুরি হওয়া; পর্যায়ক্রমে আসা। Succession.

توام (তাওঅ'ম্/tawăm) যুগল; সংযুক্ত; পরিপূরক। Twin. Linked

تواماً (তাওঅ'মান্/tawăman) (উভয়ে) একত্রে। (Both) together.

توان (তাভা'ন্/tavăn) শক্তি; সামর্থ্য। Power. Ability.

توانا (তাভা'না'/tavănă) বলিষ্ঠ; সমর্থ; শক্তিমান। Powerful.

توانایی (তাভা'না'য়ী/tavănăyi) শক্তি; সামর্থ্য। Ability; power.

توانستن (তাভা'নেস্তান্/tavănestan) [توان] সক্ষম হওয়া। To be able.

توانگر (তাভা'ন্‌গার্/tavăngar) ধনী; সম্পদশালী। Rich.

توانگری (তা.-গারী/t.-gari) ধনাঢ্যতা; সম্পদশালী। Wealth; riches.

توبره (তূব্‌রে/tubre) বড় ঝুড়ি। Nose-bag.

توبه (তাওবে/tawbe) অনুতাপ; পাপ হতে প্রত্যাবর্তন; তওবা। Repentance.
-ت. کردن তওবা করা; পাপকর্ম ত্যাগের দৃঢ় সংকল্প করা। To repent.

توبه کار (তা.-কা'র্/ t.-kăr) তওবাকারী; অনুশোচনাকারী। Penitent. Regretful.

توبیخ (তাওবীখ্/tawbix)= سرزنش কঠোর ভর্ৎসনা বা তিরস্কার। Reprimand; reproach.

توپ (তূপ্/tup) কামান; বল। Cannon; gun. Ball.

توپ بازی(তূ.-বা'যী/t.-băzi) বল খেলা। Game of ball.

توپچی (তূ.-চী/t.-či) গোলন্দাজ সৈনিক। Artillery-man.

توپخانه (তূ.-খা'নে/t.-xăne) তোপখানা; গোলন্দাজ বিভাগ। Artillery (department).

توت (তূৎ/tut) তুঁত গাছের ফল। Mulberry.

توت فرنگی (তূ.-ফারাঙ্গী/t.-farangi) (উন্নত মানের) তুঁতফল। Strawberry.

توتون (তূতূন্/ tutun) তামাক। (Pipe) tobacco.

توتیاء (তূতিয়া-/tutiyă') তুতিয়া; গন্ধকাম্ল; গন্ধকাম্লঘটিত যে কোন লবণ। Tutty; vitriol.

توجه (তাভাজ্জোহ্/ tavajjoh) মনোযোগ; সাবধানতা; সুনজর; অনুরাগ। Attention. Care. Favour. Concentration.
مورد توجه قرار دادن– বিবেচনায় রাখা; মনোযোগ দেওয়া। To consider. To give attention to. –با توجه به আলোকে; প্রেক্ষিতে। With due attention to.

توجیه(তাওজীহ্/tawjih) ব্যাখ্যা-বিশ্লেষণ। Explaining.

توحش (তাভাহ্হোশ্/ tavahhoš) ভয়ঙ্কর; অসামাজিকতা; হিংস্রতা। Horror. Unsociableness; wildness.

توحید (তাওহীদ্/tawhid) একত্ব; একেশ্বরবাদ; আল্লাহ্র একত্বে বিশ্বাস। Unification. Monotheism.

تودرتو (তূ দার্ তূ/tu dar tu) বহু ভাঁজবিশিষ্ট; ভাঁজে ভাঁজে; ফাঁকে ফাঁকে; প্যাঁচে প্যাঁচে; জটিল। Complex; labyrinthine. Intricate.

تودماغی (তূ দামাগ্বী/tu damaği) অনুনাসিক। Nasal. –ت. حرف زدن নাকি সুরে কথা বলা। To speak through the nose.

توده (তূদে/tude) স্তূপ; সমষ্টি। Heap. The mass.

توده شناسی (তূ.-শেনা'সী/ t.-šenăsi) লোকাচারবিদ্যা। Folk-lore.

تودیع (তাওদী-/tawdi') বিদায় দেওয়া; বিদায় (সম্বর্ধনা)। (Bidding) farewell.

تور (তূর্/ tur) জাল; কারুকার্যময় ফিতা; জালি। Net. Lace.

تورات (তাওরা'ৎ/tawrăt) হযরত মূসা (আঃ)-এর ওপর অবতীর্ণ তাওরাত কিতাব। The Tawrat, revealed on Hazrat Musa (A.S.). Old Testament.

توران (তূরা'ন্/turăn) তুরান; এশিয়া মাইনর। Transoxania.

توربین(তূর্বীন্/turbin) পানি বা বাষ্প দ্বারা চালিত যন্ত্র, যা দ্বারা শক্তি বা বিদ্যুৎ উৎপাদন করা হয়; টারবাইন। Turbine.

تورق (তাভার্রোগ্ব/tavarroğ) পাতা পাতা হয়ে যাওয়া। Scaliness.

تورم (তাভার্রোম্/tavarrom) ফুলে যাওয়া; স্ফীতি; মুদ্রাস্ফীতি; মূল্যস্ফীতি। Swelling. Inflation.

تورن سل (তূর্নেসোল্/turnesol) কিডনীর পাথর। Litmus.

توريه(তাওরীয়ে/ tawriye) সত্য গোপন করা; কোন বিষয়কে বিপরীত হিসেবে দেখানো। Dissimulation.

توزيع (তাওযী-/tawzi') বণ্টন; বিলি করা। Distribution.

توسرخ (তূ সোর্‌খ্‌/tu sorx) কমলা জাতীয় ফল বিশেষ। Shaddock.

توسط (তাভাস্‌সোৎ/tavassot) মধ্যস্থতা; মাধ্যম; এজেন্সী। Intermediation. Agency.

توسعه (তাওসেএ/tawse'e) সম্প্রসারণ; উন্নয়ন। Expansion; extension; development.

توسعه طلب (তা.-তালাব্‌/t.-talab) সম্প্রসারণবাদী। Expansionist.

توسل (তাভাস্‌সোল্‌/ tavassol) সহায়তা নেওয়া; শরণাপন্ন হওয়া। Resorting.

توسن (তোওসান্‌/towsan) অবাধ্য (অশ্ব)। Unmanageable (horse).

توشه (তূশে/tuše) সফরের জন্য নেওয়া রসদপত্র। Provision for a journey.

توشه دان (তূ.-দা'ন্‌/t.-dăn) রসদপত্র রাখার পাত্র বা জায়গা; প্রয়োজনীয় জিনিসপত্র বহনার্থ যে থলি পিঠে বেঁধে নিয়ে যাওয়া হয়। Wallet; knapsack.

توشيح (তাওশীহ্‌/tawših) সাজানো; অলংকৃত করা; কবিতার এমন বিন্যাস যাতে চরণ বা পংক্তিমূহের প্রথম অক্ষরগুলো একত্র করলে কোন ব্যক্তির (সাধারণত লেখকের) বা বস্তুর নাম পাওয়া যায়; চিত্রকাব্য। Acrostic. Double riming.

توصيف(তাওসীফ্‌/tawsif) সৌন্দর্য বর্ণনা; ব্যাখ্যা দেওয়া। Description.

توصيفى (তাওসীফী/tawsifi) বর্ণনামূলক। Descriptive.

توصيه (তাওসীয়ে/ tawsiye) ওয়াসিয়াৎ; উপদেশ দান; সুপারিশ করা। Recommendation.

توضيح (তাওযীহ্‌/tawzih) [ব.ব./pl. توضيحات] ব্যাখ্যা দান; স্পষ্টকরণ। Explanation.

توضيحى (তাওযীহী/tawzihi) ব্যাখ্যামূলক। Explanatory.

توطن (তাভাৎতোন্‌/tavatton) স্বদেশের ন্যায় বসতি স্থাপন করা। Settling, as in one's own country.

توطئه (তোওতেয়ে/towte'e) ষড়যন্ত্র; চক্রান্ত। Conspiracy; plot. –ت. چيدن ষড়যন্ত্র পাকানো। To weave a plot; conspire.

توفان (তূফা'ন্‌/tufăn) ঝড় (বৃষ্টি); তুফান। (Rain) storm.

توفيق (তাওফীগ্ব্‌/tawfiğ) সাফল্য; সামর্থ্য, খোদায়ী করুণা। Success. Grace.

توقع (তাভাগ্ব্‌গ্বো-/tavağğo') প্রত্যাশা। Expectation.

توقف (তাভাগ্ব্‌গ্বোফ্‌/tavağğof) থামা; স্থগিত হওয়া। Staying. Halting.

توقف گاه (তা.-গা'হ্‌/t.-găh) থামার স্থান। Halting-place.

توقير(তাওগ্বীর্‌/tawğir) সম্মান করা; শ্রদ্ধা প্রদর্শন। Honouring. Respect.

توقيف (তাওগ্বীফ্‌/tawğif) আটক করা; আটকাবস্থা; বন্দিত্ব। Arrest; confinement. –ت. كردن জব্দ করা। To arrest; confine.

توکل(তাভাক্কোল্/tavakkol) আল্লাহ্ তা'আলার ওপর ভরসা; নির্ভরতা। Reliance; trust.

توکیل (তাওকীল্/ tawkil) উকিল নিয়োগ করা; কোন কাজ করার জন্য কাউকে দায়িত্ব প্রদান করা। Appointing as one's attorney.

تولد(তাভাল্লোদ্/tavallod) জন্ম। Birth.

تولک رفتن (তূলাক্ রাফ্তান্/tulak raftan) (পাখিদের) পালক ঝরে যাওয়া। To moult.

توله (তূলে/tule) শাবক; (কুকুরের) বাচ্চা; শিকারী কুকুর। Hunting-dog.

تولیت (তাওলীয়াৎ/tawliyat) অভিভাবকত্ব। Custodianship.

تولید (তাওলীদ্/tawlid) জন্মদান; প্রজনন; উৎপাদন। Generation. Production. –ت. کردن জন্মদান করা; উৎপাদন করা। To beget. To produce.

تون (তূন্/tun) ঘর বা গোসলখানা গরম রাখার চুল্লি; অগ্নিকুণ্ড। Stove or furnace (of a bathhouse). Fire-place.

تونل (তূনেল্/tunel) সুড়ঙ্গপথ। Tunnel.

توهم (তাভাহ্হোম্/tavahhom) [ব.ব./pl. توهمات] কল্পনা; ধারণা; অহেতুক ভয়; সন্দেহ। Imagination. Groundless fear. –ت. کردن অহেতুক সন্দেহ করা। To imagine.

توهین (তাওহীন্/tawhin) অবমাননা; মানহানি। Insult.

توهین آمیز (তা.-অ'মীয্/t.-ămiz) অবমাননাকর; মানহানিকর। Disgracing.

ته(তাহ্/tah) তলা; তলদেশ। Bottom.

تهاجم (তাহা'জোম্/ tahăjom) আক্রমণ। Invasion. Offence.

تهاجمی (তাহা'জোমী/tahăjomi) আক্রমণাত্মক। Offensive.

تهاون (তাহা'ভোন্/tahăvon) অবহেলা; তুচ্ছ জ্ঞান করা। Negligence; slackness.

ته بندی (তাহ্বান্দী/tahbandi) হালকা খাবার। Snack.

ته گیری(তাহ্ গীরী/tah giri)= ته بندی

تهجد (তাহাজ্জোদ/tahajjod)= গভীর রাতের নামায, তাহাজ্জুদ নামায। Prayer of midle night. Tahajjod prayer.

تهجی (তাহাজ্জী/tahajji) বানান। Spelling. –حروف تهجی বর্ণমালা। The alphabet.

ته چک (তাহ্চেক্/tahček) ব্যাঙ্কে জমাকৃত চেকের বাকী অংশ যা চেক ইস্যুকারীর নিকট থেকে যায়। Counterfoil or stub (of a cheque).

ته دوزی (তাহ্ দূযী/t.-duzi) সুতা বা তার দিয়ে বই সেলাই করা। Taping. Stapling.

تهدید (তাহ্দীদ্/tahdid) ভয় প্রদর্শন; হুমকি প্রদান। Threat; menace. –ت. کردن হুমকি প্রদান। To threat.

تهدید آمیز (তা.-অ'মীয্/t.-ămiz) হুমকিপূর্ণ। Threatening.

تهذیب (তাহ্যীব্/tahzib) পরিশুদ্ধ করা; পরিমার্জিত করা; চরিত্রের পরিশুদ্ধি সাধন। Refining; polishing.

تهلیل (তাহ্লীল্/tahlil) আল্লাহ্র গুণ

কীর্তন; তসবীহ্ পাঠ; 'লা ইলাহা ইল্লাল্লাহ্' পড়া। Praising God.

ته مانده(তাহ্মা'ন্দে/tahmănde) পরিত্যক্ত জিনিষপত্র; অবশিষ্টাংশ। Leavings.

تهمت (তোহ্মাৎ/tohmat) মিথ্যা দুর্নাম; অপবাদ। Accusation.

بکسی ت. زدن– কাউকে অপবাদ দেওয়া। To accuse some one.

تهمت آمیز (তো.-অ'মীয্/t.-ămiz) অপবাদমূলক; রটনামূলক। Accusatory.

تهمتن (তাহ্ম্তান্/tahmtan) রুস্তমের উপাধি; মৃ.অ. দুর্দম; শৌর্যপূর্ণ। Title of Rostam. OS. Stout or valiant.

تهنیت (তাহ্নিয়াৎ/tahniyat) অভিনন্দন। Congratulation.

تهور (তাহাভ্ভোর্/tahavvor) দুঃসাহস; দুঃসাহসিকতা। Impetuosity; rashness. Courage.

تهوع (তাহাভ্ভো-/tahavvo') বমি বমি ভাব। Nausea.

تهویه (তাহ্ভিয়ে/tahviye) ঘর বা কক্ষে অবাধে বায়ু চলাচলের ব্যবস্থা। Ventilation.

تهی (তোহী/tohi) খালি; শূন্য। Empty. Bare.

تهیدست (তো.-দাস্ৎ/t.-dast) শূন্য হাত; রিক্ত হস্ত; দরিদ্র। Indigent.

تهیدستی (তো.-দাস্তী/t.-dasti) অভাব-অনটন; দারিদ্র্য। Indigence.

تهیگاه (তো.-গা'হ্/t.-găh) পেটের ডান ও বাম দিক; পশুর পঞ্জর ও জঙ্ঘার মধ্যবর্তী পার্শ্বদেশ। Hypochondrium; flank.

تهیه (তাহিয়্যে/tahiyye) প্রস্তুতি; সরবরাহ; আয়োজন। Preparation. Supply.

تهییج (তাহ্য়ীজ্/tahyij) উত্তেজিতকরণ। Exciting.

تیار کردن (তেইয়া'র্ কার্দান্/teyyăr kardan) প্রস্তুত করা; আয়োজন করা; তৈরি করা। To prepare. To equip.

تیاری (তেইয়া'রী/teyyări) প্রস্তুতি; তৈরি। Preparation. Manipulation.

تیپ (তীপ্/tip) ব্রিগেড; সমগোত্রীয় র‍্যাঙ্ক। Brigade; rank.

تیر (তীর্/tir) তীর; শর; গুলি। Arrow. Bullet.

تیرانداز (তী.-আন্দা'য্/t.-andăz) ধনুকধারী; তীরন্দায। Shooter.

تیراندازی (তী.-আন্দা'যী/t.-andăzi) তীরন্দাযী; গুলি বর্ষণ। Shooting.

تیرباران کردن (তী.-বা'রা'ন্ কার্দান্/t.-bărăn kardan) তীর বিদ্ধ করা; গুলি করে হত্যা করা। To shoot down.

تیررس (তী.-রাস্/t.-ras) তীর বা বন্দুকের গুলি আঘাত করতে সক্ষম এমন দূরত্ব। Rifle-shot. Gun-reach.

تیرك (তীরাক্/tirak) ছোট তীর। Rolling-pin.

تیرگی (তীরেগী/tiregi) অন্ধকারাচ্ছন্নতা; ঘোলাটে অবস্থা। Darkness. Turbidity.

تیره (তীরে/tire) গোষ্ঠী; গোত্র। Sect.

تیره (তীরে/tire) অন্ধকার; অন্ধকারাচ্ছন্ন; ঘোলাটে । Dark; dull. Turbid.

تیره بخت(তী.-বাখ্‌ত্/t.-baxt)= بدبخت

تیره دل (তী.-দেল্/t.-del) হীনমনা; অন্ধ দিল; যার অন্তঃকরণ কালো; অজ্ঞান। Obscure-minded. Ignorant.

تیز (তীয্/tiz) ধারালো; তীক্ষ্ণ; কড়া; তেজী; দ্রুত। Sharp. Pungent. Quickly.

تیزاب (তীযা'ব্/tizăb) নাইট্রিক এসিড। Nitric acid.

تیزبین (তীয্ বীন্/tiz bin) তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন। Sharp-sighted.

تیزپا (তী.-পা'/t.-pă) দ্রুতগামী। Swift-footed.

تیزپر(واز)(তী.-পার্[ভা'য্]/t.-par[văz]) যে খুব দ্রুত উড়ে। Swift-winged.

تیز چشم(তী.-চেশ্‌ম্/t.-češm)=تیز بین

تیزچنگ (তী.-চাঙ্/t.-čang) তীক্ষ্ণ থাবা-বিশিষ্ট। Having sharp claws.

تیز دندان (তী.-দান্‌দা'ন্ /t.-dandăn) তীক্ষ্ণ দাঁতবিশিষ্ট। Sharp toothed.

تیز رفتار (তী.-রাফ্‌তা'র্/t.-raftăr) দ্রুতচারী; দ্রুতগামী। Quick-paced.

تیز رو (তী.-রূ/t.-ru) = تیز رفتار

تیزکن (তী.-কোন্/t.-kon) যা দিয়ে ধার দেওয়া হয়। Grinder. Sharpener.

تیزگر (তী.-গার্/t.-gar)=چاقو تیز کن

تیزگوش (তী.-গুশ্/t.-guš) তীক্ষ্ণ শ্রবণ শক্তিসম্পন্ন। Sharp of hearing.

تیزهوش (তী.-হুশ্/t.-huš) =باهوش

تیزی (তীযী/tizi) তীক্ষ্ণতা; চতুরতা; গতিশীলতা। Sharpness. Swiftness.

تیشه (তীশে/tiše) কুঠার। Chip-axe; adze.

تیغ (তীগ্/tiğ) ক্ষুর; তরবারি; কাঁটা; ব্লেড। Razor. Thorn. Sword.

تیغه (তীগে/tiğe) ব্লেড বা ক্ষুরের মতো ধারালো যে কোন জিনিষ। Blade.

تیفوس (তীফূস্/tifus) জ্বরবিকার; টাইফাস। Typhus.

تیفوئید (তিফোঈদ্/tifoid) টাইফয়েড জ্বর। Typhoid.

تیکه (তীক্কে/ tikke)= تکه

تیله (তীলে/ tile) মার্বেল। Marble.

تیم (তীম্/tim) (খেলার) টীম; দল। Team.

تیمار (তীমা'র্/timăr) যত্ন; যত্ন নেওয়া; নার্সিং; দেখাশোনা। Care; attendance. –ت . کردن যত্ন নেওয়া; দেখাশোনা করা। To attend; care for; look after.

تیمارستان (তীমা'রেস্তা'ন্/timărestăn) পাগলা গারদ; মানসিক হাসপাতাল। Lunatic asylum.

تیمارگاه (তীমা'র্‌গা'হ্/timărgăh) প্রাথমিক চিকিৎসাকেন্দ্র। First-aid station.

تیمسار (তীম্‌সা'র্/ timsăr) ব্রিগেডিয়ার ও তদূর্ধ্ব সামরিক অফিসারদের সাধারণ উপাধি। Preceding titles of brigadiers and higher ranks.

تیمم (তায়াম্মোম্/ tayammom) তায়াম্মুম; মাটি বা বালি দিয়ে পবিত্র হওয়ার বিশেষ নিয়ম। Ablution with earth or sand.

تیمور (তেইমুর্/teymur) পুং বাচক নাম। Mas. pr. name.

ث (স/s) ফার্সী বর্ণমালার ৫ম বর্ণ এবং নাম 'সে'। The fifth letter of the Persian alphabet called 'se'.

ثابت (সা'বেৎ/săbet) স্থির; নিশ্চল; অনড়; স্থায়ী। Fixed. Firm; immovable. – حقوق ث. মূল বেতন। Basic salary. – رنگ ث. স্থায়ী রং। Fast colour. –ث. کردن প্রমাণিত করা; স্থিতিশীল করা। To prove. To make steady.

ثابت قدم(সা'.-খাদাম্/s.-ğadam) দৃঢ়সংকল্প; অটল। Resolute; steadfast.

ثاقب(সা'খেব্/săğeb) কোন কিছু দেখার বা অনুধাবনের গুণসম্পন্ন (ব্যক্তি); আলোকোজ্জ্বল; শব্দভেদী; কর্ণভেদী। Penetrating. – شهاب ث. উল্কাপিণ্ড। Shooting star.

ثالث(সা'লেস্/săles)= سوم তৃতীয়। Third.

ثالثاً(সা'লেসান্/ sălesan)= سوم آنکه তৃতীয়ত। Thirdly.

ثانوی(সা'নাভী/sănavi) দ্বিতীয়। Second. –تا اخطار ثانوی পরবর্তী বিজ্ঞপ্তি না দেওয়া পর্যন্ত। Until further notice.

ثانی(সা'নী/săni)= دوم দ্বিতীয়। Second.

ثانیاً(সা'নীয়ান্/sănian) = دوم آنکه দ্বিতীয়ত। Secondly.

ثانیه(সা'নীয়ে/săniye) সেকেন্ড (সময়)। Second. [ثانی এর স্ত্রী./fem. of ثانی]

ثانیه شمار(সা'.-শোমা'র্/ š.-šomăr) সেকেন্ডের কাঁটা। [In a time piece]Second hand.

ثبات(সাবা'ৎ/sabăt) স্থিরতা; দৃঢ়চিত্ততা; স্থায়িত্ব। Constancy; firmness.

ثبات (সাববা'ৎ/sabbăt) নিবন্ধনকর্তা। Registrar.

ثبت(সাব্‌ৎ/sabt) নিবন্ধন; অন্তর্ভুক্তি। Registration. Register. –ث. کردن নিবন্ধিত করা। To register.

ثبتی(সাবতী/sabti) নিবন্ধীকৃত। Registered.

ثبوت(সোবূ'ৎ/sobut) প্রতিপাদন; প্রমাণ। Demonstration.

ثروت(সার্‌ভাৎ/sarvat) সম্পদ; ঐশ্বর্য। Wealth.

ثروتمند (সা.-মান্দ্/s.-mand)= دولتمند

ثری(সারা'/sară)= خاك

ثریّا(সোরাইয়্যা'/ sorayyă) = پروین

ثعلب(সা-লাব্/sa'lab) শিয়াল;পুং. শেয়াল। Salep; male orchis.

ثغور(সোগ্বূর্/soğur)= حدود[ثغر এর ব. ব./pl. of ثغر] সীমান্ত। Frontiers; borders.

ثفل(সোফ্‌ল্‌/sofl) গাদ; তলানি। Apple-core. Dregs.

ثقل(সেগ্বল্‌/seğl) [ব.ব./pl. اثقال] ১/1) ভারত্ব; ওজন গাম্ভীর্য। Weight. Gravity. ২/2) সম্পদ; অত্যন্ত মূল্যবান সম্পদ। Wealth; treasure.

ثقل سنج(সা.-সান্‌জ্‌/s.-sanj) ভারত্ব পরিমাপক। Gravimeter.

ثقيل(সাগ্বীল্‌/sağil)= سنگین ভারি; অধিক ওজনসম্পন্ন; দুষ্পাচ্য। Heavy. Indigestible.

ثلاث(সালা'স্‌/salăs)= سه তিন। Three.

ثلاثه(সালা'সে/salăse) তিন(টি)। The three.

ثلث(সোল্‌স্‌/sols)= یک سوم ১/1) এক-তৃতীয়াংশ। One-third. ২/2) মৃত ব্যক্তির সম্পদের অসিয়তকৃত এক-তৃতীয়াংশ যার তার উত্তরাধিকারী নয় এমন লোকদের জন্য দান করে গেছেন। Third portion of a person's property which may be bequeathed to persons other than his heir.

ثمر (সামার্‌/samar)= میوه ফল; ফলাফল। Fruit. Result.

ثمربخش (সা.-বাখ্‌শ্‌/s.-baxš) ফলদায়ক; উপকারী। Fruitful. Useful.

ثمره (সামারে/samare) ফল; ফলশ্রুতি; পরিণতি। Fruit. Result.

ثمن (সোম্‌ন্‌/somn) ১/1) আটের একাংশ। One eight. ২/2) সন্তান থাকা অবস্থায় স্ত্রীর জন্য মৃত স্বামীর পরিত্যক্ত সম্পদের অষ্টমাংশ। Eight portion of a man's estate which is inherited by his widow in case she has children.

ثمين (সামীন্‌/samin) = قیمتی / گرانبها

ثناء (সানা'/sană') প্রশংসা; গুণগান করা; তারিফ; সুখ্যাতি। Eulogy; praise.

ثناخوان (সা.-খা'ন্‌/s.-xăn) প্রশংসাকারী। Panegyrist.

ثنايا(সানা'ইয়া'/sanăyă) [ثنيه এর ব.ব./ pl. of ثنيه] ওপরের ও নিচের সারিতে চারটি করে মোট আটটি ধারালো দাঁত; ছেদক দন্তসমূহ। Incisors.

ثنيه(সানিয়্যে/saniyye) দ্র./S.u. ثنايا

ثواب (সাভা'ব্‌/ savăb) পুণ্য; নেকী; আধ্যাত্মিক পুরস্কার; সওয়াব। Spiritual reward.

ثوب (সোওব্‌/sowb) পোষাক-পরিচ্ছদ। Garment.

ثور(সোওর্‌/ sowr)= گاو نر ষাঁড়; বলদ। Bull; ox.

ج (জ/j) ফার্সী বর্ণমালার ষষ্ঠ বর্ণ এবং নাম 'জীম'। The Sixth letter of the Persian alphabet called 'jim'.

جا (জা'/jă) স্থান; জায়গা। Place. Space. –جا دارد که এটা যথাযথ বা মানানসই হবে যে। It is proper or befitting to. –جای شماخالی بود আপনার আসন শূন্য ছিল (আপনার অনুপস্থিতি দারুণভাবে অনুভূত হয়েছিল)। We missed you; we thought of you. –جا افتادن যথাস্থানে খাপ খাওয়া, যেমন অস্থি। To be set or reduced, as a bone. –جا انداختن পরিবেশের সাথে খাপ খাওয়ানো। To set or reduce. –جا بجا کردن স্থানান্তর করা; স্থানচ্যুত করা। To displace; dislocate. –جا گرفتن জায়গা নেওয়া। To take a place.–از جا در رفتن মেজাজ ঠাণ্ডা রাখতে না পারা; ক্রুদ্ধ হওয়া। To loose one's temper.

جای(জা'য়/jăy) = جا

جا افتاده (জা'ওফ্‌তা'দে/ jă oftăde) ভালভাবে খাপ খেয়েছে এমন;পূর্ণতাপ্রাপ্ত; পরিপক্ব। Well-matured. Mellow.

جابر(জা'বের্/jăber) স্বেচ্ছাচারী; বল প্রয়োগকারী। Oppresive; despotic.

جابرانه(জা'বেরা'নে/ jăberăne) জবরদস্তিমূলকভাবে; জুলুমপূর্ণভাবে। Forcibly. Extortionately.

جاپا(জা'পা'/ jăpă) পায়ের ছাপ। Foot print.

جاپاکتی(জা' পা'কাতী/jă păkati) চিঠিপত্রের খাম বা কাগজ রাখার র‍্যাক বা স্থান। Paper-rack.

جاجیم(জা'জীম্/ jăjim) জাজিম; মোটা খস্‌খসে বিছানার চাদর বিশেষ; মোটা ও ঢিলা করে বোনা উলের কাপড়। Coarse, loosely-woven woollen cloth.

جادار(জা' দা'র্/jă dăr) প্রশস্ত; খোলামেলা। Roomy; spacious.

جادو(জা'দূ/jădu) যাদুবিদ্যা; ইন্দ্রজাল। Magic.

جادو(گر) (জা'.-গার্/j-.gar) যাদুকর; মন্ত্রজ্ঞানী। Magician.

جادویی (জা'দূয়ী/jăduyi) যাদু (সংক্রান্ত)। Magic(al).

جادّه (জা'দ্দে/ jădde) সড়ক; মহাসড়ক; রাস্তা; পথ। Path; road.

جاده صاف کن (জা'.-সা'ফ্ কোন্/ j.-săf kon) স্টীমরোলার; রাস্তা সমান করার ভারি যন্ত্রবিশেষ। Steam-roller; road-roller.

جاذب (জা'যেব্/jăzeb) আকর্ষণকারী; আকর্ষণীয়। Attractive.

جاذبیت (জা'যেবিয়্যাৎ/ jăzebiyyat) আকর্ষণীয়তা; আকর্ষণ ক্ষমতা।

Attractiveness.

جار (জা'র্/ jăr) ঘোষণা ; হৈ হুল্লোড়; চিৎকারধ্বনি। Proclamation; public crying.

جا رختی (জা' রাখ্‌তী/ jă raxti) কোট-প্যান্ট বা পোষাক-পরিচ্ছদ ঝুলিয়ে রাখার স্থান; আলনা। Coat-hanger; dress-hanger.

جارو (জা'রূ/jăru) ঝাড়ু; ঝাটা। Broom.

–ج. کردن ঝাড়ু দেওয়া। To sweep.

جاروب (জা'রূব্/ jărub) = جارو

جاروکش (জা'.-কেশ্/j.-keš) ঝাড়ুদার। Sweeper.

جاروکشی (জা'.-কেশী/ j.-keši) ঝাড়ু দেওয়ার কাজ। Sweeping.

جاری (জা'রী/jări) বহমান; বেগবান; চলন্ত; জারি। Flowing; running.

جاز (জা'য্/jăz) জ্যাজ; বিশ শতকের শুরুতে প্রথমে যুক্তরাষ্ট্রের দক্ষিণাঞ্চলে নিগ্রো বাদক দলের দ্বারা পরিবেশিত জনপ্রিয় ব্যান্ড-সঙ্গীত। Jazz(-band).

جاسوس (জা'সূস্/jăsus) গুপ্তচর; গোয়েন্দা। Spy.

جاسوسی (জা'সূসী/jăsusi) গোয়েন্দাগিরি; গুপ্তচরবৃত্তি। Espionage; spying.

جاشو (জা'শূ/jăšu) জাহাজের নাবিক দলের সদস্য। Member of ship's crew.

جاصابونی (জা' সা'বূনী/jă săbuni) সাবানদানি; সোপকেস। Soap-tray.

جاکاغذی (জা' কা'গাযী/jă kăğazi) কাগজ রাখার স্থান বিশেষ। Paper-rack.

جاکش (জা'কেশ্/ jăkeš) কারো যৌনলিপ্সা চরিতার্থের জন্য যে দূতিগিরি করে; পতিতালয়ের সর্দারনি। Pimp; panderer.

جاگیر (জা'গীর্/ jăgir) = جایگیر

جالب (জা'লেব্/ jăleb) আকর্ষণীয়; মনোরম। Attractive; interesting.

جالیز (জা'লীয্/ jăliz) সব্জি বাগান। Kitchen-garden.

جالینوس (জা'লীনূস্/ jalinus) বিখ্যাত গ্রীক চিকিৎসাশাস্ত্রবিদ গ্যালেনাস। Galenus.

جام (জা'ম্/ jăm) পানপাত্র; কাপ। Cup.

جامد (জা'মেদ্/jămed) জমাট; কঠিন পদার্থ। Solid.

جامع (জা'মে-/jăme') সমবেতকারী; সামগ্রিক; পূর্ণাঙ্গ। Comprehensive; full.

جامع الشرایط (জা'মেওশ্ শারা'য়েৎ/ jăme-o-ššarăyet) যথাযথ যোগ্যতাসম্পন্ন; পরিপূর্ণ যোগ্যতার অধিকারী। Fully qualified.

جامعه (জা'মেএ/jăme'e) সমাজ; সম্প্রদায়। Society. Community.

جامعه شناسی (জা.-শেনা'সী/j.-šenăsi) সমাজতত্ত্ব। Sociology.

جامعیت (জা'মেইয়্যাৎ/jăme'iyyat) সার্বজনীনতা; পূর্ণাঙ্গতা; সামগ্রিকতা। Comprehensiveness. Universality.

جامه (জা'মে/ jăme) জামা; পোষাক। Garment; clothing.

–جامه' عمل پوشیدن বাস্তবায়িত হওয়া। To materialize.

جان (জা'ন্/ jăn) প্রাণ; আত্মা; জান। Life; soul.

جان آزار (জা'.-অ'যা'র্/j.-ăzăr)

হৃদয়বিদারক; নিদারুণ যন্ত্রণাদায়ক।
Tormenting.

جان خراش (জা’.-খারা’শ্/j.-xarăš)= جان آزار

جان آفرین (জা’.-অ’ফারীন্/ j.-ăfarin) সৃষ্টিকর্তা; আত্মা বা প্রাণের সৃষ্টিকারী।
Creator of the soul.

جانان (জা’না’ন্/jănăn) প্রিয়তম; প্রিয়তমা। Sweetheart.

جانب (জা’নেব্/ jăneb) দিক; পার্শ্ব; পক্ষ। Side; direction.

جانبازی (জা’ন্‌বা’যী/ jănbăzi) প্রাণপণ সংগ্রাম; জীবন বাজি রেখে চেষ্টা; আত্মোৎসর্গ। Risking one's life. Dangerous calling. Self-sacrifice.

جان بخش (জা’.-বাখ্‌শ্/j.-baxš) জীবন দানকারী। Life-bestowing.

جانب دار(ی) (জা’নেব্‌দা’র্[ী]/ jănebdăr[i])= طرفدار(ی)

جانبین (জা’নেবেইন্/jănebein) উভয় পক্ষ। Both parties.

جان پرور (জা’ন পার্‌ভার্/ jăn parvar) জীবনদায়ক; প্রাণ-উদ্দীপক; জীবন্তকারী। Animating.

جان پناه (জা’.-পানা’হ্/j.-panăh) প্রাণের আশ্রয়; রণাঙ্গনের পরিখা; জীবন রক্ষার জন্য ব্যবহৃত দড়ি। Parapet. Life-line. Trench.

جان جانی (জা’.-জা’নী/j.-jăni) খুব প্রিয় বা ঘনিষ্ঠ। Very dear or close.

جاندار(জা’.-দা’র্/j.-dăr) প্রাণী; যার প্রাণ আছে; জানদার; জীবিত। Animate. Living.

جان سخت(জা’.-সাখ্‌ত্/j.-saxt) শক্তপ্রাণ। Die-hard.

جان سوز (জা’.-সূয্/j.-suz) বেদনাদায়ক; শোকাবহ; হৃদয়বিদারক। Doleful; heart-rending.

جانشین(জা’নেশীন্/jănešin) উত্তরাধিকারী; স্থলাভিষিক্ত। Successor. Replacement.

جانشینی (জা’নেশীনী/jănešini) উত্তরাধিকার; স্থলাভিষিক্ত হওয়া। Succession. Replacement.

جان فشانی (জান্ ফেশা’নী/ jăn fešăni) আত্মোৎসর্গ; চরম প্রচেষ্টা; প্রাণপণ চেষ্টা। Self-sacrifice; devotion.

جانکاه (জা’.-কা’হ্/ j.-kăh)= جان آزار

جان کن (জা’.-কান্/j.-kan) প্রাণান্ত পরিশ্রম করে যে; যে একঘেয়ে ক্লান্তিকর খাটুনি খাটে। Drudge; fagger.

جان نثار (জা’.-নেসা’র্/ j.-nesăr) অনুরক্ত; আত্মোৎসর্গী। Ready to sacrifice one's life.

جانماز (জা’না’মা’য/jănamăz) জায়নামাজ। Prayer-carpet.

جانور (জা’ন[া]ভার্/jăn[a]var) জানোয়ার; জীব; প্রাণী। Animal. Monster.

جانورشناس (জা’.-শেনা’স্/ j.-šenăs) প্রাণীবিদ। Zoologist.

جانور شناسی(জা’.-শেনা’সী/j.-šenăsi) প্রাণীবিদ্যা। Zoology.

جانی (জা’নী/jăni) প্রাণপ্রিয়; প্রাণী; দুষ্কৃতিকারী। Sincerely devoted. Criminal. –دشمن جانی প্রাণের (সাংঘাতিক) শত্রু। Bitter enemy. –دوست جانی প্রাণের বন্ধু। Bosom friend.

جاودان(জা'ভেদদা'ন্/jăvedăn)=
جاوید(ان)

جاودانی(জা'ভেদা'নী/javidani) অমর; চিরন্তন। Eternal.

جاویدا(ن)(জা'ভীদ[া'ন]/jăvid[ăn])= চিরন্তন; অমর; অমরত্ব। Eternal. Immortal. Eternity.

جاه (জা'হ্/jah) মর্যাদা; পদমর্যাদা। Rank; dignity.

جاهد (জা'হেদ/ jăhed) অধ্যবসায়ী; পরিশ্রমী। Diligent. Industrious.

جاه طلب (জা'হ্ তালাব্/jăh talab) লোভী; পদলোভী; ক্ষমতালিপ্সু। Ambitious[used in an ill sense]. Greedy of honours.

جاهل (জা'হেল্/ jăhel) [ব.ব./pl. جهال/ جهلاء] অজ্ঞ; মূর্খ। Ignorant.

جاهلانه (জা'হেলা'নে/jăhelăne) অজ্ঞতাপূর্ণ। Ignorantly.

جاهلیت(জা'হেলিয়্যাৎ/jăheliyyat) আরবের ইসলামপূর্ব অজ্ঞতার যুগ। The pagan state of the Arabs before Mohammad(S).

جای (জা'য়/ jăy) = جا

جایز (জা'য়েয্/jăyez) বৈধ; সিদ্ধ; জায়েয। Permissible; allowable.

جایز الخطا (জায়েযোল্ খাতা'/ jăyezol xată) পাপপ্রবণ; যার পাপ বা ভুল করার আশংকা বিদ্যমান। Peccable; liable to sin or make a mistake.

جایزه(জা'য়েযে/jăyeze) পুরস্কার; বখশীশ; উপহার। Prize. Award.

جایگاه(জা'য়গা'হ্/ jăygăh) স্থান; জায়গা কেন্দ্র। Place; centre.

جایگزین شدن (জা'য়গোযীন শোদান/ jăygozin šodan) স্থলাভিষিক্ত হওয়া। To supersede or replace.

جاگیر(জা'গীর্/jăgir) যে ব্যক্তি বা বস্তু কোন স্থানে স্থিত হয়; স্থির; প্রতিষ্ঠিত; প্রভাবান্বিত। Fixed; established. Impressed.

جایگیر (জা'য়গীর্/jăygir) =جاگیر

جبار(জাব্বা'র্/ jabbăr) শক্তিমান; প্রতিহিংসাপরায়ণ; সর্বশক্তিমান। Powerful. Tyrannical.

جبان (জাবা'ন্/ jabăn) = ترسو ভীতু; কাপুরুষ। Timid; cowardly.

جبر (জাব্র্/ jabr) অত্যাচার; জোর-জবরদস্তি; বীজগণিত; অদৃষ্টবাদ। Constraint. Oppression. Fatalism. Algebra.

جبراً (জাব্রান্/ jabran) বলপূর্বক; জোর করে। By force; compulsorily.

جُبران (জোব্রা'ন্/jobrăn) ক্ষতিপূরণ; খেসারত। Compensation; amends.

جبران پذیر (জো.-পাযীর্/j.-pazir) যে ক্ষতি পোষানো বা পূরণ করা যায়। That can be compensated.

جبران ناپذیر (জো.-না'পাযীর্/ j.-năpazir) অপূরণীয়। That which can not be compensated.

جبروت (জাবারূৎ/ jabarut) শক্তিমত্তা; অসীম ক্ষমতা। Almightiness.

جبرائیل(জেবরা'ঈল্/ jebră'il) জিব্রাইল; প্রত্যাদেশবহনকারী ফেরেশতা। Gabriel.

جبرئیل(জেবরাঈল্/jebra'il) =جبرائیل
جبل الطارق(জাবালোৎ তা'রেগ্ব/jabalot tăreğ) জিব্রালটার প্রণালী। Gibraltar.
جبه(জোব্বে/jobbe) গাউন; লম্বা আলখেল্লা; জুব্বা। Tall gown.
جبهه (জাব্হে/jabhe) রণাঙ্গন। Front. মৃ.অ./OS. =پیشانی
جبین (জাবীন্/jabin) ললাট; কপাল; ভ্রূ। Forehead; brow.
جت (জেৎ/ jet) জেট (বিমান)। Jet (-propelled plane).
جثه (জোস্সে/ josse) স্থুল(তা); দেহ; বপু। Bulk (iness). Body.
جثه دار(জো.-দা'র্/ j.-dăr) মোটা শরীরের অধিকারী; বিশাল। Bulky; huge.
جحیم (জাহীম্/ jahim) = جهنم/دوزخ
جد(জাদ্[দ্]/ jad[d]) [ব.ব./pl. اجداد] পিতামহ; পূর্বপুরুষ। Grandfather; ancestor.
جد (জেদ্[দ্]/ jed[d]) উদ্যম; পরিশ্রম; চেষ্টা (করা); জেদ। Endeavour.
–ج. کردن দৃঢ়তাসহকারে চেষ্টা করা। To try hard.
جُدا (জোদা'/jodă) আলাদা; পৃথক; স্বতন্ত্র। Separate. Isolated.
جداً (জেদ্দান্/ jeddan) অবশ্যই; দৃঢ়তাসহকারে; ঐকান্তিকভাবে; নিশ্চিতভাবে। Seriously; in earnest.
جُدا برگ (জোদা'বারগ্ব/ jodăbarğ) আলাদা পাতা; ছিন্নপত্র। Loose-leaf.
جدار (জেদা'র্/jedăr) প্রাচীর; দেয়াল; বেড়া। Wall. Partition.

جدا گانه(জোদা'গা'নে/jodăgăne) পৃথকভাবে; স্বতন্ত্রভাবে। Separately.
جدال(জেদা'ল্/jedăl) ঝগড়া; তর্কবিতর্ক; কলহ। Dispute; debate. Quarrel.
جدایی(জোদা'য়ী/ jodăyi) বিচ্ছেদ; বিরহ; বিচ্ছিন্নতা। Separation. Parting.
جدل(জাদাল্/jadal) ঝগড়া-বিবাদ। Dispute.
جدلی(জাদালী/jadali) ঝগড়া-বিবাদে অভ্যস্ত লোক; ঝগড়াটে। Polemic.
جدول (জাদ্ভাল্/jadval) সূচিপত্র; তালিকা। Table; schedule.
–جدول معمائی শব্দ সাজানোর ধাঁধা বিশেষ। Crossword puzzle.
جدول بندی(জা.-বান্দী/j.-bandi) সরলীকরণ; আনুক্রমিকভাবে সাজানো; তালিকাবদ্ধ করা। Tabulation.
جدی(জেদ্দী/ jeddi) দৃঢ়চিত্ত; একাগ্রচিত্ত। Serious. Bonafide.
جدیت(জেদ্দিয়্যাৎ/jeddiyyat) অদম্য চেষ্টা; একাগ্রতা। Effort; endeavour.
جدید(জাদীদ্/jadid) নতুন; আধুনিক। New. Modern.
جدیداً(জাদীদান্/jadidan) অতি সাম্প্রতিক। Newly. Recently.
جذاب(জায্যা'ব্/jazzăb) অতি আকর্ষণীয়। (Very) attractive.
جذابیت(জায্যা'বিয়্যাৎ/ jazzăbiyyat) আকর্ষণীয়তা; মনোহারিত্ব। Attractiveness.
جذام(জোযা'ম্/ jozăm) কুষ্ঠরোগ। Black leprosy.
جذب(জায্ব্/jazb) আকর্ষণ; আত্মস্থকরণ। Attraction. Absorption.

جذبه(জায্‌বে/ jazbe) আবেগ; অনুভূতি; মত্ততা; জযবা। Rapture.

جذر(জায্‌র্/ jazr) [ব.ব./pl. جذور] বর্গমূল; মূল। Square root.

جرأت(জোর্‌আৎ/jor'at) সাহস; সাহসিকতা। Courage.

جراح(জার্‌রা'হ্/ jarrăh) অস্ত্রোপচারকারী। Surgeon.

جراحت(জেরা'হাৎ/ jerăhat) [ব.ব./pl. جراحات]=جرك/زخم জখম; পুঁজ। Wound. Pus.

جراحی(জার্‌রা'হী/jarrăhi) শল্য চিকিৎসা। Surgery.

جرار(জার্‌রা'র্/ jarrăr) বিপুল সংখ্যক; যুদ্ধবাজ। Numerous. Warlike.

جرائد(জারা'এদ্/ jarăed) [جريده এর ব. ব./ pl. of جريده]

جرائم(জারা'এম্/ jarăem) [جريمه এর ব. ব./ pl. of جريمه]

جرح(জার্‌হ্/jarh) ক্ষত; আঘাত। Wound (ing). –جرح و تعديل كردن কোন কিছু সংশোধন ও ভারসাম্য বিধান করা; সামান্য পরিবর্তন বা খাপ খাওয়ানো। To modify or adapt.

جرز (জের্‌য্/ jerz) দালানের ভিত; ওজন ধারক স্তম্ভ। Pier; pillar.

جرس (জারাস্/ jaras) = زنگ ঘণ্টা। Bell.

جرعه(জোর'এ/jor'e) পানীয়; এক ঢোক; এক চুমুক (পানি)। Drink; draught; sip.

جرقه(জেরাগ্‌গে/ jeraǧǧe) আগুনের স্ফুলিঙ্গ। Spark.

جرگه(জার্‌গে/jarge) দল। (মানুষ বা পশুর) বৃত্তাকারে দণ্ডায়মান অবস্থা। Circle; ring.

جِرم(জের্‌ম্/ jerm) জড়দেহ। Body.

جُرم(জোর্‌ম্/jorm) অপরাধ; পাপ। Crime; offence.

جرمانه(জোর্‌মা'নে/ jormăne) = جريمه জরিমানা; শাস্তি; অর্থদণ্ড। Punishment. Penalty.

جرم شناسی(জোর্‌ম্ শেনা'সী/jorm šenăsi) অপরাধতত্ত্ব বিজ্ঞান। Criminology.

جرنگ(জারাঙ্গ্/ jarang) ঘণ্টাধ্বনি বা তরবারি, খঞ্জর ইত্যাদির আঘাতের ধ্বনি; ঢং ঢং বা ঝন ঝন শব্দ। Jingling sound; clangour.

جری(জারী/ jari) নির্ভীক; সাহসী। Bold.

جريان(জারাইয়া'ন্/ jarayăn) প্রবাহ; কার্যপরম্পরা; চলমানতা। Flow(ing). Course. Current. –در جريان بودن অব্যাহত থাকা। To be under way. –در جريان اوضاع بودن চলমান পরিস্থিতি সম্পর্কে অবহিত থাকা। To be acquainted with what is going on.

جريانات (জারাইয়া'নাৎ/jarayănăt) [جريان এর ব.ব./pl. of جريان] ঘটনাপ্রবাহ। Incidents.

جريب(জারীব্/jarib) জমির পরিমিতি বা পরিমাণ; (ইরানী) একর। (Iranian) acre.

جريحه(জারীহে/jarihe) ক্ষত; জখম। Wound.

جريحه دار(জে.-দা'র্/j.-dăr) আহত; আঘাতপ্রাপ্ত। Wounded.

جريده(জারীদে/ jaride) [ব.ব./pl.جرائد]

পত্রিকা; সংবাদপত্র। Newspaper.

جریده نگاری(জা.-নেগা'রী/ j.-negări) সাংবাদিকতা। Journalism.

جریمه(জারীমে/jarime) জরিমানা; অর্থদণ্ড। Fine; penalty.

جز (জোয্/joz) ব্যতীত; ছাড়া। Except. Other than.

بجز (জোয্/bejoz)= جز

جزا(জাযা'/jază) প্রতিদান; ক্ষতিপূরণ; শাস্তি; পুরস্কার। Retribution; punishment. Reward. روز جزا- বিচার দিবস। Day of judgment.

جزائر (জাযা'এর্/jază'er) [جزیره এর ব. ব. /pl. of جزیره]

جزائی (জাযা'ঈ/ jază'i) = کیفری দণ্ড বা শাস্তি সংক্রান্ত। Penal.

جزر ومدّ(জায্র-ও-মাদ্[দ্]/ jazr-o-mad[d]) জোয়ার-ভাটা। Tide; flow and ebb.

جزع(জাযা-/jaza') শোক; দুঃখ; অভিযোগ; উদ্বেগ; অস্থিরতা। Grief. Complaint.

جزم(জায্ম্/ jazm) দৃঢ় সিদ্ধান্ত; সংকল্পে অটলতা। (Taking a) definite decision; resolution.

جزو(জোয্ভ্/jozv) অংশ; ভাগ। Part.

جزوه(জোয্ভে/jozve) অংশ বিশেষ; ভাগ। Section.

جزوه دان(জো.-দা'ন্/j.-dăn) পুস্তকাদি রাখার থলে; জুযদান; বক্স-ফাইল। Box-file.

جزیره(জাযীরে/jazire) [ব.ব./pl. جزائر] দ্বীপ; চতুর্দিকে সমুদ্রবেষ্টিত ভূভাগ। Island.

جزیه(জেযয়ে/jezye) ইসলামী রাষ্ট্রে অমুসলমানগণ কর্তৃক দেয় কর যার বিনিময়ে তারা বাধ্যতামূলক সামরিক দায়িত্ব পালন হতে অব্যাহতি পায়। Poll-tax anciently paid by the non-Muslims living in an Islamic state in lieu of participating in compulsory military service.

جزئی(জোয্ঈ/ joz'i) আংশিক; সামান্য। Slight; little.

جزئیات(জোয্ঈয়্যা'ৎ/ joz'iyyăt) পুঙ্খানুপুঙ্খ; বিস্তারিত। Details.

جسارت(জাসা'রাৎ/jasărat) সাহস; প্রগলভতা; ধৃষ্টতা। Boldness, presumption.

جسارت آمیز (জা.-অ'মীয্/j.-ămiz) দুঃসাহসিকতাপূর্ণ; ধৃষ্টতাপূর্ণ। Bold; presumptuous.

جست(জাস্ৎ/ jast) লাফ; ঝাঁপ। Leap; jump.


خوش اخلاق (খো.-আখ্লা'গ্ব/ x.-axlăğ) সুন্দর চরিত্রের অধিকারী; সদাচারী। Having good morals.

خوش اقبال (খো.-এগ্ববা'ল্/x.-eğbăl)= خوشبخت

خوش الحان (খো.-এল্হা'ন্/ x.-elhăn) সুকণ্ঠ। Sweet-singing.

خوش اندام (খো.-আন্দা'ম্/ x.-andăm) সুন্দর দৈহিক কাঠামোবিশিষ্ট। Of a nice figure.

خوشبخت(খো.-বাখ্ৎ/x.-baxt) ভাগ্যবান; সুখী; সৌভাগ্যশালী। Lucky. Happy; prosperous.

خوش بختانه (খো.-বাখ্তা'নে/ x.-baxtăne) সৌভাগ্যজনকভাবে। Fortunately.

خوشبختی(খো.-বাখ্তী/x.-baxti) সৌভাগ্য; ভাগ্য; সুখ। Prosperity; happiness. Good luck.

خوش برخورد (খো.-বার্খোর্দ/x.-barx-ord) সামাজিক; মিশুক। Sociable. Accessible.

خوش بنیه (খো.-বোনিয়ে/x.-bonye) দৈহিকভাবে শক্ত; মজবুত; বলিষ্ঠ। Physically strong; hearty.

خوشبو (খো.-বূ/x.-bu) খুশবু; সুগন্ধি। Sweet-smelling. Perfumed.

خوش بین (খো.-বীন্/x.-bin) শুভবাদী; আশাবাদী; যে ব্যক্তি সব কিছুকে ভালো দৃষ্টিতে দেখে। Optimistic.

خوش بینی (খো.-বীনী/x.-bini) আশাবাদ; সব কিছুকে ভালো হিসেবে দেখার প্রবণতা। Optimism.

خوش ترکیب (খো.-তার্কীব্/x.-tarkib) সুন্দর কাঠামো; সুন্দর বিন্যস্ত কাঠামো বিশিষ্ট। Good-looking. Of a nice figure.

خوش جنس (খো.-জেন্স্/x.-jens) সৎ স্বভাবী; দয়ালু। Good-natured; kind-hearted.

خوشحال (খো.-হা'ল্/ x.-hăl) আনন্দিত; খুশী; সুখী। Glad; happy. -خ. شدن খুশী হওয়া। To become glad. -خ. کردن আনন্দিত করা। To make happy.

خوشحالت(খো.-হা'লাৎ/x.-hălat) ভালো অবস্থা; প্রসন্নচিত্ততা। Good-natured.

خوشحالی (খো.-হা'লী/x.-hăli) আনন্দ; খুশী। Gladness. Joy. -خ. کردن আনন্দিত করা। To rejoice.

خوش حساب(খো.-হেসা'ব্/x.-hesăb) যার হিসাব নিকাশ পরিষ্কার; দেনা আদায়ে অত্যন্ত তৎপর ব্যক্তি। Prompt to pay one's dues.

خوش خبر (খো.-খাবার্/x.-xabar) সুসংবাদ প্রদানকারী। Bringing good news.

خوش خدمتی(খো.-খেদ্‌মাতী/ x.-xedmati) মোসাহেবগিরি; প্রত্যাশা বা দায়িত্বের চাইতে বেশী খেদমত করা। Sycophant and supererogatory service.

خوش خط (খো.-খাৎ/x.-xat) ১/1)= خوشنویس ২/2) সুন্দর হস্তলিপি। Nicely written.

خوش خط و خال (খো.-খাৎ-ও-খা'ল্/ x.-xat-o-xăl) সুন্দর ডোরাকাটা ও চিহ্নযুক্ত; বাহ্যিকভাবে ভাল। Having beautiful stripes and spots. Outwardly good.

–مار خوش خط و خال তৃণাচ্ছাদিত সর্প। Snake in the grass.

خوش خلق (খো.-খোল্‌গ্/x.-xolğ) সুন্দর চরিত্রের (লোক)। Good-natured.

خوش خلقی (খো.-খোল্‌গী/x.-xolği) সুন্দর আচরণ; মার্জিত স্বভাব। Good humour; good nature.

خوشخو (খো.-খূ/x.-xu) সুন্দর চরিত্রের/ মার্জিত স্বভাবের লোক। Good-natured; good-humoured.

خوشخوان(খো.-খা'ন্/x.-xăn)= خوش آواز

خوش خوش(খো.-খোশ্/x.-xoš)= کم کم

خوش دست(খো.-দাস্ত্/x.-dast) বরকতময় হাতওয়ালা। Having a lucky hand (or touch).

خوشدل (খো.-দেল্/x.-del) আনন্দচিত্ত; উৎফুল্ল। Merry; gay; cheerful.

خوشدلی (খো.-দেলী/ x.-deli) প্রফুল্লতা; আনন্দচিত্ততা। Gaiety; cheerfulness.

خوش ذات (খো.-যা'ৎ/x.-zăt) যে স্বভাবগতভাবে ভাল; সুন্দর চরিত্রের। Inwardly good; good-natured.

خوش رفتار (খো.-রাফ্‌তা'র্/ x.-raftăr) ভালো; মার্জিত চাল-চলনের (লোক); সদাচারী। Behaving well. Walking elegantly.

خوش رفتاری(খো.-রাফ্‌তা'রী/ x.-raftări) সদাচার। Good behaviour.

خوش رقصی (খো.-রাগ্‌সী/x.-rağsi) প্রত্যাশার অতিরিক্ত কাজ বা সেবা করা; মূ. অ. চমৎকার নৃত্য; পূর্ণাঙ্গ বা ছিনালিপূর্ণ নৃত্য। Supererogatory service. OS. Perfect or coquettish dancing.

خوشرنگ (খো.-রাঙ্গ্/x.-rang) সুন্দর রংবিশিষ্ট; রঙিন। Of a pretty colour. Coloury.

خوشرو(খো.-রূ/ x.-ru) সহাস্য বদন; হাসিমুখ। Of a cheerful face; smiling.

خوش روش (খো.-রাভেশ্/x.-raveš) সুন্দর শিক্ষাদীক্ষাপ্রাপ্ত; তেজস্বী। Thorough-paced.

خوشرویی(খো.-রুয়ী/ x.-ruyi) প্রফুল্লতা। Cheerfulness.

خوشزبان (খো.-যাবা'ন্/x.-zabăn) সদালাপী; যার কথাবার্তা মাধুর্যপূর্ণ। Fair-spoken.

خوش سابقه (খো.-সা'বেগ্বে/x.-săbeğe) যার অতীত জীবন ভালো ও সুন্দর; সুখ্যাত। Having a clean (or good) record. Reputable.

خوش سخن (খো.-সোখান্/ x.-soxan)= خوش صحبت

خوش سلیقه (খো.-সালীগ্বে/x.-saliğe) রুচিবান। Of an exquisite taste; of good choice.

خوش صدا (খো.-সেদা'/x.-sedă) সুকণ্ঠ; মধুর কণ্ঠ। Having a good voice; sweet-singing. Melodious.

خوش طبع (খো.-তাবা-/x.-taba') মিষ্টভাষী; সদাচারী; সদালাপী; রসিকতাপ্রিয়। Good-natured. Jocular.

خوش طعم (খো.-তাআম্/x.-ta'm)= خوش مزه

خوش طینت (খো.-তীনাৎ/x.-tinat) সুন্দর চরিত্রের; উত্তম চরিত্রের অধিকারী। Good-natured.

خوش ظاهر (খো.-যা'হের্/x.-zăher) বাহ্যিকভাবে ভালো। Outwardly good.

خوش قدم (খো.-গ্বাদাম্/x.-ğadam) যার আগমন সৌভাগ্য বয়ে আনে; সৌভাগ্যবান। Bringing good luck; lucky.

خوش قلب(খো.-গ্বাল্ব্/ x.-ğalb) দয়ালু হৃদয়; উত্তম অনুভূতিশীল। Kind-hearted; having a good feeling.

خوش قلم (খো.-গ্বালাম্/ x.-ğalam) ১/1)= خوشخط ২/2) সুন্দর কলম বা হস্তলিপির অধিকারী লোক। Having a good pen or style. ৩/3) মার্জিত লেখা। Written elegantly.

خوش قول (খো.-গ্বাওল্/x.-ğawl) যে কথা দিয়ে কথা রাখে; যে কথা মত কাজ করে; প্রতিশ্রুতি রক্ষাকারী। True to one's promise; punctual.

خوش قولی (খো.-গ্বাওলী/x.-ğawli) প্রতিশ্রুতি রক্ষায় বিশ্বস্ততা; কথা মত কাজ করার স্বভাব। Faithfulness to one's promise. Punctuality.

خوش قیافه (খো.-গ্বেয়া'ফে/x.-ğeyăfe) যার দেহকাঠামো সুন্দর; সুদর্শন। Good-looking. Handsome. Personable.

خوش کردار (খো.-কের্দা'র্/x.-kerdăr) যার আচার-আচরণ মার্জিত। Of good conduct.

خوش گزران (খো.-গোযারা'ন্/ x.-gozarăn) যার জীবন আনন্দময়। Who lives in pleasure.

خوش گزرانی (খো.-গোযারা'নী/ x.-gozarăni) আনন্দময় জীবন যাপন; মুক্ত; আরাম-আয়েশে জীবন কাটানো। Living in pleasure; free living.

خوشگل(খো.-গেল্/x.-gel) সুন্দর; সুদর্শন। Beautiful; handsome.

خوشگلی(খো.-গেলী/x.-geli) সৌন্দর্য; সুদর্শনতা। Beauty; handsomeness.

خوش گمانی(খো.-গোমা'নী/x.-gomăni) ভালো ধারণা পোষণ করা; অনুকূল ধারণা বা অনুমান করা। Favourable opinion.

خوش گوار (খো.-গোভা'র্/x.-govăr) সুস্বাদু; সুপেয়; স্বাস্থ্যকর। Wholesome. Digestible. Agreeable to the taste.

خوش لباس (খো.-লেবা'স্/x.-lebăs) সুন্দর জামা-কাপড় পরিধান করে এমন ব্যক্তি। Well-dressed.

خوش لهجه (খো.-লাহ্জে/x.-lahje) মিষ্টভাষী; উত্তম বাচনভঙ্গিবিশিষ্ট। Having a good accent.

خوش محضر(খো.-মাহ্যার্/x.-mahzar) মিশুক; সঙ্গপ্রিয়; সদালাপী। Sociable; conversable; accessible.

خوش مزه (খো.-মাযে/x.-maze) সুস্বাদু; মজাদার। Tasty; delicious.

خوش مشرب(খো.-মাশ্রাব্/x.-mašrab) সুন্দর স্বভাবসম্পন্ন; সামাজিক; আড্ডাপ্রিয় ব্যক্তি। Good-natured. Sociable. Convivial.

خوش معاشرت (খো.-মোঅ'শেরাৎ/ x.-moăšerat) সামাজিক; মিশুক। Sociable

خوش معامله (খো.-মোঅ'মেলে/x.-moă-mele) উত্তম লেনদেন ও আচার-ব্যবহার বিশিষ্ট ব্যক্তি। Fair in one's dealings.

خوش منظر(খো.-মান্যার্/x.-manzar) সুদর্শন; মনোরম। Good-looking; comely.

خوشنام (খো.-না'ম্/x.-năm) সুনাম; সুখ্যাতি। Goodwill.

خوش نشین(খো.-নেশীন্/x.-nešin) জমির মালিক বা চাষী কোনটাই নয় এমন গ্রামবাসী; নতুন অভিবাসী। Colonizer; new settler.

خوش نقش (খো.-নাগ্শ্/x.-nağš) ভাগ্যবান। Lucky.

خوشنما (খো.-নামা'/x.-namă) সুদর্শন; মনোরম; সুন্দর; উজ্জ্বল। Well-seeming. Decent. Glossy.

خوش نمک (খো.-নামাক্/x.-namak) সুস্বাদু। Savoury; saltish.

خوش نوا (খো.-নাভা'/x.-navă) সুকণ্ঠ গায়ক। Sweet-singing.

خوشنود(খোশ্নূদ্/xošnud)= خشنود

خوش نویس (খোশ্নেভীস্/xošnevis) যার হস্তাক্ষর সুন্দর; ক্যালিগ্রাফার। Who writes elegantly. Calligrapher.

خوش نهاد (খো.-নেহা'দ্/ x.-nehăd) সুন্দর স্বভাবের অধিকারী; চরিত্রবান। Good-natured.

خوش نیت (খো.-নিয়্যাৎ/x.-niyyat) যার নিয়ত উদ্দেশ্য বা অভিপ্রায় ভালো। Well-intentioned; well-meaning.

خوش وعده (খো.-ভা-দে/x.-va'de) স্বতঃউপস্থিত; যে দাওয়াত বা আমন্ত্রণের অপেক্ষা না করে বন্ধুজন ও আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাত করে।

Self-invited; who calls on friends and relatives without waiting to be invited.

خوشوقت(খো.-ভাগ্বৎ/x.-vağt) আনন্দিত; সুখী। Pleased; glad.

–خوشوقتم که بشما اطلاع دهم که আমি আপনাকে অবহিত করতে পেরে আনন্দিত যে। I have pleasure in informing you that.

خوشوقتی (খো.-ভাগ্বতী/x.-vağti) আনন্দ; খুশী। Pleasure.

–اظهار خوشوقتی کردن আনন্দ প্রকাশ করা। To express one's pleasure or joy.

خوشه (খূশে/xuše) শস্যের শীষ; শস্যের গুচ্ছ; শস্যদানা। Ear of corn. Cluster.

خوشه چین (খূ.-চীন্/x.-čin) যে শস্যদানা কুড়ায় সংকলক; সংগ্রাহক। Gleaner. Compiler; plagiary.

خوشه چینی (খূ.-চীনী/x.-čini) শস্যদানা কুড়ানো; সংগ্রহ; সংকলন। Gleaning. Compilation.

خوش هوا(খোশ্ হাভা'/xoš havă) ভালো আবহাওয়ার অধিকারী। Having a fine weather. Of a good climate.

خوش هیکل (খো.-হেইকাল্/x.-heikal) সুন্দর দেহসৌষ্ঠবের অধিকারী; সুদর্শন পুরুষ। Of a nice figure; of a handsome stature.

خوش یمن (খো.-ইয়োম্ন্/x.-yomn) সৌভাগ্যপূর্ণ; শুভ লক্ষণযুক্ত। Lucky; auspicious.

خوف(খোওফ/xowf)= ترس ভয়। Fear. –خ. داشتن / خ. کردن = ترسیدن ভয় পাওয়া। To fear; be afraid.

خوك (খূক্/xuk) শূকর। Hog; pig.

–گوشت خ. শূকরের মাংস। Pork.

خوك چران (খূ.-চারা'ন্/x.-čarăn) শূকরের রাখাল। Swine-herd.

خوکرده(খূ কার্দে/xu karde) অভ্যস্ত হওয়া; আসক্ত হওয়া। Accustomed. Addicted.

خوگرفته(খূগেরেফতে/xugerefte)= خو کرده

خوك ماهی (খূক্ মা'হী/xuk măhi) ডলফিন বা ছোট তিমি জাতীয় সামুদ্রিক জীব বিশেষ; সামুদ্রিক শূকর। Porpoise; sea-hog.

خول (খূল্/xul)= زغن কাকের ন্যায় দেখতে অপেক্ষাকৃত ছোট পাখী বিশেষ; চিল। Kite.

خون(খূন্/xun) রক্ত। Blood.

–از دماغش خون میاید তার নাক দিয়ে রক্ত পড়ছে। His nose is bleeding.

–خونش بجوش آمده است তার রক্ত টগবগ করছে। His blood is up.

–خون کسی را بجوش آوردن কারো রক্ত গরম করে দেওয়া। To stir one's blood.

–خون او از خون من رنگینتر نیست সে আমার চাইতে উৎকৃষ্ট নয়। He is no better than I am.

–خون جگر خوردن/ خون دل خوردن নীরবে অসহ্য যন্ত্রণা ভোগ করা। To suffer very much (in silence).

–خون ریختن رক্ত ঝরানো। To shed blood. –خون کردن খুন করা; হত্যা করা। Commit murder.

خونابه (খূনা'বে/xunăbe) পানি মিশ্রিত রক্ত; রক্তাশ্রু। Thin transparent blood.

خونبار (খূন্‌বা'র্‌/xunbăr) রক্তঝরা। Shedding (tears of) blood.

خون بند (খূ.-বান্দ্‌/x.-band) রক্তক্ষরণ নিরোধক (পদার্থ)। Styptie.

خون بها(খূ.-বাহা'/x.-bahă) খুনের বদলা হিসেবে দেয় অর্থ; রক্তমূল্য। Blood-money.

خون تاوان (খূ.-তা'বা'ন/x.-tăbăn)= خون بها

خونخوار (খূ.-খা'র্‌/ x.-xăr) রক্তপিপাসু; নিষ্ঠুর। Bloodthirsty; cruel.

خونخواری (খূ.-খা'রী/x.-xări) রক্তপিপাসা; নৃশংসতা। Atrocity; cruelty.

خونخواه (খূ.-খা'হ্‌/x.-xăh) যে হত্যা বা রক্তপাতের প্রতিশোধ নিতে চায়। Avenger of murder or blood-shed.

خونخواهی (খূ.-খা'হী/x.-xăhi) খুনের বা রক্তের প্রতিশোধ চাওয়া। Vengeance for bloodshed.

خون دماغ (খূ.-দেমাগ্‌/x.-demăğ) নাকে রক্ত পড়ে; রক্ত পড়া; যে রক্ত নাক দিয়ে পড়ে। Bleeding at the nose; nose-bleed.

خونروی (খূ.-রাভী/ x.-ravi) রক্তক্ষরণ; রক্তস্রাব। Hemorrhage.

خونریزی(খূ.-রীযী/x.-rizi) রক্তপাত। Bloodshed.

خون سرد (খূ.-সার্দ/ x.-sard) স্নায়ুর ওপর যার নিয়ন্ত্রণ আছে এবং যে খুব তাড়াতাড়ি অধৈর্য হয় না; ধীরস্থির; নিস্পৃহ। Cold-blooded. Unemotional.

خون سردی (খূ.-সার্দী/x.-sardi) ধৈর্য; সহনশীলতা; নিস্পৃহতা। Cold blood; indifference; calmness.

خون شناسی (খূ.-শেনা'সী/x.-šenăsi) রক্তবিজ্ঞান। Hematology.

خون فشان (খূ.-ফেশা'ন্‌/x.-fešăn) যা রক্তাশ্রু; রক্ত-ঝরা। Shedding bloody (bitter) tears; tearful.

خون گرم (খূ.-গার্ম্‌/x.-garm) যার রক্ত গরম; উষ্ণ হৃদয়; সহানুভূতিশীল। Warm-blooded. Warm-hearted.

خون گرمی (খূ.-গার্মী/x.-garmi) দায়ার্দ্রতা; উষ্ণ আন্তরিকতা; সহানুভূতি। Warm-heartedness; sympathy.

خونی (খূনী/xuni) রক্ত সম্বন্ধীয়; খুনী; নরহন্তা। Bloody. Murderer.

خونین(খূনীন্‌/xunin) রক্তাক্ত; রক্তরঞ্জিত। Sanguinary; bloody.

خوی (খূই/xuy)= خو

خوی (খোয়/ xoy)= عرق ঘাম; ঘর্ম; স্বেদ। Sweat; perspiration.

خوید (খীদ্‌/xid) পাকে নি এমন শস্যদানা। Unripe ear of corn.

خویش (খীশ্‌/xiš) আপনজন; আত্মীয়; নিজ। Relative; kinsman. Oneself.

خویشاوند(খীশা'ভান্দ্‌/xišăvand)

আত্মীয়; আপনজন। Relative; kinsman.

خویشاوندی(খীশা'ভান্দী/xišăvandi) আত্মীয়তা। Relationship.

خویشتن (খীশ্তান্/ xištan) = خویش

خویشتن دار (খী.-দা'র্/ x.-dăr) ১/1) যে নিজের যত্ন নিজে নেয়। Who takes care of himself. ২/2) = خود دار

خویش نگری (খীশ্ নেগারী/xiš negari) আত্মন্তরিতা। Introspection.

خویشی (খীশী/xiši) আপন; আত্মীয়তা। Relationship; kinship.

با کسی خ. کردن– বিয়ের সূত্রে কারো সাথে আত্মীয়তার বন্ধনে আবদ্ধ হওয়া। To ally oneself to some one by marriage.

خیابان (খীয়া'বা'ন্/xiyăbăn) সড়ক; রাস্তা; গলি। Avenue; road; alley.

خیار (খীয়া'র্/ xiyăr) শসা। Cucumber.

خیار (খীয়া'র্/xiyăr) করা না করার এখতিয়ার; অধিকার। Option.

خیارك (খীয়া'রাক্/ xiyărak) গ্রন্থিস্ফীতি। Bubo.

خیاره(খীয়া'রে/ xiyăre) ১/1) বাছাইকৃত। Choosen. ২/2) কাঠ বা অন্য কিছুর ওপর খোদাই করে বা কেটে তৈরী সরু লম্বা খাত। Fluting. Groove.

خیاط (খাইয়া'ৎ/ xayyăt) দর্জি। Tailor.

خیاطه (খাইয়া'তে/ xayyăte) [خیاط এর স্ত্রী./Fem. of خیاط] মহিলা দর্জি। Tailoress.

خیاطی (খাইয়া'তী/xayyăti) দর্জিগিরি; সেলাই কর্ম। Tailoring; sewing.

خیال (খীয়া'ল্/xiyăl) [ব.ব./pl. خیالات] খেয়াল; ধারণা; কল্পনা; চিন্তা; অপচ্ছায়া। Phantom. Hallucination. Thought. Reflection.

خیالاتی (খীয়া'লা'তী/xiyălăti) কাল্পনিক; মনোব্যাধিমূলক। Visionary; hypochondriac.

خیال باف (খীয়া'ল্বা'ফ/xiyălbăf) কল্পনাপ্রবণ; কল্পনাবিলাসী। Visionary.

خیالی(খীয়া'লী/xiyăli) কাল্পনিক; অবাস্তব। Imaginary; visionary.

خیام (খাইয়া'ম্/xayyăm) চতুষ্পদী ফার্সী কবিতার প্রখ্যাত কবি এবং প্রখ্যাত গণিতজ্ঞ ও জ্যোতির্বিদ ওমর খৈয়ামের কবিনাম; মূ.অ. তাঁবু নির্মাতা। Khayyam: Penname of the author of Robaiyat or Quatrains, Mathematician and astrologer. OS. Tentmaker.

خیانت (খীয়া'নাৎ/xiyănat) বিশ্বাসঘাতকতা; খেয়ানত। Treachery; perfidy. –خ. کردن বিশ্বাসঘাতকতা করা। To be treacherous.

خیانت آمیز (খী.-অ'মীয্/x.-ămiz) বিশ্বাসঘাতকতাপূর্ণ। Treacherous.

خیانت کار (খী.-কা'র্/ x.-kăr)= خیانت گر

خیر (খেইর্/ xeyr) ভালো; কল্যাণ; লাভ। Good; welfare; benefit.

خیر (খেইর্/xeyr) না। No.

خیر(খেইর্/ xeyr) জনকল্যাণমূলক; পরহিতকর। Charitable.

خیرات (খেইরা'ৎ/xeyrăt) জনহিতকর কাজ। Charitable deeds.

خیر اندیش (খেইর্ আন্দীশ্/xeyr andiš) = خیر خواه

خیرخواه (খে.-খা'হ্/x.-xăh) জনকল্যাণকারী; শুভাকাঙ্ক্ষী। Benevolent. Public-spirited.

خیرخواهانه (খে.-খা'হা'নে/x.-xăhăne) জনকল্যাণমূলক; জনহিতকর। Benevolently.

خیرخواهی (খে.-খা'হী/x.-xăhi) হিতসাধনের ইচ্ছা বা সংকল্প। Benevolence.

خیرگی (খীরেগী/xiregi) বিস্ময়; বিহ্বলতা; বিমূঢ়তা। Impudence.

خیره (খীরে/xire) অবিবেচক; হঠকারী; বিস্ময়বিহ্বল; বিস্ময়ে বিমূঢ়। Impudent. Bold. Headstrong. Astonished. Dazzled. –خ. شدن বিস্ময়ে অভিভূত হওয়া। To be dazzled.

خیریت(খেইরীয়্যাৎ/xeyriyyat) জনকল্যাণ। Welfare.

خیریه (খেইরিয়্যে/xeyriyye) দাতব্য প্রতিষ্ঠান; জনকল্যাণমূলক সংস্থা। Charity institution.

خیز (খীয্/xiz) ১/1) [خواستن এর অনু./ Imp. of خواستن] ২/2) লম্ফ; স্ফীতি; উত্থান; (কোন খিলানের) ঊর্ধ্বগামিতা। Jump. Upheaval. Rise. (of a arch).

خیزان (খীযা'ন্/xizăn) উত্থানমুখী; উঠতি। Rising.

خیس(খীস্/xis) সিক্ত; ভেজা। Drenched. Soaked in water. –خ. شدن পানিতে সম্পূর্ণ ভিজে যাওয়া। To become wet all over. –خ. کردن ভিজানো; সিক্ত করা। To soak.

خیش (খীশ্/xiš) লাঙ্গলের ফলা। Plough-share.

خیلی (খেইলী/xeili) অনেক; প্রচুর; খুব। Many; a lot of. –خ. متأسفم که আমি অত্যন্ত দুঃখিত যে। I much regret that.

خیلی ها (খেইলীহা'/xeilihă) অনেকে; প্রচুর লোক। A great many people.

خیمه (খেইমে/xeime) তাঁবু; প্যাভিলিয়ন। Tent. Pavilion. –خ. زدن তাঁবু ফেলা। To pitch a tent.

خیو (খীয়ু/xiyu)= بزاق মুখের লালা; থুথু। Salivar.

د

د (দ/d) ফার্সী বর্ণমালার দশম বর্ণ এবং নাম 'দাল্' । The tenth letter of the Persian alphabet called 'dal'.

داخل (দা'খেল্/dăxel) ভেতর; অভ্যন্তর; অভ্যন্তরীণ; দাখিল। Inside; interior. ১/1)= داخلی ২/2) মিশ্রিত। Mixed. ৩/3) সংশ্লিষ্ট। Involved. –در اطاقی د. شدن/ داخل اطاق شدن– কক্ষে প্রবেশ করা। To enter (into) a room. –د. کردن প্রবেশ করানো; মিশ্রিত করা। To enter. To mingle. از داخل ভেতর থেকে। From within. داخل [در داخل এর ক্ষেত্রে] ভেতরে; অভ্যন্তরে। [for در داخل] In(side).

داخله (দা'খেলে/dăxele) [داخل এর স্ত্রী./ [Fem. of داخل] অভ্যন্তরীণ; অভ্যন্তর; অন্তর্বর্তী। Internal. Interior.

داخلی (দা'খেলী/dăxeli) অভ্যন্তরীণ; স্থানীয়। Internal. Inner. Civil. Local. – جنگ د. গৃহযুদ্ধ। Civil war. – مصرف د. অভ্যন্তরীণ ব্যবহার। Local consumption.

داد (দা'দ্/dăd) দাদ; ন্যায়বিচার; চিৎকার; (ন্যায়বিচারের জন্য) আর্তনাদ/চিৎকার। Justice. Cry (for justice); shout. –د. خواستن ন্যায়বিচার প্রার্থনা করা; সুবিচারের জন্য আবেদন করা। To plead for justice. –د. سخن دادن অতিশয় বাকপটু বা প্রাঞ্জলভাষী হওয়া। To be most eloquent. –د. زدن চিৎকার করা; ক্ষিপ্তভাবে উচ্চৈঃস্বরে কথা বলা। To shout. –د. کردن চিৎকার করা; বিচার করা/ন্যায়বিচার করা। To shout. To do justice. –داد کسی را دادن কারো প্রতি ন্যায়বিচার করা। To do justice to someone. –داد مرا از او بگیرید তার কাছ থেকে আমার প্রতিশোধ নাও। Avenge me on him. –بدادم برسید আমাকে বাঁচাও/ সাহায্য কর। Come to my rescue. – ای د. হায় খোদা! দয়া কর। হায় আল্লাহ্! হায় কপাল! Mercy! Good Gracious! Good God! –داد و قال کردن হৈ চৈ করা; বিক্ষুব্ধ বা উত্তেজিত বা অস্থির হওয়া। To kick up a row. To fuss.

دادار (দা'দা'র্/dădăr) [কবিতায়] ন্যায়পরায়ণ; ন্যায়বিচারক; পক্ষপাতশূন্য; আল্লাহ্‌র অন্যতম গুণবাচক নাম। Just; righteous: epithet of God.

داداش (দা'দা'শ্/dădăs)= برادر ভাই। Brother.

داد خواست (দা'দ্‌খা'স্ত্/dădxăst) আরজি; বিচার প্রার্থনা করে লিখিত আবেদনপত্র। Petition.

دادخواه(দা'.-খা'হ্/d.-xăh) ফরিয়াদী; বিচারপ্রার্থী। One who pleads for justice. Petitioner.

دادخواهی (দা'.-খা'হী/d.-xăhi) বিচার প্রার্থনা। Pleading for justice.
–د. کردن বিচার প্রার্থনা করা; সুবিচারের জন্য আরজি পেশ করা। To implore, or plead for, justice.

دادرس (দা'.-রাস্/d.-ras) বিচারক; মজলুমদের ফরিয়াদে সাড়াদানকারী; জজ। Judge.

دادرسی (দা'.-রাসী/d.-rasi) মজলুমের ডাকে সাড়া দান; ফরিয়াদীর অভিযোগ শ্রবণ, এ সম্পর্কে অনুসন্ধান ও বিচার করা। Legal procedure; hearing. Judgement. –د. کردن বিচার করা। To judge.

دادستان (দা'.-সেতা'ন্/d.-setăn) যে একজনের নিকট থেকে আরেক জনের প্রতিশোধ গ্রহণ করে; সরকারী কৌসুলী; সরকারের পক্ষ থেকে অভিযোগ দায়েরের জন্য বিচারালয়ে নিয়োজিত প্রতিনিধি। Public prosecutor.

دادسرا (দা'.-সারা'/d.-sară) বিচারালয়ের একটি বিভাগ যেখানে সরকারী কৌসুলী বা অভিযোগকারীর অধীনস্থ জেরাকারীরা বসেন। Public prosecutor's office.

دادگاه (দা'.-গা'হ্/d.-găh) বিচারালয়; কোর্ট। Court of justice.

دادگر (দা'.-গার্ / d.-gar) ন্যায়পরায়ণ; ন্যায়বিচারক। Just; righteous.

دادگستری (দা'.-গোস্তারী/d.-gostari) [وزارت د. বোঝাতে/For وزارت د.] বিচার মন্ত্রণালয়। Ministry of Justice.

دادن(দা'দান্/dădan) [د.] দেওয়া; প্রদান করা; সমর্পণ করা। To give.
–آنرا بمن داد সে এটি আমাকে দিল। He gave it to me.
–قدری پول بمن بدهید আমাকে কিছু টাকা দাও। Give me some money.

دادنامه (দা'দ্না'মে/ dădnăme) বিচারের (লিখিত) রায়। (Written) judgement.

دادنی (দা'দানী/dădani) পরিশোধযোগ্য; যা অবশ্যই দিতে বা পরিশোধ করতে হবে। Payable. That must be given.

داد و بیداد(দা'দ-ও-বীদা'দ/dăd-o-bidăd) হৈ চৈ; তুমুল ঝগড়া; কোলাহল। Row; brawl.
–د. راه انداختن হৈ চৈ/হট্টগোল করা; বাক-বিতণ্ডা/কোলাহল করা। To kick up a row. –د. کردن চিৎকার করা; রাগে ক্ষোভে গর্জন করা বা ফেটে পড়া। To shout or uproar.

داد وستد(দা'দ-ও-সেতাদ্/dăd-o-setad) লেনদেন; বেচাকেনা। Transactions.
–د. کردن লেনদেন/বেচাকেনা/ব্যবসা-বাণিজ্য করা। To do or carry on business; transaction.

داده (দা'দে/ dăde) [دادن এর ক্রি. বিণ./ P.P. of دادن] প্রদত্ত; পরিশোধকৃত; প্রদান; পরিশোধ; প্রদত্ত অর্থ। Given; paid. Payment(s); amount(s) paid.

دادیار (দা'দ্ইয়া'র্/dădyăr) সরকারী কৌসুলীর সহকারী; উকিল। Assistant to the public prosecutor.

دار(দা'র্/dăr) বৃক্ষ; ঘরের সিলিং-এ ব্যবহৃত সোজা ও লম্বা কাঠ; ফাঁসিকাষ্ঠ; পতাকা উত্তোলনে ব্যবহৃত লম্বা দণ্ড। Tree. Gallows. Staff (of a flag).

دار (দা'র্/dăr)= خانه বাড়ী; ঘর; দুনিয়া। [সাধারণ ব্যবহার دار دنیا] House World [usually دار دنیا].

دارا (দা'রা'/dără) অধিকারী;...ধারী সম্পদশালী। Having; possessing; containning. Rich.

–دارای سه اطاق است (বাড়িটি) তিন কক্ষবিশিষ্ট। It has 3 rooms.

دارا (দা'রা'/dără)= داریوش

دارابی (দা'রা'বী/ dărăbi) দেখতে মাল্টার ন্যায় টক, মিষ্টি ও সুগন্ধিবিশিষ্ট ফল বিশেষ। Kind of fruit allied to shaddock.

دار الانشاء (দা'রোল্ এন্‌শা-/dărol enšă-)= دبیرخانه

دارالایتام (দা'রোল্ আইতা'ম্/dărol aytăm) এতিমখানা। Orphan asylum.

دارالتأدیب (দা'রোত্ তা-দীব্/ dărot-ta'dib) সংশোধনকেন্দ্র। House of correction. [দ্র./S.u. تأدیب]

دارالترجمه (দা'রোত্তার্‌জোমে/ dărottarjome) অনুবাদকেন্দ্র। Translation office.

دارالفنون(দা'রোল্ ফোনূন্/dărol fonun) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে উচ্চশিক্ষার প্রতিষ্ঠান; পলিটেকনিক ইনস্টিটিউট। Polytechnic institution.

دارایی (দা'রা'য়ী/dărăyi) সম্পদ; পরিসম্পদ। Wealth. Assets.

–وزارت د. অর্থ মন্ত্রণালয়। Finance ministry.

داربست (দা'র্‌বাস্‌ৎ/dărbast) লতাদি বেড়ে ওঠার জন্য তৈরি জংলা বা মাচান। Trellis. Scaffolding.

دار دانل (দা'র্‌দা'নেল্/dărdănel) দারদানেলিস প্রণালী। Dardanelles.

دارفلفل (দা'র্ ফেল্‌ফেল্/dăr felfel) লম্বাটে ও সাদা রঙের মরিচ বিশেষ যা লতানো গাছে হয় এবং কাল রঙের গোল মরিচের সাথে যার মিল রয়েছে। Long pepper.

دارکوب (দা'র্ কূব্/dăr kub) সাদা, কালো, হলুদ ও সবুজ রঙের লম্বা ঠোঁটবিশিষ্ট ছোট পাখী বিশেষ; কাঠঠোকরা পাখী। Woodpecker.

دارموش (দা'র্ মূশ্/dăr muš) ইঁদুরমারা ওষুধ; শ্বেত আর্সেনিক। White arsenic.

دارندگی (দা'রান্‌দেগী/dărandegi) সম্পদশালিতা; ধনাঢ্যতা; প্রাচুর্য। Wealth(iness).

دارنده (দা'রান্‌দে/dărande) অধিকারী; ধারণকারী। Possessor. Holder [ব. ব./pl.دارندگان].–دارندهٔ گواهی نامه সনদপত্রের অধিকারী; সার্টিফিকেটধারী। Holder of certificate.

دارو (দা'রু/dăru) ঔষধ। Medicine; drug.

داروخانه (দা'রুখা'নে/dăruxăne) ফার্মেসী; ঔষধের দোকান। Pharmacy; drugstore.

دارودسته(দা'রোদাস্‌তে/dăr-o-daste) সাঙ্গপাঙ্গ; সমর্থকগোষ্ঠী। Gang.

داروساز(দারু সা'য্/dăru săz) ঔষধ প্রস্তুতকারী। Drugist.

داروسازی (দা.-সা'যী/d.-săzi) ঔষধ প্রস্তুত করার কাজ; বিক্রির উদ্দেশ্যে ঔষধ তৈরির কারখানা বা দোকান।
Pharmacy; pharmaceutics.

داروشناسی (দা.-শেনা'সী/ d.-šenăsi) ঔষধ বিষয়ক বিজ্ঞান।
Pharmacology.

داروغه (দা'রুঘে/dăruğe)=
فرماندار / کلانتر

داروگر (দা'রুগার্/dărugar)= داروساز

دار و ندار(দা'র-ও-নাদা'র্/dăr-o-nadăr) (কারো) সমস্ত ধনসম্পদ; আছে না আছে সব কিছু। All (one has); one's all.

دارویی (দা'রুয়ী/dăruyi) ওষধি; ফার্মাসিউটিক্যাল; ঔষধ প্রস্তুত সংক্রান্ত।
Pharmaceutical.

دارین (দা'রেইন্/dăreyn) [دار এর দ্বি বচন /Dual of دار] দুই গৃহ; দুই জগৎ ঃ দুনিয়া ও আখেরাত। The two houses; the two worlds.

داس (দা'স্/dăs) কাঁচি; কাস্তে। Scythe; sickle.

داستان (দা'স্তা'ন্/dăstăn) কাহিনী; রূপকথা; কিসসা; গল্প। Story; tale. Fable.

داستان سرا (দা'.-সারা'/d.-sară) যে গল্প বলে; গল্পকথক। Story-teller.

داسی(দা'সী/dăsi) কাস্তের ন্যায়; বাঁকানো।
Falcate; falciform.

داشبورد (দা'শ্বোর্দ্/dăšbord) ঘোড়ার গাড়ীর সামনের দিকে ঘোড়ার পা থেকে ছিটকে ওঠা কাদা থেকে বাঁচার জন্য স্থাপিত বোর্ড বা আবরণ; মোটরগাড়ী ও বিমানে যন্ত্রপাতি রাখার জায়গা।
Dash-board.

داشتن(দা'শ্তান্/dăštan) [دار] কোন কিছুর অধিকারী থাকা; তত্ত্বাবধান করা; রাখা। To have; to own; to hold. To keep. -ندارد (তার) নেই। He does not have. বিঃ দ্রঃ/Notes: আধুনিক ফার্সীতে داشتن এর অনু. داشته باش The imp. of داشتن in modern colloquial Persian is داشته باش ‖ داشتن এর বর্তমানকালের ক্ষেত্রে دارم বলা হয়, می دارم নয় যা কেবল داشتن এর যৌগিক রূপেই ব্যবহৃত হয়। The present tense of داشتن is دارم not می دارم which is reserved for cases when داشتن occures in compounds. বর্তমানকালের পূর্বে دارم– دارید ইত্যাদি ও অতীতকালের পূর্বে داشتم، داشتید ইত্যাদি চলতি ভাষার উন্নততর রূপের পরিচায়ক।
دارم–دارید etc. before the present and داشتم – داشتید etc. before the past indicate progressive forms in colloquial Persian. এ অনুসারে/Thus:
دارم کار می کنم আমি কাজ করছি। I am working. داشتم غذا میخوردم আমি খাবার খাচ্ছিলাম। I was eating.

داشته (দা'শ্তে/ dăšte) [داشتن এর ক্রি. বিণ./P.P. of داشتن].

داعی(দা'ঈ/dă'i) উদ্দেশ্য; দোয়াকারী; প্রার্থনাকারী; স্বীয় ধর্মের প্রতি আহ্বানকারী; কারণ; নিমিত্ত। Motive; cause. (The) one who prays (for you); Missionary. [ব.ব./pl. دعاة]

داعیه (দা'ঈয়ে/dă'iye) [داعی এর স্ত্রী/ Fem. of داعی] প্রেরণা; উদ্দেশ্য; প্রার্থনা; আবেদন; ইচ্ছা। Motive. Desire. Claim.

داغ (দা'গ্ব/dăğ) দাগ; চিহ্ন; কলঙ্ক; পোড়া চিহ্ন; গরম লোহা দ্বারা মানুষ বা পশুর শরীরে দেয়া চিহ্ন; প্রিয়জনের মৃত্যুজনিত বা হতাশাজাত দুঃখবেদনা। Brand. Scar. (Effect of) bereavement. Remorse. –داغ فتیله ای লম্বা (ফিতার ন্যায়) দাগ। Moxa. –داغ نخود ছোলার ন্যায় (ছোট) দাগ। Issue-pea. –د. زدن দাগ বা চিহ্ন দেয়া। To brand or cauterize. –د. دیدن কোন স্বজনের মৃত্যুতে বেদনা ভারাক্রান্ত হওয়া। To be bereaved (of a relative).

داغ (দা'গ্ব/dăg) অত্যন্ত উত্তপ্ত। [দ্র. گرم/ S.u. گرم] –د. شدن গরম হওয়া; উত্তপ্ত হওয়া। To grow hot. –د. کردن গরম বা উত্তপ্ত করা। (বিষাক্ত ক্ষতের সংক্রমণ রোধের জন্য গরম লোহা বা অন্য কোন গরম ধাতব পদার্থ দিয়ে ক্ষতস্থান পুড়িয়ে দেওয়া। To hot; heat. To make cauterize or brand.

داغان (দা'গ্বা'ন্/dağăn) বিক্ষিপ্ত/ছিন্নভিন্ন/ ছারখার হয়ে গেছে এমন। Shattered. –د. شدن বিক্ষিপ্ত হয়ে যাওয়া; ছিন্নভিন্ন হয়ে যাওয়া। To be shattered; go to smithereens. –د. کردن বিক্ষিপ্ত/ছিন্ন-ভিন্ন করে দেওয়া। To shatter.

داغدار (দা'গ্বদা'র্/dăğdăr) ১/1)= داغدیده ২/2) চিহ্নিত। Branded.

داغدیده(দা'গ্বদীদে/dăğdide) বেদনাক্লিষ্ট; শোকাহত। Bereaved.

دافع (দা'ফে-/dăfe') দূরকারী; বিকর্ষক; প্রতিহতকারী; প্রতিক্রিয়া প্রদর্শনকারী। Repulsive. Counteracting; curing. Expelling. [স্ত্রী./Fem. دافعه] –دافع رطوبت ওয়াটারপ্রুফ; পানিরোধক। Waterproof; impermeable. –قوهٔ دافعه প্রতিক্রিয়া প্রদর্শনকারী শক্তি; প্রতিহত বা প্রতিরোধকারী শক্তি। Reppellent force.

دال (দা'ল্/dăl)= عقاب ঈগল; কালো ঈগল; ঈগল বা শকুনের ন্যায় দেখতে কালো বা খয়েরী রঙের শিকারী পাখী বিশেষ যা ছোট পাখী শিকার করে। Eagle.

دال (দা'ল্[ল্]/dăl[l]) [পরে بر সহ/ With بر] প্রকাশক; প্রমাণকারী; বর্ণনাকারী; ইঙ্গিতপূর্ণ। Suggestive or expressive of. Denoting.

دالان (দা'লা'ন্/dălăn) ছাদযুক্ত পথ; যাতায়াতের জন্য দীর্ঘ সরু গলি পথ; পার্শ্ব প্রকোষ্ঠ; অট্টালিকাদির মধ্যস্থ গলি। Long passage way or entrance-hall. Vestibule.

دالبر (দা'ল্বোর্/dălbor) নারী ও শিশুদের পোশাকে বা পর্দায় আরবী 'দাল্' হরফের ন্যায় বোনা ঝালর। Festoon. Scallop.

دام(দা'ম্/dăm) জাল; ফাঁদ; পশু-পাখী বা মাছ ধরার কাজে ব্যবহৃত যে কোন হাতিয়ার বা উপকরণ। Net. Trap; snare. –به دام انداختن ফাঁদে ফেলা; জালে আটকানো। To catch in a net. To trap. To allure.

دام (দা'ম্/ dăm) গৃহপালিত পশু; অহিংস্র বন্য পশু, যেমন হরিণ। Domesticated animals.

دامَ (দা'মা/dăma) দীর্ঘ স্থায়ী হোক। May ...last.

داماد (দা'মা'দ/dămăd) দামাদ বর; জামাই; জামাতা। Bridegroom. Son-in-law. –د. کردن (কোন পুরুষকে) বিবাহ করানো। To take a wife for.

دامان (দা'মা'ন্/dămăn) = دامن

دام پرور (দা'ম্ পার্‌ভার্/ dăm-parvar) গৃহপালিত পশু পালনকারী। Animal husbandman.

دام پروری (দা'.-পার্‌ভারী/d.-parvari) পশু পালন। Animal husbandry.

دام پزشک (দা'.-পেযেশ্‌ক্/ d.-pezešk) পশুচিকিৎসক। Veterinary surgeon.

دام پزشکی(দা'.-পেযেশ্‌কী/d.-pezeški) পশুচিকিৎসা। Veterinary.

دامن (দা'মান্/ dăman) পোশাকের নিচের অংশ; জামার নিচের সামনের অংশ; মেয়েদের কোমর থেকে হাঁটু পর্যন্ত পরার ঘাগড়া বিশেষ। Lap. Skirt. –دامن زیر ঘাগড়া; সায়া; পেটিকোট। Pettícoat. –د. در کشیدن মুখ ফিরিয়ে নেওয়া; উদাসীনতা প্রদর্শন; আলাদা বা পৃথক হয়ে যাওয়া। To turn aside; keep aloof. –آتش را دامن زدن (আগুনে) ইন্ধন যোগানো; আগুনে ফুঁ দেওয়া; পরিস্থিতির অবনতি ঘটানো। To add fuel to the fire; fan the fire. To aggravate the condition. –دست بدامن کسی شدن কারো নিকট সাহায্যপ্রার্থী হওয়া। To appeal to a person for help. –د. کشیدن দম্ভের সাথে পথ চলা; মুখ ফিরিয়ে নেওয়া; অবজ্ঞা প্রদর্শন; সংসর্গ ত্যাগ করা। To walk mincingly or arrogantly. –دامن (همت) بر کمر زدن কোমর বেঁধে নামা; সাহসী উদ্যোগ গ্রহণ; উচ্চাকাঙ্ক্ষার সাথে কোন কিছুর প্রতি প্রবৃত্ত হওয়া। To be prepared to serve willingly or to embark on something with a high ambition.

دامن گیر (দা'.-গীর্/d.-gir) দামানের (ঘাগড়ার) কোমরের বেল্ট বা ফিতা; বিপদ-আপদ-সমস্যায় পেয়ে বসা; যা জড়িয়ে রাখে বা বাধ্য করে; অবিরাম; দীর্ঘস্থায়ী। Holding fast. Involving. Chronic. دامن گیر او هم شد তাকেও জড়িয়ে ফেলল। He, too, was involved in it.

دامنه (দা'মানে/dămane) ক্রমাবনত বা ঢালু স্থান; স্কার্ট; চতুষ্পার্শ্ব; কিনার; কোন কিছুর প্রান্ত; ব্যাপ্তি; চৌহদ্দি। Slope; skirt. Extent; scope. -دامنۀ کوه পর্বতের পাদদেশ। The foot of a mountain.

دامنه دار (দা'.-দা'র্/d.-dăr) চতুষ্পার্শ্বে অতিরিক্ত জায়গাবিশিষ্ট; বিশালায়তন; বিস্তীর্ণ; ব্যাপক। Extensive; comprehensive.

دان(দা'ন্/dăn) ১/1)= دانه ২/2) টোপ; পাখিকে প্রলুব্ধ করার জন্য খাদ্য হিসেবে দেয়া ধান, গম ইত্যাদি। Bait; decoy.

دان (দা'ন্/dăn) [دانستن এর অনু./Imp. of دانستن]

دانا(দা'না'/dănă) জ্ঞানী; বিজ্ঞ। Learned or wise. Learned or wise person. [ব.ব./pl. دانایان].

دانایی (দা'না'য়ী/dănăyi) পাণ্ডিত্য; বিচক্ষণতা। Learning. Sagacity.

دان پاشی (দান্ পা'শী/dăn păši) প্রলুব্ধকরণ; মুগ্ধকরণ। Decoying; allurement. –د. کردن প্রলুব্ধকরণ; কোন কিছুর দ্বারা লক্ষ্যভ্রষ্ট করানো; অধিক লাভের আশায় অল্প ঝুঁকি গ্রহণ করা। To use decoying means. To throw a sprat to catch a herring.

دان دان(দা'ন্ দা'ন্/dăn dăn) তুষারতুল্য; দানাদার; নুড়িময়; ক্ষুদ্র শস্যদানাবৎ কণিকাকার। Granulated; granular. Grained; pebbled. Frosty. –د. کردن দানায় পরিণত করা; নুড়িময় করা; ক্ষুদ্র কণিকায় পরিণত করা। To granulate. To pebble or grain.

دانستگی(দা'নেস্‌তেগী/dănestegi) জ্ঞান; অবগতি মতলব [শুধু بدانستگی বোঝাতে] জেনে শুনে/উদ্দেশ্যমূলকভাবে! [Only in بدانستگی intentionally].

دانستن (দা'নেস্‌তান্/ dănestan) [دان] জানা; অবগতি। To know. –لازم می دانم আমি জরুরী মনে করি। I deem it necessary. آن چه من میدانم আমি যা জানি (তা হচ্ছে...)। From what I know. من چه می دانم আমি (তার/এ সম্বন্ধে) কি জানি! How (on earth) do I know? বি: দ্র:/Note : কথ্য ফার্সীতে অতীতকালে دانستم এর ব্যবহার বিরল; এ ক্ষেত্রে میدانستم 'আমি জানতাম' ব্যবহৃত হয়। The past form دانستم is rare in colloquial Persian and should be replaced by میدانستم 'I knew'.

دانستنی (দা'নেস্তানী/dănestani) যা জানার মত; জানার উপযোগী। (Something) worth knowing.

دانسته (দা'নেস্তে/dăneste) [دانستن এর ক্রি. বিণ./P.P. of دانستن] জ্ঞাত; উদ্দেশ্যমূলকভাবে। Known. Intentionally.

دانش (দা'নেশ্/dăneš) জ্ঞান; শিক্ষা; প্রজ্ঞা। Knowledge; learning.

دانش آموز (দা'.-অ'মূয্/d.-ămuz) শিক্ষার্থী; বিদ্যালয়ের ছাত্রছাত্রী। Pupil. Student.

دانش پرور (দা'.-পার্‌ভার্/ d.-parvar) শিক্ষানুরাগী; শিক্ষার পৃষ্ঠপোষকতাকারী। Patron of learning.

دانش پژوه (দা'.-পাজুহ্'/d.-pažuh) জ্ঞান অন্বেষণকারী; জ্ঞানানুসন্ধানী। Seeking, seeker, of knowledge.

دانشجو (দা'.-জূ / d.-ju) জ্ঞানসন্ধানী; কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী; বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী। Student. Scholar.

دانش سرا (দা'.-সারা'/d.-sară) শিক্ষক প্রশিক্ষণ কলেজ। Teachers' college.

دانشکده(দা'.-কাদে/d.-kade) বিশ্ববিদ্যালয়ের অনুষদ; কলেজ; মহাবিদ্যালয়। Faculty; college.

دانشگاه(দা'.-গা'হ্/d.-găh) বিশ্ববিদ্যালয়। University.

دانشمند (দা'.-মান্দ্/d.-mand) জ্ঞানী; মনীষী। Learned; scholarly. Wise. Learned person; scholar. [দ্র./S.u. دانا]

دانش نامه (দা'.-না'মে/d.-năme) বিশ্ববিদ্যালয়ের সনদপত্র; সাফল্যের সাথে বিশ্ববিদ্যালয়ের কোর্স সমাপনের সনদপত্র। University degree; licence.

دانشور (দা'.-ভার্/ d.-var) = دانشمند

دانشیار (দা'.-ইয়া'র্/ d.-yăr) কলেজ বা বিশ্ববিদ্যালয়ের লেকচারার; (অধ্যাপকের চেয়ে নিম্ন মর্যাদাসম্পন্ন শিক্ষক) প্রভাষক; যিনি জ্ঞানকে (জ্ঞান বিস্তারে) সাহায্য করেন। Lecturer.

دانگ (দা'ঙ্/ dăng) অংশ; স্থাবর সম্পত্তির একষষ্ঠাংশ। Share. Sixth part (of a real state or of the entire pitch of the human voice).

دانگی (দা'ঙ্গী/dăngi) সকলের অংশ গ্রহণকৃত/সকলের দ্বারা মূল্য পরিশোধকৃত। Shared or paid by all. سور دانگی যে ভোজ বা উৎসবে অংশ গ্রহণকারীরা নিজ নিজ ব্যয়ভার বহন করে। Dutch treat.

دانمارك(দা'ন্মা'র্ক্/dănmărk) ডেনমার্ক। Denmark.

دانمارکی (দা'ন্মার্কী/dănmărki) ডেনমার্ক বা দিনেমার সম্পর্কিত; ডেনমার্কবাসী; ডেনীশ; ডেনীশ ভাষা। Danish.

دانه (দা'নে/dăne) দানা; বীচি; শস্যের/ফলের বীচি; বীজ; ধান, গম বা ডাল জাতীয় যে কোন শস্যদানা; ফাঁদে দেয়া খাদ্য। Grain. Seed. Granulation; small eruption; papula.–د. کردن (ভেঙ্গে) দানা বের করা (যেমন ঃ ডালিম)। To break up; as a pomegranate. To get the pips off. –د. بستن অত্যধিক দ্রুত অঙ্কুরিত বা বর্ধিত হওয়া; বীজ হওয়ায় ফুল ফোটা বন্ধ হয়ে যাওয়া। To go (or run) to seed. –دانهٔ تسبیح তস্‌বীহ্‌দানা। Rosary bead. –دانهٔ فلفل শুকনো গোল মরিচের বীচি। Peppercorn. [বি: দ্র./Note: 'টি' (সংখ্যা) বোঝাতেও دانه ব্যবহৃত হয়। دانه is also used after a numeral to mean piece যেমন/Ex: سه دانه مداد তিনটি পেন্সিল। 3 pencils.

دانه آور (দা'.-অ'ভার্/d.-ăvar) দানায় পরিণতকারী। Gran(ul)iferous.

دانه خوار (দা'.-খা'র্/d.-xăr) দানা ভক্ষণকারী; দানা ভক্ষণকারী যে কোন প্রাণী। Gallinaceous.

دانه دار (দা'.-দা'র্/d.-dăr) দানাদার; বীচিবিশিষ্ট; বীচি আছে এমন যে কোন ফল। Granulated; granular.

داو (দা'ভ্/dăv) পালা; জুয়ার বা খেলার পালা; বাজী; পণ; ঝুঁকি। Move [in games]. Stake. –د. کردن খেলায় বাজী ধরা; জুয়ার বাজী বা পণ বৃদ্ধি করা। To increase the stake. To move.

داود(দা'ভূদ্/dăvud) হযরত দাউদ (আঃ)। Hazrat Daud (A.S.) David.

داودی (দা'ভূদী/ dăvudi) হযরত দাউদ (আঃ)-এর সাথে সম্পর্কিত। David's. –گل د. সোনালী রঙের পুষ্প বিশেষ; ক্রিসমাস ডেইজী ফুল; বৃহদাকার ডেইজী ফুল বিশেষ। Chrysanthemum. Christmas daisy; ox-eye daisy.

داور (দা'ভার্/dăvar) বিচারক; ভাল-মন্দ সম্পর্কে রায়দানকারী; সালিসী; রেফারী। Arbitrator. Judge. Referee.

داوری (দা'ভারী/dăvari) সালিস-নিষ্পত্তি; বিচার; রায় প্রদান। Arbitration. Judgement. –د. کردن বিচার করা; রায় প্রদান করা। To judge.

داوطلب (দা'ভ্ তালাব্/dăv talab) প্রার্থী; স্বেচ্ছাসেবক; যে স্বেচ্ছায় কোন কাজ করে। Candidate. Volunteer. –د. شدن স্বেচ্ছাসেবক হওয়া; স্বতঃস্ফূর্তভাবে (কোন কাজের জন্য) নিজেকে পেশ করা। To volunteer; offer voluntarily.

داوطلبانه(দা'ভ্ তালাবা'নে/dăv talabăne) স্বতঃস্ফূর্তভাবে; স্বেচ্ছায়। Voluntarily.

داهیه (দা'হীয়ে/dăhiye) অত্যন্ত চতুর, সতর্ক, জ্ঞানী ও সুপরিচালক; চরম দুর্দশা; বিপর্যয়; দুর্ঘটনা। Calamity. Accident.

دایر (দা'য়ের্/dăyer) প্রচলিত; কার্যকর; প্রবর্তিত; সরকারী সনদবলে নিযুক্ত। In working order (or commission); commissioned.–زمین د. আবাদী জমি। Utilized land. –د. بر اینکه এর ভিত্তিতে যে। To the effect that. –د. کردن প্রবর্তন করা; চালু করা; প্রতিষ্ঠা করা। To commission; put in working order. To establish; set up. To set a foot.

دایره (দা'য়েরে/dăyere) বৃত্ত; মহল; খঞ্জনী। Circle. Section. Tambourine [with or without metal discs]. –دایرهٔ اعتدالی বিষুবরেখা। Equinoctial line or colure. –دایرهٔ انقلاب কর্কটক্রান্তি ও মকরক্রান্তি। Solstitial circle. –دایرهٔ زنگی খঞ্জনী বিশেষ। Timbrel; tambourine. دایرهٔ طول/دایرهٔ نصف النهار সূর্য যে সর্বোচ্চ স্থানে পৌঁছে/মধ্যরেখা। Meridian.

دائرة المعارف (দা'য়েরাতোল মাঅ'রেফ/ dăeratol maărefْ) বিশ্বকোষ। Encyclop(a)edia. –پرگار= دایره کش

دایگی (দা'য়েগী/dăyegi) নার্সিং; দাইগিরি। Nursing. [দ্র./S.u. دایه]

دائم/ دائمی (দা'এম্[-মী]/dă'em[i]) অব্যাহত; অবিরাম; স্থায়ী। Continual. Permanent. Perpetual.

دائماً (দা'এমান্/dă'eman)= همیشه অবিরতভাবে; অব্যাহতভাবে; স্থায়ীভাবে; সর্বদা। Constantly; continually; always.

دائمی (দা'এমী/dă'emi)= دائم

داین / دائن(দা'য়েন্[দা'এন]/dăyen [dă'en])= بستانکار

دایه (দা'ইয়ে/dăye) অন্যের শিশুকে স্তন্য দান করার কাজে নিয়োজিত ধাত্রী; ধাইমা। (Wet) nurse.

دایه مهربانتر از مادر মায়ের চাইতে মাসির দরদ বেশী। Nurse kinder to child than its mother.

دایی (দা'য়ী/dăyi) মামা। (Maternal) uncle.

دباغ (দাব্বা'গ্/dabbăğ) যে পশুর চামড়া পাকা বা পরিশোধন করে। Tanner.

دباغت (দেবা'গ্বাৎ/debăğat) পশুর চামড়া পাকা বা পরিশোধন করা। To give a finish to leather.

دباغ خانه(দাব্বা'গ্ খা'নে/dabbăğ xăne) পশুর চামড়া প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র; চামড়া পাকা করার কারখানা। Tannery.

دباغی (দাব্বা'গী/dabbăği) পশুর চামড়া প্রক্রিয়াজাত বা পাকা করার কাজ। Tanning.; tannery. –د. کرن চামড়া পাকা করা। To tan.

دبدبه (দাব্দাবে/ dabdabe) শোভাযাত্রা; ধুমধাম; গরু বা অশ্বের পায়ের খুরের আওয়াজের ন্যায় শব্দ। Pomp.

دبستان (দাবেস্তা'ন্/dabestăn) প্রাথমিক বিদ্যালয়; মক্তব। Primary school.

دبش (দেব্‌শ্/debš) সংকোচক; কঠোর। Astringent.

دبور (দাবূর্/dabur) পশ্চিম দিক থেকে প্রবাহিত বাতাস। West wind.

دبه (দাব্বে/dabbe) বোতল; ফ্লাস্ক্। Flask. –دبهٔ باروت বারুদ রাখার আধার। Powder flask. –د. کردن/ د. در آوردن– অঙ্গীকার ভঙ্গ করা; নিজের কথা ও প্রতিশ্রুতি রক্ষা করতে অস্বীকৃতি জানানো। To go back on one's bargain.

دبیر (দাবীর্/dabir) সচিব; লেখক; কেরানী; (মাধ্যমিক স্কুলের) শিক্ষক। Secretary. Clerk. Teacher (of a middle school).

دبیر خانه(দা.-খা'নে/d.-xăne) সচিবালয়। Secretariat(e).

دبیرستان (দাবীরেস্তা'ন্/dabirestăn) মাধ্যমিক বিদ্যালয়। Middle school.

دبیری (দাবীরী/dabiri) কেরানীগিরি; সচিবগিরি; সম্পাদকের কাজ। Secretaryship.

دجال (দাজ্জা'ল্ / dajjăl) চরম মিথ্যাচারী; ভণ্ড; দজ্জাল; শেষ যমানায় আগমনকারী মিথ্যাবাদী প্রতারক। The Impostor: epithet of the Islamic Antichrist.

دجله (দেজ্‌লে/dejle) তাইগ্রীস নদী। Tigris.

دچار (দোচা'র্/dočăr) জড়িত; অপ্রত্যাশিত অবস্থার সম্মুখীন হওয়া। Involved. Encountering.
دچار چیزی شدن/با چیزی د. شدن কোন অপ্রত্যাশিত বা অবাঞ্ছিত বিষয়/বস্তুর সম্মুখীন হওয়া। To encounter something.

دوچار (দূচা'র/dučar)= دچار

دخالت (দেখা'লাৎ/dexălat) হস্তক্ষেপ; অনধিকার চর্চা। Interference. –د. کردن হস্তক্ষেপ করা; অনধিকার চর্চা করা। To interfere. To intervene.

دخان (দোখা'ন্/doxăn) ধূম্র; ধোঁয়া। Smoke.

دخانی (দোখা'নী/doxăni) ধূমপানের জন্য ব্যবহৃত। Used for smoking.

دخانیات (দোখা'নিয়্যা'ৎ/doxăniyyăt) [دخانیه এর ব. ব./ pl. of دخانیه] তামাক পাতা থেকে উৎপাদিত

জিনিসসমূহ। Tobacco products.
–د. استعمال کردن ধূমপান করা। To smoke.
دخت (দোখ্‌ত্‌/doxt)= دختر
دختر (দোখ্‌তার্‌/ doxtar) কন্যা; কুমারী; বালিকা; তরুণী। Daughter. Girl. Maid. –دختر برادر ভাইঝি। Niece.
–دختر خواهر বোনঝি। Niece.
دختر خاله খালাতো বোন। Cousin.
دختردایی মামাতো বোন। Cousin.
دخترعمو চাচাতো বোন। Cousin.
دخترعمه ফুফাতো বোন। Cousin.
دخترانه (দোখ্‌তারা'নে/doxtarăne) মেয়েদের উপযোগী; মেয়েলী। Fit for girls. –لباس د. মেয়েদের পোষাক। Girls' dress.
دختر بچه (দোখ্‌তার্‌ বাচ্চে/doxtar bačče) (ছোট্ট) মেয়ে। (Little) girl.
دختر خوانده (দো.-খা'ন্‌দে/ d.-xănde) (পোষ্যরূপে) গৃহীতা কন্যা। Adopted daughter.
دخترك (দোখতারাক্‌/doxtarak) শিশু কন্যা; ছোট মেয়ে। Little girl.
دخل (দাখ্‌ল্‌/daxl) আয়; উপার্জন; প্রবেশ করা; দখল; অধিকার। Earning; drawing. Connection. –د. کردن আয় করা। To earn. –دخل و خرج আয় ও ব্যয়। Income and expenditure. –بمن دخلی ندارد এটি আমার সাথে সম্পর্কিত নয়; এতে আমার কোন দখল নেই। It does not concern me.
دخمه (দাখ্‌মে/daxme) ভূগর্ভস্থ সমাধি; কবরখানারূপে ব্যবহৃত অর্ধবৃত্তাকার ছাদযুক্ত বৃহৎ কক্ষ ঃ যরথুস্ত্রীয়দের সমাধিস্থল। Tomb. Crypt. Cemetery of the Zoroastrian.
دخول (দোখূল্‌/doxul) প্রবেশ; ভেতরে প্রবেশ। Entrance.
اجازه دخول/ حق دخول প্রবেশাধিকার বা প্রবেশানুমতি। Admittance.
دخیل (দাখীল্‌/daxil) অভিবাসী; আশ্রয়প্রার্থী; অপরের বিষয়ে হস্তক্ষেপকারী। Interfering.
دد (দাদ্‌/dad) হিংস্র বন্য প্রাণী, যেমনঃ বাঘ, সিংহ প্রভৃতি। Wild beasts.
ددر (দাদার্‌/dadar) [শিশুদের বুলিতে/ Chidish word] বাইরে। Out.
د. رفتن বাইরে যাওয়া; উদ্দেশ্যহীনভাবে ছুটাছুটি করা; শরীয়তগর্হিত কর্ম সাধনের উদ্দেশ্য কোন অসতী নারীর বহির্গমন। To gad about.
ددری (দাদারী/dadari) যে শিশু প্রধানত রাস্তা ও অলিগলিতে যেতে পছন্দ করে; যে নারী বার বার ঘর থেকে বের হয়ে বেগানা পুরুষদের সাথে মেলামেশা করে। Gadabout.
دده (দাদে/dade) আফ্রিকার নিগ্রো; পরিসেবিকা বা নার্স; দাদা বা নানা। Negress. Nurse. Grandfather.
در (দার্‌/dar) দ্বার; দরজা; সদর দরজা। Door. Lid. Gate.
–درخانه اش همیشه باز است তার বাড়ীর দরজা সর্বদা খোলা থাকে। He is open-doored. –د. زدن দরজায় নক করা। To knock at a door.
در (দার/dar) ভেতরে; অভ্যন্তরে; মধ্যে। In. Within. At. –درشهر শহরে। In the town. –در دو روز দুই দিনে : Within two days. –در ساعت سه

তিনটায়। At three O'clock.
دو در صد– ২% (শতকরা দুই ভাগ)।
Two per cent. این بآن در– ইট মারলে পাটকেল খেতে হয়। Tit for tat.

درگذشتن (দার গোযাশ্‌তান্/dar gozaštan) অবসান হওয়া; মারা যাওয়া। To pass away.

درّ (দোর্[র্]/dor[r])= مروارید মুক্তা। Pearl.

دُرّ کوهی (দোর্‌রে কূহী/dorre kuhi) স্ফটিক। Quartz.

دراج (দোর্‌রা'জ্/dorrăj) তিতির পক্ষী বিশেষ। Francolin.

دراز (দেরা'য্/ derăz) দীর্ঘ; লম্বা। Long. د. شدن– বিস্তৃত হওয়া; টানটানভাবে শোয়া। To stretch out. To lie down. د. کردن– দীর্ঘ করা; লম্বা করা। To lengthen. To prolong. د. کشیدن– সটানভাবে শোয়া। To lie down.

دراز (দেরা'যা'/derăză) দৈর্ঘ্য; ব্যাপ্তি। Length. از درازا– দৈর্ঘ্য বরাবর; লম্বালম্বি। Length-wise. بدرازا کشیدن– দীর্ঘায়িত হওয়া; বিলম্বিত হওয়া। To be protracted; become lengthy.

دراز دستی(দেরা'য্ দাস্‌তী/derăz dasti) আগ্রাসন; অত্যাচার। Aggression. Opression.

دراز گوش (দে.-গূশ্/d.-guš) গাধা; খরগোশ; লম্বা কানবিশিষ্ট প্রাণী। Long-eared: ass; hare.

دراز نفس(দে.-নাফাস্/d.-nafas) যে বিরক্তিকরভাবে বেশী কথা বলে। Prolix.

دراز نفسی (দে.-নাফাসী/d.-nafasi) বিরক্তিকরভাবে বাক্য বিস্তার। Prolixity.

درازی (দেরা'যী/derăzi) দৈর্ঘ্য; ব্যাপ্তি। Length.

در افتادن(দার ওফ্‌তা'দান্/dar oftădan) ঝগড়া-বিবাদে লিপ্ত হওয়া; কারো সাথে জাপটাজাপটি করা। To engage; grapple.

دراکه (দার্‌রা'কে/ darrăke) প্রত্যক্ষণ বা উপলব্ধির মানসিক শক্তি। Perceptive faculty.

درام (দেরা'ম্/derăm) নাটক; কাব্যনাট্য। Drama; play.

درآمد (দার্‌অ'মাদ্/darămad) আয়; রাজস্ব; (সঙ্গীতে) সুরের প্রারম্ভিক বাদ্যতরঙ্গ; ভূমিকাস্বরূপ অংশ। Income; revenue. Prelude.

در آمدن (দার অ'মাদান্/dar ămadan) প্রবেশ করা; বেরিয়ে আসা; উপার্জিত হওয়া; প্রকাশিত বা উদিত হওয়া। To come out. To come in. To be earned. To shine or rise.

در آمیختن(দার্ অ'মীখ্‌তান্/dar ămixtan)= آمیختن

درانیدن (দারা'নীদান্/darănidan) ছিন্ন করানো; বিদীর্ণ করানো; পৃথক করানো। To (cause to) tear or rend.

در آوردن(দার্ অ'ভার্‌দান্/dar ăvardan) বের করে আনা; উপস্থাপন; তৈরি করা; অর্জন করা। To bring out. To produce. To earn or make.

در آويختن(দার্ অ'ভীখ্তান্/dar ăvixtan)= آويختن

دراويش (দারা'ভীশ্/darăviš) [درويش এর ব. ব./ pl. of درويش]

درايت (দেরা'ইয়াৎ/derăyat) বুদ্ধিমত্তা; বোধশক্তি। Intelligence.

درب (দার্ব্/darb) দরজা; সদর দরজা। Door; gate.

دربار (দার্বা'র্/darbăr) দরবার; প্রাচীর বা অট্টালিকার দ্বারা পরিবেষ্টিত স্থান; রাজসভা। Court.

درباری (দার্বা'রী/darbări) রাজসভাসদ; অমাত্য; দরবারী। Courtier. Pertaining to a (royal) court.

دربان (দার্বা'ন্/darbăn) দারোয়ান; দ্বার-রক্ষী। Doorkeeper; gatekeeper; porter.

دربانی (দার্বা'নী/darbăni) দারোয়ানী; দ্বাররক্ষীর কাজ। Porter's office; porterage.

دربچه (দার্বচে/darbče) গৃহতলস্থ বা অভিনয়মঞ্চস্থ (চোরা) দরজা বিশেষ; ছোট দরজা। Shutter. Trap-door.

در بدر (দার্ বেদার্/dar bedar) ভবঘুরে; নির্দিষ্ট আবাসহীন; উদ্ভ্রান্ত। Vagrant; homeless.

دربدری (দার্ বেদারী/dar bedari) ভবঘুরে অবস্থা; ঘরবাড়ীহারা অবস্থা; নির্দিষ্ট আবাসহীনতা। Vagrancy; homelessness.

دربردن (দার্বোর্দান্/darbordan) বিপদ বা অমঙ্গল হতে রক্ষা করা। To save. –جان سالم بدر بردن নিজেকে প্রহারাদি হতে বাঁচানো। To save one's hide. –از راه در بردن বিপথগামী করা। To pervert.

دربست(দারবাস্ৎ/darbast) গোটা; পুরোটা; সমগ্র বা সম্পূর্ণটা। Whole. –در بست کرايه کردن সম্পূর্ণ ভাড়া করা; রিজার্ভ করা। To hire (or charter) whole.

دربسته(দা.-বাস্তে/d.-baste) (কঠিনভাবে) বন্ধ; সম্পূর্ণ আয়ত্তাধীন; রিজার্ভ। Closed (tightly).

دربند (দা.-বান্দ্/d.-band) অপ্রশস্ত সরু সংকীর্ণ পথ; গভীর গিরিপথ; গিরিসংকট; দরজার খিল। Narrow pass. Canyon.

درپوش (দা.-পূশ্/d.-puš) ছিপি; টুপির ন্যায় ঢাকনা। Bung. Cap.

درپوشيدن (দা.-পুশীদান্/d.-pušidan অঙ্গে পরিধান করা; পোষাক পরিধান করা। To wear. To put on.

درج (দার্জ্/darj) সন্নিবেশন; বই বা খবরের কাগজে কোন বিষয় লেখা ও সন্নিবেশিত করা। Insertion.–د. کردن সন্নিবেশিত করা। To insert.

درجات (দারাজা'ৎ/darajăt) [درجه এর ব.ব./ pl. of درجه]

درجه(দারাজে/daraje) [ব.ব./pl.درجات] পদমর্যাদা; মাত্রা; স্তর; শ্রেণী। Degree; honour. Grade. Rank. –قطار درجه اول প্রথম শ্রেণীর ট্রেন। First-class train.

درجه بندی (দা.-বান্দী/d.-bandi) শ্রেণীবিন্যাস; মাত্রাবিন্যাস; ক্রমবিন্যাস। Classification. Gradation.

درجه دار (দা.-দা'র্/d.-dăr) পদমর্যাদাধারী; নন-কমিশন্ড সামরিক অফিসার। Graded. Non-commissioned officer.

درخانه باز (দারেখা'নে বা'য্/darexăne băz) অতিথিপরায়ণ। Hospitable.

درخت(দেরাখ্ত্/deraxt) বৃক্ষ; গাছ; তরু। Tree.

درختستان(দেরাখ্তেস্তা'ন্/deraxtestăn) বাগান; কুঞ্জবন; তরু বীথিকা। Plantation; grove.

درخت کاری(দেরাখ্‌ত্কা'রী/deraxtkări) বৃক্ষরোপণ। Planting trees.

درخش(দারাখ্‌শ/daraxš) বিজলি; ঔজ্জ্বল্য; দীপ্তি; ঝলক। Lightning. Lustre.

درخشان (দারাখ্‌শা'ন্/daraxšăn) উজ্জ্বল; দীপ্ত; আলোময়; বুদ্ধিমান। Shining; bright. Brilliant.

درخشانیدن (দারাখ্‌শা'নীদান্/daraxšănidan) আলোকিত করা; উজ্জ্বল করা। To cause to shine.

درخشندگی (দারাখ্‌শান্‌দেগী/daraxšandegi) দীপ্তি; ঔজ্জ্বল্য। Luminosity.

درخشنده (দারাখ্‌শান্‌দে/dăraxšande) দীপ্তিমান; আলোকোজ্জ্বল। Shining; luminous.

درخشیدن (দারাখ্‌শীদান্/daraxšidan) আলোকিত হওয়া; উজ্জ্বল হওয়া। To shine.

درخواست(দার্‌খা'স্ত্/darxăst) দরখাস্ত; প্রার্থনা; আবেদনপত্র। Request. Application. -د. کردن از আবেদন করা; দরখাস্ত করা; প্রার্থনা করা। To request; to ask.

درخور(د) (দার্‌খোর্[দ্]/darxor[d]) উপযুক্ত; মানানসই; যথাযোগ্য; যথাযথ। Suitable; appropriate. Proper. [مناسب]. درخور من نیست আমার জন্য মানানসই নয়। It is not suitable for me.

درد (দার্‌দ্/ dard) মানসিক বা শারীরিক যন্ত্রণা; বেদনা; কষ্ট। Pain; ache. Trouble. -سر درد মাথাব্যথা; ঝামেলা; অসুবিধা। Trouble. -د. کردن ব্যথা করা। To ache. -چشم درد= درد چشم درد دل کردن অন্তরের ব্যথাবেদনা খুলে বলা। To tell out one's grievances. -درد زه প্রসব বেদনা। Pangs of childbirth. -دردسر ১/1) سر درد ২/2) অসুবিধা; ঝামেলা; মানসিক অশান্তি। Inconvenience; trouble. -د. کشیدن/د. بردن দুঃখ-বেদনার শিকার হওয়া। To suffer pain. To travail. -سرم د. میکند আমার মাথাব্যথা হয়েছে। I have a headache. -دست شما درد نکند কষ্ট করার জন্য আপনাকে ধন্যবাদ; আপনাকে ধন্যবাদ। Thank you for the trouble; small thanks to you. -بدرد خوردن কাজে আসা; উপকারে লাগা। To be of use; serve some purpose.

دردی (দোর্‌দী/dordi) তলানি; গাদ; শেষ; চূড়ান্ত। Dregs; lees.

دردار (দার্‌দা'র্/ dardăr) দরজাবিশিষ্ট; ঢাকনাবিশিষ্ট। Having a gate. Lidded.

دردمند (দারদ্‌মান্‌দ্/dardmand) অসুস্থ; রোগী; যন্ত্রণা বা বেদনাগ্রস্ত। Ill. Afflicted.

دردناك (দার্‌দ্‌না'ক্/dardnăk) বেদনাপূর্ণ; বেদনাদায়ক। Painful. Sad.

دردی کش(দোর্‌দীকেশ্/dordikeš) যে মদের ঘন তলানি পান করে। Drinking the very dregs of wine.

درر (দোরার্/dorar) [در এর ব.ব./pl. of در]

در رسیدن (দার্ রেসীদান্/dar residan) আসা; পৌঁছা; নাগাল পাওয়া; ঘটে যাওয়া। To overtake. To happen.

دررفتگی (দা.-রাফ্‌তেগী/d.-raftegi) ফুটো হওয়া; স্থানচ্যুত হওয়া; গ্রন্থিচ্যুতি। Dislocation. Luxation.

دررفتن (দা.-রাফ্‌তান্/d.-raftan) পলায়ন করা; স্থানচ্যুত হওয়া; হাতছাড়া হওয়া। To run away. To be dislocated.

دررفته (দা.-রাফ্‌তে/d.-rafte) স্থানচ্যুত; গ্রন্থিচ্যুত; হাতছাড়া হয়েছে এমন। Dislocated; luxated.

دررو (দা.-রো/ d.-ro) নির্গমনপথ; পরিণাম ফল। Outlet. Result.

کوچهٔ بی دررو কানাগালি। Blind alley.

درز (দার্‌য্/darz) সেলাই; দুই প্রান্তদেশ একত্রে সেলাই করে জুড়ে দেওয়া; অল্প বয়স্কা মেয়ে। Seam. Suture.

–د. گرفتن সেলাই করা। To seam up.

درزی (گر) (দার্‌যী[গার্]/darzi[gar])= خیاط পোষাক প্রস্তুতকারক; দরজি। Tailor.

درس (দার্‌স্/dars) [ব.ব./pl. دروس] শিক্ষা; পাঠ। Lesson. –(به) د. دادن শিক্ষা দেওয়া। To teach.–د. خواندن লেখাপড়া করা; অধ্যয়ন করা। To study. –د. گرفتن শিক্ষা নেওয়া; কোন দৃষ্টান্ত বা শিক্ষা গ্রহণ করা। To take lessons. To take an example or lesson.

–. کتاب درسی পাঠ্য বই। Text-book.

دُرست (দোরোস্‌ৎ/ dorost) সঠিক; সত্য; খাঁটি; যথাযথ; নিয়মানুগ। Correct; right. Honest. Proper. –د. کردن সংশোধন করা; ঠিক করা; ভুলত্রুটি দূর করা। To correct; to rectify. To adjust.

درست پیمان(দো.-পেইমা'ন্/ d.-peymăn) যে যথাযথভাবে অঙ্গীকার পূরণ করে। True to one's promise.

درستکار (দো.-কা'র্/d.-kăr) বিশ্বস্ত; নির্ভরযোগ্য; যার কাজকর্ম সঠিকভাবে সম্পন্ন হয়। Honest.

درستکارانه (দো.-কা'রা'নে/d.-kărăne) বিশ্বস্ততার সাথে; ঠিকঠিকভাবে। Honestly.

درستکاری(দো.-কা'রী/d.-kări) সরলতা; সততা। Honesty; uprightness.

درستی (দোরোস্‌তী/dorosti) সাধুতা; সততা; ন্যায়পরায়ণতা; সঠিকত্ব। Honesty. Integrity. Truth. Correctness.

درس خوان (দার্‌স্-খা'ন্/dar-sxăn) পড়ুয়া; ছাত্র। Studious (pupil); diligent.

درس خوانده (দা.-খা'ন্‌দে/d.-xănde) শিক্ষিত। Educated.

درشت (দোরোশ্‌ৎ/dorošt) মোটা; বৃহদাকার; রূঢ়। Large. Harsh.

–د. کردن বড় করা। To magnify.

درشت باف(দো.-বা'ফ্/d.-băf)মোটাভাবে বুননকৃত। Coarsely woven.

درشت بافت (দোরোশ্‌ত্ বা'ফ্‌ত্/dorošt bǎft)= درشت باف

درشت خو(ی)(দো.-খূ[য়]/d.-xu[y]) খিটখিটে স্বভাববিশিষ্ট। Harsh-tempered.

درشت نی (দো.-নেই/d.-ney) হাঁটু ও পায়ের মধ্যকার দু'টি অস্থির মধ্যে যেটি বেশী মোটা এবং ভেতরের দিকে অবস্থিত। Tibia.

درشتی(দোরোশ্‌তী/dorošti) মোটা হওয়া; স্থূলতা; রূঢ়তা; রুক্ষতা। Coarseness. Largeness. Violence. -د. کردن রূঢ়ভাবে কাজ করা বা কথা বলা। To act or speak harshly.

درشکه (দোরোশ্‌কে/doroške) চার চাকাবিশিষ্ট দুই ঘোড়ার গাড়ী। Carriage. Cab.

در شکه چی (দো.-চী/d.-či) চার চাকাবিশিষ্ট দুই ঘোড়ার গাড়ী চালক; ছেকড়া গাড়ী চালক। Carriage-driver; cabman.

درصد (দার্‌সাদ্/darsad) শতকরা। Per cent; percentage.

درفش (দেরাফ্‌শ্/derafš) (প্রধানত মুচিদের) চামড়া বা কাঠে ছেঁদা করার জন্য ছোট সুঁচালো হাতিয়ার বিশেষ; পতাকা; নিশান। Awl. Banner.

درفشیدن(দোরাফ্‌শীদান্/dorafšidan)= لرزیدن/ درخشیدن

درقی (দারাঘী/darağı) ঘাড়ের অনালগ্রন্থি বা তরুণাস্থি। Thyroid.

درك (দার্‌ক্/dark) প্রত্যক্ষণ; উপলব্ধি। Perception. -د. کردن= دریافتن উপলব্ধি করা; বোঝা। To perceive; understand.

درك(দারাক্/darak)= دوزخ

درکردن (দার্ কার্দান্/dar kardan) বের করা; গুলী করা; প্রবেশ করানো; (কামান প্রভৃতি) দাগানো; খারিজ করা। To fire (off); touch off. To sift. To deduct.

درکشیدن(দার্ কেশীদান্/dar kešidan) নিচে টেনে আনা; গুটিয়ে ফেলা; খসানো; ক্রমাগত জেরা করে তথ্য আদায় করা। To retract. To swindle out. To pump out.

درگاه (দার্‌গা'হ্/dargǎh) প্রবেশ পথ; দরজার চৌকাঠের নিম্নাংশ; গোবরাট প্রাসাদ; দরবার; সভাস্থল। Doorway Sill. Palace; court; audience. -بدرگاه خدا আল্লাহ্‌র দরবারে। To, before, or in the sight of, God.

درگذشت (দার্ গোযাশ্‌ৎ/dar gozašt) মৃত্যু; ইন্তেকাল; মরণ। Death; demise.

درگذشتن (দার্ গোযাশ্‌তান্/dar gozaštan) অবসান হওয়া;চলে যাওয়া; মৃত্যুবরণ করা;অতিবাহিত হওয়া। To pass away. -د. از چیزی কোন কিছু (অপরাধ) দেখেও না দেখা। To overlook, or connive at, something.

درگرفتن(দার্ গেরেফ্‌তান্/dar gereftan) আগুন ধরা বা ছড়িয়ে পড়া; পাকড়াও করা; নাগাল পাওয়া। To be kindled or spread. To overtake.

درگیرشدن (দার্‌গীর্ শোদান্/dargir šodan) ব্যস্ত হয়ে পড়া; জড়িয়ে পড়া; যুদ্ধ শুরু হওয়া। To breakout; begin.

درمان(দার্মা'ন্/darmăn) আরোগ্যকর ঔষধ বা চিকিৎসা; প্রতিকার। Remedy. –د. کردن চিকিৎসা বা প্রতিকার করা। To remedy or cure.

درمان پذیر (দা.-পাযীর্/d.-pazir) আরোগ্যসাধ্য; প্রতিকারযোগ্য; চিকিৎসাযোগ্য। Remediable; curable.

درماندگی(দার্মা'নদেগী/darmăndegi) অসহায়ত্ব; হতচ্ছাড়া অবস্থা; চরম দুরবস্থা। Distress. Insolvency.

درماندن (দার্মা'ন্দান্/darmăndan) চরম দুরবস্থায় পতিত হওয়া; অসহায়ত্বের শিকার হওয়া। To be distressed.

درمانده (দার্মা'ন্দে/darmănde) অক্ষম; অসহায়; হতচ্ছাড়া। Helpless; insolvent.

درمان شناسی (দারমা'ন্ শেনা'সী/darmăn šenăsi) রোগ চিকিৎসা বিজ্ঞান। The rapeutics.

درمانگاه(দা.-গা'হ্/d.-găh) আরোগ্যশালা; ক্লিনিক। Clinic.

درمان ناپذیر (দারমা'ন না'পাযীর্/darmăn năpazir) আরোগ্যের অসাধ্য; প্রতিকারের অযোগ্য; অনারোগ্য। Irremediable.

درنا (দোর্না'/dornă) সারস (পাখি)। Crane (bird).

درندگان(দার[র]ান্দেগা'ন্/dar[r]andegăn) [درنده এর ব.ব./pl. of درنده]

درندگی (দার[র]ান্দেগী/dar[r]andegi) হিংস্রতা। Fierceness.

درنده (দার[র]ান্দে/dar[r]ande) [ব.ব./pl. درندگان] হিংস্র অথবা শিকারী জন্তু। Fierce or rapacious (animal).

درنده خو(ی) (দা.-খূ[য়]/d.-xu[y]) বর্বর; হিংস্র স্বভাববিশিষ্ট। Of a fierce or brutal nature.

درنده خویی (দা.-খূয়ী/d.-xuyi) বর্বরতা; পাশবিকতা। Brutality.

درنگ(দেরাঙ্গ/derang) বিলম্ব; কালক্ষেপণ; দ্বিধা; মধ্যবর্তী বিরতি। Delay. Hesitation; pause. –د. کردن বিলম্ব করা; সংকোচ করা। To delay.

درنوردیدن (দার্নাভার্দীদান্/darnavardidan) ভাঁজ করা; পাকানো; অতিক্রম করা। To fold or roll up.

درو (দেরোও/derow) ফসল কাটার কাজ। Reaping; –د. کردن শস্য কাটা। To reap.

دروازه (দার্ভা'যে/darvăze) তোরণ; প্রবেশপথ; গোলপোস্ট। Gate. Goal.

دروازه بان (দা.-বা'ন্/d.-băn) দ্বাররক্ষক; দারোয়ান। Gate-keeper.

درود (দোরূদ্/dorud) প্রশস্তি; প্রশংসা; আশীর্বাদ। Greeting. Praise. –برکسی درود فرستادن কারও প্রশস্তি গাওয়া; কারো প্রতি ধন্যবাদ জানানো। To praise or send greeting to, some one.

درودگر (দো.-গার্/d.-gar) কাঠমিস্ত্রি; ছুতার। Carpenter.

درودگری(দো.-গারী/d.-gari) ছুতারগিরি; কাঠমিস্ত্রির কাজ। Carpentry.

دروس (দোরূস্/dorus) [درس এর ব. ব./pl. of درس] পাঠসমূহ। Lessons. مدیر دروس রেজিস্ট্রার। Ragistrar.

دروغ(দোরূগ্/dorŭg) মিথ্যা; অসত্য। Falsehood; lie. –د. درآمدن মিথ্যা প্রমাণিত হওয়া। To prove to be false.

دروغ پرداز (দো.-পার্দা'য্/ d.-pardăz) মিথ্যাবাদী; মিথ্যার পক্ষপাতিত্বকারী ব্যক্তি। One who confirms a lie.

دروغگو (দো.-গূ/d.-gu) মিথ্যাবাদী। Liar.

دروغگویی (দো.-গূয়ী/d.-guyi) মিথ্যা বলা। Telling lies.

دروغی (দোরূগী/ dorugi) মিথ্যা; অসত্য; বানোয়াট। False; spurious.

دروگر (দেরোওগার্/ derowgar) যে শস্য কাটে; ফসল কাটার যন্ত্র। Reaper.

درون (দারূন্/darun) অভ্যন্তর; ভেতর; অন্তর। Inside; interior. Heart.

درون رو (দা.-রো/d.-ro) কোন অঙ্গ বা অংশের ভিতর থেকে উৎপাদিত/জন্ম নেওয়া। Endogenous.

درون ریز (দা.-রীয্/d.-riz) গ্রন্থি; জারকরস নিঃসরণের গ্রন্থি। Endocrine.

درون سوز (দা.-সূয্/d.-suz) অন্তর্দহন; অন্তর্দাহ। Internal-combustion.

درونی (দারূনী/daruni) অভ্যন্তরীণ; ভেতরকার। Inner; internal.

درویدن (দেরাভীদান্/deravidan)= درو کردن

دهره দাহ্রে/dahre) এক ধরনের বড় কাস্তে; দু'ধারী ছোট তলোয়ার। Reaping-hook; sickle.

دهری (দাহ্রী/dahri) বস্তুবাদী; আল্লাহ্ ও পরকাল অস্বীকারকারী যারা দুনিয়াকে অনাদি-অনন্ত বলে দাবী করে। Materialist(ic). Atheist or atheistic(al).

دهساله (দাহ্ সা'লে/dah săle) দশ বছর বয়স্ক/বয়সী। Ten-year-old.

دهستان (দেহেস্তা'ন্/dehestăn) এক থানার অধীন কয়েকটি পাশাপাশি গ্রাম; গ্রাম্য জনপদ। Rural district.

دهش (দেহেশ্/deheš)= بخشش

دهشت(দাহ্শাৎ/dahšat)= ترس আতঙ্ক; দিশাহারা অবস্থা; বিহ্বলতা। Fear. Amazement.

دهشت زده (দা.-যাদে/d.-zade) আতঙ্কগ্রস্ত; হতভম্ব; দিশাহারা; বিহ্বল। Frightened; amazed.

ده ضلعی(দাহ্ যেল্'ঈ/dah zel'i)= ده گوشه

دهقان (দেহ্খ়া'ন্/dehğan) গ্রামবাসী কৃষক। Peasant. Farmer. [ব.ব./pl. دهاقین]

دهقانی (দেহ্খ়া'নী/dehğăni) গ্রাম্য; গ্রামীণ; চাষা। Rural or rustic.

دهکده (দেহ্কাদে/dehkade) গ্রাম; জনপদ; ছোট গ্রাম; গ্রাম্য বাড়ী। Small village; hamlet.

دهگانه(দাহ্গা'নে/dahgăne) [যাতে দশটি আছে তার] দশটিই। The ten. –احکام د. দশটি বিধানের সমষ্টি। The ten commandments.

ده گوش/ده گوشه(দাহগূশ্[গূশে]/ dahguš[guše]) দশভুজ ও দশকোণী সমতল ক্ষেত্র। Decagon.

دهل (দোহোল্/dohol) তবলা; বড় তবলা। Kettledrum. –د.زدن তবলা বাজানো। To beat a kettledrum.

دهلیز (দেহ্লীয্/dehliz) ১/1)= دالان ২/2) শিরা থেকে রক্ত গ্রহণকারী হৃদকোষ। Atrium (of the heart). ৩/3) কর্ণের জটিল ছিদ্রপথ। دالان Labyrinth (of the ear).

دهم (দাহোম্/ dahom) দশম। Tenth.

دهمی (দাহোমী/dahomi)= دهمین দশম(টি)। The tenth.

دهمین (দাহোমীন্/dahomin)= دهمی

دهن (দাহান্/dahan)= دهان

دهن بین (দা.-বীন্/d.-bin) যে এর ওর মুখের দিকে তাকিয়ে থাকে এবং যে কারো কথা বিশ্বাস করে; যার নিজের কোন মতামত নেই; যে সিদ্ধান্তহীনতায়

ভোগে; খেয়ালী। Lacking idea of one's own. Capricious. Irresolute.

دهن دره (দাহান্ দারে/dahan dare) হাই তোলা। Yawning; gaping. –د. کردن হাই তোলা; মুখ হা করে এক দৃষ্টিতে তাকিয়ে থাকা। To yawn or gape.

دهنده (দাহান্দে/dahande) প্রদানকারী। Who gives. Giver.

دهن سوز (দাহান্ সূয্/dahan suz) খুব ভাল; অতিশয় লাভজনক। Very good; very profitable. – آش د. অত্যন্ত ভাল কোন জিনিস। Someting particularly good.

دهن کجی (দা.-কাজী/d.-kaji) মুখ বাঁকা করা; ভেংচি। Grimace; wry mouth. –د. کردن মুখ বিকৃত করা; ভেংচি কাটা। To grimace; make grimaces.

دهنه (দাহানে/dahane) ঘোড়ার লাগাম; ক্ষুদ্র মুখাকার ফাঁক বা রন্ধ্র; নদীর মোহনা। Bit of a bridle; rein. Opening. Mouth (of a river). Orifice.

دهنی (দাহানী/dahani) যা মুখ দিয়ে বাজানো হয়। Played by the mouth. –ساز دهنی মুখ দিয়ে বাজাতে হয় এমন হারমোনিয়াম বিশেষ; মাউথ-অর্গান। Mouth-organ; harmonica.

دهنی(দোহনী/dohni)=روغنی তেলতেলে; তৈলাক্ত। Oily.

دهنیات (দোহনীয়া'ত্/dohniyăt) [دهنی এর স্ত্রী دهنیه এর ব.ব./pl. of دهنیه fem.of دهنی] তেলজাত সামগ্রী। Oily substances.

دهور (দোহূর্/dohur) [دهر এর ব.ব./pl. of دهر]

دهه (দাহে/dahe) দশক। Period of ten days. Decade.

ده هزار (দাহ্ হেযা'র্/dah-hezăr) দশ হাজার। Ten thousand.

ده یک (দাহ্ ইয়েক্/dah-yek) এক দশমাংশ। One-tenth. Tithe.

دی(দী/di) ১/1) গত। Last. ২/2)=دیروز

دی (দেই/dey) ইরানী পঞ্জিকার ৩০ দিন বিশিষ্ট দশম মাস। Tenth month having 30 days.

دیار (দীয়া'র্/diyăr) [دار এর ব.ব./pl. of دار] এলাকা; অঞ্চল; দেশ। Region. Territory. Country.

دیافرام (দীয়া'ফ্রা'ম্/diyăfrăm) ১/1) (গ্রামোফোনের) সাউন্ডবক্স। ২/2) মধ্যচ্ছদা; পর্দা; ঝিল্লি। Diaphragm.

دیاق (দীয়া'গ্ব/diyăğ) [যন্ত্রের] ব্রাকেট। [In machines] Bracket.

دیان(দাইয়া'ন্/dayyăn) বিচারক/ প্রতিফলদাতা ঃ আল্লাহ্‌র গুণবাচক নাম বিশেষ। Judge or Rewarder: epithet of God.

دیانت (দীয়া'নাত্/diyănat) দীনদারী; সততা; ধার্মিকতা; ধর্ম। Piety; honesty. Religion.

دیبا (দীবা'/dibă) রেশমী কাপড় বিশেষ; রঙিন রেশমী কাপড়। Fine silk or brocade.

دیباچه (দীবা'চে/dibăče) (বইয়ের) ভূমিকা। Preface.

دیپلم(দীপ্লোম্/diplom) ডিপ্লোমা। Diploma.

دیپلمات (দীপ্লোমা'ত্/diplomăt) কূটনীতিক। Diplomat(ist).

دیپلوماسی (দীপ্লোমা'সী/diplomăsi) কূটনীতি। Diplomacy.

دیپلمه(দীপ্লোমে/diplome)ডিপ্লোমাধারী; গ্রাজুয়েট। Diploma-holder; graduate.

دیت(দীয়াৎ/diyat)= دیه রক্তমূল্য। Mulct; bloodmoney.

دید (দীদ্/did) দৃষ্টি; দৃষ্টিশক্তি; দর্শন। Sight. Vision. –د. زدن অনুমান করা; ধারণা করা। To estimate or appraise. –دید و بازدید পরস্পরের ঘরে যাতায়াত ও পারস্পরিক দেখাসাক্ষাৎ। Interchange of, visits; paying and repaying, visits.

دیدار (দীদা'র্/didăr)= ملاقات দর্শন; সাক্ষাৎ; দৃষ্টি; দৃষ্টিশক্তি। (Act of) meeting. View. Sight.

دیداربینی(দীদা'রে বাইনী/ didăre-bayni) বন্ধুবান্ধবদের সাথে দেখাসাক্ষাৎ। Meeting of friends, etc.

دیداری (দীদা'রী/didări) দর্শনযোগ্য; দর্শনীয়। Sight: payable at sight.

دیدبان(দীদ্বা'ন্/didbăn) পর্যবেক্ষণকারী; পাহারাদার; সিগন্যালম্যান। Signalman. Observer. Watchman. – د. برج= دیدبانگاه

دیدبانگاه (দীদ্বা'নগা'হ্/didbăngăh) পর্যবেক্ষণ টাওয়ার; নিয়ন্ত্রণ টাওয়ার। Watch-tower; control-tower.

دیدبانی(দীদ্বা'নী/ didbăni) পর্যবেক্ষণ বা পাহারা। Look-out. Observation.

دید سنج (দী.-সান্জ্/ d.-sanj) দৃষ্টিশক্তি পরিমাপক যন্ত্র। Optometer.

دیدگان (দীদেগা'ন্/ didegăn) [دیده এর ব.ব./ pl. of دیده]

دیدن (দীদান্/didan) [بین] তাকানো; দেখা; দর্শন; পরিদর্শন করা; সাক্ষাত করা। To see. To meet. To visit. –زیان دید (সে) ক্ষতিগ্রস্ত হয়েছে। He has incurred losses. –دورهٔ طب را دید সে ডাক্তারী পড়েছে। He has gone through the medical course. –از کسی د. کردن কারো সাথে সাক্ষাত করা। To pay a visit to or call on, some one. –بدیدن من آمد সে আমাকে দেখতে এসেছে। He came to see me. –مشکل می بینم এটা অত্যন্ত জটিল দেখছি; আমার কাছে সম্ভব মনে হয় না। I find it difficult...; I don't think...

دیدنی (দীদানী/didani) সাক্ষাৎ (করা); দর্শনীয়; আকর্ষণীয়। (Paying a) visit; call. Worth seeing. از کسی د. کردن কারো সাথে সাক্ষাত করতে যাওয়া। To pay a visit to someone; call on some one. –دیدنیها দৃষ্টি আকর্ষণকারী বস্তু বা নিদর্শনসমূহ। Attractions.

دیده (দীদে/dide) [دیدن এর ক্রি. বিণ./ P.P. of دیدن]= چشم দৃষ্ট; চক্ষ। Seen. Eye [ব.ব./pl. دیدگان]

دیده ور(দীদেভার্/didevar) দর্শনকারী; পর্যবেক্ষক; প্রহরী। Scout.

دیده ور(ی)(দীদেভার[-ী]/didevar[i]) দর্শন; পর্যবেক্ষণ; প্রহরা। Scout(ing).

دیر (দীর্/dir) দেরী; বিলম্ব; দূরবর্তী সময়। Late. -د.آمدن/د.رسیدن দেরীতে আসা বা পৌঁছা। To come (or be) late. -د.کردن দেরী করা; দেরীতে আসা বা পৌঁছা। To be late. -وقت د. می گذرد সময় যেন আর কাটছে না। Time hangs heavy. -د.شدن দেরী হওয়া; বিলম্ব হওয়া। To be (or get) late. -دیرم شد আমার দেরী হয়ে গেলো। I was late. -د.زمانی است অনেক দিন হয়ে গেলো; অনেক দিন আগের কথা। It is a long time since. د.یا زود দেরীতে হোক বা তাড়াতাড়ি হোক; আজ হোক বা কাল হোক। Sooner or later.

دیر (দেইর্/deyr) ১/1) মঠ; সন্ন্যাসীদের আস্তানা। Convent. ২/2)= میخانه ৩/3)= جهان

دیرآشنا (দীর্ অ'শেনা'/dir ăšena) মেলামেশায় অনভ্যস্ত; অমিশুক। Slow to become sociable; unsociable.

دیرباز (দী.-বা'য্/d.-băz) অনেক দিন পূর্বে; প্রাচীনকালে; বহুদিন পূর্বে। Long time ago. -از دیر باز অনেক দিন পূর্ব থেকে; যুগ যুগ ধরে (চলে আসছে এমন)। Since long.

دیرباور (দী.-বা'ভার্/d.-băvar) যে সহজে বিশ্বাস করে না; সন্দিগ্ধমনা। Incredulous.

دیرباوری(দী.-বা'ভারী/d.-băvari) দেরীতে বিশ্বাস করা; সন্দেহ প্রবণতা। Incredulity.

دیرپای (দী.-পা'ই/d.-păy) দীর্ঘস্থায়ী; সুদৃঢ়; স্থির; টেকসই। Lasting long. Constant.

دیر دیر (দী.-দীর্/d.-dir) দীর্ঘ বিরতির পর পর; মাঝে মাঝে; কদাচিৎ। At long intervals; seldom.

دیربدیر(দী.-বেদীর/bedir)= دیردیر

دیررس (দী.-রাস্/d.-ras) যা দেরীতে আসে/পৌঁছে/ফলে/পাকে। Late. -میوهٔ د. যে ফল দেরীতে পাকে। Late fruit.

دیرکرد (দী.-কার্দ্/d.-kard) বিলম্ব। Delay. -جریمهٔ د. দেরীতে পরিশোধের জন্য জরিমানা। Delayed payment penalty.

دیرگداز (দী.-গোদা'য্/d.-godăz) যা সহজে দ্রবীভূত হয় না। Hard to melt. Refractory.

دیرگشا (দী.-গোশা'/d.-gošă) যা সহজে খোলে না; শক্ত (যেমন ঃ গিট)। Hard, as a knot.

دیروز (দীরূয্/diruz) গতকাল। Yesterday.

دیروقت(দীর্ ভাগ্বত্/dir vağt) বিলম্ব; দীর্ঘ সময়; দীর্ঘকাল। Late (hour). Long time.

دیرهضم(দী.-হায্ম্/d.-hazm) যা দেরীতে হজম হয়; হজম হয় না এমন। Hard to digest; indigestable.

دیریاب (দী.-ইয়া'ব্/d.-yăb) যা দেরীতে পাওয়া যায়/পাওয়া কঠিন; দুর্লভ। Hard to obtain. Rare.

دیرین(দীরীন্/dirin) পুরনো; প্রাচীন; দীর্ঘকালীন। Ancient; old. Inveterate.

دیرین شناس (দী.-শেনা'স্/d.-šenăs) পুরাতত্ত্ববিদ; জীবাশ্মবিদ। Paleontologist.

دیرین شناسی (দী.-শেনা'সী/d.-šenăsi) পুরাতত্ত্ব; পৃথিবীতে প্রাণের ইতিহাসের ওপর আলোকপাতকারী জীবাশ্ম বিষয়ক গবেষণাবিদ্যা; জীবাশ্মবিদ্যা। Paleontology.

دیرینگی (দীরীনেগী/ dirinegi) পুরাতনত্ব; প্রাচীনত্ব; দীর্ঘকালীন অবস্থা। Long service

دیرینه(দীরীনে/ dirine) পুরনো; প্রাচীন; দীর্ঘকালীন; বদ্ধমূল। Old. Long. Inveterate.

دیزل (দীযেল্/dizel) ডিজেল (ইঞ্জিন)। Diesel (engine).

دیزه (দীযে/dize) গাঢ় ধূসর রঙের (ঘোড়া); কালো। [Of a horse] Dark grey; black. –خردیزه মাথা থেকে লেজ পর্যন্ত একটি ফিতার ন্যায় লম্বা চিহ্নবিশিষ্ট গাধা, মনে করা হয়, এ গাধা নিজের জীবন বিপন্ন করে হলেও মালিকের লোকসান ঘটায়। Kind of ass having a stripe which extends from the head to the tail proverbial for endangering its life in order to cause a loss to its owner.

دیزی (দীযী/dizi) ঝোল তরকারি রান্নার কাজে ব্যবহৃত ঢাকনাযুক্ত মাটির পাত্র। Small earthen pot; pipkin.

دیس(দীস্/dis) লম্বাটে বড় প্লেট; ডিম্বাকৃতির ট্রে। Dish.

دیشب (দীশাব্/dišab) গতরাত। Last night.

دیفتری (দীফ্তেরী/difteri) ডিপথেরিয়া (রোগ বিশেষ)। Diphtheria.

دیفرانسیل(দীফ্রা'ন্সেয়েল্/difrănciyel) গাড়ীর গিয়ার যা ইঞ্জিনের শক্তিকে পেছনের চাকায় পৌছে দিয়ে চাকাকে ঘুরতে বাধ্য করে। Differential gear.

دیکتاتور (দীক্তা'তোর্/diktător) একনায়ক। Dictator.

دیکتاتوری (দীক্তা'তোরী/diktători) একনায়কত্ব। Dictatorship.

دیکته (দীক্তে/dikte) কোন বিষয় অন্যকে বলে দিয়ে লেখানো; ডিক্টেশন। Dictation; spelling. –د. کردن অপরকে দিয়ে লেখানোর জন্য শব্দ করে পাঠ করা বা বলা; হুকুম করা। To dictate.

دیگ (দীগ্/dig) কোন কিছু জ্বাল দেয়া বা খাবার রান্নার জন্য ব্যবহৃত ধাতব বা পাথরের বড় পাত্র; বড় ডেগ/পাতিল/ ডেগচি। Pot. –دیگ بخار বয়লার; ইঞ্জিন সচল করার জন্য বাষ্প উৎপাদনকারী চুল্লি বিশেষ। (Steam) boiler.

دیگ پایه (দী.-পা'ইয়ে/d.-păye) লোহার তৈরী তিন পায়াবিশিষ্ট চুলা যার ওপরে বড় পাতিল বসিয়ে রান্না করা হয়। Trivet.

دیگ دان(দী.-দা'ন/d.-dăn)= دیگ پایه

دیگچه (দীগ্চে/digče) ছোট ডেগ/পাতিল/ ডেগচি। Small pot; saucepan.

دیگر(দীগার্/digar) অপর; অন্য; পরবর্তী; কেউ; কিছু; অতঃপর; আর; আরো। Other; another; else. Next. Hence. Any longer. Any more. Next time. چیز(ی) دیگر অন্য কিছু। Something else. -اشخاص د. অন্য লোকেরা; অন্যরা। Other people; others. -سال د. পরবর্তী বছর; আগামী বছর। Next year. -این جمعه نه جمعه د. এ শুক্রবার নয়, পরের শুক্রবার। A week from next Friday. -چند کتاب د. আরো কয়েকটি বই। Some more books. -بار دیگر আরেক বার; পুনরায়। Next time. Again. -یک دفعه د. আরেক বার। Once more. -جای د. অন্যত্র। Elsewhere. -طور د. অন্যভাবে। In another manner. -د. آنکه অধিকন্তু; এতদ্ব্যতীত। Moreover; furthermore. -د. ندارم আমার কাছে আর নেই। I have no more of that. -هرگز د. আর কখনো নয়। Never again.

دیگران (দী'গারা'ন্/ digarăn) [دیگر এর ব.ব. বিশেষ্যরূপে ব্যবহৃত/Pl. of دیگر used as a noun] অন্যরা; অন্য লোকেরা। Others; other people.

دیگربار (দীগার্ বা'র্/digar băr) পুনরায়; পরবর্তী সময়। Again; next time.

دیگری(দীগারী/ digari) অন্যটি; দ্বিতীয়টি; আরেকজন বা আরেকটি। The other (one); the second (one). Another. -یکی بعد از د. একটার পর আরেকটা; একজনের পর আরেকজন। One after another.

دیگ ساز (দীগ্ সা'য্/dig sắz) বড় পাতিল বা বয়লার প্রস্তুতকারক। Boiler-maker.

دیلم (দেইলাম্/deylam) শাবল। Crow-bar.

دیم (দেইম্/deym) সেচ ব্যতিরেকে বৃষ্টির পানিতে চাষ করে ফলানো ফসল। (Crop) produced by dry farming.

دیم کاری (দে.-কা'রী/d.-kări) সেচ ব্যতিরেকে বৃষ্টির পানিতে চাষ করে ফসল ফলানো; শুষ্ক মৌসুমে ফসলের চাষ করা। Dry farming.

دیمی (দেইমী/deymi) পানি সিঞ্চন ব্যতীত চাষকৃত; নিয়মবহির্ভূতভাবে প্রাপ্ত। Cultivated by dry farming. [দ্র./S.u. دیم] Not acquired systematically; immethodical.

دین (দীন্/din) দীন; ধর্ম। Religion. [ব.ব. /pl. ادیان]. -علم الادیان/علم دین ধর্মতত্ত্ব। Theology.

دین (দেইন্/deyn) [ব.ব./pl. دیون]= بدهی ঋণের অর্থ;ঋণ। Debt; amount due.

دینار (দীনা'র্/dinăr) দিনার; ইরাকী মুদ্রা; স্বর্ণমুদ্রা। Dinar. Iraqi monetary unit.

دینار سنج (দী.-সান্জ্/d.-sanj) স্বর্ণমুদ্রার বিশুদ্ধতা নির্ধারক। Assayer of coins.

دینام(দীনা'ম্/dinăm) ডায়নামো; বৈদ্যুতিক জেনারেটর; বিদ্যুৎ উৎপাদনের যন্ত্রবিশেষ। Dynamo; generator.

دینامیت(দীনা'মীত্/dinămit) ডিনামাইট। Dynamite.

دیندار (দীন্‌দা'র্/dindăr) দীনদার; ধর্মপ্রাণ; ধর্মপরায়ণ। Religious; pious.

دینداری (দীন্‌দা'রী/dindări) দীনদারী; ধর্মপরায়ণতা। Piety; religiousness.

دینی(দীনী/dini) দীনী; ধর্মীয়। Religious.

دیو (দীভ্/div) দৈত্য; শয়তান। Demon. Fiend. Devil.

دیوار (দীভা'র্/divăr) দেয়াল; প্রাচীর। Wall. –د. کشیدن দেয়াল বা প্রাচীর নির্মাণ করা। To wall. –از در و دیوار সকল দিক থেকে। From every direction.

دیوار کوب (দী.-কূব্/ d.-kub) দেয়ালে লাগানো থাকে এমন জিনিষ; দেয়ালের সাথে লাগানো যে কোন কিছু। Fixed on the wall. Anything fixed on a wall. –چراغ د. দেয়ালে লাগানো বাতি। Bracket candlestick; sconce.

دیواره (দীভা'রে/ divăre) দেয়ালের ন্যায় যে কোন জিনিস; সেতুর পাশে বা অনুরূপ কোন স্থানে নিরাপত্তামূলক পাঁচিল। Parapet (of a bridge). Rim.

دیواری (দীভা'রী/divări) দেয়ালের ন্যায়; দেয়ালে লটকানো হয় এমন জিনিস। - Wall-type. Posted on the wall. –آگهی د. দেয়ালপত্র; পোস্টার। Poster. –ساعت د. দেয়ালঘড়ি। Clock.

دیوان (দীভা'ন্/divăn) [ব.ব./pl.دواوین] কাব্যগ্রন্থ; কবিতা সংকলন; বিচারালয়। Poetical works. Court. –دیوان عالی کشور দেশের সর্বোচ্চ বিচারালয়; সুপ্রীম কোর্ট; হাই কোর্ট। Supreme Court. High Court of Cassation.

دیوانگی(দীভা'নেগী/divănegi) পাগলামি। Insanity; lunacy; madness. –د. کردن পাগলামি করা; বোকার মত কাজ করা। To behave madly or foolishly.

دیوانه(দীভা'নে/divăne) [ব.ব./pl. دیوانگان] পাগল; উন্মাদ; বোকা; জ্ঞানহীন। Mad(man); insane (person); lunatic. Fool(ish). –د. شدن পাগল হয়ে যাওয়া। To run mad. –د. کردن পাগল বানানো; পাগল বানিয়ে ছাড়া; দিশাহারা করা; অস্থির করা; ক্রুদ্ধ করা। To drive mad. To enrage. –دیوانۀ عشق প্রেমের পাগল; প্রেমে দিশেহারা। Frenzied with love.

دیوانه وار (দী.-ভা'র্/d.-văr) পাগলের/ উন্মাদের ন্যায়; ক্ষিপ্তভাবে। Madly. Frantically.

دیوانی (দীভা'নী/divăni) দেওয়ানী; সরকারী; প্রশাসনিক। Governmental.

دیون (দোয়ূন্/doyun) [دین দাইন-এর ব. ব./pl. of دین deyn].

دیه (দীয়ে/diye)= [দ্র./S.u. دیت]

ده(দেহ্/deh) গ্রাম। Village.

دیه (দীহ্/dih)= ده

دیهیم (দেইহীম্/deyhim)= تخت/تاج

ذ (য/z) ফার্সী বর্ণমালার ১১তম বর্ণ, নাম 'যাল'। The eleventh letter of the Persian alphabet called 'zăl'.

ذات (যা'ত্/ zăt) [ব.ব./ pl. ذوات] সত্তা; প্রকৃতি; সহজাত। Substance; nature. Person(age); individual.-ذات لایزال অবিনশ্বর সত্তা (আল্লাহ্ তাআলা) The Supreme Being. -اسم ذ. সত্তাবাচক বিশেষ্য। Concrete noun. -حب ذ. আত্মপ্রেম; আত্মানুরাগ। Self-love.

ذاتاً (যা'তান্/ zătan) সত্তাগতভাবে; প্রকৃতিগতভাবে; সহজাতভাবে। By nature. In essence; in substance.

ذات الریه (যা'তোর্ রীয়ে/ zător-riye) নিউমোনিয়া। Pneumonia.

ذاتی (যা'তী/ zăti) সত্তাগত; সহজাত। Inherent; natural.

ذائقه (যা'এগ্বে/ za'eğe) আস্বাদন শক্তি; রুচি। (Sense of) taste.

ذبح (যেব্হ্/zebh) জবাই। Slaughtering. ذ. کردن জবাই করা; কোরবানী করা। To slaughter; sacrifice.

ذبایح (যাবা'য়েহ্/ zabă'yeh) [ذبیحه এর ব.ব./ pl. of ذبیحه]= ذبیح

ذبیح (যাবীহ্/zabih) কোরবানীকৃত/জবাই কৃত প্রাণী। Sacrificed or slaughtered (animal or person).

ذبیح الله (যাবীহোল্লা'হ্/ zabihollăh) পুংবাচক নাম; মূ. অ. আল্লাহ্র জন্য কোরবানীকৃত। Mas. pr. name. OS. Sacrificed for God.

ذبیحه (যাবীহে/ zabihe) [ব.ব./ pl. ذبائح] কোরবানী (যা কোরবানী করা হয়); কোরবানীকৃত পশু। Sacrifice; sacrificed animal.

ذخائر (যাখা'এর্/ zaxă'er) [ذخیره এর ব.ব./ pl. of ذخیره]

ذخیره(যাখীরে/zaxire) [ব.ব./pl. ذخائر] সঞ্চয়; জমাকৃত; স্তূপীকৃত। Reserve. Store(s). -ذ. کردن সঞ্চয় করা; জমা করে রাখা। To reserve. To put in store. -افسر ذ. /-سرباز ذ. রিজার্ভ বাহিনী। Reservist.

ذرات (যার্‌রা'ত্/ zarrăt) [ذره এর ব.ব./ pl. of ذره]

ذراح (যোররা'হ্/zorrăh) [ব.ব./pl. ذراریح] ছয় পা, দুই শিং ও পেছনের অংশে দুই হুলবিশিষ্ট লম্বা সবুজ বা নীল বিষাক্ত পোকা; এ পোকার শরীর শুকিয়ে গুঁড়ো করে তৈরী বিষাক্ত পদার্থ। Cantharis; spanish fly.-مشمع ذراریح উক্ত বিষাক্ত পদার্থ থেকে শরীরে সৃষ্ট ফোস্কা। Fly-blister.

ذراع (যেরা-/zera') কনুই থেকে মধ্য আঙ্গুলের শেষ প্রান্ত পর্যন্ত (মানুষের) হাত (১৮ থেকে ২২ ইঞ্চি সমমানের দৈর্ঘ্যের পরিমাপ)। Cubit.

ذرت (যোর্‌রাত্/ zorrat) ভুট্টা। Maize. –ذرت بو داده ভুট্টার খই। Popped corn. آرد ذرت ভুট্টার আটা বা ময়দা। Corn-flour.

ذرع (যার্-/ zar') গজ, ৪১ ইঞ্চি দৈর্ঘ্যের পুরনো মাপ। unit of length= 41 inches. ذ. کردن গজ দ্বারা মাপা। To measure (by the zar').

ذروه (যো[যে]র্‌ভে/ zo[e]rve) শৃঙ্গ; শিখর। Pinnacle; apex.

ذره (যার্‌রে/ zarre) [ব.ব./ pl. ذرات] অণু; যে কোন সূক্ষ্মতম অংশ; বাতাসে ভেসে বেড়ায় এবং সূর্যালোকে দেখা যায় এমন ধূলিকণা, ন্যূনতম পরিমাণ। Minute particle; molecule; corpuscle. Little bit.

ذره بین (যা.-বীন্/ z.-bin) ছোট জিনিসকে বড় দেখানোর উপযোগী আতশী কাঁচ; অণুবীক্ষণ যন্ত্র। Magnifying glass; burning-glass.

ذره بینی (যা.-বীনী/ z.-bini) অতি ক্ষুদ্র; অতি সূক্ষ্ম; অণুবীক্ষণ যন্ত্র ছাড়া দেখা যায় না এমন। Minute; microscopic. Animalcular.

ذره پرور (যা.-পার্‌ভার্/ z.-parvar) দুর্বল বঞ্চিত লোকদের আশ্রয় দান ও লালনকারী; মূ.অ. অণু পোষণকারী। Kind to inferiors. OS. Fostering particles.

ذره ذره (যা.-যার্‌রে/ z.-zarre) কণায় কণায়; ধীরে ধীরে। Bit by bit.

ذریعه (যারীএ/zari'e)= بهانه / وسیله / نامه

ذریه (যোর্‌রীয়্যে/ zorriyye) সন্তান; সন্তান-সন্ততি; বংশধর; বীজ। Offspring; seed.

ذغال (যোগ্বা'ল্/ zoğăl)= زغال

ذقن (যাগ্বান্/ zağan)= زنخدان/ چانه

ذکاء (যাকা'-/zakă') মেধা; তীক্ষ্ণ ধীশক্তি; প্রখর বোধশক্তি। Sagacity. Wit. Intelligence.

ذکاوت (যাকা'ভাত্/ zakăvat)= ذکاء

ذکر (যাকার্/ zakar) পুরুষাঙ্গ। Penis.

ذکر (যেক্‌র্/ zekr) স্মরণ; বর্ণনা; উল্লেখ; দোয়া। Mention. Memory. Recital. –ذ. کردن স্মরণ করা; উল্লেখ করা। To mention. To remember. –قابل ذکر উল্লেখযোগ্য; স্মরণযোগ্য। Worthy of mention; mentionable.

ذکور (যোকূর্/zokur) পুরুষ জাতীয়; পুরুষ লোক; বালক। Males; men or boys.

ذکی (যাকী/zaki) তীক্ষ্ণ ধীসম্পন্ন। Keen. Intelligent.

ذل (যোল্[ল্]/ zol[l])= خواری/ ذلت

ذلاقت (যালা'গ্বাত্/ zalăğat) বাকস্ফূর্তি; প্রাঞ্জলভাষী হওয়া; প্রাঞ্জলতা; তীক্ষ্ণ-ভাষিতা। Sharpness (of the tongue). Volubility.

ذلت (যেল্‌লাত্/zellat) অপমান; অপদস্থ অবস্থা; ভোগান্তি; হীনতা। Abjectness. Suffering; hardship.

ذله (যেল্লে/zelle) অপমানিত; হয়রান-পেরেশান। Harassed; wearied.

ذلیل (যালীল্/zalil) নীচ; অপদস্থ; ভোগান্তির শিকার। Abject. Weak. Servile. –ذ. کردن অপদস্থ করা; দুর্বল করা। To humiliate. To weaken or overthrow.

ذم (যাম[ম]/ zam[m]) [ব.ব./pl. ذموم] তিরস্কার করা; দোষ বলা; তিরস্কার; নিন্দা। Vilification; slander. Blaming. Vice.

ذمه(যেম্মে/ zemme) জিম্মাদারী; বাধ্য-বাধকতা; দায়-দায়িত্ব। Obligation. Due. –برائت ذ. দায়-দায়িত্ব/ জিম্মাদারী থেকে মুক্তি। Clearance from obligation. Acquittal.

ذمه دار (যে.-দা'র্/ z.-dăr) দায়িত্বশীল; আমানতদার; জিম্মাদার। Having an obligation. Responsible person. Obligor. Debtor.

ذمی (যেম্মী/ zemmi) জিম্মি; কারো দায়িত্বাধীন বা জিম্মাভুক্ত; নিরাপত্তাপ্রাপ্ত; জিজিয়া প্রদানকারী ইসলামী রাষ্ট্রের অনুগত অমুসলিম নাগরিক। Who pays tribute.

ذمیم (যামীম্/ zamim)= نکوهیده তিরস্কৃত; ঘৃণার্হ; নিন্দনীয়। Blame-worthy. [স্ত্রী./fem. ذمیمه]

ذنب (যান্‌ব্/ zanb) [ব.ব./ pl. ذنوب] অপরাধ; পাপ; গোনাহ। Sin.

ذنب (যানাব্/ zanab) লেজ। Tail.

ذنب الدجاجه (যানাবোদ্-দাজা'জে/ zanabod-dajăje) সিগ্‌নাস নক্ষত্র-পুঞ্জের উজ্জ্বলতম নক্ষত্র ডেনেব; মূ.অ. মুরগীর লেজ। Deneb.

ذنوب (যোনূব্/ zonub) [ذنب এর ব.ব./ pl. of ذنب]

ذوات (যাভা'ত্/zavăt) ১/1) [ذات এর ব.ব./pl. of ذات] ২/2)...এর অধি-কারিগণ। Those endowed with.

ذوات الاوتار (যাভা'তোল্ আওতা'র্/ zavătol-awtăr)=آلات سیمی তারের তৈরী উপকরণাদি; তারের তৈরী বাদ্যযন্ত্রাদি। Stringed instruments.

ذو احتمالین (যূএহ্‌তেমা'লেইন্/zu ehte măleyn) দুইয়ের মধ্যে যে কোন একটি হওয়ার সম্ভাবনাযুক্ত; দ্ব্যর্থবোধক। Susc-eptible of two probabilities. Equivocal.

ذوالجلال (যূল্ জালা'ল্/ zul-jalăl) মহামহিমান্বিত। Glorious.

ذوالفنون (যূল্ ফোনুন্/zul-fonun) বিভিন্ন বিদ্যায় পারদর্শী; দক্ষ। Master of Arts. Skillful.

ذوالقربی (যোলগোর্‌বা'-/ zolğorbă) [ذوی القربی = خویشاوند]

ذوب (যোওব্/ zowb) গলে যাওয়া; তরল হওয়া। Melting. –ذ. شدن গলে যাওয়া। To melt. –ذ. کردن গলানো। To melt. –کارخانهٔ ذوب فلز ধাতব পদার্থ গলানো বা ঢালাই করার কারখানা। Foundry.

ذوجنبتین (যূ জাম্বাতেইন্/ zu-jamba teyn) দুই পার্শ্বযুক্ত হওয়া। Having two phases. = دوزیست

ذوزنقه (যূ যানাগ্বে/ zu-zanağe) দুই সমান্তরাল বাহুবিশিষ্ট চতুর্ভুজ; ট্রপি-জিয়াম। Trapezium. Trapeze. شبه ذ. অসমান্তরাল বাহুবিশিষ্ট চতুর্ভুজ। Trapezoid.

ذوق (যাওগ্ব/ zawğ) আস্বাদন; আস্বাদন শক্তি; সুরুচি; আনন্দ ও উদ্দীপনা; সাহিত্য প্রতিভা। Taste; elegance; verve; literary talent. Joy. ذ. کردن= خوشی کردن খুশী করা, আনন্দ করা। To joy. توی ذوق کسی زدن কারো আগ্রহে বাধা দান বা কাউকে নিরুৎসাহিত করা। To snub or discourage some one.

ذوق زده (যা.-যাদে/ z.-zade) আনন্দে উৎফুল্ল; উল্লসিত। Overwhelmed with joy.

ذوقی (যাওক্বী/ zawğı) স্বাদ সংক্রান্ত; মেধা-প্রতিভা সংক্রান্ত। Connected with taste or talent.

ذوی العقول (যাভিল্-ওক্বূল্/zavil'oğul) বিচার-বুদ্ধিসম্পন্ন প্রাণীকুল (মানুষ)। Rational beings.- غیر ذ. বিচার-বুদ্ধিহীন প্রাণীকুল। Irrational beings.

ذهاب (যাহা'ব্/ zahăb)= رفتن যাওয়া [শুধু اياب و ذهاب এ ব্যবহৃত]। Going. [used only in اياب و ذهاب]

ذهن (যেহ্ন্/zehn) [ব.ব./pl. اذهان] অনুধাবনশক্তি; স্মরণশক্তি; মতামত। Mind. Opinion. -در ذهن سپردن স্মরণ রাখা। To commit to memory. -حضور ذهن সচেতনতা; উপস্থিত স্মরণশক্তি। Presence of mind.

ذهنی (যেহ্নী/zehni) মানসিক; স্মরণশক্তি বিষয়ক। Mental. Subjective.

ذهین (যাহীন্ / zahin) ভাল স্মরণশক্তি-সম্পন্ন; মেধাবী। Having a good memory.

ذی الحجه (যিল্হেজ্জা/ zil-hejja) জিলহজ্ব মাস, চান্দ্র বর্ষের দ্বাদশতম মাস। Twelfth lunar month.

ذی القعده (যিল্ক্বা-দে/ zelğa'de) জিলকাদ মাস, চান্দ্র বর্ষের একাদশতম মাস। Eleventh lunar month.

ذیحساب (যী হেসা'ব্/zi hesăb) হিসাব-রক্ষক; অর্থনৈতিক লেনদেন নিয়ন্ত্রণকারী। Responsible accountant. Financial controller.

ذیحق (যীহাক্ব/ zihağ) যথোপযুক্ত (ব্যক্তি); হকদার; সঠিক দাবিদার। Rightful (person). (One) having a just claim.

ذی حیات (যী হায়া'ত্/zihayăt) জীবন্ত। Living.

ذیروح (যীরূহ্/ ziruh) প্রাণবিশিষ্ট; জীবন্ত। Animate; living. -غیر ذیروح প্রাণহীন; জড়। Inanimate.

ذیشان (যীশা-ন্/ ziša'n) পদ-মর্যাদা বা শান-শওকতের অধিকারী; মর্যাদাবান। Of dignity or rank; dignified.

ذی علاقه (যী আলা'ক্বে / zi'alăğe) আগ্রহী। Interested; concerned.

ذیقعده (যীক্বা-দে/ziğă'de)=ذی القعده

ذیقیمت (যীক্বীমাত্/ziğimat)=گرانبها দামী; মূল্যবান। Veluable; costly.

ذیل (যেইল্/ zeyl) [ব.ব./pl. اذیال/ ذیول] নীচে; পরিশিষ্ট; যা পরে আসছে; পাদটীকা; মূ.অ. ঘাগড়া। Appendix. Foot- note. Bottom. Trail. OS. Skirt. -در ذیل নীচে; অতঃপর (লেখার ক্ষেত্রে)। Below; hereunder.از قرار ذیل/ بشرح ذیل নিম্নরূপ। As follows.

ذیلاً (যেইলান্/zeylan) নিম্নে। Hereunder.

ذینفس (যীনাফাস্/ zinafas) শ্বাস-প্রশ্বাস গ্রহণকারী (প্রাণী)। Breathing-(creature).

ذینفع (যীনাফ্-/ zinaf') সুবিধাভোগী মহল; স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ। Beneficiary. Interested party.

ر

ر (র্/r) ফার্সী বর্ণমালার দ্বাদশতম বর্ণ, নাম 'রে'। The twelfth letter of the Persian alphabet called 're'.

را (রা'/ră) কর্মকারকের অর্থজ্ঞাপক অব্যয়। Particle serving as a sign of the (definite) direct object. যেমন/as: –او سیب را خورد সে আপেলটি খেয়েছে। He ate the apple.

رابطه (রা'বেতে/răbete) সম্পর্ক; সংযোগ; সম্বন্ধ; মধ্যস্থতা। Liaison. Intermediary. Relation. – فعل ر. সম্বন্ধ-বাচক ক্রিয়া। Copulative (verb).

رابع (রা'বে-/ răbe')= چهارم

راجع (রা'জে-/ răje') প্রত্যাবর্তনকারী, তথ্যাদির জন্য শরণ বা সাহায্য গ্রহণকারী। Returning. Referring. –ر. به সম্পর্কে; সংশ্লিষ্ট বিষয়ে। Concer- ning. Regarding; on the subject of.

راحت (রা'হাত্/răhat) শান্তি; স্বস্তি; আরাম; স্বাচ্ছন্দ্য। Comfort. Ease. Quiet. – ر. شدن অব্যাহতি পাওয়া; স্বস্তি লাভ করা। To be relieved. To find comfort.

راحت باش (রা.-বা'শ্/ r.-băš) আরামে দাঁড়ানোর অবস্থা। Rest! –در جا راحت باش আরামে দাঁড়াও! Stand easy!

راحت بخش (রা.-বাখ্‌শ্/r.-baxš) শান্তিদায়ক; আরামপ্রদ। Rest-giving. Soothing.

راحت طلب (রা.-তালাব্/r.-talab) আরামপ্রিয়(লোক)। Comfort-loving (person).

راحتی (রা'হাতী/ răhati)=راحت শান্তি; স্বস্তি; সহজসাধ্যতা। Rest. Ease. –براحتی সহজে, অনায়াসে। Easily. Comfortably. –صندلی راحتی আরাম কেদারা। Easy chair.

راحل (রা'হেল্/răhel) পরলোকগত। Deceased.

رادار (রা'দা'র্/ rădăr) রাডার। Radar.

رادع (রা'দে-/ răde') প্রতিরোধকারী; দেহের ভিন্ন অংশে রোগাদি প্রতিরোধ-কারী। Derivative; revulsive. Obstacle.

رادمرد (রা'দ্ মার্দ্/răd mard) ভদ্রলোক; মহানুভব; উদারপ্রাণ ব্যক্তি। Gentle-man. Liberal man.

راده (রা'দ্দে/rădde) সূত্রের চিহ্ন। Mark of reference.

رادیکال (রা'দীকাল্/rădikăl) চরমপন্থী; প্রগতিবাদী। Radical.

رادیاتور(রা'দীয়া'তুর/rădyator) রেডিয়েটর; শীতকযন্ত্র; শীতলকরণ পদ্ধতি। Radiator. Cooling system.

رادیو (রা'দীয়ু/rădiyu) রেডিও; বেতার-যন্ত্র। Radio.

راز(রা'য/rǎz) গোপন কথা; রহস্য। Secret. Mystery. -راز و نیاز (আল্লাহ্‌র কাছে) নিজের অভাব-অভিযোগ সম্পর্কে গোপন প্রার্থনা। Silent prayer for one's needs.

رازدار (রা'.-দা'র্/ r.-dǎr) বিশ্বস্ত; গোপনীয়তা রক্ষায় আস্থাভাজন। Confident. Faithful to a secret.

رأس (রা-স্/ ra's) [ব.ব./pl.رؤوس] মাথা; শীর্ষ; সর্বোচ্চ অবস্থান। Head. Summit; foremost position. -در رأس নেতৃত্বে। At the head of. -سه ر. گوسفند তিনটি ভেড়া। Three head of sheep.

رأساً (রা-সান্/ra'san)= مستقیماً সোজা; সরাসরি; কারো নিজস্ব উদ্যোগে। Direct(ly); On one's own initiative.

رأس الجدی (রা'সোল্ জাদ্দী/ra'sol-jaddi) মকরক্রান্তি; মকর রাশি। Capricorn.

رأس السرطان (রা-সোস্ সারাতা'ন/ ra'sos-saratǎn) কর্কটক্রান্তি; কর্কট রাশি; ক্যান্সার। Cancer.

رأس المال (রা-সোল মা'ল্/rasol-mǎl) ক্রয়মূল্য; ব্যবসায়ের পুঁজিপাটা। Purchase price. Stock-in-trade.

راست (রা'স্‌ত্/rǎst) ডান; সোজা; সত্য; সঠিক। Right. Straight. True. -دست ر. بروید ডান দিকে যান। Turn to the right. -ر. آمدن সত্য প্রমাণিত হওয়া; বাস্তবে রূপায়িত হওয়া। To come true; be fulfilled. -ر. کردن সোজা করা। To straighten. -ر. گفتن সত্য বলা। To tell the truth.

راستا (রা'স্তা'/rǎstǎ) সোজা; সোজা পথ; দিক। Direction.

راست باز (রা'স্ত্‌বা'য্/rǎstbǎz) সরল; সত্যাশ্রয়ী; যার আচার-আচরণে কৃত্রিমতা নেই; অকপট। Candid. Dealing fairly.

راست ساز (রা'.-সা'য্/r.-sǎz) যে সোজাকারী; পরবর্তী তড়িৎ প্রবাহকে সমপ্রবাহে রূপান্তরিত করার যন্ত্র বা কৌশল বিশেষ। Rectifier.

راستگو(ی) (রা'.-গূ[য়]/ r.-gu[y]) সত্যবাদী; সত্যভাষী। Truthful (person).

راستگویی(রা'.-গূয়ী/r.-guyi)সত্যবাদিতা। Truthfulness.

راسته(রা'স্তে/rǎste) সোজা পথ; দোকানের সারি। Row. Series of shops.

راستی(রা'স্তী/rǎsti) সত্যতা; সত্যবাদিতা; সরলতা; Truth. Straightness. -براستی সত্যিই; সত্যি সত্যি। Truly; honestly.

راسخ (রা'সেখ্/rǎsex)= پابرجا/ استوار

راسخت (রা'সোখ্‌ত্/rǎsoxt) ছাপার অক্ষর তৈরির কাজে ব্যবহৃত ধাতু বিশেষ; রেড এন্টিমোনি। Red antimony.

راسو(রা'সূ/rǎsu) নেউল; বেজি। Weasel.

راشد (রা'শেদ্/ rǎšed) সরল সঠিক পথের অনুসারী; ধর্মপ্রাণ। Orthodox.

راشی(রা'শী/rǎši) ঘুষ প্রদানকারী। Briber.

راضی(রা'যী/rǎzi) রাজি; সন্তুষ্ট; সম্মত। Satisfied. Pleased. Agree.

–از من ر. است সে আমার ওপর সন্তুষ্ট। He is satisfied or pleased with me. –ر. شدن রাজি হওয়া; সম্মত হওয়া। To consent; agree.–ر. کردن রাজি করা। To satisfy. To please.

راغ (রা'গ্/răğ) সবুজ উপত্যকা; তৃণবহুল ক্ষেত্র; পাহাড়ের ঢালু অংশ। Meadow. Mountain-slope.

راغب (রা'গেব্/răğeb) আগ্রহী; ইচ্ছুক। Inclined. Desirous. –بچیزی ر. بودن কোন জিনিষের প্রতি আগ্রহী হওয়া। To be fond of something.

رأفت (রা-ফাত্/ra'fat)= مهربانی দয়া; সহানুভূতি। Kindness.

رافضی (রা'ফেযী/ răfezi) রাফেযী (সম্প্রদায়ভুক্ত); আপন নেতার পক্ষ ত্যাগকারী। Heretic.

راقم (রা'গ্বেম্/răğem) লেখক; চিত্রকর। Writer or painter.

راقی (রা'গ্বী/răği) উন্নত; অগ্রণী। Advancing or advanced. [স্ত্রী./Fem. راقیه]

راکب (রা'কেব্/răkeb) আরোহী; অশ্বারোহী। Rider. Horseman.

راکد (রা'কেদ্/ răked) স্থবির; মন্দা; অচল। Stagnant. Dull.

رآلیسم (রেঅ'লীস্‌ম্/ reălism) বাস্তববাদ; রিয়ালিজম। Realism.

رام (রা'ম্/răm) অনুগত; বশীভূত; পোষমানা; সুপরিচিত। Tame. Familiar. –ر. شدن বশীভূত হওয়া; পোষমানা। To be tamed or managed. –ر. کردن পোষ মানানো; বশে আনা। To tame; domesticate.

رامش (রা'মেশ্/ rămeš) শান্তি; স্বস্তি; উৎফুল্লতা। Rest. Cheerfulness.

رام شدنی (রা'ম্ শোদানী/răm-šodani) বশীভূত হবে বা পোষ মানবে এমন। Tamable. Manageable.

رامشگر (রা'মেশ্‌গার/rămešgar) গায়ক; সুরশিল্পী। Minstrel.

ران (রা'ন্/răn) রান; উরু। Thigh.

ران (রা'ন্/răn) [راندن এর অনু/Imp. of راندن].

راندمان (রা'ন্দেমা'ন্/ răndemăn) কার্যকারিতা; গতি। Efficiency.

راندن (রা'ন্দান্/răndan) চালানো; তাড়িয়ে দেওয়া; পরিচালনা; হাঁকানো। To drive. To propel. To sail.

رانده (রা'ন্দে/ rănde) [راندن এর ক্রি. বিণ./P.P. of راندن] চালিত; বহিষ্কৃত; বিতাড়িত। Driven. Expelled.

رانکی (রা'নাকী/rănaki) ঘোড়ার পিঠের জিন সংলগ্ন চর্মবন্ধনী; ঘোড়ার পেছন ভাগ। Crupper.

رانندگی (রা'নান্দেগী/rănandegi) গাড়ি চালানো। Driving.

راننده (রা'নান্দে/rănande) [ব.ব./pl. رانندگان] গাড়ি চালক। Driver.

راوی (রা'ভী/răvi) বর্ণনাকারী; হাদীস বর্ণনাকারী। Narrator.

راه (রা'হ্/răh) রাস্তা; পথ; পদ্ধতি। Road. Route. Method. –ر. افتادن শুরু করা; যাত্রা শুরু করা। To start; set out; move. –ر. انداختن চালু করা। To start; put in working order.

–ر. پیمودن سফর করা; পথ চলা। To travel. ر. دادن در অনুমতি দেওয়া। To admit to.–ر. رفتن পথ চলা। To walk. –ر. یافتن প্রবেশের অনুমতি পাওয়া। To be admitted. –از راه মাধ্যম; ভায়া; হয়ে। Via; through. –در راه خدا আল্লাহ্র রাস্তায়; আল্লাহ্র ওয়াস্তে। For God's sake.

راه آهن (রা'.-অ'হান্/r.-ăhan) রেলপথ। Railway.

راه انداز (রা'.-আন্দা'য্/ r.-andăz) আরম্ভকারী। Starter.

راهب (রা'হেব্/răheb) [ব.ব./pl. رهبان] সন্ন্যাসী; রাহেব। Monk.

راه بندان (রাহ্ বান্দা'ন্/ răh bandăn) রাস্তার প্রতিবন্ধকতা; গতিরোধক। Road obstruction.

راهبه (রা'হেবে/răhebe) [راهب এর স্ত্রী./ Fem. of راهب] সন্ন্যাসিনী; রাহেবা। Nun. [ব.ব./pl. رواهب/ راهبات].

راهپیما(রা'হ্পেইমা/răhpeymă) পর্যটক; পথিক। Traveller. Wayfarer.

راهپیمایی (রা'.-পেইমা'য়ী/r.-peymăyi) পথ চলা; মিছিল। Walking. Procession.

راهدار (রা'.-দা'র্/r.-dăr) রাস্তার পাহারাদার; রোডগার্ড। Road-guard.

راهدارخانه (রা.-খা'নে/r.-xăne) টোলপোস্ট; শুল্কঘর। Toll-house.

راهرو (রা'হ্রোও/răhrow) ফুটপাত; করিডোর। Corridor. Passage-way.

راهزن (রা'.-যান্/r.-zan) ডাকাত; লুটেরা। Brigand; bandit.

راهزنی(রা'.-যানী/r.-zani) রাজপথে ডাকাতি; লুটতরাজ; রাহাজানী। Highway robbery.

راهسازی (রা'.-সা'যী/r.-săzi) সড়ক নির্মাণ। Road construction.

راهگذر (রা.-গোযা'র্/r.-gozar) পথিক; পথচারী। Passer-by. Wayfarer.

راهن (রা'হেন্/răhen) বন্ধকদাতা; রেহানদাতা। Mortgager.

راهنامه (রা'হ্না'মে/ rahnăme) সড়ক পরিচিতিমূলক বই। Road-book.

راهنما (রা.-নামা'/ r.-namă) [رهنما] গাইড; পথ প্রদর্শক। Guide. Usher. –کتابچهٔ ر. গাইড-বুক। Guide-book.

راهنمایی (রা.-নামা'য়ী/r.-namăyi) পথ নির্দেশনা। Guidance.–ر. کردن পথ দেখানো; পরিচালনা করা। To guide; show the way (to). –اداره ر. و رانندگی ট্রাফিক বিভাগ। Traffic department.

راه نورد(রা'.-নাভার্দ /r.-navard)= راه پیما

راهی(রা'হী/răhi) যে গমন বা যাত্রা করবে; যাত্রা শুরু করতে যাচ্ছে এমন লোক। About to start. –ر. شدن ভ্রমণে বের হওয়া; রওনা হওয়া। To proceed on a journey.

رای (রা'য়/răy) রায়; মতামত; ফয়সালা। Counsel. Opinion. Judgment.

رأی (রা-য়/ra'y) [ব.ব./pl. آراء] মতামত; রায়; ভোট। Vote; voice. Opinion. –با رأی مخفی গোপন ভোটে; ব্যালটের মাধ্যমে ভোট। By ballot.

رأى العين(রা'য়োলএইন্/ răyol eyn) প্রত্যক্ষদর্শী। Witness of the eye.

رايج(রা'য়েজ্/răyej)= رائج চালু; প্রচলিত। Current.

رايحه (রা'য়েহে/răyehe)= بو সুগন্ধ; গন্ধ। Odour.

رايزن (রা'য়যান্/răyzan) কাউন্সেলর; পরামর্শদাতা। Counsellor. Advisor.

رايزنى (রা'.-যানী/ r.-zani) পরামর্শ দানের কাজ; কাউন্সেলরের দফতর; পরামর্শ দান কেন্দ্র। Counsellorship.

رايگان (রা'য়গা'ন/răygăn) বিনা মূল্যে। Free (of cost).

رئيس (রা'ঈস/ra'is) সভাপতি; প্রধান। President; chief. Head of the department. –رئيس جمهورى প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট। President of a republic.

رب (রাব্[ব্]/ rab[b]) [ব.ব./ pl.ارباب] প্রভু; মনিব Lord. Master.

رب (রোব্[ব্]/ rob[b]) আগুনে সিদ্ধ ও ফুটানো ফলমূলের ঘন রস। Inspissated juice.

ربا(রোবা'/robă) [ربودن এর অনু./Imp. of ربودن]

ربا (রেবা'/rebă) সুদ। Usury.

رباب(রোবা'ব্/robăb) বেহালা; বড় বীণা। Rebeck; viol.

ربا خوار(রেবা'খা'র্/rebă-xăr) সুদখোর। Usurer.

رباط (রেবা'ত্/rebăt) পান্থশালা; মুসাফিরখানা; অস্থি বা তরুণাস্থিসমূহের মধ্যে সংযোগ স্থাপক অংশুল শিরাগুচ্ছ; অস্থি-বন্ধনী। Inn; caravanserai. Ligament.

رباطى(রেবা'তী/rebăti) অস্থিসন্ধির অংশুল শিরাগুচ্ছ সম্বন্ধীয়। Ligamen- tous.

رباعى (রোবা'ঈ/robă'i) [ব.ব./pl. رباعيات] রুবাই; চতুষ্পদী কবিতা Quatrain.

ربانى (রাব্বা'নী/rabbăni) খোদায়ী; ঐশ্বরিক; খোদাপন্থী। Divine.

رباينده (রোবাই'য়ান্দে/robăyande) মনোহারী; ছিনতাইকারী; অপহরণকারী। Seizing. Attractive.

ربح (রেব্হ্/rebh) লাভ; মুনাফা; সুদ। Interest.

رب دوشامبر (রোব দোশা'ম্বর/robe dosămbr) আলখাল্লা জাতীয় ঢিলা জামা বিশেষ, যা পাজামার সাথে পরা হয়; নিজ গৃহে পোষাক পরিধানের পূর্বে পরিহিত জামা। Dressing-gown.

ربط (রাব্ত্/rabt) সম্পর্ক; যোগাযোগ; সংযোগ। Relation. Connection. –ربطى بموضوع ندارد বিষয়ের সাথে এর কোন সম্পর্ক নেই। It has no connection, or nothing to do, with the subject on hand.

ربع (রোব-/ rob') এক-চতুর্থাংশ; সিকি। One-fourth. Quarter.

ربنا (রাব্বানা'/rabbană) (প্রার্থনা) হে আল্লাহ! হে আমাদের প্রভু! Our Lord!

ربودن (রোবূদান্/robudan) ছিনতাই; অপহরণ; ছিনিয়ে নেওয়া। To seize or snatch.

ربيع (রাবী-/rabi')= بهار বসন্তকাল। Spring. –ربيع الاول রবিউল আউয়াল মাস; আরবী চান্দ্র বর্ষের তৃতীয় মাস। Third Arabic lunar month.

–ربیع الثانی রবিউস সানী মাস, আরবী চান্দ্র বর্ষের চতুর্থ মাস। Fourth Arabic lunar month.

رپورتاژ (রেপোরতা'জ্/reportăž) রিপোর্ট করা; (সংবাদপত্র) রিপোর্ট। Reporting; (newspaper) report.

رتبه (রোত্‌বে/rotbe) [ব.ব./pl.رتب] মান; স্তর; পদ; মর্যাদা। Grade; rank.

رتق وفتق (রাত্‌ক্ব ও ফাত্‌ক্ব/ratğ-o-fatğ) বাঁধা-খোলা; সেলাই করা ও ছেঁড়া; সার্বিক ব্যবস্থাপনা। Managing; handling.

رتوش کردن (রোতূশ্ কার্দান/rotuš kardan) সংশোধন; সংস্কার; (ছবিতে) রিটাচ দেওয়া। To retouch.

رجاء (রাজা'-/rajă')=(امید(واری আশা। Hope.

رجال (রেজা'ল্/rejăl) [رجل এর ব.ব./pl. of رجل] সম্মানিত ব্যক্তিবর্গ; উচ্চপদস্থ ব্যক্তিগণ। Distinguished men; dignitaries.

رجاله (রাজ্জা'লে/rajjăle) অশিষ্ট; অমার্জিত লোক। Lackey(s). Vulgar people.

رجب (রাজাব্/ rajab) রজব; আরবী চান্দ্র বর্ষের ৭ম মাস। Seventh Arabic Lunar month.

رجحان (রোজহা'ন্/rojhăn)= برتری ঝোঁক; অগ্রাধিকার। Preference.

رجز (রাজায্/rajaz) কাব্যিক মাত্রার পরিভাষা বিশেষ; মহাকাব্য; উদ্দীপনাময় কাব্যের শ্লোক। Name of several poetical metres. Epic verses.

رجز خوانی (রা.-খা'নী/r.-xăni) শত্রুর ওপর আক্রমণ চালানোর সময় পঠিত উদ্দীপনাময় শ্লোক; বীরত্বগাঁথা। Declamation (while defying an enemy).

رجس (রেজ্‌স্/rejs) নোংরা (কাজ)। Filth(y act).

رجع (রাজ্-/raj') (তালাকপ্রাপ্তা স্ত্রীর স্বামীর কাছে) প্রত্যাবর্তন। Returning of a divorced woman to her husband. –طلاق رجعی প্রত্যাবর্তনযোগ্য তালাক। Revocable or voidable divorce.

رجعت (রাজ্‌আত্/raj'at) প্রত্যাবর্তন; নতুনভাবে ব্যবহার শুরু করা; পুনরুত্থান। Returning. Resurrection.

رجل (রাজোল্/rajol) [ব.ব./pl. رجال] পুরুষ; ব্যক্তিত্ব। Man. Personage.

رجوع (রোজূ-/roju') রুজু হওয়া; ফিরে আসা; শরণাপন্ন হওয়া। Reference. Returning.

رجولیت (রোজূলীয়্যাত্/rojuliyyat) পৌরুষ। Virility.

رجه(রাজে/raje) [بند رجه বোঝাতে/For. بند رجه] টানানো রশি; কাপড় টাঙ্গানোর রশি। Clothes-line.

رجیم (রাজীম্/ rajim)=ملعون অভিশপ্ত। Damned.

رحل (রাহ্‌ল্/rahl) (কুরআন মজিদ রাখার) রেহাল; বাইবেল রেখে পাঠ করার ঢালু ডেস্ক বিশেষ; সফরের সাজ-সরঞ্জাম; পাথেয়। Book-rack. Lectern.

رحلت(রেহ্‌লাত্/rehlat) প্রস্থান; ইন্তেকাল। Departure. Death. –ر. کردن ইন্তেকাল করা। To pass away; die.

رحم (রাহ্‌ম্/rahm) দয়া; অনুগ্রহ; হৃদ্যতা। Compassion. Mercy.

–برکسی ر. کردن কারো প্রতি দয়া করা। To have pity (or marcy) on some one.

رحم (রাহেম্/ rahem)=زهدان; জরায়ু; রেহেম। Womb.

رحمان (রাহ্মা'ন্/rahmăn) দয়ালু; মেহেরবান। Clement. Merciful.

رحمانی (রাহ্মা'নী/rahmăni) স্বর্গীয়; খোদায়ী। Divine.

رحمت (রাহ্মাত্/rahmat) রাহমত; আল্লাহ্‌র অনুগ্রহ; অনুকম্পা। Mercy; commiseration. Grace; blessing.

رحم دل (রাহ্‌ম্ দেল্/rahmdel) দয়ার্দ্র; দয়ালু। Compassionate.

رحیل (রাহীল্/rahil) ভ্রমণ; প্রস্থান। Departure. Journey.

رحیم (রাহীম্/rahim) দয়াবান। Merciful.

رخ (রোখ্/rox) চেহারা; গাল; মুখাবয়ব। Face. Cheek.

رخام (রোখা'ম্/roxăm)= مرمر মর্মর পাথর। Marble.

رخاوت(রাখা'ভাত্/raxăvat)= سستی / نرمی

رخت (রাখ্‌ত্/raxt) জামা-কাপড়; বিছানা-পত্র; আসবাবপত্র; বিছানা। Clothes. Outfit. –ر. (بر) بستن সফরের মালা-মাল বেঁধে তৈরি হওয়া। To pack off.

رخت خواب (রাখ্‌তে খা'ব্/raxte-xăb) বিছানাপত্র। Bedding. Bed.

رختخواب پیچ (রা.-পীচ্/r.-pič) বিছানা পত্র মোড়ানোর জন্য ব্যবহৃত চাদর। Wrapper for bed clothes.

رخت دار(রা.-দা'র্/ r.-dăr) পরিধেয় বস্ত্র তত্ত্বাবধানকারী। Clothes-keeper.

رخت شو(ی)(রা.-শূ[য়]/r.-šu[y]) ধোপা। Laundry-man.

رخت شوئی (রা.-শূঈ/r.-šu'i) কাপড় কাচা; লন্ড্রী। Washing; laundry.

رخت کن (রা.-কান্/r.-kan) পোশাক পরিবর্তনের জন্য নির্ধারিত কক্ষ; কাপড়-চোপড় রাখার দেরাজ। Dressing-room. Locker.

رخسار (রোখ্‌সা'র্/roxsăr) চেহারা; গাল; মুখমণ্ডল। Cheek; face.

رخساره (রোখ্‌সা'রে/roxsăre)= رخسار

رخش (রাখ্‌শ্/raxš) রুস্তমের ঘোড়ার নাম। Name of Rostam's horse.

رخشان (রাখ্‌শা'ন্/ raxšăn)= درخشان

رخشنده (রা[রো]খ্‌শান্দে/ra[o]xšande)= درخشنده

رخشیدن (রাখ্‌শীদান্/ raxšidan)= درخشیدن

رخصت (রোখ্‌সাত্/roxsat) ছুটি; অব্যাহতি; অনুমতি। Leave; permission. –ر. خواستن অনুমতি চাওয়া। To ask permission. –ر. گرفتن ছুটি নেওয়া। To take leave.

رخنه (রাখ্‌নে/raxne) ফাঁক; ফাটল; ছিদ্র। Breach; chink. –ر. کردن ছিদ্র করা। To leak.

رخوت (রেখ্‌ভাত্/rexvat)=نرمی / سستی

رد (রাদ্[দ্]/ rad[d]) প্রত্যর্পণ; প্রত্যাখ্যান; পদচিহ্ন। Restitution. Rejection. Track. –رد شدن বাতিল হওয়া বা প্রত্যর্পিত হওয়া; অতিক্রম করে চলে যাওয়া।। To be rejected or

repealed. To pass through.
–رد و بدل کردن রদবদল করা। To (ex)change.

رداء (রেদা'-/redă') ওপরের ঢিলা পোষাক; বহিরাবরণ; চাদর; আচ্ছাদন। Cloak.

ردخور (রাদ্‌খোর্/radxor) বাতিল হওয়ার মত বিষয়। Something that is likely to be rejected.–ر. ندارد এটা নিশ্চিত। It is sure.

ردع (রাদ-/rad') (দেহের) ভিন্ন অংশে (রোগাদি) প্রতিরোধ। Revulsion.

ردنگت (রেদাঙ্গোত্/ redangot) কোমর চাপা নীচে ঢোলা হাঁটু পর্যন্ত বিলম্বিত কোট বিশেষ। Frock-coat. Riding-coat.

رده (রাদে/rade) সারি; শ্রেণী। Line. Class.

رده بندی (রা.-বান্দী/r.-bandi) শ্রেণী বিন্যাস। Classification.

ردیف (রাদীফ্/radif) শ্রেণী; স্তর; ক্রম। Row. Range; order.
–در ردیف چیزی قرار گرفتن কোন কিছুর সারিতে স্থান লাভ; কোন কিছুর সাথে সারিবদ্ধ হওয়া। To range with something.

رذالت (রাযা'লাত্/razălat) নীচতা; হীনতা। Meanness; rascality.

رذایل (রাযা'য়েল্/razăyel) [رذیله এর ব.ব./pl. of رذیله]

رذل (রাযাল/razal)=پست / رذیل হীন; নীচ; নিকৃষ্ট। Mean. Wicked.

رذیل (রাযীল/razil)= رذل

رذیله (রাযীলে/razile) [رذیل এর স্ত্রী./fem. of –رذیل ব.ব./pl. رذائل]
হীন; নীচ প্রকৃতি; মন্দ কাজ। Mean quality; wicked act.

رز (রায্/raz) আঙ্গুর গাছ। Vine.–دختر رز দ্রাক্ষারস; মদ। Wine.

رزاز (রায্‌যা'য্/razzăz) চাল ব্যবসায়ী। Rice merchant.

رزاق (রায্‌যা'খ্ব/razzăğ) রিযিকদাতা; জীবিকাদানকারী; আল্লাহ্‌র গুণবাচক নাম বিশেষ। Provider or supplier; epithet of God.

رزق(রেয্‌খ্ব/rezğ) [ব.ব./pl.ارزاق] রিযিক; দৈনিক খাবার; রুজি। Daily bread.

رزم (রায্‌ম্/razm) লড়াই; যুদ্ধ। Combat. – ر. کردن যুদ্ধ করা। To fight.

رزم جو(ی) (রা.-জু[য়]/r.-ju[y]) লড়াকু; যুদ্ধবাজ। Warlike.

رزم دیده (রা.-দীদে/r.-dide) যুদ্ধে অভিজ্ঞ। Experienced in warfare.

رزم نامه (রা.-না'মে/r.-năme) বীরত্বগাঁথা বা মহাকাব্য গ্রন্থ। Book of epic poems.

رزم ناو (রা.-না'ভ্/r.-năv) ক্রুজার; রণতরী বিশেষ। Cruiser.

رزمی (রায্‌মী/razmi) মহাকাব্যিক; মহাকাব্য সংক্রান্ত; যুদ্ধ সংক্রান্ত। Epic(al).

رزین (রাযীন্/razin)= استوار মজবুত; সুদৃঢ়; প্রশান্ত। Firm. Sedate.

رزین (রেযীন্/rezin) ধুনা; রজন। Resin.

رژه (রাজ্বে/raẑe) সামরিক কুচকাওয়াজ। March past. –ر. رفتن কুচকাওয়াজ করা। To march past.

رژیم (রেজ্বীম/reẑim) শাসন; পদ্ধতি; সরকার; ডাক্তারের পরামর্শভিত্তিক নিয়ন্ত্রিত খানাপিনা। Regime.

-ر. گرفتن پানাহার করা। To be on diet. -رژیم لاغری মেদ কমানোর উদ্দেশ্যে নিয়ন্ত্রিত পানাহার। Slimming.

رس (রোস্/ros)=رُست

رس (রাস্/ras) [رسیدن এর অনু./Imp. of رسیدن]

رسا (রাসা'/rasă) উচ্চকণ্ঠ; স্পষ্ট; সুস্পষ্টরূপে প্রকাশকারী। Loud. Expres- sive.

رسالت (রেসা'লাত্/resălat) দায়িত্ব; পয়গাম্বরীর দায়িত্ব। Prophetic mission.

رساله (রেসা'লে/resăle) [ব.ব./ pl. رسائل / رسالات] থিসিস; গবেষণা-মূলক প্রবন্ধ; চিঠিপত্র; পুস্তিকা। Thes is. Epistle. Treatise.

رسام (রাস্সা'ম্/ rassăm) নকশাবিদ; খসড়া প্রণয়নকারী ব্যক্তি; অংকনবিদ। Designer. Draftsman. Tracer.

رسان (রেসা'ন্/ resăn) [رسانیدن এর অনু./ Imp. of رسانیدن].

رساندن (রেসা'ন্দান্/resăndan)= رسان পৌঁছানো; সরবরাহ করা। To (cause to) reach. To send.

-مقصود را نمی رساند উদ্দেশ্য পুরোপুরি বোঝায় না। It does not carry the point.

رسانه (রেসা'নে/resăne) মাধ্যম। Medium. Means.

رسانه های همگانی/رسانه های عمومی গণমাধ্যম। Mass media.

رساننده(রেসা'নান্দে/resănande) বাহক; যে কোন কিছু পৌঁছে দেয়। Bearer. Conveyor.

رسانیدن(রেসা'নীদান/resănidan)= رساندن

رسایل(রাসা'য়েল/rasăyel)= [رساله এর ব.ব./pl. of رساله]

رسایی (রাসা'য়ী/ rasăyi) প্রভাব; আওতা; কার্যকারিতা। Audibility. Range.

رست (রোস্ত্/rost)= رس দৃঢ়; শক্ত। Firm. -گل ر. / خاك ر. এঁটেল মাটি। Clay.

رستاخیز (রাস্তা'খীয্/rastăxiz) পুনরুত্থান (দিবস)। Resurrection(Day).

رستگار (রাস্ত্গা'র্/rastgăr) পরিত্রাণপ্রাপ্ত; মুক্তিপ্রাপ্ত। Delivered; saved.

رستگاری (রাস্ত্গা'রী/ rastgări) মুক্তি; স্বাধীনতা; পরিত্রাণ। Deliverance. Salvation.

رستم (রোস্তাম্/ rostam) মহাবীর রোস্তম। Rostam.

رَستن (রাস্তান্/rastan) [ره] মুক্তি পাওয়া; উতরানো। To be delivered.

رُستن (রোস্তান্/ rostan) [روی] গজানো; জন্মানো। To grow. To sprout.

رستنی (রোস্তানী/ rostani)= گیاه

رستوران (রেস্তূরা'ন/resturăn) রেস্টুরেন্ট; হোটেল। Restaurant.

رسته (রাস্তে/raste) [رستن এর ক্রি. বিণ./ P.P. of رستن] মুক্তিপ্রাপ্ত; পরিত্রাণপ্রাপ্ত। Delivered. Saved.

رسته (রাস্তে/raste) শ্রেণী; সংঘ। Class. Guild.

رسد(রাসাদ্/rasad)=دسته প্লাটুন; পদাতিক সৈন্যের দল। Platoon.

رسد بان (রা.-বা'ন্/r.-băn) পুলিশ-লেফটেন্যান্ট; প্লাটুন কমান্ডার। Police Lieutenant.

رسل(রোসোল্/rosol) [رسول এর ব.ব./ pl. of رسول]

رسم (রাস্‌ম্/rasm) [ব.ব./pl. رسوم] রসম; নিয়ম; নকশা। Custom. Rule. Drawing; design. -ر. کردن To draw; design. নকশা করা। -اسم و رسم নামধাম; যশ-খ্যাতি। Fame. Reputation.

رسماً (রাস্‌মান্/rasman) নিয়মতান্ত্রিক পদ্ধতিতে; সরকারীভাবে; আনুষ্ঠানিকভাবে। Officially. Formally.

رسم الخط (রাস্‌মোল্ খাত্/rasmol xat) হস্তলিপিতে নির্দিষ্ট নিয়ম। Prescribed form of writing.

رسمی (রাস্‌মী/rasmi) সরকারী; নিয়মতান্ত্রিক; আনুষ্ঠানিক। Official. Formal. -غیر ر. অনানুষ্ঠানিক। Unofficial.

رسمیت (রাস্‌মিয়্যাত্/rasmiyyat) আনুষ্ঠানিক স্বীকৃতি; নিয়মতান্ত্রিক গ্রহণযোগ্যতা। State of being official. Popular acceptation. -برسمیت شناختن স্বীকৃতি প্রদান। To recognize.

رسن (রাসান্/rasan)=طناب/ ریسمان

رسوا (রোস্‌ভা'/rosvă) অপমানিত। Disgraced. -ر. شدن অপমানিত হওয়া। To be disgraced.-ر. کردن অপমানিত করা বা লজ্জা দেওয়া। To disgrace or put to shame.

رسوب (রোসূব্/rosub) পলি; তলানি। Sediment.

رسوبی (রোসূবী/rosubi) পাললিক; তলানি বা গাদ সংক্রান্ত। Sedimentary.

رسوخ(রোসূখ্/xosux) কাঠিন্য; স্থিরতা। Firmness. Constancy. -ر. کردن দৃঢ়রূপে বদ্ধমূল হওয়া। To be firmly rooted.

رسول (রাসূল্/rasul) [ব.ব./pl. رُسُل] পয়গাম্বর; সংবাদবাহক। Messenger. Prophet.

رسوم (রোসূম্/ rosum) [رسم এর ব.ব./ pl. of رسم]

رسید (রাসীদ্/rasid) পৌঁছা; রসিদ। Arrival. Receipt.

رسیدگی (রাসীদেগী/ rasidegi) তথ্যানু-সন্ধান; অডিট; খোঁজখবর নেওয়া; যত্ন নেওয়া; পক্বতা। Investigation. Audit. Ripeness.

رسیدن (রাসীদান্/rasidan) [رَس] পৌঁছা; পেকে যাওয়া; যত্ন নেওয়া। To arrive. To be received. To ripen.

رسیده (রাসীদে/raside) [رسیدن এর ক্রি. বিণ./p.p. of رسیدن] পৌঁছেছে; পেকেছে; পরিপক্বতা এসেছে এমন; পাকা। Reached. Ripe. Mature.

رشادت (রাশা'দাত্/rašădat) বীরত্ব; সাহসিকতা। Valour. Bravery.

رشتن (রেশ্‌তান/reštan)= ریستن বুনন; বোনা। To spin.

رشته (রেশ্‌তে/rešte) [رشتن এর ক্রি. বিণ./P.P. of رشتن] সুতা; লাইন; বিভাগ; সিরিজ। String. Fibre. Field; line. Series.

رشتی (রাশ্‌তী/rašti) রাশতের অধিবাসী। (Native) of Rasht.

رشد (রোশ্‌দ্/rošd) প্রবৃদ্ধি; উন্নতি; পরিপক্বতা। Growth. Development. Maturity.

رشک(রাশ্‌ক্/ rašk) ঈর্ষা; পরশ্রীকাতরতা; সমকক্ষ হওয়ার চেষ্টা। Jealousy. Emulation.

رشک آمیز(রা.-অ'মীয্/r.-ămiz) ঈর্ষাপূর্ণ। Envious.

رشوه (রেশ্‌ভে/rešve) ঘুষ; উৎকোচ। Bribe. Manure.

رشوه خور (রে.-খো'র/r.-xor) ঘুষখোর। Corruptible.

رشید (রাশীদ্/rašid) সাহসী; সাহসিক ও নৈতিক গুণসম্পন্ন ব্যক্তি। Brave. Of an elegant or tall stature.

رصد خانه (রাসাদ্ খা'নে/rasad xăne) মান-মন্দির। Observatory.

رضا (রেযা'/rezǎ) ইচ্ছা; সন্তুষ্টি; সম্মতি। Will; pleasure. Consent.
–ر. دادن সম্মতি দেওয়া। To consent; agree.
–محض رضای خدا নিছক আল্লাহ্‌র ওয়াস্তে। For God's sake.

رضاعی (রেযা'ঈ/rezǎ'i) দুগ্ধ দান করে প্রতিপালিত। Foster. –برادر ر. দুধ ভাই। Foster brother.

رضامندی (রেযা'মান্দী/rezămandi) সন্তুষ্টি। Satisfaction.

رضایت (রেযা'ইয়াত্/rezăyat) সম্মতি; সন্তুষ্টি। Satisfaction. Consent. Willingness. –ر. دادن সম্মতি দেওয়া। To express one's consent.

رضایت بخش (রে.-বাখ্‌শ্/r.-baxš) সন্তোষজনক। Satisfactory.

رضایت نامه (রে.-না'মে/r.-năme) সম্মতিপত্র; প্রশংসাপত্র। Letter of satisfaction; testimonial.

رضوان (রেয্‌ভা'ন্/rezvăn)= بهشت

رضوی (রাযাভী/razavi) ইমাম রেজা (আঃ)-এর বংশোদ্ভূত/বংশধর। Descended from Imam Reza.

رضیع (রাযী-/razi')=شیر خوار

رطب (রোতাব্/rotab) তাজা খেজুর। Fresh dates.

رطوبت (রোতূবাত্/rotubat) ভেজা; সিক্ততা; স্যাঁতসেঁতে হওয়া; আর্দ্রতা ও ঠাণ্ডা প্রকৃতি। Moisture. Humour.

رطوبت نما (রো.-নামা'/ r.-namǎ) বাতাসের বা গ্যাসের আর্দ্রতা নির্ণয়ক যন্ত্র। Hygrometer; psychrometer.

رطوبتی (রোতূবাতী/ rotubati) আর্দ্র। Of a moist and cold temperament.

رطوبی (রোতূবী/rotubi) ভেজা; স্বভাবজাত উদাসীন। Moist. Phlegmatic.

رعایا (রাঅ'ইয়া'/ ra'ǎyǎ)= [رعیت এর ব.ব./pl. of رعیت].

رعایت (রেঅ'ইয়াত/ re'ǎyat) আইন, নিয়ম, উৎসব ইত্যাদি মেনে চলা; মনোযোগ দেওয়া; সুনজরে দেখা। Observance. Regard. Favour.

رعب (রো-ব্/ro'b)= بیم

رعد (রা-দ্/ra'd) বজ্র। Thunder.
–ر. زدن বজ্রপাত হওয়া। To thunder.

رعد آسا (রা.-অ'সা'/r.-ǎsǎ) বজ্রের মত। Thunder-like.

رعنا (রা-না'/ra'nǎ) রুচিশীল; সুদর্শন; প্রিয়তম; ভালবাসার আকর; মূ. অ. বোকা। Elegant. Tender. OS. Foolish.

رعنا زیبا(রা.-যীবা'/r.-zibă) চীন দেশীয় তারাফুল। China aster.

رعیت (রাইয়্যাত্/ra'iyyat) [ব.ব./pl. رعایا] চাষী; প্রজা; নাগরিক। Peasant; farmer. Subject.

رعیت پرور (রা.-পার্ভার্/ r.-parvar) প্রজাবৎসল; নাগরিক বা অধীনদের প্রতি দয়ালু শাসক। Kind to one's subjects. Kind to inferiors.

رعیتی (রাইয়্যাতী/ ra'iyyati) চাষাবাদ সংক্রান্ত; গ্রামীণ। Farming. Rural.

رغبت (রাগ্‌বাত্/ rağbat) আগ্রহ; পছন্দ করা; আসক্তি; উৎসাহ। Liking. Delight. Relish.-بچیزی ر. داشتن কোন বস্তুর প্রতি উৎসাহী হওয়া। To have a relish for something.

رغم(রাগ্‌ম্/rağm) সত্ত্বেও; অবজ্ঞা। Spite. Reluctance. -علی رغم সত্ত্বেও; (অন্যটি) উপেক্ষা করে। In spite of.

رف (রাফ্/raf) দেয়ালগাত্রে উঁচুতে নির্মিত তাক বা তক্তার শেল্‌ফ। Built in shelf or niche in the upper part of a room.

رفاده (রেফা'দে/refăde) পট্টি; ব্যান্ডেজ। Compress. Bandage.

رفاقت (রেফা'ঘাত্/refăğat) বন্ধুত্ব; সাহচর্য। Friendship. Companionship. -ر. کردن বন্ধুত্ব স্থাপন করা। To make friends.

رفاه (রেফা'হ্/refăh)= رفاهیت জনকল্যাণ; সুযোগ-সুবিধা। Welfare. Convenience.

رفاهیت (রেফাহীয়াত্/refăhiyat)= رفاه

رفتار(রাফ্‌তা'র্/raftăr) আচরণ; ব্যবহার। Behaviour; act.

رفت گر (রোফ্‌ত্‌গার্/roftgar) পৌরসভার রাস্তাঘাট পরিচ্ছন্নতায় নিযুক্ত কর্মচারী; রাস্তার ঝাড়ুদার। Street-sweeper.

رفتن(রাফ্‌তান্/raftan) [رو] যাওয়া; গমন করা; ধীরে পথ চলা। To go. To walk slowly.

رفتن (রোফ্‌তান্/roftan) [روب] ঝাড়ু দেওয়া। To sweep.

رفتنی (রাফ্‌তানী/raftani) যে ব্যক্তি চলে যাবে; মৃত্যুপথযাত্রী। About to go. On the point of death.

رفت و آمد (রাফ্‌তো অ'মাদ্/raft-o-ămad)= آمد و رفت

رفته (রাফ্‌তে/rafte) [رفتن এর ক্রি. বিণ. P.P. of رفتن] কেবল ব.ব. رفتگان মৃত লোকদের বোঝাতে ব্যবহৃত হয়। Only in the pl. رفتگان the dead.

رفته رفته (রাফ্‌তে রাফ্‌তে/ rafte rafte) ধীরে ধীরে; ক্রমান্বয়ে। Gradually; in process of time.

رفراندم (রেফেরান্‌দোম্/referăndom) রেফারেন্ডাম; জনমত যাচাইয়ের উদ্দেশ্যে গণভোট। Referendum.

رفری (রেফেরী/referi)রেফারী। Referee.

رفع (রাফ্-/raf) ওপরে তোলা; দূর করা; তুলে নেওয়া। Raising. Removal. Elimination. -ر. اختلاف মতবিরোধ দূর করা। Settlement of disputes. -ر. خستگی کردن ক্লান্তি দূর করা। To rest; refresh oneself.

رفعت(রেফ্আত্/ref'at) উচ্চ মর্যাদা; উচ্চপদ। High position; dignity.

رفق (রেফ্‌গ্ব/refğ) নম্রতা; ভদ্রতা; দয়ার্দ্রতা। Leniency; gentleness.

رفقاء (রোফাগ্বা'-/rofağă') [رفيق এর ব.ব./ pl. of رفيق]

رفو (রোফু/rofu) রিফু। Darning.

رفوكردن (রোফূ কার্দান্/rofu-kardan) রিফু করা; কাপড়ের ছিদ্র সেলাই করা। To darn.

رفوگر (রোফূগার/ rofugar) যে দর্জি রিফুর কাজ করে। Darner.

رفوگری (রোফূগারী/rofugari) রিফুকর্ম। Darning.

رفيع (রাফী-/rafi') উচ্চ; উচ্চমানসম্পন্ন; উন্নত। Elevated.

رفيق (রাফীগ্ব/rafiğ) [ব.ব./pl.رفقاء] বন্ধু; সঙ্গী-সাথী। Companion; comrade.

رفيق باز (রা.-বা'য্/r.-băz) বন্ধুবৎসল; বন্ধুর জন্য উৎসর্গীকৃত প্রাণ। Faithful to friendship. Devoted to one's friend.

رقاب (রেগ্বা'ব্/reğab) গলা। Necks. [رقبه এর ব.ব./pl. of رقبه]

رقابت (রেগ্বা'বাত/ reğăbat) প্রতিযোগিতা। Competition. –ر. كردن প্রতিযোগিতা করা। To compete.

رقاص (রাগ্ব্‌গ্বা'স্/rağğăs) [পেশাদার] নর্তক বা নর্তকী; ঘড়ির গতি নিয়ন্ত্রক চাকা বিশেষ। [Professional] Dancer. Balance-wheel.

رقاصبازی(রা.-বা'যী/r.-băzi) বাঁদরামি করা। Monkey-business.

رقاصه (রাগ্ব্‌গ্বা'সে/rağğăse) [رقاص এর স্ত্রী./Fem. of رقاص] নর্তকী; ব্যালে নর্তকী। Danceuse; ballet-girl.

رقاصی (রাগ্ব্‌গ্বা'সী/rağğasi) নৃত্য। Dancing. –ر. كردن নৃত্য করা। To dance.

رقبا (রোগ্বাবা'/roğăbă) [رقيب এর ব.ব./ pl. ofرقيب]

رقت (রেগ্ব্‌গ্বাত/reğğat) দয়ার্দ্রতা; অনুকম্পা। Tenderness. Sympathy. – رقت قلب মন নরম বা করুণাসিক্ত হওয়া। Tender-heartedness.

رقت آميز (রে.-অ'মীয্/r.-ămiz)= رقت آور/رقت انگيز অনুকম্পনীয়; করুণাসিক্ত। Pitiable. Pitiful.

رقت انگيز (রে.-আঙ্গীয্/r.-angiz)= رقت آميز

رقت آور (রে.-অ'ভার্/r.-ăvar)= رقت آميز

رقص (রাগ্ব্‌স্/rağs) নাচ। Dance. –ر. كردن নাচা; নৃত্য করা। To dance.

رقصاندن (রাগ্ব্‌সা'ন্দান্/ rağsăndan) নাচানো। To cause to dance.

رقصيدن (রাগ্ব্‌সীদান্/ rağsidan) নাচা। To dance.

رقعه(রোগ্ব্‌এ/rog'e) পত্র; টুকরা; (কাগজের) পাতা; চিরকুট, সংক্ষিপ্ত তথ্য বিবরণী। Letter; note. Sheet (of paper).

رقم(রাগ্বাম্/ rağam) সংখ্যা; রকম; ধরন। Figure; digit. Character. Kind. [ব.ব./pl. رقوم/ارقام]

رقم بندی (রা.-বান্দী/ r.-bandi) এক জাতের জিনিষকে অন্য জাতের জিনিষ থেকে বেছে আলাদা করা; শ্রেণী বিন্যাস। Sorting; assortment.

رقمی (রাগ্বামী/rağami) সংখ্যা বিষয়ক। Numerical.

رقیب (রাগ্বীব্/ rağib) [ব.ব./pl.رقباء] প্রতিদ্বন্দ্বী; প্রতিযোগী। Rival. Competitor.

رقیت (রেগ্বগ্বিয়্যাত্/reğğiyyat) দাসত্ব। Slavery.

رقیق (রাগ্বীগ্ব/rağiğ) তরল বা পাতলা; সূক্ষ্ম; নরম। Dilute; thin. Soft; watery. –رقیق کردن তরল বা পাতলা করা। To dilute.

رقیه (রোগ্বাইয়ে/ roğayye) স্ত্রীবাচক নাম। Fem. pr. name.

رك (রোক্/rok) খোলাখুলি(ভাবে)। Frank(ly). মৃ. অ./OS. =راست –رك حرف زدن খোলা মনে কথা বলা। To speak frankly.

رکاب(রেকা'ব্/rekăb) রেকাব; অশ্বারোহীর পা রাখার নির্দিষ্ট স্থান; প্যাডেল; যানবাহনে ওঠার পাদানি। Stirrup. Pedal. Coach-step.

رکابدار (রে.-দা'র্/r.-dăr)= رکابی রেকাবধারী। Strapped.

رکاب کش (রে.-কেশ্/r.-keš) পুরোদমে; দ্রুতগতিতে। With full speed. মৃ. অ. দ্রুত বেগে অশ্ব চালনাকারী। OS. Spurring one's horse.

رکابی (রেকা'বী/rekăbi)=رکابدار

رکرد(রেকোর্দ্/rekord) রেকর্ড; তথ্য, ঘটনা ইত্যাদির লিখিত বিবরণ। Record.–ر. شکستن রেকর্ড ভঙ্গ করা। To break the record.

رکعت (রাক্আত্/rak'at) (নামায সম্পর্কিত) রাকাত; ১টি রুকু ও ২টি সিজদাসহ নামাযের নির্দিষ্ট অংশ। Unit of prayer consisting of three postures.

رك گو (রোক্ গূ/rok-gu) যে খোলামেলা কথা বলে; স্পষ্টভাষী। Frank; outspoken.

رك گویی (রো.-গূয়ী/r.-guyi) খোলামেলা কথাবার্তা বলা। Outspokenness.

رکن (রোক্ন্/rokn) [ব.ব./pl. ارکان] স্তম্ভ; [মূল] উপাদান। Pillar. (Main) element. –ارکان دولت সরকারের উচ্চপদস্থ ব্যক্তিবর্গ। Dignitaries of the state.

رکود(রোকূদ্/rokud) স্থবিরতা; অচলাবস্থা। Stagnancy. Standstill.

رکورد(রেকোর্দ/orekord)= رکرد

رکوع (রোকূ-/roku') নতশির; অবনত হওয়া; (নামাযের) রুকু। Genuflexion.

رکیک (রাকীক্/rakik) গর্হিত/শিষ্টাচার-বর্জিত/অশোভন (আচরণ বা কথাবার্তা)। Indecent; risque.

رگ (রাগ/rag) রগ; ধমনী; শিরা; স্নায়ু। Vein. Blood-vessel. Nerve. –رگ زدن পীড়িত ব্যক্তির শরীর থেকে দূষিত রক্ত বের করে আনা। To bleed.

رگباد (রাগ্বা'দ্/ragbăd) ঝড়ো হাওয়া; ক্ষণকালীন প্রচণ্ড বাতাস। Squall.

رگبار(রাগ্‌বা'র্/ragbăr) শিলা বৃষ্টি; মেশিনগানের গুলী বর্ষণ। Shower.

رگبرگ (রাগ্‌বার্গ্/ ragbarg) গাছের পাতার শিরা। Vein; rib.

رگ به رگ(রাগ বে রাগ্/rag-be-rag) মচকানো। Sprained.-مچ پایم ر. شد- আমার পায়ের গোড়ালি মচকে গেছে। I sprained my ankle.

رگ بندی (রা.-বান্দী/ r.-bandi) (পাতা বা পাতাসদৃশ কোনো প্রত্যঙ্গে) শিরা বিন্যাস। Venation.

رگزنی (রা.-যানী/ r.-zani) শিঙ্গা দিয়ে পীড়িত ব্যক্তির শরীর হতে দূষিত রক্ত বের করা। Bloodletting; bleeding; phlebotomy.

رگ شناسی (রা.-শেনা'সী/ r.-šenăsi) শিরা বিশ্লেষণবিদ্যা। Angiology.

رگه (রাগে/ rage) রগ; শিরাতন্ত্র; মৃত্তিকার বা প্রস্তরের স্তর; আঁকাবাঁকা ডোরা বা দাগ। Vein; stratum. Streak.

رُل (রোল্/ rol) রোল; গোলাকারে জড়ানো কাগজ ইত্যাদি; স্টীয়ারিং হুইল; (অভিনয়ের) ভূমিকা। Steering-wheel. Role. Part. -رل بازی میکند- সে শুধু অভিনয় করে যাচ্ছে। He is only acting.

رله (রেলে/rele) সম্প্রচার; অনুপ্রচার। Relay.

رم (রাম্/ram) [رمیدن এর অনু./ Imp. of رمیدن]

رم (রোম্/rom) রোম নগরী। Rome.

رم (রোম/rum) সুরা জাতীয় পানীয়। Rum.

رمال (রাম্মা'ল্/rammăl) ভাগ্য গণনাকারী। Geomancer.

رمالی(রাম্মা'লী/rammăli) ভাগ্য গণনার কাজ। Geomancy.

رمان (রামা'ন্/ramăn) লাজুক; ভীরু; ক্ষতচিহ্নযুক্ত। Shy; timid. Scared.

رمان (রোমা'ন্/romăn) উপন্যাস। Novel.

رماندن(রামা'ন্দান/ramăndan)= رمانیدن

رمان نویس (রো.-নেভীস্/r.-nevis) ঔপন্যাসিক। Novelist.

رمانیدن (রামা'নীদান্/ramănidan) ভয় দেখানো; ভাগানো; ভীত/সন্ত্রস্ত/সচকিত করা। To rouse. To scare.

رُمبیدن (রোম্‌বীদান্/rombidan) [رمب] অচল করে দেওয়া; ওপর হতে নিচে ফেলে দেওয়া; ধসে ফেলা গুহায় আবদ্ধ করা। To collapse; topple over. To cave in.

رمد (রামাদ্/ramad) চোখ ওঠা; চক্ষু প্রদাহ। Opthalmia.

رمز (রাম্‌য্/ramz) [ব.ব./pl. رموز] রহস্য; প্রতীক। Mystery. Allusion. Symbol.-تلگراف ر.- সাংকেতিক টেলিগ্রাফ। Ciphered Telegram.

رمزنویسی (রা.-নেভীসী/r.-nevisi) সাংকেতিক লিখন; সাংকেতিক টেলিগ্রাম-লিপি। Cryptography. Writing of ciphered telegrams.

رمزی (রাম্‌যী/ramzi) সাংকেতিক; রহস্যপূর্ণ; গূঢ় অর্থবোধক। Mysterious. Cryptic.

رمضان (রামাযা'ন্/ramazăn) আরবী চান্দ্র বর্ষের নবম মাস রমযান; রোযার মাস; পুংবাচক নাম। Ninth Arabic lunar month. Month of fasting Mas. pr. name.

رمق(রামাগ্/ramağ) জীবনের শেষ নিঃশ্বাস। Last breath of life. –سد رمق ভরণ-পোষণের উপায় না থাকা। Bare subsistence.

رمل (রাম্‌ল্/raml) বালি। Sand. –ر. انداختن ভাগ্য গণনা করা। To practise geomancy. –رمل كليه মূত্রাশয়ের পাথর। Renal gravel.

رموز (রোমূয্/romuz) [رمز এর ব.ব./ pl. of رمز]

رموك (রামূক্/ramuk)= رمو সহজে পোষ মানে বা বশীভূত হয় এমন জানোয়ার। Skittish.

رمه (রামে/rame) পশুপাল; ভেড়ার পাল। Herd. Flock.

رميدگى(রামীদেগী/ramidegi) মোহমুক্তি; ঘৃণামিশ্রিত ক্রোধ। Disillution. Indignation.

رميدن (রামীদান/ramidan) [رم] স্তম্ভিত হওয়া; ঘৃণাবশত বিরত থাকা; চমকে ওঠা; আতঙ্কিত হওয়া। To startle. To be scared.

رميده (রামীদে/ramide) [رميدن এর ক্রি. বিণ./P.P. of رميدن] আতঙ্কগ্রস্ত ও পলায়নপর; ঘৃণাবশত যে কোন কিছুর প্রতি মোহমুক্ত হয়েছে। Scared; offended. Disillusioned.

رميم (রামীম্/ramim)= پوسيده পচা; জরাজীর্ণ; গলিত। Decayed; carious.

رنج(রাঞ্জ্/ranj) দুঃখ; ব্যথা-বেদনা; ভোগান্তি। Pains; suffering. –ر. بردن/ر. كشيدن কষ্ট ভোগ করা। To take pains; suffer.

رنجاندن(রাঞ্জা'ন্‌দান্/ranjăndan) কষ্ট দেওয়া; ব্যথিত করা; অসন্তুষ্ট করা। To offend; annoy. To displease.

رنجبر (রাঞ্জ্‌বার্/ ranjbar) মেহনতি; শ্রমিক; কষ্টসহিষ্ণু। Toiling; painstaking. –طبقه ر. The proletariat(e). সর্বহারা শ্রেণী; মেহনতি মানুষ।

رنجش (রান্‌জেশ্/ranješ) দুঃখ; ব্যথা; মনোবেদনা। Offence; umbrage.

رنج كش(রাঞ্জ্‌কেশ্/ranjkeš) কঠোর পরিশ্রমী। Painstaking.

رنجور (রাঞ্জূর্/ranjur) ১/1)=بيمار ২/2) ব্যথিত; পীড়িত। Afflicted.

رنجه (রাঞ্জে/ranje) ব্যথিত; পরিশ্রান্ত; দুঃখগ্রস্ত। Troubled. Tired. Painful. –قدم ر. فرمودن (আমন্ত্রণ-পত্রের ক্ষেত্রে) কষ্ট করে তশরীফ আনয়ন করা। [In invitation cards] To take the trouble or be kind enough, to come.

رنجيدگى (রাঞ্জীদেগী/ranjidegi) মনোকষ্ট; ক্ষোভ; দুঃখ। State of being offended. Indignation.

رنجيدن (রাঞ্জীদান্/ranjidan) [رنج] দুঃখিত হওয়া; মনঃক্ষুণ্ন হওয়া। To take offence. To take amiss.

رنجيده (রাঞ্জীদে/ranjide) [رنجيدن এর ক্রি. বিণ./ P.P. of. رنجيدن] ব্যথিত; দুঃখিত। Offended. Indignant.

رند (রান্দ্/rand) চালবাজ; বেপরোয়া; ধুরন্ধর; মদ্যপায়ী। Slyboots. Libertine. Tippler.

رنده (রান্দে/ rande) সমান্তরাল; রন্দা; কাঠ মিস্ত্রী যে হাতিয়ারের সাহায্যে কাঠ সমান

ও মসৃণ করে। Plane.
-رندیدن/ ر. کردن কাঠ সমান্তরাল ও মসৃণ করা। To plane wood.

رنگ(রাঙ্গ/rang) রং; বর্ণ; রঞ্জক। Colour. Dye(stuff). -ر. زدن রং করা। To paint or colour. رنگ کردن ১/1)= رنگ زدن ২/2) তামাশা করা। To dupe.

رنگ (রেঙ্গ/ reng) নৃত্যের জন্য যন্ত্রসঙ্গীতের বিশেষ ছন্দ; নৃত্য। Tune designed for dancing; dance.

رنگارنگ (রাঙ্গা'রাঙ্গ/rangărang) রং-বে রং; বিভিন্ন রঙের; বিভিন্ন রকমের। Variously-coloured; many-coloured. Various.

رنگ آمیزی (রা.-অ'মীযী/ r.-ămizi) বিভিন্ন রকমের রং দিয়ে ছবি আঁকা; স্কেচছবি যথাযথভাবে রং করা। Colour-blending.

رنگ برنگ (রা.-বে রাঙ্গ/r.-be rang)= رنگارنگ

رنگ پریده (রা.-পারীদে/r.-paride)= رنگ رفته বিবর্ণ; ফ্যাকাসে; রং চলে গেছে এমন। Pale.

رنگ رز (রা.-রায/ r.-raz) রং মিস্ত্রী। Dyer.

رنگ رزی (রা.-রাযী/ r.-razi) রঙের কাজ করা। Dyeing.

رنگ زن (রা.-যান/ r.-zan)= رنگ کار পেইন্টার; রং মিস্ত্রী। Painter.

رنگ شناسی (রা.-শেনা'সী/ r.-šenăsi) রং বিষয়ক অভিজ্ঞতা; বর্ণ বিজ্ঞান। Chromatics.

رنگ رفته (রা.-রাফ্তে/r.-rafte)= رنگ پریده

رنگ کار (রা.-কা'র্/r.-kăr)= رنگ زن

رنگی (রাঙ্গী/ rangi) রং মিশ্রিত; রংকৃত। Stained. Coloured.-شیشه رنگین রঙিন কাচ; রং মিশ্রিত স্বচ্ছ কাচ। Stained glass.

رنگین (রাঙ্গীন্/ rangin) রঙিন; অলঙ্কৃত। Coloured. Ornate.

رنگین کمان (রা.-কামা'ন্/ r.-kamăn) রংধনু। Rainbow.

رنود (রোনূদ্/ronud) [رند এর ব.ব./ pl. of رند] যারা অবহিত; স্বার্থ সংশ্লিষ্ট পক্ষ। Those who are (or were) in the know; the interested party.

رو(ی) (রূয়্/ru[y]) চেহারা; বাহ্যিক রূপ; মুখ। Face. Surface. -روی ওপরে। On. Over. -روَ آوردن অগ্রসর হওয়া। To proceed. -رو(ی) دادن সংঘটিত হওয়া। To happen. -رو(ی) گرداندن মুখ ফেরানো। To turn away (the face). -رو به بهبود گذاشتن অবস্থার উন্নতি হতে থাকা। To begin to improve. -روی هم رفته সর্বসাকুল্যে। On the average.

رو(ی) (রূয়্/ ru[y]) [رويیدن এর অনু./ Imp. of رویيدن]

رو (রোও/ row) [رفتن এর অনু./ Imp. of رفتن]

روا (রাভা'/ravă) বৈধ; অনুমোদনযোগ্য; জায়েয; আইনসিদ্ধ। Lawful; allowable; admissible. -ر. داشتن অনুমোদন করা; সরবরাহ করা; প্রয়োজন মেটানো। To allow. To supply; meet.

روابط(রাভা'বেত্/ ravăbet) [رابطه এর ব.ব./pl. of رابطه]

رواج (রাভা'জ্/ravăj) প্রচলন; রেওয়াজ। Currency; circulation. –ر. دادن প্রচলন; প্রচার করা। To propagate. –ر. داشتن প্রচলিত থাকা। To be current.

روادید (রাভা'দীদ্/ravădid) ভিসা। Visa.

رواق (রেভা'গ্ব/revăğ)= ایوان রোয়াক; ঝুলানো বারান্দা। Porch.

روان (রাভা'ন্/ravăn) গতিশীল; আত্মা। Flowing. Fluent. Soul. –روانش شادباد তার বিদেহী আত্মা শান্তি লাভ করুক! Peace be to his departed spirit.–ر. شدن চালু হওয়া। To flow.

روانامه (রাভা'না'মে/ ravăname) রাষ্ট্রপ্রধান বা সরকারপ্রধানের পক্ষ হতে বিদেশে নিযুক্ত নিজস্ব কূটনীতিককে দেয়া অনুমোদন বা নিয়োগপত্র। Exequatur.

روان بخش(রাভা'ন-বাখ্শ্/ravăn-baxš) প্রাণদায়ক; প্রাণ সঞ্চারক। Animating. The Dispenser of the Soul.

روان پزشک (রা.-পেযেশ্ক্/r.-pezešk) মনোচিকিৎসক। Psychotherapist.

روان پزشکی(রা.-পেযেশ্কী/r.-pezeški) মানসিক রোগের চিকিৎসা। Psychic medicine; psychiatry.

روان شناس (রা.-শেনা'স্/r.-šenăs) মনোবিজ্ঞানী। Psychologist.

روان شناسی(রা.-শেনা'সী/r.-šenăsi) মনোবিজ্ঞান। Psychology.

روان کاوی(রা.-কা'ভী/ r.-kăvi) মনোসমীক্ষণ। Psycho-analysis.

روان نگاری (রা.-নেগা'রী/ r.-negări) মনস্তাত্ত্বিক রোগের এক্সরে। Psychography.

روانه (রাভা'নে/ravăne) রওনা; গমন; যাওয়া। Despatched. (Set) going. –ر. شدن রওনা হওয়া। To set out. –ر. کردن পাঠানো বা রওনা করানো। To despatch or send.

روانی (রাভা'নী/ravăni) মানসিক; মনস্তাত্ত্বিক। Psychic(al).

روانی (রাভা'নী/ravăni) দ্রুততা; চলমানতা। Fluency. Smoothness.

روایت (রেভা'ইয়াত্/ revăyat) [ব.ব./pl. روایات] রেওয়ায়েত; বর্ণনা। Narrative. Tradition. –ر. کردن বর্ণনা করা। To relate; narrate.

روایح (রাভা'ইয়েহ্/ ravăyeh) [رایحه এর ব.ব./ pl. of رایحه]

روباز (রূবা'য/rubăz) খোলা; উন্মুক্ত; মুখ খোলা। Uncovered; open; exposed.

روبان (রূবা'ন্/rubăn) ফিতা; সামরিক বাহিনীতে ব্যবহৃত ফিতা বিশেষ; টুপি বন্ধনী। Ribbon. Hatband.

روباه (রূবা'হ্/rubăh) খেঁকশিয়াল। Fox.

روبراه (রূবেরা'হ্/ruberăh) যাত্রার জন্য প্রস্তুত; ঠিকঠাক (মত)। Ready (to start); prepared.

روبرو (রূবেরূ/ruberu) বিপরীত; সামনা-সামনি। Opposite. Vis-a-vis.

-ر. شدن با سম্মুখীন হওয়া। To face; confront.

روبوسی (রূবূসী/rubusi) (পরস্পর) গালে চুমু দেওয়া। Kissing (each other).

روبه بازی (রূবাহ্ বা'যী/rubah băzi) প্রতারণা;ধূর্তামি। Slyness; cunning.

روبیان (রূবীয়া'ন/rubiyăn)= میگو

روبیدن (রূবীদান্/rubidan) [روب] ঝাড়ু দেওয়া; সাফ করা। To sweep.

روپوش (রূপূশ্/rupuš) বহিরাবরণ; পোষাকের ওপরে পরার ঢোলা জামা বা চাদর; ঢাকনা; বিছানার চাদর। Cover. Bed-sheet.

روپوشی (রূপূশী/ rupuši) আত্মগোপন করা; চেহারা ঢেকে রাখা; নেকাব পরা। Veiling oneself. Abscondence.

روتختخوابی (রূ তাখ্তেখা'বী/ ru taxtexăbi)=روتختی বিছানার চাদর। Counterpane; coverlet.

روح (রূহ্/ ruh) [ব.ব./pl. ارواح] রূহ্; আত্মা; প্রাণ। Spirit; soul; life.

روح افزا (রূ.-আফ্যা'/ r.-afză) রূহ্ আফজা; প্রাণ সঞ্চারক; প্রাণবন্ত। Animating. Cheerful.

روح الامین (রূহোল্ আমীন্/ruhol amin) হযরত জিব্রাইল (আঃ)-এর উপাধি। (Title of) Gabriel.

روح القدس (রূহোল্ গোদোস্/ ruhol ğodos) পবিত্র আত্মা; হযরত জিব্রাইল (আঃ)-এর উপাধি। Title of Gabriel.

روح الله (রূহোল্লা'হ্/ruhollăh) পুং বাচক নাম। মূ. অ. আল্লাহ্‌র আত্মা। Mas. pr. name. OS. Spirit of God.

روحانی(রূহা'নী/ ruhăni) আধ্যাত্মিক; আলেম; ধর্মীয় শাস্ত্রজ্ঞ। Spiritual. Clergy.

روحانیت (রূহানিয়্যাত্/ ruhaniyyat) আধ্যাত্মিকতা; আলেম সমাজ; ধর্মশাস্ত্রজ্ঞগণ। Spirituality.

روحانیون (রূহা'নিয়্যূন/ ruhăniyyun) [روحانیএর ব.ব./pl. of روحانی] আলেমগণ; ধর্মশাস্ত্রজ্ঞগণ। The clergy.

روح پرور (রূহ্ পার্ভার্/ruhparvar) প্রাণ উদ্দীপক; পুষ্টিকর; প্রাণ সঞ্জীবক। Nourishing the spirit. Animating.

روحی (রূহী/ruhi) আত্মিক; মনস্তাত্ত্বিক। Spiritual. Mental.

روحیه (রূহিয়্যে/ ruhiyye) মানসিকতা; মনোবল। Morale. Mentality.

رود (রূদ্/ rud) নদী। River.

رودبار (রূ.-বা'র্/r.-băr) মহানদী; যেখানে কয়েকটি নদী মিলিত হয়েছে। Place abounding in rivers.

رودخانه (রূ.-খা'নে/ r.-xăne) নদী। River.

رو در بایستی (রূ দার্ বা'য়েস্তী/ru dar băyesti) লজ্জা বা সংকোচবোধ। Bashfulness. ر.را کنار گذاشتن- সংকোচ পরিহার করে কথা বলা। To speak frankly.

رو در رو (রূ দার্ রূ/ru dar ru) সামনা-সামনি; মুখোমুখী। To one's face. Face to face.

رو در واسی(রূদার্ ভা'সী/rudar văsi) = رو در بایستی

رودست خوردن(রুদাস্ত্ খোর্দান্/ rudast xordan) ধোঁকা খাওয়া; কারো ধোঁকায় পড়ে কোন কাজে লিপ্ত হওয়া। To be done in.

رودست زدن (রুদাস্ত্ যাদান্/ rudast zadan) [পরে به যুক্ত হয়ে/ with به] ধোঁকায় ফেলা; বোকা বানানো। To play a trick on; circumvent.

رودل (রুদেল্/rudel) অত্যধিক ভোজন-জনিত উদরস্ফীতি; পেটের পীড়া। Surfeited stomach; foul stomach.

رودماغی (রুদেমা'গী/ rudemăği) নাসিকা-বন্ধনী। Nose-band.

روده (রুদে/ rude) নাড়ী-ভুঁড়ি; অন্ত্র। Intestine.

روده ای (রুদেঈ/ rude'i) অন্ত্র-সম্বন্ধীয়। Intestinal.

روده دراز (রুদে দারা'য্/ rude darăz) বাচাল; বাক্যবাগীশ। Garrulous.

روده درازی (রু.-দারা'যী/ r.-darăzi) বাচালতা। Garrulity. -ر. کردن অনেক বেশী কথা বলা। To be garrulous.

رو روه(রো রোভে/ro rove) শিশুদের হাঁটতে শেখার জন্য সহায়ক খেলনা গাড়ী; দোলনা চেয়ার বা খেলনা চেয়ার স্থাপনের জন্য বাঁকা কাঠের খণ্ড। Go-cart. Rocker.

روز (রূয/ ruz) দিন; দিবস। Day.

روز افزون (রূ.-আফ্যূন্/ r.-afzun) ক্রমবর্ধমান; দিন দিন বর্ধনশীল; উত্তরোত্তর। Increasing from day to day.

روزانه(রুযা'নে/ruzăne) দৈনিক; দৈনন্দিন। Daily. Per day.

روزکوری (রূ.-কূরী/r.-kuri) দিনের বেলা অন্ধ হওয়া রোগ; সূর্যের আলোতে যে ব্যক্তি কিছু দেখতে পায় না; হেমেরালোপিয়া রোগ। Day-blindedness; hemeralopia.

روزگار (রূযেগা'র্/ruzgăr) দিনকাল; যুগ; ভাগ্য; বিশ্ব। Time; days. Age. Fortune; world.

روزمرّه(রূয মার্‌রে/ruz marre) দৈনন্দিন। From day to day. Daily.

روزمزد (রূ.-মোয্‌দ্/ r.-mozd) দৈনিক পরিশোধভিত্তিক। Daily-paid. کار گر روز مزد- দৈনিক বেতনভিত্তিক শ্রমিক; দিনমজুর। Day-worker.

روزن (রোওযান/rowzan)= روزنه

روزنامه(রূয্‌না'মে/roznăme) সংবাদপত্র; দৈনিক পত্রিকা। Newspaper. Journal. -روزنامه رسمی সরকারী ইশতেহার; গেজেট। Official journal. Gazette.

روزنامه فروش (রূ.-ফোরূশ্/ r.-foruš) সংবাদপত্র বিক্রেতা; হকার। Newspaper seller.

روزنامه نگار (রূ.-নেগা'র্/ r.-negăr) সাংবাদিক। Journalist.

روزنامه نگاری (রূ.-নেগা'রী/r.-negări) সাংবাদিকতা। Journalism.

روزنه (রোওযানে/rowzane) গবাক্ষ; ছোট্ট জানালা; দেয়াল গাত্রের ছিদ্র; রন্ধ্র। Opening. Window. Pore. -روزنۀ امید আশার আলো। Ray of hope.

روزه(রূযে/ruze) রোযা; উপবাসব্রত। Fast; fasting. -ر. گرفتن রোযা রাখা। To fast. -ر. خوردن কারো রোযা ভেঙ্গে ফেলা। To break one's fast.

روزه دار (রূ.-দা'র্/r.-dăr) রোযাদার; যে ব্যক্তি রোযা রাখে। Fasting; who has observed the fast.

روزی (রূযী/ruzi) রুজি; নির্ধারিত দৈনিক আহার; জীবিকা। Daily bread; sustenance.

روزی خور (রূ.-খোর্/ r.-xor) যে ব্যক্তি সংরক্ষিত জীবিকা থেকে আহার করে। Receiving daily food from Providence.

روس (রূস্/rus) ১/1) রাশিয়ান। Russian. ২/2)= روسیه

رؤسا (রোআসা'/ro'asă) [رئیس এর ব.ব./ pl. of رئیس]

روسپی (রূস্পী/ ruspi) পতিতা; বেশ্যা। Prostitute.

روستا (রূস্তা'/rustă) গ্রাম; পল্লী। Village. Rustic.

روستائی (রূস্তা'ঈ/rustă'yi) গ্রামীণ; গ্রামবাসী। Villager. Rural.

روسری (রূসারী/rusari) নারীদের মস্তকাবরণ; ওড়না। Kerchief; headdress.

روسفید (রূসেফীদ্/ rusefid) মুখোজ্জ্বল; আদালতের বিচারে খালাসপ্রাপ্ত। Acquitted. -ر. شدن মুখোজ্জ্বল হওয়া; আদালতে নির্দোষ প্রমাণিত হওয়া। To prove to be innocent. To be acquitted.

روسی(রূসী/rusi) রূশ (ভাষা নাগরিক)। Russian (language).Native of Rus.

روسیاه (রূসীয়া'হ্/rusiyăh) লজ্জিত; অপমানিত। Put to shame. Disgrace.-ر. شدن লজ্জিত হওয়া। To be put to shame.

روسیاهی (রূসীয়া'হী/rusiyăhi) লজ্জা; অপমান। Shame; disgrace.

روش(রাবেশ্/raveš) পদ্ধতি; নীতিকৌশল; রীতিনীতি। Method. Policy. • Custom.

روشن (রোওশান্/rowšan) উজ্জ্বল; আলোকিত; পরিষ্কার। Bright. Lighted. -ر. کردن আলো জ্বালানো; সুইচ টিপে বিজলীবাতি জালান; বিদ্যুৎ প্রবাহ সঞ্চার করা। To light up. To switch on.

روشنایی (রোওশানা'য়ী/ rowšanăyi) রোশনাই; আলো; ঔজ্জ্বল্য। Light. Luminosity.

روشن بین (রোওশান বীন্/rowšan bin) প্রখর দৃষ্টিসম্পন্ন; দৃষ্টিমান। Clear-sighted.

روشن بینی(রো.-বীনী/r.-bini) প্রখর দৃষ্টি; দৃষ্টির প্রখরতা। Clear-sightedness.

روشندل (রো.-দেল্/r.-del)= روشن ضمیر / روشن بین

روشن رای (রো.-রা'-য়্/ r.-răy) সুস্পষ্ট মতামত ব্যক্তকারী। Of a sound or clear judgment.

روشن روان (রো.-রাভা'ন্/ r.-ravăn)= روشن ضمیر

روشن ضمیر (রো.-যামীর্/r.-zamir)= -روشن روان আলোকিত আত্মা;

আলোকিত। Of an enlightened heart; illuminate.

روشن فکر(রো.-ফেক্‌র্‌/r.-fekr) উদারদৃষ্টি (সম্পন্ন); চিন্তাবিদ। Enlightened; intellectual.

روشنی (রোওশানী/ rowšani) রৌশনী; আলো। Brightness.

روضه(রাওযে/rawze) কারবালার বিয়োগান্ত ঘটনার বিস্তারিত বিবরণী সম্বলিত শোকগাঁথা বা উক্ত শোকগাঁথা পাঠের মজলিশ। মূ.অ. বাগান। (Gathering for the) recital of the tragedies of Karbala. OS. Garden.

روضه خوان(রা.-খা'ন/r.-xăn) কারবালার বিয়োগান্তক ঘটনার ওপর শোকগাঁথা পাঠের পেশাদার লোক। Professional narrator of the tragedies of Karbala.

روغن (রোওগ্বান্‌/rowğan) তেল; ঘি; চর্বি; মলম। Oil. Ghee. Fat. Ointment.

روغن دان (রো.-দা'ন্‌/r.-dăn) তেলের পাত্র; তেলের বোতল। Oil-can; lubricator. Oil-cruet.

روغن سازی (রো.-সা'যী/r.-săzi)= روغن کشی

روغن کشی (রো.-কেশী/ r.-keši) তেল প্রস্তুত করা। Oil-pressing.

– دستگاه ر. তেলের ঘানি। Oil-press.

روغنی (রোওগ্বানী/rowğani) তৈলাক্ত। Oily.

روقوری (রূগ্বুরী/ruğuri) চায়ের ছোট কেতলি; যা বড় কেতলির ওপরে বাষ্পের মুখে রেখে চায়ের লিকার গরম রাখা হয়। Tea-cosy.

روکار(রূকা'র্‌/rukăr) বাহ্যিক; যে কোন বস্তুর বহির্ভাগ। Built on the surface. External part.

روکش (রূকা[কে]শ্‌/ ruka[e]š) প্রলেপ; আস্তরণ; বালিশের ওয়াড়। Plating. Veneer. Pillow-case.

روکفشی (রূকাফ্‌শী/rukafši) বরফের মধ্যে বা বৃষ্টির দিনে পরার জন্য প্রায় হাঁটু পর্যন্ত উঁচু রাবারের জুতা; গামবুট। Galosh; overshoe.

روگردان بودن (রূগারদা'ন্‌ বূদান্‌/ rugardăn budan) পরিহার করা; মুখ ফিরিয়ে থাকা; প্রত্যাখ্যান করা। To abstain. To reject.

رولباسی (রূলেবা'সী/ rulebăsi) পরিহিত অন্যান্য জামা-কাপড় ঢেকে রাখার মত ঢিলা পোশাক। Overall(s).

روم (রূম/rum) রোম; গ্রীস। Rome.

رومی (রূমী/rumi) রূমী; রোমান; গ্রীক। Roman. Greek.

رومال (রূমা'ল্‌/rumăl) রুমাল। Handkerchief.

رومیزی (রূমীযী/rumizi) টেবিল ক্লথ; টেবিল ঢেকে রাখার চাদর। Table-cloth; cover.

روند (রাভান্দ্‌/ravand) গতি; প্রক্রিয়া। Process. Procedure.

رونده (রাভান্দে/ravande) [ব.ব./ pl. روندگان] গমনকারী; পথিক; যাত্রী। Goer. Wayfarer; traveller.

رونق (রোওনাগ্ব্‌/rownağ) ঔজ্জ্বল্য; দীপ্তি; সৌন্দর্য। Splendour; brightness.

رونما (রূনামা'/runamă) নববধু বা নবজাতক শিশুর প্রথমবার মুখ দেখার সময় প্রদত্ত টাকা বা অন্য কোন

উপঢৌকন। Present given to an bride unveiling herself for the first time. Present on the occasion of seeing a new-born child for the first time.

رونوشت (রুনেভেশ্‌ত্/runevešt) কপি; নকল। Copy. -ر. از چیزی برداشتن কোন কিছুর কপি করা। To copy something.

رونویس (রুনেভীস্/runevis) নকল-নবিস; অনুলিপিকার। Copyist.

رونویسی (রুনেভীসী/ runevisi) অনুলিপি বা নকল করার কাজ। Copying; transcription.

رؤوس (রোউস্/ro'us) প্রধান প্রধান বিষয়। Main topics.

رؤیا (রো-ইয়া'/ro'yă) স্বপ্ন; কল্পনা। Dream. Vision.

رؤیابین (রু.-বীন্/r.-bin) স্বপ্নদ্রষ্টা; কল্পনা-প্রবণ। Visionary.

رویان (রুইয়া'ন্/ ruyăn) ভ্রূণ। Embryo.

رویان شناسی (রু.-শেনা'সী/ r.-šenasi) ভ্রূণ সংক্রান্ত বিদ্যা। Embryology.

رویانیدن (রুইয়া'নীদান্/ ru'yănidan) (দানা বা উদ্ভিদ) রোপণ করা ও বর্ধিত করা। To (cause to) grow.

رؤیت (রুইয়াত্/ro'yat) =دیدار দেখা; দর্শন। Sight. -ر. کردن দেখা করা। To see.

رویداد(রুয়দা'দ্/ruydăd) ঘটনা; (হিসাব) বিবরণী; রোয়েদাদ। Event; incident. Account; narrative.

روی زردی (রুয় যার্দী/ruy zardi) বিবর্ণতা; লজ্জা। Paleness. Shame.

روی گر(রু.-গার্/r.-gar) যে ব্যক্তি দস্তার ব্লক বা ছাঁচ তৈরি করে। Zinc-worker. Brazier.

روینده (রুইয়ান্দে/ruyande) বাড়ন্ত; উদ্ভিদ; যা গজায় বা উৎপন্ন হয়। Growing. Plant. Vegetable.

رویه (রাভীয়্যে/raviyye) নীতিকৌশল; পদ্ধতি। Policy; method; tack.

روی هم رفته (রুয়ে হাম্ রাফ্‌তে/ ruye-ham-rafte) দ্র./S.u. رو

رویی(রুয়ী/ruyi) উপরি; বাহ্যিক। Upper; outer. Exterior.

روییدن(রুয়ীদান/ruyidan) (উদ্ভিদ ইত্যাদি) গজানো; উদ্‌গত হওয়া। To grow.

رویین(রুয়ীন্/ruy'in) দস্তা, তামা, পিতলের নির্মিত। Made of zinc, brass, copper or iron.

رویین تن (রু.-তান্/r.-tan) সুঠাম সবল লোক; (শাহনামার) অন্যতম বিখ্যাত চরিত্র ইসফান্দিয়ারের উপাধি বিশেষ। Brazen-bodied. Esfandiar, a hero of the Shahname.

رویین چنگ (রু.-চাঙ্গ/r.-čang) দস্তার মত তীক্ষ্ণ ও শক্ত পাঞ্জাবিশিষ্ট। Of brazen claws.

ره (রাহ্/rah)= راه

رها (রাহা'/rahă) মুক্ত; স্বাধীন; ছাড়া প্রাপ্ত; রেহাই পাওয়া। Loose. Set at liberty. -ر. شدن মুক্তি বা রক্ষা পাওয়া। To be delivered or released. -ر. کردن মুক্ত করা; ছেড়ে দেওয়া। To set at liberty. To let go.

رهان(রাহা'ন্/rahăn) [رهانیدن এর অনু./ Imp. of رهانیدن].

رهانیدن (রাহা'নীদান্/ rahănidan) [رهان] রেহাই দেওয়া; মুক্তি দেওয়া; রক্ষা করা। To deliver; save.

ره آورد (রাহ্অ'ভার্দ/ rah-ăvard) সফর থেকে আনীত উপঢৌকন। Present brought from a journey.

رهايی (রাহা'য়ী/ rahăyi) রেহাই; মুক্তি; নিষ্কৃতি; অব্যাহতি। Deliverance. –ر. یافتن রেহাই পাওয়া। To be delivered.

رهبان (রোহ্বা'ন্/rohbăn) খৃস্টান সন্ন্যাসী/ সন্ন্যাসিগণ। [راهب এর ব.ব./ pl. of راهب] Monk or monks.

رهبانیت (রোহ্বানিয়্যাত্/rohbăniyyat) বৈরাগ্য বা সংসারত্যাগী জীবন। Monastic or single life.

رهبر (রাহ্বার্/rahbar) নেতা; দিশারী; পথপ্রদর্শক। Leader; guide.

رهبری (রাহ্বারী/ rahbari) নেতৃত্ব; পথনির্দেশনা। Leadership. Guidance. –ر. کردن নেতৃত্ব করা; পথনির্দেশনা দেওয়া। To lead; guide.

رهرو(রাহ্রোও/rahrow) পথিক; পথচারী। Wayfarer.

رهسپار شدن (রাহ্সেপা'র্ শোদান্/ rahsepăr šodan) ভ্রমণ করা; যাত্রা করা। To proceed. To travel.

رهگذر (রাহ্গোযার্/rahgozar) পথচারী; চলার পথ। Wayfarer. Passer-by. –از این ر. এ পথ দিয়ে। In this way.

رهن(রাহ্ন্/rahn)= گرو রেহান; বন্ধক। Mortgage. –ر. گذاشتن/ر. دادن বন্ধক দেওয়া। To mortgage.

رهنما (রাহ্নামা'/rahnamă)= راهنما

رهنمايی (রাহ্নামা'য়ী/ rahnamăyi)= راهنمایی

رهنمون (রাহ্নামূন্/rahnamun)= راهنما/رهنما

رهنی (রাহ্নী/rahni) বন্ধকী; যা বন্ধক রাখা হয়। Hypothecary; (that is to be) mortgaged.

رهیدن (রাহীদান্/rahidan)= رستن

رهین (রাহীন্/ rahin) ঋণী; দায়বদ্ধ। Indebted.

ری (রেই/rey) ১/1) ১২ কেজি সমমানের ওজন পরিমাপের একক, যা বর্তমানে অপ্রচলিত। ২/2) তেহরানের দক্ষিণে প্রাচীন রেই নগরী। Obsolete weight = 12 kilogrammes. Rey: the ancient Rages or Rhagae town south of Tehran.

ریا (রীয়া'/riyă) লোক দেখানো কর্ম; ভণ্ডামি; প্রদর্শনেচ্ছা। Hypocrisy. Dissimulation –ر. کردن ভণ্ডামি করা। To dissimulate.

ریاح (রীয়া'হ্/riyăh) [ریح এর ব.ব./ pl. of ریح]

ریاحین (রাইয়া'হীন্/rayăhin) [ریحان এর ব.ব./pl. of ریحان]

ریاست (রীয়া'সাত্/ riyăsat) নেতৃত্ব; সভাপতিত্ব। Directorship. Chairmanship. Presidentship. –ر. کردن নেতৃত্ব/সভাপতিত্ব করা। To be a chief.

–. . . مقام محترم ریاست মহামান্য প্রেসিডেন্ট; ... এর প্রধান। The honourable President of ... or the honourable director of...

ریاست طلب (রী.-তালাব/ r.-talab) নেতৃত্বলিপ্সু; পদলোভী। Ambitious of position.

ریاست مآب (রী.-মাঅ'ব/r.-ma'b) যে নেতৃসুলভ ভাব দেখায়। Who assumes the mien of a chief.

ریاض (রীয়া'য/riyăz) [روضه এর ব.ব./ pl. ofروضه] বাগান। Garden.

ریاضت (রীয়া'যাত্/riyăzat) কৃচ্ছ্র; কৃচ্ছ্রসাধনা; আত্মনিয়ন্ত্রণ। Mortification. Self-discipline.

ریاضت کش (রী.-কেশ্/ r.-keš) কৃচ্ছ্রসাধনকারী; তপস্বী; সন্ন্যাসী; কঠোর আত্মসংযমী। Ascetic; practising strict self-discipline.

ریاضی (রীয়া'যী/ riyăzi) গণিত বিষয়ক; গাণিতিক। Mathematical.

ریاضیات (রীয়া'যীয়্যা'ত্/ riyăziyyăt) গণিত। Mathematics.

ریاضی دان (রীয়া'যীদা'ন্/ riyăzidăn) গণিতশাস্ত্রবিদ; গণিতজ্ঞ। Mathematician.

ریاکار (রীয়া'কা'র্/riyăkăr) ভণ্ড; যে লোক দেখানোর জন্য ভাল কাজ করে। Hypocrite.

ریاکارانه(রী.-কা'রা'নে/r.-kărăne) ভণ্ডামিপূর্ণ; ভণ্ডামিপূর্ণভাবে। Hypocritical; hypocritically.

ریاکاری (রী.-কা'রী/r.-kări) লোক দেখানো; আত্মপ্রচার; ভণ্ডামি। Hypocrisy.

ریال(রীয়া'ল্/riyăl) রিয়াল; মুদ্রার একক। Rial: Monetary unit.

ریباس (রীবা'স্/ribăs)= ریواس

ریحان(রেইহা'ন্/reyhăn) (পুদিনা পাতার মত) কাঁচা খাওয়ার সুগন্ধিযুক্ত সব্‌জি বিশেষ। Sweet basil.

ریخت (রীখ্‌ত্/ rixt) ধরন; কাঠামো; ছাঁচ। Shape; figure; cast.

ریختگی (রীখ্‌তেগী/rixtegi) ছাঁচে ঢালাই; পড়তে দেওয়া বা পড়া। Cast. Moulded.

ریختن (রীখ্‌তান্/ rixtan) [ریز] ছড়িয়ে ছিটিয়ে ফেলা; ছিটানো; ফেলে দেওয়া। To pour. To spill. To shed. –. آبروی کسی را ر কারো মান-সম্মান হানি করা। To injure a person's reputation.

ریخت و پاش(রীখ্‌তো পা'শ্/rixt-o-păš) ছড়ানো ছিটানো; অপব্যয়; অসংযত আচরণ। Spillage. Waste; extravagance.

ریخته (রীখ্‌তে/ rixte) [ریختن এর ক্রি. বিণ/ P.P. of.ریختن] ঝরে পড়া; পতিত; নির্গত। Spilt; spilled. Poured. Cast.

ریخته گر(রী.-গার্/r.-gar) যে ব্যক্তি ধাতব পদার্থ গলায়/ঢালাই করে; ঢালাই-কারিগর। Moulder. Founder.

ریخته گری (রী.-গারী/ r.-gari) গলানো; ছাঁচে ঢালাই। Moulding.

ریز (রীয্/riz) (১) ছোট; ক্ষুদ্র। Ting. Fine. –. باران ر গুঁড়ি গুঁড়ি বৃষ্টি। Drizzle.

ریز(রীয্/riz) [ریختن এর অনু./Imp. of ریختن]

ریزان (রীযা'ন্/rizăn) ঝরে বা ছড়িয়ে-ছিটিয়ে পড়ছে এমন। Pouring. Falling.

ریزباف (রীয্বা'ফ/riz-băf)= ریزبافت

ریز بافت (রী.-বা'ফত্/riz băft)= ریزباف খুব ছোট ও সূক্ষ্মভাবে বুননকৃত। Fine-woven.

ریز بین (রী.-বীন্/r.-bin) মাইক্রোস্কোপ; অণুবীক্ষণ; সূক্ষ্মদর্শী। Microscope.

ریز خوار (রী.-খা'র্/r.-xăr) যে খুঁটে খুঁটে সংগ্রহ করে বা কুড়ায়; এরূপ যন্ত্র বিশেষ। Microphagous.

ریز دانه (রী.-দা'নে/r.-dăne) সূক্ষ্ম ও ক্ষুদ্র আকৃতির বস্তু। Microlithic.

ریز ریز (রীয্রীয্/rizriz) কুচি কুচি; ক্ষুদ্র ক্ষুদ্র। Minced; chopped. –ر. کردن কুচি কুচি করে কাটা। To mince. To crumble.

ریزش (রীযেশ্/ rizeš) (বৃষ্টি) ঝরা; (তরল পদার্থের) পতন; নির্গমন। (Act of) pouring. Effusion. Falling in. –ریزش برف তুষারপাত। Snowfall. –ریزش مو চুল পড়া। Alopecia.

ریزنده (রীযান্দে/ rizande) ঝরে পড়ছে এমন; পতনশীল; প্রবহমান। Falling (off). Flowing.

ریزه (রীযে/rize) ফসল কাটার পর মাঠে পড়ে থাকা শস্যাদি হতে কুড়ানো শষ্য; ক্ষুদ্র; অণু; ছোট্ট টুকরা। Gleanings. Crumbs.

ریزه چین (রী.-চীন্/r.-čin)= ریزه خور যে ব্যক্তি দস্তরখানের ক্ষুদ্র ক্ষুদ্র জিনিষ কুড়িয়ে খায়; শস্যদানা খুঁটে খুঁটে সংগ্রহকারী। Gleaner.

ریزه ریزه(রী.-রীযে/r.-rize) ক্রমান্বয়ে; একটু একটু করে। Little by little; bit by bit.

ریزه کاری (রী.-কা'রী/r.-kări) সূক্ষ্মাতিসূক্ষ্ম কাজ; শ্রমসাধ্য নিখুঁত কর্ম; সূক্ষ্ম চিত্রকর্ম। Elaborate work; nicety.

ریستن(রীস্তান্/ristan) [ریس] সুতা কাটা। To spin.

ریسته (রীস্তে/riste) [ریستن এর ক্রি. বিণ./ P.P. of ریستن] বয়নকৃত। Spun.

ریسمان (রীস্মা'ন্/rismăn) দড়ি; রশি; সূত্র। String. Rope.

ریسمان بافی (রী.-বা'ফী/r.-băfi) সুতা কাটা; রশি বোনা। Cotton-spinning.

ریسنده (রীসান্দে/risande) যে সুতা কাটে। Spinner.

ریش(রীশ্/riš) দাড়ি। Beard. –ر. گذاشتن দাড়ি রাখা। To grow a beard.

ریش و قیچی هر دو در دست شما است– আমি একান্তই আপনার দয়ার ওপর নির্ভরশীল। I am at your mercy.

ریش تراش (রী.-তারা'শ্/r.-tarăš) নাপিত; যে দাড়ি কাটে। Barber.

ریشخند(রী.-খান্দ/r.-xand) উপহাস করা; ঠাট্টা করা। Mocking; derision.

ریشدار (রী.-দা'র/r.-dăr) দাড়িওয়ালা; শ্মশ্রুধারী। Bearded.

ریش ریش (রী.-রীশ্/r.-riš) ক্ষত-বিক্ষত; আহত; যন্ত্রণাপূর্ণ। Lacerated; wounded. Sore. –ر. کردن জট খোলা। To unravel.

ریش سفید (রী.-সেফীদ্/r.-sefid) সাদা শ্মশ্রুমণ্ডিত; বয়োবৃদ্ধ। Grey-bearded. Elder.

ریشگی(রীশেগী/rišegi) বর্গমূল চিহ্ন(√)। Radical (sign).

ریشو (রীশূ/rišu) ঘন দাড়িওয়ালা (মার্জিত প্রয়োগ নয়)। Having a bushy beard. (Not in polite use).

ریشه (রীশে/riše) মূল; শিকড়; উৎস। Root. Fringe. Frill.
–از ر. در آوردن সমূলে উৎখাত করা। To eradicate.

ریشه ای(রীশেঈ/riše'i) মৌলিক; সনাতন। Rooty. Radical.

ریشه کن کردن (রীশেকান্ কার্দান্/ rišekan-kardan) উৎখাত করা; মূলোৎপাটন। To eradicate; extirpate.

ریشه گیری (রী.-গীরী/r.-giri) মূল সূত্র উদ্‌ঘাটন; বিবর্তন। Evolution.

ریعان (রাইয়াঅ'ন্/raya'ăn) উত্তম অংশ। Best part. –ریعان جوانی যৌবনের প্রথম ও উৎকৃষ্টতম সময়; যৌবনের ফুল। Flower of youth.

ریغماسی (রীগ্‌মা'সী/riğmăsi) দুর্বল ও রোগা। Weak and sickly.

ریغو(রীগূ/riğu) কোন কাজের না; অপদার্থ। Good-for-nothing.

ریگ (রীগ/rig) বালি; নদী তীর বা সমুদ্র সৈকতে প্রাপ্তব্য নুড়ি। Pebble. Sand.
–مثل ر. خرج کردن পানির মত ব্যয় (অপচয়) করা। To spend like water. –ریگ روان চোরা বালি। Moving sand.

ریگزار (রী.-যা'র/ r.-zăr) বালুকাময় (এলাকা; বালিয়াড়ি। Sandy (region).

ریگستان(রীগেস্তা'ন্/rigestăn) বালুকাময় অঞ্চল। Sandy region.

ریگ شور کردن (রীগ্‌শূর্ কার্দান্/ rigšur-kardan) বালি দিয়ে ঘষে পরিষ্কার করা। To scour with sand.

ریگی (রীগী/rigi) বালুময়। Sandy.
–ساعت ر. বালিঘড়ি। Sand-glass.

ریم (রীম্/rim) পুঁজ; ময়লা। Pus. Dross.

ریم آلود(রী.-অ'লূদ্/r.-ălud) পুঁজ মিশ্রিত। Purulent.

رینگ (রীঙ্/ ring) রিং। Ring.

ریو (রীভ্/riv) কপটতা; প্রতারণা। Deceit; fraud.

ریواس (রীভা'স/rivas)=ریباس পুরু রসালো উদ্ভিদ বিশেষ, যা কাঁচা খাওয়া যায়। Rhubarb.

ریوند(রীভান্দ/rivand) উক্ত গাছের শিকড়ে উৎপন্ন আলুর ন্যায় কন্দ। Rhubarb.

ریوی (রীয়াভী/riyavi) ফুসফুস সংক্রান্ত। Pulmonary.

ریه (রীয়ে/riye) ফুসফুস। Lung.

رية البحر (রীয়াতুল্ বাহ্‌র্/riyatul bahr) জেলি মাছ। Jelly-fish.

رئیس(রাঈস্/ra'is) [ব.ব./pl.رؤسا] প্রধান; সভাপতি। Chief; head. Chairman. President.

رئیس جمهور(ی) (রাঈসে জোম্‌হুরী/ ra'ise jomhuri) রাষ্ট্রপতি/প্রেসিডেন্ট। President/ head of the state.

رئیس الوزراء (রাঈসোল্ ভোযারা'-/ ra'isol vozară')= نخست وزیر

رئیسه (রাঈসে/ ra'ise) [رئیس এর স্ত্রী./ Fem. of رئیس] দ্র./ S.u. هیئت .

ز

ز(য/z) ফার্সী বর্ণমালার ১৩তম বর্ণ এবং নাম 'যে'। The 13th letter of the Persian alphabet called 'ze'.

زا(ی)(যা[য়]/ ză[y]) [زائیدن এর অনু./ Imp. of زائیدن]

زائد(যা'এদ/ză'ed)= زاید

زائده(যা'এদে/ză'ede)= زایده

زائره(যা'এরে/ză'ere)= زایر

زائل(যা'এল/ză'el)= زایل

زائو(যা'উ/ză'u) প্রসূতি; আসন্ন প্রসবা; যে মহিলা এই মাত্র সন্তান প্রসব করেছে। Parturient.

زائیدن(যা'ঈদান/ză'idan)= زاییدن

زاپاس (যা'পা'স্/ zăpăs) অতিরিক্ত; সংরক্ষিত; অবসরপ্রাপ্ত। Reserve. Spare.

زاج(যা'জ্/zăj) ফটকিরি। Alum. – زاج سبز আয়রন সালফেট; হীরাকস। Sulphate of iron; green vitriol. –زاج سفید ফটকিরি। Alum. –زاج کبود নীল বা তাম্রবৎ গন্ধকাম্ল। Blue or copper vitriol. –زاج مکلس ক্যালসিয়াম সালফেট। Colcothar.

زاد (যা'দ্/zăd) জন্ম; [যুক্ত শব্দের ক্ষেত্রে] সন্তান। Natality.[In combination] Child.

زاد (যা'দ্/zăd)= توشه

زاد بوم(যা'দ্ বূম্/zăd-bum) জন্মস্থান; জন্মভূমি। Birth place.

زادگان (যা'দেগা'ন্/zădegăn) [زاده এর ব.ব./pl. of زاده]

زادگاه (যা'দেগা'হ্/zădegăh)= زاد بوم এর ব.ব./ pl. of زاده]

زادن (যা'দান্/ zădan)= زاییدن

زادو ولد (যা'দো ভালাদ্/zăd-o-valad) প্রজনন। Reproduction. –ز.کردن সন্তান জন্মদান। To procreate.

زاده (যা'দে/zăde) [زادن এর ক্রি. বিণ./ P.P. of زادن] জন্মগ্রহণকারী; যে জন্ম নিয়েছে। Born. [ব.ব./pl. زادگان] [যুক্ত শব্দের ক্ষেত্রে] সন্তান- সন্ততি; বংশধর। যেমন, شاهزاده রাজপুত্র]। Child; offspring [usually in combination. Ex. شاهزاده prince].

زار (যা'র্/ zăr) শোচনীয় দুঃখজনক; তিক্ত; বিলাপ; ব্যথা ও যন্ত্রণার কারণে কাতরানি; কাতরভাবে। Deplorable. Bitter. Wounded. Bitterly. –کارش زار است তার অবস্থা শোচনীয়। He's done for.

زار (যা'র্/ zăr) [زاریدن এর অনু./ Imp. of زاریدن].

زار(যা'র্/ zăr) কোন কিছুর প্রাচুর্যময় স্থান। Place of abounding in. যেমন/ Ex. ریگزار .

زار زار(যা'র্ যা'র্/zăr zăr) অনেক বেশী ক্রন্দন। Bitterly. –ز. گریه کرد সে কেঁদে জারজার হয়ে গেল। He cried bitterly.

زارع (যা'রে-/zăre') কৃষক; চাষী। Farmer. Cultivator.

زارکش کردن (যা'রকোশ্ কার্দান্/ zărkoš-kardan) নির্মমভাবে হত্যা; অত্যাচার করে হত্যা করা। To kill cruelly; kill with torture.

زاری (যা'রী/zări) ক্রন্দন; বিলাপ; মিনতি; সনির্বন্ধ প্রার্থনা। Weeping; lamentation. Beseeching; supplication.

زاریدن (যা'রীদান্/zăridan) [زار] ক্রন্দন করা; বিলাপ করা। To weep; lament.

زاغ(যা'গ্ব/zăğ) কাকের ন্যায় দেখতে কালো পাখি বিশেষ। Raven.–زاغ کبود সুন্দর পালকওয়ালা পক্ষী বিশেষ। Jay. –زاغ سیاه کسی را چوب زدن কারো ওপরে অশুভ ছায়াপাত ঘটা। To be on someone's track.

زاغ (যা'গ্ব/zăğ) ফটকিরি; গন্ধক; নীল। Alum. Vitriol.–(به) ز. زدن ...এর প্রতি গুলতি ছোঁড়া। To taw.

زاغ چشم (যা'.-চাশ্‌ম্/ z.-čašm) নীল চোখবিশিষ্ট; নীল নয়না। Blue-eyed.

زاغچه(যা'গ্বচে/zağče) অতিশয় কিচমিচকারী ছাতার জাতীয় পক্ষী বিশেষ; লাল ও লম্বা পা ও ঠোঁটওয়ালা কবুতরের সমান কাকের ন্যায় দেখতে ছোট পাখি বিশেষ। (Mag)pie; jackdaw.

زاغه(যা'গ্বে/ zăğe) পাহাড়ের গুহা; মাঠের মধ্যে গর্ত করে গরু-ভেড়া রাখার জন্য তৈরী জায়গা; কুঁড়ে। Cave. Hut.

زاغی (যা'গ্বী/ zăgi)= زاغچه

زاگ (যা'গ্/ zăg)= زاغ/زاج

زال (যা'ল্/ zăl) অতিশয় বৃদ্ধ (নারী বা পুরুষ); ধবল রোগগ্রস্ত ব্যক্তি বা প্রাণী; পুং বাচক নাম বিশেষ। Very old man (or woman). Albino. Mas. pr. name.

زالزالک (যা'ল্‌যা'লাক্/zălzălak) এক ধরনের বুনো কুল গাছ। Kind of wild plum.

زالو (যা'লু/zalu) জোঁক। Leech. –زالو اسبی ঘোড়া জোঁক (বড় ধরনের জোঁক)। Horse leech. –ز. انداختن জোঁক লাগিয়ে দেওয়া। To apply a leech.

زاماسکه (যা'মা'স্‌কে/zămăske) কাঠের বা ধাতব আসবাবপত্র রং করার পূর্বে উঁচু নীচু সমান করার জন্য ব্যবহৃত আঠা জাতীয় পদার্থ। Glaziers' putty.

زان (যা'ন্/ zăn) এক ধরনের বৃক্ষ যার বাদাম জাতীয় ফল থেকে তেল তৈরি হয়। Beech.

زان (যা'ন্/ zăn)= از آن

زانکه(যা'ন্‌কে/zănke)= از آن که। যেহেতু; কারণ...। Because.

زانگه (যা'ন্‌গাহ্/zăngah)= از آنگاه তখন থেকে। From (or since) that time. زانگه که তখন থেকে যে,...। Ever since.

زانو (যা'নু/zănu) জানু; হাঁটু; পাইপের বাঁকা অংশ। Knee. Knee-joint;

bend; gooseneek.-ز. انداختن (কারো সামনে) নতজানু হওয়া। To get baggy at the knees. -ز. زدن জানুর ওপরে বসা। To kneel down. زانو زدن ۲/2)=بزانو در آمدن ১/1) আত্মসমর্পণ করা। To yield or surrender. -بزانو در آوردن নতি স্বীকার/আত্মসমর্পণে বাধ্য করা। To cause to yield or surrender.

زانوبند (যা'নূ বান্দ্/zănu band) জানুবন্দ; উটের জানু-বেড়ি। Shackle for a camel. Kneepiece; knee-cap.

زانو درد (যা'নূ দারদ্/ zănu dard) হাঁটুব্যথা; গিঁটে বাত। Gonalgia.

زانویی (যা'নূয়ী/ zănuyi) হাঁটু; জানুসন্ধি। Knee-joint; goose-neck.

زانی (যা'নী/ zăni) জেনাকার; ব্যভিচারী। Adulterer.

زانیه (যা'নীয়ে/zăniye) [زانی এর স্ত্রী./ Fem. of زانی] ব্যভিচারিণী। Adulteress.

زاویه (যা'ভীয়ে/zăviye) [ব.ব./pl.زوایا]= گوشه কোণ। Corner; angle. -زاویهٔ مقدسه পবিত্র অঙ্গন; মাজার। Shrine. -سنگ ز. সীমানা ফলক; কোণবিশিষ্ট সীমানা নির্দেশক। Corner-stone.

زاویه کش (যা'.-কেশ্/z.-keš) কোণমাপক যন্ত্র। Protractor.

زاویه سنج (যা'.-সান্জ্/z.-sanj) কোণমাপক। Goniometer.

زاهد (যা'হেদ্/zăhed) [ব.ব./pl.زهاد] জাহেদ; নেককার; পরহেজগার; যিনি পরকালের জন্য ইহকালকে উপেক্ষা করেছেন এবং ইবাদতে মশগুল হয়েছেন। Devout or ascetic (person).

زاهدانه (যা'হেদা'নে/zăhedăne) জাহেদসুলভ; কঠোর তপস্বীসুলভ। Devoutly. Ascetically. As a hermit.

زاهدی (যা'হেদী/zăhedi) দ্বীনদারী, পরহেজগারী; পরকালের জন্য ইহকালকে উপেক্ষা করে ইবাদতে মশগুল হওয়া। Devoutness. Abstemiousness.

زای (যা'ই/zăy) [দ্র./S.u. زا]

زایا (যা'ইয়া'/zăyă)) উৎপাদনশীল; জন্মদানকারী। Generating. Generator.

زایچه(যা'ইচে/zăyče) জন্মসনদ; গ্রহ-নক্ষত্রের অবস্থান নির্দেশকারী ভাগ্য গণনার নকশা। Birth certificate. Horoscope.

زاید (যা'য়েদ্/zăyed) অতিরিক্ত। Superfluous. -ز. بر এর অতিরিক্ত; এছাড়াও। Surplus to. More than.

زایده (যা'য়েদে/zăyede) [ব.ব./pl.زوائد] শরীরের কোন অঙ্গের বাড়তি অস্থি; জীবদেহে উদগত উপাঙ্গ। Outgrowth. Process.

زایر (যা'য়ের্/zăyer) [ব.ব./pl.زوار] দর্শনার্থী; জিয়ারতকারী; হজ্জে গমনকারী। Visitor. Pilgrim.

زایش (যা'য়েশ্/zăyeš) জন্ম; জন্মদান। Birth. Production.

زایشگاه (যা'য়েশ্গা'হ্/zăyešgăh) সূতিকাগার; মাতৃসদন; প্রসূতি হাসপাতাল। Maternity hospital.

زایل(যা'য়েল্/zăyel) যা দূর হয়ে যায়; উধাও হয়ে যায়/বিলুপ্ত হয়ে যায়; মুছে যায়/ নিশ্চিহ্ন হয়ে যায়। Passing away; disappearing. –ز . شدن বিলুপ্ত হয়ে যাওয়া; বিদূরিত হওয়া। To disappear. To lapse. –ز . کردن ধ্বংস করা; নিশ্চিহ্ন করা; বিদূরিত করা। To cause to disappear. To remove.

زائیمان(যা'য়মা'ন্/za'iman) সন্তান প্রসব; জন্মদান; সন্তান প্রসবাবস্থা। Child-birth; childbed; accouchment. –در حال ز . প্রসবরত; সন্তান জন্মদানরত। In childbed/childbirth; in labour.

زائیمان (যা'ঈমা'ন্/ză'imăn)= زایمان

زاینده (যা'য়ান্দে/zăyande) জন্মদানকারী; উৎপাদনকারী; স্বতঃবর্ধনশীল। Giving birth to. Productive. Self-increasing.

زائیدن (যা'য়ীদান্/zăyidan) জন্মদান; উৎপাদন; সন্তান প্রসব; উদ্ভাবন করা। To be delivered of; give birth to. To generate. To originate.

زائیده (যা'ঈদে/ză'ide) [زائیدن এর ক্রি. বিণ./P.P. of زائیدن] জন্মগ্রহণকারী; জাতক। Born.

زباد (যাবা'দ্/zabăd) গন্ধ গোকুল, বেজী জাতীয় প্রাণী যার পশ্চাদ্ভাগ থেকে মৃগনাভি কস্তুরীর ন্যায় সুগন্ধি দ্রব্য পাওয়া যায়। Civet(-cat); muskcat.

زباله (যোবা'লে/zobăle) আবর্জনা; ময়লা। Sweepings; rubbish; dirt.

زبان (যাবা'ন্/zabăn) জিহ্বা; ভাষা। Tongue. Language. –زبان خوش নম্র ভাষা(য় কথা বলা)। Soft words. –زبان حال/ زبان بیزبانی অব্যক্ত ভাষা। Dumb language; mute language.–زبانش می گیرد তার কথা আটকে যায়/বেঁধে যায়; সে তোতলায়। He stammers.–زبان کوچک আল্‌জিভ্। Uvula. –ز . نمی فهمد সে যুক্তি মানে না। He is not amenable to reason.–ز . در کشیدن / ز . بربستن নীরবতা অবলম্বন। To keep silent. –ز . زدن স্বাদ গ্রহণ; আস্বাদন। To taste or lick.–بزبان آمدن কথা বলতে শুরু করা। To begin (or learn) to speak. –بزبان آوردن উল্লেখ করা; কথা বলানো। To mention. To cause to speak.

زبان آور (যা.-অ'ভার্/ z.-ăvar) ১/1) মিষ্টভাষী; বাক্যবাগীশ। Eloquent. ২/2)= چرب زبان

زبان باز (যা.-বা'য্/ z.-băz) চাটুকার; মিষ্টভাষী প্রতারক। Charlatan. Blusterer.

زبان بازی(যা.-বা'যী/z.-băzi) চাটুকারিতা; মিষ্টি কথায় প্রতারণা। Charlatanry. Blustering. Flattery.

زبان بریده (যা.-বোরীদে/ z.-boride) বোবা; নির্বাক। Dumb.

زبان بسته (যা.-বাস্তে/ z.-baste) বোবা; পশু; লজ্জায়, ভয় ইত্যাদিতে বাকশক্তিরহিত। Tongue-tied. Dumb.

زباندار (যা.-দা'র্/z.-dăr) সুস্পষ্টভাষী; বাকপটু। Expressive.

زبان دان(যা.-দা'ন্/z.-dăn) ভাষাবিদ্। Linguist.

زبان دراز (যা.-দেরা'য্/z.-derăz) যে লম্বা লম্বা/বড় বড়/ধৃষ্টতামূলক কথা বলে। Abusive.

زبان درازی (যা.-দেরা'যী/z.-derăzi) বড় বড়/ধৃষ্টতাপূর্ণ কথা বলা। Abusive(ness).

زبان زد (যা.-যাদ্/z.-zad) যা মানুষের মুখে মুখে চর্চা হয়; প্রবাদ। Idiom. Colloquialism.

زبانک (যাবা'নাক্/ zabănak) আল্‌জিভ। Uvula.

زبان گرفتگی (যাবা'ন্ গেরেফ্‌তেগী/ zabăn gereftegi) কথা বলায় জড়তা; তোতলামি। Stammering.

زبان گنجشک (যা.-গোন্‌জেশ্‌ক্/ z.-gonješk) (চড়ুই-জিহ্বা) এক ধরনের সুন্দর বৃহৎ বৃক্ষ। Ash-tree.

زبانه (যাবা'নে/ zabăne) জিহ্বাতুল্য; জিহ্বার ন্যায় দেখতে যে কোন কিছু; (ঘণ্টার) দোলক বা জিভ; দাঁড়িপাল্লার কাঁটা; হুড়কা; চাবির কাঁটা (আগুনের) শিখা; (বাঁশীর) মুখ; (নিক্তির) কাঁটা। [Of a bell] Tongue; clapper. [Of a scale] Index. [Of a lock] Bolt. [Of a key] Bit. [Of a pipe] Reed. [Of fire] Flame; blaze.–ز . کشیدن ছড়িয়ে পড়া, যেমন অগ্নিশিখা। To spread, as fire; flame.

زبانی (যাবা'নী/zabăni) মৌখিক; ভাষা সংক্রান্ত। Verbal; oral. Lingual. Verbally.

زبده (যোব্‌দে/ zobde) নির্বাচিত অংশ; সারসংক্ষেপ। Choice part. Compendium; gist. মূ.অ. দুধের সর; মাখন। OS. Cream.

زبر (যেব্‌র্/zebr) কর্কশ; খস্‌খসে; মোটা। Coarse; rough. –زبر و زرنگ করিৎকর্মা; চালাক-চতুর। Quick; active.

زبر (যাবার্/zabar) ওপর; উর্ধ্বাংশ স্বরচিহ্ন (ـَـ)। Upper part; top. The vol-sign (ـَـ).

زبر تنگ (যা.-তাঙ্/z.-tang) জিন্ প্রভৃতি যথাস্থানে রাখার জন্য ঘোড়ার দেহ বেষ্টন করে চামড়ার যে ফিতা বেঁধে দেওয়া হয়। Surcingle.

زبرجد (যা.-যাদ্/z.-jad) সোনালী বা সবুজ রঙের দামী পাথর। Chrysolite. –زبرجد هندی পুষ্পরাগমণি; পোখরাজ। Topaz.

زبردست (যা.-দাস্ত্/z.-dast) জবরদস্ত; শক্তিশালী; ক্ষমতাধর; দক্ষ; বিচক্ষণ। Proficient; skilled; clever. Man in power.

زبردستی (যা.-দাস্তী/z.-dasti) সক্ষমতা; শক্তিমত্তা; প্রাধান্য; দক্ষতা; পারদর্শিতা। Proficiency; skill. Superiority; upperhand.

زبره آرد (যেব্‌রে আ'রদ্/zebre ărd) মধ্যমমানের আটা। Middlings.

زبره سنگ (যে.-সাঙ্/z.-sang) মধ্য মানের পাথর; এক ধরনের চকমকি পাথর। Trochyte.

زبری (যেব্‌রী/zebri) খস্‌খসে; কর্কশ অবস্থা। Coarseness; roughness.

زبرین(যাবারীন্/zabarin) উচ্চতর; উচ্চতর সম্বন্ধীয়। Upper. Superior; higher.

زبل(যেব্‌ল্/zebl)= زبیل ঘোড়া, গাধা প্রভৃতি চতুষ্পদ জন্তুর বিষ্ঠা। Dung.

زبِل (যেবেল/zebel) চালাক; চতুর। Clever; agile.

زبور (যাবূর্/zabur) 'যবুর' কিতাব; ধর্ম সংগীত। (Book of) Psalms.

زبون (যাবূন্/zabun) নিরুপায়; অক্ষম; হীন; নীচ; দুর্বল। Despicable; weak.

زبیده (যোবেইদে/ zobeyde) স্ত্রীবাচক নাম। Fem. pr. name.

زبیل (যাবীল্/zabil)= زبل

زپرتی (যেপের্‌তী/zeperti) ঠুন্‌কো; দুর্বল; ক্ষীণ; জাল; নকল। Flimsy. Phon(e)y.

زجاج (যোজা'জ্/zojăj)= شیشه কাচ। Glass.

زجاجی (যোজা'জী/zojăji) কাচের বা কাচসদৃশ। Vitreous. Hyaloid.

زجاجیت (যোজা'জীয়্যাত্/zojăjiyyat) কাচের মত হওয়া। Vitreosity.

زجاجیه (যোজা'জীয়্যে/zojăjiyye) [زجاجی এর স্ত্রী./fem. of زجاجی]. চোখের মধ্যকার লেন্স তুল্য স্বচ্ছ পদার্থ। Crystalline lens.

زجر (যাজ্‌র্/zajr) নিদারুণ যন্ত্রণা দেওয়া; নির্যাতন। Torment. Persecution. –ز. دادن/ز. کردن যন্ত্রণা দেওয়া; নির্যাতন করা। To torment. To persecute.

زجرکش کردن (যা.-কোশ্ কার্‌দান্/ z.-koškardan) ধীরে অথচ নির্মম নির্যাতনের মাধ্যমে হত্যা করা। To kill by slow and cruel torture.

زحل(যোহাল্/ zohal)= کیوان শনি গ্রহ। Saturn.

زحمات (যাহামা'ত্/zahamăt) [زحمت এর ব.ব./pl. of زحمت]

زحمت(যাহ্‌মাত্/zahmat) কষ্ট; দুঃখ-কষ্ট; যাতনা; চাপ; পীড়ন; অবাঞ্ছিত অবস্থা। Trouble; inconvenience. Pains. –ز. دادن কষ্ট দেওয়া; ঝামেলায় ফেলা। To trouble; give trouble to. –ز. کشیدن কষ্ট স্বীকার করা; ঝামেলা পোহানো। To take pains; take trouble; be at pains. –زحمت کسی را کم کردن কারো কষ্ট, ঝামেলা লাঘব করা। To spare one the trouble.–زحمت را کم کنیم আর কষ্ট দেব না; (এবার যেতে চাই)। Allow us to be excused.

زحمت کش (যা.-কেশ্/z.-keš) কঠোর পরিশ্রমী। Painstaking; hard-working.

زحیر(যাহীর্/zahir) শ্রম ক্লান্তিজাত দীর্ঘশ্বাস বা কাতরানি; আমাশয়। Dysentery.

زخم(যাখ্‌ম্/zaxm) জখম; ক্ষত। Wound; sore. Ulcerous. – زخم زبان কথার বান; তিক্ত কথা; কটুবাক্য। A blow with a word. –ز. زدن আহত করা; ক্ষত সৃষ্টি করা; চেঁছে ফেলা বা গর্ত সৃষ্টি করা। To wound. To scratch or injure. –ز. برداشتن/ز. خوردن জখমী হওয়া। To be wounded.

زخم بند(যা.-বান্দ্/z.-band) (ক্ষতস্থানের) ব্যান্ডেজকারী; ব্যান্ডেজ। Dresser (of wounds). Dressing; bandage.

زخم بندی (যা.-বান্দী/z.-bandi)

(ক্ষতস্থানের) ব্যান্ডেজ করা। Dressing (of wounds).

زخم خورده (যা.-খোর্‌দে/z.-xorde) আহত; আঘাতপ্রাপ্ত। Wounded.

زخم ناپذیر (যা.-না'পাযীর্‌/z.-năpazir) যাকে আহত বা কাবু করা যায় না; দুর্দমনীয়। Invulnerable.

زخمه (যাখ্‌মে/zaxme)= مضراب

زخمی (যাখ্‌মী/zaxmi) আহত। Wounded. –ز. شدن আহত হওয়া। To be wounded. –ز. کردن আহত করা। To wound.

زدا(ی) (যোদা'[য়]/ zoda[y]) [زدودن এর অনু./Imp. of زدودن]

زدگی (যাদেগী/zadegi) বাতিলকরণ; বাদ; কাপড়ের ছিদ্র [অনেক সময় زده বলা হয়]। Cancellation. Omission. Hole in a cloth [often زده].

زدن (যাদান্‌/zadan) [زن] আঘাত করা; প্রহার করা; পেটানো; বাজানো; ধাক্কা দেওয়া; গুলী করা; বিচ্ছিন্ন করা; কেটে ফেলা; ছাঁটা; (লেখা) কেটে ফেলা; বাতিল করা; পরিধান করা; পোঁতা; স্থাপন। To strike; beat; hit. To play (on); To knock at. To shoot. To cut (off); lop. To blow. –زنگ ز. ঘণ্টা বাজানো। To ring. –بوق ز. হর্ন বা হুইস্‌ল্‌ বাজানো। To blow. –مثل ز. উপমা দেওয়া। To cite an example. –عینک ز. চশমা পরা। To wear spectacles. –خیمه ز. তাঁবু স্থাপন করা। To pitch a tent. –سفید ی می زند সাদাটে দেখাচ্ছে। It inclines to whiteness. –بهم زدن বিশৃঙ্খলা সৃষ্টি করা; মিশ্রিত করা; ভেঙ্গে ফেলা; ছারখার করে দেওয়া। To disturb. To break up. –خود را بدیوانگی زد- সে পাগলের ভান করেছে। He pretended to be mad.

زدوبند (যাদোবান্দ্‌/zad-o-band) প্রহার করা ও বাঁধা; বন্দোবস্ত; বোঝাপড়া; আঁতাত। Collusion.

زد و خورد (যাদো খোর্‌দ্‌/zad-o-xord) সংঘাত; সংঘর্ষ। Conflict; fight.

زدودن (যোদূদান্‌/zodudan) [زدای] মুছে ফেলা; দূরীভূত করা; পালিশ করা; উজ্জ্বল করা। To rub off; file away. To furbish. –زنگ از دل کسی زدودن- কারো মনোকষ্ট দূর করে দেওয়া। To soothe the heart of some one; console him.

زده (যাদে/zade) [زدن এর ক্রি. বিণ./P.P. of زدن] প্রহৃত; আঘাতপ্রাপ্ত; কাপড়ের ছিদ্র বা ছেঁড়া। Beaten. Struck. Smitten; stricken. Cloyed; blase. Hole in a cloth.

زر (যার্‌/zar) স্বর্ণ Gold [طلا] অর্থ। Money [پول].

زرادخانه (যাররা'দ্‌খা'নে/zarrăd-xăne) অস্ত্রাগার। Arsenal.

زراعت (যেরা'আত্‌/zeră'at) চাষাবাদ; কৃষিকার্য। Tilling; cultivation.

زراعتی (যেরা'আতী/ zeră'ati) কৃষি সংক্রান্ত; কৃষি কাজের জন্য তৈরি করা হয়েছে এমন। Agricultural. Designed for cultivation.

زرافه (যার্‌রা'ফে/zarrăfe) জিরাফ। Giraffe.

زراندود(ه)(যার্আন্দূদ্[-দে]/zarandud [e]) স্বর্ণমণ্ডিত; স্বর্ণের প্রলেপ দেওয়া হয়েছে এমন। Overlaid with gold. –ز. کردن স্বর্ণমণ্ডিতকরণ; স্বর্ণের পাত দিয়ে গিলটি করা। To plate or overlay with gold; to gild.

زراوند (যারা'ভান্দ্/ zarăvand) এক ধরনের বড় আকারের ওষধি ফল ও গুল্ম বিশেষ। Birthwort.

زربافت (যার্বা'ফ্ত্/zarbăft) সোনা; সোনার কারুকার্যখচিত রেশমী বস্ত্র। Woven with gold. Brocade. [زربفتও বলা হয়/Often زربفت]

زرپرست (যা.-পারাস্ত্/z.-parast) কৃপণ; অর্থপূজারী। Mammonist.

زرپور(যা.-পূর্/z.-pur) পিঙ্গল বর্ণ; মিশ্রবর্ণ (পশু)। Roan or sorrel.

زرپوست (যা.-পূস্ত্/z.-pust) শুঁয়া পোকা; শুঁয়া পোকার আবরক কোষ; গুটি পোকা। Chrysalis.

زرتشت (যার্তোশ্ত্/zartošt) যরতুশত; যরথুস্ত্র, যাঁকে পারসিক ধর্ম (অগ্নি-উপাসনা) প্রবর্তক বলে মনে করা হয়। Zoroaster.

زرتشتی (যার্তোশ্তী/zartosti) যরথুস্ত্রীয়; যরতুশ্তের ধর্মানুসারী; অগ্নি-উপাসক। Zoroastrian.

زرتک (যার্তাক্/ zartak) জাফরান ফুলের রস। Safflower.

زرچوبه (যার্চূবে/zarčube)= زردچوبه

زرخرید (যার্খারীদ্/ zarxarid) স্বর্ণ/টাকা-পয়সা দিয়ে ক্রীত; ক্রীতদাস/দাসী। Bondsman.

زرخیز (যার খীয্/zar xiz) স্বর্ণখনি; উর্বর; সুফলা; (প্রাকৃতিক উৎসে সমৃদ্ধ)। Auriferous. Rich (in natural resources).

زرد (যার্দ্/zard) হলুদ (বর্ণ)Yellow. [زردرنگ ও বলা হয়] [also زردرنگ]. –پول ز. স্বর্ণমুদ্রা। Gold money. –گل ز. হলুদ রঙের গোলাপ। Yellow rose. –ز. شدن হলুদ বর্ণ হওয়া; মলিন হওয়া; ফ্যাকাসে হওয়া। To turn yellow. To grow pale. –ز. کردن হলুদ রং দেওয়া; মলিন করা। To paint yellow. To make pale.

زرداب (যার্দা'ব্/zardăb) জখম থেকে বের হওয়া হলুদ রস; পিত্তরস। Gall; bile.

زرداب ریز (যা.-রীয্/z.--riz) পিত্তঘটিত; খিটখিটে; বদমেজাজী। Biliary; choleric.

زردابی (যার্দা'বী/ zardăbi) পিত্তঘটিত খিটখিটে; বদমেজাজী। Biliary; bilious; choleric.

زردالو (যার্দা'লূ/ zardălu) খুবানি (ফল বিশেষ)। Apricot.

زردپی (যারদ্পেই/zardpey) যে শিরাগুচ্ছ দ্বারা হাড় বা অন্য অঙ্গের সাথে মাংসপেশী আবদ্ধ থাকে; পেশীবন্ধ। Tendon.

زرد چوبه (যারদ্ চূবে/zard čube) হলুদ; (খাবার হলুদ)। Turmeric.

زرد رویی (যা.-রূয়ী/z.-ruyi) লজ্জা; (চেহারার) মালিন্য। Shame. Paleness.

زرد زخم (যা.-যাখ্ম্/z.-zaxm) দাঁদ (রোগ)। Impetigo; ringworm.

زردشت (যার্দোশ্ত্/zardošt)=زرتشت

زردشتی (যার্দোশ্তী/zardošti)=زرتشتی

زردفام (যার্দ্ফা'ম্/ zardfăm) ঈষৎ হরিদ্রাবর্ণ; হরিদ্রাভ। Yellowish.

زردك (যার্দাক্/ zardak)= هويج গাজর। Carrot.

زردنبو (যার্দান্বু/zardanbu) হলুদ চেহারাবিশিষ্ট (বিশেষত শিশু); দুঃখ-কষ্টে যার চেহারা হলুদ হয়ে গেছে এবং ফুলে উঠেছে। Pale.

زردوزی (যার্দূযী/zarduzi) স্বর্ণের এম্ব্রয়ডারী; বস্ত্রের ওপর স্বর্ণের কারুকাজ। Gold embroidery.

زرده (যার্দে/zarde) (ডিমের) কুসুম। Yolk(of an egg).

زردی (যার্দী/zardi) হলুদ রঙবিশিষ্ট; (স্ত্রীলোকদের) পাণ্ডুর রোগ বিশেষ; মলিনতা। Yellowness. Paleness. Chlorosis.

زردیان (যার্দিয়া'ন্/zardiyăn) জন্ডিস। Jaundice.

زرزر (যের্যের্/zerzer) একঘেঁয়ে বাজনা বা শব্দ। Thrumming or strumming; noise.

زرشک (যেরেশ্ক্/ zerešk) হলুদ রঙের গুচ্ছ ফুলবিশিষ্ট ছোট বুনো গাছ বিশেষ। Barberry.

زرشکی (যেরেশ্কী/ zereški) যেরেশ্ক্ ফুল সম্বন্ধীয়; গাঢ় লাল রং। Maroon.

زرع (যার্-/zar') কৃষিকাজ; চাষাবাদ। Cultivation; tilling. -قابل ز. চাষযোগ্য। Arable. -غیر قابل ز. চাষযোগ্য নয় এমন; পতিত; অনুর্বর। Barren.

زرفین (যোর্ফীন্/ zorfin) বৃত্তাংশ; কেঁচো জাতীয় যে সব প্রাণীর দেহ বহু বৃত্তাংশ দ্বারা গঠিত তার খণ্ডিত অংশ। Segment.

زرفینی (যোর্ফীনী/zorfini) কেঁচো ইত্যাদি ভূগর্ভস্থ কীট সম্বন্ধীয়। Annelid.

زرق (যার্গ্ব/zarğ) ভণ্ডামি; প্রতারণা। Hypocrisy. Deceit.

زرق و برق (যা.-ও-বার্গ্ব/z.-o-barğ) বাহ্যিক জাঁকজমক। Gaudiness.

زرق و برق دار (যা.-ও-বা.দা'র্/ z.-o-b.-dăr) জমকালো পোষাকযুক্ত; জৌলুসপূর্ণ; চটকদার। Gaudy; garish; tawdry.

زرقون (যার্গ্বূন/zarğun)= زرگون সোনার ন্যায়; সোনালী। Jorgon; zicron; cinnabar.

زرکش (যা.-কেশ্/z.-keš) পোশাকে বা কাপড়ে সোনার কারুকাজ করে যে; সোনার কারুকাজ করা পোশাক বা কাপড়। Gold-wire drawer. Gold-embroiderer.

زرکوب (যা.-কূব্/ z.-kub)= طلاکوب

زرگر (যা.-গার্/ z.-gar) স্বর্ণকার ও রৌপ্যকার। Goldsmith; silversmith.

زرگری (যা.-গারী/ z.-gari) স্বর্ণকার ও রৌপ্যকারের পেশা। Goldsmith's or silversmith's trade.
-جن گ زرگری তৃতীয় ব্যক্তিকে ঠকানোর জন্য দুই ব্যক্তির ঝগড়া বা যুদ্ধের ভান করা। Sham fight or quarrel (between two to deceive a third party).

زرگون (যা.-গুন্/z.-gun)= زرقون

زرنا(যোর্‌না'/zornă) সানাই জাতীয় বাদ্যযন্ত্র বিশেষ। Kind of oboe.

زرنشان (যার্‌নেশা'ন্/zarnešăn) স্বর্ণখচিত। Inlaid with gold.

زرنگ (যেরাঙ্গ/zerang) চতুর; বুদ্ধিমান; চটপটে; চালাক। Clever. Bright. Smart.

زرنگار (যার্‌নেগা'র্/zarnegăr) স্বর্ণমণ্ডিত; যে স্বর্ণের দ্বারা বা স্বর্ণের কালি দ্বারা কোন কিছুর ওপর নকশা করে। Adorned or overlaid with gold.

زرنگی (যেরাঙ্গী/zerangi) চাতুর্য; চালাকি-বুদ্ধি; চটপটে অবস্থা; বুদ্ধিমত্তা। Cleverness. Smartness. –ز. کردن চতুরতার আশ্রয় নেওয়া; চালাকি করা। To (try to) be clever.

زرنیخ (যার্‌নীখ্/zarnix) আর্সেনিক; হরিতাল। Orpiment. –زرنیخ قرمز মনঃশিলা; মোমছাল। Realgar.

زر ورق(যার্ ভারাগ্ব/zar varağ) স্বর্ণমণ্ডিত কাগজ; সোনালী রঙের কাগজ; সোনার পাতের ন্যায় (দেখতে) কাগজ। Gold leaf; gold foil. –زرورق بدل নকল সোনালী কাগজ। Dutch gold.

زر ورقی (যার্ ভারাগ্বী/zar varaği) (দেখতে) সোনার পাতের ন্যায় বা সোনালী কাগজের তৈরী; খুবই পাতলা। Made of gold leaf. Very thin. –کاغذ زرورقی টিস্যু পেপার; নরম পাতলা কাগজ। Tissue paper.

زره (যেরেহ্/zereh) ধাতব শৃঙ্খলনির্মিত বর্ম; (যুদ্ধের সময়ে ব্যবহার্য) ইস্পাতের তৈরী জামা। Chain mail; coat of mail.

زره باف(যে.-বা'ফ্/z.-băf) ধাতব শৃঙ্খল বা বর্ম বিশেষের নির্মাতা। Manufacturer of chain mails.

زره پوش (যে.-পূশ্/z.-puš) বর্ম পরিহিত। Armour-clad; armoured.

زره دار (যে.-দা'র্/z.-dăr) বর্ম পরিহিত; বর্মাচ্ছাদিত। Armour-plated.

زرهی (যেরেহী/ zerehi) বর্মপরিহিত। Armour-plated.–نیروی ز. সাঁজোয়া বাহিনী। Armoured force.

زری (যারী/ zari) জরির কাজ বা স্বর্ণ সূত্রের কারুকাজ করা কাপড়/পোশাক। Brocaded silk.

زرین (যার্‌রীন্/zarrin) সোনালী; স্বর্ণ সম্বন্ধীয়; স্বর্ণতুল্য; সোনার তৈরী। Golden.

زشت(যেশ্‌ত্/ zešt) কুৎসিত; বিশ্রী; অসুন্দর; (সামাজিকতার দৃষ্টিতে) ভাল দেখায় না এমন; বেমানান; নোংরা। Ugly. Clumsy. Not decent or befitting; indecent. Obscene.

زشت خو(ی) (যে.-খূ[য়]/ z.-xu[y]) বদমেজাজী। Ill-tempered.

زشتخویی (যে.-খূয়ী/ z.-xuyi) বদমেজাজ। Ill temper.

زشترو(ی) (যে.-রূ[য়]/ z.-ru[y]) কুশ্রী; কুৎসিত। Ugly; ill- favoured.

زشترویی (যে.-রূয়ী/ z.-ruyi) কদর্যতা; শ্রীহীনতা। Ugliness.

زشتگویی (যে.-গুয়ী/z.-guyi)=بدگویی

زشت نام (যে.-না'ম্/ z.-năm)= بدنام

زشتی (যেশ্‌তী/ zešti) বেমানান; অশোভনীয়তা; কদর্যতা; নোংরামি। Ugliness. Indecency.

زعفران(যা-ফারা'ন্/ za'farăn) জাফরান। Saffron.

زعفران الحديد (যা-ফারা'নোল্ হাদীদ/ z'faranol hadid) লোহার মরিচা। Crocus of Mars; crocus Martis; colcothar.

زعفرانى (যা-ফারা'নী/za'farăni) জাফরানী; জাফরানের ঘ্রাণযুক্ত; জাফরান রঙে রঞ্জিত; মলিন। Flavoured with saffron. Saffron-coloured; pale.

زعم (যা-ম্/za'm) ধারণা; সন্দেহযুক্ত ধারণা যার সত্যতা সুনিশ্চিত নয়। Opinion. – بزعم (অমুকের) ধারণা অনুযায়ী। In the opinion of; according to.

زعيم (যাঈম্/za'im) [ব.ব./ pl.زعماء] মুখপাত্র; প্রধান; নেতা; গোত্রপতি; দায়িত্বশীল। Spokesman; chief. Feudal lord. –زعماء قوم গোত্রের/ জাতির নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ। Men of distinction.

زغال (যোগ্বা'ল্/zoğăl) কয়লা। (Char) coal. Carbon. –زغال چوب কাঠের কয়লা; কাঠ পোড়ানো কয়লা। Charcoal.

زغال اخته (যো.-আখ্তে/z.-axte) জাম জাতীয় বন্য ফলের বৃক্ষ। Dogberry; wild cornel.

زغال سنگ (যো.-সাঙ্গ/z.-sang) পাথুরে কয়লা। Coal. –ز. خالص খাঁটি অতি কঠিন পাথুরে কয়লা। Anthracite. –ز. نارس পীট কয়লা। Peat.

زغره (যাগ্বারে/zağare)= زقره পোশাকের বর্ডারে ব্যবহৃত ঝালর বা ফিতা (লেস)। Sweat-band.

زغ زغ(যেগ্বযেগ্ব/zeğ-zeğ) হৈ চৈ করা; বকবক করা; ঠন্ঠন্ করা; কিচির মিচির করা; ধড়ফড় করা। Clattering; chirping; peeping. Throbbing.

زغن (যাগ্বান্/zağan) কাকের ন্যায় দেখতে ক্ষুদ্রতর পাখী বিশেষ; কালো চড়ুই। Kite (bird).

زغنبوت (যাগ্বনাবূত্/zağnabut) ফোঁড়ার ন্যায় স্ফীতিযুক্ত তিক্ত স্বাদ বৃক্ষ বিশেষ; অত্যন্ত তিক্ত বস্তু বা বিরক্তিকর কোন বিষয় [গালি হিসেবেও ব্যবহৃত হয়]। Gall and worm wood; very bitter thing. [Used as an abuse].

زفاف (যেফা'ফ্/zefăf) কনেকে স্বামীর বাড়ী প্রেরণ; বিবাহ। Consummation of a marriage. Marriage. [তুল./Cf. عروسى]

زفت (যেফ্ত/ zeft) পীচ। Pitch. – زفت رومى এ্যাসফাল্ট। Asphalt. Jews'-pitch.

زفت (যোফ্ত/ zoft)= ترشرو/ خسيس

زفير (যাফীর্/ zafir) শ্বাস বন্ধ হয়ে যাওয়া। Expiration.

زقره (যাগ্বারে/zağare)=زغره

زكام(যোকা'ম্/ zokăm) (মাথায়) ঠাণ্ডা লাগা। Cold (in the head). – ز. شدن মাথায় ঠাণ্ডা লাগা। To have a cold in the head.

زکاة/زکواة (যাকা'ত্/ zakăt) যাকাত; ইসলামের বিধান অনুযায়ী সম্পদে গরীবদের জন্য নির্ধারিত অংশ। Poor-rate as prescribed by Islam.

زکریا(যাকারিয়্যা'/ zakariyyă) হযরত জাকারিয়া (আঃ)। Hazrat Zakaria (A.S.). Zachariah. Zacharias.

زکی (যাকী/zaki) [ব.ব./ pl. ازکیاء] পবিত্র; পরিশুদ্ধ; নেককার। Pure. Pious.

زگیل (যেগীল্/zegil) আঁচিল। Wart.

زل (যেল্/zel) লেজহীন দুম্বা। Tailless sheep

زلال (যোলা'ল্/ zolăl) নির্মল; স্বচ্ছ ও সুমিষ্ট (পানি)। Limpid (water).

زلالی (যোলা'লী/ zolăli) [স্ত্রী./Fem. زلالیه] অক্ষিগোলকের স্বচ্ছ আবরণের নিচে মজুদ তরল পদার্থ। Aqueous. Synovial.

زلزله (যেল্যেলে/ zelzele)= زمین لرزه ভূমিকম্প। Earthquake.
–زلزله نگاری ভূমিকম্প-নির্দেশক যন্ত্রের সাহায্যে ভূকম্পন পরিমাপবিদ্যা। Seismography.

زلزله زده (যে.-যাদে/ z.-zade) [ব.ব./ pl. زلزله زدگان] ভূমিকম্পে বিধ্বস্ত; ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত লোক। Stricken by earthquake. Victim of earthquake.

زلزله سنج (যে.-সান্জ্/ z.-sanj) ভূকম্পন পরিমাপ যন্ত্র। Seismometer; also, seismograph.

زلزله شناس (যে.-শেনা'স্/ z.-šenăs) ভূকম্পন বিশেষজ্ঞ। Seismologist.

زلزله شناسی (যে.-শেনা'সী/z.-šenăsi) ভূকম্পন-বিজ্ঞান। Seismology.

زلف(যোল্ফ্/zolf) অলক; চুলের ছোট ছোট কুঞ্চন; জুলফি; কোঁকড়া চুল। Lock of hair; ringlet.

زلوبیا(যোলূভিয়া'/ zolubiyă) জিলাপি; মিষ্টান্ন বিশেষ। A kind of sweet poncake.

زلیبیا (যোলীবীয়া/zolibiya)= زلوبیا

زلیخا(যোলায়খা'/zolayxă) জুলাইখা; জোলেখা; স্ত্রীবাচক নাম। Fem. pr. name.

زماره (যাম্মা'রে/ zammăre) [نی] বাঁশী। Flute; pipe.

زمام (যেমা'ম্/ zemăm) ঘোড়ার লাগাম; উটের নাকে পরানো কাঠের টুকরা যার সাথে রশি বাঁধা হয়। Reins; bridle.
–زمام امور را در دست گرفتن সরকারী ক্ষমতা হাতে নেওয়া। To take the reins of government.

زمامدار (যে.-দা'র্/z.-dăr) রাষ্ট্রনায়ক; শাসক; কর্তৃত্বশালী। Statesman in authority; person at the helm; ruler.

زمامداری (যে.-দা'রী/ z.-dări) শাসন-কর্তৃত্ব;চাকুরী বা কোন দায়িত্বের মেয়াদকাল। Statesmanship. Tenure of office.

زمان (যামা'ন্/zamăn) [ব.ব./pl. ازمنه] সময়; যুগ; কাল। Time. Epoch; age. Tense. –در زمان সময়ে; যুগে...; কাল। In the days of.

زمانه (যামা'নে/ zamăne) যমানা; কালচক্র; ভাগ্য। Times; era; fortune.

زمانی (যামা'নী/ zamăni) কালানুক্রমিক; সময়গত। Chronological. Temporal.

زمخت (যোমোখ্ত্/ zomoxt) তিতা বা টকবিশিষ্ট জিনিস (যেমন, ডালিমের

খোসা); মোটা; অমসৃণ; রূঢ়। Coarse; gross. Rude.

زمختی (যোমোখ্‌তী/zomoxti) টক বা তিতা স্বাদ; খসখসে ভাব; অমসৃণতা। Coarseness. Rudeness.

زمرد (যেমোর্‌রোদ্‌/zomorrod) এক ধরনের সবুজ রঙের দামী পাথর; জমরুদ; পান্না। Emerald.

زمردین (যেমোর্‌রোদীন্‌/zomorrodin) জমরুদ রঙের; পান্না রঙের। Emerald-coloured.

زمره (যোম্‌রে/zomre) শ্রেণী; দল; সমষ্টি। Category; group.

زمزمه (যেম্‌যেমে/ zemzeme) বিড়বিড় করে কথা বলা; গুঞ্জরণ; অনুরণন; বিড়বিড়; ফিসফিস; আস্তে কথা বলা; দোয়া করা; বজ্রপাত। Humming. Rumour. –ز. کردن বিড়বিড় করা; গুন গুন করে বলা/গাওয়া। To hum; croon.

زمستان (যেমেসস্তা'ন্‌/zemestăn) শীতকাল। Winter.

زمستانی (যেমেস্তা'নী/ zemestăni) শীতকালীন। Hibernal. Suitable for winter. – لباس ز. গরম পোশাক। Winter clothes.

زمهریر (যাম্‌হারীর্‌/ zamharir) প্রচণ্ড ঠাণ্ডা। Intense cold.

زمین (যামীন্‌/zamin) পৃথিবী; জমিন; জমি; মাঠ; ভূসম্পত্তি। Earth. Land. Ground; floor. Landed property. –ز.بوسیدن ভূমি চুম্বন করা; সম্মান প্রদর্শন করা। To do homage. –ز. خوردن মাটিতে আছাড় খাওয়া। To fall (down to the ground). To be overthrown. –ز.زدن ধাক্কা দিয়ে মাটিতে ফেলে দেওয়া; পরাজিত করা। To throw down. To overthrow. –بزمین گذاشتن মাটিতে ফেলে দেওয়া; ফেলে রাখা। To lay down. To abandon.

زمین پیما (যা.-পেইমা'/z.-peymă) ভূমি জরিপকারী। Land-surveyor.

زمین پیمایی(যা.-পেইমা'য়ী/z.-peymăyi) ভূমি জরিপ। Land-survey; land-measurement.

زمین شناس (যা.-শেনা'স্‌/z.-šenăs) ভূ-তত্ত্ববিদ। Geologist.

زمین شناسی (যা.-শেনা'সী/z.-šenăsi) ভূ-তত্ত্ব। Geology.

زمین گیر (যা.-গীর্‌/z.-gir) যে রোগী বার্ধক্য বা দুর্বলতার কারণে দাঁড়াতে পারে না; পক্ষাঘাতগ্রস্ত। মৃ. অ. ধরাশায়ী। Paralytic. OS. Confined to the ground.

زمین لرزه (যা.-লার্‌যে/z.-larze) ভূমিকম্প। Earthquake.

زمینه (যামীনে/zamine) কোন কিছুর উপরিভাগ; পরিকল্পনা; নকশা; বিষয়; ক্ষেত্র; পটভূমি। Background. Ground (work). Basis. Footing. –در این ز. এ ক্ষেত্রে; এ প্রসঙ্গে। In this connection. On these lines. –زمینهٔ چیزیرا فراهم کردن কোন কিছুর ক্ষেত্র প্রস্তুত করা। To pave the way for something.

زمینه سازی (যা.-সা'যী/ z.-săzi) পরিকল্পনা করা; ক্ষেত্র প্রস্তুত করা। Planning. Laying plots; intrigue.

زمینی (যামীনী/ zamini) জমিন সংক্রান্ত; ভূপৃষ্ঠ সংক্রান্ত; ভূপৃষ্ঠস্থিত। Terrestrial. Territorial. Overlands. –پست ز. স্থল-ডাক। Surface mail. –نیروی ز. স্থলবাহিনী। Land force.–سیب ز. গোল আলু। Potato.

زن(যান্/zan) নারী; স্ত্রী। Woman. Wife. –کارگر زن নারী শ্রমিক। Female worker. –ز. دادن বিয়ে করানো। To take a wife for; marry. –زن بردن/ زن گرفتن কোন মহিলাকে বিয়ে করা। To take a wife; marry a woman.

زن (যান্/ zan) [زدن এর অনু./ Imp. of زدن]

زنا (যেনা'/zenă) ব্যভিচার; অবৈধ যৌন মিলন; জেনা। Adultery. –ز. کردن জেনা করা। To commit adultery. –زنای بعنف ধর্ষণ। Rape. –زنای محصنه বিবাহিতা নারীর সাথে জেনা। Adultery with a married woman.

زنادقه(যানাদেগ্বে/zanădeğe) [زندیق এর ব.ব./pl. of زندیق]

زنادیق (যানা'দীগ্ব/zanădiğ)=زنادقه

زنار (যোন্না'র্/zonnăr) মুসলিম শাসনামলে ইহুদী ও খ্রীস্টান জিম্মিদের মুসলমানদের থেকে স্বাতন্ত্র্য বোঝানোর জন্য ব্যবহৃত বিশেষ ধরনের কোমরের বেল্ট ও ক্রুশচিহ্নবিশিষ্ট গলার বেল্ট। A Christian's or Jew's girdle distinguishing him from a Moslem.

زنازاده(যেনা'যা'দে/zenă-zăde)= حرامزاده

زنا شویی (যানা'শূয়ী/zanăšuyi) বিবাহ; দাম্পত্য। Matrimony. Marriage. –ز. زندگی বৈবাহিক জীবন। Married life. –ز. کردن বিবাহ করা; বৈবাহিক জীবন যাপন করা। To join in marriage.

زناکار (যেনা'কা'র্/zenăkăr) ব্যভিচারী; ব্যভিচারিনী; জেনাকারী; জেনাকারিনী। Adulterer; adulteress.

زناکاری (যেনা'কা'রী/zenăkări) ব্যভিচার; জেনা। Adultery.

زنانگی (যেনা'নেগী/ zenănegi) ১/1)= زنانه ২/2) নারীত্ব; বিশেষভাবে নারীদের সম্পাদনীয় কাজকর্ম। Femininity. –داروی ز. হাতুড়ে ঔষধ। Nostrum.

زنانه (যানা'নে/ zanăne) নারী সংক্রান্ত; নারীসুলভ; নারীর জন্য তৈরী; নারীর বাসস্থান। Women's; ladie's; Women's apartment.–کفش ز. মহিলাদের জুতা। Ladies' shoe. –خوی ز. নারী-প্রকৃতি; নারী মনস্তত্ত্ব। Feminine nature. –علم بیماریهای ز. স্ত্রীরোগবিদ্যা। Gynecology.

زنانه دوز (যা.-দূয্/ z.-duz) পোশাক প্রস্তুতকারক। Dressmaker.

زن بابا (যান্‌বা'বা'/zan-băbă)=زن پدر

زنبر (যাম্বার্/zanbar) ইট, মাটি ইত্যাদি বহনের জন্য দুই চাকার হাতলযুক্ত বড় ঝুড়ি বিশেষ। Hand-barrow.

زن برادر(যান্‌বারা'দার্‌/zan-barădar) ভাবী; ভাইয়ের স্ত্রী। Brother's wife; sister-in-law.

زنبرك (যাম্বোরাক্‌/zanborak) ধনুক বিশেষ; আড়ধনু; স্প্রিং; ঘড়ির স্প্রিং। Crossbow. Spring [فنر].

زنبركی (যাম্বোরাকী/zanboraki) স্প্রিং-চালিত। Operated by a spring.–كمان زنبرکی গুলতি ছোঁড়ার বাটুল। Arbalest; crossbow.

زنبق (যাম্বাগ্‌/zanbağ) লম্বা পাতাযুক্ত পদ্মফুলসদৃশ ফুল বিশেষ; উক্ত ফুলের গাছ; লিলি। Iris; lily.

زنبور (যাম্বুর্‌/zanbur) মৌমাছি; ভীমরুল; বোলতা। Bee. Wasp. –زنبور عسل মৌমাছি। Bee. –زنبور سرخ বড় বোলতা বিশেষ; ভীমরুল। Hornet. –زنبور طلائی শস্যধ্বংসী পিঙ্গল বর্ণ পতঙ্গ বিশেষ। Cock-chafer. –زنبور غله ফসলের ক্ষেতে জন্ম নেয়া ফসলের গাছ কাটা পতঙ্গ বিশেষ। Sawfly.

زنبور خوار (যা.-খা'র্‌/ z.-xăr) [مرغ ز. বোঝাতে/For مرغ ز.] মৌমাছি-খেকো (পাখি); চামচিকা। Bee-eater. Titmouse.

زنبور داری (যা.-দা'রী/z.-dări) মৌমাছি পালন; মৌমাছির চাষ। Apiculture.

زنبورك (যাম্বুরাক্‌/zanburak) ১/1) = زنبرك ২/2) ছোট মৌমাছি; আগেকার দিনে উটের পিঠে বসিয়ে ব্যবহার করা হত এমন এক ধরনের ছোট কামান; তীর; সূঁচালো অগ্রভাগবিশিষ্ট অস্ত্র; স্প্রিং। Falconet.

زنبوركی (যাম্বুরাকী/zanburaki) স্প্রিংবিশিষ্ট; রন্ধ্র সংক্রান্ত; ক্ষুদ্র কক্ষবিশিষ্ট; ছিদ্রময়। Alveolar; cellular. Reticular.

زنبوری (যাম্বুরী/zanburi) ক্ষুদ্র ক্ষুদ্র কক্ষবিশিষ্ট; মৌচাক। Cellular; honey-combed.

زنبه (যাম্বে/zanbe)= زنبق / زنبر

زنبیل (যাম্বীল্‌/zanbil) ঝুড়ি। Basket.

زن پدر (যান্‌পেদার্‌/ zanpedar) সৎমা। Step-mother.

زنجاب (যেন্‌জা'ব্‌/zenjăb)=زنگاب

زنجبیل (যান্‌জাবীল্‌/ zanjabil) আদা। Ginger.–زنجبیل پرورده চাষকৃত আদা। Preserved ginger. –زنجبیل سگ বুনো বা বাঘা আদা। Smartweed; waterpepper. –زنجبیل شامی শামী আদা। Elecampane.

زنجره (যান্‌জারে/ zanjare) ঝিঁঝি পোকা। Cricket; grig.

زن جلب (যান্‌ জালাব্‌/zan-jalab) যার স্ত্রী অসতী বা নষ্টা। Cuckold.

زنجیر (যান্‌জীর্‌/zanjir) শিকল। Chain. –حلقهٔ ز. শিকলের কড়া; আংটা। Link. –مأمور ز. টোল আদায়কারী। Toll-man. –ز. کردن (কাউকে) শিকল দিয়ে বাঁধা। To put in chains.

زنجیره (যান্‌জীরে/zanjire) শিকলতুল্য যে কোন কিছু; কোন কিছুর বিশেষত ধাতব মুদ্রার বর্ডার; জাল; তরঙ্গবৎ কুঞ্চন। Chain mark. Chain work.

زنجیری(যান্‌জীরী/ zanjiri) শিকলতুল্য; ধারাবাহিক; শিকলচালিত; শিকল পরিহিত; শিকলে বাঁধা। Chain like; Chain-driven. Chained.–آچار ز.

শিকলযুক্ত রেঞ্জ (যা নলকূপ বসাতে ব্যবহৃত হয়)। Chain-wrench.
–پل ز. ঝোলানো সেতু। Chain-bridge.

زنخ (যানাখ/zanax) থুতনি; চিবুক। (Pit in the) chin.

زنخی (যানাখী/ zanaxi) চিবুক সংক্রান্ত; মানসিক। Genial; mental.

زند (যান্দ্/zand) যান্দঃ পারসিক ধর্মের ধর্মগ্রন্থ 'আভেস্তা'র ব্যাখ্যা-বিশ্লেষণমূলক গ্রন্থ। Zand: exposition of the Avesta. Commentary.

زند (যান্দ্/zand) হাতের কব্জি; হাতের কব্জি ও কনুইর মধ্যবর্তী অংশ (এর হাড়)। (Bone of the) forearm.
–زند اعلی কব্জি ও কনুইর মধ্যকার ওপরের হাড্ডি। Radius. –زند اسفل কব্জি ও কনুইর মধ্যকার নিচের হাড্ডি; বাহুর বহির্ভাগের অস্থি বিশেষ। Ulna.

زندار (যান্দা'র্/ zandăr)= বিবাহিত পুরুষ। Married (man).

زندان (যেন্দা'ন্/zendăn) কারাগার; জেলখানা। Prison.

زندانبان (যে.-বা'ন্/z.-băn) কারাধ্যক্ষ; জেলর। Jailor.

زندانی (যেন্দা'নী/ zendăni) কারাবন্দী; কয়েদী। Prisoner.

زنداوستا(যান্দো-আভেস্তা'/ zando-avestă) যিন্দাভেস্তা ব্যাখ্যাসহ আভেস্তা গ্রন্থ)। Zand-Avesta, the Avesta and its commentary.

زندایی (যান্দা'য়ী/zandăyi) মামী। Wife of one's maternal uncle; aunt.

زندخوان (যান্দ্-খা'ন্/zand-xăn) যে নিয়মিত 'যান্দ' গ্রন্থ পাঠ করে; পারসিক ধর্মযাজক; বুলবুলসহ যে কোন সুকণ্ঠী পাখি। Priest chanting the Zand. Sweet-singing bird.

زندقه (যান্দাগ্বে/zandağe) জিন্দিকী; নাস্তিকতা; ধর্মহীনতা; গোপনে কুফরী ও প্রকাশ্যে ঈমানের ভান করা। Dualism. Atheism.

زندگان (যেন্দেগা'ন্/ zendeğan)= দ্র./ S.u. زنده

زندگانی(যেন্দেগা'নী/zendegăni) জীবন; বেঁচে থাকা; জীবন যাপন। Life. Living. –ز. کردن জীবন যাপন করা। To live.

زندگی (যেন্দেগী/zendegi) জীবন; জীবন যাপন; জীবনকাল। Life. Living. Life time. –شرح ز. জীবন বৃত্তান্ত। Biography. –ز. کردن জীবন যাপন করা। To live.

زن دوست (যান্ দূস্ত্/zan-dust) নারীপ্রেমিক; নারীর প্রতি যার আকর্ষণ খুবই বেশী। Philoginous; uxorious.

زن دوستی (যান্ দূস্তী/ zan-dusti) রমণীপ্রিয়তা; নিজ স্ত্রীর প্রতি অত্যাসক্তি। Philoginy. Uxoriousness.

زنده (যেন্দে/ zende) জীবন্ত; প্রাণবন্ত। Alive; living. [ব.ব./pl. زندگان].
–ز. کردن প্রাণ দান; প্রাণবন্ত করা; পুনরুজ্জীবিত করা। To restore to life. To revive. –ز. شدن প্রাণ লাভ; প্রাণবন্ত হওয়া; পুনরুজ্জীবিত হওয়া; পুনরায় চালু হওয়া; সতেজ হওয়া। To be restored to life. To be revived. To be refreshed.
–شب زنده داری রাত্রি জাগরণ। To spend the night awake.

زنده دل(যেন্দে দেল্/zende del) যার অন্তঃকরণ আলোকিত; হাসি-খুশি; প্রাণবন্ত; প্রাণোচ্ছল বৃদ্ধ; নেককার। Enjoying a green old age; hearty and hale. Lively; vigilant. Pious.

زندی (যান্দী/ zandi) হাত (কনুই থেকে আঙ্গুল) সম্বন্ধীয়; হাতের কনুই থেকে কব্জি পর্যন্ত দুই হাড্ডি সম্বন্ধীয়। Cubital: radial or ulnar.

زندیق(যেন্দীখ্/ zendiğ) [زنادیق/زنادقه] যিন্দিক; যে অন্তরে কাফের কিন্তু বাইরে ঈমানদার হবার ভান করে; নাস্তিক; মুর্তাদ; কাফের; ধর্মহীন। Sadducee. Atheist. Dualist.

زن صفت (যান্ সেফাত্/zan sefat) মেয়েলী; নারীসুলভ বৈশিষ্ট্য। Effeminate. Womanish.

زن عمو (যান্ আমু/zan-amu) চাচী। Wife of one's paternal uncle; aunt.

زن قحبه (যান্ খাহ্বে/zan ğahbe) যার স্ত্রী অসতী বা নষ্টা; গালি বিশেষ। Cuckold.

زنگ (যাঙ্/ zang) [স্কুলের] ঘণ্টা; মরিচা। Bell. [At school] Period. Rust. –زنگ زدن বেল বাজানো; মরিচা পড়া। To ring a bell. To rust.

زنگاب (যাঙ্গা'ব্/ zangăb)= زنجاب দেয়ালগাত্রে রং করার পর থেকে যাওয়া আবছা দাগ বা রঙের ছোপ। Stain left after a distemper.

زنگار (যাঙ্গা'র্/zangăr) মরিচা; তাম্রমল (প্রধানত তামার সবুজ রঙের মরিচা)। Verdigris. Rust.

زنگار(যাঙ্গা'র্/zangăr)= زنگال চামড়া বা মোটা কাপড়ে প্রস্তুত পায়ের উপরিভাগের আচ্ছাদন। Leggings.

زنگاری(যাঙ্গা'রী/zangări) তামার মরিচার রংবিশিষ্ট; মরিচা সংক্রান্ত। Rust coloured; rubiginous.

زنگال (যাঙ্গা'ল্/zangăl)=زنگار

زنگ زده (যাঙযাদে/ zang-zade) মরিচা ধরেছে এমন। Rusty.

زنگ نزن (যা.-নাযান্/ z.-nazan) মরিচা ধরে না এমন। Rustproof. Stainless.

زنگوله (যাঙ্গূলে/ zangule) ছোট ঘণ্টা; বাচ্চাদের পায়ে বেঁধে দেওয়ার ঝুনঝুনি। Hawkbell; little bell.

زنگی (যাঙ্গী/zangi) ঘণ্টাসজ্জিত; ঘণ্টা বাজায় এমন। Furnished with a bell.

زنگی (যাঙ্গী/zangi) জাঞ্জিবারের অধিবাসী; ইথিওপীয়; কৃষ্ণাঙ্গ। Native of Zanzibar. Ethiopian. Blackamoor.

زننده (যানান্দে/ zanande)= [ব.ব./pl. زنندگان] আঘাতকারী; ঘৃণ্য; তোলপাড় সৃষ্টিকারী; বিচলিতকারী; বাদক। Repulsive. Shocking. Mordant. Player.

زنهار (যেন্হা'র্/zenhăr) সাবধান! [কোন কিছু থেকে সতর্ককরণ বাচক শব্দ] [আশ্রয় দাও!] বাঁচাও! অনুগ্রহ কর! Caution. Mercy! Beware! Take care!

زنی (যানী/zani) নারীত্ব। Womanhood.

زنیان (যেন্ইয়া'ন্/ zenyăn) এক ধরনের উদ্ভিদ যা মাটি বেয়ে বিস্তার লাভ করে

এবং এর বীচি থেকে সুগন্ধি প্রস্তুত করা হয়। Aniseed.

زو (যু/ zu)= از او

زوار (যাভ্ভা'র্/ zavvăr) বেশী বেশী জিয়ারতকারী; পবিত্র স্থানের জিয়ারতকারী; তীর্থযাত্রী। Pilgrim.
–زوار مكه মক্কায় পবিত্র হজ্বযাত্রী। Pilgrim to Macca.

زوار (যোভ্ভা'র্/ zovvăr) [زائر এর ব.ব./ pl. of زائر]

زوال(যাভা'ল্/zavăl) অবক্ষয়; অস্তগামিতা। Decline. Decadence.
–روبزوال گذاردن পতনোম্মুখ হওয়া। To begin to decline or disappear; be on the wane.

زوايا (যাভা'ইয়া'/zavăyă) [زاويه এর ব.ব./ pl. of زاويه]

زوائد (যাভা'এদ্/zavă'ed) প্রয়োজনাতিরিক্ত; বাড়তি। Superfluities. [তুল.এ.ব./Cf. so. زائد]

زوبين (যূবীন্/zubin) অতীতকালে যুদ্ধে ব্যবহৃত দুই ফলাবিশিষ্ট ছোট বর্শা। Javelin; dart.

زوج (যাওজ্/ zawj) [ব.ব./ pl. ازواج] জোড়া; জুটি; জোড় স্বামী। Pair; couple. Even number. Husband.

زوجات (যাওজা'ত্/ zawjăt) [زوجه এর ব.ব./pl. of زوجه]

زوجه(যাওজে/zawje) [ব.ব./pl. زوجات] = زن স্ত্রী। Wife.

زوجين (যাওজেইন্/zawjeyn) স্বামী-স্ত্রী; দম্পতি। Married couple; husband and wife.

زود(যূদ্/zud) তাড়াতাড়ি; দ্রুত; যথাসময়ের পূর্বে। Quickly. Soon. Early.
–ز. باشيد তাড়াতাড়ি করুন। Be quick. Hurry up. –صبح ز. খুব সকালে। Early morning.
–هرچه زودتر যত তাড়াতাড়ি সম্ভব। As early as possible.

زود آشنا (যূ.-অ'শেনা'/z.-ăšenă) যে তাড়াতাড়ি অন্যের সাথে পরিচিত হতে পারে বা বন্ধুত্ব গড়ে তুলতে পারে। Apt to become sociable or friendly.

زود باور (যূ.-বা'ভার্/z.-băvar) যে ব্যক্তি কারো বক্তব্য চিন্তা-ভাবনা ছাড়াই বিশ্বাস করে; সরলমনা। Credulous; easy of belief.

زود باوری(যূ.-বা'ভারী/z.-băvari) চিন্তা-ভাবনা ছাড়াই (কারো কথা) বিশ্বাস করা; সরলতা। Credulity.

زود بند (যূ.-বান্দ্/z.-band) যা সহজে জোড়া লাগে। Quick-setting.
–سيمان ز. দ্রুত জমাট বাঁধে এমন সিমেন্ট। Quick-setting cement.

زود پز(যূ.-পায্/ z.-paz) যা সহজে রান্না করা যায়। Easily cooked.–ديگ ز. প্রেশার কুকার। Pressure-cooker.

زود جوش (যূ.-জূশ্/z.-juš) সহজে মেলামেশা বা অন্তরঙ্গ হবার প্রবণতার অধিকারী। Apt to mix or become sociable.–آدم ز. মিশুক ব্যক্তি। Good mixer.

زودخشم (যূ.-খাশ্ম্/z.-xašm)= زود غضب

زود خيز (যূ.-খীয্/z.-xiz) যে তাড়াতাড়ি উঠে দাঁড়ায়; যে সকালে তাড়াতাড়ি ওঠে। Early riser.

زود رنج(যূ.-রান্জ্/z.-ranj) সংবেদনশীল;

স্পর্শকাতর (ব্যক্তি)। Touchy; quick to take offence.

زود رس (যূ.-রাস্/z.-ras)= پیشرس

زود غضب(যূ.-গ্বাযাব্/z.-ğazab)= –زود خشم যে দ্রুত রাগান্বিত হয়। Prone to anger; hot-tempered.

زود گذر (যূ.-গোযার্/ z.-gozar) দ্রুত অপসৃয়মান; যা দ্রুত চলে যায় বা শেষ হয়ে যায়; ক্ষণস্থায়ী। Transient.

زودی (যূদী/zudi) দ্রুততা। Quickness. –بزودی শীঘ্র; অনতিবিলম্বে। Soon; shortly; before long.–باین ز. এত শীঘ্র; এত তাড়াতাড়ি। So soon.

زودیاب (যূদ ইয়া'ব্/zud yăb) সহজলভ্য; ধীমান; সমঝদার। Early obtained.

زور (যূর্/zur) শক্তি; ক্ষমতা; বল; জোর উৎপীড়ন। Force. Power; strength; might. Violence. –حرف ز. অন্যায়, খারাপ বা অযৌক্তিক কথা। –ز. آوردن চাপ প্রয়োগ করা; জুলুম করা। Unfair or illogical remark. To press. –ز. دادن চাপ দেওয়া; ধাক্কা দেওয়া। To press upon. To push. –ز. زدن শক্তি প্রয়োগ করা। To exert force. –بزور শক্তি প্রয়োগ করে; জোরপূর্বক। By force. –بزور خندیدن জোর করে হাসা। To force a laugh. –راه خود را بزور باز کردن গায়ের বলে এগিয়ে যাওয়া। To force one's way. –بزور گرفتن জোরপূর্বক নেওয়া; কেড়ে নেওয়া। To extort; exact. –زورم باو نمی رسد আমি শক্তিতে তার সাথে পারব না; আমি তার সাথে শক্তিতে কুলিয়ে উঠতে পারি না। I am not a match for him. I cannot cope with him (in strength).

زور آزما (যূ.-অ'য্মা'/z.-ăzmă) শক্তি পরীক্ষামূলক ক্রীড়াদিতে প্রতিদ্বন্দ্বিতাকারী ব্যক্তি বা মল্ল। Athlete.

زور آزمایی (যূ.-অ'য্মা'য়ী/ z.-ăzmăyi) শক্তি পরীক্ষা। Measuring one's strength.

زور آور (যূ.-অ'ভার্/ z.-ăvar) শক্তিমান; দাপট প্রদর্শনকারী। Powerful.

زور تپان کردن (যূ.-তাপা'ন্ কার্দান্/ z.-tapăn kardan) কোন জিনিস জোর করে কোথাও প্রবেশ করানো; চাপ দেওয়া। To cram or thrust with force.

زور چپان کردن(যূ.-চাপা'ন্ কার্দান্/ z.-čapăn kardan)= زورتپان کردن

زور خانه (যূ.-খা'নে/z.-xăne) ব্যায়ামাগার; কুস্তি শিক্ষার বিদ্যালয়। Gymnasium; palestra.

زورق (যাওরাগ্ব/zawrağ) ডিঙি নৌকা। Boat.

زورقی (যাওরাগ্বী/zawrağı) নৌকাকৃতির। Scaphoid.

زورکی (যূরাকী/ zuraki) জোরপূর্বক; নগ্নভাবে। Forced. Barely. –خندهٔ ز. কষ্টকল্প হাসি। Forced laughing.

زورگو (যূর্গু/zurğu) যে অযৌক্তিক কথা বলে বা দাবি তোলে। One who makes illogical remarks or unreasonable demands.

زورمند(যূর মান্দ্/zur mand) শক্তিশালী। Powerful; strong.

زورمندی(যূ.-মান্দী/z.-mandi) শক্তি প্রদর্শন; শক্তিমত্তা। Exercise of power.

زور ورزی (যূ.-ভার্‌যী/z.-varzi) শক্তি প্রয়োগ। Exertion of force.

زوزه (যূযে/ zuze) কুকুরের ঘেউ ঘেউ; খেঁকশিয়ালের ডাক। Howling. –ز. کشیدن শিশুর ন্যায় ঘ্যান ঘ্যান করা; ঘেউ ঘেউ করা; কেঁউ কেঁউ করা। To howl; pule; yelp.

زوفا (যূফা'/ zufā) ফুল ও ফলবিশিষ্ট এক ধরনের ছোট গাছ যা থেকে সুগন্ধি তৈরি করা হয়। Hyssop.

زه(যেহ্/zeh) ধনুকের জ্যা; বাদ্যযন্ত্রের তার। Catgut. Cord. Bowstring. Rim. Chord; hypotenuse.

زه (যেহ্/zeh) সন্তান জন্মদান; বীর্য; শিশু। Childbirth. –درد زه প্রসব বেদনা। Pains of childbirth; labour.

زه (যেহ্/zeh)= زهی

زه (যেহ্/zeh) কোন কিছু থেকে পানির উৎসরণ। Water oozing through a stream.

زهاد(যোহ্‌হা'দ্/zohhād) [زاهد এর ব.ব./ pl. of زاهد].

زهار (যেহা'র্/zehār) লজ্জাস্থান; গুপ্তাঙ্গ। Privy parts. –موی ز. যৌনকেশ। Pubes.

زهتاب (যেহ্‌তা'ব্/ zehtāb) সুতা বা রজ্জু পাকায় এমন ব্যক্তি। Cord-twister.

زهد (যোহ্‌দ্/zohd) দুনিয়ার প্রতি উপেক্ষা ও ইবাদতে মনোসংযোগ (জুহ্‌দ); পরহেজগারী; পূতপবিত্র জীবন যাপন। Asceticism; abstemiousness.

زهدان (যেহ্‌দা'ন্/zehdān) জরায়ু। Uterus.–آماس ز. জরায়ু প্রদাহ। Metritis; uteritis.

زهد فروش(যোহ্‌দ্ ফোরূশ্/zohd foruš) ভণ্ড তাপস। Hypocritical.

زهدفروشی (যো.-ফোরূশী/ z.-forušī) ধার্মিকতার আবরণে ভণ্ডামি; কপটতা। Hypocrisy.

زهر (যাহ্‌র্/ zahr) বিষ। Poison. –[به] ز. دادن [কাউকে বিষ খাওয়ানো; বিষ দেওয়া]। To poison. –ز. کردن কোন কিছুকে অপছন্দনীয় বা তিক্ত করে তোলা। To make disagreeable or bitter.–زهر خود را بمن ریخت সে আমার ওপরে ঝাল ঝেড়েছে; সে আমার সাথে তার পরিকল্পনামতই আচরণ করেছে। He served me out at last as he had planned.

زهرا (যাহ্‌রা'/ zahrā) স্ত্রীবাচক নাম। Fem. pr. name.

زهراب (যাহ্‌রা'ব্/zahrāb)=پیشاب মূত্র; বিষাক্ত পানি। Urine. Poisoned water.

زهرابه (যাহ্‌রা'বে/ zahrābe) বিষাক্ত। Toxin.

زهرآگین (যাহ্‌রা'গীন/zahrāgin)= زهر آلود বিষাক্ত; বিষদুষ্ট। Poisoned.

زهرآلود (যাহ্‌রা'লূদ্/zahrālud)= زهرآگین

زهر باد (যাহ্‌র্ বা'দ্/ zahr bād) ঠাণ্ডা লাগা; ডিপথেরিয়া; টনসিল বা গল-গ্রন্থির প্রদাহ। Quinsy; tonsillitis.

زهر دارو (যা.-দা'রূ/z.-dāru)= پاد زهر

زهر شناس (যা.-শেনা'স্/ z.-šenāš) বিষ বিশেষজ্ঞ; বিষবিজ্ঞানী। Toxicologist.

زهر شناسی (যা.-শেনা'সী/ z.-šenāši) বিষবিজ্ঞান। Toxicology.

زهر کش(যা.-কোশ/ z.-koš) বিষনাশক; বিষ-প্রতিষেধক। Antidotal; anti-toxic. Antidote.

زهروی (যোহ্‌রাভী/ zohravi) যৌন সংসর্গঘটিত; যৌন ব্যাধি। Venereal.

زهره (যাহ্‌রে/ zahre) পিত্তথলি। Gall-bladder.
–ز. ام ترکید/ز. ام آب شد আমার পিলে চমকে উঠেছে; আমি এমনই ভয় পেয়েছি যে, মরে যাচ্ছিলাম। I was frightend to death.

زهره (যোহ্‌রে/zohre)= ناهید গ্রীকদের প্রেম ও সৌন্দর্যের দেবী ভেনাস; শুক্র গ্রহ। Venus.

زهره ترك (যাহ্‌রে তারাক্‌/zahre-tarak) প্রচণ্ড ভয়ে মরে যাওয়ার মত অবস্থা। Frightened to death.
–زهره ترك شدن ভয়ে প্রাণ ওষ্ঠাগত হওয়া। To be frightened to death; have one's heart in one's mouth. –زهره ترك كردن প্রচণ্ড ভীতির কারণে মরে যাওয়ার অবস্থা সৃষ্টি করা; কারো রক্ত জমাট বাঁধিয়ে হিম করে দেওয়া। To frighten to death; freeze one's blood; make one's blood run cold.

زه قلاب (যেহ্ ঘোল্লা'ব্‌/zeh-ğollăb) মাছ ধরার বড়শীসহ সুতা। Fishing-line.

زه کش (যেহ্ কাশ্‌/zeh-kaš) ময়লা পানির ড্রেন; ড্রেন পাইপ। Drain pipe.

زه کشی (যেহ্ কেশী/zeh-keši) ময়লা নিষ্কাশন ব্যবস্থা; পয়ঃনিষ্কাশন ব্যবস্থা। Drainage.

زهگیر(যেহ্‌গীর্‌/zehgir) তীর ছোঁড়ার সময় আঙ্গুলের ডগায় পরিধানের চামড়ার বা হাড্ডির টোপর। Archer's thumbstall.

زهم(যোহ্‌ম্‌/zohm) (গোশত্‌) পচা গন্ধ; দুর্গন্ধ; দুর্গন্ধযুক্ত চর্বি। Fetid smell (of meat). Stinking fat.

زهوار (যেহ্‌ভা'র্‌/zehvăr) কোন কিছুর চারদিকে ব্যবহৃত চামড়ার সরু ঝালর বা অন্য কোন কিছুর ঝালর; ফিতা; দরজার ফ্রেমে পুঁতে রাখা পেরেকের ন্যায় সরু কাষ্ঠনির্মিত কাঠি। Lace; groove. Rim. –زهوارش در رفت সে শেষ হয়ে গেছে। He pegged out.

زهی (যেহী/zehi) প্রশংসাসূচক শব্দঃ কত ভাল! কী চমৎকার! Well done!

زی (যী/zi) পোশাকের ধরন; চেহারা; অবয়ব। Garb; appearance.

زیاد (যিয়া'দ/ziyăd) অনেক; প্রচুর; অতিরিক্ত; বিরাট; আরও। Much. Many. Excessive. Great. Too many. Very much or too much. Too. –ز. شدن বৃদ্ধি পাওয়া; বেশী হওয়া। To be increased. To grow. –ز. کردن বৃদ্ধি করা। To increase or multiply.
–مرحمت سرکار زیاد মু. অ. আপনার অনুগ্রহ অনেক; বহুত শুকরিয়া; আপনাকে অনেক ধন্যবাদ। Thank you (very mach).

زیادت (যীয়া'দাত্‌/ziyădat) অতিরিক্ত হওয়া; বর্ধন। Excess. Increase.

زیادتی (যীয়া'দাতী/ ziyădati) অতিরিক্ত হওয়া; অতিরিক্ত; প্রাচুর্য। Surplus; excess. Abundance.

زیاده (যীয়া'দে/ ziyăde) [بیشتر/ بیش] অধিক; অতিরিক্ত। More.
–ز. از آن است که بتوان شمرد এত বেশী যে, গণনা করা সম্ভব নয়। It is

(or they are) more than can be counted. –ز. از حد মাত্রাতিরিক্ত। Excessively. –...ز. بر এর চেয়ে বেশী/অতিরিক্ত; সীমাতিরিক্ত। More than; in excess of.

زیاده روی (যী.-রাভী/z.-ravi) বাড়াবাড়ি; সীমাতিক্রম; চরম পন্থা। Extravagance. Intemperance.

زیاده ستانی (যী.-সেতা'নী/z.-setăni) জোর করে অতিরিক্ত কিছু আদায় করা। Extortion.

زیادی (যীয়া'দী/ziyădi) অতিরিক্ত; উদ্বৃত্ত; বেশী; বাড়তি। Excess; surplus. Extra. Superfluous. Spare. Too much; extra.

زیارت (যীয়া'রাত্/ziyărat) জিয়ারত; পবিত্র স্থানে গমন। Pilgrimage. –ز. کردن ধর্মীয় স্থান পরিদর্শন বা জিয়ারত করা; সাক্ষাত করা। To visit as a pilgrim. To meet.

زیارت گاه (যী.-গা'হ্/z.-găh) ধর্মীয় পবিত্র স্থান; যেখানে জিয়ারতকারীদের আগমন ঘটে। Sacred place visited by pilgrims.

زیاك(যীয়া'ক/ziyăk) = خروس کولی

زیان (যীয়া'ন্/ ziyăn) লোকসান; ক্ষতি; আঘাত। Loss. Detriment. Injury. –ز. دیدن ক্ষতিগ্রস্ত হওয়া; আঘাত পাওয়া। To incur (or sustain) a loss. To be injured. –ز. رساندن به কারো ক্ষতি করা; কাউকে আঘাত করা; কারো অনিষ্ট করা। To cause to sustain a loss. To injure. To be prejudicjal to. –ز. بردن ক্ষতিগ্রস্ত হওয়া। To sustain a loss.

زیان آور (যী.-অ'ভার্/z.-ăvar) ক্ষতিকর; অনিষ্টকর। Prejudicial. Injurious.

زیانکار(যী.-কা'র্/z.-kăr) লোকসানদাতা; যে তার কোন কাজে ক্ষতি/লোকসানের সম্মুখীন হয়। (One) who incurs a loss in whatever he does.

زیب (যীব্/zib) অলঙ্কার; সাজসজ্জা; সৌন্দর্য। Ornament. Beauty. –ز. دادن সুসজ্জিতকরণ; অলঙ্কৃতকরণ। To ornament; adorn.

زیبا (যীবা'/zibă) সুন্দর; সুন্দরী; সুদর্শন। Beautiful. Handsome. Nice. –مرغ ز. টিট্টিভ জাতীয় জলচর পাখি বিশেষ। Lapwing; pewit.

زیبایی (যীবা'য়ী/zibăyi) সৌন্দর্য। Beauty. –سالن ز. সাজঘর; বিউটি পার্লার। Beauty-parlour.

زیبایی شناسی (যী.-শেনা'সী/z.-šenăsi) সৌন্দর্য বিজ্ঞান; কান্তিবিদ্যা। Aesthetics.

زیبق (যেইবাগ্ব/zeybağ)=جیوه/سیماب

زیبندگی (যীবান্দেগী/zibandegi) সৌন্দর্যশীলতা; উপযুক্ততা; যথার্থতা। Becomingness. Elegance.

زیبنده (যীবান্দে/zibande) মার্জিত; শোভন; সুদর্শন; উপযুক্ত; মানানসই। Becoming. Elegant. Graceful.

زیبیدن (যীবীদান্/zibidan) [زیب] শোভন হওয়া; সুন্দর হওয়া; মানানসই হওয়া; দেখতে সুন্দর হওয়া। To become; suit. To seem beautiful.

زیپ (যীপ্/ zip) জিপ; (প্যান্ট ইত্যাদির) চেইন। zip(fastener).

زیپلن(যীপ্‌লেন্/ziplen) জেপেলিন (বিশেষ ধরনের বিমান)। Zeppelin.

زیپو (যীপু/zipu) কৃশ ও দুর্বল; ক্ষীণ; নিস্তেজ; নিকৃষ্ট বা বাজে শ্রেণীর। Wishy-washy.

زیتون (যেইতূন্/zeytun) জলপাই। Olive. -زیتون تلخ তিতা জলপাই; নিমগাছ। Margosa-tree; azedarach.

زیتونی (যেইতূনী/zeytuni) জয়তুনজাত; জয়তুন থেকে উৎপন্ন; জয়তুনের ন্যায় সবুজ রঙ। Olivaceous. Olivary. Olive-green.

زیج (যীজ/zij)= زیگ জ্যোতিষ ও জ্যোতির্বিদদের চার্ট। Astronomical tables.

زید (যেইদ্/zeyd) পুং বাচক নাম। Mas. pr. name.

زیر (যীর্/zir) নীচ; তলদেশ; হরফের নীচে প্রদত্ত স্বরচিহ্ন। Bottom; lower part. The vowel-sign. ـــ زیر নিচে/নিম্নে। Under; below.-نامبرده در زَیر নিম্নোক্ত। Mentioned below. -زیر پاگذاشتن পদদলিত করা; অমান্য করা। To trample. To repress. -زیر پای کسی نشستن কারো শিষ্যত্ব গ্রহণ করা। To seduce some one. -زیر سرش بلند شده است তার নীচু মাথা উঁচু হয়ে গেছে। His head has been turned (with the promise of a better position). -زیر خنده زدن কাউকে উপহাসের পাত্রে পরিণত করা। To burst into a laughter. -بزیر آمدن নিচে নেমে আসা; অবতরণ করা। To come down. To fall. -زیر و زبر کردن ওলটপালট করা; সম্পূর্ণরূপে ধ্বংস করা। To turn upside down. To turn to chaos; destroy completely. -زیر و رو کردن তছনছ করা; ওলটপালট করা। To turn upside down. To ransack; rummage.

زیرا (যীরা'/zirǎ) কারণ; কেননা। Because.

زیراب (যীরা'ব্/zirǎb) হাউজের তলার পানি; পানির হাউজের নীচের ছিদ্র যা দ্বারা হাউজের পানি খালি করা যায়। Voidance water. Outlet.

زیرا که (যীরা' কে/zirǎ-ke)=زیرا

زیر انداز (যীর আন্‌দা'য্/zir andǎz) কার্পেট বা কার্পেটের নীচে বিছানোর মেট বা লিনেন কাপড়। Carpet or Linen cloth spread under a carpet.

زیر پایی (যী.-পা'য়ী/ z.-pǎyi) বসে থাকার সময় পা রাখার জন্য নিচু টুল বিশেষ। Foothold. Footstool.

زیر پوست (যী.-পূস্ত্/ z.-pust) চামড়ার নিচের অংশ; প্রকৃত চামড়া; অন্তঃত্বক। Cutis; derma.

زیر پوستی (যী.-পূস্তী/ z.-pusti) অধঃত্বক সংক্রান্ত; ত্বকের নিম্নবর্তী। Hypodermic; subcutaneous.

زیر پوش (যী.-পূশ্/ z.-push) অন্তর্বাস। Underwear. -زیر پوش کشباف গায়ে লেপ্টে থাকা গেঞ্জি; হাতকাটা জামা বা ফতুয়া। Vest.

زیر پیراهنی(যী.-পীরা'হানী/ z.-pirǎhani) গেঞ্জি; জামার নিচে পরার খাটো জামা (ফতুয়া)। Undershirt; vest.

زیر تنگ(যী.-তাঙ্গ/z.-tang) (ঘোড়ার) পেটে বাঁধার ফিতা বা বেল্ট। Belly-band.

زیر جامه (যী.-যা'মে/ z.-jăme)= زیر پوش / شلواری

زیر جلی (যী.-জালী/z.-jali) গোপন; গুপ্তভাবে। Clandestine(ly).

زیر حوله ای (যী.-হোলেঈ/z.-howle'i) তোয়ালে রাখার স্ট্যান্ড বা কাঠের আলনা। Towel-horse; towel-rack; towel-rail.

زیر خاکی(যী.-খা'কী/z.-xăki) মাটির নিচ থেকে খননের মাধ্যমে প্রাপ্ত পুরাতাত্ত্বিক নিদর্শন। (Relic) dug out of the ground.

زیر خان(যী.-খান্/z.-xăn) ঘরের নিচ তলা। Ground floor.

زیر خوان (যী.-খা'ন্/ z.-xăn) উচ্চ-সপ্তক গায়ক বা গায়িকা। Sopranist.

زیر دریایی (যী.-দার্ইয়া'য়ী/ daryăyi) ডুবোজাহাজ; সাবমেরিন। Submarine.

زیر دست (যী.-দাস্ত্/ z.-dast) অধীনস্থ। Inferior; subordinate.–ز. کردن অধীন করা। To subjugate.

زیر دستی (যী.-দাস্তী/ z.-dasti) অধীনতা। Inferiority.

زیردستی (যী.-দাস্তী/ z.-dasti) লেখার প্যাড; ব্লটিং পেপার; চিত্রকর যে ছড়ির ওপর হাতের ভর রাখেন। Writing-pad. Blotting pad. Maulstick.

زیر زمین (যী.-যামীন/z.-zamin) মাটির নিচে; ভূগর্ভস্থ গৃহ; ভবনের ভূগর্ভস্থ তলা বা কক্ষ। Basement. Cellar.

زیر زمینی (যী.-যামীনী/ z.-zamini) ভূগর্ভস্থ; গোপন। Subterranean. Underground.

زیر سازی (যী.-সা'যী/z.-săzi) ভিত্তি; প্রাথমিক কাজ; রাস্তা ঢালাই করার পূর্বে সমান করা ও ইট বা পাথর বিছানো; কোন জিনিষের অন্তস্তল। Foundation (work); substructure. Road-bed. Core.

زیر سوپاپ(ی) (যী.-সূপা'প্[-পী]/ z.-supăp[i]) যানবাহনের গতি নির্দেশক লিভার। Tappet.

زیر سیگاری (যী.-সীগা'রী/ z.-sigări) ছাইদানি; এ্যাশ ট্রে। Ash-tray.

زیر شلواری (যী.-শাল্ভা'রী/z.-šalvări) . প্যান্টের নিচে পরার (প্রধানত শীতের কারণে) পাজামা। Pant; drawers.

زیرفون (যী.-ফূন্/ z.-fun) সাদা সুগন্ধি ফুলবিশিষ্ট এক ধরনের পাতাবাহার গাছ। Linden; barren jujube tree.

زیرك (যীরাক্/zirak) চালাক; চতুর; বিচক্ষণ। Clever; smart; shrewd.

زیرکی (যীরাকী/ziraki) চাতুর্য; চালাকি; বুদ্ধিমত্তা; বিচক্ষণতা। Cleverness. Ingenuity. Sagacity. Keenness.

زیرگوشی (যীর গূশী/zir guši) (কাপড়ের তৈরী) গদী; ফিসফিস করে কথা বলা। Cushion (clothes). Whispering.

زیر نوشت (যী.-নেভেশ্ত্/z.-nevešt) উপ-শিরোনাম; পাদটীকা। Subtitle. Footnote.

زیر نویس(যী.-নেভিস্/z.-nevis)= زیر نوشت

زیره (যীরে/zire) জিরা (মশলা); শা-জিরা। Cumin or caraway (seed).
- زیرهٔ سفید/زیرهٔ سبز জিরা; সাদা বা সবুজ জিরা। Cumin-seed.
–زیرهٔ سیاه কালো জিরা। Caraway-seed.– زیره بکرمان بردن তেলা মাথায় তেল দেওয়া; মায়ের কাছে মামার বাড়ীর গল্প করা। To carry coals to new castle.

زیره (যীরে/zire) জুতার তলি। Outsole (of a shoe).

زیری (যীরী/ziri) নিচের (অংশ)। নিকৃষ্টতর (অংশ); নিম্নের। Lower. Inferior.

زیرین (যীরীন্/zirin) নিম্নলিখিত; নিম্নবর্তী; পরবর্তী; নিম্নতর; নিম্নমানের। Undermentioned; following. Lower. Inferior.

زیست (যীস্ত্/zist) বাঁচা বা টিকে থাকা; জীবন। Subsistence. Life.
–ز. کردن বেঁচে থাকা; বসবাস করা। To live.

زیست شناس (যী.-শেনা'স্/ z.-šenăs) জীববিজ্ঞানী। Biologist.

زیست شناسی (যী.-শেনা'সী/z.-šenăsi) জীববিজ্ঞান। Biology.

زیستن (যীস্তান্/ zistan) বেঁচে থাকা; বসবাস করা; টিকে থাকা। To live; subsist. To exist.

زیل (যেইল/ zeyl)= زل (লেজবিহীন) ভেড়া; দুম্বা। (Tailless) sheep.
–قوچ ز. উৎকৃষ্ট পশমযুক্ত ভেড়া বিশেষ। Merino sheep.

زیلو(যীলু/zilu) রঙিন নকশাযুক্ত সুতী কার্পেট; শতরঞ্জি। Kind of pileless carpet.

زین (যীন্/zin) ঘোড়ার পিঠে স্থাপিত জিন। Saddle.

زین (যীন্/zin)= از این

زین العابدین (যেয়নোল অ'বেদীন্/ zeynol ăbedin) পুং বাচক নাম; মূ. অ. আবেদকুল ভূষণ; সাধককুল ভূষণ। Mas. pr. name. OS. the worshippers' beauty.

زینب (যেইনাব্/zeynab) স্ত্রীবাচক নাম। Fem. pr. name.

زین پوش (যীন্পূশ্/ zin-puš) ঘোড়ার জিনের আবরণ। Saddle-cover; housing.

زینت (যীনাত্/zinat) অলঙ্কার; সাজসজ্জা। Ornament; decoration.–ز. دادن সুসজ্জিতকরণ; অলংকরণ। To decorate or ornament.

زین ساز (যীন্সা'য্/zin-săz) ঘোড়ার জিন প্রস্তুতকারক। Saddler.

زین سازی (যী.-সা'যী/z.-săzi) ঘোড়ার জিন তৈরির কাজ। Saddlery.

زینه (যীনে/zine) সিঁড়ি; ধাপ; স্তর। Degree.

زینه بندی (যী.-বান্দী/z.-bandi) স্তর বিন্যাস। Grad(u)ation.

زینهار (যীন্হা'র্/zinhăr)=زنهار

زیور (যীভার্/zivăr) অলঙ্কার (সেট); সাজসজ্জার উপকরণ; স্ত্রীবাচক নাম। (Set of) ornaments. Fem. pr. name.

ژ (জ্ব/ ẑ) ফার্সী বর্ণমালার চৌদ্দতম বর্ণ, নাম 'জ্বে'। The fourteenth letter of the Persian alphabet called 'ẑe'.

ژاپن (জ্বা'পোন্/ẑăpon) জাপান। Japan.

ژاپنی (জ্বা'পোনী/ ẑăponi) জাপানী। Japanese.

ژاژ (জ্বা'জ্ব/ ẑăẑ) উটের ভোজ্য এক ধরনের শক্ত ছোট গাছ যা সহজে চিবানো যায় না। Kind of camelthorn which camels find too tough to chew. ژ. خائیدن চিবানো, নীরস কথা বলা; বকবকানো। To babble; talk nonsense.

ژاژخا(ی) (জ্বা'.-খা'[য়]/ ẑ.-xă[y]) যে অর্থহীন কথা বলে। Idle talker; babbler.

ژاژخایی (জ্বা.-খা'য়ী/ ẑ.-xăyi) অর্থহীন কথাবার্তা। Idle talk; babbling.

ژاکت (জ্বা'কেত্/ ẑăket) জ্যাকেট। Jacket. ژاکت کشباف কার্ডিগান (পশমে বোনা গেঞ্জি বিশেষ)। Cardigan.

ژاله (জ্বা'লে/ ẑăle) শিশির; ফুল বা গাছের পাতার ওপর পড়ে থাকা শিশির কণা; শিলাবৃষ্টি; বড় বড় ফোঁটার তুমুল বৃষ্টি। Dew. Also, hoarfrost.

ژاندارم (জ্বা'ন্দা'র্ম্/ ẑăndărm) সশস্ত্র পুলিশ যারা শহরের বাইরে গ্রাম ও জনপথের নিরাপত্তা ও শান্তি-শৃঙ্খলা রক্ষা করে। Gendarme.

ژاندارمری (জ্বা'ন্দা'র্মেরী/ ẑăndărmeri) শহরবহির্ভূত গ্রাম ও জনপথের নিরাপত্তা ও শৃঙ্খলা রক্ষাকারী পুলিশের দফতর। Gendarmerie.

ژانطیانا (জ্বা'ন্তিয়ানা'/ ẑăntiană) পার্বত্য এলাকায় জন্মানো এক ধরনের নীল ফুলের গাছ; নীল-অপরাজিতা (এর শিকড়)। (Root of the) gentian.

ژانویه (জ্বা'ন্ভিয়ে/ ẑănviye) জানুয়ারী। January.

ژتن (জ্বেতোন্/ ẑeton) জুয়ার আড্ডা বা কোন কোন প্রতিষ্ঠানের কাউন্টারে টাকা জমা নিয়ে প্রদত্ত হারের ধাতব টোকেন বা ধাতুখণ্ড। Chip; jeton; counter.

ژرژت (জ্বোর্জ্বেত্/ẑorẑet) পাতলা রেশমী বস্ত্র বিশেষ; জর্জেট। Georgette.

ژرف (জ্বার্ফ/ ẑarf) গভীর; কঠিন। Deep. Hard.

ژرفا (জ্বার্ফা/ ẑarfă) গভীরতা। Depth.

ژرفایاب (জ্বার্ফা'ইয়া'ব্/ ẑărfăyăb)= ژرف یاب গভীরতা পরিমাপক শব্দ সৃষ্টিকারী যন্ত্র বা হাতিয়ার। Sounding-instrument; sounder.

ژرفی (জ্বারফী/ ẑarfi)=ژرفا

ژرف یاب (জ্বারফ্ইয়া'ব/ ẑarf-yăb)= ژرفا یاب

ژست(জ্বেস্ত/ ẑest) ব্যক্তির আচরণ ও চলন বলন; শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের, বিশেষত হাতের নড়াচড়া; অঙ্গভঙ্গি। Gesture; business. ژ. کردن অঙ্গভঙ্গি করা। To strike an attitude; assume a pose.

ژله (জ্বেলে/zele)= دلمه/ لرزانک জেলী। Jelly.

ژلین ییت(জ্বেলীন্ ইয়েত্/ ẑelin-yeyt) জেলিগনাইট (নাইট্রিক এসিড, গ্লিসারিন প্রভৃতি মিশিয়ে প্রস্তুত বিস্ফোরক)। Gelignite.

ژن(জ্বেন্/ ẑen) জিন্(মানবদেহে বংশগত গুণাবলীবাহী সূক্ষ্মাতিসূক্ষ্ম কোষ-কণিকা। Genoa.

ژنده(জ্বেন্দে/ ẑende) জীর্ণ বস্তু, ছেঁড়া ন্যাকরা প্রভৃতি। Shabby; worn-out. Rag; patched garment.

ژنده پوش(জ্বে.-পূশ্/ẑ.-puš) ছিন্ন বস্ত্র পরিহিত। Clothed in rags.

ژنرال(জ্বেনেরা'ল্/ẑenerăl) জেনারেল। General.

ژنو(জ্বেনেভ্/ẑenev) জেনেভা। Geneva.

ژور(জুর/ẑur) হেম স্টিচ (হেম সেলাই)। Open work. ژ. زدن হেম স্টিচ দেয়া ক্ষুদ্র ক্ষুদ্র ছিদ্র দ্বারা পরিশোভিত করা। To do open work. To pink; also, hemstitch.

ژولیده(জুলীদে/ẑulide) এলোমেলো; বিশৃঙ্খল; অমসৃণ। Untidy; ruffled.

ژوئن(জুআন/ẑu'an) জুন (মাস)। June.

ژوئیه(জুয়ীয়ে/ẑu'iye) জুলাই (মাস)। July.

ژیان(জ্বীয়া'ন্/ẑiyăn) ভীষণ; ভয়ঙ্কর; হিংস্র। Formidable; devouring.

ژیکلور(জ্বীগ্‌লূর্/ẑiglur) ইঞ্জিনের কারবোরেটরে তেল পৌঁছানোর ধাতব নল; স্প্রে করার নল। (Carburettor) jet; (spray) nozzle; atomizer.

ژیگو(জ্বীগ্/ẑigu) গরু বা ভেড়ার পাকানো (রান্না করা) রান। Leg of mutton or lamb (when cooked).

ژیگولو(জ্বীগূল্/ ẑigulu) বৃদ্ধা রমণীর নিজের জন্য রক্ষিত সুদর্শন যুবক বা তরুণ। Gigolot.

ژیمناستیک(জ্বীম্‌না'স্তীক্/ ẑimnăstik) জিম্‌ন্যাস্টিক; শরীর চর্চা; ক্রীড়া। Gymnastics. [তুল./ Cf.ورزش

س(স্/s) ফার্সী বর্ণমালার ১৫তম বর্ণ, নাম 'সীন্'। The 15th letter of the Persian alphabet called 'Sin'.

سای(সা'[য়]/să[y]) [سایيدن এর অনু./ Imp. of سايیدن]

سا(সা'/ să) প্রত্যয়ঃ মত; অনুরূপ; এরূপ। Suffix-like.

ساباط (সা'বা'ত্/ săbăt) বাড়ির দেয়াল সংলগ্ন ঢালু ছাদ; চলাচলের পথের উপরিস্থিত ছাদ। Penthouse; lean-to.

سابع (সা'বে-/săbe') সপ্তম। Seventh.

سابعاً (সা'বেআন্/săbe'an) সপ্তমতঃ। Seventhly.

سابق (সা'বেগ্ব/săbeğ) সাবেক; পূর্বের; পূর্বতন। Former; previous; old. Preceding.

سابقاً (সা'বেগ্বান্/săbeğan) ইতিপূর্বে; ভূতপূর্ব। Formerly; previously.

سابق الذکر (সাবেগ্বোয্ যেক্র্/sabeğoz zekr) পূর্বোল্লিখিত; পূর্বোক্ত। Aforementioned.

سابقه (সা'বেগ্বে/ săbeğe) [ব.ব./ pl. سوابق] অতীত; নজির; পূর্ব দৃষ্টান্ত; পূর্ব অভিজ্ঞতা; প্রত্যক্ষ পরিচয় বা জ্ঞান। Antecedent; (previous) record. Precedent; example. Acquaintance.

سابقه دار(সা'.-দা'র্/ s.-dăr) (দীর্ঘদিন যাবত) কাজের দায়িত্ব পালনের অভিজ্ঞতাসম্পন্ন। Having (long) service.

سابقی (সা'বেগ্বী/săbeği)= سابق/ پیشین

سابیدن (সা'বীদান্/săbidan)= سایيدن

ساچمه (সা'চ'মে/ săčme) বন্দুকের ছোট গুলী; (মোটর গাড়ির) বল। Pellet; (small) shot. [In a motor car] Ball(s). -تفنگ ساچمه ای শিকারের জন্য বন্দুক বিশেষ; শটগান। Shot-gun. -یاتاقان ساچمه ای (গাড়ীর) বল-বিয়ারিং। Ball-bearing.

ساحت (সা'হাত্/săhat) [ব.ব./ pl. ساحات] উন্মুক্ত স্থান বিশেষ; ময়দান; এলাকা; অঞ্চল। Open space. Square. Area.

ساحر (সা'হের্/săher)=جادوگر যাদুকর। Magician; sorcerer. [স্ত্রী./Fem. ساحره ডাকিনী; মহিলা যাদুকর। Sorceress; witch.]

ساحل (সা'হেল্/săhel) [ব.ব./pl. سواحل] [নদী বা সমুদ্রের] উপকূল; তীর। Shore. [Of a river] Bank.

ساحلی (সা'হেলী/ săheli) উপকূলীয়। Coastal; littoral.

ساخارین(সা'খা'রীন্/săxărin) আলকাতরা হতে প্রাপ্ত মিষ্ট পদার্থ বিশেষ, যা চিনির বদলে ব্যবহার করা হয়; স্যাকারিন। Saccharin.

ساخت(সা'খ্‌ত্‌/săxt) গঠন; নির্মাণ; আকৃতি তৈরি। Make.
–ساخت انگلیس ইংল্যান্ডের তৈরি/নির্মিত। Made in England.

ساختار(সা'খ্‌তা'র/săxtăr) কাঠামো। Structure.

ساختگی (সা'খ্‌তেগী/ săxtegi) নকল; কৃত্রিম; অপ্রাকৃতিক। Artificial. Forged. Simulated.

ساختمان (সা'খ্‌তেমা'ন্‌/ săxtemăn) নির্মাণ; কাঠামো; দালান; ভবন; অট্টালিকা। Construction. Building. Structure.

ساختمانی (সা'খ্‌তেমা'নী/ săxtemăni) নির্মাণ সংক্রান্ত; ভবন নির্মাণ সম্পর্কিত। Constructional. Structural.
–. مصالح س গৃহ নির্মাণ সামগ্রী। Building materials.

ساختن (সা'খ্‌তান্‌/ săxtan) [ساز] নির্মাণ করা; তৈরি বা প্রস্তুত করা; খাপ খাওয়া/খাওয়ানো। To build; construct. To make; manufacture. To agree.
–این خوراك بمن نمی سازد এ খাবার আমার সহ্য হয় না। This food does not agree with me.
– او را ناخوش ساخت সে (বা এটা) তাকে অসন্তুষ্ট করেছে। It made him sick. –او را شاه ساختند তারা তাকে রাজা বানালো। They made him king.

ساخت و پاخت (সাখ্‌ত্‌-ও-পা'খ্‌ত্‌/ săxt-o-păxt) ষড়যন্ত্রাদির উদ্দেশ্যে গোপন চুক্তি বা সহযোগিতা; যোগসাজশ। Collusion; covin.
–س . کردن ষড়যন্ত্রাদিতে সহযোগিতা করা; যোগসাজশ করা। To collude.

ساخته (সা'খ্‌তে/ săxte) [ساختن এর ক্রি. বিণ./ P.P. of ساختن] তৈরী; প্রস্তুতকৃত; নির্মিত। Manufactured; made. Built. Ready-made.
–کاری از او ساخته نیست তার পক্ষে কিছু করা সম্ভব নয়; এটা তার ক্ষমতার বাইরে। He is not in a position to do anything. He is incapable of doing anything.

سادات (সা'দা'ত্‌/ sădăt) [سید এর ব.ব./pl. of سید] মহানবী হযরত মুহাম্মদ (সঃ)-এর বংশধর; সৈয়দ বংশ। The decendants of the Prophet Hazrat Mohammad(S.).

سادساً(সা'দেসান্‌/sădesan)=ششم آنکه ষষ্ঠত। Sixthly.

سادگی (সা'দেগী/ sădegi) সরলতা; অনাড়ম্বরতা। Simplicity. Easiness.

ساده (সা'দে/săde) সাদাসিধা; সহজ-সরল; অকৃত্রিম; অনাড়ম্বর। Simple. Plain. Easy. Artless.

ساده بافت (সা'.-বাফ্‌ত্‌/ s.-băft) সহজভাবে বয়নকৃত। Plain-woven.

ساده دل (সা'.-দেল্‌/ s.-del) সরলপ্রাণ (লোক)। Simple-hearted.

ساده دلی (সা'.-দেলী/ s.-deli) সরলতা। Simple-heartedness.

ساده لوح (সা'.-লোওহ্‌/s.-lowh) সরলমনা (লোক)। Simple-minded.

ساده لوحی (সা'.-লোওহী/ s.-lowhi) সরলতা। Simpleness.

سار(সা'র্/ săr) ধ্বনি নকল করতে ও চুরি করতে দক্ষ পাখি বিশেষ। Starling.

سار (সা'র্/ săr) ১/1) পরিবেষ্টিত স্থান। Place abounding in. ২/2)... পূর্ণ। Full of. ৩/3) মতো (অনুরূপ= سا) like [also سا]. -کوهسار পার্বত্য অঞ্চল। Highlands.

ساربان (সা'র্বা'ন্/ sărbăn) উষ্ট্রচালক। Camel-driver.

سارق (সা'রেগ্ব/săreğ)= دزد চোর; তস্কর। Thief.

سارنج (সা'রাঞ্জ/săranj)= سارنگ

سارنگ (সা'রাঙ্গ/ sărang)= سارنج এক প্রকার বাদ্যযন্ত্র; সারঙ্গী; ছোট পাখি বিশেষ। Kind of melody. Kind of small bird.

ساروج (সা'রূজ্/ săruj) চুনা, বালি ও পানি মিশ্রিত মশলা-গোলা বা এর আস্তর। Plaster of lime and ashes or sand; mortar. -س. کردن চুনা, বালি ও পানি মিশ্রিত মশলা-গোলার আস্তর দেওয়া। To plaster with mortar.

ساز (সা'য্/ săz) বাদ্যযন্ত্র। Musical instrument. -ساز دهنی মাউথ অর্গান; মুখ দিয়ে বাজানোর অর্গান; বাদ্যযন্ত্র বিশেষ। Mouth-organ; harmonicon.

ساز (সা'য্/ săz) ভাল অবস্থাপন্ন; সুসজ্জিত; সাজ-সরঞ্জাম; সুরকৃত । In good condition. Equipped. Tuned. -س. کردن প্রস্তুত করা; সুবিন্যস্ত করা; সুর তোলা। To tune up; start. To prepare.

ساز(সা'য্/săz) [ساختن এর অনু./Imp. of ساختن]

ساز زن (সা'.-যান্/ s.-zan) বাদক; যন্ত্রশিল্পী। Musical performer; instrumentalist.

سازش (সা'যেশ্/ săzeš) সমন্বয়; আপোস; সম্মতি; গোপন চক্রান্ত। Composition; arrangement. Compromise. Compatibility. Collusion. -س. کردن আপসে মীমাংসা করা; আপোস করা; যোগসাজশ করা; গোপন ষড়যন্ত্র করা। To compound. To compromise. To put up. To collude.

سازگار (সা'য্গা'র্/ săzgăr) অনুকূল; স্বাস্থ্যকর; সুসঙ্গত; মিশুক। Agreeable; wholesome. Sociable. -باهم س. بودن পরস্পর মিলমিশ হওয়া/খাপ খাওয়া। To agree or be compatible, with each other.

سازگاری(সাযগা'রী/săzgări) সুসঙ্গতি; সম্মতি; উপযুক্ততা, যথাযোগ্য বা মানানসই হওয়া। Compatibility. Suitability. Agreement.

سازمان (সা'যমা'ন্/săzmăn) সংগঠন; সংস্থা; কাঠামো। Organization. Structure. -سازمان خیریه দাতব্য সংস্থা। Charitable foundation.

سازندگی (সা'যান্দেগী/ săzandegi) সঙ্গীত চর্চা; গঠন বা নির্মাণ সংক্রান্ত কর্মকাণ্ড। Musical performance. Musical profession. Contructiveness.

سازنده(সা'যান্দে/săzande) প্রস্তুতকারক; নির্মাতা; বিন্যাসকারী; সঙ্গীতজ্ঞ। Maker; manufacturer. Builder. Compositior. Musical performer.

ساز و برگ (সা'য্-ও-বার্গ/ săz-o-barg) উপায়-উপকরণ; সাজ-সরঞ্জাম; সামরিক সাজ-সরঞ্জাম। Equipment; accoutrements.

سازه (সা'যে/ săze) উৎপাদন; গুণনীয়ক। Factor. [عامل]

سازی (সা'যী/šazi) বাদ্যযন্ত্র সংক্রান্ত। Instrumental.

سازی (সা'যী/săzi) প্রস্তুতকরণ; প্রস্তুতকারী (প্রতিষ্ঠান/কারখানা)। Manufacturing.

ساس (সা'স্/săs) ছারপোকা। (Bed)bug.

ساطور (সা'তূর্/sătur) কসাইয়ের ব্যবহৃত হাড্ডি কাটা ছুরি/ছেনি। Large chopping-knife.

ساعات(সা'অ'ৎ/să'ăt) [ساعت এর ব.ব./ Pl. of ساعت]

ساعت (সা'আৎ/ să'at) ১/1) সময়; ঘণ্টা। Hour. [ব.ব./ pl. ساعات] ২/2) ঘড়ি। Watch or clock. –س. آفتابی সূর্যঘড়ি। Sun-dial. –س. دیواری দেয়াল ঘড়ি। Wall-clock.–س. مچی হাতঘড়ি। Wrist-watch. –ساعت چند است؟ কয়টা বাজে? What time is it? –ساعت یازده و نیم است সাড়ে এগারটা বাজে। It is 11:30 a.m.

ساعت دار (সা'.-দা'র্/ s.-dăr) যার সাথে ঘড়ি সংযুক্ত আছে; সময় নির্দেশক। Timed.

ساعت ساز(সা'.-সা'য্/ s.-săz) ঘড়ি নির্মাতা; ঘড়ি মেরামতকারী। Watchmaker.

ساعت سازی (সা'.-সা'যী/ s.-săzi) ঘড়ি নির্মাণবিদ্যা; ঘড়ি নির্মাণ কারখানা; ঘড়ি মেরামতের দোকান। Horology.

ساعت شمار (সা'.-শোমা'র্/ s.-šomăr) ঘড়ির ঘণ্টার কাঁটা। Hour-hand.

ساعد (সা'এদ্/ să'ed)= ارش। হাতের কনুই হতে কব্জি পর্যন্ত অংশ। Forearm.

ساعدین (সা'এদেইন্/ să'edeyn) উভয় হাতের কনুই হতে কব্জি পর্যন্ত। Two forearms. –ساعدین مبداء نخاع মস্তিষ্ক থেকে দুই ভাগে নেমে আসা মেরুরজ্জুর ওপরের অংশ। Cerebral peduncles.

ساعی (সা'ঈ/ să'i) = کوشا উদ্যমশীল; পরিশ্রমী। Diligent; industrious.

ساغر (সা'গ্বার্/ săğar) পানপাত্র। Cup. Goblet.

سافل (সা'ফেল্/ săfel) নিম্ন; নিচু। Low.

ساق (সা'গ্ব্/săğ) পায়ের গোড়ালি থেকে হাঁটু পর্যন্ত। Foreleg.

ساقدار (সা'.-দা'র্/ s.-dăr) কাণ্ডবিশিষ্ট; পায়ে গোড়ালি থেকে হাঁটু পর্যন্ত হাড্ডি আছে এমন। Pedunculate.

ساقدوش (সা'.-দূশ্/ s.-duš) বরের সঙ্গী-সাথী; বরের সমবয়সী বরযাত্রী। Groomsman.

ساقط (সা'গ্বেত্/ săğet) অকাল ভূমিষ্ঠ; পতিত; পতনশীল; হারানো; অকেজো। Lapsed. Miscarried. Fallen or falling. –س. شدن পড়ে যাওয়া; পতন ঘটা; নিশ্চিহ্ন হওয়া। To lapse. To cease to be valid.

–حق وی س. شد- তার অধিকার বাতিল/বিলুপ্ত হয়ে গেছে। He forfeited his right; his right lapsed. –س. کردن- অকেজো করে দেওয়া; পতন ঘটানো; বাতিল করে দেওয়া। To render null; invalidate. –از هستی س. کردن- অস্তিত্ব বিলুপ্ত করে দেওয়া। To bleed white. –از درجه اعتبار س. است- এটি কার্যকারিতা/আইনগত বৈধতা হারিয়েছে । It is no longer valid.

ساقه (সা'ঘে/sǎğe) বৃক্ষাদির কাণ্ড; (পুষ্প) দণ্ড। Stem. Stalk. [Of a flower] Peduncle.

ساقه دار (সা'.-দা'র্/ s.-dǎr) কাণ্ডবিশিষ্ট পুষ্পদণ্ড বিশিষ্ট। Stemmed. Pediculate; peduncular. Caulescent.

ساقی (সা'ঘী/ sǎği) যে পানি বা মদ পান করায়; সাকী। Cupbearer.

ساقی نامه (সা'.-না'মে/ s.-nǎme) সাকীর নিকট মদ প্রার্থনাসম্বলিত বক্তব্যবিশিষ্ট কবিতা। (Kind of) bacchanalian verse.

ساك (সা'ক্/ sǎk) [. آش س বোঝাতে/ For . آش س] ঘন ঝোল/স্যুপ বিশেষ। Pottage or soup with verjuice.

ساك (সা'ক্/ sǎk) থলি; ব্যাগ। Bag.

ساکت (সা'কেত্/ sǎket) নীরব; শান্ত; চুপ। Quiet; silent. [তুল./ Cf. آرام/ ساکن] –س. کردن- শান্ত করা; চুপ করানো। To quiet or soothe. To silence.

ساکسوفون(সা'ক্সূফোন্/ sǎksufon) বাদ্যযন্ত্র বিশেষ। Saxophone.

ساکن (সা'কেন্/ sǎken) ১/1)= آرام গতিহীন; নীরব। Still; motionless. ২/2) [ব.ব./ pl. سکنه/ ساکنین] অধিবাসী। Resident. Inhabitant. –اقیانوس س. প্রশান্ত মহাসাগর। Pacific Ocean. –س. شدن- অধিবাসী হওয়া; অবস্থান করা। To dwell or reside. –س. کردن- বসবাস করানো; বসতি স্থাপন করে দেওয়া। To lodge. To settle.

سال (সা'ল্/sǎl) বৎসর; বর্ষ; বয়স। Year. Age. –من. ۶ سال دارم- আমার বয়স ৬০ বছর। I am 60 years old. –س. بسال- বছর বছর; প্রতি বছর। From year to year; each year.

سالاد (সা'লা'দ্/ sǎlǎd) সালাদ। Salad.

سالانه (সা'লা'নে/sǎlǎne)= سالیانه বাৎসরিক; বার্ষিক। Yearly; annual(ly).

سالار(সা'লা'র্/sǎlǎr) দলপতি; সেনাপতি। Chief; leader.

سالخورده(সা'ল্ খোর্দে/sǎl xorde) বৃদ্ধ; বয়স্ক। Stricken in years; aged.

سالک (সা'লেক্/ sǎlek) ভ্রমণকারী; আধ্যাত্মিক সাধক; শিষ্য। Wayfarer. Disciple.

سالگرد (সাল্‌গার্দ্/ sǎlgard) বার্ষিকী (অনুষ্ঠান/উৎসব)। Anniversary.

سالم (সা'লেম্/ sǎlem) সুস্থ; নিরাপদ; যথাযথ; ঠিকঠাক। Healthy. Safe. Intact.

سالمند (সা'ল্‌মান্দ্/ sǎlmand) বয়স্ক। Adult.

سالمندی (সা'লমান্দী/sălmandi) (বেশী) বয়স হওয়া; বয়ঃপ্রাপ্তি। Adult age.

سالن (সা'লোন্/ sălon) বড় কক্ষ বিশেষ; হল। Hall; saloon.

سالنامه (সা'ল্না'মে/ sălnăme) বার্ষিকী (পত্রিকা); বার্ষিক রিপোর্টসম্বলিত বই; রোয়েদাদ। Year-book.

سالن دار (সা'লোন্ দা'র্/ sălon dăr) হলরুম বিশিষ্ট (বাড়ী/হোটেল)। Having a saloon.

سالنما (সা'ল্নামা'/sălnamă) পঞ্জিকা; ডাইরী। Calendar.

سالواره (সা'লভা'রে/sălvăre) বাৎসরিক/ বার্ষিক (কিস্তি)। Annuity.

سالوس (সা'লূস্/ sălus) প্রতারক; ভণ্ড; কপটাচারী; ভণ্ডামি; কপটতা। Hypocrite. Impostor Hypocrisy.

سالیان (সা'লিয়া'ন্/ săliyăn) বহু বছর; দীর্ঘকাল। Years.

سالیانه (সা'লিয়া'নে/săliyăne)= سالانه বাৎসরিক; বার্ষিক। Yearly.

سام (সাম্/săm) [باد سام] বিষাক্ত বাতাস। Pestilential wind.

سامان (সা'মা'ন্/ sămăn) আসবাবপত্র; সাজ-সরঞ্জাম; শৃঙ্খলা। House furniture. Welfare. Order. سرو س. گرفتن বিবাহ করে সংসারী হওয়া; নিজেকে গুছিয়ে নেওয়া। To range oneself; marry and settle down.

سامره (সা'মেরে/sămere) সামেরা (ফিলিস্তিনী এলাকা বিশেষ)। Samaria. [سامریه ও বলা হয়/ also سامریه]. সামেরাবাসী। The samaritans.

سامری (সা'মেরী/ sămeri) সামেরাবাসী; পুংবাচক নাম [হযরত মূসার (আঃ) সময় যে গো-বৎস তৈরি করে পূজার প্রচলন ঘটায়]। Samaritian. گوساله س. হযরত মূসার (আঃ) সময় সামেরীর নির্মিত সবাক গো-বৎস। The speaking calf which was raised at the time of Moses.

سامعه (সা'মেএ/ săme'e) = شنوائی শ্রবণশক্তি। Sense of hearing.

سامی (সা'মী/ sămi) হযরত নূহের (আঃ) পুত্র সাম-এর বংশ হতে উদ্ভূত জাতিসমূহ; এরূপ জাতির লোক বা ভাষা; উক্ত জাতি সংক্রান্ত। Semitic.

سامی (সা'মী/ sămi)= بلند উঁচু; সমুন্নত। High; elevated.

سان (সা'ন্/ săn) অধিনায়ক কর্তৃক সুশৃঙ্খলভাবে দণ্ডায়মান সৈন্যদের পরিদর্শন। Parade.

سان (সা'ন্/ săn) প্রত্যয়ঃ অনুরূপ; সদৃশ; ধরন। Suffix. -like; resembling. Manner اینسان/ بدینسان এভাবে; এরূপে। In this manner. یکسان একাকার; এক রকম; অভিন্ন। Alike; similar. Uniform. بسان ... এর মত। Like.

سانتیگراد (সা'ন্তিগ্রা'দ্/ săntigrăd) সেন্টিগ্রেড। Centigrade.

سانتیگرم (সা'ন্াতিগ্রাম/săntigram) সেন্টিগ্রাম। Centigramme.

سانتیم (সা'ন্তীম/ săntim) শতাংশ; ফরাসী বা সুইস ফ্রাঙ্কের শতাংশ; সেন্টিমিটার। Centime(tre).

سانتیمتر(সা'ন্তীমেৎর্/ sǎntimetr) সেন্টিমিটার। Centimetre.

سانحه (সা'নেহে/sǎnehe) দুর্ঘটনা; দুর্বিপাক। Accident.

ساندویچ (সা'নদ্ভীচ্/sǎndvič) স্যান্ডউইচ। Sandwich.

سانسور کردن (সা'ন্সূর্ কার্দান্/ sǎnsur kardan) সেন্সর করা। To censor.

سایبان (সা'ইয়েবা'ন্/ sǎyebǎn) ছায়া যুক্ত স্থান; ঘরের ছাদ বা ছাউনির বর্ধিত অংশ। Shady place. Bower.

سایر (সা'য়ের্/ sǎyer) বাকি; অবশিষ্ট। Rest; remainder. سایر کتابها অন্যান্য বই-পুস্তক। Other books.

سایرین (সা'য়েরীন্/ sǎyerin) [سایر এর ব.ব./ pl. of سایر]= دیگران অন্যরা; অন্য লোকেরা। Others; other people.

سایس (সা'য়েস্/ sǎyes) [ব.ব./ pl. سائسین] রাজনীতিবিদ; কূটনীতিজ্ঞ। Politician; diplomat.

سایش (সা'য়েশ্/ sǎyeš) ঘর্ষণ; বিচূর্ণন। Rubbing. Trituration.

سایل (সা'য়েল্/ sǎyel) =گدا প্রশ্নকারী; ভিক্ষুক। Beggar.

ساینده (সা'য়ান্দে/ sǎyande) শানযন্ত্র; ঘর্ষণকারী; মসৃণকারী; মসৃণকারক যন্ত্র। Grinder. Grinding. Abrading.

سایه (সা'ইয়ে/ sǎye) ছায়া; প্রতিবিম্ব; আশ্রয় বা যত্ন। Shade. Shadow. Protection or care. بسایهٔ شما আপনার আনুকূল্যে/অনুগ্রহে/ তত্ত্বাবধানে। Under your protection or auspices. سایهٔ شما کم نشود আপনার আনুকূল্যের/সুনজরের জন্য কৃতজ্ঞ এবং আশা করছি তা অব্যাহত থাকবে। Thank you for your protection or kindness (which I hope will never cease) س. گستردن/ س. افکندن ছায়াপাত করা। To cast a shadow. در سایهٔ... এর অনুগ্রহে/ছায়াতলে। Under the protection of.

سایه پرورده (সা'.-পার্ভার্দে/ s.-parvarde) ছায়ায় বড় হওয়া (গাছ); আদরে লালিত; ননীর পুতুল। Reared in indulgence; tenderly brought up.

سایه دار (সা'.-দা'র্/ s.-dǎr) ছায়াদার; ছায়াযুক্ত; ছায়াবহুল। Shaded; shady.

سایه روشن (সা'.-রাওশান্/ s.-rawšan) আলো-আঁধারি; আবছায়া; রঙের দৃষ্টিগ্রাহ্য পার্থক্যযুক্ত (ছবি)। Light and shade (effect); chiaroscuro. Contrast.

سایه کوهی (সা'.-কূহী/ s.-kuhi) পর্বতের ওপর ছায়ার মত। Like a shadow on a mountain.

سایه گستر (সা'.-গোস্তার্/ s.-gostar) পরোপকারী; সদাশয়। Adumbrant. Of a protecting or benevolent nature.

سایه نشین (সা'.-নেশীন্/ s.-nešin) যে ছায়ায় বসে; অভিভাবকত্বাধীন বা আশ্রিত ব্যক্তি; প্রশয় বা আদর-যত্নপ্রাপ্ত। Sitting in the shade. Pampered.

سایدگی(সা'য়ীদেগী/ săyidegi) ক্ষয়; মসৃণতা; ঘর্ষণ। Wear. Erosion. Fret.

سایدن (সা'য়ীদান্/ săyidan) [سای] ঘর্ষণ করা; মসৃণ করা; ক্ষয় হওয়া। To pulverize; grind. To wear (away); erode.

سایده (সা'য়ীদে/ săyide) [سایدن এর ক্রি. বিণ./ p. p. of سایدن].

سبابه (সাব্বা'বে/ sabbăbe) বৃদ্ধাঙ্গুষ্ঠের পার্শ্বস্থ অঙ্গুলি; তর্জনী। Forefinger; index.

سبات (সোবা'ত্/ sobăt) তন্দ্রাচ্ছন্ন অবস্থা; হালকা ঘুম; ঝিমুনি। Lethargy. س. سنگین মরণ-ঘুম; বেঘোরে ঘুম। Coma.

سباط (সাব্বা'ৎ/ sabbăt) ইহুদী ও সিরীয় বর্ষপঞ্জির মাস (জানুয়ারী ও ফেব্রুয়ারী)। Syriac and Jewish month (Jan-Feb.).

سباع (সেবা'-/ sebă') [سبع এর ব.ব./ pl. of سباع].

سباعی (সোবা'ঈ/ sobă'i) সাত ব্যক্তি বা বস্তু বা বর্ণের সমষ্টি; সপ্তক। Sevensome; heptamerous. Seven-lettered.

سبب (সাবাব্/ sabab) কারণ; উপকরণ। Cause. Means. سبب شدن কারণ হওয়া। To cause.

سبب ساز (সা'.-সা'য্/ s.-săz) সংঘটক; উপকরণাদি সরবরাহকারী। The Provider of Means; providence.

سببی (সাবাবী/ sababi) কারণস্বরূপ; নিমিত্তবাচক। Causative; causal. خویشاوندی س. শ্বশুর পক্ষের আত্মীয়-স্বজন। Relative-in-law.

سببیت (সাবাবিয়্যাৎ/ sababiyyat) কার্যকারণ সম্বন্ধ; হেতুবাদ। Causality.

سبت (সাব্ৎ/ sabt) শনিবার। Sabbath. Saturday.

سبحان (সোব্হা'ন্/ sobhăn) প্রশংসা; মাহাত্ম্য; আল্লাহ্‌র মাহাত্ম্য/ প্রশংসা। Praise; glory. خدای س. পরম পবিত্র আল্লাহ তাআলা। The Glorious God.

سبحان الله (সোব্হা'নাল্লা'হ্/ sobhănallăh) আল্লাহ্‌রই প্রশংসা; (বিস্ময়সূচক) কি সুন্দর! চমৎকার! Praise be to God. Good God!

سبد (সাবাদ্/ sabad) ছোট টুকরি; ডালা; ঝুড়ি। Basket. Pannier. Wicker-work.

سبدی (সাবাদী/ sabadi) টুকরি বা ডালার মত করে তৈরী। Resembling, or made like a basket.

سبز (সাব্য্/ sabz) সবুজ; তরতাজা; কচি; সবুজ রং। Green. Growing. The green colour.

سبزفام (সা'.-ফা'ম্/s.-făm) সবুজ বর্ণের। Green(ish).

سبزقبا (সা'.-ঘাবা'/s.-ğabă) সবুজ কাক। Green finch.

سبزه (সাব্যে/ sabze) সবুজাচ্ছাদিত; সবুজাভ; সবুজ রংঙের; শ্যামলা। Grass-plot; verdure. Green raisins.

سبزه زار(সা.-যা'র/s.-zăr) তৃণ আচ্ছাদিত প্রান্তর। Verdure; meadow; grass-plot.

سبزی(সাব্‌যী/ sabzi) [سبزیجات] ১/1) শাকসব্জি; বাধাকপি জাতীয় সবুজ পাতার সবজি। (Fresh) vegetables; greens. ২/2) সবুজত্ব। Greenness. سبزی خوردنی কাঁচা খাওয়ার উপযোগী সব্জি। Fresh eatable vegetables. سبزی پختنی রান্না করে খাওয়ার উপযোগী শাকসব্জি। Pot-herb.

سبزی پاك کن (সা.-পাক্ কোন্/ s.-pāk-kon) যে শাকসব্জি পরিষ্কার-পরিচ্ছন্ন ও ধৌত করে; তোষামোদকারী। Flatterer; fawner.

سبزی دار (সা.-দা'র্/ s.-dār) সব্জিযুক্ত। Containing vegetables or greens. خوراك س. সব্জি দ্বারা তৈরী খাদ্য। Vegetable diet.

سبزی فروش (সা.-ফোরূশ্/ s.-foruš) সব্জি-বিক্রেতা। Green-grocer.

سبزیکاری (সা.-কা'রী/ s.-kāri) সব্জি-বাগান। Market-garden; vegetable/kitchen-garden.

سبزینه (সাব্‌যীনে/ sabzine) সূর্যালোকের প্রভাবে উদ্ভিদের পাতায় সৃষ্ট সবুজ রং; ক্লোরোফিল। Chlorophyl(l).

سبع (সাবো-/sabo') হিংস্র পশু। Fierce.

سبعه (সাব্‌এ/sab'e)= هفتگانه সপ্ত সংখ্যক। The seven.

سبعیت (সাবোঈয়্যাত/sabo'iyyat) হিংস্রতা। Fierceness.

سبق (সাবাগ্ব/ sabağ) অগ্রগামিতা; সবক; পাঠ/পঠন। Precedence. Excellence. Lesson. س. بردن از অতিক্রম করে যাওয়া; (কাউকে) পেছনে ফেলে যাওয়া। To surpass.

سبقت (সেব্‌গ্বাত্/sebğat) পূর্ব দৃষ্টান্ত; অগ্রগমন; অতিক্রম করা। Precedence. Lead. Overtaking and passing. س. جستن بر কাউকে পেছনে ফেলে এগিয়ে যাওয়া। To take precedence of. To anticipate. س. گرفتن অন্য যানবাহনকে পিছনে ফেলে এগিয়ে যাওয়া; ওভারটেক করা। To overtake and pass [in driving].

سبک (সাব্‌ক্/ sabk) ধাঁচ; ধরন; স্টাইল। Method. Style.

سبک (সাবোক্/ sabok) হালকা; সস্তা; গুরুত্বহীন; মর্যাদাহীন (ব্যক্তি)। Light. Digestible. Frivolous; undignified. خواب من س. است আমার ঘুম খুব হালকা। I am a light sleeper. س. و سنگین کردن (হাতে মাপা বা) ওজন করা। To weigh (in one's hand). س. گرفتن হালকাভাবে নেওয়া। To make light of. To despise.

سبکبار (সা.-বা'র্/ s.-bār) ভারমুক্ত; ঝঞ্ঝাট, দায় বা বোঝা হতে মুক্ত। Disburdened; disencumbered. Free from care.

سبکباری (সা.-বা'রী/ s.-bāri) ঝঞ্ঝাট, দায় বা বোঝা হতে মুক্ত অবস্থা। Disencumbrance.

سبکبال (সা.-বা'ল্/ s.-bāl) চড়ুই আকারের গায়ক পাখি বিশেষ। Passerine.

سبک رفتار (সা.-রাফ্‌তা'র্/ s.-raftār) মর্যাদাপূর্ণ নয় এমন আচরণকারী মর্যাদাহীন (ব্যক্তি)। Light-footed. Light; undignified.

سبکسر(সা.-সার্/ s.-sar) নির্বোধ; চপল; লঘুচিত্ত; গোঁয়ার; তুচ্ছ।
Light-minded. Rash. Stupid. Frivolous.

سبک مغز (সা.-মাগ্য্/ s.-mağz) নির্বোধ; যার মাথায় গোলমাল আছে; হালকা মেজাজী। Crack-brained; silly.

سبک وزن (সা.-ভায্ন্/ s.-văzn) হালকা ওজনের; লঘুভার। Light (-weight).

سبکی (সাবোকী/ saboki) ওজনের লঘুত্ব; মেজাজ বা স্বভাবের লঘুত্ব; চপলতা। Lightness. Frivolousness; levity.

سبل (সাবাল্/ sabal) এমন হালকা বৃষ্টি যা মাটিতে পড়ার আগেই বাতাসে মিশে যায়; চোখের ছানি রোগ। Pannus.

سبو (সাবূ/ sabu) পাত্র বিশেষ; মদের পাত্র। Pitcher. Pot of wine.

سبوس (সাবূস্/sabus) তুষ; ভুসি পশু খাদ্য জাতীয় উদ্ভিদ বিশেষ; মুড়া গাছ। Bran; pollard.

سبوسه (সাবূসে/sabuse) মরামাস; (মাথার) খুসকি; ধান/গমের তুষ। Dandruff; scurf.

سبیل (সাবীল্/ sabil) [راه] পথ; রাস্তা; ধরন; নিমিত্ত। Way; road. Manner. Cause. بر سبیل (কোন) পথে/... নিমিত্ত। By way of. فی سبیل الله আল্লাহ্‌র রাস্তায়। In the way of God.

سبیل(সেবীল্/sebil) গোঁফ। Moustache. سبیل کسیرا چرب کردن কারো গোঁফে তেল দেওয়া; কারো অতি প্রশংসা করা; ঘুষ দিয়ে কাউকে প্রলুব্ধ করা। To grease the palm of a person.

سپار(সেপা'র্/ sepăr) [سپردن এর অনু./ Imp. of سپردن]

سپارنده (সেপা'রান্দে/ sepărande) যে গচ্ছিত রাখে; আমানতকারী। Depositor.

سپاس (সেপা'স্/sepăs) ধন্যবাদ; প্রশংসা; অভিনন্দন; কৃতজ্ঞতা। Thanks. س. گزاردن ধন্যবাদ/ কৃতজ্ঞতা জ্ঞাপন করা; প্রশংসা করা; অভিনন্দন জানানো। To give thanks.

سپاس گزاری (সে.-গোযা'রী/s.-gozări) ধন্যবাদ জ্ঞাপন। Thanksgiving. س. کردن ধন্যবাদ জ্ঞাপন; কৃতজ্ঞতা প্রকাশ করা। To give thanks. س. کردن از কারো প্রতি ধন্যবাদ জ্ঞাপন বা কৃতজ্ঞতা প্রকাশ। To thank.

سپاه (সেপা'হ্/ sepăh) = سپه সৈন্যদল; ফৌজ। Army. Host.

سپتامبر (সেপ্‌তা'ম্‌ব্‌র্/ septămbr) সেপ্টেম্বর। September.

سپر (সেপার্/ separ) ঢাল; গাড়ীর বাম্পার। Shield. Bumper. س. انداختن পরাজিত হওয়া; আত্মসমর্পণ করা; যুদ্ধে ক্ষান্তি দেওয়া। To throw up the sponge.

سپردن (সেপোর্‌দান্/ sepordan) [سپار/ سپر] গচ্ছিত রাখা; জমা রাখা। To deposit. To (en)trust. پول در بانک س. ব্যাঙ্কে টাকা রাখা। To deposit money with (or in) the bank. بذهن س. মনে রাখা; স্মরণ রাখা। To commit to memory. بخاك س. দাফন করা; কবর দেওয়া। To bury. جان س. প্রাণ উৎসর্গ করা/কোরবানী করা;

মৃত্যুবরণ করা। To give up the ghost.

سپرده (সেপোর্‌দে/ seporde) [سپردن এর ক্রি. বিণ./ p.p. of سپردن] রক্ষিত; গচ্ছিত; গচ্ছিত অর্থ। Deposited; entrusted.

سپرز (সেপোর্‌য্/soporz)=اسپرز প্লীহা। Spleen.

سپرماهی (সেপার্ মা'হী/ separ-măhi) বৃহদাকার প্রায় গোলাকৃতির মৎস্য বিশেষ; ঢাল মাছ। Turbot. Brill.

سپری (সেপারী/ separi) অতিক্রান্ত; সমাপ্ত। Elapsed. Finished. س. شدن কোন সময় বা কোন কিছুর সময় অতিক্রান্ত বা সমাপ্ত হয়ে যাওয়া। To expire.

سپری (সেপারী/ separi) ১/ 1) ঢালের ন্যায় আকৃতিবিশিষ্ট। Scutellate; scutiform. ২/ 2) ঘাড়ের অনালগ্রন্থি সংক্রান্ত বা স্বরযন্ত্রের তরুণাস্থি সংক্রান্ত। Thyroid.

سپس (সেপাস্/ sepas) তারপর অতঃপর; তখন। Afterwards; then.

سپنج (সেপান্‌জ্/sepanj) অস্থায়ী বাসস্থান; ছাপড়া; টঙ। Transient.

سپور (সোপূর্/sopur)= رفتگر রাস্তা-ঝাড়ুদার। Street-sweeper.

سپه (সেপাহ্/ sepah)= سپاه

سپهبد(সে.-বোদ্/ s.-bod) লেফটেন্যান্ট জেনারেল। Lieutenant-general.

سپهدار (সে.-দা'র্/ s.-dăr) সামরিক অধিনায়ক। Army commander.

سپهر (সেপেহ্‌র্/ sepehr) আকাশ; নভোমণ্ডল। Sphere. World. Sky.

سپهسالار (সেপাহ্‌সা'লা'র্/sepahsălăr) প্রধান সেনাপতি; সিপাহসালার। Commander-in-chief.

سپید (সেপীদ্/ sepid) = سفید সাদা। White.

سپیدار (সেপীদা'র্/ sepidăr)= سفیدار

سپیده دم (সেপীদে দাম্/ sepidedam) ভোর। Dawn.

ستا(ی) (সাতা'[য়]/ sată[y]) [ستودن এর অনু./ Imp. of ستودن].

ستاد(সেতা'দ্/ setăd) সৈন্যবাহিনীর লোকজন; সেনা-অধিনায়কের দফতর। Army staff.

ستار (সেতা'র্/ setăr) সেতার (হাতের নখ দিয়ে বাজানোর বাদ্যযন্ত্র বিশেষ)। Kind of cittern played with the nail of the index.

ستارگان (সেতা'রেগা'ন্/ setăregăn) [ستاره এর ব.ব./ pl. of ستاره].

ستاره (সেতা'রে/ setăre) [ব.ব./ pl. ستارگان] নক্ষত্র; তারকা। Star. ستارهٔ بامداد শুক্র গ্রহ; শুকতারা। Morning star; venus. ستارهٔ دریایی তারা মাছ। Star-fish; jelly. ستارهٔ دنباله دار ধূমকেতু। Comet. ستارهٔ شام সন্ধ্যাতারা। Evening-star. Hesperus. س. شمردن তারকা গণনা; সারা রাত জেগে থাকা। To count sheep.

ستاره ای (সেতা'রেয়ী/ setăre'i) তারকা আকৃতির; নক্ষত্র সম্বন্ধীয়। Star-shaped; stellar. Astral.

ستاره پرست (সেতা'রে পারাসত্/ setăre-parast) নক্ষত্র পূজারী। Star-worshipper.

ستاره شناس(সে.-শেনা'স্/ s.-šenăs)= اختر شناس। জ্যোতিষী; নক্ষত্রবিদ। Astronomer. Astrologer.

ستاره شناسی(সে.-শেনা'সী/ s.-šenăsi) জ্যোতিষশাস্ত্র; জ্যোতির্বিদ্যা; নক্ষত্র বিজ্ঞান। Astrology. Astronomy.

ستام (সেতা'ম্/setăm) ঘোড়ার কারুকার্যময় সাজপোশাক; লাগাম। Harness; trappings.

ستان (সেতা'ন্/ setăn) [ستدن বা ستاندن এর অনু./ Imp. of ستدن or ستدن]

ستاندن (সেতা'ন্দান্/ setăndan) = استدن। ছলওয়া; পাওয়া; হস্তগত করা। To take; to get; to obtain.

ستاننده (সেতা'নান্দে/ setănande) [گیرنده] গ্রহণকারী; গ্রাহী; গ্রহিতা। One who takes; receiver; recipient.

ستایش (সেতা'য়েশ্/ setăyeš) প্রশংসা। Praise. س. کردن প্রশংসা করা। To praise; pay tribute to. قابل س. প্রশংসাযোগ্য; প্রশংসনীয়। Praiseworthy.

ستبر (সেতাব্র্/ setabr) [کلفت] পুরু; মোটা; শক্ত; বিরাট। Thick. Sturdy. Coorse. Big.

ستبرا (সেতাব্রা'/setabră) পুরুত্ব; স্থূলতা; কাঠিন্য। Thickness.

ستبر پوست (সেতাব্র্পুস্ত্/setabrpust) স্থূল চর্ম; মোটা চামড়াবিশিষ্ট (জন্তু-জানোয়ার)। Pachydermatous.

ستدن (সেতাদান্/ setadan)= استدن। লওয়া; গ্রহণ করা। To take.

ستر(সেত্র্/ setr) পর্দা; আবরণ; সতীত্ব। Veil; screen; covering. Modesty. Covering. ستر عورت کردن লজ্জাস্থান ঢেকে রাখা। To cover one's nakedness.

ستردن (সেতোর্দান্/ setordan) [استر] ঘষে বা চেঁছে ফেলা। To shave. To scrape. To erase.

سترده (সোতোর্দে/ setorde) ستردن এর ক্রি. বিণ./ p.p. of ستردن].

سترگ (সেতোর্গ্/ sotorg) বড়; বৃহৎ; বিরাট; বিশালদেহী। Large. Gross.

سترون (সাতার্ভান্/ satarvan) বন্ধ্যা; নিষ্ফল। Sterile. س. کردن নিষ্ফল/বন্ধ্যা করে দেওয়া। To sterilize.

سترونی (সাতার্ভানী/satarvani) নিষ্ফল; নিষ্ফলা; বন্ধ্যাত্ব। Sterility.

ستل (সাত্ল্/ satl) বালতি। Pail.

ستم (সেতাম্/ setam) অত্যাচার। Oppression. س. کردن অত্যাচার করা; অবিচার করা। To oppress. Do injustice to.

ستمدیده (সে.-দীদে/ s.-dide) [ব.ব./ pl. ستمدیدگان] অত্যাচারিত; আঘাতপ্রাপ্ত; আহত। Oppressed; injured.

ستمکار (সে.-কা'র্/ s.-kăr)= ستمگر

ستمگر (সে.-গার্/ s.-gar) অত্যাচারী; স্বৈরাচারী। Oppressor; tyrant.

ستمگری (সে.-গারী/ s.-gari) অত্যাচার। Oppression.

ستمی (সেতামী/ setami) জাহাজ বা অন্য যানবাহনে মাল প্রেরণের চালান(পত্র)। Bill of lading. [দ্র./ S.u. بارنامه].

ستوان(সেত্‌ভা'ন্/setvǎn) লেফটেন্যান্ট; (সেনা বাহিনীর) ফ্লাইট লেফটেন্যান্ট। Lieutenant. [In the army]. Flight-lieutenant.

ستوانی (সোত্‌ভা'নী/setvǎni) লেফটেন্যান্ট/ফ্লাইট লেফটেন্যান্টের দায়িত্ব/কাজ/পদ। Lieutenantship.

ستودن (সোতূদান্/ sotudan) [(ستا(ی]) প্রশংসা করা। To praise.

ستوده (সোতূদে/sotude) ১/1) প্রশংসিত। Praiseworthy. ২/2) [ستودن এর ক্রি. বিণ./ p.p. of ستودن].

ستور (সোতূর্/sotur) ভারবাহী বা সওয়ারী বহনকারী চতুষ্পদ জন্তু, বিশেষত ঘোড়া। Quadruped; esp. horse.

ستون (সোতূন্/ sotun) থাম; স্তম্ভ; (সংবাদপত্রের) কলাম; সৈন্যদের সারি। Pillar. Column. Army corps. ستون بدهکار হিসেবের খাতায় খরচের অঙ্ক লেখার অংশ। Debit side. ستون پله সৈন্যদল, রণতরী, বিমান প্রভৃতির সোপানবৎ বিন্যাস; যে কোন সংস্থায় বিশেষ স্তর বা শ্রেণীর ব্যক্তিবর্গ। Echelon. ستون فقرات মেরুদণ্ড। Spinal column.

ستون بندی (সো.-বান্দী/ s.-bandi) সৈন্যবিন্যাস; সৈন্যদল, রণতরী, বিমান প্রভৃতির সোপানবৎ বিন্যাস। Columniation. Arrangement in echelons.

ستونک (সোতূনাক্/ sotunak) উদ্ভিদ বা প্রাণীর দণ্ডবৎ কাঠামো। Columella.

ستونی(সোতূনী/ sotuni) থাম-আকৃতির; স্তম্ভাকার; কলামভিত্তিক। Pillar-shaped; columnar.

ستوه (সোতূহ্/sotuh) হয়রান; ক্লান্ত-শ্রান্ত। Harassment. بستوه آوردن হয়রান বা নাজেহাল করা। To harass; put out of patience by harassment.

سته (সেতে/sete) এক বা একাধিক বীচিবিশিষ্ট ক্ষুদ্র রসালো ফল (যেমনঃ কুল; আঙ্গুর; খুরমা)। Berry.

ستیز (সেতীয্/ setiz) ১/1)= ستیزه ২/2) [ستیزیدن এর অনু./ Imp. of ستیزیدن].

ستیزگر (সে.-গার্/ s.-gar) ঝগড়াটে; জেদী; উদ্ধত; শত্রুতা পোষণকারী। Quarrelsome. Stubborn.

ستیزه (সেতীযে/ setize) ঝগড়া; বিবাদ; কলহ; সংঘাত। Quarrel; strife. Anger. Obstinacy.

ستیزه جو (সে.-জূ/ s.-ju) ঝগড়াটে। Quarrelsome.

ستیزیدن (সেতীযীদান্/ setizidan) ঝগড়া করা; বিবাদ করা; শত্রুতা করা; যুদ্ধ করা; সংঘর্ষে লিপ্ত হওয়া। To Quarrel. To use violence.

ستیغ (সেতীগ্ব/setiğ) পর্বতশিখর; গিরিশীর্ষ; গিরিশৃঙ্গ। Mountain ridge.

سجاده (সাজ্জা'দে/ sajjǎde) জায়নামাজ। Prayer-carpet.

سجاف (সেজা'ফ্/ sejǎf) পর্দা; ঝালর। False hem; border. س. کردن ঝালর লাগানো। To border.

سجایا(সাজায়া'/sajăyă) [سجیه এর ব.ব./pl. of سجیه]

سجده (সাজ্দে/ sajde) সিজদাহ্।
Prostration; bowing down.
س. کردن সিজদা করা; মস্তক অবনমিত করা। To bow down; prostrate.

سجع (সাজ্-/ saj') অন্ত্যমিলবিশিষ্ট বা ঝঙ্কারপূর্ণ কবিতা বা (গদ্য) বক্তব্য। Harmonious cadence. Riming prose.

سجل (সেজেল্[ল্]/ sejel[l]) লিপিবদ্ধ, নথিভুক্ত বা তালিকাভুক্ত করা; বিবরণপত্র। Register; record.

سجن (সেজ্ন্/ sejn) = زندان

سجود (সোজূদ্/ sojud) (ইবাদতে) সিজদাহ; ভূমিতে কপাল স্পর্শ করা। Prostration (in prayer); touching the ground with the forehead.

سجیه (সাজীয়্যে/sajiyye) [ব.ব./pl. سجایا] অভ্যাস; বৈশিষ্ট্য। (Natural) disposition or quality.

سحاب (সাহা'ব্/ sahăb) ১/1)= ابر ২/2) নীহারিকা। Nebula.

سحابی (সাহা'বী/sahăbi) নীহারিকা সংক্রান্ত। Nebular.

سحر (সাহার্/ sahar) প্রত্যূষ; সোব্হে সাদেক। Time just before the dawn.

سحر (সেহ্র্/ sehr) জাদু। Magic.
س. کردن জাদু করা; জাদু প্রদর্শন; বশীভূত করা; অভিভূত করা। To practise magic. To fascinate.

سحر آمیز (সে.-অ'মীয্/ s.-ămiz) জাদুর ন্যায়; অতি আকর্ষণীয় জাদুসুলভ। Magical. Enchanting.

سحرخیز (সাহার্ খীয্/sahar-xiz) যে প্রত্যূষে ঘুম থেকে ওঠে। Early riser. Rising early.

سحرخیزی (সা.-খীযী/ s.-xizi) প্রত্যূষে ওঠা। Early rising.

سحرگاه (সা.-গা'হ্/ s.-găh) প্রভাত। Dawn.

سحره (সাহারে/sahare) [ساحر এর ব.ব./ pl. of ساحر]

سحری (সাহারী/ sahari) রোযা রাখার জন্য সোবহে সাদেকের পূর্বে গৃহীত খাদ্য; প্রত্যূষ সংশ্লিষ্ট। Pertaining to the dawn. Food eaten before the dawn of a fasting day. Matutinal.

سخا(وت) (সাখা'[ভাত্]/ saxă[vat]) বদান্যতা; উদারতা; দানশীলতা। Generosity.

سخت (সাখ্ত্/saxt) কঠিন; কর্কশ; শক্ত; দুরূহ। Hard; difficult. Severe. Rigid. س. شدن কঠিন হওয়া; শক্ত হয়ে যাওয়া; অধিকতর খারাপ হওয়া। To get hard; harden. To be aggravated. س. کردن কঠিন করা; অধিকতর খারাপ করা। To harden. To aggravate. س. گرفتن কঠিনভাবে ধরা; গুরুত্বের সাথে (কারো আচরণকে) গ্রহণ। To be severe or strict. س. نگیر সহজভাবে নাও। Take it easy.

سخت پی (সা.-পেই/ s.-pey) পেশীযুক্ত; পেশল; বলিষ্ঠ; শক্তিমান। Sinewy; strong.

سخت جان(সা.-জা'ন্/s.-jăn) শক্ত প্রাণের অধিকারী; দৃঢ়তার অধিকারী; কৃপণ। Die-hard. Hard-hearted.

سخت دل (সা.-দেল/ s.-del) কঠোর; নিষ্ঠুর; নির্মম; নির্দয়। Hard-hearted.

سخت دلی (সা.-দেলী/ s.-deli) নিষ্ঠুরতা; নির্মতা; কঠোরতা; নির্দয়তা। Cruelty.

سخت شامه (সা.-শা'মে[ম্মে]/ s.-šăm[m]e) মাথার খুলির নিচে ও মগজের ওপরে অবস্থিত শক্ত পর্দা। Dura mater.

سخت گیر (সা.-গীর্/ s.-gir) কঠোর; যে কড়াকড়ি করে। Severe; exacting; hard; difficult.

سخت گیری (সা.-গীরী/s.-giri) কঠোরতা; কড়াকড়ি। Severity; rigour; harsh treatment.

سختی (সাখ্‌তী/ saxti) কঠিনতা; দুর্ভাগ্য; দুরবস্থা। Difficulty. Hardship. س. کشیدن দুরবস্থার মোকাবিলা করা; কষ্ট পাওয়া। To suffer hardship.

سختیان (সাখ্‌তিয়া'ন্/ saxtiyăn) উৎকৃষ্ট ছাগচর্ম বিশেষ। Morocco leather.

سخره (সোখ্‌রে/ soxre) যাকে বিনা পারিশ্রমিকে শ্রম দানে বাধ্য করা হয়েছে; বল প্রয়োগের মাধ্যমে কোন কর্মে নিয়োগ করা। Forced labour. Requisition. به س. گرفتن বাধ্যতামূলক (পারিশ্রমিকহীন) শ্রম আদায়। To call in requistion; impress.

سخره (সোখ্‌রে/soxre) উপহাসের শিকার; উপহাসের পাত্র। Derision. Laughing-stock.

سخریه(সোখ্‌রিয়্যে/ soxriyye) উপহাস। Derision.

سخط (সাখাত্‌/ saxat) কোন কিছুতে বা (কারো ওপর) ক্রুদ্ধ হওয়া; রাগ করা। Discontent. Anger.

سخمه (সোখ্‌মে/ soxme) খোঁচা মেরে প্রবেশ করানোর উপযোগী লম্বা ও সরু তরবারি বিশেষ। Rapier.

سخن (সোখান্‌/ soxan) কথা; বক্তব্য; উক্তি; মন্তব্য। Speech. Word. Remark. س. راندن বক্তৃতা করা। To deliver a speech. س. گفتن কথা বলা; বক্তৃতা করা। To speak; talk.

سخن پراکنی(সো.-পারা'কানী/ s.-parăkani) বক্তব্য প্রচার; বাকজাল বিস্তার। Broadcasting.

سخن چین (সো.-চীন্/ s.-čin) পরের অনিষ্ট সাধনার্থে মিথ্যা কাহিনী বা গুজব রটনাকারী। Tale-bearer.

سخن چینی (সো.-চীনী/ s.-čini) পরের অনিষ্ট সাধনার্থে মিথ্যা কাহিনী বা গুজব রটনা। Tale-bearing.

سخندان (সো.-দা'ন্/ s.-dăn) বাকপটু; প্রাঞ্জলভাষী। Eloquent.

سخندانی (সো.-দা'নী/s.-dăni) বাকপটুতা; প্রাঞ্জলভাষিতা। Eloquence; mastery of words.

سخنران (সো.-রা'ন্/ s.-răn) বক্তা। Lecturer. Orator.

سخنرانی (সো.-রা'নী/ s.-răni) বক্তৃতা; ভাষণ। Lecture. س. کردن বক্তৃতা করা। To give a lecture; deliver a speech.

سخنگو(সো.-গূ/ s.-gu) মুখপাত্র। Spokesman.

سخنور (সো.-ভার্/ s.-var) বাক্যবাগীশ; বাকপটু লেখক বা বক্তা। Eloquent. Eloquent writer or speaker.

سخنوری (সো.-ভারী/s.-vari) বাকপটুতা; কবিত্ব; সাহিত্যিক প্রতিভা। Eloquence. Poetic gift.

سخی (সাখী/ saxi) দানশীল; উদারহৃদয়; উদারহস্ত। Generous; liberal.

سخیف (সাখীফ্/saxif) দুর্বল; অল্প বুদ্ধিসম্পন্ন; দৃঢ়সঙ্কল্পহীন। Weak. Weak-minded.

سد(সাদ্/sad)= صدএক শ'। hundred.

سد (সার্দ্[দ্]/ sad[d]) বাধা; বাঁধ; প্রাচীর; দেয়াল। Dam. Barrier. Bar. سد رمق কোনমতে বেঁচে থাকা। Bare subsistence. س. بستن বাঁধ নির্মাণ। To construct a dam. س. کردن পথ রোধ করা; ব্যাহত করা; বন্ধ করা। To obstruct; block. To close.

سدا (সোদা'/ sodă)= سودا

سداب (সোদা'ব্/ sodăb) ওষধি উদ্ভিদ বিশেষ। Rue. سداب/کوهی = اسپند

سداد (সাদা'দ্/ sadăd) সঠিক পথে থাকা; ন্যায়নীতি অনুসরণ; দৃঢ় থাকা। To be in the right path; resistenec.

سدبندی (সাদ্ বান্দী/ sad bandi) বাঁধ নির্মাণ। Construction a dam or dams; barrage.

سدر (সেদ্র্/ sedr) [کنار] পত্র পল্লবে জমকালো বৃক্ষ বিশেষ; ভূমধ্যসাগরীয় এলাকার এক ধরনের ছোট ফলবৃক্ষ। Lotus.

سدس(সোদ্স্/ sods) = یک ششم ষষ্ঠাংশ। Sixth.

سدساله (সাদ্ সা'লে/ sad săle) শতবর্ষী; শতবর্ষীয়। Hundred-year-old. Centennial. جشن س. শতবার্ষিকী উৎসব। Centenary.

سدم (সাদোম্/ sadom) শততম; শতাংশ। Hundredth.

سدمی (সাদোমী/ sadomi) শততম(টি); শতাংশ। The hundredth (one).

سدمین (সাদোমীন্/ sadomin) শততমটি...। The hundredth.

سَده (সাদে/ sade) শতাব্দী; শতবর্ষ। Century.

سدی چند (সাদী চান্দ্/ sadi čand)= در صد শতকরা হার। Percentage.

سدید (সাদীদ্/ sadid) = درست ঠিক; সঠিক। Right; just.

سر (সার্/ sar) [ব.ব./pl.سران] প্রধান; মাথা; শেষ; শীর্ষ; ঢাকনা; উচ্চতম চূড়া; সূচনা। Chief. Head. Top. End. Cover; سرپا দাঁড়ানো অবস্থায়। Standing (on foot). سر دست হাতের ওপর। Over the hand. سر راه পথে; রাস্তায়। On the way. سرساعت ঠিক সময়ে। At the exact time; on time. سرسواری যানবাহনে থাকা অবস্থায়। (While) riding. سر شب রাত্রির প্রথম ভাগ। The first part of the night. سرکار কাজে; কর্মস্থলে; কর্মস্থল। At the work; on duty. سرمیز টেবিলে; বিবেচনাধীন। At table. سرتاپا সম্পূর্ণ। All over. سرتا سر সম্পূর্ণভাবে; প্রথম হতে শেষ পর্যন্ত;

সারা...জুড়ে। Throughout. All over; across. سر تا سرایران সারা ইরান জুড়ে। Throughout Iran. سر از پا نشناختن ধরাকে সরা জ্ঞান করা। To be utterly confused. سر آمدن সময় এসে যাওয়া; সময় শেষ হওয়া। To expire. To execel; attain perfection. سر باز زدن از অস্বীকার করা; বিরত থাকা। To refuse to do. سر بسرکسی گذاشتن ব্যঙ্গ করা; বিরক্তি উৎপাদন করা; জ্বালাতন করা; বোকা বানানো। To tease or annoy some one; fool him; be fuuny with him. سربلند کردن মাথা উঁচু করা; প্রতিষ্ঠিত হওয়া; সম্মানের অধিকারী হওয়া। To rise; attain a (better) social position.
سر توی سرها در آوردن সমাজে প্রতিষ্ঠিত হওয়া। To show up in society. سر بریدن শিরশ্ছেদ করা; জবাই করা। To behead.
سر پیچیدن از অবাধ্য হওয়া; বিদ্রোহ করা। To disobey. To recalcitrate at (or against). سر حال সুস্থ; খোশ মেজাজে; স্বাভাবিক অবস্থায়। In good health (or spirits). سر خود বিনানুমতিতে; অনাহূতভাবে। Without permission. Spontaneously.
سر در آوردن বুঝতে পারা; মাথা তোলা; কোন বিষয়ে অবহিত হওয়া। To make head or tail. To show up new courage. To be come aware of. سر رفتن সময় শেষ হয়ে যাওয়া। To boil over; to get over again. (به) سر زدن সাক্ষাত করা। To call on. سر رسیدن হঠাৎ করে হাযির হওয়া; (যথা) সময়ে সমুপস্থিত হওয়া। To arrive unexpectedly. To come to maturity. از سر হতে; মাধ্যমে। From; by way of.
دست از سرکسی برداشتن কাউকে রেহাই দেওয়া; বিরক্ত করা থেকে বিরত থাকা। To leave one alone; cease annoying him. از سرگرفتن পুনরায় শুরু হওয়া। To resume; start again. چه بسرش آمد؟ তার ভাগ্যে কি (দুর্ঘটনা) ঘটল? What happened to him?
سرش نمی شود সে কিছুতেই বুঝছে না। He does not know it.
چه در سردارید তোমার উদ্দেশ্য কি? What are you intending to do?

سر (সোর্/sor) পিছল। Slide. سر خوردن পিছলে পড়া। To slide or glide.

سِر (সের্[র্]/ ser[r]) [ব.ব./pl.اسرار]= راز গোপন কথা; গোপন তথ্য; রহস্য; অন্তর। Secret; mystery.

سرا(ی) (সারা[য়]/ sarǎ[y]) বাসস্থান; সরাই; সরাইখানা। House. Inn. Commercial warehouse.

سرا(ی) (সারা'[য়]/ sarǎ[y]) [سرائیدن এর অনু./Imp. of سرائیدن].

سراً (সের্রান্/ serran) গোপনভাবে। Secretly.

سراب (সারা'ব্/sarǎb) মরীচিকা। Mirage.

سراپا (সারা'পা'/ sarǎ-pǎ) আপাদমস্তক।

All over. س. گوش بودن মন দিয়ে শোনা। To be all ears.

سراپرده (সা.-পারদে/ s.-parde) রাজদরবারের পরিবেষ্টন; হেরেম; তাঁবু। (Curtain at the door of a) royal court. Harem. Tent. Enclosure.

سراج (সেরা'জ্/ seräj) = چراغ

سراج (সার্রা'জ/ sarräj) = زین ساز

سراجه (সারা'জে/ saräje) ঘোড়া ও গাধার রোগ বিশেষ। Farcy.

سراجی (সার্রা'জী/sarräji)=زین سازی

سراچه (সারা'চে/ saräče) ছোট ঘর বা প্রাসাদ। Small house or palace.

سرادق (সারা'দেগ্/sarädeğ)= سراپرده

سرازیر (সারা'যীর্/ sarăzir) ঢালু স্থান; পর্বতগাত্র। Sloping; downhill. س. شدن ক্রমশ ঢালু হওয়া; উল্টে যাওয়া; নীচের দিকে গড়িয়ে পড়া বা প্রবাহিত হওয়া। To slope; slant. To be turned upside down. To come or fall down.

سرازیری (সারা'যীরী/ sarăziri) ঢালু অবস্থা; উৎরাই। Declivity; slope; downhill.

سر آستین (সার্অ'স্তীন্/ sarăstin) জামার হাতার/আস্তিনের অগ্রভাগ। Cuff; wristband.

سراسر(সারা'সার্/ sarăsar) শুরু হতে শেষ পর্যন্ত; সবখানে; সর্বত্র। All over. Throughout. Everywhere.

سراسیمگی (সারা'সীমেগী/sarăsimegi) হতবুদ্ধিতা; দ্বিধাগ্রস্ততা; আতঙ্কগ্রস্ততা। Confusion. Amazement.

سراسیمه (সারা'সীমে/sarăsime) হতভম্ব; হতবুদ্ধি। Confused. Amazed.

سرآشپز (সার্ অ'শ্পায্/ sarăšpaz) প্রধান বাবুর্চি। Head-cook.

سراشیب (সারা'শীব্/ sarăšib) ঢালু স্থান; উৎরাই। Slopping. Slope.

سراغ (সোরা'গ্ব/ sorăğ) অনুসন্ধান; নিদর্শন; চিহ্ন। Clue; track. Sign. س. داشتن জানা; খোঁজ-খবর রাখা। To know of. س. کردن অনুসন্ধান করা; চিহ্নিত করা। To trace; to locate. س. کسی را گرفتن কারো সম্বন্ধে অনুসন্ধান করা/খোঁজ-খবর নেওয়া। To inquire about some one.

سرآغاز (সার্ অ'গ্বা'য্/sar-ăğăz) সূচনা; ভূমিকা। Exordium; proem; preamble.

سرافراز (সা.-আফ্রা'য্/s.-afrăz) উচ্চশির; সম্মানিত। Honoured. س. شدن সম্মানিত/উচ্চশির হওয়া। To be honoured. س. کردن সম্মানিত করা; প্রশংসিত করা। To honour; exalt.

سرافرازی (সা.-আফ্রা'যী/ s.-afrăzi) উচ্চ সম্মান; সম্মানজনক অবস্থা। Honour; credit.

سرافکندگی (সা.-আফ্কান্দেগী/ s.-afkandegi) লজ্জা। Shame.

سرافکنده (সা.-আফ্কান্দে/ s.-afkande) লজ্জিত। Ashamed.

سرافیل (সারা'ফীল্/sarăfil) =اسرافیل

سرآمد (সার্অ'মাদ্/sar-ămad) বিশিষ্ট; পূর্ণ; শ্রেষ্ঠ। Eminent. Superior.

سرانجام(সা.-আন্জা'ম্/s.-anjăm) শেষ; অন্তিম; পরিণতি; শেষ পর্যন্ত। Conclusion; end. In the long run.

سرانداز (সা.-আন্দা'য্/ s.-andăz) মহিলাদের মস্তকাবরণ; কার্পেটের ওপর বিছানোর জন্য ব্যবহৃত কাপড়। Head-carpet.

سرانديب (সারা'ন্দীব্/ sarăndib) সরন্দ্বীপঃ শ্রীলংকা। Ceylon: Sri lanka.

سرانگشت (সার্ আন্গোশ্ত্/sar angošt) হস্তাঙ্গুলির প্রান্ত। Finger-tip.

سرانه (সারা'নে/ sarăne) মাথা পিছু; মাথা পিছু আদায়কৃত কর। Share. Head-money. Per head.

سرايت (সারা'য়াত্/sarăyat) ছড়িয়ে পড়া; সংক্রমণ; সঞ্চালন। Contagion; transmission. س. کردن ছড়িয়ে পড়া; সংক্রমিত হওয়া। To be communicated by contagion.

سرايدار (সারা'য়দা'র্/sarăydăr) প্রহরী; তত্ত্বাবধায়ক। Custodian; caretaker.

سرايداری (সারা'য়দা'রী/ sarăydări) তত্ত্বাবধান। Custodianship.

سراير (সারা'য়ের্/ sarăyer) [سريره এর ব.ব./ pl. of سريره]

سرايش (সারা'য়েশ্/sarăyeš) গান গাওয়া। Singing.

سرايندگی(সারা'য়ান্দেগী/sarăyandegi= سرايش

سراينده (সারা'য়ান্দে/sarăyande) [ব.ব./pl. سرايندگان] গায়ক। Singer.

سراييدن (সারা'য়ীদান্/ sarăyidan) [سرای] কবিতা/গজল গান ইত্যাদি গাওয়া বা রচনা করা। To sing. To compose.

سُرب (সোর্ব্/sorb) সীসা। Lead. سرب مدادی গ্রাফাইট। Graphite.

سربار(ی) (সার্বা'র্[ী]/ sarbăr[i]) বড় বোঝার ওপর ছোট বোঝা; যে অন্যের ওপর দিয়ে নিজের জীবন নির্বাহের ব্যয় চালিয়ে নেয়। Small load on top of a heavier one.

سرباز (সার্ বা'য্/ sar băz) সিপাহী। Soldier. سرباز پياده পদাতিক সৈন্য। Infantry-man. سرباز وظيفه বাধ্যতামূলক সামরিক সেবা আইনের অধীনে কর্মরত (সাময়িক) সৈনিক। Conscript.

سرباز (সার্বা'য্/sar-băz)= روباز / باز

سربازخانه(সা.-খা'নে/s.-xăne) সেনানিবাস। Barrack.

سربازگيری (সা.-গীরী/s.-giri) সাধারণভাবে অথবা বাধ্যতামূলকভাবে সৈন্য দলে ভর্তি করা। Conscription; recruitment.

سربازی (সার্বা'যী/sar-băzi) সামরিক বাহিনীতে চাকুরী; সৈন্যের পেশা। Military service; soldiering.

سربالا (সার্ বা'লা/sar bălă) চড়াই; ক্রমশ উঁচু হয়ে যাওয়া স্থান। Ascending; uphill. جواب سربالا دادن অসঙ্গত; এলোমেলো জবাব দেওয়া। To give an irrelevant or vague answer.

سربالایی(সা.-বা'লা'য়ী/ s.-bălăyi) ক্রমোন্নতি; চড়াই; আরোহ। Uphill; acclivity.

سربتو (সা.-বেতূ/ s.-betu) অধোবদন; চিন্তিত; ধুরন্ধর ও প্রতারক। Sly (by silent); insidious.

سربدار (সা.-বেদা'র্/s.-bedăr) যে ফাঁসিকাষ্ঠে যেতে প্রস্তুত; মরণপণ সংগ্রামী। Die-hard rebel; member of death-squad.

سربرگ (সা.-বার্গ্/ s.-barg) তাসখেলায় অভিজ্ঞ ব্যক্তি। Elder hand.

سربرهنه (সা.-বেরেহ্নে/ s.-berehne) মাথায় ওড়না, টুপি বা পাগড়ি পরেনি এমন; উম্মুক্ত-মস্তক। Bare-headed.

سربریده (সা.-বোরীদে/ s.-boride) শিরশ্ছেদকৃত; মাথাকাটা। Beheaded.

سربزیر (সা.-বেযীর্/s.-bezir) নম্র; বিনীত। Humble; tractable.

سربسته (সা.-বাস্তে/s.-baste) বদ্ধ; বাঁধা (রয়েছে এমন); গোপনীয়; পানিরোধক; বায়ুরোধী। Closed. Water-tight. Air-tight. Secret.

سربسر(সা.-বেসার্/s.-besar) সম্পূর্ণভাবে; প্রথম হতে শেষ পর্যন্ত। Throughout; all over. [তেমনি/ also سراسر].

سربطری (সা.-বোত্রী/ s.-botri) ছিপি; কর্ক। Stopper; cork. سربطری پهن পেঁচযুক্ত কর্ক। Cork-screw.

سربکار (সোর্ব্কা'র্/ sorbkăr) সীসা শিল্পের কারিগর/মিস্ত্রী। Artisan working in lead. Plumber.

سربلند (সার্ বোলান্দ্/ sar boland) সম্মানিত; উচ্চশির; গর্বিত। Honoured. Proud.

سربلندی (সা.-বোলান্দী/ s.-bolandi) সম্মান; মর্যাদা; গৌরব। Honour. Pride.

سربمهر (সা.-বেমোহ্র্/ s.-bemohr) সীলমোহরকৃত/সীল-গালাকৃত চিঠিপত্র, বস্তা, প্যাকেট, কার্টুন বা বাক্স; শক্তভাবে বাঁধা। Sealed; closed up tightly.

سربند (সা.-বান্দ্/ s.-band) বিশেষ নিদর্শন বা চিহ্ন হিসেবে মাথায় বাঁধার জন্য ব্যবহৃত সরু কাপড়ের টুকরা বা কাপড়ের ফিতা। Head-band; fillet.

سربهوا (সা.-বেহাভা'/ s.-behavă) ক্রীড়ামত্ত; কামনা-বাসনা চরিতার্থ করার জন্য ব্যস্ত (ব্যক্তি)। Giddy. Careless.

سُربی (সোর্বী/sorbi) সীসা নির্মিত। Leaden. Lead-blue.

سرپاسبان (সার্ পা'স্বা'ন্/sar păsbăn) পুলিশ সার্জেন্ট। Sergeant in the Police.

سرپایی (সা.-পা'য়ী/s.-păyi) যে দাঁড়িয়ে দাঁড়িয়ে কাজ করে; ভ্রাম্যমান পতিতা। [Of a visit] Flying. [.کفش س বোঝাতে/ For .کفش س] চটি জুতা। Slipper. .بیماران س যে রোগীরা হাসপাতালে ভর্তি হয় না; শুধু ওষুধ নিয়ে যায়। Outpatients.

سرپر (সা.-পোর/ s.-por) যে আগ্নেয়াস্ত্রের মুখের ভেতর দিয়ে বারুদ বা গুলী ভরতে হয়। Muzzle-loading. .تفنگ س শিকারের বন্দুক যার নলের মুখ দিয়ে গুলী ও বারুদ ভরতে হয়। Muzzle-loader.

سرپرست(সা.-পারাস্‌ত্/ s.-parast) তদারককারি; অভিভাবক; পৃষ্ঠপোষক; সহায়তাকারী; দায়িত্বশীল কর্মকর্তা; প্রতিষ্ঠানের প্রধান। Supervisor; guardian; person in charge.

سرپرستی (সা.-পারাস্‌তী/ s.-parasti) অভিভাবকত্ব; পৃষ্ঠপোষকতা; তদারকি। Guardianship; protection; supervision. ادارهٔ س. প্রশাসনিক কার্যালয়। Administrative office.

سرپستانک (সা.-পেস্তা'নাক্/ s.-pestănak) স্তনের বোঁটা; শিশুদের চুষণির বোঁটা। Nipple.

سرپنجه (সা.-পান্‌জে/ s.-panje) হাতের আঙ্গুলের শেষ প্রান্ত; থাবা; শক্তি। Hand or palm. Claws.

سرپوش (সা.-পূশ্/ s.-puš) ঢাকনা; ঢোপর; সরপোশ। Dish-cover. Lid. Cap.

سرپوش (সের্[র]পূশ্/ ser[r]puš)= سرنگهدار

سرپوشیده (সার্ পূশীদে/ sar-pušide) মস্তকাবৃত; ওপর থেকে ঢেকে রাখা (হয়েছে এমন); ওপরে ছাউনি/শেডযুক্ত (পথ)। Porch; covered passage. نهر س. ঢাকনাযুক্ত নালা; কালভার্ট। Culvert.

سرپیچ (সা.-পীচ্/ s.-pič) তেলের বাতির বার্নার; বৈদ্যুতিক বাল্বের পেঁচানো মাথা। Burner (of a lamp) Bung (of a cask). Socket.

سرپیچی (সা.-পীচী/ s.-piči) অবাধ্যতা; বিদ্রোহ। Disobedience. س. کردن বিদ্রোহ করা; অবাধ্য হওয়া। To turn away.

سرتاسری (সা.-তা'সারী/s.-tăsari) প্রথম থেকে শেষ পর্যন্ত। Extended from one end to the other end.

سرتراش (সা.-তারা'শ্/s.-tarăš) নাপিত। Barber. [তুল./ C.f. سلمانی].

سرتراشی (সা.-তারা'শী/ s.-tarăši) মাথা কামানো; নাপিতের পেশা। Barbery.

سرتیپ (সা.-তীপ্/ s.-tip) ব্রিগেডিয়ার; ব্রিগেডিয়ার জেনারেল। Brigadier-general.

سرتیز (সা.-তীয্/ s.-tiz) [خار] ধারালো; ধারালো বা ছুঁচালো অগ্রভাগ। Sharp. Pointed.

سرجنبان (সা.-জোম্বা'ন্/ s.-jonbăn) প্রভাববিশিষ্ট; ক্ষমতাশালী। Influential.

سرجوخه (সা.-জূখে/ s.-juxe) স্থল বাহিনী বা নৌবাহিনীর নিম্নপদস্থ নায়েক বিশেষ। Corporal.

سرچسب (সা.-চাস্‌ব্/ s.-časb) কোন কিছুর মুখ বন্ধ করার জন্য ব্যবহৃত গালা বা আঠালো পদার্থ। Clasp.

سرچشمه (সা.-চাশ্‌মে/ s.-čašme) উৎস; ফোয়ারা-মুখ। از س. گرفتن থেকে উৎসারিত হওয়া। To originate in; take its rise in.

سرچین (সা.-চীন্/ s.-čin) স্বহস্তে বাছাই করে সংগৃহীত (ফল)। Picked; choice. س. کردن বেছে বেছে নেওয়া। To pick out; select.

سرحد (সা.-হাদ্[দ্]/s.-had[d]) [سر حدات]= مرز সীমান্ত। Border. Frontier. تا سرحد امکان যতদূর

সম্ভব; সাধ্যানুযায়ী। As far as possible.

سرحدی (সা.-হাদ্দী/s.-haddi)= مرزی

سرحکم (সা.-হাকাম্/s.-hakam)= سرداور

سرحلقه (সা.-হাল্‌গে/s.-halğe) দলনেতা; জামার হাতার অগ্রভাগ। Ringleader.

سرخ (সোর্‌খ্/ sorx) লাল; টুকটুকে লাল। Red. Redhot. . خاك س আয়রন অক্সাইডযুক্ত লাল মাটি। Ferrous oxide. . گل س (লাল) গোলাপ। (Red) rose. س . شدن লাল হয়ে যাওয়া; ভাজা হয়ে যাওয়া। To turn red. To be roasted. س . کردن রঞ্জিত করা; ভাজা। To redden. To (roast) brown. To fry.

سرخاب (সোর্‌খা'ব্/ sorxăb) লাল রঙ বিশেষ যা মহিলারা গালে লাগায়; গাল রাঙানোর পাউডার বিশেষ; রুজ। Rouge; paint.

سرخاب (সোর্‌খা'ব্/ sorxăb) ১/1) গালে বা ঠোঁটে দেয়ার এক প্রকার লাল রং। BRouge; paint. ২/2) লাল রঙের হাঁস বিশেষ। Barnacle.

سرخالی (সার্‌খা'লী/ sar-xăli) লঘু ভার। Light-weight. Underweight.

سرخ تیره (সোর্‌খ্ তীরে/ sorx-tire) রক্তিমাভ বিচিত্র বর্ণের (ঘোড়া)। Roan (horse).

سرخجه (সোরখেজে/ sorxeje)= سرخک

سرخدار (সোর্‌খ্‌দা'র্/ sorxdăr) কৃষ্ণবর্ণ পত্রযুক্ত চিরশ্যামল বৃক্ষ বিশেষ বা তার কাঠ। Yew.

سرخر (সারখার/sarxar) অন্যের ঘাড়ে চেপে বসা; বিরক্তিকর; মৃ.অ. গাধার মাথা। Gooseberry. Bore.

سرخرگ (সোখইরাগ্/ sorxrag) ধমনী। Artery.

سرخس (সারাখ্‌স্/ saraxs) কাণ্ডবিহীন শুধু পাতা ও ডাঁটাবিশিষ্ট উদ্ভিদ বিশেষ। শহরের নাম বিশেষ। Fern. Name of a city.

سرخ سرك (সোর্‌খ্ সারাক্/ sorx sarak) লাল বক্ষবিশিষ্ট গায়ক পক্ষী বিশেষ। Redbreast.

سرخک (সোর্‌খাক্/ sorxak)= ১/1) سرخجه হাম। Measles. ২/2)ساس

سرخ کرده (সোর্‌খ্ কার্‌দে/ sorx karde) ভাজা (হয়েছে এমন)। Browned. Roasted.

سرخ ماهی (সো.-মা'হী/ s.-măhi) সামুদ্রিক মৎস্য বিশেষ। Gurnard; gurnet.

سرخ نای (সো.-না'য়/s.-năy) খাদ্যনালী। Oesophagus.

سرخور (সার্‌খোর্/sar-xor) পিতার মৃত্যুর পর জন্মগ্রহণকারী শিশু। Posthumous (child).

سرخوردگی (সা.-খোর্‌দেগী/s.-xordegi) কোন কাজে হতাশ হয়ে তা ছেড়ে দেওয়া। Disillusionment.

سرخوش (সা.-খোশ্/s.-xoš) আনন্দিত; উৎফুল্ল। Slightly intoxicated. Gay.

سرخی (সোর্‌খী/sorxi) লালিমা; রক্তিমতা। Redness. Rouge.

سرخیل(সার্ খেইল্/saŕ-xeyl) (সৈন্যদের) দলপতি। Commander of a troop.

سرد(সার্দ্/ sard) ঠাণ্ডা; শীতল। Cold. آهِ س. দীর্ঘশ্বাস। Bitter sigh. سردم هست আমার ঠাণ্ডা লাগছে। I feel cold. دل کسی را س. کردن কাউকে নিরুৎসাহিত করা। To discourage some one. س. و گرم روزگار অদৃষ্টের পরিহাস। Vicissitudes of fortune.

سرداب (সার্দা'ব্/ sardăb) ভূগর্ভস্থ ঠাণ্ডা ঘর; মৃতদেহের কফিন রাখার জন্য ভূগর্ভস্থ গৃহ। Cellar. Crypt.

سردابه (সার্দা'বে/ sardăbe) ভূগর্ভস্থ ঠাণ্ডা ঘর; মৃতদেহের কফিন রাখার জন্য ভূগর্ভস্থ গৃহ; ভূগর্ভস্থ সমাধি। Cellar. Crypt. Catacombs.

سردار (সার্দা'র্/ sardăr) সামরিক বাহিনীর অধিনায়কের [পুরনো উপাধি] সরদার। [Old title] Commander of an army.

سرداری (সার্দা'রী/ sardări) পুরানো ফ্যাশানের ঝালরবিশিষ্ট পুরুষদের লম্বা জামা বিশেষ; সর্দারী; অধিনায়কত্ব। Old-fashioned frock pleated round the waist. Commander ship

سرداور (সার্ দা'ভার্/ sar-dăvar) বিবাদ বা সমস্যার মীমাংসার্থ আহূত নিরপেক্ষ ব্যক্তি; খেলার পরিদর্শনের ও বিচারের জন্য মনোনীত দলনিরপেক্ষ ব্যক্তি; আম্পায়্যার। Umpire.

سر دبیر (সা.-দাবীর্/ s.-dabir) প্রধান সম্পাদক। Editor-in-chief.

سردخانه (সার্দ্খা'নে/ sardxăne) কৃত্রিম শীতল ভাণ্ডারকক্ষ বিশেষ; যেখানে খাদ্যদ্রব্য রাখা হয়; কোল্ড স্টোরেজ। Refrigerating room. Cold stores.

سردر (সার্দার্/sar dar) রাস্তার বা খোলা জায়গার দিকে মুখ করা অট্টালিকার সম্মুখভাগ; সদর দরজা। Facade; front. Portal.

سر درد (সা.-দার্দ্/ s.-dard) মাথা ব্যথা। Headache.

سردرگم (সা.-দার্গোম্/ s.-dargom) এলোমেলো; পেরেশান; কিছু না বোঝা। At a loss to understand.

سر دست (সা.-দাস্ত্/ s.-dast) হাতের কব্জি। Cuff; wrist-band.

سردسته (সা.-দাস্তে/s.-daste) দলপতি; [ফুটবল দলের] দলনায়ক/দলনেতা; ক্যাপ্টেন। Head of a gang. [In football] Captain.

سردستی (সা.-দাস্তী/ s.-dasti) তড়িঘড়ি প্রস্তুত; উপস্থিত বা দ্রুত হাজির করা যায় এমন খাবার সামগ্রী বা শরাব। Hastily done; done; Cursory.

سردسیر (সার্দ্সীর্/ sardsir) শীতপ্রধান এলাকা। Cold (region).

سردفتر (সার্দাফ্তার্/sar-daftar) দলিল বা অন্যান্য কাগজ নিবন্ধন ও সত্যায়নকারী কর্মকর্তা। Notary public.

سردوشی (সা.-দূশী/ s.-duši) সামরিক অফিসারদের র‍্যাঙ্ক নির্দেশক কাঁধের ফিতা। Shoulder-strap.

سردی (সার্দী/ sardi) শীতলতা। Coldness.

سرراست (সার্রা'স্ত্/ sarrăst) সরল রেখায় অবস্থিত; সোজা; সোজা পথ;

সোজাসুজি; সরাসরি। Straightforward.

سرراهی (সা.-রা'হী/ s.-răhi) পরিত্যক্ত (শিশু)। Exposed, as a child. بچه سرراهی পরিত্যক্ত শিশু। Foundling.

سرراهی (সা.-রাহী/ s.-răhi) দূরের পথে যাত্রাকালে প্রদত্ত দানসদকা বা উপহার। Present offered by a person going on a journey.

سررسید (সা.-রেসীদ্/s.-resid) সময় শেষ হয়ে যাওয়া; নির্ধারিত সময় সমুপস্থিত হওয়া। Expiry. Due date.

سر رشته (সা.-রেশ্‌তে/ s.-rešte) কর্মদক্ষতা; গোপন তথ্য বা অপরাধের সূত্র। Skill. Clue; track. سررشتهٔ کار را گم کردن কাজে খেই হারিয়ে ফেলা। To be on the wrong track.

سر رشته دار (সা.-রে.-দা'র্/ s.-r.-dăr) অফিস প্রধান; হিসাবরক্ষক; সেনাবাহিনীর রসদ সরবরাহ বিভাগের প্রধান। Quarter-Master-General; Chief of the Army Supply Department.

سر رشت داری (সা.-রে.-দা'রী/ s.-r.-dări) সৈন্যবাহিনীর রসদ সরবরাহ বিভাগ। Commissariat.

سر زده (সার যাদে/sar-zade) হঠাৎ অনধিকার প্রবেশ; হঠাৎ এসে পড়া; ঢু মারা। Intruding(ly).

سر زده آمدن (সা.-যা.-অ'মাদান্/ s.-z.-ămadan) কোন খবর দেয়া ছাড়া হঠাৎ আসা; অনাকাঙ্ক্ষিতভাবে এসে পড়া। To intrude; come in unexpectedly.

سر زمین (সা.-যামীন্/ s.-zamin) দেশ; ভূমি। Country; territory.

سر زنده (সা.-যেন্‌দে/s.-zende) প্রাণবন্ত; জীবনীশক্তিপূর্ণ। Lively; vivaceous.

سر زنش (সা.-যানেশ্/s.-zaneš) ভর্ৎসনা; তিরস্কার। Reproach.

سرسام (সা.-সা'ম্/s.-săm) প্রলাপ; উন্মত্ততা; বাতুলতা। Delirium.

سرسام آور (সা.-সা.-অ'ভার্/s.-s.-ăvar) মাথা খারাপ করে দেওয়ার মত। Delirious.

سر سبز (সা.-সাব্‌জ্/s.-sabz) সবুজ (ভূমি); সতেজ; শ্যামল; সমৃদ্ধিশালী। Green; tussiving Prosperous.

سر سپردگی (সা.-সেপোর্দেগী/ s.-sepordegi) আনুগত্য; আত্মসমর্পণ; সেবাদাসত্ব। Devotion.

سر سپرده (সা.-সেপোর্‌দে/ s.-seporde) আত্মসমর্পিত; সেবাদাস। Devoted.

سر ستون (সা.-সোতূন্/ s.-sotun) কলামের শীর্ষভাগ; থামের মাথায় তৈরী ভাস্কর্য ইত্যাদি। Capital of a column.

سر سخت (সা.-সাখ্‌ত্/ s.-saxt) জেদী; একগুঁয়ে; অবাধ্য; দুর্দমনীয়। Headstrong; obstinate.

سر سختی (সা.-সাখ্‌তী/ s.-saxti) জেদ; একগুঁয়েমি; অবাধ্যতা। Obstinacy.

سر سرا (সা.-সারা'/ s.-sară) হল রুম; বাড়িতে প্রবেশের ছাদযুক্ত পথ; প্রবেশকক্ষ। Hall; entrance room.

سر سره (সোর্‌সোরে/sorsore) পিছলা ঢালু জায়গা; যে ঢালু কাঠামোর ওপর

দিয়ে জাহাজকে পানিতে গড়িয়ে দেওয়া হয়; পিছলে নামা(র কাজ)। Slide. Slip(way); shipway.

سرسره بازی (সো.-বা'যী/ s.-băzi) তুষারের ওপর কাষ্ঠনির্মিত লম্বা সরু জুতা পরে বা চাকাবিহীন গাড়িতে বসে গড়িয়ে চলা। Skating. Skiing.

سرسری (সার্‌সারী/sar-sari) তাড়াহুড়াপূর্ণ; দায়সারা গোছের। Perfunctorily.

سر سلامتی (সা.-সালা'মাতী/ s.-salămati) সমবেদনা; সান্ত্বনা; শোক জ্ঞাপন। Condolence. بکسی س. گفتن কাউকে সমবেদনা/ সান্ত্বনা/ শোক জ্ঞাপন করা। To offer one's condolences to some one.

سر سلسله (সা.-সেল্‌সেলে/ s.-selsele) বংশের আদি পুরুষ; পূর্বপুরুষ। Progenitor of a dynasty.

سرسنگین (সা.-সাঙ্গীন্‌/ s.-sangin) ক্রুদ্ধ মেজাজে; ক্রুদ্ধ অবস্থায়। In an angry mood.

سرسیلندر (সা.-সীলান্‌দার্‌/s.-silandr) সিলিন্ডারের মুখ/ মাথা/ ক্যাপ। Cylinder-head.

سر سینه (সা.-সীনে/ s.-sine) আবক্ষ। Cephalothorax.

سرشاخه (সা.-শা'খে/ s.-šăxe) গাছের ডালের ডগা; মেষ বা অন্য পশুর লড়াইয়ের সময় শিঙে শিঙে প্যাঁচ লাগানো। Trimmings of a tree; lops; browse.

سرشار (সার্‌-শা'র্‌/ sar-šar) পূর্ণ; উপচে পড়া; প্রচুর। Overfilled. Overflowing. Enormous.

سرشت (সেরেশ্‌ত্‌/ serešt) স্বভাব; মেজাজ; প্রকৃতি। Mould; nature.

سرشتن (সেরেশ্‌তান্‌/serěštan) [سریش] (আটা, ময়দা, মাটি প্রভৃতি) মাখানো বা চটকানো। To knead; mix; mould. To form.

سرشته (সেরেশ্‌তে/ serešte) [سرشتن এর ক্রি. বিণ./ P.P. of سرشتن].

سرشک (সেরেশ্‌ক্‌/ serešk) = اشک।

سرشکستگی (সার্‌শেকাস্‌তেগী/ sar-šekastegi) অপমান; লাঞ্ছনা। Disgrace.

سرشکسته (সা.-শেকাস্‌তে/ s.-šekaste) অপমানিত; লাঞ্ছিত। Disgraced; ashamed.

سرشکن کردن (সা.-শেকান্‌ কার্‌দান্‌/ s.-šekan-kardan) আনুপাতিক হারে সকলের মধ্যে কোন কিছু বণ্টন করে দেওয়া। To distribute pro rata; prorate.

سرشماری (সা.-শোমা'রী/ s.-šomări) আদমশুমারী। Census.

سرشناس (সা.-শেনা'স্‌/ s.-šenăs) সুপরিচিত; বিখ্যাত। Well-known.

سر شیر (সা.-শীর্‌/ s.-šir) দুধের সর; ক্রীম। Cream.

سر صفحه (সা.-সাফ্‌হে/s.-safhe) বইয়ের প্রথম পৃষ্ঠা যাতে বইয়ের ও লেখকের নাম থাকে; শিরোনাম। Title-page. Headline.

سرطاس (সা.-তা'স্‌/ s.-tăs) পানি সেচার জন্য পাত্র বিশেষ। Scoop.

سرطان (সারাতা'ন্‌/ saratăn) ক্যান্সার; কর্কটরাশি; সৌর বর্ষের চতুর্থ মাস [تیر এর প্রাচীন নাম]। Cancer. [old

name of تیر] the fourth month of the solar year.

سرطانی (সারাতা'নী/ saratăni) ক্যান্সার রোগ সংক্রান্ত। Cancerous.

سرطویله (সার্-তাভীলে/ sar-tavile) আস্তাবল; আস্তাবলের সর্বোত্তম ঘোড়াটি; আস্তাবলে অশ্বপালের বিশ্রামস্থল। Platform in a stable where the groom reposes.

سرعت (সোর্আত্/ sor'at) দ্রুততা; গতি; বেগ। Speed. Velocity. س . داشتن নির্ধারিত গতিসীমা অতিক্রম করে যাওয়া। To exceed the speed-limit. س . گرفتن গতি বৃদ্ধি করা; (যানবাহন) দ্রুততর গতিতে চালানো। To drive fast(er); step on the gas. بسرعت দ্রুত; দ্রুতগতিতে; দ্রুততার সাথে; সাথে সাথে; হঠাৎ। Rapidly; quickly. At once. سرعت مجاز অনুমোদিত গতি। Speed-limit.

سرعت پیما (সো.-পেইমা'/s.-peyma) জাহাজ বা গাড়ির বেগমাপক যন্ত্রবিশেষ। Speedometer; tachometer. [In a ship] Log.

سرعت سنج (সো.-সান্জ/ s.-sanj)= سرعت پیما

سر عمله (সার্আমালে/ sar-amale) কর্মরত শ্রমিকদের প্রধান। Working foreman.

سرفراز (সা.-ফারা'য্/s.-farăz)= سر افراز

سر فرمانده(সা.-ফার্মা'ন্দে/ s.-farmăndeh) প্রধান সেনাপতি। Commander-in-chief.

سرفتیل(সা.-ফাতীল্/ s.-fatil) তেলের বাতির ফিতার ক্যাপ। Valve-cap.

سرفصل (সা.-ফাস্ল্/ s.-fasl) শিরোনাম; অধ্যায়-শিরোনাম। Headline; title.

سر فواره (সা.-ফাভা'রে/ s.-favăre) কৃত্রিম ফোয়ারার মুখ। A(d)jutage.

سرفه (সোর্ফে/ sorfe) কফ; কাশি। Cough(ing). س . کردن কাশি দেওয়া; কাশি হওয়া। To cough.

سرقافله (সার্ গ্বা'ফেলে/ sar-ğafele) কাফেলার নেতা। The leader of a caravan.

سرقت (সের্গ্বাত্/serğat)= دزدی চুরি। Theft. س . کردن চুরি করা। To commit theft; steal.
بسرقت بردن = دزدیدن চুরি করা। To steal. بسرقت رفتن চুরি হয়ে যাওয়া। To be stolen.

سرقفلی (সার্গ্বোফ্লী/ sar ğofli) ভাড়া না নেওয়ার বিনিময়ে ঘর বা দোকানের মালিককে প্রদত্ত অর্থ; ব্যবসায়ের সুনাম। Key-money; goodwill.

سرقلم (সা.-গ্বালাম্/ s.-ğalam) কলমের নিব। Pen nib.

سرك (সারাক্/sarak) ছোট মাথা; অলক্ষিতে; গুপ্তস্থান হতে উঁকি মারা। Furtive look; peep.

سرك (সারাক্/sarak) মাত্রাধিক; অতিরিক্ত। Excess; surplus.

سرکار (সার্কা'র্/sar-kăr) তত্ত্বাবধায়ক; নিয়োগকর্তা; (সম্মানসূচক বক্তব্য) জনাব/আপনি। Overseer. [In polite conversation] You. بنده و سرکار আমি ও আপনি। You and I.

سر کار عالی (সম্মানসূচক সম্বোধন) মহোদয়/মোহতারাম। Your Honour. Your Excellency.

سرکارگر (সা.-কার্গার/ s.-kărgar) = سرعمله কর্মরত শ্রমিকদের মধ্যে নিয়োজিত প্রধান ও দায়িত্বশীল। Head workman; foreman.

سرکاغذ (সা.-কা'গায্/ s.-kăğaz) লেখার প্যাড। Letter-head.

سرکتاب (সা.-কেতা'ব্/s.-ketăb) বইয়ের ওপরের প্রান্ত। The top of a book.

سرکج (সা.-কাজ্/s.-kaj) বাঁকা মাথাবিশিষ্ট। (In)curved.

سرکردگی (সা.-কার্দেগী/ s.-kardegi) অধিনায়কত্ব; নেতৃত্ব। Command; leadership.

سرکرده (সা.-কার্দে/s.-karde) দলপতি; নেতা। Commander; leader; head.

سرکش (সা.-কাশ্/s.-kaš) অবাধ্য; উদ্ধত। Refractory. Unruly.

سرکشی (সা.-কাশী/s.-kaši) অবাধ্যতা; ঔদ্ধত্য; বিদ্রোহ। Refractoriness. Mutiny. س. کردن বিদ্রোহ করা। To rebel.

سرکشی (সা.-কেশী/ s.-keši) পরিদর্শন। Inspection; visit. س. کردن পরিদর্শন করা। To inspect or visit.

سرکنجبین (সের কান্জাবীন্/ser kanjabin) = سرکنگبین

سرکنسول (সার কোন্সূল্/sar konsul) (দূতাবাসের) কন্স্যুলার; কন্স্যুলেট প্রধান। Consul general.

سرکنسولگری (সা.-কো.-গারী/s.-k.-gari) কন্সুলেট। Consulate-general.

سرکنگبین (সের্কাঙ্গাবীন্/serkangabin) = سرکنجبین / سکنجبین সির্কা ও চিনির দ্বারা তৈরী সিরাপ; মধুমিশ্রিত সির্কা। Oxymel.

سرکوبی (সার কূবী/sar kubi) দমন; কঠোর শাস্তি। Supression. (Severe) punishment. س. کردن দমন করা; কঠোর শাস্তি দেওয়া। To punish. To suppress; crush.

سرکوفت (সা.-কূফ্ত্/ s.-kuft) বিদ্রূপ; উপহাস; তিরস্কার। Taunt; bitter reproach.

سرکوفته (সা.-কূফ্তে/ s.-kufte) যাকে দমন করা হয়েছে; যার মাথা চূর্ণ করা হয়েছে। Suppressed.

سرکه (সের্কে/serke) সির্কা; টক ও ঝাঁজযুক্ত পানীয়। Vinegar.

سرکه با (সে.-বা'/s.-bă) সির্কা দিয়ে তৈরী স্যুপ। Pottage made with vinegar.

سرکه شیره (সে.-শীরে/s.-šire) সির্কা ও রস (সিরাপ)-এর সংমিশ্রণ। Mixture of vinegar and syrup, oxy-accharum.

سر کیسه کردن (সার্কীসে কার্দান্/ sar-kise-kardan)= سروکیسه کردن বোকা বানানো; প্রতারণার মাধ্যমে অর্থ সম্পদ ছিনিয়ে নিয়ে নিঃস্ব করে দেওয়া। To fleece (of one's money).

سرگذشت (সা.-গোযাশ্‌ত্/ s.-gozašt) অতীত ঘটনা/কাহিনী/ ইতিহাস। Adventures. Incidents. Narrative.

سرگران (সা.-গেরা'ন্/ s.-gerăn)= ١/ 1) سرخوش (2 /٢سر سنگین

سرگرد (সা.-গোর্‌দ্/ s.-gord) (সেনাবাহিনীর) মেজর। Major.

سرگردان (সা.-গার্‌দা'ন্/ s.-gardăn) পেরেশান; হয়রান; দিশাহারা; নিরাশ্রয়; ভবঘুরে। Wandering; errant. س. شدن হয়রান হওয়া; নিরাশ্রয় হয়ে পড়া। To wander. To go vagrant. س. کردن হয়রান/ পেরেশান করা; আশ্রয়হীন করা; হতবুদ্ধি করা। To cause to wander. To perplex.

سرگردانی (সা.-গার্‌দা'নী/ s.-gardăni) পেরেশানী; আশ্রয়হীনতা; হতবুদ্ধিতা। Vagrancy. Perplexity. Distress.

سرگرم (সা.-গার্‌ম্/ s.-garm) মশগুল; ব্যস্ত; মনোযোগী; বিনোদনরত। Amused. Intent. Busy.

سرگرمی (সা.-গার্‌মী/s.-garmi) আমোদ-প্রমোদ; ব্যস্ততা; চিত্ত-বিনোদন। Amusement; pastime; diversion.

سرگشاده (সা.-গোশা'দে/s.-gošăde) মুখখোলা। Open. نامهٔ سرگشاده খোলা চিঠি। Open letter.

سرگشتگی (সা.-গাশ্‌তেগী/ s.-găstegi) হতবুদ্ধিভাব। Bewilderment.

سرگشته (সা.-গাশ্‌তে/s.-gašte) হতবুদ্ধি। Bewildered.

سرگوشی (সা.-গূশী/s.-guši)=در گوشی কানে কানে (বলা); ফিসফিসিয়ে (বলা)। Whisper.

سرگیجه (সা.-গীজে/s.-gije) ঝিমঝিমানিভাব; মাথা ঘোরা। Vertigo.

سرگین (সার্‌গীন্/sargin) চতুষ্পদ জন্তুর বিষ্ঠা। Dung; droppings.

سرگین غلتان (সে.-গ্বাল্‌তা'ন্/s.-ğaltăn) গুবরে পোকা বিশেষ। Scarab.

سرلشکر (সার্ লাশ্‌কার্/ sar-laškar) মেজর জেনারেল। Major-general.

سرلوحه (সা.-লোওহে/ s.-lowhe) চিঠিপত্র বা বই-পুস্তকাদির পৃষ্ঠার শীর্ষ দেশে লেখা নাম বা শিরোনাম; চিঠিপত্র ও বই-পুস্তকাদির ওপরে বা পৃষ্ঠায় অতীত প্রচলিত অলঙ্করণ। Epigraph. Title page; forntispiece. Vignette.

سرم (সেরোম্/ serom) টীকায় ব্যবহৃত রক্তের জলীয় অংশ; সিরাম। Serum.

سرما (সারমা'/ sarmă) শীতকাল; শীত ঋতু; ঠাণ্ডা (হাওয়া)। Cold (weather). س. خوردن ঠাণ্ডা লাগা; সর্দি লাগা। To catch cold.

سرماخشکه (সা.-খোশ্‌কে/s.-xoške) হিমাঙ্কের নীচের তাপমাত্রা যাতে পানি জমে শুষ্ক বরফে পরিণত হয়। Black frost.

سرماخوردگی (সা.-খোর্‌দেগী/ s.-xordegi) ঠাণ্ডা লাগা; সর্দি লাগা। Chill(iness); fit of cold. من س. دارم আমার ঠাণ্ডা/সর্দি লেগেছে। I have caught cold.

سرما ریزه (সা.-রীযে/ s.-rize) শিশির জমে সৃষ্ট তুষার; তুহিন। Hoar-frost.

سرمازدگی(সা.-যাদেগী/ s.-zadegi) শীতপ্রধান দেশে শীতকালে হাতে পায়ের বেদনাদায়ক স্ফীতি; তুষার স্পর্শে দেহের অসাড়তা; ঠাণ্ডায় গাছপালা মরে যাওয়ার পূর্বাবস্থা। Frost-bite. Chilblain.

سرمازده (সা.-যাদে/ s.-zade) ঠাণ্ডায় ক্ষতিগ্রস্ত (গাছপালা বা প্রাণীদেহ বা অঙ্গপ্রত্যঙ্গ)। Frost-bitten; nipped by cold.

سرمایه (সার্মা'ইয়ে/ sarmăye) পুঁজি; মূলধন; সঞ্চিত অর্থ; সম্পত্তি। Capital.

سرمایه دار (সা.-দা'র্/s.-dăr) পুঁজিপতি। Capitalist.

سرمایه داری(সা.-দা'রী/s.-dări) পুঁজিবাদ। Capitalism.

سرمته (সার্মাতে/sarmate) ছিদ্র করার যন্ত্রের ফলা। Drill-bit; drill-chuck.

سرمد (সার্মাদ্/sarmad) সব সময়; অবিরত; চিরন্তন। Perpetual.

سرمدی(সার্মাদী/sarmadi) অনন্ত হওয়া; অমরত্ব; চিরস্থায়ী। Eternity; perpetuity.

سرمست (সার্ মাস্ত্/sar mast) ১/1)= مست ২/2) প্রাণচঞ্চল; চপল; প্রফুল্ল। Gay.

سرمشق (সা.-মাশ্গ্/ s.-mašğ) আদর্শ; দৃষ্টান্ত; হস্তলিপির জন্য খাতায় শিক্ষকের লিখে দেয়া প্রথম লাইন। Copy. Example. س. شدن আদর্শ ব্যক্তি বা বিষয়ে পরিণত হওয়া। To serve as an example. س. گذاشتن আদর্শ দৃষ্টান্ত রাখা। To set an example. س. گرفتن আদর্শ/দৃষ্টান্ত গ্রহণ করা। To take example.

سرمقاله(সা.-মাগ্বা'লে/s.-magăle) সম্পাদকীয় নিবন্ধ; পত্রিকার প্রথম পৃষ্ঠার শীর্ষে প্রধান প্রতিবেদন/ নিবন্ধ। Leading article; editorial.

سرمنزل (সা.-মান্যেল্/ s.-manzel) পথিমধ্যে মুসাফিরের অবতরণ ও বিশ্রামস্থল; লক্ষ্যস্থল। (Last) halting-place. Destination; goal.

سُرمه (সোর্মে/sorme) সুরমা। Collyrium. سنگ س. সুরমা পাথর (যা গুঁড়া করে সুরমা তৈরি করা হয়)। (Crude) antimony.

سرمه (সার্মে/ sarme) সোনা বা রূপার সুতা দিয়ে কাপড়ের পাড়ে তোলা ফুল। Wire-ribbon; purl.

سرمه ای (সোর্মেয়ী/ sorme'i) কালচে আভাযুক্ত গাঢ় নীল রং; সুরমা রং। Dark-blue.

سرمهندس (সার্ মোহান্দেস্/ sar-mohandes) প্রধান প্রকৌশলী। Engineer-in-chief; chief engineer.

سرنا (সোর্না'/ sornă) সানাই জাতীয় বাদ্যযন্ত্র বিশেষ। Kind of oboe.

سرناچی (সো.-চী/s.-či)= سرنازن সানাই জাতীয় বাদ্যযন্ত্র; বাদক। Oboist. Piper.

سرنازن (সো.-যান্/ s.-zan)= سرناچی

سرناوی (সার্না'ভী/ sar-nävi) নৌবাহিনীর নিম্নপদস্থ নায়েক বিশেষ। Navy corporal.

سرنج (সোরোন্জ্/ soronj) লোহার ওপরে মরিচারোধক রং করার জন্য ব্যবহৃত লাল

রঙের ধাতব অক্সাইড বিশেষ। Red lead; minium.

سرند (সারান্দ্/sarand) বালি, মাটি ও পাথরকুচি চালার জন্য ব্যবহৃত তারের তৈরী বড় চালুনি বিশেষ। Riddle; screen.

سرنشین (সার্ নেশীন্/ sar-nešin) ১/ 1) বিমানের ক্রু। Member of a crew (in an aeroplane).

سرنگون (সার্নেগুন্/ sar-negun) অবনত মস্তক; লজ্জিত; উল্টে গেছে এমন; পতিত। Head downward; inverted down. س. شدن উল্টে যাওয়া; ভূপাতিত হওয়া; পতন ঘটা। To be turned upside down. س. کردن উল্টে দেওয়া; ভূপাতিত করা; পতন ঘটানো। To turn upside down.

سرنگهدار (সের্ নেগাহ্দা'র্/ ser-negahdǎr) বিশ্বাসী; গোপনীয়তা রক্ষাকারী; নির্ভরযোগ্য। Faithful to a secret.

سرنوشت (সার্ নেভেশ্ত্/ sar-nevešt) কপালের লেখা; বিধিলিপি; ভাগ্য। Predestination; fate.

سرنی (সা.-নেই/ s.-ney) [হুক্কার] নলের মুখের দিক। [In a hookah] Mouth-piece.

سرنیزه (সা.-নেইযে/s.-neyze) সঙ্গীন; বর্শা ফলক; বেয়নেট। Bayonet. حکومت س. স্বৈরশাসন। Sword-law. بزور سرنیزه শক্তির বলে; অস্ত্রের মুখে। At the bayonet-point; by military force.

سرو(সার্ভ্/ sarv) বিরাটাকারের চিরসবুজ বৃক্ষ বিশেষ। Cypress. سرو آزاد [লেবাননের] বৃহৎ সেদারবৃক্ষ বিশেষ। Cedar (of Lebanon) سرو کوهی চিরহরিৎ পার্বত্য গুল্ম বিশেষ যা দিয়ে মদ তৈরি করা হয়। Juniper.

سرو (সোরোউ/sorou) গরু, ভেড়া ইত্যাদির শিং। Antenna.

سروان (সার্ভা'ন্/ sarvǎn) (সেনাবাহিনীর) ক্যাপ্টেন। Captain.

سروته (সারোতাহ্/ sarotah) [سرته বোঝাতে/ For سرته] ভুলভাবে; উল্টা। Upside down; the wrong way. [দ্র./S.u. سر].

سرود (সোরূদ্/ sorud) গান; গীত। Song. Hymn. سرود ملی জাতীয় সঙ্গীত। National anthem.

سرودن (সোরূদান্/ sorudan) [سرای] গান গাওয়া; কবিতা রচনা বা পাঠ। To sing. To compose or recite.

سرور (সার্ভার্/ sarvar) প্রধান; দলপতি; নেতা; প্রভু। Master. Chief. Leader.

سرور (সোরূর্/ sorur) প্রফুল্লতা; আনন্দ। Joy; mirth.

سرور آمیز (সো.-অ'মীয/ s.-ǎmiz) আনন্দময়। Joyful.

سروسامان(সারো সা'মা'ন্/saro-sǎmǎn) = سامان

سروستان (সার্ভেস্তা'ন্/sar-o-stǎn) যে স্থানে সার্ভ বৃক্ষ প্রচুর সংখ্যায় আছে। Cypress-grove.

سروش (সোরূশ্/soruš) ফেরেশতা; জিবরাইল প্রেরণা। Messenger-angel. Inspiration.

سروصدا(সারো সেদা'/ sar-o-sedă) শোরগোল; হৈ চৈ। Noise. Fuss. Hue and cry.

سروقامت (সার্ভ্ ঘা'মাৎ/sarv ğămat) = سروقد লম্বা গড়নবিশিষ্ট। Of a stature like cypress; of an elegant figure.

سروقد (সারভ্ ঘাদ্[দ্]/sarvğad[d])= سروقامت

سروکار(সারো কা'র্/sar-o-kăr) লেনদেন; সংশ্রব সংশ্লিষ্ট। Dealing. Intercourse. Concern.

سروکله زدن (সার-ও-কাল্লে যাদান্/ sar-o-kalle-zadan) যুক্তিতর্ক করা; যুক্তিতর্ক করে কাজ পণ্ড করার চেষ্টা করা। To tire out oneself, as in explanation or arguments; talk one's head off.

سرون (সোরূন্/ sorun) শিং। Antenna.

سرونک (সোরূনাক্/sorunak) ছোট শিং। Antennule.

سرویس (সের্ভীস্/ servis) সেট। Set. سرویس چای خوری চায়ের সেট। Tea-set.

سرویس (সের্ভীস্/ servis) মেরামত। Service. س. کردن মেরামত করা যেমন, গাড়ী। To service, as a motor car.

سره (সারে/sare) বিশুদ্ধ। Pure; unmixed.

سُره (সোর্‌রে/sorre)= ناف

سرهم بندی کردن (সারেহাম্ বান্দী কার্দান্/sare-ham-bandi kardan) দায়সারাভাবে বা তড়িঘড়ি করে কাজ সম্পাদন। To botch; bungle; knock together.

سرهنگ (সার্‌হাঙ্গ/ sarhang) কর্নেল। Colonel. [দ্র./S.u. هنگ]. سرهنگ دوم লেফটেন্যান্ট কর্নেল। Lieutenant-colonel.

سری (সেরী/ seri) ধারাবাহিক; সিরিজ; সিরিয়াল; সেট। Set; series. [তুল./Cf. دست–دسته–رشته].

سرّی (সের্‌রী/serri) রহস্যপূর্ণ। Mysterious.

سریانی (সোরিয়া'নী/ soryăni) প্রাচীন সিরিয়ার ভাষা। Syriac.

سریدن (সোরীদান/soridan) [سر] পিছলে যাওয়া; পিছলে নামা। To slide or glide.

سریر (সারীর্/sarir)= تخت সিংহাসন। Throne.

سریره (সারীরে/ sarire) [ব.ব./pl. سرائر] রহস্য, গোপন। Mystery; secret.

سریش (সেরীষ/ seriš) উদ্ভিদ বিশেষ; উক্ত উদ্ভিদ হতে তৈরী আঠা বিশেষ। Glue; paste بوتهٔ سریش সেরীষ গাছের গুচ্ছ। Asphodel.

سریشم (সেরীশোম্/ serišom) সামুদ্রিক মৎস্য বিশেষের বায়ুস্থলী প্রভৃতি হতে প্রাপ্ত আঠাল পদার্থ বিশেষ; আইজিং গ্লাস। Fish-(glue); isinglass. سریشم پنبه তুলাবীজ থেকে তৈরী আঠা বিশেষ। Collodium.

سریشمی(সেরীশোমী/serišomi)আঠালো; চটচটে। Glue-like; viscous.

سریع (সারী-/sari') দ্রুত। Rapid; quick. [تند].

سریعا(সারীআন্/sari'an) দ্রুতগতিতে। Quickly; promptly.
سریع الاثر(সারীওল্ আসার্/ sari'ol-asar) (অতি) দ্রুত কার্যকরী। (very) efficacious.
سریع الانتقال (সা.-এনতেগ্বা'ল্/ s.-entegăl) দ্রুত বোধগম্য। Of quick apprehension.
سریع الزوال (সারীওয্ যাভা'ল্/ sari'oz-zavăl)= زود گذر
سریع السیر(সারীওস্ সেইর্/ sari'os-seyr) দ্রুতগতিসম্পন্ন। Express; swift.
سریع الهضم (সারীয়োল্ হায্ম্/ sari'ol-hazm) সহজপাচ্য; সহজে হজম হয় এমন। Easily digested.
سرین (সোরীন্/ sorin) রান; উরু। Buttocks.
سزا (সেযা'/seză) প্রতিদান; (ভাল বা মন্দ) প্রতিফল। Retribution. س. دادن যথাযথ প্রতিদান/শাস্তি/পুরস্কার প্রদান। To remunerate or punish duly. بسزا যথাযথ; ন্যায়সঙ্গত। Just; well-deserved; condign. بسزا رساندن যথাযথ শাস্তি প্রদান। To punish duly. بسزا رسیدن উপযুক্ত শাস্তি লাভ। To receive one's condign punishment.
سزاوار (সেযা'ভা'র্/ sezăvăr) যোগ্যতাসম্পন্ন; উপযুক্ত; অধিকারী। Deserving. Just; right. سزاوار سرزنش است সে তিরস্কারযোগ্য/ তিরস্কৃত হবার উপযুক্ত। He deserves to be reprimanded.
سزیدن(সেযীদান্/sezidan) [سز] যোগ্য হওয়া; উপযুক্ত হওয়া। To merit; deserve. To suit.
سس (সোস্/sos)= سوس সস; চাটনি। Sauce.
سست (সোস্ত্/sost) অলস; মন্থর; দুর্বল। Feeble; weak; frail.
سست اراده(সো.-এরা'দে/ s.-erăde) দৃঢ়সংকল্পহীন। Infirm of purpose.
سست بنیاد(সো.-বোনিয়া'দ্/s.-bonyăd) দুর্বল ভিত্তিবিশিষ্ট। Unstable.
سست پی (সো.-পেই/ s.-pey) শক্তিহীন; অক্ষম; দুর্বল ভিত্তিবিশিষ্ট। Of weak nerves. Lacking a strong foundation.
سست پیمان(সো.-পেইমা'ন্/s.-peymăn) অঙ্গীকার ভঙ্গকারী; যার ওয়াদার ঠিক নেই। Unfaithful to one's promise.
سست پیمانی(সো.-পেইমা'নী/ s.-peymăni) অঙ্গীকার ভঙ্গকরণ। Unfaithfulness to one's promise.
سست رای(সো.-রা'-য়/s.-ra'y) দুর্বলমনা; স্বল্প বুদ্ধিসম্পন্ন; অদূরদর্শী। Weak-minded.
سست رغبت (সো.-রাগ্বাৎ/ s.-rağbat) নীরস; আবেগহীন; উদ্যমহীন; অনাগ্রহী। Of blunted passions.
سست رگ (সো.-রাগ্/ s.-rag) শক্তিহীন; অক্ষম; অলস। Of weak nerves. Impotent. Dastardly.
سست عنصر (সো.-ওন্সোর্/ s.-onsor) সুনীতিহীন; যথাযথ শক্তি বা উপাদানের

অভাব আছে এমন। Void of energy. Unprincipled.

سست کمر (সো.-কামার্/ s.-kamar) শক্তিহীন; অক্ষম; পুরুষত্বহীন। Impotent.

سست مهر (সো.-মেহর্/s.-mehr) ঐকান্তিকতাহীন; আন্তরিকতাহীন; ভালবাসাহীন। Of a lukewarm affection.

سست مهری (সো.-মেহ্রী/s.-mehri) ঐকান্তিকতাহীনতা; আন্তরিকতাহীনতা; ভালবাসাহীনতা। Lukewarm affection.

سست نهاد (সো.-নেহা'দ্/ s.-nehăd) দুর্বলচিত্ত; ভীরু; নিস্তেজ; দুর্বল প্রকৃতিবিশিষ্ট। Weak-natured.

سستی (সোস্‌তী/ sosti) অলসতা; অমনোযোগিতা; দুর্বলতা; শৈথিল্য। Frailty. Weakness. Remissness. Slackness. س. کردن আলসেমি করা; মন্থর গতিতে কাজ করা। To act sluggishly. To be lazy. سستی کمر যৌন অক্ষমতা; পুরুষত্বহীনতা। Impotence.

سسک(সেস্‌ক/sesk) ছোট আকারের গায়ক পাখি বিশেষ। Garden warbler. سسک حرامزاده ভরত পাখি জাতীয় ছোট পাখি বিশেষ। Pipit.

سطبر (সেতাব্‌র্/ setabr) = ستبر

سطح (সাত্‌হ্/ sath) [ব.ব./pl. سطوح] তল; স্তর; পর্যায়; বিস্তৃতি। Surface. Level. سطح مستوی সমতল। Plane surface.

سطح پیما(সা.-পেইমা'/ s.-peymă) আয়তন বা বিস্তৃতি মাপার ফিতা, কাঠি, যন্ত্র ইত্যাদি। Planimeter.

سطحه (সাৎহে/ sathe)= عرشه

سطحی (সাত্‌হী/sathi) উপরিতল সংক্রান্ত; ভাসাভাসা; অগভীর। Superficial. Sublime.

سطر (সাত্‌র্/ satr) [ব.ব./pl. سطور] ছত্র; লাইন; রেখা। Line.

سطر آرا (সা.-অ'রা'/ s.-ără) সরলরেখা টানার কাঠি; রুলার। Rule(r).

سطر بندی (সা.-বান্দী/s.-bandi) লেখার লাইন বিন্যস্ত করা। Adjustment of lines.

سطل (সাত্‌ল্/ satl) [ستل এর আরবী বানান/ Arabic form of ستل] বালতি। Pail.

سطوت (সাত্‌ভাৎ/ satvat) কারো ওপরে হামলা করা ও বিজয়ী হওয়া; আক্রমণ; প্রাধান্য। Apalling presence. Reverence. Attack. Power.

سطوح (সোতূহ্/sotuh) [سطح এর ব.ব./ pl. of سطح].

سطور (সোতূর্/ sotur) [سطر এর ব.ব./ pl. of سطر].

سعادت (সাঅ'দাৎ/saădat)=خوشبختی সৌভাগ্য; সুখ। Happiness; prosperity.

سعادت مند (সা.-মান্‌দ্/ s.-mand) সৌভাগ্যশালী; ভাগ্যবান; সুখী। Happy; prosperous.

سعایت (সাঅ'ইয়াৎ/saăyat)= بدگویی

سعت (সেআ'ৎ/se'at)= سعه

سعد (সা-দ্/sa'd) নক্ষত্রের শুভ প্রভাব; সৌভাগ্যবান; বরকতময়; পুং বাচক

নাম। Good influence of the star. Mas. pr. name. Lucky. اختر سعد সৌভাগ্যের নক্ষত্র। Lucky star. سعد اصغر সৌভাগ্যের ছোট তারকাঃ শুক্র গ্রহ। The lesser lucky star; venus. سعد اکبر সৌভাগ্যের বড় তারকাঃ বৃহস্পতি। The greater lucky star. Jupiter.

سعدین (সা-দেইন্/sa'deyn) সৌভাগ্যের নক্ষত্রদ্বয় শুক্র ও বৃহস্পতি। The two lucky stars; Jupiter and Venus.

سعر (সে-র্/se'r) [ব.ব./pl. اسعار]= بها/نرخ

سعفه(সা-ফে/sa'fe) মুখমণ্ডলের ব্রণ; মাথার ফোস্কা; টাক (পড়া রোগ)। Frond. Ulcer on the head.

سعه(সে-এ/se'e)= سعت বিস্তৃতি; প্রশস্ততা; সামর্থ্য; উদারতা। Amplitude; extent. Open space. Liberty. سعهٔ صدر হৃদয়ের প্রশস্ততা; মনের উদারতা। Broadmindedness.

سعی (সায়/sa'y) চেষ্টা; পরিশ্রম। Endeavour. Exertion. س. کردن চেষ্টা/পরিশ্রম করা। To endeavour; try. سعی بازو কায়িক পরিশ্রম। Manual labour.

سعید (সায়ীদ্/ sa'id) সুখী; সৌভাগ্যশালী; পুংবাচক নাম। Happy; prosperous. Lucky. Mas. pr. name.

سفارت (সেফা'রাত্/sefărat) দৌত্যকার্য; মধ্যস্থতা; দূতাবাস। Legation. Embassy.

سفارت خانه (সে.-খা'নে/ s.-xăne) দূতাবাস। Embassy.

سفارش(সেফা'রেশ্/sefăreš) সুপারিশ; অনুরোধ; আদেশ। Recommendation. Enjoinment. Order. س. کردن সুপারিশ করা To recommend. س. دادن (কোন পণ্যের জন্য) ফরমায়েশ দেওয়া। To order.

سفارش نامه (সে.-না'মে/ s.-năme) সুপারিশপত্র; (লিখিত) আদেশ। Letter of recommendation. (Written) order.

سفارشی (সেফা'রেশী/ sefăreši) আদেশক্রমে; অর্ডারের ভিত্তিতে তৈরী; রেজিস্ট্রিকৃত। Made to order; be-spoke. Registered. نامه س. রেজিস্ট্রিকৃত চিঠি। Registered letter. سفارشی دو قبضه ফেরত রসিদবিশিষ্ট রেজিস্টার্ড। Registered with returned reçeipt; registered with receipt attached.

سفاك (সাফ্ফা'ক্/ saffăk) = خونریز

سفاکی (সাফ্ফা'কী/saffăki)= خونریزی

سفال (সোফা'ল্/ sofăl) মাটির পাত্র; মৃৎপাত্র। Earthenware.

سفالگر (সো.-গার্/s.-gar) কুমার। Potter.

سفالگر(ی) (সো.-গারী/ s.-gari) কুমারের পেশা; মৃৎপাত্র তৈরির বিদ্যা; মৃৎশিল্প। Pottery.

سفالی (সোফা'লী/ sofăli) মাটির তৈরী। Earthen.

سفالین (সোফা'লীন্/sofălin)= سفالی

سفاهت (সাফা'হাত্/ safăhat) বোকামি; অজ্ঞতা। Foolishness.

Impudence. س. کردن বোকামি করা। To act foolishly.

سفاین (সাফা'য়েন্/ safăyen) [سفینه এর ব.ব./ pl. of سفینه]

سفت(সেফ্‌ত্/seft) দৃঢ়; মোটা; পুরু; শক্ত। Tight; tense. Stiff. Hard. Tightly. س. شدن শক্ত হয়ে যাওয়া। To become hard or stiff.

سفت بافت (সে.-বা'ফ্‌ত্/ s.-baft) ঘন বুননকৃত। Of a close texture.

سفت کاری (সে.-কা'রী/ s.-kari) (নির্মাণাধীন অট্টালিকার) কাঠামো গঠন। Framework (of a building under construction).

سفتن (সোফ্‌তান্/ softan) ছিদ্র করা; রাঁদা বা রেত দ্বারা মসৃণ করা। To pierce; bore.

سفته (সোফতে/ softe) তীর; তীরের ফলার তীক্ষ্ণ অগ্রভাগ; ধারালো তীক্ষ্ণ করা হয়েছে এমন। Bored; pierced.

سفته (সাফ্‌তে/safte) ড্রাফ্‌ট; বাকী ক্রেতার পাওনা পরিশোধের অঙ্গীকারপত্র। Promissory note; draft.

سفته بازی (সা.-বা'যী/ s.-băzi) শেয়ার, ঋণপত্র ইত্যাদি ক্রয়-বিক্রয়ের ব্যবসা। Speculation; stock-jobbery; gambling.

سفتی (সেফ্‌তী/sefti) দৃঢ়তা; শক্ত/ঘন/ আঁটসাঁট অবস্থা; ঘনত্ব। Hardness. Tightness. Toughness. Solidity.

سفر (সাফার্/ safar) ভ্রমণ; সফর; যাত্রা। Travel(ling). Journey. سفر دریا সমুদ্রযাত্রা। Voyage. در سفر و حضر দেশে-বিদেশে। At home and abroad. س. کردن ভ্রমণ/ সফর করা। To travel; go on a journey.

سفر (সেফ্‌র্/sefr) [ব.ব./pl. اسفار] পুস্তক; (পুস্তক)খণ্ড। Book; volume.

سفرا (সোফারা'/ sofară) [سفیر এর ব.ব./ pl. of سفیر]

سفرکرده (সাফার্ কার্‌দে/safar-karde) যে ভ্রমণ করেছে; ভ্রমণে অভিজ্ঞ। Travelled. Experienced by travelling.

سفرنامه (সা.-না'মে/s.-năme) ভ্রমণকাহিনী। Itinerary; diary.

سفرنگ (সাফ্‌রাঙ্/ safrang)= تفسیر ব্যাখ্যা-বিশ্লেষণ। Commentary.

سُفره (সোফ্‌রে/sofre) যে কাপড় বা অয়েল ক্লথ বিছিয়ে তার চারদিকে বসে খাওয়া হয়; দস্তরখান; খাবার টেবিল; খাবার। Table-cloth; -linen. (Dinner-) table; food; mess. سر س. ঠিক খাবার সময় (হাযির); খাবার টেবিলে; দস্তরখানায়। At table.

سفره خانه (সো.-খা'নে/ s.-xăne) খাবার ঘর; ডাইনিং রুম। Dining-room.

سفره ماهی (সো.-মা'হী/ s.-măhi) গোলাকৃতির মাছ; শাপলা-পাতা মাছ। Sole.

سفری (সাফারী/ safari) ভ্রমণে ব্যবহারের উপযোগী জিনিসপত্র। Suitable for use on a journey. چمدان س. ভ্রমণের জন্য ব্যবহারোপযোগী ব্যাগ/ স্যুটকেস। Travelling suitcase.

ط (ত/t) ফার্সী বর্ণমালার ১৯তম বর্ণ, নাম 'তোয়া'। The nineteenth letter of the Persian alphabet called 'ta'.

طاب ثراه (তা'বা সারা'হ/ tăba-sarăh) তাঁর(কবরের) ধূলিকণা সুরভিত হোক! May his dust (grave) be fragrant!

طاحنه (তা'হেনে/ tăhene) [ব.ব./pl. طواحن]= دندان آسیاب

طاحونه (তা'হুনে/ tăhune) [ব.ব./pl. طواحین]= آسیاب

طارم (তা'রাম/ tăram) গম্বুজসহ কাঠের তৈরী ঘর; ধাতব বা ধাতব রেলিং; বাগানের চারপাশে কাঠের রেলিং; আকাশ। Wooden house with a dome. Palisade round a garden. The sky.

طارمی (তা'রামী/ tărami) কাঠের বা ধাতব রেলিং। Balustrade.

طاس (তা'স/ tăs) বড় তামার গামলা। Copper bowl used in a bath-house.

طاس(তাস/tăs) জুয়া খেলার ফুটকি চিহ্নযুক্ত ঘুঁটি। Die or dice. Bald. ط. لغزنده পিঁপড়ার বাসা; উইঢিবি। Ant-hill. ط. ریختن / ط. انداختن ভাগ্য পরীক্ষা করা। To throw dice.

طاس (তা'স/taš) নেড়ে (মাথা)। Bald.

طاس کباب(তা'.-কাবা'ব/ t.-kabăb) জুয়া খেলার ঘুঁটি চালনা/গোশত, আলু ও বিভিন্ন জাতের সবজী দিয়ে তৈরী এক ধরনের ভুনা খাবার। Kind of dish.

طاسی (তা'সী/ tăsi) নেড়ে অবস্থা; মাথায় টাক পড়ার অসুখ। Baldness; alopecia.

طاسی (তা'সী/tăsi)= استخوان طاسی হাঁটুর ওপরের হাড়। Cuboid.

طاعات (তা'অ'ত/ tă'ăt) [طاعت এর ব.ব./pl. of طاعت].

طاعت (তা'আত/tă'at) [ব.ব./pl. طاعات] ইবাদত-বন্দেগী; আনুগত্য; হুকুম পালন। Worship. Obedience.

طاعون (তা'উন/ tă'un) প্লেগ। Plague; pestilence.

طاعونی (তা'উনী/ tă'uni) প্লেগ সংক্রান্ত; প্লেগে আক্রান্ত। Pestilential.

طاغی (তা'গ্বী/tăği) বিদ্রোহী; বিদ্রোহাত্মক। Rebel(lious).

طاق (তা'গ্ব/ tăğ) ধনুকাকৃতি; খিলান; খিলানযুক্ত ছাদ; তাক; একক; বিজোড়। Arch; vault. (Arche) roof; unique. طاقتم ط. شد আমার ধৈর্যের বাঁধ ভেঙ্গে গেছে। I lost my patience.

طاق باز (তা'গ্ববা'য/tağbăz) অলস; কুঁড়ে; চিৎশোয়া। Supine. In a supine position; on one's back.

طاقت(তা'ঘাত্/ tăğat) শক্তি(শারীরিক); ধৈর্য। Endurance. Fortitude.
دلم ط. نمی آورد که আমি (এ কাজের জন্য) মনে সাহস পাচ্ছি না। I can not find it in my heart to.

طاقت فرسا (তা.-ফারসা'/ t.-farsă) অত্যন্ত কষ্টসাধ্য; যা করতে ধৈর্যচ্যুতি ঘটে; অসহনীয়। Insupportably tiresome. Intolerable; oppressive.

طاقچه (তা'ঘ্চে/ tağče) কুলঙ্গি; তাক; ছোট তাক। Niche; ledge. Shelf.
طاقچه دیوار کوب দেয়ালের মধ্যে তৈরি ছোট তাক। Bracket; console.

طاقدار (তা'ঘ দা'র্/tăğ dăr) খিলান-বিশিষ্ট; খিলান ছাদবিশিষ্ট। Arched. Roofed.

طاقدیس (তা.-দীস্/ t.-dis) খিলানের ন্যায়; সম্রাট খসরু পারভেজের খিলানসদৃশ সিংহাসনের নাম। Arch-like. Anticline. Name of the arched throne of Khosrow.

طاق نما (তা.-নামা'/ t.-namă) দেয়ালের গায়ে খিলানসদৃশ দৃশ্য। False arch.

طاقه (তা'ঘে/ tăğe) (পশম ইত্যাদির) একগুচ্ছ; এক মুষ্টি। Piece (of cashmere, etc).

طالب (তা'লেব্/ tăleb) যে সন্ধান করে বা দাবী করে। (One) who seeks or demands. [তুল. ব.ব./ Cf. the plurals طلاب / طلبه / طالبین]
طالب بودن چیزی কোন কিছুর প্রার্থী হওয়া; কোন কিছুর প্রতি আসক্ত হওয়া। To seek something. To be fond of something. ط. ندارد ক্রেতা/দাবীদার নেই। There is no demand for it.

طالبی (তা'লেবী/ tălebi) এক ধরনের গোলাকার বাঙ্গি। Variety of deep-ribbed melon.

طالبین (তা'লেবীন্/ tălebin) সন্ধানিগণ; আগ্রহিগণ। Those interested [তুল. এ.ব./Cf. the s. طالب].

طالح (তা'লেহ্/tăleh)= بدکار দুষ্ট লোক। Wicked.

طالع(তা'লে-/tăle') উদীয়মান; যে আবির্ভূত হয়; রাশিচক্র; সৌভাগ্য নক্ষত্র। Rising; appearing. Horoscope. Lucky star. ط . دیدن ভাগ্য পরীক্ষা করা। To cast a horoscope. To tell fortune.

طالع بین (তা'.-বীন্/t.-bin) গণক; জ্যোতিষী। Fortune-teller.

طالع بینی (তা'.-বীনী/ t.-bini) ভাগ্য গণনা করা; ভবিষ্যদ্বাণী করা; জ্যোতিষশাস্ত্র। Horoscopy; fortune telling; genethlialogy.

طامات (তা'ম্মা'ত্/tămmăt) এক ধরনের দরবেশ প্রকৃতির লোকদের খাপছাড়া কথাবার্তা। Idle talk.

طاوس (তা'ভূস্/ tăvus)= طاووس ময়ূর। Peacoch. طاوس ماده ময়ূরী। Peahen.

طاول (তা'ভেল্/ tăvel)= تاول

طاووس (তা'ভূস্/tăvus)= طاوس

طاهر(তা'হের্/ tăher)= پاك পাক; পবিত্র; পুংবাচক নাম। Clean; pure; chaste. Mas. pr. name.

طاهره (তা'হেরে/ tăhere) স্ত্রীবাচক নাম।

[طاهر এর স্ত্রী] Fem. pr. name [fem. of طاهر].

طایر (তা'য়ের/tăyer) [ব.ব./pl. طیور]= فرشته = طایر قدس/مرغ

طائف (তা'এফ/ tă'ef) কা'বার চারদিকে পরিক্রমণকারী; তওয়াফকারী। One who performs the rites of circumambulation of Ka'bah.

طایفه (তা'য়েফে/ tăyefe) [ব.ব./pl. طوائف] গোত্র; সম্প্রদায়; উপজাতি। Clan; tribe. Sect.

طب (তেব্ব্/ teb[b]) চিকিৎসা; চিকিৎসা বিজ্ঞান। Medicine [তুল./Cf. پزشکی]. طب قانونی চিকিৎসা শাস্ত্রানুযায়ী ন্যায়-অন্যায় বিচারের আইন; যে চিকিৎসা ব্যবস্থা সমাজের আইন-শৃঙ্খলার সাথে জড়িত। Medical jurisprudence; forensic medicine; legal medicine.

طبابت (তেবা'বাত্/ tebăbat) চিকিৎসা; চিকিৎসার পেশা। Medical professon. ط . کردن চিকিৎসা করা। To practise medicine.

طباخ (তাব্বা'খ্/ tabbăx)= آشپز

طباطبائی (তাবা'তাবা'ঈ/ tabătabă'i) দুই দিক থেকে হযরত রসূলে আকরামের (সঃ) বংশধর। Descended from the Prophet(S.) on both sides.

طباع (তেবা'-/tebă') ১/1)= طبع এর ব.ব./pl. of طبع ২/2) সহজাত প্রবণতা। Natural disposition.

طبال (তাব্বা'ল্/ tabbăl)= طبل زن

طبایع (তাবা'ইয়ে/ tabăye') [طبیعت এর ব.ব./ pl. of طبیعت].

طبخ (তাব্খ্/ tabx) রান্না করা; ভাঁজা; সেকা। Cooking. Batch; bake.

طبری (তাবারী/ tabari) খনিজ লবণ সম্পর্কিত; তাবারেস্তান বা মাজেন্দারানের অধিবাসী। Hyrcanian: native of Tabarestan or Mazanderan.

طبع (তাব্-/ tab') মোহর করা; চিঠিতে সীলমোহর করা; অঙ্কন করা; মুদ্রণ; মেজাজ; প্রকৃতি। Impression; printing. Nature; temper. تحت ط . যন্ত্রস্থ (ছাপার প্রক্রিয়ায় রয়েছে এমন)। In the press; in print. ط . و نشر کردن মুদ্রণ ও প্রকাশ করা। To publish.

طبعاً (তাব্আন্/tab'an) স্বাভাবিকভাবেই; স্বভাবতই। Naturally.

طبق (তাবাগ্ব্/ tabağ) [ব.ব./ pl.اطباق।] (খাদ্য, ফল বা অন্য কিছু রাখার জন্য ব্যবহৃত) বড় আকারের ধাতব বা কাষ্ঠনির্মিত গোলাকার থালা বা ট্রে। Tray. Large dish.

طبق (তেব্গ্ব্/ tebğ) হিসেবে; ভিত্তিতে; অনুযায়ী। Conformity. بر طبق অনুযায়ী; অনুসারে। In conformity with; according to.

طبقات (তাবাগ্বা'ত্/ tabağăt) [طبقه এর ব.ব./Pl. of طبقه] স্তর; শ্রেণী; পর্যায়; মর্যাদা; তলা। Storeys. Categories; classes. Strata; layers. اختلاف طبقاتی শ্রেণী পার্থক্য। Class distinctions.

طبقات الارض(তাবাগ্বা'তোল্ আর্য্/ tabağatol-arz) স্তর; [علم ط . বোঝাতে] ভূ-তত্ত্ববিদ্যা [বর্তমানে زمین شناسی বলা হয়]। Strata of

the earth. [For علم ط.]
Geology [now زمين شناسى].

طبقات الارضى (তা.-আর্‌যী/ t.-arzi) ভূ-স্তর সম্বন্ধীয়। Geological.

طبق كش (তাবাগ্ব্‌ কাশ্‌/ tabağkaš) ট্রে বা বড় থালায় খাদ্যসামগ্রী বা অন্য দ্রব্য নিয়ে মাথায় বহনকারী কুলি। Porter using a tray for carrying things.

طبقه (তাবাগ্বে/tabağe) [ব.ব./ pl. طبقات]= چينه তলা(ভবনের); স্তর; শ্রেণী; পর্যায়। Layer; stratum. Class; category. Stage. Grade. Order; group. Storey.

طبقه بندى (তা.-বান্দী/ t.-bandi) শ্রেণীবিন্যাস। Classification.

طبل (তাব্‌ল্‌/ tabl)=كوس ঢাক; ঢোল; তবলা। Drum. طبل گوش কর্ণপটহ; মধ্যকর্ণ। Drum of the ear; tympanum. طبل وارونه যে ঢোল বা তবলা শোকানুষ্ঠানে বাজানো হয়। Drum of mourning.

طبل زن (তা.-যান্‌/ t.-zan) তবলাবাদক; ঢুলি; ঢাকী। Drummer.

طبله (তাব্‌লে/ table) ছোট বাক্স; কৌটা; আতর বিক্রেতার আতর রাখার ছোট কাঠের পাত্র (ট্রে)। (Perfumer's) tray. ط. كردن বিচ্ছিন্ন হওয়া; ফুলে ওঠা (যেমন ঝরে পড়ার পূর্বে দেয়ালের চুন-সুরকি ফুলে ওঠা)। To come off.

طبلى (তাব্‌লী/ tabli) তবলার ন্যায়; তবলা সংক্রান্ত। Drum-like. Tympanic.

طبى (তেব্বী/ tebbi) চিকিৎসা সম্বন্ধীয়; ওষুধ সম্বন্ধীয়। Medical. Medicinal.

طبيب (তাবীব্‌/ tabib) [ব.ব./ pl.اطباء]= پزشک চিকিৎসক; ডাক্তার। Physician; doctor. [স্ত্রী./Fem. طبيبه]. طبيب قانونى যে সরকারী ডাক্তার অপঘাত মৃত্যুর কারণ অনুসন্ধান করে। Medical examiner; medico-legal examiner.

طبيعت (তাবীয়াত্‌/ tabi'at) [ব.ব./ pl. طبايع] প্রকৃতি; স্বভাব। Nature. Temper. طبايع چهارگانه মানব প্রকৃতি বা মেজাজের চার বৈশিষ্ট্য। The four temperaments.

طبيعةً(তাবীয়াতান্‌/tabi'atan) স্বভাবতই; স্বাভাবিকভাবেই। Naturally.

طبيعى(তাবীঈ/tabi'i) স্বাভাবিক; প্রাকৃতিক; প্রকৃতিগত; [স্ত্রী. طبيعيه এর ব.ব. طبيعيات প্রকৃতি বিজ্ঞান علوم طبيعى ও বলা হয়]। প্রকৃতিবাদী [ব.ব. طبيعيون] Natural. Physical. Normal. [Fem. طبيعيه with the pl. طبيعيات natural sciences-also علم طبيعى]. Naturalist [pl. طبيعيون].

طپانچه (তাপা'ন্‌চে/ tapănče)= تپانچه

طپاندن তাপা'ন্‌দান্‌/tapăndan)=تپاندن

طحال (তেহা'ল্‌/ tehăl)= اسپرز প্লীহা; পিলে। Spleen. ورم ط. প্লীহা বৃদ্ধিজনিত রোগ। Splenitis.

طراح (তার্‌রা'হ্‌/tarrăh) পরিকল্পনা-প্রণেতা; নকশাবিদ; চিত্রকর। Designer; modeller; sketcher. Schemer.

طراحى (তার্‌রা'হী/ tarrăhi) পরিকল্পনা প্রণয়ন; নকশা অঙ্কন; রেখাচিত্র অঙ্কন। Designing; planning; sketching.

طرار(তার্‌রা'র্/ tarrăr) হাত সাফাইকারী; জালিয়াতকারী; প্রতারক; চোর; পকেটমার। Impostor. Pickpocket.

طراوت (তারা'ভাত্/ tarăvat)= تازگی সতেজতা। Freshness.

طرب(তারাব্/tarab)= خوشی খুশি; আনন্দ। Joy; mirth.

مطرب/ خنیاگر = اهل طرب

طرب انگیز (তা.-আঙ্গীয্/ t.-angiz) আনন্দোদ্দীপক; আনন্দময়। Exciting joy; joyful.

طربناك (তারাব্‌না'ক্/ tarabnăk) আনন্দময়। Joyful.

طرح (তার্‌হ্/tarh) পরিকল্পনা; নকশা; খসড়া; প্রকল্প। Plan; design; sketch. Rough draft. Scheme. Project. ط. ریختن পরিকল্পনা তৈরি; খসড়া পরিকল্পনা তৈরি। To make a scheme; draw a rough plan. ط. کردن অঙ্কন বা রেখাচিত্র অঙ্কন; পরিকল্পনা করা; প্রস্তাব দান; উপস্থাপন। To draw or sketch. To plan or project. To propose.
طرح آئین نامه খসড়া আইন। Draft regulation. طرح قانونی (সংসদ) সদস্যদের উপস্থাপিত বিল। Members' bill.

طرحریزی (তা.-রিযী/t.-rizi) ভিত্তি প্রস্তর স্থাপন। Laying a foundation.

طردکردن (তার্‌দ্ কার্‌দান্/tard kardan) প্রত্যাখ্যান করা; বিতাড়িত করা; বহিষ্কার করা; সমাজচ্যুত করা। To recject. To banish. To excommunicate.

طرز(তার্‌য্/tarz) ধরন; পদ্ধতি; প্রক্রিয়া। Manner; method; mode.

طرف (তারাফ্/taraf) [ব.ব./pl. اطراف] =سر/سو পার্শ্ব; দিক; [سو]; প্রান্ত; সীমা। Side; direction. End; extremity. ط. دعوی অভিযোগ দায়েরকারী। Party to a suit.
ط. شدن باکسی কারো সাথে ঝগড়া বা বিরোধে লিপ্ত হওয়া; কারো বিরোধিতা করা। To enter into quarrel with some one. To oppose some one.
برطرف کردن দূরীভূত করা; উৎখাত করা; মূলগতভাবে সুস্থ করে তোলা। To eliminate; do away with. To cure (radically). از طرف ...এর পক্ষে/পক্ষ থেকে। On behalf of; for. On the side of. By. از یک طرف একদিকে...। On the one hand. On one part. از طرف دیگر অন্যদিকে...। On the other hand. On the other part. از طرفی هم অধিকন্তু; তদুপরি; এছাড়াও। Moreover. On the other hand.
بطرف ...এর দিকে। To(ward). At. طرف غروبَ সন্ধ্যার দিকে। Towards evening. در اطراف আশেপাশে; চতুর্দিকে। About. (ad) در اطراف ...এর আশেপাশে; ...এর চারদিকে। About. اطراف سافله নিচু এলাকাসমূহ। The lower extremities. اطراف عالیه উচ্চতম (উঁচু) এলাকাসমূহ। The upper extremities.

طرف (তার্‌ফ্/ tarf) ১/1)=سود ২/2) চোখের কোনা। Corner or angle of

eye. ৩/3)= موژه গঅক্ষিপক্ষ (চোখের পাতার লোম)। Eyelash.

طرف (بر) بستن কোমর বেঁধে প্রস্তত হওয়া; সুবিধা গ্রহণ করা। To gird oneself. To derive advantage.

طرفدار (তারাফ্দা'র্/ tarafdăr) সমর্থক; পক্ষপাতকারী; সহযোগী। Adherent; partisan. Partial.

طرفدار کسی بودن কাউকে সমর্থন করা; কারো পক্ষ অবলম্বন করা। To take the part of or side with some one. طرفدار عقیده ای بودن কোন মতের সমর্থক হওয়া; কোন মত পোষণ করা। To favour an opinion.

طرفداری(তা.-দা'রী/t.-dări) পক্ষপাতিত্ব। Partiality.

از کسی ط. کردن কারো প্রতি পক্ষপাতিত্ব করা; কারো সমর্থন করা বা পক্ষালম্বন করা। To take the part of or side with some one.

طرفه (তোর্ফে/ torfe) নতুন/সুন্দর জিনিস; যে কোন বিস্ময়কর ও বিরল জিনিস। Novelty; new or rare (thing).

طرفة العين (তার্ফাতোল্ এইন্/ tarfatol'eyn) চোখের পলক ফেলা। Twinkling of the eye.

طرفیت (তারাফিয়াত্/Tarafiyyat) কোন বিরোধে জড়িত হওয়া; বিপক্ষতা। Being party to a dispute; interest or involvement. Opposition.

طرفین (তারাফেইন/ tarafeyn) দুই পক্ষ; পক্ষদ্বয়; উভয় পক্ষ; দুই প্রান্ত। The two parties; both parties.

طرق(তোরোগ্/ toroğ) [طریق এর ব.ব./ pl. of طریق].

طرقه (তোর্গে/ torğe) কৃষ্ণ বর্ণ; গায়ক পাখি বিশেষ। Ouzel.

طره (তোর্রে/ torre) কপালের দিককার কুঞ্চিত চুল; কপালের ওপর ঝুলে পড়া কেশগুচ্ছ। Lock of hair; tress.

طریق (তারীগ্/tariğ)= راه [ব.ব./pl. طرق] পথ; সড়ক। Way; road. Channel. از طریق (অমুক জায়গা) হয়ে; ভায়া/ মাধ্যমে। Via. بطریق (অমুক) পথে/পথ হয়ে। By way of. بچه ط. কিভাবে; কোন্ পন্থায়? How? In what manner?

طریقت (তারীগাত্/tariğat) জীবন পদ্ধতি; আধ্যাত্মিক কর্মপন্থা; তরিকত। (Religious) way; rule of life.

طریقه (তারীগে/tariğe) পথ; পন্থা; পদ্ধতি; তরিকা। Method; manner.

طشت (তাশ্ত্/ tašt)= تشت

طعام (তাঅ'ম্/ta'ăm) [ব.ব./pl. اطعمه]= خوراك খাদ্য; খাবার। Food.

طعم (তা-ম্/ta'm) মজা; স্বাদ। Flavour. [তুল./ C.f. مزه].

طعمه (তো-মে/ to'me) মাছ বা পশু-পাখি শিকার করার জন্য বড়শী বা ফাঁদে যে খাবার দেওয়া হয়। Bait. طعمهٔ آتش আগুনের শিকার। Prey to fire.

طعن (তা-ন্/ ta'n) [طعنه এর সমষ্টিবাচক পদ/Callective for طعنه].

طعنه (তা-নে/ ta'ne) বল্লম দ্বারা একবার আঘাত করা; বল্লমের আঘাতের ক্ষত; কটাক্ষ; তিরস্কার। Taunt(ing); sarcasm; sneering. Irony.

ط. زدن কটাক্ষ করা; বক্র ইঙ্গিত করা।

To speak ironically; say one thing and mean other.
طعنه آمیز(তা.-অ'মীয্/t.-ămiz) কটাক্ষমূলক; ইঙ্গিতবাচক; শ্লেষপূর্ণ। Sarcastic.
طغرا (তোগ্বরা'/toğră)= طغری রাজা-বাদশাহ্দের চিঠিপত্র ও ফরমানে ব্যবহৃত প্রতীক যাতে কয়েকটি বাঁকা রেখার দ্বারা রাজার নাম লেখা থাকত। Piece. No. [used in counting bills; etc. but not rendered in English.] Royal monogram.
طغری (তোগ্বরা'/toğră)= طغرا।
طغیان (তোগ্বইয়া'ন্/toğyăn) সীমাতিক্রম; বিদ্রোহ; জলোচ্ছ্বাস; ঔদ্ধত্য; অবাধ্যতা। Overflowing. Inundation. Rebellion. Outburst. ط. کردن দু'কূল ছাপিয়ে প্লাবিত করা; বিদ্রোহ করা। To overflow(its banks). To rage. To rebel.
طفره (তাফ্রে/tafre) কৌশলে এড়িয়ে যায়; এড়িয়ে চলা। Evasion; elusion. ط. زدن কৌশলে এড়িয়ে যাওয়া। To elude.
طفره آمیز (তা.-অ'মীয্/ t.-ămiz) এড়িয়ে যাওয়ার উদ্দেশ্যপ্রণোদিত। Evasive. جواب ط. দায়সারা জবাব। Evasive reply.
طفل (তেফ্ল্/tefl) [ব.ব./pl. اطفال]= کودك / بچه
طفلانه (তেফ্লা'নে/ teflăne)= بچگانه
طفلک (তেফ্লাক্/ teflak) ছোট্ট শিশু; [সহানুভূতির সাথে] বেচারা শিশুটি! Little child. [Used sympathetically] Poor boy; poor fellow.
طفولیت(তোফূলীয়্যাত্/ tofuliyyat)= بچگی বাল্যকাল; শৈশব। Childhood.
طفیلی (তোফেইলী/tofeyli) পরগাছা; অযাচিত মেহমান; বিনা দাওয়াতে যে দাওয়াতপ্রাপ্ত মেহমানের সাথে দাওয়াত খেতে যায়। Parasite. Uninvited person accompanying a guest.
طلا (তালা'/ tală)= زر স্বর্ণ। Gold. ساعت ط. সোনার ঘড়ি। Gold watch. طلای سفید প্লাটিনাম। Platinum.
طلاآلات (তা.-অ'লা'ত্/t.-ălăt) স্বর্ণনির্মিত উপকরণাদি। Gold ware.
طلاب(তোল্লা'ব্/tollăb)= طلبه ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীগণ; ধর্মতাত্ত্বিকগণ। Scholars; templars. Students of religiouw school.
طلاساز (তালা' সা'য/tală săz) স্বর্ণকার। Goldsmith.
طلاق (তালা'গ্ব/ talăğ) তালাক; বিবাহ বিচ্ছেদ। Divorce. ط. دادن তালাক দেওয়া। To divorce. ط. گرفتن از ... (স্বামী)র কাছ থেকে তালাক গ্রহণ করা/আদায় করা। To be divorced from; be granted a divorce by.
طلاقت (তালা'গ্বাত্/ talăğat) হাসিখুশী ভাব; আড়ষ্টতামুক্ত হওয়া; কথাবার্তায় প্রাঞ্জলতা। Freedom from impediment. Glibness.
طلاقنامه (তালা'গ্বনা'মে/ talăğ-năme) তালাকনামা। Bill of divorce (or divorcement); legal instrument of divorce.
طلاکوب (তালা' কূব্/tală kub) স্বর্ণকার;

যে কোন কিছুর ওপর স্বর্ণের কাজ করে। Gold blocker.

طلاکوبی (তা.-কূবী/ t.-kubi) স্বর্ণকারের কাজ; কোন কিছুর ওপর স্বর্ণের কাজ করা। Gold blocking. Tooling.

طلایع (তালা'ইয়ে/talăye') [طلیعه এর ব.ব./pl. of طلیعه].

طلایه(তালা'ইয়ে/talăye) অগ্রবর্তী সৈনিক। Vanguard; advance guard.

طلایی(তালা'য়ী/talăyi) সোনালী; চকচকে; স্বর্ণখচিত; সোনার রংবিশিষ্ট। Golden. Gilt. (Of the colour of) gold.
ماهی ط. সোনালী মাছ। Gold fish.
ط. کردن স্বর্ণমণ্ডিত/ স্বর্ণখচিত করণ। To gild.

طلب (তালাব্/talab) সন্ধান; চাওয়া; যাচ্না করা; পাওনা। Search. Request. Begging. Claim.
دو ریال از من ط. دارد সে আমার কাছে দুই রিয়াল পাবে। I owe him 2 rials. ط. کردن ১/1) অনুসন্ধান করা; চাওয়া। To search; seek. ২/2) طلب. کردن از কারো কাছে কিছু চাওয়া; প্রার্থনা করা। To ask; request; beg.

طلبکار (তা.-কা'র্/ t.-kăr)= بستانکار

طلبکاری (তা.-কা'রী/ t.-kări) ১/1)= بستانکاری ২/2) পাওনাদারী; পাওনা চাওয়া। Pressing for the payment of one's due.

طلبه (তালাবে/talabe)= দ্র./S.u.طلاب

طلبیدن (তালাবীদান্/ talabidan) [طلب] আহ্বান করা; তলব করা; চাওয়া; যাচ্না করা। To call; invite. To summon. To ask. To seek.

طلبیدگان যাদের ডাকা হয়েছে। Those invited [طلبیدن এর বিণ. এর ব.ব./pl. of طلبیده p.p.].

طلسم (তেলেস্‌ম্/telesm) যাদুমন্ত্র; তাবিজ-কবজ। Talisman; charm; spell. Amulet.

طلسمگر (তে.-গার্/t.-gar) যাদু বা তন্ত্রমন্ত্রের দ্বারা চিকিৎসাকারী। Witch-doctor; exorcist.

طلعت (তাল্‌আত্/tal'at) দেখা; দর্শন; চেহারা; উদয়; স্ত্রীবাচক নাম। Countenance; face. Mien. Fem. pr. name.

طلق(তাল্‌ক্ব্/talğ) ট্যালকঃ খনিজ পাথর বিশেষ যা ট্যালকাম পাউডার তৈরিতে ব্যবহৃত হয়। Mica; isinglass; talc.

طلق (তেল্‌ক্ব্/telğ) মুক্ত; স্বাধীন; বিধিসঙ্গত; নিঃশর্ত। Free; lawful; unconditioned.

طلقی (তাল্‌ক্বী/ talği) ট্যাল্‌ক্‌যুক্ত; ট্যাল্‌ক্ সম্বন্ধীয়। Talcose; talcous.

طلوع(তোলূ-/tolu') উদয়; প্রকাশমান হওয়া। Rising. Appearance.
ط. کردن উদিত হওয়া। To rise.

طلیسه (তালীসে/ talise) এক থেকে তিন বছর বয়সের বকনা বাছুর। One-to-three year old heifer.

طلیعه (তালীএ/ tali'e) [ব.ব./ pl.طلایع] অগ্রবর্তী সেনাদল; যুদ্ধরত সেনাবাহিনী বা নৌবহরের সম্মুখভাগ; অগ্রপথিক। Vanguard. Van; leader.

طماع (তাম্মা'-/ tammă') অত্যন্ত লোভী। Very covetous or greedy.

طمانینه(তোমা'-নীনে/toma'nine)= وقار/آرامش

طمث(তাম্‌স্/ tamš) নারীর ঋতুবতী হওয়া। The menses.

طمطراق (তোমতোরা'ঘ্‌/ tomtorağ) জাঁকজমক; ঠাট দেখানো। Pomp. grandiloquence.

طمع (তামা-/ tama') লোভ; লিপ্সা। Covetousness. طمع فطری সহজাত লোভ-লালসা। Acquisitiveness. ط.بریدن আশা ছেড়ে দেওয়া। To give up hope. ط . کردن লোভ করা; পরধনলিপ্সু হওয়া। To covet. To be covetous. چشم ط . بچیزی داشتن কোন কিছুর জন্য লালায়িত হওয়া। To have views upon some thing.

طمعکار (তা.-কা'র্‌/ t.-'kăr) লোভী; পরধনলিপ্সু। Covetous.

طناب (তানা'ব্‌/ tanăb) রশি। Rope; cord. ط.انداختن রশিতে ঝোলানো; ফাঁসি দেওয়া। To hang. یک مو را ط . کردن তিলকে তাল করা। To make mountains of mole-hills.

طناب بازی (তা.-বা'যী/ t.-băzi) মাথার ওপর ও পায়ের নিচ দিয়ে দড়ি ঘোরানো; স্কিপিং; রশির ওপর দিয়ে হাঁটা খেলা। Skipping the rope.

طناب پیچ کردن (তা.-পীচ্‌ কার্‌দান্‌/ t.-pičkardan) দড়ি দিয়ে বাঁধা। To tie or bind with a rope.

طناب خور (তা.-খোর্‌/ t.-xor) রশি দিয়ে পরিমাণকৃত গভীরতা। Depth measured by a rope.. چاه ط একরশি পরিমাণ গভীর কূপ। Draw-well.

طناب سازی (তা.-সা'যী/ t.-săzi) যেখানে দড়ি পাকানো হয়; দড়ি পাকানোর কারখানা। [کارخانه বুঝাতে] দড়ি পাকানোর যন্ত্র। Rope-making. [For کارخانهٔ ط .] Ropery; ropewalk.

طناب کشی (তা.-কেশী/ t.-keši) [مسابقهٔ ط . বোঝাতে/For. مسابقهٔ ط .] দড়ি টানাটানি। Tug of war.

طنابی (তানা'বী/ tanăbi) দড়ির ন্যায়; দড়ির ন্যায় দেখতে। Rope-like; restiform. نردبان ط . দড়ির ন্যায় পেঁচানো দেখতে যে লোহার রড বা তার দিয়ে তৈরি রেলিং; দড়ির তৈরি সিঁড়ি/মই। Rope-ladder.

طناز (তান্না'য্‌/ tannăz) রসিক; ঠাট্টাকারী; ব্যঙ্গকারী; যে মান-অভিমান দেখায়; ছিনালি। Coquettish.

طنازی (তান্না'যী/ tannăzi) রসিকতা; ঠাট্টা; ব্যঙ্গ; প্রেয়সীর ঠাট ও মান-অভিমান। Coquettishness.

طنابی(তানা'বী/tanăbi)= تنبی পারিবারিক বসার ঘর; বৈঠকখানা। Parlour.

طنز (তান্‌য্‌/tanz) ব্যঙ্গ-বিদ্রূপ। Scoffing.

طنطنه (তান্‌তানে/ tantane) টুনটুনি; টুংটাং শব্দ; গুঞ্জন; তার, তাম্বুরা ও এ জাতীয় বাদ্যযন্ত্রাদির শব্দ। Pomp. Fuss. Tinkling.

طنطور (তানতূর্‌/ tantur) এলকোহলে দ্রবীভূত ভেষজ রং বিশেষঃ টিংচার। Tincture.

طنین (তানীন্‌/ tanin) যে ঝন ঝন শব্দ বা ঘণ্টা ধ্বনি কানে এসে বাজে। Tingle (or ringing) in the ears.

ط . انداختن ঝন্‌ঝন্ বা ঝিন্‌ঝিন্ বা এ জাতীয় কোন ধ্বনি সৃষ্টি করা; প্রতিধ্বনি করা। To ring; tingle. To resound.

طواف (তাভা'ফ্/tavăf) কাবাগৃহের চারদিকে পরিক্রমণ; তওয়াফ। Circumambulation (of the Ka'ba). ط . کردن/ ط . زدن তওয়াফ করা। To circumambulate; go round.

طواف (তাভ্‌ভা'ফ্/ tavvăf) ফেরীওয়ালা বিশেষত ফলমূল ও খাদ্যদ্রব্যের ফেরীওয়ালা। Peddling fruiterer; coster(monger).

طوایف (তাভা'য়েফ্/ tavăyef) [طایفه এর ব.ব./ pl. of طایفه].

طوبی (তূবা/ tubă) বেহেশতের একটি গাছের নাম; স্ত্রীবাচক নাম; মূ. অ. সৌভাগ্যবান অবস্থা। Name of a tree in paradise. Fem. pr. name. OS. Blessedness.

طور (তুর্/ tur) সিনাই পর্বত। Mount Sinai [প্রায়শ often کوه طور].

طور (তোওর্/towr) রকম; অবস্থা; ধরন; পদ্ধতি। Manner; method. Kind. [তুল. ব.ব./Cf. the pl. اطوار]. چه طور/ چطور؟ কিভাবে?/ কেমনে?/ কেমন? How? In what manner? چطور مگر؟ মানে!? কেন? কেন? Why? اینطور এভাবে; এরূপ। Thus; in this manner; (in) this way. اینطور اشخاص এ ধরনের লোক। Such people. همینطوراست ঠিক তা-ই; এ রকমই। Exactly. That is right. همینطورها এ ধরনেরই; এ রকমই। So so. بطوریکه ঠিক যেভাবে; যেমন; উদাহরণস্বরূপ। So that. As. بطورکامل পুরোপুরিভাবে; সম্পূর্ণরূপে। Perfectly. همانطور که যেমনটি; যেমন। (Just) as. هرطور هست/ هرطور شده যেভাবেই হোক। By all means.

طوسی (তূসী/ tusi) গভীর ধূসর রং; ধূসর; সাদাটে সবুজ; এক ধরনের শাল। Dark grey.

طوطی (তূতী/tuti) টিয়া পাখি/ তোতা পাখি (পুং)। Parrot. طوطی ماده স্ত্রীটিয়া/ তোতা। Hen-parrot.

طوطی وار (তূ.-ভা'র্/t.-văr) টিয়ার ন্যায়; মুখস্থ; অনর্গল। Parrot-like. By rote.

طوعًا (তাওয়ান্/ taw'an) স্বেচ্ছায়। Willingly; of one's own accord. طوعا (و) کرها ইচ্ছায় হোক, অনিচ্ছায় হোক। Willy-nilly; nolens volens; whether one wishes or not.

طوفان (তূফা'ন্/tufăn) ঝড়; প্লাবন; তুফান। Deluge; flood. Storm; tempest.

طوفان زاد (তূ.-যা'দ্/ t.-zăd) ঝড়সৃষ্ট; প্লাবনজাত। Diluvian.

طوفان نما (তূ.-নামা'/ t.-namă) ঝড়ের গতিবেগনির্দেশক চার্ট। Storm-card.

طوفانی (তূফা'নী/ tufăni) ঝড়ো। Stormy.

طوق (তাওগ্/tawğ) যা কিছু গলার চারদিকে পরা যায়; হার; গলাবন্ধ; জোয়াল, নেকটাই ইত্যাদি। Necklace. Collar. Ruff. Chain. Gorget. Yoke; tie.

طوق لعنت অভিশাপের গলাবন্ধ। Ball and chain; also, the battleaxe. ط. در گردن کردن হার পরিধান করা। To wear a necklace.

طوقدار (তা.-দা'র্/t.-dăr) হার পরিহিতা; গলায় হারের ন্যায় সাদা বা কালো রঙের বলয়বিশিষ্ট পাখি বিশেষ। Collared; ring-necked. Ruffed.

طوقه (তাওখে/ tawğe) লাগাম; যা দেখতে গলাবন্ধের ন্যায়। Curb; puteal.

طول (তূল্/ tul) [درازا] দৈর্ঘ্য; দ্রাঘিমা রেখা [درجهٔ طول ও বলা হয়]। Length. Longitude. [also درجهٔ طول]. طول زمان/ طول مدت মেয়াদকাল; সময় (পরিমাণ)। Length of time; duration. پرش بطول দীর্ঘ লম্ফ; লং জাম্প। Broad jump. ط. دادن দীর্ঘসূত্রিতার আশ্রয় গ্রহণ; দীর্ঘায়িত করা। To portract; prolong. ط. کشیدن সময় নেওয়া; দীর্ঘস্থায়ী হওয়া। To last. دو سال ط. کشید ২ বছর সময় লেগেছে। It took (or lasted) two years. طولی نخواهد کشید که অনতিবিলম্বে; শীঘ্রই (কোন কিছু ঘটবে)। Before long. طولی نکشید که খুব শীঘ্রই (কিছু ঘটল)। Soon after. بطول انجامیدن দীর্ঘ সময় নেওয়া/ দীর্ঘসূত্রী হওয়া। To take a long time. بطول سه متر তিন মিটার দীর্ঘ/লম্বা। 3 metres long.

طولاً (তূলা'ন্/tulăn) দৈর্ঘ্যের হিসেবে; দৈর্ঘ্যের বিচারে। In length; lengthwise.

طولانی(তূলা'নী/ tulăni)= دراز দীর্ঘ। Long.

طولی(তূলী/tuli) দীর্ঘ রেখা সংক্রান্ত; দ্রাঘিমা রেখা-অনুসারী। Linear. Longitudinal. پرش طولی দীর্ঘ লম্ফ; লং জাম্প। Broad jump.

طومار (তূমা'র্/tumăr) চিঠি খাতা; পৃষ্ঠা; দীর্ঘ লিখিত কাগজ; দীর্ঘ চিঠি; গোল (রোল) আকারে জড়ানো চিঠি বা লিখিত কাগজ। Scroll. Roll.

طوماری (তূমা'রী/ tumări) আয়োনীয় বা করন্থীয় স্তম্ভ শীর্ষে ব্যবহৃত গুটানো কাগজের আকারে অলংকরণ বিশেষ; কুণ্ডলাকৃতিক। [In architecture] Voluted.

طویل (তাভীল্/ tavil)= دراز দীর্ঘ; লম্বা। Long.

طویل العمر(তাভীলোল্ ওম্‌র্/ tavilol'omr) দীর্ঘজীবী। Longeval.

طویل القامت (তা.-ঘা'মাত্/t.-ğămat)= قد بلند

طویل المدت(তা.-মোদ্দাত্/t.-moddat) দীর্ঘমেয়াদী। Long-term.

طویله (তাভীলে/ tavile) ঘোড়ার আস্তাবল; যে কোন গৃহপালিত চতুষ্পদ জন্তুর খোঁয়াড়। Stable. Shed.

طویله دار (তা.-দা'র্/t.-dăr) খোঁয়াড়/ আস্তাবল মালিক; খোঁয়াড়/ আস্তাবলরক্ষক। Livery-man.

طهارت(তাহা'রাত্/ tahărat) ঋতুস্রাবের পর গোসল করে আনুষ্ঠানিক পবিত্রতা অর্জন বা ঐ পবিত্রতার মেয়াদকাল; পবিত্রতা। Ceremonious purification after easing

nature. মৃ. অ./ O.S.
طـ . کردن / پاکی= পবিত্রতা অর্জন (ওজু/গোসল দ্বারা)। To wash oneself after easing nature.

طهر (তোহ্‌র্‌/ tohr) পবিত্রতা; দুই ঋতুস্রাবকালের মধ্যবর্তী পবিত্রতার সময়। Purity of woman when not menstruous.

طی (তাই[ই]/ tay[y]) অতিক্রম করা; পার হয়ে যাওয়া। Going or travelling through. طی کردن পথ চলা বা ভ্রমণ করা; চূড়ান্ত করা। To go or travel through; traverse. To fix. درطی ...এর সময়ে; ...কালে। In the course of. [Enclosed) with.

طیار (তাইয়্যা'র্‌/tayyăr) যা উড়ে; উড়ন্ত। Flying. Volatile. چرخ طـ. যন্ত্রের যে ভারী চাকা যন্ত্রের গতি নিয়মিত করার জন্য ব্যবহৃত হয় । Fly-wheel.

طیارات (তাইয়্যা'রা'ত্‌/ tayyărăt) [طیاره এর ব.ব./ pl. of طیاره].

طیاره (তাইয়্যা'রে/tayyăre) [ব.ব./ pl. طیارات]= هواپیما উড়োজাহাজ। Aeroplane.

طیب (তীব্‌/' tib) সুগন্ধ; সুগন্ধি দ্রব্য; খোশ মেজাজ। Sweet-smelling. Sweet smell. بطیب خاطر খোলা মনে; আনন্দ চিত্তে। With a good will or mind.

طیب (তাইয়্যেব্‌/ tayyeb) পবিত্র; হালাল; খুব ভাল; সুগন্ধ; আনন্দদায়ক। Good. Sweet-smelling. Delightful.

طیبات (তাইয়্যেবা'ত্‌/tayyebăt) [طبایب এর স্ত্রী. طیبه এর ব.ব./pl. of طیبه fem. of طیب] শেখ সা'দীর অন্যতম কাব্যগ্রন্থের নাম। Tayebat: poetical work by Sa'di: the "Fine odes".

طیبت (তীবাত্‌/ tibat)= شوخی/خوش طبعی

طیبه (তাইয়্যেবে/ tayyebe) ১/1) [طیب এর স্ত্রী./ Fem of طیب] ২/2) ভাল কাজ। Good deed. [তুল. ব.ব. طیبات/Cf. the pl. طیبات].

طیر(তেইর্‌/teyr) [ব.ব./pl.طیور]= پرنده

طیران (তাইয়ারা'ন্‌/tayarăn)= پرواز

طیره(তীরে/tire) কুলক্ষণযুক্ত। Bad omen.

طیف (তেইফ্‌/ teyf) অপচ্ছায়ায়; বর্ণালি; বর্ণচ্ছটা। Spectre. Spectrum.

طیف بین (তে.-বীন্‌/t.-bin) বর্ণালী বীক্ষণ। Spectroscope.

طیفی (তেইফী/ teyfi) বর্ণালী সংক্রান্ত; বর্ণালীর ন্যায়। Spectral.

طیلسان (তেইলা[লে]সা'ন্‌/ teyla[e]săn) এক ধরনের ঢোলা জামা; গাউন; আলখেল্লা। Mantle. Hood. Pall.

طیموس (তীমূস্‌/ timus) শরীরের রোগ প্রতিষেধক পেশী বিশেষ। Thymus(gland).

طین (তীন্‌/ tin)= گل কাদা; মাটি। Clay; mud.

طینت (তীনাত্‌/ tinat) স্বভাব; প্রকৃতি; সহজাত প্রবণতা; মেজাজ; জন্মস্বভাব। Nature; inborn disposition.

طیور(তেয়ূর/toyur) [طایر / طیر এর ব.ব./ pl. of طایر / طیر].

ظ (য/ z) ফার্সী বর্ণমালার ২০তম বর্ণ, নাম 'যা'। The twentieth letter of the Persian alphabet called 'ză'.

ظالم (যা'লেম/ zălem) [ব.ব./pl.ظلمه] জালিম; অত্যাচারী; স্বৈরাচারী; নিষ্ঠুর। Oppressor; tyrant. Cruel.

ظالمانه (যা'লেমা'নে/ zălemăne) স্বেচ্ছাচারিতার সাথে; অন্যায়ভাবে। Tyranically. Unjust.

ظاهر (যা'হের/zăher) [ব.ব./ pl. ظواهر] সুস্পষ্ট; প্রকাশ্য; দৃশ্যমান; রূপ/আচরণ; বাহ্যিক। Apparent. Outward; external. Appearance. External conduct. در ظ. বাহ্যত প্রকাশ্যে; ওপরে ওপরে। Outwardly; on the surface. صورت ظ. বাহ্যিক রূপ। Outward appearance. وضع ظ. বাহ্যিক অবস্থা। Outward appearance; the outer man. ظ. شدن প্রকাশ পাওয়া; আবির্ভূত হওয়া। To become apparent. ظ. کردن প্রকাশ করা; জাহির করা; রূপ দান (যেমনঃ ছায়াছবি বা ছবি)। To cause to appear. To develop, as a film. حکم بظاهر کردن বাহ্যিক অবস্থার ভিত্তিতে রায় দান করা। To judge by appearances.

ظاهراً (যা'হেরান/zăheran) বাহ্যত; দৃশ্যত। Apparently. Outwardly; on the face of it.

ظاهرالصلاح (যা'হেরোস্ সালা'হ/ zăheros salăh) বাহ্যত কল্যাণকর; দৃশ্যত ভাল। Outwardly good.

ظاهر بین (যা'হের্ বীন/ zăher bin) যে শুধু বাহ্যিক বিষয়কেই বিবেচনা করে/ করতে সক্ষম; হাল্কা ও অগভীর দৃষ্টিসম্পন্ন। Superficial observer.

ظاهر سازی (যা'.-সা'যী/z.-săzi) বাহ্যিক আচরণ দ্বারা মানুষকে প্রতারণা করা। Simulation.

ظاهری (যা'হরী/zăheri) বাহ্যিক; জাহেরী। External; outward.

ظرافت (যারা'ফাত/ zarăfat) সূক্ষ্মদর্শিতা; চতুরতা; দক্ষতা; খোশ মেজাজ; সৌন্দর্য। Elegance. Wit; humour.

ظرائف (যারা'এফ/ zară'ef) [ظریفه এর ব.ব./pl. of ظریفه]. সূক্ষ্ম তাৎপর্যপূর্ণ কথা; হাস্যরসাত্মক কথা। Witty sayings; humours.

ظربان (যারেবা'ন/ zarebăn) খট্টাশ। Polecat.

ظرف (যারফ/ zarf) [ব.ব./pl.ظروف] পাত্র; ধারক; মেয়াদ; সময়সীমা; অধিকরণ কারক; যোগ্যতা; ধারণ ক্ষমতা; ধৈর্য। Vessel; container. Dish. Adverb of time or place. Duration; course. Capacity.

Forbearance. در ظرف সময়ে; মেয়াদে। During; within (a period of). در ظرف دو ماه দুই মাসে; দুই মাসের মধ্যে। In two month's time.

ظرفاء (যোরাফা'-/ zorafă') [ظريف এর ব.ব./ pl. of ظريف].

ظرف شويى (যার্ফ্ শূয়ী/zarfšuyi) থালাবাসন ধোয়া; রান্নাঘরের বেসিন। Washing-up. (Scullery) sink.

ظرفيت (যার্ফিয়্যাত্/ zarfiyyat) ধারণ ক্ষমতা; যোগ্যতা। Capacity. Valency [অনুরূপ/ also واحد ظرفيت].

ظروف (যোরূফ্/ zoruf) [ظرف এর ব.ব./ pl. of ظرف].

ظريف (যারীফ্/ zarif) [ব.ব./ pl. ظرفاء] চালাক-চতুর; হিসেবী; সুদক্ষ; খোশ মেজাজী; মিষ্টভাষী; সূক্ষ্মদর্শী; সুদর্শন। Elegant. Nice. Delicate. Miniature. Subtle. Witty. Clever.

ظريفانه (যারীফা'নে/zarifăne) চাতুর্যের সাথে; বুদ্ধিমত্তা সহকারে; সূক্ষ্মভাবে। Elegantly. Nicely.

ظفر (যাফার্/ zafar) বিজয়। Victory. [پيروزى]. ظ . كردن/ ظ . يافتن = پيروز شدن

ظل (যেল্ল্/zell)=سايه [سايه]ছায়া; আশ্রয়; জ্যোতি; প্রচ্ছায়া। Shadow. Shelter. Umbra. ظل تمام (চন্দ্র/সূর্য গ্রহণের) পূর্ণ ছায়া। Contangent. شبه ظل (চন্দ্র/সূর্য গ্রহণের) উপচ্ছায়া। Penumbra. در ظل تو جهات ...এর বিবেচনাধীনে;... অনুগ্রহে। Under the auspices of.

ظل الله (যেল্লোল্লা'হ্/ zellollăh) আল্লাহ্‌র ছায়া [পুরনো আমলে রাজা-বাদশাহ্‌দের খেতাব]। Shadow of God [old title of kings].

ظلام (যালা'ম্/zalăm)= تاريكى/ ظلمت

ظلم (যোল্‌ম্/zolm)=ستم জুলুম অত্যাচার; নিপীড়ন; নিষ্ঠুরতা। Oppression; cruelty. ظ . كردن بر কারো ওপরে জুলুম বা অবিচার করা। To oppress. To do injustice to.

ظلمات (যোলোমা'ত্/ zolomăt) [ظلمت এর ব.ব./pl. of ظلمت] ঘোর অন্ধকার; ঘোর অন্ধকারময় স্থান যেখানে আবেহায়াত আছে বলে বিশ্বাস করা হত। Deep darkness. Dark region where the 'water of life' was believed to be.

ظلمانى (যোল্‌মা'নী/ zolmăni) = تاريک অন্ধকার। Dark.

ظلمت(যোল্‌মাত্/zolmat) অন্ধকারাচ্ছন্নতা; আঁধারি। Darkness.

ظلمه (যালামে/zalame) [ظالم এর ব.ব./ pl. of ظالم].

ظن(যান্[ন্]/zan[n])= گمان ধারণা; সন্দেহ; অনুমান। Opinion. Suspicion. Conjecture. ظن بردن به কারো/কোন ব্যাপারে সন্দেহ পোষণ। To be suspicious of. حسن ظن উচ্চ ধারণা; সুধারণা। Good, high or favourable opinion. بمن حسن ظنى داشت আমার সম্পর্কে তার সুধারণা ছিল। He had a good

opinion of me. سوء ظن সন্দেহ; সংশয়; অবিশ্বাস। Suspicion; mistrust. ظن قوی শক্তিশালী ধারণা বা অনুমান। Presumption.

ظنين (যানীন্/zanin) সন্দেহ প্রবন; সন্দেহ ভাজন। Suspicious; mistrustful.

ظواهر (যাভা'হের্/ zavăher) [ظاهر এর ব.ব./pl. of ظاهر].

ظهر (যাহ্র্/ zahr) [پشت] পিঠ; বিপরীত দিক। Back; reverse. در ظهر ورقه অপর পৃষ্ঠায়। Overleaf.

ظهر (যোহ্র্/ zohr) দুপুর; মধ্যাহ্ন। Noon. پیش از ظ . ১/1) মধ্যাহ্নের পূর্বে। ২/2) মধ্যাহ্নের অগ্রভাগে। Before noon. سه ساعت پیش از ظ . সকাল নয়টা। 9 a.m. سر ظ . ঠিক দুপুর বেলা; দুপুর ১২টায়। High noon; 12 noon.

ظهرنویس (যাহ্র্ নেভীস্/ zahrnevis)= پشت نویسی

ظهور (যোহূর্/zohur) আবির্ভাব; দৃশ্যমানতা; প্রকাশ্যে আসা; বহিঃপ্রকাশ। Appearance. Advent. Outburst.

ظهير (যাহীর্/ zahir) সাহায্যকারী; সহায়তাকারী; পৃষ্ঠপোষক। Assistant. Supporter.

ظهير الدين (যাহীরোদ্দীন্/ zahiroddin) পুংবাচক নাম মূ.অ. দ্বীনের সাহায্যকারী। Mas. pr. name. OS. Supporter of the faith.

ع

ع (অ-/a') ফার্সী বর্ণমালার একুশতম বর্ণ, নাম 'এইন'। The 21st letter of the Persian alphabet called 'eyn'.

عائد (অ'এদ্/ ă'ed)= عايد

عائده (অ'এদে/ ă'ede)= عايده

عابد (অ'বেদ্/ăbed) [ব.ব./pl. عباد] ইবাদতকারী; পূজা-অর্চনাকারী; ধর্মপ্রাণ; সাধু পুরুষ। Worshipper. Pious; devout.

عابر (অ'বের্/ ăber) [ব.ব./pl.عابرين] পথিক; পথচারী। Passer-by.

عاج (অ'জ্[জ্]/ ăj[j]) হাতির চোয়াল থেকে শুঁড়ের দুই পাশ দিয়ে বেরিয়ে আসা লম্বা দু'টি দাঁত; গজদন্ত। Ivory. ع. دندان দাঁত গঠনের সাদা শক্ত উপাদান। Dentin(e); ivory.

عاج تراش(অ'.-তারা'শ্/ă.-tarăš) হাতির দাঁতে নকশা অংকন বা তা থেকে বিভিন্ন জিনিস তৈরির কাজে ব্যবহৃত কুঁদযন্ত্র। Ivory-turner.

عاجز (অ'জেয্/ ăjez) অক্ষম; পঙ্গু; দুর্বল। Disabled; crippled. Unable. از بردن آن ع. بود সে এটি নিয়ে যেতে অক্ষম ছিল। He was unable to carry it. ع. شدن অক্ষম বা পঙ্গু হওয়া। To be disabled or crippled.

عاجزانه(অ'জেযা'নে/ăzezăne) অক্ষমতা সহকারে; বিনীতভাবে। Humbly.

عاجل(অ'জেল্/ ăjel) যে তাড়াহুড়া করে; তাৎক্ষণিক; শীঘ্র; জলদি; ক্ষণস্থায়ী। Immediate. Hasty. Transitory.

عاجلا(অ'জেলান্/ăjelan) তাৎক্ষণিকভাবে; অতি সত্বর। Immediately; with a view to the present.

عادات (অ'দাত্/ădăt) [عادت এর ব.ব./ pl. of عادت].

عادت (অ'দাত্/ ădat)= خو [ব.ব./pl. عادات]; অভ্যাস; রীতিনীতি; প্রথা। Habit. Custom. عادت زنانه ঋতুস্রাব। The menses. ع. دادن অভ্যস্ত করে তোলা। To accustom. To habituate. ع. شدن অভ্যাস গড়ে ওঠা। To grow into a habit. ع. كردن অভ্যস্ত হওয়া। To fall into the habit (of).. بر حسب ع. অভ্যাসবশত; নিয়ম অনুযায়ী। Habitually; as a rule. خلاف ع. নিয়মবহির্ভূত; রীতিনীতির বরখেলাফ; অভ্যাসবহির্ভূত। Unusual (thing); abnormal(ity).

عادل(অ'দেল্/ădel) ন্যায়বিচারক; নীতিবান। Just. Righteous.

عادلانه (অ'দেলা'নে/ ădelăne) ন্যায়নিষ্ঠা সহকারে; ন্যায়সঙ্গত; ইনসাফপূর্ণ। Justly. Righteously.

عادله (অ'দেলে/ădele) [عادل এর স্ত্রী./

fem. of عادل] ইনসাফপূর্ণ; যুক্তিসঙ্গত। Fair; reasonable.
قیمت ع. ন্যায্য মূল্য। Fair price.

عادةً (অ'দাতান্/ădatan) অভ্যাসগত ভাবে; অভ্যাসবশত; স্বভাবত। Habituailly.

عادی(অ'দ্দী/ăddi) ১/1) সাধারণ; নিয়মিত। Ordinary. Usual.
غیر ع. অস্বাভাবিক; অসাধারণ। Unusual. ২/2)= معتاد

عار (অ'র্/ ăr) লজ্জা; শরম; সংকোচ। Shame; disgrace.
از دروغ گفتن ع. دارم মিথ্যা বলাকে আমি অত্যন্ত ঘৃণা করি। I scorn to lie.

عارض (অ'রেয্/ărez) ১/1) আবেদনকারী; ২/2) চেহারা; গাল। Petitioner. Face; cheek. ع. شدن ১/1) আদালতে অভিযোগ করা; বিচারপ্রার্থী হওয়া। To go to law; lodge a complaint in the court. ২/2)= رخ دادن

عارضه (অ'রেযে/ăreze) দুর্ঘটনা; গুরুত্বপূর্ণ ঘটনা। Accident; event [তুল. ব.ব./ Cf. the pl. عوارض].
عارضهٔ کسالت অসুস্থতা; শরীর খারাপ হওয়া। Illness or indisposition.

عارضی (অ'রেযী/ ărezi) যা অপরিহার্য নয়; যা মূল বা স্থায়ী নয়; ঘটনাক্রমে উপস্থিত বা সংঘটিত হয়। Accidental; nonessential.

عارف (অ'রেফ্/ ăref) [ব.ব./pl.عرفاء] আধ্যাত্মিক জ্ঞানী; জ্ঞানী; আরেফ যিনি আল্লাহ্‌র প্রকৃত পরিচয় লাভ করেছেন। Gnostic; learned. Learned person.

عاری(অ'রী/ări) [برهنه] শূন্য; খালি; কোন কিছু থেকে শূন্য বা মুক্ত; নিঃস্ব; মূ. অ. নগ্ন। Devoid; destitute. Void. OS. Naked. ع. از حقیقت বাস্তবতাবর্জিত; মিথ্যা; ভিত্তিহীন। False; unfounded.

عاریت (অ'রীয়াত্/ ăriyat) = عاریه

عاریتی (অ'রীয়াতী/ ăriyati) ধারকৃত; বানোয়াট; কাল্পনিক। Borrowed. False. Fictitious.

عاریه(অ'রীয়ে/ăriye)= عاریت ঋণ; কর্জ; ধার। Loan. ع. دادن ধার দেওয়া। To loan or lend. ع. گرفتن ঋণ গ্রহণ; ধার করা। To borrow; have the loan of.

عاریه (অ'রীয়ে/ ăriye) [عاری এর স্ত্রী./ Fem. of عاری] নগ্ন। Naked.

عازم (অ'যেম্/ăzem) গমনোদ্যত; যে রওনা হয়েছে; কৃতসংকল্প। Starting; setting out; on the point of leaving. Determined.
عازم سفر شدن সফরে বহির্গত হওয়া। To start on a journey.
عازم آبادان شد সে আবাদান রওনা হয়ে গেছে। He left for Abadan.

عاشق(অ'শেগ্/ ăšeğ) [ব.ব./pl.عشاق] প্রেমিক; আসক্ত। Lover. Amorous; fond.
عاشق کسی شدن/ بکسی ع. بشدن কারো প্রেমে পড়া। To fall in love with some one.

عاشقانه(অ'শেগ্বা'নে/ăšeğăne) প্রেমাসক্তি সহকারে; প্রেমপূর্ণভাবে; প্রেমিকসুলভ। Amorous(ly). نماءع . প্রেমপত্র। Love-letter.

عاشقى (অ'শেগ্বী/ ăšeği) প্রেমাসক্তি; ভালবাসা। Being in love. [দ্র./See عشقبازى].

عاشورا (অ'শূরা'/ ăšură) মহররম মাসের ১০ তারিখ যেদিন হযরত ইমাম হুসাইন (আঃ) কারবালা প্রান্তরে শাহাদত বরণ করেন। The tenth day of the lunar month, Moharram on which the martyrdom of Imam Hossain (A.S.) took place.

عاصى (অ'সী/ăsi)= گناهكار / ياغى

عاطفه (অ'তেফে/ ătefe) [ব.ব./pl. عواطف] অনুভূতি; সহৃদয়তা; আবেগ। Feeling. Kind feeling. Sentiment.

عاطل (অ'তেল্/ ătel) অকেজো; ব্যবহারের অযোগ্য; বাজে; বেকার; অপদার্থ। Idle. Useless.

عافيت(অ'ফীয়াত/ăfiyat) সুস্বাস্থ্য; সুস্থতা। Good health. Welfare. ع . باشد আল্লাহ্ আপনাকে সুস্থ রাখুন; আপনার সুস্বাস্থ্য কামনা করছি। (God) bless you: I wish you good health.

عاق (অ'গ্ব/ ăğ) পিতামাতার অবাধ্য; পিতামাতা যাকে উত্তরাধিকার হতে বঞ্চিত করেছে। Disobedient. Disinherited.

عاقبت (অ'গ্বেবাত্/ăğebat) [ব.ব./pl. عواقب] শেষ; সমাপ্তি; পরিণতি; ভবিষ্যতকাল। End. Futurity. Consequence.

عاقبت الامر (অ'গ্বেবাতোল্ আম্‌র্/ ăğebatol amr)= سرانجام শেষ পর্যন্ত; অবশেষে। At last; in the long run.

عاقبت انديش (অ'গ্বেবাত্ আন্দীশ/ ăğebat-andiš) পরিণামদর্শী। Provident.

عاقبت انديشى(অ'.-আন্দীশী/ ă.-andiši) পরিণামদর্শিতা; ভবিষ্যত চিন্তা। Foresight. Providence.

عاقبت بخير (অ'.-বেখেইর্/ ă.-be-xeir) শুভ পরিণতির অধিকারী; কোন কাজের সফল সমাপ্তি বা জীবনের শেষ দিক শুভ হওয়া। Ending well or successfully; successful.

عاقد (অ'গ্বেদ্/ ăğed) চুক্তি সম্পাদনকারী; কাজীঃ বিবাহ নিবন্ধনকারী; যিনি বিয়ে পড়ান। Concluder (of a contract). Priest or notary marrying a couple.

عاقل (অ'গ্বেল্/ ăğel) [ব.ব./pl.عقلاء]= خردمند জ্ঞানী; জ্ঞানী ব্যক্তি; বুদ্ধিমান; বিচারবুদ্ধির অধিকারী। Wise. Wiseman.

عاقلانه(অ'গ্বেলা'নে/ăğelăne) বিজ্ঞতাপূর্ণ; বুদ্ধিমানের ন্যায়। Wisely.

عاقله (অ'গ্বেলে/ ăğele) পরিপক্ব বয়সের (স্ত্রীলোক); বয়োপ্রাপ্তা। (Of a woman) Of ripe years. Elderly. [عاقل এর স্ত্রী./ fem. of عاقل].

عاكف(অ'কেফ্/ăkef) এতেকাফকারী; সংসারের কাজকর্ম ছেড়ে নির্দিষ্ট সময়ের

জন্য মসজিদে অবস্থানকারী। Devotee praying in seclusion.

عالم (অ'লাম্/ ălam) [ব.ব./pl. عوالم]= جهان বিশ্ব; জগত। World. Universe. او در این عوالم نیست সে এই জগতে নেই (এ জগৎ নিয়ে ভাবে না); এসবের দিকে তার মন নেই। He does not think of these things.

عالم افروز (অ'লাম্ আফ্রুয্/ ălam-afruz)= عالم تاب

عالم تاب (অ'.-তা'ব্/ă.-tăb) যার দ্বারা জগত আলোকিত হয়। World-illuminating.

عالم (অ'লেম্/ ălem) [ব.ব./pl. علماء]= دانشمند আলেম; জ্ঞানী; বিশেষজ্ঞ; বিজ্ঞানী। Learned. Learned man; scholar. Scientist.

عالماً(অ'লেমা'ন্/ălemăn)=عمداً/دانسته

عالم الغیب (অ'লেমোল্ গেইব্/ ălemol-geyb) অদৃশ্য জগত সম্বন্ধে জ্ঞানী; আলেমুল গায়েব। Knowing the invisible or occult; omniscient.

عالمگیر (অ'লাম্গীর্/ălam-gir) বিশ্বজয়ী; বিশ্বজনীন। World-conquering. Universal.

عالمیان (অ'লামীয়া'ন্/ ălamiyăn) [عالمی এর ব.ব./ pl. of عالمی] জগতবাসী; বিশ্ববাসী। Inhabitants of the world.

عالی(অ'লী/ăli) উন্নত; উচ্চ; বড়; চমৎকার; খুব উঁচু মানের। High. Sublime. Grand. Excellent. [স্ত্রী. عالیه ব্যক্তিবাচক নাম হিসেবে ব্যবহৃত। Fem. عالیه used as a pr. name].

عالی جاه (অ'.-জা'হ্/ ă.-jăh)= [عالی مقام-عالی جناب] উচ্চ পদমর্যাদাসম্পন্ন; মহামান্য। High in position.

عالی رتبه (অ.-রোত্বে/ ă.-rotbe)= بالا رتبه

عام (অ'ম্[ম্]/ ăm[m]) [ব.ব./ pl. عوام] সাধারণ; সর্বসাধারণ। Common. General Public. [স্ত্রী./ Fem. عامه] কোন সাধারণ মানুষ; মামুলী ধরনের লোক। One of the common people; commoner. Layman. فوائدعامه জনকল্যাণমূলক কার্যাদি। Works of public utility.

عام المنفعه (অ'ম্মোল্ মান্ফায়ে/ ammol-manfa'e) জনহিতকর। Public utility.

عامداً (অ'মেদান্/ ămedan)= عمداً

عامل (অ'মেল্/ ămel) নিযুক্ত(ব্যক্তি); উপাদান; কর্মী; নির্বাহী। Agent. Active. Executive. Factor. তুল./Cf. عمله-عوامل عمال مدیر ع. কার্য নির্বাহী/নির্বাহী পরিচালক। Managing director.

عاملیت (অ'মেলিয়্যাত/ ămeliyyat) নৈপুণ্য; দক্ষতা; কার্যকরতা। Skill.

عامه (অ'ম্মে/ămme) ১/1) জনসাধারণ। The public. ২/2) [عام এর স্ত্রী./ fem of عام].

عامی(অ'[ম]মী/ăm[m]i)= عام অশিক্ষিত; সাধারণ লোক সম্বন্ধীয়। Illiterate. Vulgar. Popular.

عامیانه(অ'মীয়া'নে/ ămiyăne) সাধারণ লোক সম্বন্ধীয়; সাধারণ মানুষের মধ্যে প্রচলিত। Vulgar.

عانه (অ'নে/ăne)= استخوان شرمگاه

عاید (অ'য়েদ্/ ăyed) = عائد (কাউকে দেখতে) গমনকারী; প্রত্যাবর্তনকারী; অর্জিত অর্থ; মুনাফা; ফেরতপ্রাপ্ত অর্থ। Returning. (Being) earned income. ~ داشتن অর্থ বা বস্তু ফেরত দেওয়া। To pay or return. To fetch. ~ شدن অর্জিত হওয়া; মুনাফা হওয়া। To be earned. منافعی که عاید جامعه میشود যে সব সুবিধা থেকে সমাজ লাভবান হয়। Advantages accruing to society.

عایدات (অ'য়েদা'ত্/ ăyedăt) আয়-উপার্জনসমূহ। Incomes. Revenue. [عایده এর ব.ব./Pl. of عایده].

عایده (অ'য়েদে/ ăyede) [عاید এর স্ত্রী./ Fem. of عاید]

عایق (অ'য়েগ্/ ăyeğ) যন্ত্রাদি সংলগ্ন যে ছিটকিনি বা কব্জা খুলে দিলে যন্ত্র চালু হয়; ঘড়ির ঘণ্টাধ্বনি-নিয়ামক যন্ত্র বিশেষ। Insulator. Detent; click. عایق گرما তাপ অপরিবাহী পদার্থ। Non-conducting heat.

عایق دار (অ'.-দা'র্/ă.-dăr) বিদ্যুৎ অপরিবাহী চলাচল, নিবারণ ইত্যাদির উদ্দেশ্যে বা বিচ্ছিন্নকৃত ছিটকিনিযুক্ত। Insulated.

عایق کاری (অ'.-কা'রী/ ă.-kari) বিদ্যুত অপরিবাহীকরণ; পানি রোধের ব্যবস্থা করা। Lagging. Water-proofing.

عایله(অ'য়েলে/ ăyele) স্ত্রী (ও সন্তানাদি); পরিবার-পরিজন। Wife (and children); family.

عایله مند (অ'.-মান্দ/ ă.-mand)= عیال مند

عبا(ء) (আবা'[-]/ abă[']) সামনের দিক খোলা পুরুষের লম্বা জামা। Men's loose sleeveless cloak open in front.

عباد (এবা'দ্/ ebăd)= [عبد এর ব.ব./Pl. of عبد].

عباد (ওববা'দ্/ obbăd)= [عابد এর ব.ব./ pl. of عابد].

عبادت (এবা'দাত্/ebădat) ইবাদত; পূজা; উপাসনা। = بندگی/پرستش Worship. Servitude. তুল./Cf. ~ کردن ইবাদত/পূজা/উপাসনা করা। To worship.

عبادتگاه(এ.-গা'হ্/e.-găh)=پرستش گاه

عبارت (এবা'রাত্/ ebărat)= [ব.ব. /Pl. عبارات] ভাষায় প্রকাশ করা; বিরবণ; পাঠ; ধরন। Expression; phrase; language. Wording. Style. ~ بودن از (কোন কিছু) যে সবের সমন্বয়ে গঠিত সেগুলো হচ্ছে...। To consist of. بعبارت دیگر অন্য কথায়। In other words. اصلاحات عبارتی শাব্দিক বা পাঠগত সংশোধন। Amendments in wording.

عبارت پردازی(এ.-পার্দা'যী/ e.-pardăzi) কথাবার্তায় পাণ্ডিত্য দেখানো/চমক লাগানো; ভাষাশৈলী প্রদর্শন। Speaking in style; (pedantic) phraseology.

عباس(আব্বা'স্/ abbăs) পুংবাচক নাম বিশেষ। Mas. pr. name.
عبث (আবাস্/ abas) অনর্থক; অকাজের; বৃথা। Vain. Useless. In vain.
عبد (আব্দ্/ abd) [ব.ব. /Pl. عباد]= بنده বান্দা; দাস; ইবাদতকারী; উপাসনাকারী। Servant or slave. Worshipper.
عبد الله (আব্দোল্লা'হ্/ abdollăh) আবদুল্লাহ; পুংবাচক নাম বিশেষ; মৃ.অ. আল্লাহ্‌র দাস/বান্দা। Mas. pr. name. OS. Servant of God.
عبرانى (এব্‌রা'নী/ ebrăni) হিব্রু ভাষা; হিব্রু ভাষী; ইয়াহুদী। Hebrew; Hebraic.
عبرت (এব্‌রাত্/ ebrat) দৃষ্টান্ত; শিক্ষা; সতর্কবাণী। Example; lesson; warning. ع. شدن দৃষ্টান্তে পরিণত হওয়া; দৃষ্টান্ত হিসেবে কাজ করা। To serve as an example. ع. گرفتن কোন দৃষ্টান্ত/ ঘটনা থেকে শিক্ষা গ্রহণ করা। To take an example or lesson.
عبرت انگيز (এ.-আঙ্গীয্/ e.-angiz) দৃষ্টান্তমূলক; শিক্ষণীয়; বিস্ময়কর। Serving as an example. Surprising.
عبرت بين(এ.-বীন্/e.-bin) যে ব্যক্তি কোন দৃষ্টান্ত অবলোকন করে শিক্ষা গ্রহণ করে। That can see (or take) an example.
عبرة للناظرين (এব্‌রাতান্ লেন্না'যেরীন্/ ebratan lennăzerin) যা দর্শকদের জন্য শিক্ষণীয় বা অনুসরণীয় দৃষ্টান্তস্বরূপ। As a lesson for observers.
عبرى(এব্‌রী/ebri) হিব্রু (ভাষা)। Hebrew (language).
عبوديت(ওবূদিয়্যাত্/obudiyyat)=بندگى দাসত্ব; গোলামী; উপাসনা। Servitude; slavery. Devotion.
عبور (ওবূর্/ obur) পার হওয়া; অতিক্রম করা। Passing; passage; crossing. Transit. ع. دادن পার করিয়ে দেওয়া। To cause to pass. ع. كردن از (কোন কিছু) পার হওয়া; অতিক্রম করা। To pass or cross. غير قابل ع. অনতিক্রম্য; দুর্লংঘ্য; অসাধ্য। Impassable; impracticable. ع. ومرور যাতায়াত; গমনাগমন। Traffic; passage. ع. و مرور ممنوع (است) (এ পথে) গমনাগমন নিষিদ্ধ। "No throughfare". منع ع. و مرور شب রাত্রিকালীন কারফিউ; সান্ধ্য আইন। Curfew. ع. و مرور شب را آزاد كردن রাত্রিকালীন কারফিউ তুলে দেওয়া। To lift the curfew.
عبوراً (ওবূরান্/ oburan) পার হতে গিয়ে; অতিক্রমরত অবস্থায়। In passing; in trinsit.
عبوس (আবূস্/ abus) ভয়ানক; কদাকার (চেহারার)। Stern. Grim (-faced).
عبيد (আবীদ্/ abid) [عبد এর ব.ব./ pl. of عبد].
عبيد(ওবেইদ্/obeyd) পুংবাচক নাম বিশেষ; মৃ. অ. ছোট্ট দাস। Mas. pr. name. OS. Little servant.

عبیر(আবীর্/ abir) মিশ্রিত সুগন্ধি। Compound perfume.

عتاب (এতা'ব্/etăb) তিরস্কার। Reproof. ع. کردن তিরস্কার করা; কারো ওপর ক্রুদ্ধ হওয়া। To reprove. To be angry (with).

عتبه (আতাবে/ atabe) [ব.ব. /Pl.عتبات] চৌকাঠের তলার কাঠ; সিঁড়ি; রাজদরবার; দরগাহ্। Threshold. Round; step. Royal court. عتبات عالیات পবিত্র স্থান/ মাযারসমূহ। The Holy Shrines.

عتیق (আতীগ্ব/ atiğ) পুরনো; প্রাচীন। Old; antiquated. [তুল./ Cf. کهنه/کهن]. عهد عتیق ১/1) বাইবেলের পুরাতন বিধান। The old Testament. ২/2) প্রাচীনকাল; দূর অতীতকাল। The old or ancient days.

عتیقه(আতীগ্বে/atiğe) [ব.ব./Pl. عتیقات] পুরাতাত্ত্বিক নিদর্শন; পবিত্র স্মৃতিচিহ্ন। Antique; relic. Old or antique. [عتیق এর স্ত্রী./ Fem. of عتیق]. اشیای ع. পুরাতাত্ত্বিক নিদর্শনাদি। Antiquities. Antiques.

عثمان(ওস্‌মা'ন্/osmăn) ওসমান; পুংবাচক নাম। Mas. pr. name.

عثمانی (ওস্‌মা'নী/ osmăni) ওসমানী (সাম্রাজ্য/বংশ)। Ottoman. Turkish.

عجاله (এজা'লা/ ejăla) তাড়াহুড়ায় তৈরী জিনিষ বা খাবার। Thing hastily done or food hastily prepared. علی العجاله আপাতত। For the time being.

عجالةً(আজা'লাতান্/ajălatan) উপস্থিত ক্ষেত্রে; এ মুহূর্তে; আপাতত। For the present. For the time being.

عجان (এজা'ন্/ ejăn) শরীরের নিম্নাংশের অস্থিবেষ্টিত অংশ যার মাঝে মলদ্বার ও গুপ্তাঙ্গের অবস্থিতি। Perineum.

عجانی(এজা'নী/ejăni) মলদ্বার ও গুপ্তাঙ্গসহ শরীরের নিম্নাংশের অস্থি পরিবেষ্টিত অংশ সংক্রান্ত। Perineal.

عجایب (আজা'য়েব্/ ajăyeb) [عجیبه এর ব.ব./ pl. of عجیبه].

عجب(আজাব্/ajab) ১/1) আশ্চর্য; বিস্ময়কর। Wonder. ২/2) কি আশ্চর্য! Strange! ع. است অত্যন্ত আশ্চর্যজনক; আশ্চর্য! It is surprising. ع. داشتن বিস্মিত হওয়া। To be surprised.

عجب (ওজ্‌ব্/ojb)= خودبینی

عجز (আজ্‌য্/ ajz) অক্ষমতা; দুর্বলতা; ব্যর্থতা। Inability; impotence; weakness. Helplessness. از انجام کاری ع. داشتن কোন কাজ করতে অক্ষম হওয়া। To be unable to do a thing.

عجز (আজোয্/ ajoz) দেহের নিম্নাঙ্গের অপরিহার্য অংশ; উরু; শ্রেণী, নিজস্ব কবিতার চরণ বা পংক্তির শেষ শব্দ। Hinder part of the body. Buttocks. Last word of a verse. استخوان ع. নিতম্বের ত্রিকোণাকার অস্থি; ত্রিকাস্থি। Sacrum.

عجله(আজালে/ajale)= شتاب তাড়াহুড়া; জলদি করা। Hurry; hasty. ع. کردن তাড়াহুড়া করা। To make

hurry; hurry up. ع. دارم আমার তাড়া আছে। I am in a hurry for it. بعجله / باعجله তাড়াতাড়ি; অতি সত্বর। Hurriedly; hastily.

عجم (আজাম্/ ajam) অনারব। Non-Arabs.

عجمی (আজামী/ajami) অনারব; আরবের বাইরের; অনারব সংক্রান্ত; কথা বলতে অক্ষম; ইরানী। Foreign (to the Arabs). Non-Arab. Iranian.

عجوز (আজূয্/ ajuz)= عجوزه বৃদ্ধা; বিগতযৌবনা। Old woman. Crony.

عجوزه (আজূযে/ajuze)= عجوز

عجول(আজূল্/ajul) যে সব কাজে তড়িঘড়ি করে; হঠকারী। Hasty. Rash.

عجیب(আজীব্/ajib) আশ্চর্যজনক; বিস্ময়কর। Wonderful; strange. [স্ত্রী./Fem. عجیبه].

عجیب الخلقه (আজীবোল্ খেল্ক্বে/ ajibol-xelğe) বিস্ময়কর সৃষ্টি; কিম্ভূতকিমাকার; অদ্ভুত অবয়বসম্পন্ন। Monstrous; of a queer formation.

عجین (আজীন্/ajin)= سرشته

عداد(এদা'দ্/edăd)= شمار গণনা; শ্রেণী; বিভাগ। Number. Class; category.

عدالت (আদা'লাত্/adălat) ন্যায়বিচার; ইনসাফ; ন্যায়নীতিবান হওয়া; ন্যায়নিষ্ঠা। Justice. Righteousness.

عداوت (আদা'ভাত্/adăvat)= دشمنی দুশমনী; শত্রুতা। Enmity. باکسی ع. داشتن কারো সাথে শত্রুতা থাকা; কারো প্রতি শত্রুতা পোষণ করা। To be an enemy of some one; bear him a grudge. ع. ورزیدن (কারো সাথে) শত্রুতামূলক আচরণ করা। To act like an enemy.

عدد (আদাদ্/ adad) [ব.ব. /Pl.اعداد] সংখ্যা; নম্বর। Number. Figure. Piece; No. ۳ عدد سیب তিনটি আপেল। Three apples.

عددکوب (আ.-কূব্/ a.-kub) সংখ্যা মুদ্রণের জন্য ব্যবহৃত যন্ত্র। Figure-punch.

عددنویسی (আ.-নেভীসী/ a.-nevisi) সংখ্যা, পরিমাণ, সুর ইত্যাদির প্রতিনিধিত্বমূলক সংকেত বা প্রতীক ব্যবহারের পদ্ধতি; স্বরলিপি। Notation.

عددی (আদাদী/ adadi) ১/1) যা একটি একটি গণনা করে বিক্রি করা হয়। Sold by the piece. ২/2)= رقمی

عدَس (আদাস্/adas) মসুর ডাল; মসুর ডালের গাছ। Lentil.

عدسک(আদাসাক্/adasak) গাছের কাণ্ডের ওপর মসুর ডালের আকারে যে ছোট ফুসকুড়ি ওঠে। Lenticel.

عدسی (আদাসী/adasi) মসুর ডালের ন্যায়; মসুর ডাল সম্বন্ধীয়। Lentiform. شیشهٔ ع. লেন্স। Lens.

عدل (আদ্ল্/ adl) ইনসাফ; ন্যায় বিচার। Justice.

عدل (এদ্ল্/edl) বেল (ওজন); গাঁট; গাদি ইত্যাদি বোঝার অর্ধেক। Bale. Half a load.

عدل بندی(এ.-বান্দী/ e.-bandi) বোঝা বাঁধা; প্যাকিং করা; বেল আকারে বাঁধা। Packing; baling.

عدل پرور(আদ্‌ল্‌ পার্‌ভার্‌/adl-parvar) ন্যায়পরায়ণ; ন্যায়নিষ্ঠ। Who fosters justice; just.

عدليه (আদ্‌লিয়্যে/ adliyye) [دادگستری শব্দের প্রাচীন প্রতিশব্দ। Old word for دادگستری].

عدم (আদাম্‌/adam) [نیستی] অনস্তিত্ব; অনুপস্থিতি; না থাকা; অভাব। Non-existence. Lack; absence; want. عدم رعایت মেনে না চলা। Non-observance.

عدم النفع(আদামোন্নাফ্‌-/ adamon-naf') অলাভজনক। Loss of prospective profits.

عدن (আদ্‌ন্‌/ adn) চিরন্তন/স্থায়ী বসবাসের স্থান; বেহেশত। Eden.

عدن (আদান্‌/adan) এডেন। Aden.

عدو (আদ্‌/adov) [ব.ব./Pl. اعداء]= دشمن

عدوانی (ওদ্‌ভা'নী/ odvăni) জুলুম/ আগ্রাসন/ জবরদস্তিমূলক। Unjust. Forcible. تصرف ع. জবর দখল। Forcible (entry and) detainer.

عدول (ওদূল্‌/ odul) বিচ্যুতি; স্বাভাবিক পথ থেকে সরে আসা; ডিগবাজি। Deviation. از قول خود ع. کردن কথা দিয়ে কথা না রাখা। To go back on one's word.

عده (এদ্দে/ edde) [شماره] ১/1) সংখ্যা। Number. ২/2) সম্পর্কচ্ছেদ। Detachment. ৩/3) বিধবা বা তালাকপ্রাপ্তা নারীর নির্দিষ্ট সময়ে ইদ্দত পালন যে সময়ে পরবর্তী বিবাহ অবৈধ। Period during which a divorced or widowed woman may not be married to another man.

عديد (আদীদ/adid) [স্ত্রী./fem. عدیده] কতিপয়; বহু সংখ্যক। Numerous.

عديل(আদীল্‌/adil) সমকক্ষ; সমান মাপের; সমান যোগ্যতাসম্পন্ন; সমান্তরাল; সমমূল্যের। Peer; equal; Equivalent.

عديم المثال (আদীমোল্‌ মেসা'ল্‌/ adimol-mesăl)= عدیم النظیر

عديم النظير (আদীমোন্নাযীর্‌/ adimon-nazir)= بی مانند সমকক্ষহীন; তুলনাবিহীন। Peerless; incomparable.

عذاب(আযা'ব্‌/azăb) শাস্তি; আজাব; নির্যাতন। Torture. Punishment. ১/1) ع. دادن (به) কাউকে কষ্ট দেওয়া। To trouble; give trouble. ২/2) [প্রায়শ ع. کردن বলা হয়/More often ع. کردن] নির্যাতন করা বা শাস্তি দেওয়া। To torture or punish.

عذار(এযা'র্‌/ezăr) গাল; চেহারা। Cheek; face.

عذر (ওয্‌র্‌/ozr) ওজর; কৈফিয়ত; আপত্তি; ক্ষমা চাওয়া; অজুহাত। Excuse. [তুল./Cf. پوزش].ع. آوردن কৈফিয়ত পেশ করা; অজুহাত পেশ করা। To offer an excuse. ع. خواستن ক্ষমা চাওয়া; দুঃখ প্রকাশ করা। To apologize; excuse oneself. عذر کسی را خواستن কাউকে চাকরি থেকে বরখাস্ত করা। To dismiss some one from service.

عذرا (ء)(আযরা'/ azră) স্ত্রীবাচক নাম বিশেষ; মূ. অ. যৌন মিলনের অভিজ্ঞতা

হয়নি এমন নারী। Fem. pr. name. OS. Virgin.

عذرخواهی (ওয্‌র্ খা'হী/ ozr- xăhi) ক্ষমা চাওয়া; দুঃখ প্রকাশ। Apologizing; apology.

عرابه (আর্‌রা'বে/ arrăbe)= ارابه দুই চাকার ঘোড়ার গাড়ী। Cart.

عراده (আর্‌রা'দে/ arrăde) প্রস্তর নিক্ষেপ যন্ত্র যা প্রাচীনকালে যুদ্ধে ব্যবহৃত হত। (Gun-) carriage. سه ع . توپ তিনটি কামান। Three guns.

عرایض (আরা'য়েয্/ arăyez) [عریضهএর ব.ব./ pl. of عریضه].

عرب (আরাব্/ arab) আরবের অধিবাসী। Arab(ian).

عربده (আর্‌বাদে/ arbade) মাতালের ঝগড়া বা হৈ চৈ। Drunken brawl. ع . کشیدن/ع . کردن মাদকাসক্তির কারণে মাতলামি/ হৈ চৈ করা। To brawl from drunkenness; raise an uproar.

عربده جو (আ.-জূ/ a.-ju) ঝগড়াটে। Quarrelsome.

عربستان (আরাবেস্তা'ন্/ arabestăn) আরব দেশ। Arabia.

عربی (আরাবী/ arabi) ১/1) আরবীয়; আরব দেশীয়। Arabic. Arabian. ২/2) আরবী ভাষা। The Arabic language. اسب ع . আরবী ঘোড়া। Arab (horse). یخه ع . (জামার) খাড়া কলার; হাই (আরবী) কলার। Stand-up collar.

عربیت(আরাবীয়্যাত্/arabiyyat) আরবত্ব; আরবী ভাষার সাহিত্য ও সংস্কৃতি। Arabic literature.

عرش(আর্‌শ্/arš) [تخت](খোদার) আরশ; মূ. অ. সিংহাসন। The empyrean. OS. Throne.

عرشه (আর্‌শে/ arše) [عرشهٔ کشتی] (জাহাজের) ডেক। Deck.

عرصات(আরাসা'ত্/arasăt) ময়দান/ আঙ্গিনা/প্রান্তরসমূহ; শেষ বিচারের মাঠ। Open space where the last judgment is carried on. [তুল. এ.ব./Cf the s. عرصه].

عرصه(আর্‌সে/arse) [ব.ব./pl. عرصات] উন্মুক্ত অঙ্গন; স্কোয়ার; ক্ষেত্র; মাঠ; ময়দান। Open space; square; arena. عرصهٔ شطرنج দাবা খেলার ছক কাটা বোর্ড। Chessboard.

عرض (আর্‌য্/arz) [پهنا] ১/1) প্রস্থ; প্রশস্ততা; চওড়া। Width; breadth. بعرض دو متر দুই মিটার প্রশস্ত। 2 metres wide. در عرض মেয়াদের মধ্যে; ...এর মধ্যে। During; within; in the course of. ২/2) অক্ষাংশ; বিষুব রেখা থেকে উত্তর বা দক্ষিণে কৌণিক দূরত্ব। Latitude. [درجهٔ ع . ও বলা হয়/ also. درجهٔ ع .] ৩/3) জ্যা; রেখাংশ; ভুজ। Geom. Abscissa.

عرض(আরয্/arz) উপস্থাপন; আর্জি; পেশ করা; দরখাস্ত; অপেক্ষাকৃত বড় কারো কাছে কোন বিষয় উত্থাপন করা। Presentation. Remark [by an inferior to a superior.] Petition. ع . کردن আরজ করা; উপস্থাপন করা; পেশ করা; প্রদর্শন করা। To say. To submit. To present; exhibit. چه ع . کنم আমি কি বলব ['আমি জানি

না' অর্থে]। What shall I say? [meaning "I do not know"].
بعرض رساندن (উর্ধ্বতন কর্তৃপক্ষকে) অবগত/ গোচরীভূত করা। To have the honour to submit or communicate (to a higher authority).

عرض (আরায্/ araz) [ব.ব./ pl.اعراض] সংঘটিত হওয়া; ঘটা। Accident.
عرض (এর্য্/ erz)= آبرو মর্যাদা; সম্মান। Reputation; honour.
عرض خود را بردن নিজেই নিজের সম্মানহানি করা। To damage one's reputation.
عرضاً(আর্যান্/arzan) প্রশস্ততায়; চওড়ায়; আড়াআড়িভাবে। In width; breadth-wise. Transversally.
عرضحال (আরযেহা'ল্/ arzehal)= دادخواست
عرضه (আর্যে/ arze) পেশ; উপস্থাপন; প্রদর্শন; প্রস্তাব। Presentation. Proposal. ع. وتقاضا সরবরাহ ও চাহিদা। Offer and demand.
ع. داشتن উপস্থাপন; পেশ করা; প্রস্তাব করা। To present; offer for view. To propose.
عُرضه(ওর্যে/orze) যোগ্যতা; হিম্মত; শক্তি; সামর্থ্য। Capability; efficiency.
عرضی(আর্যী/arzi) প্রস্থবিশিষ্ট; আড়াআড়ি। Transversal.
عرضی (আরাযী/ arazi) ঘটনাক্রমে উদ্ভূত; আপতিত; আকস্মিক। Accidental.
عرعر (আর্আর্/ ar-ar) এক ধরনের গাছ। Juniper-tree.
عرعر (আর্আর্/ar-ar) (গর্দভের) কর্কশ চিৎকার করা; গাধার ডাক। Braying; heehaw. ع. کردن বিরক্তিকর কর্কশ শব্দ করা; গাধা ডাকা। To bray.
عرف (ওরফ্/ orf) সাধারণ আইন; প্রচলিত নিয়ম; প্রচলিত ভাষা বা কথা বলার ধরন। Common law; usage. Common language or parlance.
عرفاً (ওর্ফান্/ orfan) প্রচলিত নিয়ম বা বিধান অনুসারে; সাধারণভাবে। According to common law; commonly.
عرفاء (ওরাফা'-/orafā') [عارف এর ব.ব./ pl. of عارف].
عرفان(এর্ফা'ন্/erfăn) অধ্যাত্মবাদ; আধ্যাত্মিক জ্ঞান; আল্লাহ্ সম্বন্ধীয় অকাট্য জ্ঞান। Knowledge. Gnosticism.
عرفانی(এর্ফা'নী/erfăni) আধ্যাত্মিকতা ভিত্তিক; আধ্যাত্মিক। Based on gnosticism; gnostic.
عرفه (আরাফে/ arafe) হজ্বে কোরবানীর পূর্বের দিন/আরাফাতে অবস্থানের দিন। Day before the festival of sacrifices.
عرق (আরাগ্ব/arağ) [خوی] ঘাম; আরক। Perspiration; sweat. Arrack.
ع. کردن ঘাম দেওয়া। To perspire.
عرق (এর্গ্ব/erğ) [ব.ব./pl. عروق] রক্তবাহীনালী; শিরা; ধমনী। Blood-vessel.
عرق النساء(এর্গোন্নেসা'-/erğon-nesă) কোমর থেকে হাঁটু পর্যন্ত পৌঁছে এমন স্নায়বিক রোগ; কটিবাত। Sciatic nerve. Med. Sciatica.
عرق آور(আরাগ্ব অ'ভার্/arağ- ăvar) ঘাম সৃষ্টিকারী; শরীরে ঘাম সৃষ্টির জন্য

বিশেষভাবে তৈরী গরম বাতাসের কক্ষ; ঘাম উৎপাদনকারী ওষুধ। Sudatory.

عرقچین (আ.-চীন্/ a.-čin) মাথায় লেগে থাকা পাতলা টুপি। Skull-cap.

عرق سوز (আ.-সূয্/ a.-suz) অত্যধিক ঘাম বা গরম থেকে শরীরে সৃষ্ট জ্বালা; ঘামাচি। Heat-rash.

عرق کش(আ.-কেশ্/a.-keš) চোলাইকারী। Distiller.

عرق کشی (আ.-কেশী/ a.-keši) পাতনের সাহায্যে তরল পদার্থ শোধন করা; চোলাই করা। Distillation. کار خانه ع. চোলাই করার কারখানা। Distillery.

عرق گز (আ.-গায্/ a.-gaz) অতিরিক্ত গরমের ফলে সৃষ্ট ফুসকুড়ি। Pimples caused by overheating.

عرق گیر (আ.-গীর/a.-gir) যে ফল থেকে আরক তৈরি করে; বহিরাবরণকে ঘাম থেকে রক্ষার জন্য পরিধেয় অন্তর্বাস। Numnah or namda; pad; saddle-cloth.

عرقوبی (ওর্গূবী/ orğubi) ভুয়া; মিথ্যা। False.

عَرقی (আরাঘী/araği) ঘাম সম্বন্ধীয়; লালাগ্রন্থি; ঘর্মগ্রন্থি। Perspiratory. Sweat-gland.

عروج (ওরূজ/oruj) আরোহণ; উত্থান; ঊর্ধ্বগমন। Ascension. ع. کردن ঊর্ধ্বে আরোহণ করা। To ascend.

عروس (আরূস্/ arus) কনে; নতুন বধু; পুত্রবধু। Bride. Daughter-in-law.

عروسک (আরূসাক্/ arusak) পুতুল। Doll. عروسک پس پرده ঔষধি উদ্ভিদ বিশেষ। Alkekenji)

عروسک بازی(আ.-বা'যী/ a.-bazi) পুতুল নিয়ে খেলা করা; শিশুসুলভ কাজ। Playing with dolls. Childish act.

عروسی(আরূসী/arusi) বিবাহ; বিবাহ-উৎসব। Marriage; wedding. باکسی ع. کردن কারো সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া। To marry some one.

عروض(আরূয্/aruz) ছন্দশাস্ত্র; ছন্দ; মাত্রা। Prosody. Metre.

عروضی (আরূযী/aruzi) ছন্দশাস্ত্র; সম্বন্ধীয়; ছন্দশাস্ত্রজ্ঞ। Prosodic(al). Prosodist.

عروق (ওরূঘ্/orůğ) [عرق এর ব.ব./pl. of عرق].

عروه (ওর্ভে/orve) বলয়; হাতল; যে বস্তুর ওপর আশা বা নির্ভর করা যায়। Ansa.

عروه الوثقی (ওর্ভাতোল্ ভোস্ঘা'/ orvatol-vosğă) মজবুত হাতল বা অবলম্বন; সত্যিকার ঈমান। Firm handle or support. True faith.

عریان (ওরইয়া'ন্/ oryăn)= برهنه উলঙ্গ; খালি; রিক্ত; অমসৃণ। Naked. Bare. Unvarnished.

عریانی (ওরইয়া'নী/ oryăni)= برهنگی

عریض (আরীয্/ ariz) প্রশস্ত; বিস্তৃত; ব্যাপক। Wide; broad. Extensive. ع. کردن বিস্তৃত করা; প্রশস্ত করা। To widen.

عریضه(অরীযে/arize) [ব.ব./pl. عرایض] দরখাস্ত। Petition. عریضه نگاری দরখাস্ত বা চিঠি লেখার কাজ। Writing letter or petition.

عز(এয্য্/ezz) মর্যাদা; যশ; ক্ষমতা। Honour; glory; power.

عزا (আযা'/ ază) শোক। Mourning. لباس ع. پوشیدن শোকের পরিচয়বাহী (কালো) পোষাক-পরিধান। To wear mourning. ع. گرفتن শোক পালন করা। To mourn.

عزادار (আ.-দা'র্/a.-dăr) শোকাবহ; যে ব্যক্তি শোক পালন করছে; শোকার্ত। In mourning; mournful. Mourner.

عزاداری (আ.-দা'রী/a.-dări)= سوگواری کردن = ع. کردن – سوگواری

عزازیل (আযা'যীল্/ azăzil) বিতাড়িত শয়তানের নাম। Name of a fallen angel.

عزایم (আযা'য়েম্/ azăyem) ভূত-প্রেত তাড়ানোর জন্য পঠিত দোয়া বা মন্ত্র। Verses designed to conjure away evil spirits.

عزب (আযাব্/azab) [ব.ব./pl. عزّاب] অবিবাহিত পুরুষ; আপনজনহীন; নিঃসঙ্গ নারী বা পুরুষ। Bachelor; unmarried person. Unmarried; single.

عزّت (এয্যাত্/ezzat) মর্যাদা; সম্মান; যশ। Honour; glory. عزت نفس আত্মসম্মান। Self-respect. ع. دادن/ع. نهادن কাউকে সম্মান দেখানো। To honour or respect.

عزت الله (এয্যাতোল্লা'হ্/ ezzatollăh) পুংবাচক নাম; মূ. অ. আল্লাহ্‌র ইজ্জত (মহিমান্বিত অবস্থা)। Mas. pr. name. OS. glory of God.

عزرائیل (এয্রা'ঈল্/ ezră'il) আজরাঈল (আঃ) [ফেরেশতা]; যমদূত। Azrael (A.S.).

عزل (আয্‌ল্/azl) পদচ্যুতি; ক্ষমতা/পদ/ দায়িত্ব থেকে অপসারণ। Deposal; removal from office. ع. کردن পদচ্যুত করা; বরখাস্ত করা; অপসারণ করা। To depose; discharge. غیر قابل ع. সরানো বা হটানো যাবে না এমন। Irremovable.

عزلت (ওয্‌লাৎ/ozlat) জনবিচ্ছিন্ন/ সমাজ বিচ্ছিন্ন জীবন যাপন; নির্জন বাস। Retirement; seclusion. ع. اختیار کردن নির্জনবাস অবলম্বন করা। To retire or seclude oneself.

عزم(আয্‌ম্/azm) মনস্থির করা; দৃঢ় সিদ্ধান্ত; দৃঢ় সংকল্প। Resolution; firm purpose. Intention. ع. کردن সিদ্ধান্ত নেওয়া; সংকল্প করা। To resolve; determine. To intend. عزم سفر کردن সফর শুরু করা; সফরে বহির্গত হওয়া। To start on a journey; set about for a journey.

عزوبت (ওযূবাত্/ ozubat) অবিবাহিত অবস্থা; একাকিত্ব; নিঃসঙ্গতা; স্বামী বা স্ত্রীহীনতা। Celibacy.

عزوجل(আয্‌যা ভা জাল্[ল]/ azza-va-jal[l]) সম্মানিত ও মহিমান্বিত হোন [বিচক্ষণ হিসেবে ব্যবহৃত। যেমনঃ خدای ع. এর ক্ষেত্রে মহিমান্বিত আল্লাহ্]। May...be honoured and glorified. [Used as an adjective Example. خدای ع. The Glorious God].

عزیز (আযীয্// aziz) [گرامی] প্রিয়; সম্মানার্হ; শক্তিশালী; প্রিয়তম। Dear. Honoured. Powerful. Darling. عزیزم প্রিয়তম আমার! My dear one; darling. ع . داشتن (কাউকে) সম্মান করা/ ভালবাসা/ স্নেহ করা। To endear or esteem. To take tender care of.

عزیز الله (আযীযোল্লা'হ্/ azizollăh) পুংবাচক নাম; মূ. অ. আল্লাহ্‌র প্রিয় (বান্দা)। Mas. pr. name. OS. God's dear one.

عزیز در دانه (আযীয্ দোর্‌দা'নে/ aziz-dor-dăne) অতি আদরে নষ্ট হয়ে যাওয়া সন্তান। (Spoiled) darling: unique child (who has been spoiled). [দ্র./ S.u. دردانه].

عزیز کرده (আযীয্ কার্দে/ aziz- karde) প্রিয়; পছন্দনীয়। Darling; favourite.

عزیزه (আযীযে/azize) ১/1)= عزیز এর স্ত্রী./ Fem of عزیز ২/2) স্ত্রী বাচক নাম/ Fem. pr. name.

عزیمت (আযীমাত্/azimat) প্রস্থান; গমন; (দৃঢ়) সংকল্প; উদ্যোগ; অসুস্থের জন্য দোয়া করা। Starting; leaving. (Firm) resolution. Incantation; prayer for the sick. ع . کردن যাত্রা শুরু করা; প্রস্থান করা। To start; leave.

عساکر (আসা'কের্/asăker) [عسکر এর ব.ব./pl. of عسکر].

عسرت (ওস্‌রাত্/osrat)=سختی কাঠিন্য। Hardship.

عسس(ওসাস্/ osas) = شحنه/ گزمه

عسکر (আস্‌কার্/ askar) [عساکر]= لشکر

عسل (আসাল্/asal)= মধু। Honey. زنبور ع . মৌমাছি। Bee; honey-bee.

عسلک (আসালাক্/asalak) মধুর ফোঁটা। Honey-dew.

عسلی (আসালী/ asali) ১/1) মধুর ন্যায়; মধুর তৈরী; মধুর; হলদে; পীতবর্ণ। Honey- like. Honeyed. Yellow. ২/2) ছোট টেবিল; (পা রাখার জন্য) ছোট নিচু চৌকি। Small tea-table. (Foot) stool.

عشاء (এশা/ eša') ১/1)= شام/ غروب ২/2) এশা'র নামায। Evening-prayer.

عشاق (ওশশা'গ্ব/ oššăğ) [عاشق এর ব.ব./ pl. of عاشق].

عشایر (আশা'য়ের্/ ašăyer) [عشیره এর ব.ব./ pl. of عشیره] উপজাতি। Tribes.

عشبه (ওশ্‌বে/ošbe) সারসা পেরিলাঃ ওষধি উদ্ভিদ বিশেষ যা থেকে রক্ত পরিষ্কারক ও চর্মরোগ নিরাময়কারী ওষুধ তৈরি হয়। Sarsaparilla.

عشر(ওশ্‌র্/ošr) [ব.ব./pl.عشور]=ده یک দশমাংশ। Tenth.

عشرات (আশারা'ত্/ašarăt) [عشره এর ব.ব./pl. of عشره].

عشرت(এশ্‌রাত্/ešrat) আনন্দ; আনন্দোৎসব। Pleasure; feasting. ع . کردن আনন্দ-উল্লাসে জীবন কাটানো; তৃপ্তি সহকারে উপভোগ করা। To live in pleasure.

عشره(আশারে/ašare) [ব.ব./pl. عشرات] দশ(টি)= ده (گانه)

عشریه (ওশ্‌রীয়্যে/ ošriyye) ওশর; ধর্মীয় নির্দেশ অনুযায়ী জমিতে উৎপন্ন ফসলের এক-দশমাংশ যা দরিদ্রদের দেওয়া হয়। Tithe; ten per cent dues.

عشق (এশ্‌গ্‌/ešğ) প্রেম; ভালবাসা। Love. ع. ورزیدن প্রেম করা; ভালবাসা/ মহব্বত পোষণ করা। To make love.

عشق انگیز (এ.-আঙ্গীয্‌/ e.-angiz) প্রেমোদ্দীপক। Exciting love.

عشقبازی (এ.-বা'যী/ e.-băzi) প্রেম প্রেম খেলা; প্রেম করে বেড়ানো; প্রণয়পূর্ণ আরচণ। Love-affair; love-intrigue. Gallantry.

عشق ورزی (এ.-ভার্যী/ e.-varzi) প্রেম করা; প্রেমাসক্তি। Love-making.

عشقه (আশাগে/ ašağe) পুষ্পলতা বিশেষ। Bindweed.

عشور (আশূর্‌/ ašur) [عشر এর ব.ব./ pl. of عشر].

عشوه (এশ্‌ভে/ešve) ছিনালিপনা; প্রণয়ঘটিত মান-অভিমান; অভিসার। Coquetry; amorous gest.

عشوه گر (এ.-গার্‌/e.-gar) যে প্রণয়ঘটিত মান-অভিমান দেখায়; অভিসারী/ অভিসারিণী। Coquettish.

عشوه گری(এ.-গারী/e.-gari) ছিনালিপনা। Coquettishness.

عشیره (আশীরে/ašire) [দ্র./S.u. عشایر].

عشیق (আশীগ্‌/ ašiğ)= معشوق عاشق

عصا (আসা'/ asă) লাঠি। Cane. Stick. عصای زیر بغل ক্রাচ। Crutch(es). عصای سلطانی রাজদণ্ড। Sceptre.

عصابه(আসা'বে/ asăbe) [عمامه] শির-বন্ধনী; পট্টি; পাগড়ি। Headband. Bandage. Turban.

عصار (আস্‌সার্‌/assăr) যে তেলবীজ থেকে তেল উৎপাদন করে; কলু। Oil-presser.

عصاره (ওসা'রে/osăre) নির্যাস; সারবস্তু; রস; পুকুর বা নদীর তলার পিচ্ছিল কাদা। Extract; expressed juice. Ooze.

عصاری (আস্‌সা'রী/assări) তেলবীজ থেকে তেল উৎপাদন; কলুগিরি; তেল-ঘানির দোকান। Oil-pressing. ع. دستگاه ঘানি। Oil-press.

عصاکش (আসা'কেশ্‌/ asăkeš) যে কোন অন্ধ লোককে হাত ধরে নিয়ে যায়; গাইড। Leader of a blind man; guide.

عصب (আসাব্‌/asab) [ব.ব./pl.اعصاب] স্নায়ু। Nerve. درد اعصاب মুখ ও মাথার স্নায়ুশূল। Neuralgia. سلسلهٔ اعصاب স্নায়ুতন্ত্র। Nervous system. ورم اعصاب স্নায়ু প্রদাহ। Neuritis.

عصبانی (আসাবা'নী/asabăni) উত্তেজিত; ক্রুদ্ধ; রগচটা; যে সহজেই উত্তেজিত বা ক্রুদ্ধ হয়। High(ly)-strung; easily excited; excitable. Nervous. ع. شدن উত্তেজিত/ক্রুদ্ধ হওয়া। To get excited or highly strung; fly into a rage. ع. کردن উত্তেজিত করা; রাগিয়ে দেওয়া। To make nervous or mad.

عصبانیت(আসাবা'নিয়্যাৎ/asabăniyyat) ক্রুদ্ধ অবস্থা; ক্রুদ্ধ হওয়া; ক্রোধোন্মত্ততা। Nervousness. Fury.

عصبی(আসাবী/ asabi) কারো বা কোন কিছুর অন্ধ সমর্থক যা তাকে প্রতিপক্ষের বিরুদ্ধে ক্ষিপ্ত করে তোলে; রগচটা; স্নায়ু বৈকল্যের অধিকারী। Nervous.

عصبیت (আসাবিয়াত্/ asabiyyat) দলীয় বা সাম্প্রদায়িক পক্ষপাতিত্ব। Party-spirit.

عصر (আস্‌র্/asr) [ব.ব./pl. اعصار] বিকালবেলা; আসরের সময়; কাল/ যুগ। (Late) affernoon. Epoch; age. عصر تازه ای در تاریخ باز کرد ইতিহাসে এক নবযুগের সূচনা করেছে। It made an epoch. امروز عصر আজ বিকাল। This afternoon.

عصرانه (আস্‌রা'নে/ asrăne) বৈকালিক হাল্কা খাবার। Afternoon tea; five o'clock tea.

عصعص (ওস্‌ওস্/os'os) মেরুদণ্ডের নিচের অংশের হাড়; লেজবিশিষ্ট প্রাণীর লেজের গোড়ার হাড়। Coccyx.

عصمت (এস্‌মাত্/ esmat) পাপশূন্যতা; সতীত্ব; স্ত্রীবাচক নাম। Chastity. Fem. pr. name. هتک ع. সতীত্বহানি; ধর্ষণ। Rape.

عصیان (এসইয়া'ন্/ esyăn) পাপ; বিদ্রোহ; অবাধ্যতা। Sin. Rebellion. ع. ورزیدن পাপ করা; অবাধ্য হওয়া; নাফরমানি করা। To sin. To rebel.

عصیر (আসীর্/ asir) (চাপ দিয়ে নির্গত করা) তরল পদার্থ/ রস। [Expressed] juice. [তুল./ Cf. شیره] عصیر معده পাচক রস। Gastric juice.

عضاده(এযা'দে/ezăde) মানমন্দিরে ব্যবহৃত কোণ মাপার যন্ত্র। Alidade.

عضد(আযোদ্/ azod) বাহু সাহায্যকারী; সহায়ক। Aid; support. দ্র./S.u.= بازو

عضلات (আযোলা'ৎ/azoalăt) [عضله এর ব.ব./ pl. of عضله].

عضلانی (আযোলা'নী/azolăni) পেশী সম্বন্ধীয়; পেশীবহুল। Muscular.

عضله (আযোলে/azole) [ব.ব./pl. عضلات]= ماهیچه পেশী; মাংসপেশী। Muscle. آماس ع. মাংসপেশীর প্রদাহ। Myositis. انقباض ع. পেশী সঙ্কোচন। Myonicity. درد ع. পেশীর বেদনা। Myalgia.

عضو(ওয্‌ভ্/ozv) [ব.ব./pl. اعضاء] সদস্য; দেহের অঙ্গ-প্রত্যঙ্গ। Member; limb. Organ. کشورهای ع. সদস্য দেশসমূহ। Member countries. عضو انجمنی شدن কোন সমিতির সদস্য হওয়া। To join a society (as member).

عضویت(ওয্‌ভিয়্যাত্/ozviyyat) সদস্যপদ। Membership.

عطاء (আতা'-/ată') [بخشیدن] দান; অনুদান; উপহার। Grant; gift. ع. کردن দান করা। To bestow; give.

عطاء الله (আতা'ওল্লা'হ্/atăollăh) পুংবাচক নাম; মূ. অ. আল্লাহ্‌র দান। Mas. pr. name. OS. Gift of God.

عطا بخش (আতা'বাখ্‌শ্/ ată-baxs) দানশীল। Bestower of gifts.

عطار(আত্তা'র্/ attăr) আতর বিক্রেতা; সুগন্ধি বিক্রেতা। Perfumer.

عطاری(আত্তা'রী/ attări) সুগন্ধি বিক্রির পেশা/ দোকান। Perfumery.

عطایا (আতা'ইয়া'/ atăyă) [عطیه এর ব.ব./pl. of عطیه].

عطر(আত্‌র্/atr) সুগন্ধি; আতর। Perfume; scent.

عطر پاش (আ.-পা'শ্/ a.-păš) সুগন্ধি দ্রব্যকে সূক্ষ্মাতিসূক্ষ্ম কণা আকারে ছড়িয়ে দেওয়ার জন্য যন্ত্রবিশেষ। Atomizer.

عطر دان (আ.-দা'ন্/ a.-dăn) আতরদানি; সুগন্ধির কৌটা; আতরের শিশি। Scent box; scent-bottle.

عطرساز (আ.-সা'য্/ a.-săz) সুগন্ধি দ্রব্য প্রস্তুতকারক। Perfumer.

عطرسازی (আ.-সা'যী/ a.-săzi)= عطرکشی সুগন্ধি দ্রব্য প্রস্তুতের কাজ/ কারখানা। Perfumery; manufacture of perfumes.

عطرکشی (আ.-কেশী/a.-keši)= عطرسازی

عطری (আত্‌রী/ atri) সুগন্ধিযুক্ত; সুরভিত। Perfumed. Aromatic. [তুল./ Cf. معطر].

عطریات (আত্‌রীয়্যা'ত্/atriyyăt) সুগন্ধিসমূহ; সুগন্ধির দোকান। Perfumes; perfumery. [عطری এর ব.ব./pl. of عطری].

عطسه (আত্‌সে/ atse) বি. হাঁচি; হাঁচি দেওয়া। Sneeze; sneezing. ع. کردن/ع. زدن হাঁচি দেওয়া। To sneeze.

عطسه آور (আ.-অ'ভার্/a.-ăvar) যা হাঁচি আনে। Sternutatory.

عطش (আতাশ্/ atăs)=تشنگی তৃষ্ণা; পিপাসা। Thirst. رفع ع. کردن পিপাসা/ তৃষ্ণা নিবারণ করা। To quench one's thirst.

عطشان (আত্‌শা'ন্/ atšăn)= تشنه

عطش آور (আতাশ্ অ'ভার্/ataš-ăvar) তৃষ্ণা আনয়নকারী; শুষ্ক। Causing thirst; dry.

عطف (আত্‌ফ্/atf) কোন কিছুর দিকে ঝুঁকে পড়া ও প্রত্যাবর্তন করা; সম্পর্কযুক্ত করা; দুই শব্দকে পরস্পর সম্পর্কযুক্ত করা। Inclination. Adverting; turning. Connecting. نقطهٔ ع. সন্ধিক্ষণ। Turning-point. ع. بما سبق کردن অতীতের জন্য কার্যকর করা। To be retroactive or retrospective. ع. کردن সংযুক্ত করা; ফেরানো। To connect. To cause to return. حرف ع. সম্বন্ধ পদের বিভক্তি। Conjunction.

عطوفت (ওতূফাত্/ otufat)= مهربانی দয়া; অনুগ্রহ; স্নেহ-মমতা। Affection; kindness.

عطیه(আতীয়্যে/atiyye)[ব.ব./pl.عطایا]= بخشش দান; উপহার। Gift; present.

عظام (এযা'ম্/ezăm) [عظم ও عظیم এর ব.ব./pl. of عظم / عظیم].

عظم (আয্‌ম্/ azm) [ব.ব./ pl.عظام]= استخوان

عظمت (আযামাত্/ azamat)=بزرگی মহত্ত্ব; বিরাটত্ব। Greatness; grandeur. Magnificence.

عظمی (ওয্‌মা'/ ozmă) [اعظم এর স্ত্রী./ Fem. of اعظم].

عظیم(আযীম্/azim)= ১/1) بزرگ মহান; বিরাট; জাঁকালো। Great.

Grand. Magnificent. ২/2) আল্লাহ্‌র গুণবাচক নাম। The High-(est): epithat of God. [ব.ব. عظام / آقایان عظام (সম্মানিত মহোদয়গণ)-এ ব্যবহৃত/ pl. عظام in آقایان عظام (Honourable gentlemen)].

عظیم الجثه (আযীমোল্ জোস্‌সে/ azimol-josse) অতিকায়; বিরাট আকারের। Huge; of enormous size.

عظیم الشأن (আযীমো শ্‌শা-ন্/ azimoš-ša'n) মহান; আজিমুশ্বান; মূ.অ. অতি উচ্চ মর্যাদাসম্পন্ন। Great; glorious. OS. Of high rank.

عظیمه (আযীমে/ azime) ১/1) عظیم এর স্ত্রী./Fem. of عظیم ২/2) স্ত্রীবাচক নাম। Fem. pr. name.

عفاف এফাফ্/efaf)= عفت

عفت (এফ্‌ফাত্/effat) ১/1) সচ্চরিত্রতা; সতীত্ব। Chastity; modesty. ২/2) স্ত্রীবাচক নাম। Fem. pr. name.

عفریت (এফ্‌রীত/efrit) দুষ্ট; দানব; শয়তান (প্রকৃতির লোক)। Demon. Fiendish person. [স্ত্রী./Fem. عفریته].

عفن (আফান্/ afan)=عفونت

عفن (আফেন্/ afen)= گندیده

عفو (আফ্‌ভ্/ afv) = بخشش ক্ষমা। Forgiveness. عفوعمومی সাধারণ ক্ষমা। Amnesty. ع. کردن ক্ষমা করে দেওয়া। To pardon; forgive. قابل ع. ক্ষমাযোগ্য। Pardonable.

عفونت (ওফূনাত্/ ofunat) পচন; তীব্র ও কটু দুর্গন্ধ। Putrefaction. Stink. Infection. بوی ع. دادن পচনের গন্ধ আসা; দুর্গন্ধ ছড়ানো। To stink; give off an offensive odour. دفع ع. পচন রোধ; রোগ জীবাণু ধ্বংস করা। Disinfection.

عفونی (ওফূনী/ ofuni) ১/1) পচনশীল। Infectious. ২/2) পচন ধরেছে এমন। Infected. ضد ع. کردن পচন রোধ করা; ব্যাকটেরিয়ার সংক্রমণ থেকে মুক্ত করা। To disinfect.

عفیف (আফীফ্/ afif) [স্ত্রী./ Fem.عفیفه] সতী-সাধ্বী। Chaste.

عقاب (এগ্বা'ব্/ eğăb) শাস্তি; প্রতিদান দেওয়া। Punishment. Requital.

عقاب (ওগ্বা'ব্/oğăb) ঈগল। Eagle.

عقابی (ওগ্বা'বী/ oğăbi) ঈগল সম্পর্কিত বা ঈগলের মতো। Aquiline.

عقار(আগ্বা'র্/ağăr) স্থাবর সম্পত্তি। Landed property.

عقارب (আগ্বা'রেব্/ ağăreb) [عقرب এর ব.ব./ pl. of عقرب].

عقال(আগ্বা'ল্/ağăl)= پابند হাত বা পায়ের বেড়ি (আরবদের) মাথায় বাঁধার ফিতা। Shackle. Headband [of the Arabs].

عقاید(আগ্বা'য়েদ্/agăyed) [عقیده এর ব.ব./pl. of عقیده].

عقب(আগ্বাব্/ağab) [ব.ব./pl.اعقاب]= پشت পেছন; পশ্চাৎ; পিঠ। Back; rear. মূ. অ./OS.= پاشنه] عقب/ در عقب পেছনে। Behind; at the back of. از عقب کسی رفتن কাউকে অনুসরণ করা। To follow some one.

ع. افتادن পেছনে পড়ে থাকা বা পশ্চাৎপদ হওয়া। To be deferred or postponed. ع. انداختن স্থগিত রাখা; মুলতবী করা। To postpone. ع. بردن পিছিয়ে দেওয়া। To set back, as a clock. ع. کشیدن পিছু হটে আসা/পেছনে সরে আসা। To draw back. To withdraw. To retreat. ع. گذاشتن পেছনে ফেলে আসা। To leave behind.

عقب افتادگی (আ.-ওফ্তা'দেগী/ a.-oftădegi) পশ্চাৎপদতা; পিছিয়ে পড়া। Retardation. Lag.

عقب افتاده (আ.-ওফ্তা'দে/ a.-oftăde) পশ্চাৎপদ; পেছনে পড়ে রয়েছে এমন; অনগ্রসর। Arreared. Lagging behind. Backwarded. کرایهٔ ع. বকেয়া ভাড়া। Backrent.

عقب دار(আ.-দা'র্/a.-dăr) সৈন্যবাহিনীর পশ্চাৎভাগ; পশ্চাৎরক্ষী সৈন্যদল। Rear-guard.

عقب گرد (আ.-গার্দ্/ a.-gard) বিপরীত দিকে ফেরা। About turn.

عقب نشینی (আ.-নেশীনী/ a.-nešini) পশ্চাদপসরণ। Retreat.

عقبه (আগ্বা'বে/ ağabe) ধারাবাহিকতা; অনুগমন; জের; পরিণতি; ফলাফল। Continuation. Follow-up. Consequence.

عقبی(আগ্বাবী/ağabi) পেছনের। Hinder. درِ ع. পেছনের দরজা। Back door.

عقبی (ওগ্বা'/ oğbă) পরকাল; ভবিষ্যত। Futurity; life to come.

عقد (আগ্বদ্/ağd) চুক্তি [ব.ব./ pl.عقود]; চুক্তি সম্পাদন; আক্দ্। Contract. Conclusion (of an agreement). ع. کردن আক্দ্ করা; বিবাহ (বন্ধন) সম্পন্ন করা। To conclude a marriage contract with. To marry.

عقد (এগ্বদ্/eğd) [ব.ব./ pl. عقود]= گردن بند

عقدکنان (আগ্বদ্ কোনা'ন্/ ağd-konăn) বিয়ের সময় প্রদত্ত ভোজ; বৌভাত। Party given on the occasion of performing marriage ceremonies.

عقدنامه(আ.-না'মে/a.-năme) আক্দনামা; কাবিননামা। Marriage-contract.

عقده (ওগ্বদে/ oğde) [گره] গিঁট; গ্রন্থি; গিরা; সমস্যা; জটিলতা; মানসিক বৈকল্য; তোতলামি। Knot; node. Lump (in one's throat). Problem. Difficulty. Impediment (in speech).

عقده گشا (ও.-গোশা'/ o.-gošă) সমস্যা ও জটিলতার সুরাহাকারী। Resolver of difficulties.

عقدی (আগ্বদী/ ağdi) স্থায়ী বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছে এমন। Married under a contract of unlimited period.

عقرب (আগ্বরাব্/ağrăb) [ব.ব./pl. عقارب] ১/1)= کژدم বৃশ্চিক; বিছা। Scorpion. ২/2) বৃশ্চিক রাশি। Scorpio. ৩/3) ফার্সী آبان মাসের প্রাচীন নাম। Old name of آبان

عقربک(আগ্বরাবাক্/ ağrabak) ঘড়ির কাঁটা; সূর্যঘড়ির কাঁটা; রাজমিস্ত্রিদের

ব্যবহৃত সাঁড়াশি; আঙ্গুলের মাথা ও নখের ব্যথা। Hand (of a watch or clock). Style or gnomon (of a sun-dial). Cramp-iron. Whitlow.

عقربه (আগ্বরা'বে/ ağrabe) ১/1)= عقربک ঘড়ির কাঁটা; ঘড়ি ও দাঁড়িপাল্লার কাঁটা; পথনির্দেশক ফলকের নির্দেশ (তীর বা হস্ত) চিহ্ন। Hand (of a timepiece); pointer.

عقل (আগ্বল্/ağl) [ব.ব./pl. عقول] জ্ঞান; বুদ্ধি; বিবেক; বিচারবুদ্ধি। Intellect; reason. Wisdom.
عقلش بجائی نرسید সে হতভম্ব হয়ে রইল; তার বুঝে এল না। He was at his wit's end. خلاف ع. অযৌক্তিক বা হঠকারী। Injudicious or imprudent. دندان ع. আক্কেল দাঁত। Wisdom-tooth.
عقل کسیرا دزدیدن কারো চোখে ধূলা দেওয়া; কাউকে বোকা বানিয়ে প্রতারণা করা। To throw dust in some one's eyes.

عقلاً (আগ্বলান্/ağlan) বিচারবুদ্ধি অনুযায়ী; যৌক্তিকভাবে। Rationally; logically.

عقلاء (ওগ্বালা'-/oğală') [عاقل এর ব.ব./ pl. of عاقل].

عقلانی (আগ্বলা'নী/ ağläni)= عقلی

عقلائی (ওগ্বালা'ঈ/oğală'i) যুক্তিপূর্ণ। Reasonable.

عقلی (আগ্বলী/ağli) বুদ্ধিবৃত্তিক; যৌক্তিক; যুক্তিসঙ্গত। Intellectual. Rational. Reasonable. [স্ত্রী./ Fem. عقلیه].

عقلیون (আগ্বলিয়্যুন্/ağliyyun) যুক্তিবাদিগণ। Rationalists [عقلی এর ব.ব. বিশেষ্য হিসেবে বিবেচিত/ pl. of عقلی regarded as a noun].

عقوبت (ওগ্বুবাত্/ oğubat) অপরাধের শাস্তি; নিদারুণ যন্ত্রণা। Requital; punishment. Torment.

عقود (ওগ্বুদ্/oğud) [عقد عَقد এর ব.ব./ pl. of عقد].

عقول (ওগ্বুল্/ óğul) [عقل এর ব.ব./ pl. of عقل].

عقیده (আগ্বীদে/ağide) [ব.ব./pl. عقاید] বিশ্বাস; মতামত; চিন্তাধারা। Belief. Opinion. Idea. ع. بچیزی داشتن কোন বিষয়ে বিশ্বাস স্থাপন করা; কোন বিশেষ মতবিশ্বাস পোষণ করা। To believe in some thing. بعقیدهٔ من আমার মতে। In my opinion. اظهار ع. کردن মত প্রকাশ করা। To express an opinion.

عقیده مند (আ.-মান্দ্/a.-mand)=معتقد

عقیق (আগ্বীগ্ব/ ağiğ) [عقیق سلیمانی] সুলাইমানী আকীক; মূল্যবান পাথর। [عقیق یمانی] ইয়ামেনী আকীক; লালচে সাদা মূল্যবান পাথর বিশেষ। Carnelian; red chalcedony Agate.

عقیم (আগ্বীম্/ ağim) বন্ধ্যা; অনুর্বর; ব্যর্থ; অসফল। Barren. Abortive; vain. ع. گذاردن ব্যর্থতায় পর্যবসিত করা; অবশ করে দেওয়া। To render abortive. To paralyze. ع. ماندن অক্ষম হওয়া/থেকে যাওয়া। To come to nought.

عکا(আকা'/akă) একর। Acre.

عکاس (আক্কা'স্/akkās) ফটোগ্রাফার; যে ছবি তোলে। Photographer.

عکاسخانه (আ.-খা'নে/ a.-xăne) ফটো তোলার দোকানঃ স্টুডিও। Photographer's studio.

عکاسی (আক্কা'সী/ akkăsi) ফটো তোলা; আলোকচিত্র গ্রহণ প্রণালী; ফটোগ্রাফি। Photography.

عکس (আক্স্/ aks) আলোকচিত্র; ছবি; প্রতিবিম্ব; উল্টা; বিপরীত। Photograph; picture. Image. Reverse. ع. انداختن (কারো দ্বারা নিজের) ছবি তোলা/ আলোকচিত্র গ্রহণ। To take a photograph. ع. از چیزی برداشتن কোন কিছুর ছবি তোলা। To photograph, or take the photograph of, something. برعکس উল্টা; বিপরীত। On the contrary. Vice-versa.. کتاب ع ছবির বই; এ্যালবাম। Picture-book; album.

عکس العمل (আক্সোল্ আমাল্/ aksol-amal)= واکنش প্রতিক্রিয়া। Reaction.

عکس برداری (আক্স্ বার্দা'রী/ aks-bardări) আলোকচিত্র গ্রহণ; ছবি তোলা। Photography. Film-taking.

عکس دار (আ.-দা'র/ a.-dăr) সচিত্র; চিত্র সজ্জিত। Illustrated; pictorial.

عکسی (আক্সী/ aksi) আলোকচিত্র সম্বন্ধীয়; সচিত্র। Photographic. Pictorial. Illustrated.

علاء(আলা'-/ală')=بلندی উচ্চ পদমর্যাদা; মহিমা; উঁচু হওয়া। High rank.

علاء الدین (আলা'ওদ্দীন্/ ală'oddin) পুংবাচক নাম; মৃ.অ. ধর্মের মহিমা। Mas. pr. name. OS. Grandeur of religion.

علاج (এলা'জ্/elăj) প্রতিষেধক; প্রতিকার; চিকিৎসা। Remedy. Medical treatment. ع. کردن চিকিৎসা বা প্রতিকার করা। To remedy or cure.

علاج بخش (এ.-বাখ্শ্/ e.-baxš) প্রতিকারক; চিকিৎসাকারী। Remedial; medicatory.

علاج پذیر(এ.-পাযীর্/ e.-pazir) প্রতিকারযোগ্য; চিকিৎসাযোগ্য; সংশোধনযোগ্য। Remediable.

علاج ناپذیر (এ.-না'পাযীর্/e.-năpazir) সংশোধনের অযোগ্য; যা চিকিৎসাযোগ্য নয়। Irremediable.

علاف (আল্লা'ফ্/allăf) অশ্ব ও গবাদি পশুর খাদ্য, ঘাস, খড় ও লাকড়ি ইত্যাদির বিক্রেতা। Forage-seller. Corn-chandler.

علاقه (আলাগ্বে/alăğe) [ব.ব./pl.علائق] সংশ্লিষ্টতা; আগ্রহ; পছন্দ; সম্পর্ক। Attachment; interest; concern. Tie. [তুল./Cf. دلبستگی].

علاقه بند (আ.-বান্দ্/a.-band) রেশমের সুতা ও পাকানো সুতা প্রস্তুত বা বিক্রয়কারী। Dealer in thread and trimmings; laceman.

علاقه بندی(আ.-বান্দী/a.-bandi) রেশমের সুতা ও পাকানো সুতা প্রস্তুত বা বিক্রয়ের কাজ। Dealing in thread or lace.

علاقه مند(আ.-মান্দ্/a.-mand) আগ্রহী; সংশ্লিষ্ট। Interested; concerned. من بآن ع. هستم আমি ঐটি পছন্দ করি/ ঐ ব্যাপারে আগ্রহী। I am interested in that.

علاقه مندی (আ.-মান্দী/a.-mandi) = دلبستگی পছন্দ; আগ্রহ; সংশ্লিষ্টতা। Interest. Attachment.

علامات (আলা'মা'ত্/ alămăt) [علامت এর ব.ব./pl. of علامت].

علامت (আলা'মাত্/ alămat) [ব.ব./pl. علائم/علامات]= نشان/نشانه/پرچم চিহ্ন/মার্কা; নির্দশন/ লক্ষ্য; [نشانه]; সংকেত; পতাকা। Sign; mark. Symptom. Signal. Flag. ع. گذاشتن চিহ্ন দেওয়া। To mark.

علامه (আল্লা'মে/ allăme) মহাজ্ঞানী; মহাপণ্ডিত; আল্লামা। Very learned. Great scholar.

علانیه(আলা'নীয়ে/alăniye) প্রকাশ হওয়া; পুষ্প হওয়া; ফাঁস হয়ে যাওয়া; প্রচার; কুখ্যাতি। Publicity; notoriety.

علانیةً (আলা'নীয়াতান্/ alăniyatan)= آشکارا

علاوه (আলা'ভে/alăve) ছাড়াও; আধিক্য। Excess; surplus. Addition. ع. بر এছাড়াও। In addition to. ع. براین/بعلاوه এতদ্ব্যতীত; ও; অধিকন্তু। Furthermore; besides. نشان بعلاوه যোগ চিহ্ন। The plus sign.

علائق (আলা'এগ্ব/ ală'eğ) [علاقه এর ব.ব./ pl. of علاقه].

علائم(আলা'এম্/ ală'em) [علامت এর ব.ব./ pl. of علامت].

علت (এল্লাত্/ellat) [ব.ব./pl. علل] কারণ; হেতু; ত্রুটি; অসুস্থতা; অতিরিক্ত রক্তস্রাব। Cause; reason. Defect. Illness. Excessive menstruation. ع. بچه কেন? কি কারণে? Why? بعلت اینکه এ কারণে যে; কারণ...। Because; for the reason that.

علت العلل(এল্লাতোল্ এলাল্/ ellatol-elal) প্রথম কারণ; মূ. অ. কারণসমূহের কারণ। First cause. OS. Cause of causes.

علت شناسی(এল্লাত্ শেনা'সী/ellat šenăsi) নিদান; নিদানতত্ত্ব। Aetiology.

علف(আলাফ্/alaf) ঘাস; তৃণ; খড়; আগাছা; পশুখাদ্য। Grass. Herb. Forage; fodder.

علف بر (আ.-বোর্/a.-bor)= علف چین

علف چر (আ.-চার্/ a.-čar) যে পশু চরে বেড়ায় এবং ঘাস বা আগাছা খায়। Grazer.

علف چین (আ.-চীন্/a.-čin) ঘাস কাটা বা ছাঁটার যন্ত্র। Lawn-mower.

علف خوار (আ.-খা'র্/a.-xăr) তৃণভোজী (প্রাণী)। Herbivorous.

علف زار (আ.-যা'র্/ a.-zăr) তৃণভূমি; তৃণাচ্ছাদিত। Grass-plot. Grassy.

علفی(আলাফী/ alafi) তৃণাচ্ছাদিত; শণ অথবা পাটের আঁশ দিয়ে তৈরী। Grassy. Made of hemp or jute fibres.

علقه(আলাগে/alağe) ১/1) = زالو ২/2) মাতৃগর্ভে ভ্রূণের প্রাথমিক পর্যায়; জমাট রক্ত; Coagulum; grume. ৩/3) ভ্রূণ। Embryo.

علقه(ওল্‌গে/olğe) ১/1)= علاقه ২/2) সহায়-সম্পদ। Property.

علک (আলাক্‌/alak) = الک

علک (এল্‌ক/ elk) আঠা বা রজন। Gum or resin. مصطکی = علک رومی

علل (এলাল্‌/ elal) [علت এর ব.ব./ pl. of علت].

علم (আলাম্‌/ alam) [ব.ব./ pl.اعلام]= پرچم পতাকা। To standard; flag. ع . شدن নিজেকে বিশিষ্ট বা লক্ষণীয় করে তোলা। Signalize oneself. ع . کردن উত্তোলন করা; সংকেত দেওয়া; ব্যক্তিবাচক নামে পরিণত করা। To erect; raise. To signalize. To use as a proper noun. علماء اعلام বিশিষ্ট ওলামায়ে কেরাম। The distinguished Ulema.

علم (এল্‌ম্‌/elm) [ব.ব./pl. علوم] বিজ্ঞান; শিক্ষা; জ্ঞান। Science. Learning. Knowledge. [তুল./C.f. دانش]. باعلم باینکه এটা জানা সত্ত্বেও। In spite of being aware that.

علماً (এল্‌মান্‌/ elman) বৈজ্ঞানিক পদ্ধতি অনুযায়ী; জ্ঞানের ভিত্তিতে; জেনে শুনে। Scientifically.

علماء (ওলামা'/ olamă) [عالم এর ব.ব./ pl. of عالم] বৈজ্ঞানিকগণ; জ্ঞানী লোকেরা; ওলামা বা ধর্মীয় বিশেষজ্ঞগণ। Scientists. Learned men. The Ulema or religious authority.

علمدار (আলাম্‌দা'র্‌/alamdăr)= پرچم دار

علم شناسی(এল্‌ম্‌ শেনা'সী/elm-šenăsi) জ্ঞানতত্ত্ব। Epistemology.

علم شنگه (আলাম্‌ শাঙ্গে/alam šange)= غوغا

علم فروش(এল্‌ম্‌ফোরূশ্‌/elm foruš) যে নিজেকে বিজ্ঞানী হিসেবে জাহির করে; পাণ্ডিত্যাভিমানী; প্রগলভ। Pedantic; arrogant; ostentatious.

علمی (এল্‌মী/ elmi) বৈজ্ঞানিক; তাত্ত্বিক; জ্ঞান সম্বন্ধীয়। Scientific. Theoretical. [স্ত্রী./ Fem. علمیه].

علناً (আলানান্‌/ alanan)= آشکاراً

علو (ওলোভ্‌[ভ্‌]/ olov[v]) = بلندی উঁচু হওয়া; উচ্চ স্থান; উচ্চ মর্যাদা। Elevation; eminence. علوشأن উচ্চ পদমর্যাদা। High rank. علو همت উচ্চ মনোবল; বদান্যতা। High ambition. Generosity.

علو (আলো/ alow) অগ্নিশিখা। Flame.

علوفه (ওলূফে/ olufe) জীবজন্তুর খাদ্য; খড়; তৃণ। Provender; fodder; forage.

علوم (ওলূম্‌/ olum) [علم এর ব.ব./ pl. of علم].

علوی (আলাভী/ alavi) হযরত আলীর (আঃ) বংশধর। Descendant of Ali (A.S). [স্ত্রী./ Fem. علویه].

علوی(ওল্‌ভী/olvi) উচ্চ; স্বর্গীয়;

ঊর্ধ্বলোক/ আকাশ সম্বন্ধীয়। High. Celestial.

علی(আলী/ ali) পুংবাচক নাম; মূ.অ. উচ্চ; উচ্চ মর্যাদাসম্পন্ন। Mas. pr. name. OS. High; eminent. [স্ত্রী./ Fem. علیه].

علی (আলা'/ ală)= بر ওপর [শুধু আরবী যৌগিক শব্দে ব্যবহৃত হয়]। Upon; on [Used only in Arabic phrases and compounds].

علیا (ওলইয়া'/olyă) [اعلی এর স্ত্রী/Fem. of اعلی] উচ্চতর; অধিকতর মহান। Higher. Greater. ع.حضرت মহামান্যা রাণী। Her Majesty.

علی الاتصال (আলাল্ এত্তেসা'ল্/ alal-ettesăl)= اتصالاً

علی الاصول(আ.-ওসূল্/a.-osul)= اصولاً

علی الاطلاق (আ.-এত্‌লা'গ্ব/ a.-etlăğ) নিরঙ্কুশভাবে; সাধারণভাবে। Absolutely. Generally. ع.حکیم নিরঙ্কুশ; সর্বজ্ঞানী (আল্লাহ্)। The All-Wise (God).

علی البدل (আ.-বাদাল্/a.-badal) বিকল্প হিসেবে কর্মরত; বিকল্প। Serving as a reserve; appointed as substitute. ع.عضو বদলি সদস্য; মূল সদস্যের অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত প্রতিনিধিত্বকারী। Substitute; reserve.

علی التحقیق (আলাত্ তাহ্‌গ্বীগ্ব/ alat-tahğiğ)= محققًا

علی التوالی(আ.-তাভা'লী/a.-tavăli)= متوالیا

علی الحساب (আলাল্ হেসা'ব্/ alal-hesăb) বেতনের বিপরীতে অগ্রিম বা এককালীন (প্রদত্ত অর্থ)। On account; in part payment.

علی الخصوص (আ.-খোসূস্/ a.-xosus)= بویژه/ مخصوصاً

علی الدوام (আলাদ্ দাভা'ম্/alad davăm)= دائمًا

علی السویه (আলা'স্ সাভীয়্যে/ alăs saviyyeh) [দ্র./S.u. سویّه].

علی الطلوع (আলা'ত্ তোলূ-/ alăt-tolu') ভোরে; প্রভাতে। At dawn.

علی الظاهر (আলা'য্ যা'হের্/ alăz-zăher)= ظاهراً

علی العجاله (আলা'ল্ এজা'লে/ alăl-ejăle) [দ্র./ S.u. عجاله].

علی الله (আলা'ল্লা'হ্/ alăl-lăh)= توکلا علی الله আল্লাহ্ ভরসা। Let us trust on God (and see what will happen). Trusting in God.

علی ایّ حال (আলা' আইয়ে হা'ল্/ ală-ayye-hăl) যাই হোক; যে কোন অবস্থায়। In any case.

علیت (এল্লীয়্যাত্/ elliyyat) কারণতত্ত্ব। Causality.

علیحدّه (আলা'হেদে/alăhade)= جداگانه পৃথকভাবে। Separate(ly).

علی رغم(আ.-রাগ্বম্/ a.-rağm)। সত্ত্বেও। Dispite.

علیق(আলীগ্ব/ aliğ) গো-মহিষাদির শুষ্ক খাদ্য। Fodder or barley.

علیک(আলাইকা/alaika)=برتو [ع. سلام এর ক্ষেত্রে এবং সালামের জবাব السلام. ع ক্ষেত্রে এর]। [in سلام.ع and السلام. ع (the reply to it)]. তোমার ওপর। Upon thee.

علیکم (আলাইকোম্/alaikom) [দ্র./ S.u. سلام].

علیل (আলীল্/ alil) অসুস্থ; পীড়িত; দুর্বল; কাজে অক্ষম। Sickly; infirm; invalid.

علیلی(আলীলী/alili) দুর্বলতা। Infirmity.

علیم (আলীম্/ alim) জ্ঞানী; সদাজ্ঞানী; সর্বজ্ঞ। Omniscient.

علیون (এল্লীয়্যূন্/ ellyyun)= علیین রহমতের সর্বোচ্চ ও সর্বোত্তম স্থান; সর্বোচ্চ বা সপ্তম বেহেশত। The Highest or Seventh Heaven.

علیه (আলাইহ্/ alayh)= براو .ع তার ওপর; তার বিরুদ্ধে। Upon him. Against him. برعلیه / علیه বিরুদ্ধে। Against. علیه السَلام তার ওপর শান্তি হোক; তার প্রতি সালাম। Peace be upon him; greetings to him.

علیه (আলীয়্যে/aliyye) [দ্র./S.u. علی].

علیها (আলাইহা'/alayhǎ) [علیه এর স্ত্রী./ Fem. of علیه] তার (স্ত্রী.) ওপর বা বিরুদ্ধে। Upon or against her.

علیهذا(আলা'হাযা'/alǎ-hazǎ)=بنابر این

علیهم (আলাইহেম্/alayhem)= برایشان তাদের ওপর বা বিরুদ্ধে। Upon or against them.

علیین (ইল্লীইয়ীন্/illiyyin)= علّیون

عم(আম্[ম্]/am[m])= عمو চাচা। Paternal uncle.

عماد (এমা'দ্/ emǎd) [استون] স্তম্ভ/ খুঁটি; সহায়ক; পুংবাচক নাম। Pillar. Support. Mas. pr. name.

عماد الدین (এমাদোদ্দীন্/emǎdod-din) পুংবাচক নাম; ধর্মের খুঁটি। Mas. pr. name. Pillar of the faith.

عمارات (এমা'রা'ত্/ emǎrǎt) [عمارت এর ব.ব./ pl. of عمارت].

عمارت (এমা'রাত্/ emǎrat) [عمارات] দালান। Building. [তুল./ Cf ساختمان].

عماری (এমা'রী/ emari) উট, ঘোড়া ও হাতীর পিঠের ওপর স্থাপিত সফরকালীন মানুষের বসার জায়গা; হাওদা অন্ত্যেষ্টিক্রিয়ায় শবাধার স্থাপনের জন্য সজ্জিত মঞ্চ। Catafalque; litter.

عمّاقریب(আম্মান গ্বারীব্/amman-ğarib) = قریباً

عمال (ওম্মা'ল্/ ommǎl) ব্যবসা-প্রতিনিধি; দালাল; নিযুক্ত ব্যক্তি; সরকারী কর্মচারী। Agents. Functionaries; public officer. [তুল. / Cf. عامل].

عمامه (আম্মা'মে/ammǎme) [ব.ব./ pl. عمائم] পাগড়ী। Turban.

عمد (আম্দ্/ amd) ইচ্ছা; অভিসন্ধি। Intention; design.
عمداً = از روی ع.

عمداً (আম্দান্/ amdan)= دانسته ইচ্ছাকৃতভাবে। Intentionally.

عمده(ওম্দে/ omde) প্রধান; আসল; আসল বিষয়। Chief; main; leading. Main subject; chief point.

عمده فروش(ও.-ফোরূশ্/ o.-foruš) পাইকারী বিক্রেতা। Wholesaler; wholesale dealer.

عمده فروشی (ও.-ফোরূশী/ o.-foruši) পাইকারী ব্যবসা। Wholesale trade.

عمدی (আম্দী/ amdi) ইচ্ছাকৃত; উদ্দেশ্যপ্রণোদিত। Intentional; deliberate. غیر ع. অনিচ্ছাকৃত। Unintentional.

عمر (ওম্র্/omr) বয়স; আয়ুষ্কাল। Life (time). ع.کردن বেঁচে থাকা (বছরের হিসেবে)। To live (a specified number of years). درازی ع. দীর্ঘায়ু। Longevity.

عُمر (ওমার্/ omar) হযরত ওমর (রাঃ) ইসলামের দ্বিতীয় খলিফা; পুংবাচক নাম। Omar: the second caliph of Islam.

عمران (এম্রা'ন্/ emrăn) এমরানঃ হযরত মূসা (আঃ)-এর পিতা। Emran: father of Hazrat Musa (A.S.) (Moses).

عُمران(ওম্রা'ন্/omrăn)=آبادانی উন্নয়ন; পুনর্গঠন; আবাদী। Improvement; reconstruction.

عمرانی (ওম্রা'নী/ omrăni) উন্নয়নমূলক; পুনর্গঠনমূলক। Intended for development or improvement; (re)constructive.

عمره(ওম্রে/omre) ওমরাঃ হজ্বের মওসুমের বাইরে এহ্রামসহ কাবাগৃহের তওয়াফ ও সায়ী। Pilgrimage in Macca in other days than the Haj-period.

عمری(ওমরী'/omri) জীবদ্দশায় কোন সম্মতি থেকে সুবিধা ভোগ করার জন্য প্রদত্ত অধিকার। Life-estate. Life-interest.

عمق (ওম্গ্/ omğ) [ব.ব./ pl.اعماق]= ژرفا/ گودی গভীরতা। Depth. عمق آن چقدر است এর গভীরতা কতখানি? How deep is it?

عمق پیما (ও.-পেইমা'/ o.-peymă) গভীরতা পরিমাপক। Sounder. Sounding-instrument; plummet.

عمق پیمایی(ও.-পেইমা'য়ী/o.-peymăyi) গভীরতা মাপা। Sounding.

عمقی(ওম্গী/omği) ১/1) গভীরতাভিত্তিক। Based on depth. ২/2)= عمیق সুগভীর। Deep.

عمل (আমাল্/ amal) [ব.ব./ pl.اعمال] কর্ম; কাজ; প্রক্রিয়া; অস্ত্রোপচার। Act; deed. Action. Work. Process. Operation. ع. آمدن বাস্তবায়িত হওয়া। To be manufactured. چه اقدامی بعمل آمد؟ কি পদক্ষেপ নেওয়া হয়েছে? What action was taken? (به) ع. آوردن কার্যে পরিণত করা। To produce; manufacture. اطاق عمل অস্ত্রোপচার কক্ষ; অপারেশন থিয়েটার। Operating-room; also; operating-theatre.

عملاً (আমালান্/ amalan) কার্যত। In practice.

عملجات (আমালাজা'ত্/amala-jăt) [দ্র./ S.u. عمله].

عملکرد(আমাল কার্দ্/amal kard) রাজস্ব আদায় তৎপরতা; সম্পাদিত কর্ম;

কর্মতৎপরতা; কাজের ফলাফল। Revenue (operation).

عملگی (আমালেগী/ amalegi) কুলির পেশা; চাকর-বাকরের উপযোগী কাজ। Work done by a coolie; menial labour.

عمله(আমালে/amale) [ব.ব./pl. عملجات] ১/1) শ্রমিকরা; কুলিরা। Labourers; coolies. ২/2) এক বচন হিসেবে ব্যবহৃত] কুলি; শ্রমিক। [Treated as singular]. Labour or coolie.

عملی (আমালী/ amali) বাস্তবায়নযোগ্য; মানুষের সৃজনশৈলী দ্বারা তৈরী; অস্ত্রোপচার করতে হবে এমন। Practicable. Artificial. Requiring surgical operation. ع. کردن বাস্তবায়ন করা; কাজে পরিণত করা। To put in practice; carry out.

عملیات (আমালীয়্যা'ত্/ amaliyyăt) অভিযান; কর্মতৎপরতা। Operations; activities. [عمل এর ব.ব. রূপে ব্যবহৃত হয়/Used as the pl. of عمل].

عمو (আমূ/ amu) চাচা। (Paternal) uncle. پسر عمو চাচাত ভাই; دختر عمو চাচাত বোন। Cousin.

عمود (আমূদ্/amud) ১/1)= ستون ২/2) ৯০ ডিগ্রী সমকোণে সমভূমির ওপর স্থাপিত; ঋজু; খাড়া; সোজা; উল্লম্ব। Perpendicular.

عموداً (আমূদান্/amudan) খাড়াভাবে; সোজাভাবে। Perpendicularly.

عمودی(আমূদী/ amudi) সোজা; উল্লম্ব; খাড়া। Vertical; perpendicular.

عموزاده (আমূযা'দে/ amu-zăde) চাচাত ভাই/বোন। Cousin [child of a paternal uncle].

عموم (ওমূম্/ omum) সর্বসাধারণ। The public. باطلاع ع. رساندن সর্বসাধারণকে অবহিত করা। To notify the public.

عموماً (ওমূমান্/ omuman) সাধারণভাবে; সার্বজনীনভাবে। Generally; universally.

عمومی (ওমূমী/omumi) সাধারণ; সাধারণের; সার্বজনীন। General. Public. Universal. ع. کردن সার্বজনীন করা; জনপ্রিয় করা। To generalize. To popularize.

عمومیت (ওমূমীয়্যাত্/omumiyyat) সার্বজনীনতা; বিশ্বজনীনতা। Generality; universality.

عمه (আম্মে/ amme) ফুফু। (Paternal) aunt.

عمه زاده (আ.-যা'দে/ a.-zăde) ফুফাতো ভাই/বোন। Cousin (child of a paternal aunt].

عمیاء (আমীয়া'-/ amyă') [اعمی এর ব.ব./ pl. of اعمی].

عمید (আমীদ্/amid) ১) প্রধান; ২) পুংবাচক নাম। 1) Chief. 2) Mas. pr. name.

عمیق (আমীগ্ব/ amiğ)= گود গভীর; সুগভীর। Deep. Profound.

عناب(এনা'ব্/enăb)= شیلان ছোট সুমিষ্ট ফলবিশিষ্ট এক ধরনের মধ্যমাকারের গাছ। Jujube.

عناد(এনা'দ্/enăd) অবাধ্যতা; নাফরমানি। Contumacy. Rebellion.

عناصر (আনা'সের্/anăser) [عنصر এর ব.ব./pl. of عنصر].

عنان (এনা'ন্/ enăn) = دهنه লাগাম; বলগা। Rein; bridle.

عنانت (এনা'নাত্/ enănat) নপুংসকতা; নির্বীর্যতা। Impotency.

عناوين (আনা'ভীন্/ anăvin) [عنوان এর ব.ব./ pl. of عنوان].

عنايات (এনাইয়া'ত্/ enăyăt) [عنايت এর ব.ব./ pl. of عنايت].

عنايت (এনা'ইয়াত্/ enăyat) [عنايات] বি. আনুকূল্য/অনুগ্রহ দেখানো। Favour. ع. كردن ক্রি. আনুকূল্য/ আগ্রহ দেখানো। To favour (with).

عنبر (আম্বার্/anbar) এক ধরনের তিমি মাছের পাকস্থলী ও অন্ত্রে বিদ্যমান মোমতুল্য পদার্থ বিশেষ; আম্বর। Ambergris.

عنبر بوى (আ.-বূই/ a.-buy) সুগন্ধ; সুগন্ধযুক্ত; আম্বরের ন্যায়; আম্বরের সুগন্ধবিশিষ্ট (যে কোন বস্তু); আম্বরের ঘ্রাণের ন্যায় ঘ্রাণযুক্ত যে কোন সুগন্ধি দ্রব্য। Fragrant as ambergris.

عنبرچه (আ.-চে/ a.-če) নারীদের এক ধরনের অলঙ্কার; নারীদের স্বর্ণলঙ্কার রাখার জন্য আম্বরের ঘ্রাণযুক্ত ছোট বাক্স বিশেষ; সুগন্ধির কৌটা। Sachel; perfume-cushion.

عنبرماهى (আ.-মা'হী/ a.-măhi) আম্বারবিশিষ্ট তিমি বিশেষ। Sperm-whale.

عنبر نصارا(আ.-নাসা'রা'/a.-nasără) গর্দভীর গোবর। Dung of a she-ass.

عنبرى (আম্বারী/anbari) আম্বরবিশিষ্ট; আম্বরের ন্যায় সুগন্ধযুক্ত। Fragrant as ambergris.

عنبرين (আম্বারীন/anbarin)= عنبرى

عنبيه (এনাবিয়্যে/enabiyye) চোখের তারা। Iris of the eye.

عنتر (আন্তার্/ antar) (আফ্রিকা ও দক্ষিণ এশিয়ার) কুকুরমুখো বৃহদাকার বাঁদরঃ উল্লুক। Barbarian ape; baboon.

عند الاقتضا (এন্দাল্ এগ্‌তেযা'/ endal-eğteză) [لدى الاقتضا এর অনুরূপ; দ্র. اقتضا / Same as لدى الاقتضا S.u. اقتضا].

عند الحاجت (এ.-হা'জাত্/ e.-hăjat) প্রয়োজনের সময়। In time of need.

عند اللزوم(এ.-লোযূম্/ e.-lozum) প্রয়োজন দেখা দিলে। In case of need.

عند الله (এন্দাল্লা'হ্/ endallăh) আল্লাহ্‌র নিকট; আল্লাহ্‌র সামনে। Before God.

عند المطالبه (এন্দাল্ মোতালেবে/ endal-motălebe) চাহিবা মাত্র; যখনই চাওয়া হবে। On demand; at call.

عندليب(আন্দালীব্/andalib) [عنادل]= بلبل

عنصر (ওন্সোর্/ onsor) [عناصر] মূল উপাদান। Element. Principle.

عنف (ওন্ফ্/ onf) = زور সহিংসতা; জোর-জবরদস্তি। Violence.

عنفًا(ওন্ফান্/onfan) জবরদস্তি-মূলকভাবে। By violence. [بزور].

عنفوان(ওন্‌ফোয়া'ন্/onfowan) শৈশব; জীবনের প্রারম্ভ। Bloom (of youth); prime of life.

عنق (ওনোগ্/onoğ) [اعناق =] گردن

عنقا (আন্‌ঘা/ angğa) আনকা বা সীমোরগঃ কাল্পনিক স্বর্গীয় পাখি; (কাছাকাছি অর্থে) নবজন্ম লাভকারী রূপকথার পাখি। Mythical bird of great wisdom; L. phoenix.

عنقریب (আন্‌ঘারীব্/angğarib)= بزودی অতি সত্বর; অবিলম্বে; শীঘ্র। Shortly; soon.

عنکبوت(আন্‌কাবূত্/ankabut) [ব.ব./pl. عناکب =] کارتنه মাকড়সা। Spider.

عنکبوتی (আন্‌কাবূতী/ankabuti) মাকড়সার জালের ন্যায়; মাকড়সা সম্বন্ধীয়। Arachnidian. Arachnoid [تنندویی].

عنن(আনান্/anan) দুর্বলতা; পুরুষত্বহীনতা। Impotence; impotency.

عنوان(ওন্‌ভা'ন্[এন্‌ভা'ন্]/onvăn[envăn]) [عناوین] শিরোনাম; ঠিকানা; অভিধা;... হিসেবে; উল্লেখ করা; রূ. ছুতা; অজুহাত। Title; heading; score. Address. Ground; plea; excuse. بعناوین مختلف বিভিন্ন কারণে; বিভিন্নভাবে, বিভিন্ন প্রেক্ষাপটের আলোকে; বিভিন্ন অজুহাতে। On various grounds; under various excuses. بعنوان ১) প্রতি (ঠিকানা অর্থে); ২) প্রেক্ষিতে; ৩) হিসেবে [যেমনঃ بعنوان وام ঋণ হিসেবে]। 1) To (the address of). 2) On the ground of. 3) As. بعنوان وام as a loan. ع. کردن উল্লেখ করা; তুলে ধরা; পেশ করা; সম্বোধন করা। To set forth; propound. To introduce. To address.

عنیف (আনীফ্/anif)= ১/1)= سخت ২/2)= زشت

عنین (এনীন্/ enin) দুর্বল; পুরুষত্বহীন। Impotent.

عوا (আভ্‌ভা'/ avvă) উত্তরাকাশের ২২টি নক্ষত্র নিয়ে কল্পিত একটি মনুষ্যাকৃতিঃ আদম সুরত। (Astr.) Bootes.

عوارض(আভা'রেয্/avărez) কর বা রাজস্ব ও আনুষঙ্গিক প্রদেয়সমূহ; দুর্ঘটনাসমূহ। Charges; taxes. Accidents. [দ্র. এ.ব. عارضه/Cf. thes].

عواریه (আভা'রীয়ে/ avăriye) ধ্বংসপ্রাপ্ত; ক্ষতিগ্রস্ত। Damaged.

عواطف (আভা'তেফ্/ avătef) [عاطفه এর ব.ব./ pl. of عاطفه].

عواقب (আভা'ঘেব্/ avăğeb) [عاقبت এর ব.ব./ pl. of عاقبت].

عوالم (আভা'লেম্/ avălem) [দ্র./ S.u. عالم].

عوام (আভা'ম্/ avăm) সাধারণ লোক; সর্বসাধারণ বা অশিক্ষিত লোকজন। The vulgar; the common or illiterate people. [অনেক ক্ষেত্রে عوام الناس বলা হয়/ often عوام الناس]. مجلس ع. নিম্ন পরিষদ (পার্লামেন্ট)। House of Commons.

عوامانه(আভা'মা'নে/ avămăne) সাধারণ অশিক্ষিত লোকদের মত; সর্বসাধারণের হিসেবে। Vulgar(ly). Popular(ly).

عوام پسند(আভা'ম্‌পাসান্দ্‌/ avăm-pasand) জনপ্রিয়; সাধারণ মানুষ যা পছন্দ করে। Popular.

عوام فریب (আ.-ফারীব্‌/ a.-farib) বক্তৃতাসর্বস্ব; সাধারণ মানুষকে যে নেতা আবেগতাড়িত করে ক্ষেপায়। Demagogical.

عوام فریبی (আ.-ফারীবী/ a.-faribi) আবেগতাড়িত করে জনসাধারণকে ক্ষেপানো। Demagogy.

عوامل (আভা'মেল্‌/ avămel) [عامل এর ব.ব./ pl. of عامل] দালালচক্র; শ্রমিকগণ; কর্মচারিগণ; উপাদানসমূহ। Agents. Factors. ع. مکانیکی যান্ত্রিক শক্তি; যান্ত্রিক উপাদানসমূহ। Mechanical powers.

عواید (আভা'য়েদ্‌/ avăyed) [عائده এর ব.ব./ pl. of عائده].

عود (উদ্‌/ ud) চন্দন কাঠ; বীণা জাতীয় বাদ্যযন্ত্র বিশেষ। Aloes-wood. Mus. Lute.

عود (আওদ্‌/awd)= برگشت প্রত্যাবর্তন; ফিরে আসা। Returning.

عودت (আওদাত্‌/ awdat) প্রত্যাবর্তন; ফেরত। Returning. ع. دادن ফেরত পাঠানো। To Return; give back. [برگرداندن].

عودزن(আওদ্‌যান্‌/awd-zan) বীণাবাদক। Lutist.

عور (উর্‌/ Ur) প্র.ভু. উলঙ্গ [মূলে اعور এর ব.ব.] (C.E.) Naked. [orig. pl. of اعور]. ع. آمدن ধৃষ্টতাপূর্ণ ভাব দেখানো; ছিনালি ধরনের কাজ করা। To show flippant moods. To act coquettishly.

عورت(আওরাত্‌/aurat) ১/1)= برهنگی ২/2) শরীরের গোপন অংশ। a) Privy parts. ৩/3)= زن

عوض (আভায্‌/ avaz) বদলা; বিকল্প; পুরস্কার; ক্ষতিপূরণ। Substitute. Exchange. Reward; compensation. در عوض বদলে; পরিবর্তে। Instead of. For. In exchange for. ع. دادن প্রতিদান/ পুরস্কার দেওয়া। To reward. To give in exchange. ع. کردن বদল করা; প্রতিস্থাপন করা; বরখাস্ত করা। To change. To replace. To relieve.

عوضی (আভাযী/ avazi) ভুল; একটার পরিবর্তে আরেকটা করে বসা বা হওয়া। Wrong. Changed; exchanged. ع. گرفتن একজনকে অন্যজন বা এক জিনিসকে অন্য জিনিস মনে করা। To mistake (for another person or thing).

عوعو (আওআও/aw-aw) কুকুরের ডাক; ঘেউ ঘেউ। Bowwow. [তুল./Cf. پارس].

عون (আওন্‌/ awn) [اعوان] সাহায্য; অনুদান। Help; aid. [তুল./Cf. کمک و یاری].

عهد(আহদ্‌/ ahd) [عهود] প্রতিজ্ঞা; চুক্তি; সময়; যুগ। Promise. Covenant; treaty. Time; era. ع. بستن চুক্তি সম্পাদন করা। To conclude a treaty. ওয়াদা করা। To make a promise. ع. کردن ওয়াদা করা; কথা দেওয়া। To promise; pledge one's word. در عهد/ در عهد سلطنت

...এর যুগে/রাজত্বকালে। In the reign of.

عهد شکن (আ.-শেকান্/ a.-šekan)= پیمان شکن

عهدنامه (আ.-না'মে/a.-năme) চুক্তিপত্র। Treaty.

عهده (ওহ্দে/ohde) দায়িত্ব; হাতে নেওয়া; আস্থা। Charge; trust. Responsibility. Undertaking. از عهدۀ کاری بر آمدن কোন কাজ আঞ্জাম দিতে সমর্থ হওয়া। To be able to do, or succeed in doing, something. برع . گرفتن (কোন কাজের) দায়িত্ব গ্রহণ। To undertake (to do); assume the responsibility of.

عهده دار (ওহ্দে দা'র্/ ohde-dăr) দায়িত্বশীল। Responsible. ع . شدن দায়িত্ব লাভ/ গ্রহণ করা। To undertake.

عهده داری(ও.-দা'রী/o.-dări) দায়িত্বভার। Charge: responsiblity.

عهدی (আহ্দী/ ahdi) চুক্তিবদ্ধ; [উইলের] নির্দেশনা। [Of a will] Directive.

عهود (ওহূদ্/ ohud) [عهد এর ব.ব./ pl. of عهد].

عیادت (এইয়া'দাত্/ eyădat) বি.কারো কাছে গিয়ে সাক্ষাৎ করা; দেখতে যাওয়া। Visit. ع . کردن কোন রোগীকে দেখতে যাওয়া। To visit (a sick person).

عیاذ (এইয়া'য্/eyăz)= پناه আশ্রয়; শরণ। Refuge. العیاذ بالله আল্লাহ্ না করুন; খোদা না খাস্তা। God forbid.

عیار(এইয়া'র্/ eyăr) (ধাতব মুদ্রার) মান/ খাঁটিত্ব/বিশুদ্ধতা। Fineness; standard (of coins). Assay.

عیار (আইয়্যা'র্/ayyăr) ভাঁড়; ভণ্ড তাপস; প্রতারণাপূর্ণ। Imposter. Deceitful; also, sly.

عیارگیر (এ.-গ্বীর্/ e.-ğir) ধাতব পদার্থের বিশুদ্ধতা পরীক্ষাকারী। Assayer.

عیاری(আইয়্যা'রী/ayyari) প্রতারণা; ভণ্ডামি। Imposture. Charlatanry. Slyness.

عیاش (আইয়্যা'শ্/ayyăš) বিলাসপ্রিয়; বিলাসী (লোক); আনন্দপ্রিয় (ব্যক্তি)। Pleasure-seeking. Man of pleasure: luxurious person.

عیاشی (আইয়্যা'শী/ayyăši) বিলাসিতা; আনন্দ উপভোগ। Living in pleasure.

عیال (আইয়া'ল্/ayăl) স্ত্রী (-পুত্র-পরিজন); পরিবার। Wife (and children); family.

عیال مند (আ.-মান্দ্/a.-mand)= عیال وار যার পরিবার-পরিজন অনেক বেশী। Encumbered by a (numerous) family.

عیال وار (আ.-ভার্/a.-văr)= عیال مند

عیان (এইয়া'ন্/ eyăn)= آشکار পরিষ্কার; (স্বতঃ) প্রকাশিত; বোধগম্য। Clear; (self-) evident; also, visible.

عیب(এইব্/ eyb) [عیوب] দোষ; ত্রুটি। Defect; fault. ع . گرفتن از/ ع . جستن از কারো দোষ অনুসন্ধান করা। To find fault with. To blame. ع . نداره কোন অসুবিধা নেই; এতে দোষের কিছু নেই।

There is no harm in it. There is nothing wrong with it.

عیب پوش (এ.-পূশ্/ e.-puš) যে অন্যের দোষ গোপন করে। Who conceals or palliates others' faults.

عیب پوشی (এ.-পূশী/ e.-puši) অন্যের দোষ গোপন রাখা। Connivance of others' faults.

عیب جو (এ.-জূ/ e.-ju) যে অন্যের দোষ খুঁজে বেড়ায়; ছিদ্রান্বেষী। Fault-finder; caviller.

عیبجویی(এ.-জূয়ী/ e.-ju'i) অন্যের দোষ খুঁজে বেড়ানো; ছিদ্রান্বেষণ; অন্যের দোষ চর্চা। Fault-finding.

عیب گیر (এ.-গীর্/ e.-gir)= عیب جو

عیبناك (এ.-না'ক্/ e.-nǎk)= معیوب

عید(ঈদ্/id) [اعیاد] উৎসব; ঈদ; আনন্দ। Festival; feast. ع. گرفتن (ঈদ) উৎসব করা; (ঈদ) উদ্‌যাপন; আনন্দ করা। To celebrate (a festival). عید شما مبارك (باد) ঈদ মোবারক; শুভ নববর্ষ; মূ.অ. তোমার ঈদ বরকতময় হোক! Happy New Year.

عیدی (ঈদী/idi) উৎসব; বোনাস; ঈদের উপহার। New-year gift.

عیسو (ঈসূ/ isu)= عیصو হযরত ইয়াকুবের (আঃ) বড় ভাই। Esau.

عیسوی (ঈসাভী/ isavi) খ্রীস্টীয়। Christian.

عیسی(ঈসা'/ isă) হযরত ঈসা (আঃ)। Hazrat Isa (A.S.). Jesus.

عیش (এইশ্/ eyš) আনন্দ-আহ্লাদ; বিলাসিতায় (জীবন যাপন) Pleasure; (living in) luxury. [মূ.অ./OS. = زندگی] ع. کردن আমোদ-ফুর্তিতে থাকা; জীবনকে উপভোগ করা। To live in luxury or pleasure. To enjoy oneself. عیش و نوش আনন্দ-ফুর্তি; ফুর্তি করা। Feasting and drinking; luxury; pleasure.

عیش طلب(এ.-তালাব্/e.-talab) ফুর্তিবাজ। Pleasure-seeking. [দ্র./ Cf. عیاش].

عین (এইন্/ eyn) ১/1)= چشم ২/2)= چشمه [দ্র. ব.ব./Cf. the pl. اعیان و عیون]. در عین حال এমতাবস্থায়; একই সময়ে। At the same time. عین نامه মূল চিঠি। The original letter. عین مرحمت است ঠিক যেন দয়া-অনুগ্রহের প্রতিমূর্তি! It is the greatest favour.

عیناً (এইনান্/ eynan) ১) হুবহু; ২) আসল রূপে/ অবয়বে; ৩) আক্ষরিকভাবে। 1) Exactly; just. 2) In the original form. 3) Literally.

عین الیقین(এইনোল্‌ইয়াগ্বীন্/ eynol-yağin) প্রত্যক্ষ জ্ঞান। Positive knowledge.

عینک(এইনাক্/eynak) চশমা। Glasses. ع. زدن/ع. گذاشتن চশমা ব্যবহার করা। To wear glasses. ع. آفتابی সানগ্লাস। Sun-glasses.

عینک ساز (এ.-সা'য্/e.-sǎz) চশমা বিক্রেতা; চশমার লেন্স ইত্যাদি নির্মাতা বা সরবরাহকারী। Optician.

عینک سازی(এ.-সা'যী/ e.-sǎzi) চশমা, লেন্স ইত্যাদির ব্যবসা। Optician's trade.

عینک فروش(এ.-ফোরূশ্/ e.-foruš) চশমা, লেন্স ইত্যাদির ব্যবসায়ী। Dealer in glasses or optical goods.

عینکی(এইনাকী/eynaki) চশমা-পরিহিত। Spectacled. مار عینکی কোবরা (সাপ)। Cobra.

عینه (এইনোহু/ eynohu) ১/1) মূল জিনিসটিই। The thing itself; the original (thing). ২/2) হুবহু; অবিকল। Exactly. [بعینه].

عینی (এইনী/ eyni) (আইন বিষয়ক) যা ক্ষতিপূরণ করা সম্ভব নয়; যা বদল করা যায় না; বিকল্পহীন; অভিন্ন সত্তা; সম্পূর্ণরূপে স্বতন্ত্র; বিশিষ্ট। (Law) Irreplaceable, as a right or property. Identical.

عینی (এইনী/ eyni) চাক্ষুষ। Occular. شاهد ع. প্রত্যক্ষদর্শী। Eyewitness.

عینیت (এইনিয়্যাত্/ eyniyyat) হুবহু/ অবিকল হওয়া। Identicalness.

عیوب (ওয়ূব্/ oyub) [عیب এর ব.ব./ pl. of عیب].

عیون(ওয়ূন্/ oyun) [عین এর ব.ব./pl. of عین].

غ

غ (ঘ্ব/ ğ) ফার্সী বর্ণমালার ২১তম বর্ণ, নাম "ঘেইন"। The twenty second letter of the Persian alphabet called "ğeyn".

غار (ঘা'র্/ ğăr) গুহা। Cave; cavern. Den. يارغار হযরত আবু বকরের (রাঃ) উপাধিঃ রসূলুল্লাহ্‌র (সাঃ) হিজরতের সময় তাঁর সাথে সওর গুহায় থাকার কারণে এ উপাধি লাভ করেন; অন্তরঙ্গ বন্ধু। Epithet of Abu Bakr, who accompanied Hazrat Mohammad(S.) in his Hijrat and on one occasion went with him into a cave. Bossom friend.

غار (ঘা'র্/ğăr) এক ধরনের বড় ঔষধি বৃক্ষ যার ফল ছোট এবং পাতা মোটা ও তিতা। Laurel (-tree).

غارت (ঘা'রাত্/ ğărat) হামলা; লুণ্ঠন; লুটতরাজ। Plunder; pillage. غ . كردن লুণ্ঠন/লুটতরাজ করা। To plunder. به غ . رفتن লুণ্ঠিত/লুটতরাজের শিকার হওয়া। To be plundered.

غارت زده (ঘা'.-যাদে/ğ.-zade) লুণ্ঠনের/ লুটতরাজের শিকার (ব্যক্তি বা এলাকা)। Plundered.

غارت گر (ঘা.-গার্/ ğ.-ğar) লুটেরা; ডাকাত; ছিনতাইকারী। Plunderer. Robber.

غارت گری(ঘা'.-গারী/ ğ.-gari) লুণ্ঠন; লুটতরাজ; ছিনতাই; ডাকাতি। Plundering. Robbery.

غارغار (ঘা'র্ঘা'র্/ ğăr-ğăr) কাক ডাকার শব্দ। Croaking; cawing. غ . كردن কাক ডাকা। To croak.

غار نشين (ঘা'র্ নেশীন্/ ğăr-nešin) গুহাবাসী। Cave-dweller.

غاز(ঘা'য্/ğăz) রাজহাঁস। Goose. غاز نر পুং রাজহংসু। Gander.

غاز (ঘা'য্/ ğăz)= قاز প্রাচীন ইরানের ক্ষুদ্রতম এককের মুদ্রা; যার মূল্যমান দীনার [دينار]-এর অর্ধেক। Money of account worth half a دينار 'dinar'.

غازه (ঘা'যে/ ğăze)= سرخاب / غاژه রুজঃ (মেয়েদের গালে লাগাবার প্রসাধনী উপকরণ)। Rouge.

غازى (ঘা'যী/ ğăzi) [غزات] যোদ্ধা; যে কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করেছে। Warrior fighting against infidels.

غاژه (গা'জ্বে/ ğăže)= غازه سرخاب

غاشيه (ঘা'শীয়ে/ ğăšiey) [ব.ব./pl. غواشى]= زين پوش আবৃতকারী; বহিরাবরণ; ঘোড়ার জিনের আবরণ; কিয়ামত দিবস। Saddle cover. غ . كشيدن অনুগত থাকা। To be submissive.

غاصب(গ্বা'সেব্/ ğăseb) জবর দখলকারী; আত্মসাৎকারী; স্বৈরাচারী। Usurper. Extortioner. Usurping. Tyrant.

غافث(গ্বা'ফেস্/ğăfes) এক ধরনের উদ্ভিদ। Agrimony.

غافل (গ্বা'ফেল্/ğăfel) উদাসীন; অসচেতন; বেখবর। Negligent. Unaware. Heedless. غ. شدن গাফিল হওয়া; উদাসীন হওয়া। To Take no notice. غ. از اینکه লক্ষ্য করেনি/ বুঝতে পারেনি যে,... । Unaware of the fact that; little knowing that. غ. کردن বোকা বানানো। To deceive the vigilance of. غ. گرفتن চমকে দেওয়া। To surprise; seize unawares.

غافل گیر کردن (গ্বা'.-গীর্ কারদান্/ ğ.-gir-kardan) হঠাৎ করে কোন কাজ করে চমকে দেয়া; শত্রুকে বুঝতে না দিয়ে হঠাৎ আক্রমণ করা। To come upon unawares; surprise.

غافلگیری (গ্বা'.-গীরী/ ğ.-giri) চমকে দেওয়া; হঠাৎ কাউকে কুপোকাত করা বা বোকা বানানো; বুঝে ওঠার আগেই শত্রুকে আক্রমণ। Surprisal; attacking unaware.

غافلی(গ্বা'ফেলী/ğăfeli)=بیخبری/غفلت

غالب (গ্বা'লেব্/ ğăleb) পরাভূতকারী; বিজয়ী; শক্তিশালী; বেশীর ভাগ। Prevailing. Conquering. Most (part); majority. غ. شدن/غ. آمدن টিকে থাকা; বিজয়ী হওয়া; পার হয়ে আসা। To prevail upon; prevail over. To overcome.

غالباً(গ্বা'লেবান্/ ğăleban) বেশীর ভাগ ক্ষেত্রে; প্রায়শই। Frequently; very often; mostly.

غالبیت (গ্বা'লেবিয়্যাত্/ğălebiyyat) ১/1) প্রাধান্য; প্রাবল্য। Predominance ২/2)= پیروزی

غالیه (গ্বা'লীয়ে/ ğăliye) মেশ্‌ক্ ও আম্বর সহযোগে তৈরী সুগন্ধিযুক্ত প্রসাধনী বিশেষ। Perfume composed of musk and ambergris.

غامض (গ্বা'মেয্/ğămez) দুর্বোধ্য ও জটিল কথা বা বিষয়। Abstruse. Obscure.

غامضه (গ্বা'মেযে/ ğămeze) [ব.ব./pl. غوامض] [غامض এর স্ত্রী/ Fem. of غامض]. দুর্বোধ্য বা জটিল সমস্যা। Abstruse or difficult problem.

غایب (গ্বায়েব্/ğăyeb)= غائب [ব.ব./pl. غائبین] অনুপস্থিত; গায়েব; গুপ্ত; অনুপস্থিত লোক। Absent. Hidden. Absent person; absentee. غ. شدن অনুপস্থিত থাকা; আত্মগোপন করা। To absent oneself. To be absent. To hide oneself. قائم کردن/غ. کردن গোপন করা; গায়েব করা। To hide; conceal.

غایب موشک (গ্বা.-মুশাক্/ğ.-mušak)= قائم موشک লুকোচুরি। Hide-and-seek.

غایب شدنک(গ্বা'.-শোদাঙ্ক/ğ.-šodank) = غایب موشک/قائم موشک

غائبی(গ্বা'এবী/ ğă'ebi) অনুপস্থিতি চিহ্ন; অনুপস্থিত (ছাত্র, সৈনিক প্রভৃতি)। Mark of absence. Absent student, soldier, etc.

غايت(গ়া'ইয়াত্/ğăyat) [ব.ব./pl. غايات] শেষ; চূড়ান্ত; চূড়ান্ত লক্ষ্য। Extreme limit; end. (Desired) object. بدين غ. এ লক্ষ্যে। To this extent. بغايت শেষ সীমা পর্যন্ত। Extremely. لغايت পর্যন্ত; শেষ পর্যন্ত। Up to; to the end of. از دوم لغايت ششم ২য় হতে ৬ষ্ঠ পর্যন্ত [উভয়কে শামিল করে]। From the 2nd to the 6th.

غايط (গ়া'য়েত্/ğăyet) নিচু জমি; বিষ্ঠা। Feces.

غايله (গ়ায়েলে/ ğăyele) গোলযোগ; অরাজকতা মৃ. অ. বিদ্বেষ; অনিষ্টকর। Disturbance; riot. OS. Hatred. Evil.

غائى (গ়া'য়ী/ ğă'i) চূড়ান্ত। Final; ultimate. علت غائى চূড়ান্ত লক্ষ্য; মূল কারণ। Ultimate goal. Final cause.

غب (গ়েব্ব্/ ğeb[b]) একদিন পর একদিন আগমন; পালাক্রমে আগমন। Visiting every other day. Tertian. تب غب পালা জ্বর। Tertian fever.

غبّاً (গ়েব্‌বান্/ ğebban) একদিন পর পর; পালাক্রমে। Every other day [يک روز درميان] Alternately.

غبار (গ়োবা'র্/ ğobăr) ধূলা; ধূলাবালি; অক্ষিগোলকের ঘোলাটে ভাব। Dust. Nebula.

غبار آلود (গ়ো.-অ'লূদ্/ ğ.-ălud) ধূলিময়; ধূলামাখা। Dusty; soiled.

غبار آلوده (গ়ো.-অ'লূদে/ğ.-ălude)= غبار آلود

غباردار (গ়ো.-দা'র্/ ğ.-dăr) কুয়াশাচ্ছন্ন; ঘোলাটে; ধূলিময়। Misty; dim. Dusty.

غبارى (গ়োবা'রী/ ğobări) ধূলিময়; মেটে রংবিশিষ্ট; কুয়াশাচ্ছন্ন; ঘোলাটে। Dusty; dust-coloured. Misty. Nebula.

غبراء (গ়াব্‌রা'-/ğabră') ভূপৃষ্ঠ। Surface of the earth.

غبطه خوردن (গ়েব্‌তে খোর্‌দান্/ ğebte-xordan) (به সহ) অন্যের সৌভাগ্যের বিনাশ কামনা ব্যতিরেকে অনুরূপ সৌভাগ্য কামনা করা। To envy or emulate [with به].

غبغب (গ়াব্‌গ়াব্/ ğabğab) মোটা লোকের গলায় বা থুতনির নিচে ঝুলে থাকা থলথলে গোশত্; মোরগ ও গরুর গলার নিচের ঝুলে থাকা থলথলে গোশত্ বা গলকম্বল। Double chin. [Of a cow] Dewlap; jowl.

غبن (গ়াব্‌ন্/ ğabn) বেচাকেনায় প্রতারিত হওয়া; লোকসান দেওয়া; প্রতারণা। State of being cheated in business. Fraud.

غدّ (গ়োদ্দ্/ğodd)= خود بين/كله شق

غدار (গ়াদ্দা'র্/ ğaddăr)= خائن

غداره(গ়াদা'রে[গ়াদ্দা'রে/ ğadăre[ğaddăre]) মাথা চ্যাপ্টা তলোয়ারের ন্যায় অস্ত্র। Broadsword; glaive.

غدد (গ়োদাদ্/ ğodad) [غده এর ব.ব./ pl. of غده].

غدر (গ়াদ্‌র্/ ğadr)= خيانت (كردن)

غدغد(গ়োদ্ গ়োদ্/ğod-ğod) মুরগী ডাকার শব্দ। Clucking. غ. كردن মুরগী

ডাকা; মুরগীর ডাকের ন্যায় শব্দ করা। To cluck or chuck.

غدغن (গ্বাদাগ্বান্/ ğadağan)= قدغن

فرزند کش (ফা.-কোশ্/f.-koš) সন্তান হত্যাকারী। Filicide.

فرزند کشی (ফা.-কোশী/ f.-koši) সন্তান হত্যা। Filicide.

فرزندی (ফার্যান্দী/ farzandi) সন্তান হিসেবে (সম্পর্ক)। Filial (relation). بفرزندی قبول کردن (কাউকে) পালক পুত্র-কন্যারূপে গ্রহণ করা। To adopt as one's child.

فرزین(ফার্যীন্/farzin) [দাবায়/In chess]= وزیر মন্ত্রী। Queen.

فرس (ফারাস্/ faras) উত্তর আকাশের একটি নক্ষত্রমণ্ডল যাকে ঘোড়ার ন্যায় কল্পনা করা যায়। Pegasus. মূ.অ./OS. = اسب

فرس(ফোর্স্/fors) পারস্য; ইরান। Persia. Iran. فرس قدیم প্রাচীন ফার্সী ভাষা। Old Persian (dialect).

فرسا(ی) (ফার্সা[য়]/ farsă[y]) [فرسودن এর অনু./Imp. of فرسودن].

فرسایش (ফার্সা'য়েশ্/ farsăyeš) ক্ষয়। Erosion. Wearing out.

فرست (ফেরেস্ত্/ferest) [فرستادن এর অনু./ Imp.of فرستادن].

فرستادن (ফেরেস্তা'দান্/ ferestădan) পাঠানো; প্রেরণ। To send; despatch. To remit.

فرستاده (ফেরেস্তা'দে/ ferestăde) ১/1) [ব.ব./pl. فرستادگان] [فرستادن এর ক্রি. বিণ./ p.p. of فرستادن] ২/2) দূত; প্রেরিত ব্যক্তি; রসূল। Messaeger. Envoy. Apostle.

فرستنده (ফেরেস্তান্দে/ ferestande) প্রেরক। Sender. دستگاه. ف প্রেরক যন্ত্র; ট্রান্সমিটার। Transmitting set; transmitter.

فرسخ (ফার্সাখ্/ farsax)= فرسنگ

فرسنگ (ফার্সাঙ্/ farsang) দূরত্বের এককঃ ৬.২৪ কিলোমিটারের সমান। Unit of length equal to 6.24 kilometres.

فرسودگی (ফার্সূদেগী/ farsudegi) ক্ষয়িষ্ণুতা; জরাজীর্ণতা; অবসাদগ্রস্ততা। Wear; tear. Depreciation. Fatigue.

فرسودن(ফার্সূদান্/ farsudan) [فرسا] ক্ষয় হওয়া; জীর্ণ হওয়া; পচে যাওয়া; পুরনো হওয়া; অক্ষম হয়ে যাওয়া; ক্ষয় করা; পচিয়ে ফেলা। To wear (out);

rub (off); obliterate. To erode. To tire. To fret. To wear; be worn or torn.

فرسوده (ফার্সূদে/ farsude) [فرسودن এর ক্রি. বিণ./p.p. of فرسودن].

فرش (ফার্‌শ্/ farš) [ব.ব./pl. فروش] কার্পেট; বিছানা; বিছানোর উপযোগী যে কোন জিনিস। Carpet. Pavement.

فرش (ফোর্‌শ্/ forš) মিহি বালু। (Fine) sand.

فرشتگان (ফেরেশ্‌তেগা'ন্/ fereštegăn) [فرشته এর ব.ব./pl. of فرشته].

فرشته (ফেরেশ্‌তে/ferešte) [ব.ব./pl. فرشتگان] ফেরেশতা। Angel.

فرش کن(ফোর্‌শ্‌কান্/farš-kan) যে ব্যক্তি শান বাঁধানোর কাজ করে; যে যন্ত্র দ্বারা নদী বা সমুদ্র থেকে মাটি উত্তোলন করা হয়; ড্রেজার। Paver. Dredger; drag.

فرصت (ফোর্‌সাত্/ forsat) অবকাশ; অবসর; সুযোগ। Opportunity; leisure. Chance.

ف. کردن/ف. یافتن অবকাশ লাভ করা; সুযোগ পাওয়া। To find an opportunity. ف. را غنیمت شمردن সুযোগের সদ্ব্যবহার করা। To seize the opportunity.

ف. را از دست دادن সুযোগ হারানো/ হাতছাড়া করা। To miss the opportunity; loss the chance.

فرض (ফার্‌য্/farz) ধারণা; অনুমান; ফরজ; অবশ্য কর্তব্য ধর্মীয় নির্দেশ; অবশ্য পালনীয়। Supposition. Assumption. Hypothesis. Duty; obligation. ف. کردن ধরে নেওয়া; কল্পিত হলেও (যুক্তি বা গবেষণার প্রয়োজনে) আপাতত সঠিক গণ্য করা। To suppose; assume; grant.

فرض مسلم گرفتن/مسلم ف. کردن অকাট্য সত্য বা অপরিহার্য করণীয় বলে ধরে নেওয়া। To take for granted.

ف. شمردن কর্তব্য বলে গণ্য করা। To consider it one's duty.

بر فرض اینکه/به غرض اینکه এরূপ বলে ধরে নিয়ে যে,... । Supposing that.

فرضاً (ফার্‌যান্/ farzan) আনুমানিকভাবে; আনুমানিক; মনে করুন। Supposedly; supposing (that); let us suppose that.

فرضی(ফার্‌যী/farzi) কাল্পনিক; ধারণা করে নেওয়া হয়েছে এমন। Imaginary. Supposed. Assumed.

فرضیه (ফার্‌যিয়ে/ farziyye) যুক্তিতর্ক বা ব্যাখ্যার সূচনা বিন্দুরূপে উপস্থাপিত ধারণা; এমন অনুমান যা সত্য বলে ধরে নেওয়া হয়েছে। Hypothesis.

فرط (ফার্‌ত্/fart) সীমা অতিক্রম; বাড়াবাড়ি; অতিরঞ্জন। Excess. Intensity.

فرع (ফার্-/ far') [ব.ব./pl. فروع] শাখা; বিস্তারিত বিবরণ; খুঁটিনাটি বিষয়। Branch. Details; minor points.

فرعاً (ফার্‌আন্/far'an) মুনাফাসহ। Including interest.

فرعون(ফের্‌অওন্/ fer'own) [ব.ব./pl. فراعنه] ফিরাউন। Pharaoh.

فرعی (ফার্ঈ/ far'i) আনুষঙ্গিক; অপ্রধান; শাখা-প্রশাখা সংক্রান্ত; খুঁটিনাটি; ছোটখাট; গৌণ। Secondary; of a secondary importance. Tributary. [স্ত্রী./Fem. فرعیه]. خط ف শাখা সড়ক; মহাসড়ক থেকে বেরিয়ে যাবার সরু পথ। Siding; side-track. محصول ف উপজাত; এক দ্রব্য উৎপাদনের ফলে প্রাপ্ত কম মূল্যের অন্য দ্রব্য। By-product.

فرفره (ফের্ফেরে/ ferfere) কাগজ বা পাতলা প্লাস্টিক, টিন ইত্যাদির তৈরী পাখার ন্যায় খেলনা যা প্রবহমান বাতাসে ধরলে ঘুরতে থাকে; ফেরফেরি। Top; whirligig.

فرفری (ফের্ফেরী/ ferferi) কুঞ্চিত/কোঁকড়ানো (চুল)। Curly; wavy.

فرق (ফার্গ্ব/farğ) পার্থক্য; তফাৎ তারতম্য; বিভিন্নতা; মাথার চাঁদি; মাথার চুলের সিঁথি। Distinction. Difference. Crown (of the head). Parting of the hair.
از هم ف. دارند / با هم ف. دارند পরস্পরের মধ্যে মতপার্থক্য/ব্যবধান আছে। They differ from each other. چه ف. می کند এতে কি আসে যায়? এতে পার্থক্য কি? What difference does it make? ف. گذاشتن পার্থক্য করা; বৈষম্য করা। To make a difference; discriminate. ف. بازکردن মাথার চুলের সিঁথি করা। To part the hair.

فرق (ফেরাগ্ব/ ferağ) [فرقه এর ব.ব./ pl. of فرقه].

فرقان (ফোর্গ্বা'ন্/ forğăn) সত্য-মিথ্যার মধ্যে পার্থক্যকারী। Distinction between truth and falsehood.

فرقد (ফার্গ্বাদ/ farğad) উত্তর আকাশের তারকা বিশেষ। Pointer.

فرقه (ফের্গ্বে/ferğe) [ব.ব./pl.فرق] শ্রেণী; সম্প্রদায়; ফের্কা। Sect. Caste. [তুল./ Cf. حزب].

فرم (ফোর্ম্/ form) ১/1)= شکل ২/2) কাঠামো; বাহ্যিক অবয়ব; গঠন; অবস্থা। Forme.

فرما (ফার্মা'/farmă) [فرمودن এর অনু./ Imp. of فرمودن].

فرمالیته (ফোর্মা'লীতে/ formălite) ভদ্রতার রীতিনীতি; আনুষ্ঠানিকতা। Formality; ceremoney. [তুল./ Cf. تشریفات/آئین].

فرمان(ফার্মা'ন্/farmăn) [ব.ব./pl. فرامین] আদেশ; নির্দেশ; রাষ্ট্রীয় ফরমান; নিয়ন্ত্রণ; গাড়ির স্টীয়ারিং হুইল। Command; order. Firman. Control. Word of command. Steering-wheel.

فرمان بر(ফা.-বার্/f.-bar) অনুগত; বাধ্য; যে ওপরস্থ ব্যক্তির নির্দেশ কার্যকর করে বা অন্যকে পৌঁছে দেয়। Obedient.

فرمانبردار (ফা.-বোর্দা'র্/ f.-bordăr) অনুগত; বাধ্য; যে ওপরস্থ ব্যক্তির নির্দেশ মেনে চলে। Obedient.

فرمانبرداری(ফা.-বোর্দা'রী/f.-bordări) আনুগত্য। Obedience.

فرماندار (ফা.-দা'র্/ f.-dăr) প্রশাসক; গভর্নর। Governor.

فرمانداری(ফা.-দা'রী/f.-dări) প্রশাসকের পদ/দায়িত্ব; গভর্নরের দফতর বা বাসস্থান। Gevernorship.

Governor's office or residence.

فرمانده (ফা.-দেহ্/ f.-deh) অধিনায়ক। Commander.

فرماندهی (ফা.-দেহী/ f.-dehi) অধিনায়কত্ব; অধিনায়কের পদ/ দায়িত্ব; অধিনায়কের দফতর। Command of an army.

فرمانروا (ফা.-রাভা'/ f.-ravă) বাদশাহ; রাজা; শাসক। Ruler; sovereign.

فرمانروایی (ফা.-রাভা'য়ী/ f.-rawăyi) রাজত্ব; রাজ্য শাসন। Rule; sovereignty.

فرمان فرما (ফা.-ফার্‌মা'/ f.-farmă) আদেশদানকারী; শাসক; গভর্নর জেনারেলের পুরাতন উপাধি বিশেষ। [Old tittle of a] governor-general.

فرمایش (ফার্‌মা'য়েশ্‌/ farmăyeš) ফরমায়েশ; আদেশ; কার্যের ভার; কথা; বক্তব্য। Order; command. Something said; words; remarks. چه ف. دارید؟ দয়া করে বলুন আপনার বক্তব্য কি? আপনার জন্য কি খেদমত করতে পারি? What do you (want to) say, please? What can I do for you?

فرمایشات(ফার্‌মা'য়েশা'ত্‌/farmăyešat) = فرمایش এর ব.ব./pl. of فرمایش].

فرمایشی (ফার্‌মা'য়েশী/ farmăyeši) ১/1)= سفارشی অর্ডার অনুযায়ী তৈরী জিনিস। Made to order. ২/ 2) আদেশকৃত। Ordered; inspired.

فرمز (ফোর্‌মোয্‌/ formoz) ফরমোজা দ্বীপ। Formosa.

فرمژه (ফোর্‌মোজ্বে/ formoẑe) চোখের পাপড়ি কোঁকড়ানোর যন্ত্র। Eyelash curler.

فرمودن(ফারমূদান্‌/farmudan) [فرما(ی)] আদেশ করা; নির্দেশ দেওয়া; ঘোষণা করা; বলা। To bid; order; command. To say. بفرمائید ব্যাপকভিত্তিক অনুরোধবাচক শব্দ [যেমনঃ আসুন, বসুন, খান, দেখুন, চলুন ইত্যাদি] Please take a seat. Come. Go. Speak, say, or go on, please. Help yourself.

فرموده(ফার্‌মূদে/farmude) ১/1)= فرمودن এর ক্রি. বিণ./ p.p. of فرمودن ২/2) আদেশ; নির্দেশ; সুপারিশ; বক্তব্য। Commandment; precept.

فرمول (ফোর্‌মূল্‌/ formul) অনুমোদিত বিধি; প্রক্রিয়া; পদ্ধতি। Formula.

فرنج (ফেরেন্‌জ/ ferenj) সৈনিকের বা পুলিশের আঁটসাঁট জামা বিশেষ। Tunic.

فرنسیس (ফারান্‌সীস্‌/ faransis) ইউরোপীয় চামড়া বিশেষ। European leather.

فرنگ (ফারাঙ্‌/ farang)= فرنگستان ইউরোপ। Europe.

فرنگستان (ফারাঙ্গেস্তা'ন্‌/farangestăn)= فرنگ

فرنگی (ফারাঙ্গী/ farangi) ইউরোপীয়; ফিরিঙ্গী। European.

فرنی (ফের্‌নী/ fereni) চাল, চিনি ও দুধের তৈরী পায়েশ/ ফিরনী। Pudding made with ground rice, milk and sugar.

فرو(ফোরূ/foru) কৃৎ প্রত্যয় যা ক্রিয়াপদের পূর্বে ব্যবহৃত হয় এবং 'নিম্ন', 'হীন', 'নিচ' ইত্যাদি প্রকাশ করে। [Used in

compound verbs] Dawn (word)
ف. بردن. গিলে ফেলা; (পানির) গ্রাস করে ফেলা। To swallow. To dip. To sink. ف. رفتن ডুবে যাওয়া; বসে যাওয়া; তলিয়ে যাওয়া। To sink; go down. To plunge. ف. ریختن ধ্বসে পড়া; পড়ে যাওয়া। To collapse; fall down; fall in. ف. کردن বসিয়ে দেওয়া; প্রবেশ করিয়ে দেওয়া (কোন বস্তুর মধ্যে); ঢুকানো। To thurst. To stick. ف. کشیدن পাশে সরিয়ে নেওয়া। To subside. ف. کوفتن আঘাত করে নিচের দিকে দাবিয়ে দেওয়া; এমনভাবে প্রহার করা যাতে প্রহৃত ব্যক্তি দাঁড়িয়ে থাকার ক্ষমতা হারিয়ে বসে পড়ে। To knock down. ف. گذاشتن বাদ দেওয়া; পরিত্যাগ করা। To omit or leave out. ف. ماندن از কোন কাজ করতে অক্ষম হওয়া। To be unable to do. ف. نشاندن দাবিয়ে রাখা; পাশে সরে যেতে/ পথ ছেড়ে দিতে বাধ্য করা। To suppress. To quench; cause to subside. ف. نشستن বসে পড়া; বসে যাওয়া; সরে যাওয়া। To subside. To be quenched. To sink.

فروتن (ফোরূতান্/ forutan) বিনীত। Humble; meek.

فروتنی (ফোরূতানী/ forutani) বিনয়; কাকুতি-মিনতি। Humility.

فروختن (ফোরূখ্তান্/ foruxtan) [فروش] বিক্রয় করা। To sell.

فروخته (ফোরূখ্তে/ foruxte) [فروختن এর ক্রি. বিণ./p.p. of فروختن].

فرود(ফোরূদ্/forud) নিম্ন; নিচু; অধোগতি; নিম্নোগতি। Down; below. Descent. ف. آمدن নিচে নেমে আসা; অবতরণ করা। To come down; to descend. To land. ف. آوردن নিচে নামিয়ে আনা। To cause to down.

فرودگاه (ফো.-গা'হ্/f.-găh) এ্যারোড্রোম; বিমান বন্দর। Aerodrome. Airport.

فروردین (ফার্ভার্দীন্/farvardin) ইরানী বর্ষপঞ্জির ৩১ দিনবিশিষ্ট প্রথম মাস। Iranian first month having 31 days.

فرو رفتگی(ফোরূ রাফ্তেগী/ foru-raftegi) দেবে যাওয়া/বসে যাওয়া অবস্থা। Depression.

فرورفته(ফো.-রাফ্তে/f.-rafte) বসে গেছে/ দেবে গেছে/ দমে গেছে এমন। Depressed. Sunken.

فروزان (ফোরূযা'ন্/ foruzăn) প্রোজ্জ্বল; আলোক-উদ্ভাসিত। Luminous; bright.

فروزندگی(ফোরূযান্দেগী/foruzandegi) আলোক-উদ্ভাসিত অবস্থা; ঔজ্জ্বল্য। Luminosity.

فروزنده (ফোরূযান্দে/ foruzande) প্রোজ্জ্বল আলোক-উদ্ভাসিত। Luminous; shining.

فروش (ফোরূশ্/ foruš) বিক্রয়। Sale. (به)ف. رفتن বিক্রি হওয়া। To be sold; sell. بفروش رساندن ১/1)= فروختن ২/2) ফেলা। To sell off.

فروش (ফোরূশ্/ foruš) [فروختن এর অনু./ Imp. of فروختن].

فروش رفتنی(ফো.-রাফ্তানী/f.-raftani)

বিক্রয়যোগ্য; বিক্রয়ের জন্য রক্ষিত/ পরিবেশিত। Salable; marketable.

فروشگاه (ফো.-গা'হ্/f.-găh) (বড়) দোকান; মূ.অ. যে জায়গায় ক্রয়–বিক্রয়ের কাজ হয়। Stores. OS. Selling place.

فروشندگی (ফোরুশান্দেগী/ forušandegi) বিক্রয়ের কাজ। Salesmanship.

فروشنده (ফোরুশান্দে/ forušande) [ব.ব./pl. فروشندگان] বিক্রেতা। Seller; dealer. Salesman.

فروشی (ফোরুশী/ foruši) বিক্রয়ের জন্য রক্ষিত/পরিবেশিত; বিক্রয়যোগ্য। For sale. Saleable.

فروع (ফোরু-/ foru') [فرع এর ব.ব./ pl. of فرع].

فروعات (ফোরুঅ'ত্/ foru'ăt) [فروع এর ব.ব./ pl. of فروع].

فروغ (ফোরুগ্/ forug̃) উজ্জ্বলতা; দ্যুতি; জ্যোতি; স্ত্রীবাচক নাম। Brightness. Fem. pr. name.

فروکش کردن (ফোরুকেশ্ কার্দান্/ forukeš kardan) স্তিমিত হওয়া; প্রশমিত হওয়া;হ্রাস পাওয়া। To subside.

فروگذار کردن (ফোরুগোযা'র্ কারদান্/ forugozăr-kardan) বাদ দেওয়া; অবহেলা করা; উপেক্ষা করা। To omit; neglect.

فروگذاری (ফোরু গোযা'রী/fru-gozări) অবহেলা বা উপেক্ষা প্রদর্শন। Omission; neglect.

فروماندگی(ফো.-মান্দেগী/f.-măndegi) দারিদ্র্য; ব্যর্থতা; অসহায়ত্ব; অবসাদগ্রস্ততা। Weariness. Failure. Distress. Astonishment.

فرومانده(ফো.-মা'ন্দে/f.-mănde) ক্লান্ত; পরিশ্রান্ত; শক্তিহীন; অক্ষম; বিহ্বল। Weary. Unable (to do any thing). Astonished.

فرومایگی (ফো.-মা'য়েগী/ f.-măyegi) নিচতা; হীনতা; দারিদ্র্য। Baseness.

فرومایه (ফো.-মা'য়ে/ f.-măye) [ব.ব./pl. فرومایگان] হীন/ তুচ্ছ/কদর্য/দরিদ্র (লোক)। Base or ignoble (person); mean.

فروند (ফারভান্দ্/ farvand) [নৌযান; কামান; বিমান ইত্যাদি গণনার জন্য ব্যবহৃত শব্দ] [Word used in counting ships]. ده فروند کشتی ১০টি নৌ জাহাজ। 10 ships.

فرهاد (ফার্‌হা'দ্/farhăd) পুংবাচক নাম। Mas. pr. name.

فرهنگ (ফার্‌হাঙ্গ্/ farhang) সংস্কৃতি; শিক্ষা; শব্দকোষ; অভিধান। Culture. Education. Dictionary.

فرهنگستان (ফার্‌হাঙ্গেস্তা'ন্/ farhangestăn) সাংস্কৃতিক কেন্দ্র; শিক্ষায়তন; একাডেমী। Academy.

فرهنگ نویس (ফারহাঙ্গ্ নেভীস্/ farhang-nevis) অভিধান রচয়িতা। Lexicographer.

فرهنگی (ফার্‌হাঙ্গী/farhangi) সাংস্কৃতিক; শিক্ষা বিষয়ক। Cultural. Educational.

فرهی (ফার্‌রাহী/ farrahi)= شکوه

فریاد(ফারীয়া'দ্/faryăd) চিৎকার; অভিযোগ; চিৎকার করে বিলাপ/ ক্রন্দন।

Shout; cry. ف . کردن চিৎকার করা; চিৎকার করে বিলাপ/ অভিযোগ করা। To shout. To cry.
بفریاد کسی رسیدن কাউকে সাহায্য করা/উদ্ধার করা। To come to a person's rescue.

فریاد رس(ফা.-রাস্/f.-ras) কারো আর্তনাদে সাড়া দানকারী; কারো আর্তনাদে সাড়া দিয়ে তাকে উদ্ধারকারী/ সহায়তাকারী। One who come to another's rescue.

فریب (ফারীব্/ farib) প্রতারণা; ছলনা; প্রবঞ্চনা; চাতুরী। Deceit; fraud.
ف . خوردن প্রতারিত হওয়া। To be deceived. প্রতারণা করা; ধোঁকা দেওয়া। To deceive.

فریب (ফারীব্/farib) [فریفتن এর অনু./ Imp. of فریفتن].

فریبا (ফারীবা'/ faribă)= فریبنده

فریب آمیز (ফারীব্অ'মীয্/ faribămiz) প্রতারণামূলক। Deceitful.

فریبرز (ফারীবোর্য্/ fariborz) সুঠামদেহী; দীর্ঘদেহী; পুংবাচক নাম। Having a well-shaped body; Mas. pr. name.

فریبندگی (ফারীবান্দেগী/ faribandegi) প্রতারণা; মনোহারিত্ব। Charm.

فریبنده (ফারীবান্দে/feribande) আকর্ষণীয়; মনোহারী; প্রতারণামূলক। Charming. Fallacious. Deceitful.

فرید (ফারীদ্/ farid) একক; অনুপম; পুংবাচক নাম। Single. Unique. Mas. pr. name. [দ্র./ S.u. فریده].

فریده(ফারীদে/ faride) [ব.ব./pl.فراید] অনুপম/ বহুমূল্য মুক্তা; স্ত্রীবাচক নাম। Unique or precious pearl. Fem. pr. name [فرید এর স্ত্রী./Fem. of فرید].

فریدون (ফেরেইদূন্/fereydun) পুংবাচক নাম। Mas. pr. name.

فریسی (ফারীসী/ farisi) ফারিসীঃ প্রাচীন ইহুদী ধার্মিক-পণ্ডিত; ভণ্ড; ভণ্ড তাপস। Pharisee.

فریضه(ফারীযে/farize) [ব.ব./pl. فرایض] আল্লাহ্‌র হুকুম-আহকাম, (যথাঃ নামায, রোযা, ইত্যাদি) ফরয; ধর্মীয় কর্তব্যকর্ম। Precept (of God); religious duty.

فریفتگی(ফারীফ্‌তেগী/fariftegi) বিমুগ্ধতা; প্রতারিত অবস্থা; প্রণয়াসক্তি। Delusion. Inveiglement.

فریفتن (ফারীফ্‌তান্/ fariftan) [فریب] প্রতারণা করা; প্রেমমুগ্ধ করা। To deceive. To enamour.

فریفته (ফারীফ্‌তে/farifte) [فریفتن এর ক্রি. বিণ./ p.p. of. فریفتن].

فریق (ফারীগ্/ fariğ) সম্প্রদায়; গোষ্ঠী। Party; sect. Company.

فزایش (ফাযা'য়েশ্/ fazăyeš)= افزایش

فزع (ফাযা-/ faza') ভয়; ত্রাস; সাহায্যের জন্য ডাকা; আর্তনাদ। Fear. Call for help.

فزودن (ফোযূদান্/ fozudan)= افزودن

فزون (ফোযূন্/ fozun)= افزون

فساد(ফাসা'দ্/ fasăd) দুর্নীতি; অনাচার; গণ্ডগোল; বিশৃঙ্খলা; ষড়যন্ত্র; ফিৎনা; জুলুম-অত্যাচার; ধ্বংস। Corruption. Deterioration; decay. Sedition.

فساد اخلاق চরিত্রহীনতা। Immorality. فساد عقیده ধর্মীয় বিশ্বাসে বিকৃতি। Heresy. ف. برپا کردن বিশৃঙ্খলা; বিদ্রোহ সৃষ্টি করা। To excite a sedition.

فسان (ফাসা'ন্/ fasǎn) [سنگ . ف বোঝাতে/ For سنگ . ف] শান পাথর। Whetstone.

فسانه (ফাসা'নে/ fasǎne)= افسانه

فسحت (ফোস্হাত্/ foshat) প্রশস্ততা; বিশালতা; মুক্তি। Space; amplitude.

فسخ (ফাস্খ্/fasx) বাতিলকরণ; ছিন্নকরণ; লংঘন। Dissolution. Annulment. ف. کردن বাতিল করা; ছিন্ন করা। To dissolve. To annul; cancel; terminate. غیر قابل ف যা বাতিলযোগ্য নয়। Irrevocable.

فسردن(ফাসোর্দান্/fasordan)= افسردن

فسرده (ফাসোর্দে/ fasorde)= افسرده

فسفات (ফোস্ফা'ত্/ fosfǎt) ফসফেট। Phosphate.

فسفر (ফোস্ফোর্/ fosfor) ফসফরাস। Phosphorus.

فسفری (ফোস্ফোরী/ fosfori) ফসফরাস সংক্রান্ত; ফসফরাস ঘটিত; ফসফরাসযুক্ত। Phosphorous or phosphoric.

فسفس کردن (ফেস্ফেস্ কার্দান্/ fesfes kardan) বিলম্ব করা; গড়িমসি করা; আলস্যে বা অবহেলায় সময় নষ্ট করা। To tarry; linger; dally.

فسق (ফেস্গ্/ fesğ) অবাধ্যতা; পাপ। Debauchery; fornication.

فسقلی(ফেস্গেলী/fesğeli) ছোট; (তুচ্ছার্থে) ক্ষুদ্র। Tiny; contemptible.

فسنجان (ফেসেন্জা'ন্/fesenjǎn) আখরোট, ডালিমের রস ও আরো কতক উপাদান সহযোগে মুরগীর গোশতের ভুনা বিশেষ। Kind of dish with ground walnut as its chief ingredient.

فسوس (ফোসূস্/fosus)= افسوس

فسون (ফোসূন্/ fosun)= فسون

فشار (ফেশা'র্/ fešǎr) চাপ। Pressure. Stress; strain. ف. آوردن চাপ সৃষ্টি করা। To bear pressure. ف. دادن চাপ দেওয়া; চিপে রস বের করা। To pressure or squeeze. فشار خون (উচ্চ) রক্তচাপ। (High) blood pressure. فشار زندگی জীবনযাত্রার চাপ। Press of life. فشار فقر দারিদ্র্যের চাপ। Grip of poverty. ماشین ف. চাপ দিয়ে রস বের করা বা সঙ্কুচিত করার যন্ত্র। Compressor.

فشارسنج(ফে.-সান্জ্/ f.-sanj) চাপ মাপার যন্ত্র; চাপমান যন্ত্র। Pressure-gauge; manometer.

فشارنگار(ফে.-নেগা'র্/ f.-negǎr) যে যন্ত্রে চাপজনিত সংখ্যার পরিবর্তন বা রেখার ওঠানামা কাচের পর্দায় ধরা পড়ে। Barograph.

فشاری(ফেশা'রী/ fešari) যা চাপ দিয়ে তৈরী/ বন্ধ করা যায়। Pressed. دکمه ف. টিপ বোতাম। Snap (fastener).

فشردن(ফেশোর্দান্/ fešordan)

[فشر/ فشار] চাপ দেওয়া; চাপ দিয়ে আঙ্গুর ইত্যাদির নির্যাস বের করা। To tread, as grapes. [দ্র./ فشرد S.u. فشار دادن]।

فشرده(ফেশোর্‌দে/ fešorde) [فشردن- এর ক্রি. বিণ./ p.p. of فشردن] নির্যাস; চাপ প্রয়োগ করা হয়েছে এমন; ঘনীভূত; চাপ দিয়ে ঠাসাঠাসি হয়েছে/ছোট করা হয়েছে এমন। Pressed. Squeezed. Condensed. Compressed.

فشفشه(ফেশ্‌ফেশে/ fešfeše) হাউই; কাগজ বা পিচবোর্ডের তৈরী সুঁচালো মাথাবিশিষ্ট চোঙায় বারুদ পুরে তৈরী খেলনা রকেট। (Sky) rocket; jet.

فشنگ(ফেশাঙ্গ্‌/ fašang) আগ্নেয়াস্ত্রের গুলী। Cartridge.

فشنگ پر کن(ফে.-পোর্‌কোন্‌/f.-porkon) বন্দুকের চেম্বারে গুলী ভরার বোল্ট। Cartridge-filler.

فصاحت(ফাসা'হাত্‌/fasăhat) বাকপটুতা; ভাষার প্রাঞ্জলতা; বিশুদ্ধ কথন। Eloquence.

فصاد(ফাস্‌সা'দ্‌/ fassăd)= رگزن

فصح(ফেস্‌হ্‌/ fesh) [عید فصح অর্থে/ For عید فصح] পবিত্র উৎসবঃ (ইহুদীদের) বনি ইসরাইলের মিসর থেকে বহির্গমন স্মরণে উৎসব/ (খৃস্টানদের) হযরত ঈসার (আঃ) ঊর্ধ্বারোহণ স্মরণে উৎসব। Passover.

فصحاء(ফোসাহা'/ fosahă) [فصیح এর ব.ব./ pl. of فصیح].

فصد(ফাস্‌দ্‌/fasd) শিঙ্গা (বর্তমানে সিরিঞ্জ) দ্বারা শিরা হতে রক্ত মোক্ষণ পূর্বক চিকিৎসা। Phlebotomy.

فصل(ফাস্‌ল্‌/ fasl) [ব.ব./pl. فصول] ভাগ; অধ্যায়; ঋতু; সমাধান; বিরোধ মীমাংসা; মূ.অ. দু'য়ের মধ্যে তফাৎ। Section; chapter. Season. Settling; deciding. OS. Separation.

فصلی(ফাস্‌লী/ fasli) বিশেষ ঋতুর সাথে সম্পর্কযুক্ত; মওসুমী; সাময়িক। Seasonal.

فصول(ফোসূল্‌/ fosul) [فصل এর ব.ব./ pl. of فصل]

فصیح(ফাসীহ্‌/ fasih) ১/1) বাকপটু; চারুবাক; প্রাঞ্জলভাষী; সাহিত্য-অলংকারবহুল। Eloquent. Clear. Rhetorical. ২/2) [শুধু ব.ব. আকারে/ only in the pl. فصحاء প্রাঞ্জলভাষী লেখক বা বক্তা। Eloquent writers or orators].

فضا(ফাযা'-/fază) উন্মুক্ত স্থান; মহাশূন্য; পরিবেশ; খোলা জায়গা। Space. Room.

فضاحت(ফাযা'হাত্‌/ fazăhat) লাঞ্ছনা; অপমান। Disgrace. ف.کردن ন্যক্কারজনক কাজ করা। To act disgracefully.

فضاحت آمیز(ফা.-অ'মী'য্‌/ f.-ămiz) অপমানজনক; লজ্জাকর; মর্যাদাহানিকর। Disgraceful.

فضادار(ফাযা'দা'র্‌/ fază-dăr) যথেষ্ট জায়গাবিশিষ্ট; খোলামেলা (জায়গা)। Spacious; roomy.

فضائح(ফাযা'এহ্‌/ fazăeh) [فضیحت এর ব.ব./ pl. of فضیحت].

فضائل(ফাযা'এল্/ fazăel) [فضيلت এর ব.ব./ pl. of فضيلت].

فضائی(ফাযা'ঈ/ faza'i) [স্ত্রী/ Fem. فضائيه] মহাশূন্য সংক্রান্ত। Dealing with space.

فضائيه (ফাযা'ইয়্যা/fază'iyye) [فضائی এর স্ত্রী./Fem. of فضائی] هندسه فضائيه মহাশূন্য বিষয়ক জ্যামিতি। Solid geometry.

فضل(ফায্ল্/ fazl) অনুগ্রহ; বদান্যতা; আধিক্য; পূর্ণতা; শ্রেষ্ঠত্ব; জ্ঞান; গুণ। Favour; grace. Excellence; merit. Learning.

فضلاء(ফোযালা'-/ fozală') [فاضل এর ব.ব./pl. of فاضل].

فضل الله(ফায্লোল্লা'হ্/fazlollăh) পুংবাচক নাম; মূ. অ. আল্লাহ্র অনুগ্রহ। Mas. pr. name. OS. God's grace.

فضله(ফায্লে/fazle) অবশিষ্ট; বর্জ্য; বিষ্ঠা। Residue. Excrement.

فضول(ফোযূল্/fozul) অনর্থক; অপ্রয়োজনীয়; যে সবজান্তাভাব দেখায়; ফাযিল (লোক); মূ. অ. অবাঞ্ছিত হস্তক্ষেপ/ অনুপ্রবেশ বা বাচালতা করা। Meddler. Nosy person. Intruder. Blabber. Know-all. OS. Meddling.

فضولات(ফোযূলা'ত্/fozulat) বর্জ্য পদার্থ; অকাজের জিনিস; বিষ্ঠা। Waste matter; refuse; residue.

فضولی(ফোযূলী/ fozuli) অনধিকার চর্চা; মূ. অ. অবাঞ্ছিত অনধিকার চর্চাকারী। Meddling; officiousness. OS. One who meddles. معاملات ف যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া লেন-দেন/বেচাকেনা। Unauthorized transaction. ف. کردن ফাযলামি করা; অযথা হস্তক্ষেপ করা। To meddle. To blab.

فضيح(ফাযীহ্/ fazih) [স্ত্রী./ Fem. فضيحه] অপমানিত; কুখ্যাতির কারণে যে লজ্জায় জড়োসড়ো। Disgraced.

فضيحت(ফাযীহাত/ fazihat) [ব.ব./pl. فضائح= فضيحه] অপমান; লাঞ্ছনা; লজ্জাজনক কাজ। Disgrace. Shameful act. ف. کردن অপমানিত/ লাঞ্ছিত করা। To disgrace or betray.

فضيحت آميز(ফা.-অ'মীয্/ f.-ămiz) অপমানজনক; লাঞ্ছনাকর; কেলেঙ্কারিপূর্ণ। Disgraceful; shameful. Scandalous.

فضيحت آور(ফা.-অ'ভার্/ f.-ăvar)= فضيحت آميز

فضيحه(ফাযীহে/ fazihe)= فضيحت

فضيلت(ফাযীলাত্/ fazilat) [فضائل] ফাযিলত; প্রকৃষ্টতা; জ্ঞান; মর্যাদা; শ্রেষ্ঠত্ব। Virtue; excellence; superiority. Attainment. ف. داشتن بر কারো ওপর শ্রেষ্ঠত্বের/ মর্যাদার অধিকারী হওয়া। To excel; be preferable to.

فطانت(ফাতা'নাত্/ fatănat) বুদ্ধিমত্তা; তীক্ষ্ণ বোধশক্তি; বিচক্ষণতা। Intelligence. Sagacity.

فطر(ফেত্র্/ fetr) রোযা খোলা; উপবাস ভঙ্গ করা। Breaking a fast.

فطرت(ফেত্রাত্/ fetrat) প্রকৃতি; স্বভাব; সৃষ্টি। Nature; temperament.

فطرةً(ফেত্রাতান্/fetratan) স্বভাবগত ভাবে। By nature.

فطری(ফেত্রী/fetri) প্রকৃতিগত; স্বভাবগত। Natural; innate.

فطیر(ফাতীর্/fatir) সহজবোধ্য; সহজলভ্য; ভালভাবে খামির তৈরি করা হয়নি এমন (রুটি)। Unleavened (bread).

فعال(ফা-অ'ল্/ fa'ăl) কর্মঠ; কর্মতৎপর; কর্মরত। Active; energetic.

فعالیت(ফা-অ'লিয়্যাত্/fa'ăliyyat) কর্মব্যস্ততা; কর্মতৎপরতা। Activity.

فعل (ফে-ল্/ fe'l) [ব.ব./pl. افعال] কাজ; কর্ম; সম্পাদন; ক্রিয়া। Act; action; deed. verb.

فعلا (ফে-লান্/fe'lan) বর্তমানে; আপাতত; কার্যত। At present. Actually.

فعلگی (ফা-আলেগী/faalegi) কায়িক পরিশ্রম; কুলিগিরি। (Menial) Labour; work done by a coolie.

فعله (ফাআলে/faale) [فاعل এর ব.ব./ pl. of فاعل]. কুলি। Coolie(s).

فعلی(ফে-লী/fe'li) বর্তমান; ক্রিয়া বিষয়ক। Present; verbal. وضع فعلی বিরাজমান/ বর্তমান অবস্থা। The existing state of affairs.

فغان (ফাগ্বা'ন্/fağăn) বিলাপ/ আর্তনাদ/ আফসোসসূচক শব্দ! হায়! Wailing: Alas!

فغفوری (ফাগ্বফূরী/fağfuri) চীনা সম্রাটের সাথে সংশ্লিষ্ট। Belonging to the Chinese emperors.

فقار (ফাগ্বা'র্/fağăr) মেরুদণ্ডের অস্থিসমূহের যে কোনটি। Vertebrae. [তুল./ Cf. فقره].

فقاع (ফোগ্ব[গ্বা]'-/foğ[ğ]ă') ১/1) آبجو ২/2) ভাত বা ফল পচিয়ে তৈরী মদ। Drink made of rice or fruits.

فقدان (ফেগ্বদা'ন্/feğdăn) অনুপস্থিতি; হারানো; অভাব; না থাকা; মৃত্যু। Absence; lack. Loss. Bereavement.

فقر (ফাগ্বর্/ fağr)= تهیدستی দারিদ্র্য। Poverty.

فقراء(ফোগ্বারা'-/ foğară') [فقیر এর ব.ব./ pl. of فقیر].

فقرات (ফাগ্বারা'ত্/fağarăt) [فقره এর ব.ব./ pl. of فقره].

فقره (ফাগ্বারে/fağare) [ব.ব./pl. فقار/ فقرات] বাছাই করা বাক্য; মেরুদণ্ডের হাড় (এক একটি); বিষয়; কোন জিনিসের তালিকা। Vertebra. Passage. Point. Item; entry.

فقط (ফাগ্বাত্/ fağat) শুধু; কেবল; মাত্র। Only.

فقه(ফেগ্বহ্/feğh) ইসলামী শরীয়তের আইন; ফিকাহ্। Religious jurisprudence.

فقها (ফোগ্বাহা'/ foğahă) [فقیه এর ব.ব./ pl. of فقیه].

فقید (ফাগ্বীদ্/fağid) (সম্মানার্থে) যিনি হারিয়ে গেছেন; মৃত; মরহুম। Lost; missing. Dead; deceased.

فقیر(ফাগ্বীর্/ fağir) = بینوا/ تهیدست দরিদ্র। Poor.

فقیری(ফাগ্বীরী/fağiri)= تهیدستی দারিদ্র্য। Poverty.

فقیه(ফাগ্বীহ্/fağih) ফকীহঃ ইসলামী আইন বিশেষজ্ঞ; মুজতাহিদ। Jurisconsult (in Islamic law).

فک(ফাক্[ক্]/ fak[k]) খোলা মুক্তকরণ; উন্মুক্তকরণ; পৃথককরণ। Separation. Removal. Redemption.

فک (ফোক্[ক্]/ fak[k])= آرواره

فکاهت (ফাকা'হাত্/fokăhat)= شوخی ঠাট্টা; রসিকতা। Humour.

فکاهی (ফোকা'হী/fokăhi) কৌতুকপ্রিয়। Humorous [স্ত্রী./ Fem. فکاهیه ব.ব./pl. فکاهیات].

فکاهیات (ফোকা'হিয়্যা'ত্/fokăhiyyăt) রসিকতা; রসিকতাপূর্ণ কথা; হাস্যকৌতুক। Humorous ancedotes; humours; jokes.

فکر (ফেক্র্/ fekr) [ব.ব./ pl.افکار] চিন্তা; ধারণা; যত্ন; ভাবনা। Thought; reflection. Idea. Mind. Care. ف . کردن চিন্তা করা। To think. بفکر انداختن চিন্তায় ফেলে দেওয়া; চিন্তা করতে বাধ্য করা। To set thinking. توی ف . رفتن চিন্তা শুরু করা; চিন্তায় ডুবে যাওয়া। To begin to think. در فکر چیزی بودن (কোন কিছুর চিন্তায় থাকা; কোন কিছুর ব্যাপারে যত্নবান হওয়া। To care for, think about, or look after something.

فکرت (ফেক্রাত্/ fekrat) গভীর চিন্তা; অনুধ্যান। Reflection. Meditation.

فکری (ফেক্রী/fekri) মানসিক; চিন্তামূলক। Mental. Melancholic.

فکل (ফোকোল্/ fokol) জামার এমন কলার যা জামা থেকে বিচ্ছিন্ন করা যায়। (Detachable) collar. ف . زدن জামার গলায় (আলাদা) কলার লাগানো। To wear a collar.

فکندن(ফাকান্দান্/fakandan)= افکندن

فکور(ফাকূর্/ fakur) চিন্তাশীল (ব্যক্তি)। Able to think deeply. آدم فکور চিন্তাবিদ; চিন্তাশীল ব্যক্তি। Deep thinker. Great thinker.

فکی (ফাক্কী/ fakki) চোয়াল সম্বন্ধীয়। Maxillary. Mandibular.

فگار (ফাগা'র্/ fagăr)= افگار

فگانه(ফাগা'নে/ fagăne)= افگانه

فلات (ফালা'ত্/falăt) [ব.ব./pl.فلوات] বৃহৎ পানিশূন্য মরুভূমি; মালভূমি। Extensive and waterless desert. Plateau. فلات قاره কোন দেশের নিজস্ব সমুদ্র উপকূল। Continental shelf.

فلاح (ফালা'হ্/ falăh)= رستگاری

فلاح (ফাল্লা'হ্/ fallăh)= کشاورز কৃষক; চাষী। Agriculturist. Peasant; fellah.

فلاحت (ফালা'হাত্/falăhat)=کشاورزی কৃষি কাজ। Argriculture. ف . کردن কৃষি কাজ করা; জমি চাষ করা। To farm; cultivate the land.

فلاحتی (ফালা'হাতী/ falăhati) কৃষি সংক্রান্ত। Agricultural.

فلاخن (ফালা'খোন্/ falăxon) প্রস্তরাদি নিক্ষেপ করার গুলতি/বাঁটুল। Sling.

فلاسفه (ফালা'সেফে/ falăsefe) فیلسوف এর ব.ব./ pl. of فیلسوف].

فلاکت (ফালা'কাত/falăkat)=فلکزدگی

فلاکت بار (ফা.-বা'র্/f.-băr) দুঃখ-দুর্দশাপূর্ণ; দারিদ্র্যপূর্ণ; দুর্ভাগ্যজনক। Miserable. Deplorable.

فلامک(ফালা'মাক্/falămak) বিশেষভাবে কাটা হীরা এক সময় হল্যাণ্ডী বণিকরা যার ব্যবসা করত। Rose diamond

[الماس ف . ও বলা হয়/ also الماس ف .].

فلان (ফোলা'ন্/ folăn) অজ্ঞাত ব্যক্তি বা বস্তু সম্পর্কিত উল্লেখঃ অমুক। Such and such; a certain. Such and such a person. Any one.

فلانل (ফেলা'নেল্/ felănel) এক ধরনের কাপড়; ফ্লানেল কাপড়। Flannel.

فلانی (ফোলা'নী/ folăni) অমুক ব্যক্তি। Such and such a person.

فلج (ফালাজ/falaj) পক্ষাঘাত। Paralysis; palsy. ف . كردن অবশ/অচল করে দেওয়া। To paralize.

فلز (ফেলেয্[য্]/felez[z]) [ব.ব./pl.فلزات] ধাতু। Metal. شبه ف . ধাতুবৎ অধাতু পদার্থ; ধাতুতুল্য। Metalliod.

فلز آلات (ফে.-অ'লা'ত্/ f.-ălăt) ধাতব পদার্থের তৈরী জিনিসপত্র। Hardware; metal ware.

فلزی(ফেলেযী/felezi) ধাতুর তৈরী; ধাতব। Metallic; of metal.

فلس (ফাল্স্/ fals) ইরাকের এককালীন ক্ষুদ্রতম এককের মুদ্রা বিশেষ; মাছের আঁশ; খোসপাঁচড়ার খোসা। Small copper coin. Scale of a fish. Scab. [তুল. ব.ব./pl. فلوس].

فلسطين (ফেলেস্তীন্/ felestin) ফিলিস্তিন। Palestine.

فلسفه (ফাল্সাফে/ falsafe) দর্শন। Philosophy.

فلسفی (ফাল্সাফী/falsafi) দর্শন বিষয়ক; দর্শন সম্বন্ধীয়। Philosophical.

فلفل (ফেলফেল্/ felfel) মরিচ। Pepper.

فلفل دان(ফে.-দা'ন্/f.-dăn) মরিচ রাখার পাত্র; মরিচদানী। Pepper-box.

فلفل نمکی(ফে.-নামাকী/ f.-namaki) লবণমিশ্রিত মরিচের গুঁড়া। Pepper-and-salt. Grizzly.

فلفلی (ফেল্ফেলী/ felfeli) ছোট কিন্তু অতিরিক্ত চটপটে; ইঁচড়ে পাকা; মৃ.অ. মরিচের ন্যায়। Tiny but smart; dapper. Precocious. OS. Peppery.

فلق (ফালাগ্ব/ falağ) প্রাতঃকাল প্রত্যূষ। Morning twilight.

فلک (ফালাক্/ falak) [ব.ব./ pl.افلاك] নভোমণ্ডল; গ্রহ-নক্ষত্রের কক্ষপথ; ভাগ্য/অদৃষ্ট। Firmament. Heavenly sphere. Orbit. Fortune; also, desting.

فلک (ফালাক্/ falak)= فلكه চাবুক মারার জন্য যে কাঠের মাঝখানে খাটো রশি দিয়ে অপরাধীর পা বাঁধা হয়। (Wooden instrument used for the) bastinado. ف . كردن কাঠের সাথে পা বেঁধে বেত্রাঘাত করা। To bastinado; give the bastinado (to).

فلک زدگی (ফা.-যাদেগী/ f.-zadegi) দুর্ভাগ্য; শারীরিক বা মানসিক যন্ত্রণা বা ক্লেশ। Adversity. Affliction.

فلک زده (ফা.-যাদে/ f.-zade) দুর্ভাগা; ভাগ্য-বিতাড়িত। Unfortunate. Afflicted.

فلکه (ফালাকে/ falake)= فلک

فلکه(ফালাকে/falake) রাস্তার গোল চক্কর; বৃত্তাকার ময়দান; সুতা কাটার টাকু। Belt-pulley. Traffic circle. Whirl of a spindle. شیر فلکه ای পানি বা অন্য তরল পদার্থের প্রবাহ নিয়ন্ত্রণকারী চাকাযুক্ত চাবি ও ভাল্ভ। Gate-valve.

فلکی(ফালাকী/ falaki) মহাজাগতিক; মহাকাশ সম্বন্ধীয়; জ্যোতির্বিদ্যা সংক্রান্ত। Celestial. Astronomical. [স্ত্রী./ Fem. فلکیه].

فلنگ را بستن (ফেলেঙ্গ 'রা' বাস্‌তান্/ feleng-rǎ-bastan) কেটে পড়া; পালিয়ে যাওয়া। To pack off; buzz off.

فلوات (ফালাভা'ত্/ falavǎt) [فلات এর ব.ব./ Pl. of فلات].

فلوت (ফোলূত্/ folut) বাঁশী। Flute. ف . زدن বাঁশী বাজানো। To (play on the) flute.

فلوت زن (ফো.-যান্/f.-zan) বংশীবাদক। Flutist.

فلوس (ফোলূস্/ folus) ইরাকের এককালীন প্রাচীন ক্ষুদ্রতম এককের মুদ্রা ফাল্‌স্ (-এর ব.ব.)। Small copper coins. [দ্র./S.u. فلس].

فلوکس (ফোলূক্‌স্/foluks) পাতাবাহার জাতীয় উদ্ভিদ বিশেষ। Phlox.

فم (ফাম্/ fam) ১/1)= دهن ২/2) دهانه [দ্র. ব.ব./See the pl. افواه]. فم قصبه الريه শ্বাসরুদ্ধ। Glottis. فم معده পরিপাকযন্ত্রের মুখগহ্বর। Cardia.

فم الحوت (ফামোল্‌হূত্/ famol-hut) মীন রাশি নামক নক্ষত্রমণ্ডলের (যাকে মাছ কল্পনা করা হয়েছে) মুখ। Fomalhaut.

فن (ফান্[ন]/fan[n]) [ব.ব./Pl.فنون] কলা; বিজ্ঞান; কৌশল। Branch of knowledge. Technique.

فناء (ফানা'-/ fanǎ') ধ্বংস; বিলয়; বিলুপ্তি; নিশ্চিহ্নতা; অনস্তিত্ব। Annihilalion; destruction; ruin. ف . شدن ধ্বংস/নিশ্চিহ্ন হয়ে যাওয়া। To be annihilated. To be ruined. به باد ف . دادن ধ্বংসের কবলে নিক্ষেপ করা। To annihilate. To dissipate.

فناپذیر (ফা.-পাযীর্/ f.-pazir) ধ্বংসশীল; নশ্বর; মরণশীল। Destructible. Mortal.

فناناپذیر (ফা.-না'পাযীর্/ f.-nǎ-pazir) অমর; অবিনশ্বর। Indestructible.

فنج (ফান্‌জ্/fanj)=پنج যার অণ্ডকোষ ফুলে গেছে; অণ্ডকোষ ফোলা রোগী; বিরাট। Punch.

فنجان (ফেন্‌জা'ন্/ fenjǎn) চায়ের কাপ। Cup.

فنجانی (ফেন্‌জা'নী/ fenjǎni) পেয়ালা আকৃতির। Cup-shaped. Cotyloid.

فندق (ফান্‌দোগ্ব/ fandoğ) বাদাম জাতীয় ফল বিশেষ। Hazel-nut; filbert.

فندق شکن (ফা.-শেকান্/ f.-šekan) (ফোন্‌দোগ্ব জাতীয় শক্ত) বাদাম ভাঙ্গার হাতিয়ার। Nut-cracker.

فندقک (ফান্দোগ্বাক্/fandoğak) বাদাম বিশেষ। Ivory-nut.

فندقه (ফান্‌দোগ্বে/ fandoğe) শাঁসবিশিষ্ট কচি শুকনা ফল। Achene; akene.

فندك (ফান্‌দাক্/ fandak) লাইটার; সিগারেট-লাইটার। Lighter; strike-a-light.

فنر (ফানার্/ fanar) স্প্রিং। Spring.

فنری(ফানারী/fanari) স্থিতিস্থাপক; স্প্রিং-এর বৈশিষ্ট্যসম্বলিত; যাতে স্প্রিং আছে। Resilient; elastic.

Working with a spring; clock-work.

فنون (ফোনূন্/ fonun) [فن এর ব.ব./ Pl. of فن].

فنی (ফান্নী/fanni) কারিগরী। Tachnical.

فنیقی (ফেনীগ্বী/feniği) ফিনিশীয়; ফিনিশিয়ান। Phoenician.

فواحش (ফাভা'হেশ্/ favăheš) [فاحشه এর ব.ব./ pl. of فاحشه].

فؤاد(ফোঅ'দ্/fo'ăd) ১/1)= دل অন্তঃকরণ। Heart. ২/2) পুংবাচক নাম। Mas pr. name.

فواره (ফাভ্ভা'রে/ favvăre) ফোয়ারা। Jet (of water); spout; fountain. فوارهٔ افشان / فوارهٔ گردان যে ফোয়ারার পানি চারদিকে ছড়িয়ে পড়ে; দীপাধার; বাতির ঝাড়। Girandole.

فواصل (ফাভা'সেল্/ favăsel) [فاصله এর ব.ব./ pl. of فاصله].

فواق (ফোভা'গ্ব/fovăğ)=سکسکه হেঁচকি; হিক্কা। Hiccup.

فواکه (ফাভা'কেহ্/ favăkeh) [فاکیه এর ব.ব./ pl. of فاکیه].

فواید (ফাভা'য়েদ্/ favăyed) [فایده এর ব.ব./ Pl. of فایده].

فوت(ফূত্/fut) ফুৎকার; ফুঁ। Puff; blow. Puffing. ف. کردن ফুঁ দিয়ে নির্বাপিত করা। To blow out; extinguish by blowing.

فوت(ফাওত্/fawt) মৃত্যু; ওফাত; ইন্তেকাল। Death; dying. ف. شدن (সময়) অতিবাহিত হওয়া; মৃত্যু ঘটা। To elapse. ف. کردن মৃত্যুবরণ করা। To die.

فوتبال(ফূত্বা'ল্/ futbăl) ফুটবল। Football.

فوتبالیست (ফুত্বা'লীস্ত্/ futbălist) ফুটবল খেলোয়াড়। Footballer.

فوتفوتک (ফূত্ফূতাক্/futfutak) খেলনা বাঁশী; এক ধরনের সাধারণ বাঁশী। Toy whistle. Kind of fife.

فوتی (ফাওতী/ fawti) অত্যন্ত জরুরী (অতি শীঘ্র)। Very urgent.

فوج (ফাওজ্/ fawj) ১/1)= هنگ ব্রিগেড; রেজিমেন্ট। Regiment. ২/2) বহু সংখ্যক; বাহিনী; দল। Multitude.

فوراً (ফাওরান্/ fawran) = بیدرنگ তৎক্ষণাৎ; সত্বর; তাড়াতাড়ি। At once; immediately.

فوران (ফাভারা'ন্/ favarăn) উথলে ওঠা; ফিনকি দিয়ে ছড়িয়ে পড়া; স্ফুরণ; স্ফুটন। Eruption. Ebullition. Effervescence.

فوری (ফাওরী/fawri) জরুরী; দ্রুত; তাৎক্ষণিক। Urgent. Immediate; quick.

فوریت (ফোওরীয়্যাত্/fowriyyat) জরুরী/ ত্বরিত; তাৎক্ষণিক প্রয়োজনীয়তা। Urgency.

فوریه (ফেভ্রিয়্যে/fevriyye) ফেব্রুয়ারী। February.

فوز (ফাওয্/ fawz)= رستگاری / کامیابی

فوق (ফোওগ্ব/ fowğ)= بالا ওপর; ওপরের অংশ। Top; upper part. در ف. উক্ত; উপরোক্ত। Above. فوق ওপরে; আড়ালে। Above; beyond.

فوق التصور(ফোওগ্বোত্তাসাভ্ভোর্/ fowğot-tasavvor) কল্পনার উর্ধ্বে। Beyond imagination.

فوق الذکر(ফাওগ্বোয্ যেক্‌র্/ fowğoz-zekr) উপরোল্লিখিত। Above mentioned.

فوق العاده(ফাওগ্বোল্ অ'দ্দে/ fawğol-ădde) বিস্ময়কর; অসাধারণ। Extraordinary.

فوقانی (ফোওগ্বা'নী/ fowğăni)= بالایی ঊর্ধ্বস্থিত; উপরিস্থিত। Upper.

فولاد (ফূলা'দ/ fulăd) = پولاد ইস্পাত। Steel.

فونو گراف (ফোনোগ্‌রা'ফ্/ fonogrăf) ধ্বনি নির্দেশক চিহ্ন বা বর্ণ। Phonograph.

فهرست (ফেহ্‌রেস্ত্/ fehrest) তালিকা; সূচীপত্র। List. Index.

فهم (ফাহ্‌ম্/ fahm) বুঝ; ধীশক্তি; বোধ। Understanding; comprehension. قابل ف. বোধগম্য। Comprehensible; intelligible. غیر قابل ف. অবোধগম্য; দুর্বোধ্য। Incomprehensible; unintelligible.

فهماندن (ফাহ্‌মা'ন্‌দান্/ fahmăndan) বোঝানো। To cause (or give) to understand.

فهمیدگی (ফাহ্‌মীদেগী/ fahmidegi) বুদ্ধিমত্তা; বোধশক্তি; বোধ। Intelligence. Prudence.

فهمیدن (ফাহ্‌মীদান্/ fahmidan) [فهم] বোঝা। To understand.

فهمیده (ফাহ্‌মীদে/ fahmide) ১/1)= فهمیدن এর ক্রি. বিণ./ p.p. of فهمیدن ২/2) বুঝশক্তিসম্পন্ন; বুদ্ধিমান; বিচারবুদ্ধিসম্পন্ন। Having common sense. Intelligent; judicious.

فهیم (ফাহীম্/fahim) বুঝশক্তিসম্পন্ন; বুদ্ধিমান। Understanding. Intelligent; Wise.

فی(ফী/fi) হারে; তে; দ্বারা; মূ.অ. মধ্যে [در]. At the rate of; at. By. OS. In. [در] Unitacost.

فیاض (ফাইয়া'য্/fayyăz)= بخشنده/ فراوان

فی الجمله(ফেল্‌জোম্‌লে/fel-jomle) সংক্ষেপে; মোটকথা। To sum up. In the abstract.

فی الحال (ফেল্‌হা'ল্/felhăl) বর্তমানে; এক্ষণে; এ অবস্থায়। At once.

فی الحقیقه (ফেল্‌হাগ্বীগ্বে/fel-hağige) প্রকৃতপক্ষে। Indeed.

فی الفور (ফেল্‌ফাওর্/fel-fawr)= فورا

فی المثل(ফেল্‌মাসাল্/fel-masal)=مثلا

فی المجلس (ফেল্ মাজ্‌লেস্/fel-majles) ঘটনাস্থলে; অকুস্থলে। On the spot.

فی الواقع(ফেল্‌ভা'গ্বে/fel-vağe)= واقعًا

فیبر(ফীব্‌র্/ fibr) আঁশ; ফাইবার বোর্ড। Fibre (-board).

فیثاغورث (ফীসা'গূরাস্/ fišağuras) পিথাগোরাসঃ গ্রীক দার্শনিক ও গণিতবেত্তা। Pythagoras.

فیثاغورثی (ফীসা'গূরাসী/ fisăgurasi) পিথাগোরাসের মতানুসারী। Pythagorean.

فیروز(ফীরূয্/ firuz)= پیروز

فیروزه(ফীরুযে/ firuze) ফিরোজাঃ এক প্রকার মূল্যবান পাথর। Turquoise.

فیروزه ای (ফীরুযেয়ী/ firuze'i) ফিরোজা রঙের; ফিরোজা পাথরসম্বলিত। Turquoise-coloured. Of turquoise.

فیروزی (ফীরুযী/ firuzi)= پیروزی

فیزیک (ফীযীক্/ fizik) পদার্থবিদ্যা। Physics.

فیزیک دان (ফী.-দা'ন্/f.-dăn) পদার্থবিজ্ঞানী। Physicist.

فیزیولوژی (ফীযীয়োলোজ্বী/ fizyoloẑi) শারীরবৃত্ত। Physiology.

فیس (ফীস্/ fis) বড়াই দেখানো; গর্ববোধ। Swelling with pride.

فیش (ফীশ্/ fiš) হিসহিস বা ফোঁস ফোঁস। Fizz. Hiss.

فیش (ফীশ্/ fiš) লিপিকা; চিরকুট; ইন্‌ডেক্স কার্ড। Slip; index card.

فیش فیشه(ফীশ্-ফীশে/fiš-fiše)= فشفشه

فیصل دادن (ফেইসাল্ দা'দান্/ feysal-dădan) মীমাংসা করা; চূড়ান্ত করা। To settle. To determine.

فیض (ফেইয্/ feyz) দয়া; অনুগ্রহ; আত্মিক প্রেরণা। Grace; blessing. Bounty.

فیض الله (ফেইযোল্লা'হ্/ feyzollăh) পুংবাচক নাম; মূ. অ. আল্লাহ্‌র রহমত। Mas. pr. name. OS. God's grace.

فیضان (ফাইয়াযা'ন্/fayazăn) উপচে পড়া (অবস্থা); পানির প্রবাহ; প্রাচুর্য; বরকত। Overflowing; abundance. Emission.

فیض بخش (ফেইয্‌বাখ্‌শ্/ feyz-baxš) উদার; দাতা; দয়ার্দ্র। Bountiful; charitable.

فیل (ফীল্/ fil) হাতি। Elephant.

فیلبان (ফী.-বা'ন্/ f.-băn) = پیلبان

فیلتن (ফী.-তান্/ f.-tan) = پیلتن

فیلسوف (ফীল্‌সূফ্/ filsuf) দার্শনিক। Philosoper.

فیلسوفانه (ফীল্‌সূফা'নে/ filsufăne) দার্শনিকসুলভ। Philosophically.

فیلگوش (ফীল্‌গূশ্/ fil-guš) হস্তিকর্ণ; যার কান হাতির কানের মত; যা দেখতে হাতির কানের মত। Iris. Nenuphar.

فیلم (ফীল্‌ম্/ film) ছবি তোলার ফিল্ম; চলচ্চিত্র। Film.

فیلم برداری (ফী.-বার্‌দা'রী/f.-bardări) চলচ্চিত্রায়ন; চলচ্চিত্র গ্রহণ। Film taking.

فیما بین (ফীমা বেইন্/fimă beyn) মধ্যে; দুইয়ের মাঝখানে; দুইয়ের মধ্যে; পারস্পরিক। (In) between.

فین (ফীন্/ fin) নাকের ময়লা। Snot. ف. کردن নাক ঝাড়া। To blow one's nose.

فین فینی (ফীন্‌ফীনী/ finfini) যার নাক দিয়ে সর্দি বেয়ে পড়ছে; নোংরা (লোক)। Snotty.

فینه (ফীনে/ fine) কালো ঝালরওয়ালা গোল উঁচু লাল টুপি; ফেজ টুপি; রুমী টুপি। Fez.

فیوز (ফীয়ূয্/ fiyuz) ফিউজ (বিদ্যুতের সংযোজন)। Fuze.

فیه(ফীহ্/fih) [স্ত্রী./Fem. فیها] তার মধ্যে; তাতে; এতে। In him. In it.

ق (গ্ব/ğ) ফার্সী বর্ণমালার চব্বিশতম বর্ণ, নাম 'গ্বা'ফ্'। The twenty fourth letter of the Persian alphabet called 'ğăf'.

قاب (গ্বা'ব্/ ğăb) প্লেট; বড় আকারের কাঠের গামলা; চশমা, ছবি ইত্যাদির ফ্রেম। Plate; dish. Frame. Case. ق. گرفتن/ق. کردن ফ্রেমে বাঁধাই করা। To frame; to provide with a case.

قاب (গ্বা'ব্/ğăb) হাঁটুর হাড়। Knuckle-bone. ق. زدن হাঁটুর হাড় দিয়ে জুয়ার চাল চালা। To gamble with knuckle-bones.
قاب کسی را دزدیدن কাউকে নিজের প্রতি আকৃষ্ট করা; স্বপক্ষে আনা; পটানো। To get round some one.

قاب بازی (গ্বা'.-বা'যী/ ğ.-băzi) (সাধারণত দুস্বার) হাঁটুর হাড় দিয়ে জুয়া খেলা। (Game played with) knuckle-bones.

قاب بال (গ্বা'.-বা'ল্/ ğ.-băl) তেলাপোকা বা এ জাতীয় যে সব পতঙ্গের ওপরের দুই পাখা নিচের দুই পাখাকে ঢেকে রাখে। Coleopterous.

قاب دستمال(গ্বা'.-দাস্ত্মা'ল্/ ğ.-dastmăl) খাদ্যের পাত্রের মুখ ঢেকে দেওয়ার জন্য ব্যবহৃত রুমাল; কাপড়ের ফালি; নেকড়া। Dish-cloth; clout.

قاب ساز(গ্বা'.-সা'য্/ğ.-săz) ফ্রেম নির্মাতা। Framer.

قابض (গ্বা'বেয্/ ğăbez) হাতের মুঠোয় ধারণকারী; কব্জাকারী; যে বের করে নিয়ে যায়। মূ. অ. কব্জাকারী; ধারণকারী। Astringent. Styptic. OS. Seizer; taker.

قابض الارواح (গ্বা'বেযোল্ আর্‌ভা'হ্/ ğăbezol-arvăh) আজরাইল ফেরেশতার গুণবাচক নাম। [Epithets of] the Angel of Death. [দ্র./ S.u. قابض].

قابضیت (গ্বা'বেযিয়্যাত্/ğăbeziyyat) সঙ্কোচন; কব্জায় থাকা অবস্থা। Astringency. Stypticity.

قابل (গ্বা'বেল্/ ğăbel) উপযুক্ত; যোগ্য; যথাযথ। Qualified. Capable. Worthy. قابل اجراء বাস্তবায়নযোগ্য। Enforceable. قابل احترام সম্মানার্হ। Respectable. قابلِ ... এর যোগ্য/ উপযুক্ত। Worthy of. Capable of.

قابلگی (গ্বা'বেলেগী/ ğăbelegi)= مامایی

قابلمه (গ্বা'ব্‌লামে/ ğăblame) ঢাকনাযুক্ত ডেগচি যাতে খাবার গরম রাখা হয় বা রান্না করা হয়; টিফিন ক্যারিয়ার। Steam-tight stew-pan for keeping food hot. Dinner-pail;

tiffin-carrier. تکمۀ قابلمه ای টিপ বোতাম। Snap fastener.

قابله (খ্বা'বেলে/ ğăbele) ১/1)= ماما ২/2) উপযুক্ত (নারী); সন্তান গ্রহণকারী নারী। Receptacle.

قابلیت (খ্বা'বেলিয়্যাত্/ğăbeliyyat) উপযুক্ততা; যোগ্যতা; সামর্থ্য; কোন কাজ বা অবস্থা গ্রহণের প্রস্তুতি। Ability; merit; worth. Capability.

قابیل (খ্বা'বীল্/ ğăbil) কাবিল (হযরত আদমের (আঃ) পুত্র)। Qabil! Son of Hazrat Adam (A.S.). Cain.

قاپ زدن (খ্বা'প্‌যাদান্/ğăp zadan)= قاپیدن

قاپوچی (খ্বা'পূচী/ğăpuči) (অশিষ্ট/ obsolete)= دربان

قاپق (খ্বা'পোগ্ব/ ğăpoğ) ফাঁসিকাষ্ঠ; শাস্তি দানের জন্য পোঁতা কাষ্ঠদণ্ড যার ছিদ্রের মধ্যে ব্যক্তির মাথা প্রবেশ করিয়ে আটকে রেখে শাস্তি দেওয়া হত। Pillory.

قاپوق (খ্বা'পূগ্ব/ ğăpuğ)= قاپق

قاپیدن (খ্বা'পীদান্/ ğăpidan) ছিনতাই করা। To snatch.

قاتق (খ্বা'তেগ্ব/ ğăteğ) রুটির সাথে খাবার উপযোগী যে কোন উপকরণ; চাটনি। Anything eaten with bread.

قاتل (খ্বা'তেল্/ ğătel)= [آدم کش] کشنده হত্যাকারী; ঘাতক; মূ. অ. হত্যাকারী; হননকারী। Murderer; homicide. O.S. Killer. Deadly; fatal.

قاتمه (খ্বা'তেমে/ ğăteme) সুতা; মোটা পশমী সুতা। Sackmaker's thread.

قاجاریه(খ্বা'জা'রিয়্যে/ ğăjăriyye) পাহলভী বংশের পূর্বে ক্ষমতাসীন ইরানী রাজবংশ: কাজার বংশ। Dynasty preceding the Pahlavi Dynasty.

قاچاق (খ্বা'চা'গ্ব/ ğăčăğ) অবৈধ কাজ; চোরাচালানকৃত পণ্য; চোরাচালান। Contraband; contraband or smuggled goods. Smuggling.

قاچاقچی (খ্বা'চা'গ্বচী/ ğăčăğči) চোরাচালানের কারবারী। Smuggler.

قاچاقی (খ্বা'চা'গ্বী/ğăčăği) নিষিদ্ধ (পণ্য); চোরাচালানকৃত। Contraband; smuggled.

قادر (খ্বা'দের্/ ğăder) সক্ষম! শক্তিশালী। Able. Powerful. [তুল./ Cf. توانا]
ق. برفتن যেতে সক্ষম। Able to go.
ق. کردن সক্ষম করা। To enable.
قادر مطلق পরম ক্ষমতাবান (আল্লাহ্)। Omnipotent.

قاذورات (খ্বা'যূরা'ত্/ ğăzurăt) [قاذوره এর ব.ব./ pl. of قاذوره] ময়লা-আবর্জনা; নোংরা। Ordure; dirt.

قاراش میش(খ্বা'রা'শ্‌মীশ্/ğărăš-miš)= در هم برهم

قارت و قورت(খ্বা'র্‌ত্‌-ও-খ্বূর্‌ত্/ ğărt-o-ğurt) বড়াই করা; দম্ভ করা। Bragging. Fuss.

قارچ (খ্বা'র্‌চ্/ ğărč) ব্যাঙের ছাতা; ছত্রাক। Mushroom.

قارچ کش(খ্বা'.-কোশ্/ğ.-koš) ছত্রাকনাশক। Fungicide.

قارچی(খ্বা'র্‌চী/ğărči) ছত্রাকবৎ; ছত্রাকজনিত। Fungous; fungoid.
گیاه ق. ছত্রাক। Fungus.

قارورہ(খা'রুরে/ğărure) প্রস্রাব রাখার শিশি। Urinal.

قارون (খা'রুন/ ğărun) কারুন [হযরত মূসার (আঃ) সময়কার এক কৃপণ ধনাঢ্য ব্যক্তি]। Korah Croesus.

قارہ (খা'র্রে/ğărre) মহাদেশ। Continent.

قاری (খা'রী/ ğări) কুরআনের ক্বারী (পাঠকারী)। Reader of the Holy Qoran.

قارئین (খা'রেঈন্/ ğăre'in)= خوانندگان পাঠকগণ। Readers. [তুল. قاری ব.ব./pl. ofقاری].

قاز (খা'য্/ ğăz) = غاز

قازایاغی (খা'যা'ইয়া'ঘী/ ğăzăyăği) যে কোন আগাছা জাতীয় উদ্ভিদ যাতে ছোট সবুজাভ ফুল ধরে। Goosefoot; chenopod.

قاز چران (খা'য্চারা'ন্/ ğăz-čarăn) রাজহাঁস পালের পালনকারী বা তত্ত্বাবধানকারী। Gooseherd.

قاز چرانی (খা'.-চারা'নী/ ğ.-čarăni) রাজহাঁস পালন; অনর্থক ঘোরাফেরা করে সময় নষ্ট করা; আনমনা ভাব। Tending geese. Loafing about; wool-gathering.

قاسم (খা'সেম্/ ğăsem) বণ্টনকারী; পুংবাচক নাম। Distributor. Mas. pr. name

قاسم الصدر (খাসেমোস্ সাদ্র্/ ğăsemos-sadr) ফুসফুস এবং বুক ও পেটের বাকী অংশের মধ্যকার পর্দা। Mediastinum.

قاش (খা'শ্/ ğăš) তরমুজ, খরবুজা প্রভৃতি ফলের কাটা অংশ; ফালি; টুকরা। Slice. ق. کردن ফেটে ফালি ফালি স্লাইস করা। To slice; cut (open). ق. خوردن কেটে যাওয়া বা ফাটল সৃষ্টি হওয়া। To be split or cut. قاش زین/قاچ زین ঘোড়ার জিনের সামনের উঁচু অংশ। Pommel of a saddle.

قاشق (খা'শোঘ্/ ğăšoğ) চামচ (ধাতব অথবা কাঠের)। Spoon. قاشق چای خوری চা-চামচ। Tea sopoon(ful). قاشق سوپ خوری টেবিল চামচ। Table spoon(ful).

قاشق تراش (খা'.-তারা'শ্/ ğ.-tarăš) চামচ প্রস্তুতকারক। Spoonmaker.

قاشقک(খা'শোঘাক্/ğăšoğak) ছোট চামচ; চামচসদৃশ উপকরণ। Castanets; clappers.

قاشقی (খা'শোঘী/ğăšoği) চামচাকৃতি; যা চামচ দিয়ে মাপা হয়; যা চামচের মাপে বিক্রি করা হয়। Spoon-shaped. Measured or sold by the spoon. آچار قاشقی নাটবল্টু লাগাবার ও খুলবার বৃত্তাকার যন্ত্রবিশেষ। Ring-spanner.

قاصد (খা'সেদ্/ ğăsed)= پیک দূতঃ পত্র বাহক; পাইক; পেয়াদা। Messenger.

قاصر (খা'সের্/ğăser)= کوتاہ ত্রুটিকারী; ত্রুটিপূর্ণ; অদক্ষ; মূ. অ. কমতি; ঘাটতি। Falling short; falling defective. OS. Short. از انجام آن ق. آمد সে এ কাজ করতে ব্যর্থ হয়েছে। He failed to do it; he could not do it.

قاضی(খা'যী/ğăzi) [ব.ব./ pl.قضاة] বিচারক। Judge.

قاضی الحاجات(গ্বাযীয়োল্ হা'জা'ত্/ ğăziol-hăjăt) সকল অভাব পূরণকারী; আল্লাহ্‌র অন্যতম গুণবাচক নাম। Provider of needs. Epithet of God.

قاطبه (গ্বাতেবে/ ğătebe) সবাই; সকলে; সমগ্র। The whole. قاطبه اسلام প্যান-ইসলাম (সকল ইসলাম বিশ্বাসীকে শামিলকারী)। Pan- Islam.

قاطر (গ্বা'তের্/ ğăter)= استر খচ্চর। Mule.

قاطر چی (গ্বা'তের্চী/ ğăterči) খচ্চর মালিক; খচ্চর পালক; খচ্চরে মাল বহনকারী। Muleteer.

قاطع (গ্বা'তে-/ğăte') চূড়ান্ত; ছেদক রেখা; মৃ. অ. তীক্ষ্ণ; ধারালো; কর্তনকারী। Decisive; categorical. Secant. OS. Trenchant. رأی ق. চূড়ান্ত রায়। Casting vote.

قاطع الطریق (গ্বা'তেওত্ তারীগ্ব/ ğăte'ot-tariğ)= راهزن قطاع الطریق

قاطی (গ্বা'তী/ ğăti) মিশ্রিত। Mixed. ق. کردن =[آمیختن] মিশ্রিতকরণ। To mix.

قاطی پاطی (গ্বা'তীপা'তী/ ğăti-păti) এলোমেলো। Pell-mell.

قاطی واتی (গ্বা'তীভা'তী/ ğătivăti)= قاطی پاطی

قاعدگی (গ্বা'এদেগী/ğă'edegi) ঋতুস্রাব। Menstruation.

قاعده (গ্বা'এদে/ ğă'ede) মূলনীতি; নিয়ম; পদ্ধতি; নারীর ঋতুবতিতা; ভূমি। Rule; method. Formula. Geom. Base; having her periods. بر حسب ق. নিয়ম মাফিক। According to the rule; as a rule. ق. شدن ঋতুস্রাব হওয়া। To menstruate.

قاعدةً (গ্বা'য়েদাতান্/ ğă'edatan) নিয়ম মাফিক; আইনত। As a rule.

قاف (গ্বা'ফ্/ ğăf) রূপকথার পাহাড়; যার চূড়ায় সী-মোরগ বাসা বাঁধে; [অনেকের মতে] কাফকাজ (ককেশাস)-এর সংক্ষেপ [অন্য মতে] পাহাড়। Fabulous mountain identified with Caucasus.

قافله(গ্বা'ফেলে/ğăfele) [ব.ব./pl. قوافل]. কাফেলা; বহর। Caravan. Convoy.

قافله سالار (গ্বা'.-সা'লা'র্/ ğ.-sălăr) কাফেলার নেতা। Leader of a caravan.

قافیه(গ্বা'ফীয়ে/ğăfiye) [ব.ব./pl. قوافی] ছন্দ; কবিতার লাইনের অন্ত্যমিল। Rime or rhyme. باهم ق. شدن পরস্পর মিল পড়া (কবিতায়)। To rhyme with (or to) each other. ق. را باختن হতাশ হওয়া ও জবাব দিতে না পারা; হতভম্ব হওয়া। To be frustrated and unable to answer; be stuck. ق. اش تنگ شد তার পিঠ দেয়ালে ঠেকে গেছে। He ran short of rimes. He was driven to extremities.

قافیه پرداز (গ্বা'.-পার্দা'য্/ ğ.-pardăz) ছড়াকার; কবি। Rimer; poet.

قاق(গ্বা'গ্ব/ ğăğ) ১/1) যে খেলোয়াড় নির্দিষ্ট কেলায় সবার শেষে খেলে। ২/2) শুকনো; লিকলিকে। Last player. (in certain games) Dry. Lank.

قاقا(গ্বা'গ্বা'/ğăğă) মিঠাই; বাতাসা বিশেষ। Goody; lollipops.

قاقم (গ্বা'গ্বোম/ğăğom) কাঠ বিড়ালীর চেয়ে ছোট মোলায়েম চামড়ার অধিকারী প্রাণী বিশেষ। Ermine.

قال (গ্বা'ল/ ğăl) ধাতব পদার্থকে গলানো; বিশোধন। Smelting; refining (of metals). ق. گذاشتن দীর্ঘ প্রতীক্ষায় রাখা। To leave in the lurch; keep waiting too long.

قال (গ্বা'ল্/ğăl) কথা; কথাবার্তা। Speech. قیل و قال হৈ চৈ। Noise-[more] fully.

قالب গ্বালেব/ ğăleb) ছাঁচ; জুতা তৈরির সময় কাঠের দ্বারা তৈরী পায়ের ন্যায় যে উপকরণ ব্যবহৃত হয়; দেহ কাঠামো। Mould. Model; form; matrix. [In shoe making] Last. Body. ق. کردن আকৃতি দান; নির্মাণ করা। To mould; model; shape. ق. تهی کردن মারা যাওয়া। To resign one's life.

قالبریز (গ্বা'.-রীয্/ ğ.-riz) যে ছাঁচে ঢালে; যে মডেল তৈরি করে। Moulder. Modeller.

قالبریزی (গ্বা'.-রীযী/ ğ.-rizi) ছাঁচে ঢালা; তৈরি করা। Moulding.

قالبگر (গ্বা'.-গার্/ ğ.-gar)= قالب ریز

قالبی (গ্বা'লেবী/ ğălebi) ছাঁচে ফেলা হয়েছে এমন; যথাযথভাবে তৈরী। Moulded. Formed into cakes or bars.

قالپاق (গ্বা'ল্পা'গ্ব/ ğălpăğ) চামড়ার টুপি; গাড়ির চাকার স্ক্রুগুলোর ওপরে দেয়া ঢাকনা। Hubcap.

قالتاق(গ্বা'ল্তা'গ্ব/ğăltăğ)= قلتاق

قالگر (গ্বা'ল্গার্/ ğălgar) যে ধাতব পদার্থ গলানো বা বিশোধনের কাজ করে। Refiner (or smelter) of metals.

قالگری (গ্বা'ল্গারী/ ğălgari) ধাতব পদার্থ গলানো। Refining of metals. کوره ق. ধাতব পদার্থ গলানোর চুল্লী। Cupola-furnace.

قال مقال (গ্বা'ল্মাগ্বা'ল্/ ğăl-mağal) হৈ চৈ। Noise; fuss.

قالی (গ্বা'লী/ ğăli) কার্পেট; গালিচা। Carpet.

قالی باف (গ্বা'.-বা'ফ্./ğ.-băf) যে কার্পেট বুনে। Carpet-weaver.

قالی بافی (গ্বা'.-বা'ফী/ ğ.-băfi) কার্পেট বুনন; গালিচা বুনন। Carpet-weaving.

قالیچه (গ্বা'লীচে/ ğăliče) ছোট কার্পেট; ছোট গালিচা। Rug.

قامت (গ্বা'মাত্/ ğămat) দৈহিক, উচ্চতা; মানুষের উচ্চতা। Stature. [তুল./Cf. قد].

قاموس (গ্বা'মূস্/ ğămus)= فرهنگ অভিধান; মূ. অ. মহাসাগর। Dictionary. OS. Ocean.

قانع (গ্বা'নে'/ğăne') তৃপ্ত; তুষ্ট। Contented. ق. شدن তৃপ্ত হওয়া; তুষ্ট হওয়া; সম্মত হওয়া। To be contented; convinced or satisfied. ق. کردن তৃপ্ত/তুষ্ট করা; রাজী করানো। To satisfy. To give contentment (to). To convince.

قانون(গ্বা'নূন্/ ğănun) [ব.ব./pl. قوانین] আইন; বিধি; সংসদ কর্তৃক অনুমোদিত বিধিবদ্ধ আইন; নীতিমালা; কানুন: এক

ধরনের বাদ্যযন্ত্র। Law; statute; (parliamentary) act. Rule. Canun: kind of zither or dulcimer.

قانونا (খ্বা'নূনান্/ ğănunan) আইনত; আইনসঙ্গতভাবে। Legally.

قانون دان (খ্বা'নূন্দা'ন্/ ğănundăn) আইনজীবী; আইন বিশেষজ্ঞ। Jurist; juris-consult.

قانون گذار (খ্বা'.-গোযা'র্/ ğ.-gozăr)= قانون گزار আইন-প্রণেতা। Legislator. Lawgiver.

قانون گذاری (খ্বা'.-গো'যারী/ğ.-gozări) আইন প্রণয়ন। Legislation.

قانون گزار (খ্বা'.-গোযা'র্/ ğ.-gozăr)= قانون گذار

قانونی (খ্বা'নূনী/ ğănuni) বিধিবদ্ধ; আইনসঙ্গত; আইন সংক্রান্ত। Legal. Statutory.

قاهر (খ্বা'হের্/ ğăher) বিজয়ী; শক্তিশালী; কর্তৃত্বশালী। Forcible; powerful; subduing.

قاهره (খ্বা'হেরে/ ğăhere) [قاهر এর স্ত্রী. fem of قاهر] কায়রো (শহর)। Cairo.

قاه قاه (খ্বা'হ্খ্বা'হ্/ğăh-ğăh) অট্টহাসির শব্দ; অট্টহাসি। Fit of laughter. Loudly; boisterously.

قائد (খ্বা'এদ/ ğă'ed) নেতা; সেনাপতি। Leader. General.

قایق (খ্বা'য়েখ্ব/ ğăyeğ) নৌকা। Boat. ق. موتوری মোটর বোট; স্পীডবোট; লঞ্চ। Motor boat; launch.

قایق ران (খ্বা.-রা'ন্/ ğ.-răn) মাঝি। Boatman.

قایق رانی(খ্বা.-রা'নী/ğ.-răni) নৌকা বাওয়া; নৌকা চালনা; মাঝিগিরি। Boating; yachting. Boatmanship.

قائل (খ্বা'এল্/ğă'el) প্রবক্তা (কোন কিছুতে) বিশ্বাসী। Who believes (in). Believer. মূ. অ. OS. ق. شدن به گوینده (কোন কিছুতে) বিশ্বাসী হওয়া; (কোন কিছুর) প্রবক্তা হওয়া। To believe in. امتیازاتی برای وی ق. شدند. তারা তার জন্য কতক সুবিধা প্রদান করল। They granted certain priviledges to him.

قائم (খ্বা'এম্/ ğă'em) প্রতিষ্ঠিত; সুদৃঢ়; দণ্ডায়মান; জীবিত; বহাল। Erect; right; vertical. Living; existent. [স্ত্রী./ Fem. قائمه]. ق. با لذات স্বপ্রতিষ্ঠিত; স্বয়ম্ভূ। Self-existent. زاویه قائمه সমকোণ। Right angle.

قایم (খ্বা'য়েম্/ ğăyem)= قائم নিরাপদ; সুদৃঢ়; কায়েম; (কখনো কখনো غایب এর অর্থে) গোপন। Secure; fast; firm. [Confused with غائب]. Hidden. ق. شدن নিজেকে গোপন করা। To hide (oneself). ق. کردن গোপন করা; নিরাপদ করা; কায়েম করা; প্রতিষ্ঠিত করা। To hide. To secure; to make firm.

قائم الزاویه(খ্বা'এমোয্ যা'ভীয়ে/ ğăy'moz-zăviye) সমকোণবিশিষ্ট। Right-angled. ق. مثلث সমকোণবিশিষ্ট ত্রিভুজ। Right-triangle.

قائم مقام(গ্বা'য়েম্-মাগ্বা'ম/ ğăyem-mağăm) উত্তরাধিকারী; স্থলাভিষিক্ত; বিকল্প ব্যক্তি। Successor; substitute.

قایم موشک (গ্বায়েম মূশাক্/ ğăyem-mušak) লুকোচুরি (খেলা)। Hide-and-seek.

قائن (গ্বা'এন্/ ğă'en) ১/1) তস্বামীর ভাই; স্ত্রীর ভাই। Brother in law.

قبا (গ্বা'বা/ ğăbă) পুরুষদের জন্য তৈরী এক ধরনের বুক খোলা লম্বা জামা। Long garment open in front, worn by men. ق . کردن (কারো জামা) ছিঁড়ে ফেলা। To rend (one's shirt). ২/2) তইরানের দক্ষীণ পূর্বাঞ্চলীয় শহর। Name of a city in northeast of Iran.

قباحت (গ্বা'বা'হাত্/ğabăhat) = زشتی অশিষ্টতা; কদর্যতা। Obscenity. ق . دارد (এটা অত্যন্ত) অশিষ্ট/ ঘৃণ্য ব্যাপার। It is a shame.

قباد (গ্বোবা'দ্/ ğobăd) পুংবাচক নাম। Mas. pr. name.

قبال (গ্বেবা'ল্/ ğebăl) সামনে; তুলনায়। Front; face. در قبال ...এর পাশাপাশি; এর মোকাবিলায়; এর সামনে। Alongside of. In front of. In comparison with.

قباله (গ্বাবা'লে/ğabăle) [ব.ব./pl. قبالجات] কবালা; কারো কাছে কোন জিনিস গচ্ছিত রাখার দলিল; বেচাকেনা বা বিবাহের দলিল। Title-deed. Marriage contract. ق . کردن দলিল মূলে ক্রয় করা। To purchase (by a deed).

قبائح(গ্বাবা'এহ্/ ğabă'eh) [قبیحه এর ব.ব./ Pl. of قبیحه].

قبایح (গ্বাবা'ইয়েহ্/ ğabăyeh) [قبیحه এর ব.ব./ pl. of قبیحه]= قبائح

قبائل (গ্বাবা'এল্/ ğabă'el) [قبیله এর ব.ব./ pl. of قبیله].

قبایل (গ্বাবা'ইয়েল্/ ğabăyel) [قبیله এর ব.ব./ pl. of قبیله]= قبائل

قبح (গ্বোব্হ্/ ğobh) [زشتی] কদর্যতা/ অশোভনীয়তা। Indescency.

قبر (গ্বাব্র্/ğabr) [ব.ব./pl. قبور]= گور কবর; গোর। Grave; tomb.ق . کردن কবর দেওয়া; দাফন করা। To bury.

قبراغ (গ্বেব্রা'গ্ব্/ğebrăğ) ক্ষিপ্রগতি; দ্রুতগামী; চটপটে। Nimble; equipped for action.

قبرس (গ্বেব্রেস্/ ğebres) সাইপ্রাস। Cyprus.

قبرستان (গ্বাব্রেস্তা'ন্/ ğabrestăn)= گورستان

قبرسی(গ্বেব্রেসী/ğebresi) সাইপ্রাসবাসী। Cyprian. Cypriot. زاج ق . হীরাকস; আয়রন সালফেট। Green vitriol; sulphate of iron.

قبر کن (গ্বাব্র্ কান্/ ğabr-kan) কবর খননকারী। Grave-digger.

قبض(গ্বাব্য্/ ğabz) [ব.ব./pl.قبوض] বিল; নোট; (টাকার) রসিদ [قبض رسید বলা হয়]। Bill; note. Receipt [প্রায়ই often قبض رسید] قبض و اقباض সনদ বা রসিদ আদান-প্রদান। Delivery. قبض عند المطالبه হ্যান্ডনোট; প্রমিসরি নোট। Note of hand; promissory

note. ق . کردن কজা করা; হস্তগত করা। To seize. To constipate.

قبضه (ঘাব্‌যে/ğabze) মুষ্টি/কজা; কোন কিছুর এক মুঠি; এক মুঠোয় যা ধারণ করা যায়; টি (সংখ্যা)। Handle; hilt. Grasp. Fist's length; piece. سه ق . تفنگ তিনটি রাইফেল/বন্দুক। 3 rifles. یک ق . شمشیر একটি তলোয়ার। One sword. در قبضهٔ تصرف درآوردن কজায় নিয়ে আসা; আয়ত্তে আনা। To take possession of.

قبطی (ঘেব্‌তী/ğebti) মিসরের একটি প্রাচীন গোষ্ঠী; কিবতী; জিপসী। Coptic. Gipsy. Egyptian.

قبل (ঘাব্‌ল্/ğabl) = پیش পূর্বে; কোন কিছুর পূর্বে; পূর্ববর্তী। Ago. Before; preceding. دو سال ق . দুই বছর পূর্বে। 2 years ago. شب ق . আগের রাতে। The night before. ق . از ...এর পূর্বে। Before. ق . از این এর আগে; ইতোপূর্বে। Before this; previous to this. ق . از آنکه شما بیآئید তোমার আসার আগে। Before you came. دو ساعت ق . از ظهر সকাল দশটায়। 10 a.m. ق . از وقت যথাসময়ের আগে। Ahead of time; beforehand.

قِبل (ঘেবাল্/ ğebal) নিকট/পক্ষ (হতে); দিক (থেকে)। Side; part. از قبل ...এর পক্ষ থেকে। From. Through.

قبل (ঘোবোল্/ ğobol) সামনাসামনি; গুপ্তাংগের সম্মুখভাগ। Forepart. Privy part.

قبلاً (ঘাব্‌লান্/ ğablan) পূর্বেই; ইতোপূর্বে; সর্বাগ্রে; ইতিমধ্যে। Beforehand; previously. First of all. Already. Heretofore.

قبلتین (ঘেব্‌লাতেইন্/ ğeblateyn) দুই কিবলা অর্থাৎ মক্কা শরীফ ও বায়তুল মোকাদ্দাস। The two Kiblahs Macca and Jerusalem.

قبله (ঘেবলে/ ğeble) কিব্‌লাঃ মুসলমানরা যেদিকে মুখ করে নামায পড়ে। (মাসজিদুল হারাম)। Kiblah: direction to which Muslims turn in praying. قبلهٔ حاجت যার কাছ থেকে উদ্দেশ্য পূরণের আশা করা হয়। Centre-point looked to for the attainment of one's ends. رو به ق . কিবলামুখী। Facing the Kiblah.

قبله نما (ঘে.-নামা'/ ğ.-namă) কিবলার দিক-নির্দেশকারী (কম্পাস)। Compass (showing the Kiblah).

قبلی (ঘাব্‌লী/ ğabli) পূর্ববর্তী; পূর্বেকার। Previous; preceding. با تقدیم تشکرات ق . আপনাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশপূর্বক। Thanking you in anticipation.

قبور (ঘোবূর্/ ğobur) [قبر এর ব.ব./ pl. of قبر].

قبوض (ঘোবূয্/ ğobuz) [قبض এর ব.ব./ pl. of قبض].

قبول (ঘাবূল্/ ğabul) কবুল; গ্রহণ; সম্মতি; গৃহীত। Acceptance. Admitting.

Agreement; consent. Accepted. ق. داشتن সত্য বলে গ্রহণ করা; বিশ্বাস করা। To maintain as true; believe (in). ق. دارم আমি স্বীকার করি; আমি সম্মত। I admit; I agree. ق. شدن গৃহীত হওয়া; কবুল হওয়া; মনোনীত হওয়া; মঞ্জুর হওয়া। Tó be accepted or admitted. To be approved. To be granted. ق. کردن গ্রহণ করা; বিশ্বাস করা; স্বীকার করা; সম্মত হওয়া। To accept. To believe (in). To admit. To agree. جواب ق. গ্রহণ করার কথা জানানো। Reply paid. عدم ق. কবুল না করা; প্রত্যাখ্যান। Non-acceptance; refusal.

قبولی (গ্বাবূলী/ ğabuli) ১/1)= پذیرش গ্রহণ। Acceptance. ২/2) গৃহীত। Accepted.

قبه (গ্বোব্বে/ ğobbe) গম্বুজ। Dome; cupola. Knob.

قبیح (গ্বাবীহ্/ ğabih)= زشت অসুন্দর; কদর্য; অশিষ্ট; অমার্জিত। Obscene. از من ق. است এটা আমার জন্য অশোভনীয়। It is a shame for me.

قبیحه (গ্বাবীহে/ğabihe) [ব.ব./pl. قبائح] লজ্জাজনক কাজ [قبیح এর স্ত্রী./ Fem. of قبیح]। Shameful act.

قبیل (গ্বাবীল্/ ğabil) ধরন; শ্রেণী। Kind; category. [তুল./C.f. /جورنوع] این ق. زنان এ ধরনের নারীরা। Such women. از قبیل যেমনঃ Such as.

قبیله (গ্বাবীলে/ ğabile) [ব.ব./pl. قبائل] গোষ্ঠী; গোত্র; এক ব্যক্তির বংশধর। Tribe. Family.

قپان (গ্বাপ্পা'ন্/ğappăn) ভারী জিনিস ওজন করার জন্য এক পাল্লার পরিমাপ যন্ত্র। Steelyard. ق. کردن কাপান-এর দ্বারা ওজন করা। To weigh by a steelyard.

قپانچه شدن (গ্বা.-চে শোদান্/ ğ.-če-šodan) আকস্মিকভাবে ক্ষিপ্র আক্রমণের শিকার হওয়া। To swoop.

قپانداری (গ্বা.-দা'রী/ ğ.-dari) ওজন করার বিনিময়ে প্রদেয় অর্থ। Weighing charges.

قپی آمدن (গ্বোপীআ'মাদান্/ ğopi-ămadan) ধাপ্পাবাজি করা। To bluff.

قتال (গ্বেতা'ল্/ ğetăl)= جنگ/کارزار

قتال (গ্বাত্তা'ল্/ ğattăl)= کشنده অনেক বেশী হত্যাকারী; [স্ত্রী. قتاله শুধু آلت قتاله তে ব্যবহৃত/Fem. قتاله only in آلت قتاله] = کشنده Deadly. آلت قتاله মারণাস্ত্র। Deadly weapon.

قتل (গ্বাত্ল্/ ğatl) হত্যা। Killing; murder. بقتل رساندن=کشتن হত্যা করা। To murder; kill. بقتل رسیدن নিহত হওয়া। To be murdered or killed. قتل عام গণহত্যা। General massacre. Mans laughter قتل عمدی স্বেচ্ছায়-সজ্ঞানে হত্যা। Wilful murder. قتل غیر عمدی অনিচ্ছাকৃত হত্যা। Manslaughter.

قچاق(গ্বোচ্চা'গ্ব/ ğoččăğ)= چابک/ توانا/چاق

قحبه(ঘাহ্‌বে/ ğahbe)= فاحشه
قحط (ঘাহ্‌ত্‌/ğaht) অনাবৃষ্টি; ফসলহীনতা; খাদ্যাভাব; দুর্ভিক্ষ। Dearth. Famine.
قحط زده (ঘা.-যাদে/ğ.-zade) দুর্ভিক্ষপীড়িত (লোক)। Famine-stricken (person).
قحط سال (ঘা.-সা'ল্‌/ ğ.-săl) অনাবৃষ্টির বছর; দুর্ভিক্ষের বছর। Year of dearth or famine.
قحطی(ঘাহ্‌তী/ğahti) দুর্ভিক্ষ। Famine.
قحطی زده (ঘা.-যাদে/ ğ.-zade)= قحط زده
قد (ঘাদ্দ্‌/ğadd) উচ্চতা; গড়ন। Stature. Size. قد خم کردن পিঠ বাঁকা করা; ঝুঁকে পড়া। To stoop; bend one's back. قدعلم کردن উত্থান করা; রুখে দাঁড়ানো। To signalize oneself. To resist. ق. کشیدن লম্বা হওয়া; বয়স অনুপাতে বেশী লম্বা হওয়া ও বড় হওয়া। To grow tall. To grow above one's age. ق. گرفتن পরিমাপ করা। To measure
بچه های قد و نیم قد ছোট-বড় সব ধরনের (বা সব বয়সের) ছেলেমেয়েরা। Kids of all ages (or sizes).
قداره (ঘাদ্দা'রে/ğaddăre)= غداره
قد بلند (ঘাদ্‌বোলান্‌দ্‌/ ğad-boland) লম্বা; উঁচু। Tall. آدم ق. লম্বা লোক। Tall man.
قدح (ঘাদ্‌হ্‌/ ğadh)= سرزنش/ذم
قدح (ঘাদাহ্‌/ğadar) কাদাহঃ বড় পাত্র; গামলা। Cup; bowl.
قدر (ঘাদ্‌র্‌/ ğadz) মূল্য; মর্যাদা; পরিমাণ। Value; worth. Merit. Amount; quantity. قدر . . . را دانستن (কারো) মূল্য; মর্যাদা বোঝা বা জানা; (কাউকে) উপযুক্ত মর্যাদা দান। To appreciate; know the value of. آنقدر এতই; এতখানি। So. As much. That much.
آنقدر گرسنه بودکه সে এতই ক্ষুধার্ত ছিল যে,... । He was so hungry that اینقدر . এই পরিমাণ। So much; this much. So. [انقدر] এ পরিমাণ। So. اینقدر পরিমাণে; যদ্দূর.... । As much as. To the extent of. قدری সামান্য; কিছু পরিমাণে। Some; little. بقدری এতই; এতখানি। So. So much. بقدری گرم بود که এতখানি গরম ছিল যে, It was so hot that.
بقدری حرف زد که সে এতই কথা বলল যে, He talked so much that. آنقدر که যতখানি; যদ্দূর। As much as; so much as. To the extent that. چقدر কি পরিমাণ? কতক্ষণ? কতই! How much? How long? How. چقدر مهربان بود সে কতই না দয়ালু ছিল! How kind he was! He was so kind. هر قدر যতখানি; সে যা-ই হোক। As much as. However.
قدر (ঘাদার্‌/ ğadar) নিয়তি; ভাগ্য লিপি; তকদীর। Divine decree. Predestination.
قدرت(ঘোদ্‌রাত্‌/ ğodrat)=توانائی শক্তি; ক্ষমতা; সামর্থ্য; পুং বা স্ত্রীবাচক

নাম। Power; ability. Mas. or fem. pr. name.

قدرت الله (খোদ্‌রাতোল্লা'হ্‌/ ğodratollăh) পুংবাচক নাম মূ.অ. খোদায়ী শক্তি। Mas. pr. name. OS. God's power.

قدرتی (খোদ্‌রাতী/ ğodrati) খোদায়ী কুদরাতের দ্বারা সৃষ্ট। Brought about by Providence.

قدردان (খাদ্‌র্‌দা'ন্‌/ğadr-dăn) উপযুক্ত মর্যাদা দানকারী; কৃতজ্ঞতা প্রকাশকারী; গুণের প্রশংসাকারী। Appreciative; grateful.

قدر دانی (খা.-দা'নী/ğ.-dăni) কদর করা; উপযুক্ত মর্যাদা দান; কৃতজ্ঞতা প্রকাশ; গুণের প্রশংসা করা। Appreciation. ق. کردن গুণের প্রশংসা করা। To express one's appreciation. ق. کردن از কারো গুণের প্রশংসা করা। To appreciate.

قدر شناس (খা.-শেনা'স্‌/ ğ.-šenăs)= قدر دان

قدری (খাদ্‌রী/ ğadri) [দ্র./ S.u. قدر].

قدری (খাদারী/ ğadari) অদৃষ্টবাদী; অদৃষ্ট সম্বন্ধীয়। Predestinarian.

قدس (খোদ্‌স্‌/ ğods) পবিত্রতা; পবিত্র। Holiness. قدس شریف বায়তুল মোকাদ্দাস (জেরুজালেম)। Jerusalem.

قدس الاقداس (খোদ্‌সোল্‌ আখ্‌দা'স্‌/ ğodsol-ağdăs) [বাইবেলের পরিভাষা/ Biblical]. পবিত্রতম। The Holy of Holies.

قدس سره (খোদ্দেসা সের্‌রোহ্‌/ ğoddesa-serroh) [মৃত্যুবরণকারী বুজর্গ লোকদের জন্য দোয়া] তাঁর কবর পবিত্র হোক! May his grave be sanctified!

قدسی(খোদ্‌সী/ğodsi) [ব.ব./pl. قدسیان] = قدسی পবিত্র; বেহেশ্‌তী। Holy. Celestial.

قدسیه (খোদ্‌সীয়ে/ğodsiyye) স্ত্রীবাচক নাম। [قدسی এর স্ত্রী./[fem. of قدسی] Fem. pr. name.

قدغن(খাদাগান্‌/ğadğan) আদেশ; বেআইনী; নিষেধাজ্ঞা; নিষিদ্ধ। Prohibition. Order; injurction. Prohibited; forbidden. ق. کردن নিষিদ্ধ করা; বারণ করা। To prohibit.

قدك (খাদাক্‌/ ğadak) বকরম; কঠিন অমসৃণ বস্ত্রবিশেষ। Buckram.

قد کوتاه (খাদ্‌কূতা'হ্‌/ ğad-kutăh) খাট [মানুষ]। [Of a person] short.

قدم(খাদাম্‌/ ğadam) [ব.ব./pl.اقدام] ১/1) পা; কদম; পায়ের গোড়ালি থেকে আঙ্গুল পরিমাণ। Foot ২/2) পদক্ষেপ। Footstep; pace. ق. برداشتن পদক্ষেপ গ্রহণ করা। To take a step. ق. داشتن সৌভাগ্যের অধিকারী হওয়া। To bring good luck. ق. زدن হাঁটা; পায়চারী করা। To walk. To step; pace. سر قدم رفتن পায়খানায় যাওয়া। To go to stool. قدم بقدم পদে পদে; ধাপে ধাপে। Step by step. قدمت بالای چشم আন্তরিক স্বাগতম (আপনাকে)। You are (or will be) most welcome.

قدم(গ্বেদাম্/ ğedam)= قدمت
قدما (গ্বোদামা'/ ğodamă)= پیشینیان পূর্ববর্তিগণ। The ancients. [তুল. এ. ব./Cf. the s. قدیم].
قدمت (গ্বেদমাত্/ ğedmat) প্রাচীনত্ব; পূর্ববর্তিতা। Antiquity; oldness. Precedence.
قدم پیما(গ্বাদাম পেইমা'/ ğadam-peymă) যে যন্ত্রের সাহায্য হাঁটা পথ পরিমাপ করা যায় এবং পদ বিক্ষেপের সংখ্যাও গণনা করা যায়। Pedometer. Odograph.
قدم شمار (গ্বা.-শোমা'র্/ ğ.-šomăr) পদক্ষেপ গণনার দ্বারা দূরত্ব মাপক যন্ত্র। Pedometer.
قدوس (গ্বোদ্দুস্/ ğoddus) সকল দোষক্রটি থেকে মুক্ত ও পবিত্রঃ আল্লাহ্‌র অন্যতম গুণবাচক নাম। Very holy.
قدوسیت (গ্বোদ্দুসিয়্যাত্/ ğoddusiyyat) পরম পবিত্রতা। Extreme holiness.
قدوم (গ্বোদুম্/ ğodum) আগমন; কোথাও থেকে আগমন; সফর থেকে প্রত্যাগমন। Coming; advent.
قدومه (গ্বোদূমে/ ğodume) বুনো সরিষা। Hedge-mustard.
قدی (গ্বাদ্দী/ğaddi) পূর্ণদৈর্ঘ্য। Full-length. آینهٔ قدی পূর্ণ দৈর্ঘ্য/ প্রমাণ-সাইজ আয়না। Full-length mirror.
قدیر(গ্বাদীর্/ğadir) শক্তিমান; সর্বশক্তিমান আল্লাহ্‌র গুণবাচক নাম। Almighty.
قدیم (গ্বাদীম্/ğadim) ১/1)= باستانی প্রাচীন। Ancient; old. ২/2) প্রাচীনকাল। Ancient times. از قدیم/از قدیم الایام প্রাচীনকাল থেকে। From olden times.
قدیما (গ্বাদীমান্/ ğadiman) প্রাচীনকালে। Anciently.
قدیمی (গ্বাদীমী/ğadimi) পুরনো; প্রাচীন। Old. Primitive.
قدیمی مسلک(গ্বা.-মাস্‌লাক/ğ.-maslak) সেকেলে; পুরাতন ধাঁচের। Fogysh; old-fashioned.
قراء (গ্বোর্‌রা'/ğorră') [قریه এর ব.ব./ pl. of قریه].
قرابادین (গ্বারা'বা'দীন্/ ğarăbădin) মশলা ও ওষধি গাছগাছড়া সংক্রান্ত বিদ্যা। Pharmacopoeia.
قرابات (গ্বারা'বা'ত্/ ğarăbăt)=نزدیکی ঘনিষ্ঠতা; আত্মীয়তা। Proximity. Affinity. Relationship. قرابت صلبی রক্ত সম্পর্কের আত্মীয়তা। Consanguinity.
قرابه (গ্বারা'বে/ ğarăbe) কাচের পানপাত্র; সুরাহি। Flask. Carboy.
قرابین (গ্বারা'বীন্/ ğarăbin) এক ধরনের হালকা শিকারী বন্দুক। Carbine; carabin(e).
قرابینه (গ্বারা'বীনে/ ğarăbine)= قرابین
قراچی (গ্বারা'চী/ ğarăči) যাযাবর; বেদে। Gypsy.
قرار(গ্বারা'র্/ğarăr) স্থিতি; অবস্থান; শান্ত হওয়া; সিদ্ধান্ত; প্রস্তাব; স্থিতিশীল হওয়া; শান্তি; তৃপ্তি; দৃঢ়তা; রায়; আদেশ; চুক্তি। Rest; repose. Stability. Arrangement; agreement. Resolution. Stipulation. Ruling; also order or decree. ق. دادن স্থাপন; নিয়োগ/ সিদ্ধান্ত গ্রহণ/ নির্ধারণ করা। To place. To set. To

appoint. To resolve. ق. شد স্থির হয়েছে; কথা হয়েছে। It was agreed or resolved.
ق. است امروز وارد شود তার আজ আসার কথা। He is due to arrive to-day. ق. گذاشتن কথা দেওয়া; সাক্ষাতের জন্য কথা দেওয়া। To make arrangement or appointment. ق. گرفتن স্থিত হওয়া; স্বস্তি লাভ করা; সুদৃঢ় হওয়া; সংঘটিত হওয়া। To settle. To be comforted. To be placed on. رای ما بر این ق. گرفت আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, We resolved (or decided) to... قرار ملاقات সাক্ষাতের জন্য দেয়া প্রতিশ্রুতি বা পূর্ব নির্ধারিত স্থান। Appointment; rendezuous. ق. و مدار চুক্তি; ষড়যন্ত্রের উদ্দেশ্যে গোপন আঁতাত। Agreement; collusion. از قرار /হিসাবে; .... অনুযায়ী। At the rate of. According to. بقرار زیر নিম্নরূপ; যথা; এরূপ। As follows. از این ق. এই রূপ; তা হচ্ছে এই ঃ। Thus. Then. از همان ق. তেমনি। Accordingly.

قرارداد(ঘা.-দা'দ্/ğ.-dăd) চুক্তি; চুক্তিপত্র। Agreement; contract. Convention. Appointment.

قراردادی (ঘা.-দা'দী/ğ.-dădi) চুক্তিভিত্তিক; পারস্পরিক সম্মতিভিত্তিক; আপেক্ষিক। Conventional. Based on a contract.

قرارگاه (ঘা.-গা'হ্/ğ.-găh) বিশ্রামস্থল; অবস্থানস্থল; ঘাঁটি; সদর দফতর। Resting place. Headquarters.

قراسوران(ঘারা'সূরা'ন্/ ğarăsurăn) কাফেলার প্রহরী; অশ্বারোহী নিরাপত্তা রক্ষী। Escort. Road-guard.

قراص (ঘোরা'স্/ğorăs) ইং গ্রোস=১২ ডজন। Gross; 12 dozen.

قراصه (ঘোরা'সে/ ğorăse)= قراص

قراضه (ঘোরা'যে/ ğoräze) ধাতব পদার্থ মসৃণ করা বা কাটার সময় প্রাপ্ত গুঁড়া বা টুকরা। Scrap(metal). Filings.

قراقر (ঘারা'ঘের্/ ğarăğer) পেটের মধ্যে যে শব্দ হয়। Grumbling in the stomach; borborygmus.

قراقروت (ঘারা'ঘোরূত্/ ğarăğorut) বিশেষ পদ্ধতিতে তৈরী কালো রঙের শুকনা দই। Dried black curds.

قران (ঘেরা'ন্/ ğeran) পরস্পর সংযুক্তি; ঘনিষ্ঠ হওয়া; দুই নক্ষত্রের এক স্থানে সংযুক্তি; সংকট। Conjunction. Crisis.

قرآن (ঘোর্অ'ন্/ ğor'ăn) কুরআন শরীফ। The Holy Qoran.

قراول(ঘারা'ভোল্/ğrăvol) প্রহরী; প্রহরার দায়িত্বে নিয়োজিত সৈনিক। Sentinel; watchman; patrol. ق. رفتن লক্ষ্য স্থির করা। To take aim.

قراول خانه (ঘা.-খা'নে/ğ.-xăne) প্রহরা দানের ঘর; গার্ড-হাউস। Guard-house.

قرائت (ঘেরা'আত্/ğeră'at) [خواندن] পাঠ; পঠন। Reading. ق. کردن পাঠ করা। To read.

قرائت خانه (ঘা.-খা'নে/ ğ.-xăne) পড়ার ঘর। Reading-room.

قرائن(ঘারা'এন্/ ğară'en) [قرینه এর ব.ব./ pl. of قرینه].

قرب (গোর্‌ব্‌/ ğorb) ১/1)= قرابت ২/2) শ্রদ্ধা; মূল্য। Esteem; worth.

قربان (গোর্‌বা'ন্‌/ğarbăn) উৎসর্গ; কোরবানী; পুংবাচক নাম। Offering; sacrifice. Mas. pr. name. ق. کردن কোরবানী করা। To sacrifice. به قربان کسی رفتن কারো জন্য উৎসর্গিত (হতে প্রস্তুত) হওয়া। To be (ready to be) sacrificed for some one. To adore some one.

قربانی (গোর্‌বানী/ ğorbăni) কোরবানী; দান; উৎসর্গ; (কোন কিছুর) শিকার। Sacrifice; offering. Victim. ...قربانی . . . شدن ...এর শিকার হওয়া (মন্দ অর্থে)। To fall a victim to.. ق. کردن কোরবানী করা; উৎসর্গ করা। To sacrifice; offer a sacrifice.

قربت (গোর্‌বাত্‌/ ğorbat) [نزدیکی] ঘনিষ্ঠতা; স্থান ও মর্যাদাগত নৈকট্য; আল্লাহ্‌র নৈকট্য/সান্নিধ্য। Proximity. Approach. Drawing close. Intimacy; nearness.

قربة الی الله (গোর্‌বাতান্‌এলা'ল্লা'হ্‌/ ğorbatan-elallăh) আল্লাহ্‌র নৈকট্যের উদ্দেশ্যে; শুধু আল্লাহ্‌র সন্তুষ্টির জন্য। To win God's favour; to please God.

قرتی (গের্‌তী/ ğerti) মেয়েলী স্বভাবের লোক; যে সর্বদা বাহ্যিক বসন-ভূষণের চিন্তায় থাকে। Effesminate beau.

قرحه (গোর্‌হে/ ğorhe) আলসার; ক্ষত। Ulcer. قرحهٔ آکله চর্মক্ষত। Lupus.

قرص (গোর্‌স্‌/ ğors) ১/1) গোলাকার বস্তু; ট্যাবলেট; লজেঞ্জ; রুটির গোলাকার টুকরা। Disk or disc. Tablet; lezenge. Round loaf (of bread). ২/2) শক্ত মজবুত; টেকসই। Firm; strong; durable.

قرض (গার্‌য্‌/ ğarz) [ব.ব./pl.قروض]= بدهی ঋণ। Debt. ق. دادن ঋণ দান। To lend or loan. ق. کردن ঋণ করা; ধার করা। To borrow. ق. گرفتن ঋণ গ্রহণ; ধার করা। To borrow; to have the loan of. ق. بالاآوردن/ق. بهم رساندن ঋণচুক্তি সম্পাদন। To contract a debt.

قرض الحسنه (গার্‌যোল্‌ হাসানে/ ğarzol-hasane) করজে হাসানা-সুদমুক্ত ঋণ। Money loaned without interest.

قرضه (গার্‌যে/ ğarze)= وام ঋণ; কর্জ। Loan.

قرطاس بازی (গের্‌তা'স্‌ বা'যী/ ğertăs-băzi) লাল ফিতার দৌরাত্ম্য; অফিসের নিয়ম-কানুনের হয়রানি। Red-tapism; officialism.

قرطبه (গোর্‌তোবে/ ğortobe) কর্ডোভা। Cordova.

قرعه(গোর্‌এ/ ğor'e) [پتک] ভাগ্য পরীক্ষা ব্যালট; লটারী। Lot. Ballot. بطریق ق. ব্যালটের (লটারীর) মাধ্যমে। By drawing lots. ق. انداختن লটারী করা। To cast lots. ق. کشیدن লটারী করা। To draw lots. ق. بنام او اصابت کرد লটারীতে তার নাম উঠেছে। The lot fell upon him.

قرعه کشی(গো.-কাশী/ ğ.-kaši) লটারী করা। Draw; drawing (of lots). Lottery.

قرق (গোরোগ/ ğoroğ) সংরক্ষিত রাখা; প্রবেশে বাধা দান; সংরক্ষিত জায়গা; সংরক্ষিত। Preserve; park. Reserved for exclusive use; preserved. ق. کردن বেড়া দেওয়া; বহিরাগতরা ঢুকতে না পারে এমনভাবে সংরক্ষিত রাখা। To fence; preserve. To exclude outsiders from.

قرقاول (গার্গা'ভোল/ ğarğăvol) রঙ্গীন পাখি বিশেষ। Pheasant.

قرقر (গোর্গোর/ ğorğor)= غرغر

قرقره (গার্গারে/ ğarğare)= غرغره

قرقشه (গার্গাশে/ ğarğaše)= غرغشه

قرقی (গের্গী/ ğerği) চড়ুই-শিকারী (পাখি/ছোট বাজ)। Sparrow-hawk.

قرمز (গের্মেয্/ ğermez) লাল। Red. ق. شدن লাল হওয়া। To become red. To blush. ق. کردن লাল করা; বাদামী রঙের করে ভাজা। To make red; redden. To roast brown.

قرمز دانه = قرمز فرنگی/قرمزگج کش

قرمزدانه (গে.-দা'নে/ ğ.-dăne) এক ধরনের লাল রঙের কীট যা থেকে বিশেষ ধরনের লাল রঙ তৈরি করা হয়। Cochineal. جوهر ق. গাঢ় লাল র ক পদার্থ বিশেষ। Carmine.

قرمزی (গের্মেযী/ ğermezi) লাল রঙের হওয়া। Redness.

قرمساق (গোরোম্সা'গ্/ ğoromsăğ) যে তার স্ত্রীকে অন্যের সাথে মেলামেশায় আপত্তি করে না; অসতী পত্নীর স্বামী; দাইয়ুস। Pimp to his own wife; cuckold.

قرمه (গোর্মে/ ğorme) কোর্মাঃ যে গোশ্‌ত খুব ছোট ছোট করে কেটে ভাজা খাবার তৈরিতে ব্যবহার করা হয় বা পরে ব্যবহারের জন্য রেখে দেওয়া হয়। Preserved or potted meat; corned beef.

قرن (গার্ন্/ ğarn) [ব.ব./pl. قرون] সময়; যুগ; শতাব্দী। Century. Age. قرون وسطی মধ্যযুগ। Middle Ages.

قرن(গার্ন্/ğarn) গরু, ভেড়া ইত্যাদির শিং। Horn.

قرنطینه (গারান্তীনে/ğarantine) সীমান্তবর্তী স্বাস্থ্য পর্যবেক্ষণকেন্দ্র যেখানে বহিরাগতদের স্বাস্থ্য পরীক্ষা করা হয় এবং ভ্যাকসিন দেওয়া হয়। Quarantine.

قرنفل (গারান্‌ফোল/ ğaranfol) লবঙ্গ ফুলের মত দেখতে পাঁচ পাপড়িবিশিষ্ট এক ধরনের ফুল। Clove gilliflower.

قرنیه (গার্নীয়্যে/ ğarniyye) চোখের কর্নিয়া। Cornea. ورم ق. চক্ষু প্রদাহ। Keratitis.

قروض (গোরুয্/ğoruz) [قرض এর ব.ব./ pl. of قرض].

قرون (গোরূন্/ ğorun) [قرن এর ব.ব./ pl. of قرن].

قره (গারা/ğara)=سیاه কালো। Black.

قره(গেরা/ğera) স্নিগ্ধতা; সজীবতা; ঔজ্জ্বল্য। Coolness; freshness. Lustre; brightness. قرّة العین চোখের শীতলতা; চক্ষু শীতলকারী (ব্যক্তি);

খুশী/আনন্দ (এর উপকরণ)। Coolness of the eye. Comfort; joy.

قره قوش (গ্বারাগ্বুশ্/ğarağuš)= عقاب/ دال

قرمينا (গ্বারামীনা'/ ğaramină) প্রাচীন কালের এক ধরনের বন্দুক। Blunderbuss.

قره نى (গ্বারানেই/ğaraney) কাঠ ও ধাতব পদার্থের দ্বারা তৈরী বাঁশীর ন্যায় বাদ্যযন্ত্র; কালো বাঁশী। Clarinet.

قريب(গ্বারীব্/ğarib) নিকট; প্রায় কাছাকাছি; আত্মীয় [শুধু ব.ব. اقرباء 'নিকট আত্মীয়বর্গ'-এর ক্ষেত্রে]। Near. Approximate. Kindred [only in the pl. اقرباء 'relations']. قريب دوسال প্রায় দুই বছর। Nearly two years. ماضى ق. নিকট অতীত; সদ্যঘটিত অতীত। Present perfect.

قريبا (গ্বারীবান/ ğariban) অনতিবিলম্বে; শীঘ্রই। Presently; shortly.

قريب الوقوع (গ্বারীবোল্ ভোগু/ ğaribol-voğu) যা শীঘ্রই ঘটতে যাচ্ছে; আশু। Imminent.

قريحه(গ্বারীহে/ğarihe) স্বভাবগত; প্রবণতা; আগ্রহ; মেধা; কাব্য বা সাহিত্য প্রতিভা। Inborn disposition. Talent. Verve.

قرين (গ্বারীন্/ ğarin) [ব.ব./pl. قران] ঘনিষ্ঠ; সহচর; বন্ধু; জুটি; স্বামী বা স্ত্রী। Coupled. Allied; cognate. Symmetrical. Association. Companion. Peer; match.

قرينه (গ্বারীনে/ ğarine) [ব.ব./pl.قرائن] কোন কিছু প্রমাণকারী চিহ্ন বা নিদর্শন। Symmetry. Context. Indication.

قريه(গ্বারিয়ে/ğarye) [ব.ব./pl. قراء]= ده গ্রাম। Village.

قز (গ্বায্[য্]/ ğaz[z])= كژ কাঁচা রেশম। Raw or floss silk.

قزاق (গ্বায্যা'গ্ব/ ğazzăğ) রুশ; কাজাখ বংশীয়; রুশ সৈন্য; রুশ অধিনায়কের প্রশিক্ষণপ্রাপ্ত ইরানী সৈন্য। Cossack.

قزل (গ্বেযেল্/ğezel) লাল; [সোনা ও সোনালী রং অর্থেও ব্যবহৃত হয়]। Red. Roan.

قزل آلا(গ্বে.-আ'লা'/ğ.-ălă) লাল আঁশবিশিষ্ট এক ধরনের সুস্বাদু মিঠা পানির মাছ। Trout. Shot.

قزن قفلى (গ্বাযান্ গ্বোফ্লী/ğazan-ğofli) জামার হুক (যা বোতামের বদলে ব্যবহৃত হয়)। Hook and eye.

قساوت (গ্বাসা'ভাত্/ ğasăvat)= سخت دلى

قسراق (গ্বেস্রা'গ্ব/ğesrăğ) বাচ্চা ঘোটকী; চঞ্চলা স্বাস্থ্যবতী বালিকা বা ছুকরি। Filly.

قسرى (গ্বাস্রী/ğasri) যান্ত্রিক [ইচ্ছাবিহীন]-ভাবে চালিত; জাবারী। Mechanistic.

قسط (গ্বেস্ত্/ ğest) [ব.ব./pl.اقساط] অংশ; কিস্তি। Instalment. با قساط কিস্তিভিত্তিতে। By instalment.

قسط بندى (গ্বে.-বান্দী/ ğ.-bandi) কিস্তিতে পরিশোধের সমঝোতা। (Arrangement for) payment by instalments.

قسطنطنيه (গ্বোস্তান্তানীয়ে/ğostantanyye) ইস্তাম্বুল। Constantinople.

قسطى(গ্বেস্তী/ ğesti) কিস্তিভিত্তিক।

(Paid or to be paid) by instalments.

قس علی هذا (গ্বেস্‌আলা'হাযা'/ ğes-'ală-hază) এর ভিত্তিতে অনুমান কর; এর সাথে তুলনা কর। Infer (the rest) from this. وقس علی هذا অতঃপর এ নিয়মেই। And so forth; etc.

قسم (গ্বাসাম্‌/ ğasam) কসম; শপথ। Oath. ق. خوردن/ ق. یادکردن শপথ গ্রহণ করা; কসম খাওয়া। To take an oath; swear. ق. دادن কাউকে কসম দেওয়া; দোহাই দেওয়া। To administer an oath. قسم دروغ خوردن মিথ্যা কসম খাওয়া/শপথ করা। To swear falsely; perjure oneself.. بخدا ق আল্লাহ্‌র কসম। (I swear) by God. بخدا قسمت می دهم (তোমাকে) আল্লাহ্‌র কসম দিয়ে বলছি/দোহাই, ...। For God's sake.

قسم (গ্বেস্‌ম্‌/ ğesm) [ব.ব./pl.اقسام] রকম; ধরন। Kind; variety. [তুল./ Cf. به جور/نوع] اقسام کلمه পদ। Parts of speech.

قسمت (গ্বেস্‌মাত্‌/ğesmat) [بخش] অংশ; ভাগ; ভাগ্য। Part; portion; share. Section. Destiny. خارج ق ভাগফল। Quotient. ق. کردن ভাগ করা; বণ্টন করা। To divide; distribute. قابل ق ভাগযোগ্য; ভাগোপযোগী; বিভাজ্য। Divisible. غیر قابل ق. অবিভাজ্য। Indivisible.

قسم نامه(গ্বাসাম্‌না'মে/ ğasam-năme) শপথনামা; এফিডেভিট। Sewaring formula. Affidavit.

قسی (গ্বাসী [ই]/ğasy[y])= سخت শক্ত; নিষ্ঠুর। Hard. Cruel.

قسی القلب (গ্বাসীইয়োল্‌ গ্বাল্‌ব্‌/ ğasiyyol-ğalb)= سخت دل

قسیم(গ্বাসীম্‌/ğasim) অংশ; ভাগ; বণ্টনকারী; সুদর্শন; সুন্দর। Handsome. Participant. Distributor.

قشر (গ্বেশ্‌র্‌/ ğešr) [ব.ব./pl.قشور]= پوست চামড়া; খোসা; আবরণ। Skin. Bark. Husk. Rind. Shell. Crust.

قشقون (গ্বোশ্‌গ্বুন্‌/ ğošğun) = پاردم

قشلاق (গ্বেশ্‌লা'গ্ব/ ğešlăğ) উষ্ণ এলাকাঃ লোকেরা শীতপ্রধান এলাকা থেকে শীতকালে যেখানে গমন করে। Winter quarters.

قشنگ (গ্বাশাঙ্গ্‌/ ğašang) সুন্দর; সুদর্শন; ভাল। Pretty. Handsome. Nicely; well.

قشنگی (গ্বাশাঙ্গী/ğašangi) সৌন্দর্য। Prettiness.

قشو (গ্বাশাও/ ğašaw) পশুর শরীর পরিষ্কার করার ধাতব চিরুণী। Currycomb.

قشور (গ্বোশূর্‌/ ğošur) [قشر এর ব.ব./ pl. of قشر].

قشون(গ্বোশূন্‌/ğošun) [ارتش এর সমার্থকঃ আগেকার দিনে ব্যবহৃত হতো/Old word for ارتش].

قص(গাস্‌[স্‌]/ ğas[s])= سینه॥ عظم قص [বর্তমানে [سینه] جناغ বলা হয়] বুকের

মাঝখানের সোজা হাড়। [Now (سینه) چناغ] Wishing-bone.

قصاب (খ্বাস্‌সা'ব্/ ğassăb)= گوشت فروش গোশত বিক্রেতা; কসাই। Butcher.

قصابی (খ্বাস্‌সা'বী/ ğassăbi)= گوشت فروشی গোশত বিক্রির দোকান; কসাইর দোকান। Butchery.

قصابخانه(খ্বাস্‌সা'ব্‌খা'নে/ğassăbxăne) ১/1)= کشتارگاه ২/2) কসাইখানা ও গোশত্ বিক্রির দোকান। Butcher's shop.

قصار(খ্বাস্‌সা'র/ğassăr) ধোপা। Fuller.

قصار (খ্বেসা'র্/ ğesăr) [قصیر ছোট এর ব.ব./ pl. of قصیر short].
کلمات ق. অর্থপূর্ণ ছোট বাক্য; স্মরণীয় বাণী। Aphorisms.

قصاص (খ্বেসা'স্/ğesăs) কিসাসঃ হত্যাকারী বা আঘাতকারীকে হত্যা বা অনুরূপ আঘাত করে শাস্তি দান। Retaliation; punishment.
ق. کردن কিসাস-নীতি অনুযায়ী শাস্তি দান। To punish.
قصاص قبل از جنایت পূর্ব প্রতিষ্ঠিত এমন ধারণার ভিত্তিতে আচরণ যার যথার্থতার নিশ্চয়তা নেই; মূ. অ. এখনো সংঘটিত হয়নি এমন অপরাধের জন্য শাস্তি দান। (Act based on) prejudgement. OS. punishment for a crime not yet committed.

قصائد (খ্বাসা'য়েদ্/ ğasă'ed) [قصیده এর ব.ব./ pl. of قصیده].

قصب (খ্বাসা'ব্/ ğasab) [نی] বাঁশ, নলখাগড়া ও অনুরূপ যে কোন ফাঁপা গাছ; হাতের কনুই থেকে কব্জি ও পায়ের হাঁটু থেকে টাখনু পর্যন্ত লম্বিত হাড়; এক ধরনের মিহি কাপড়। Reed; cane. Windpipe. Kind of fine linen.

قصبات (খ্বাসাবা'ত্/ ğasabăt) [قصبه এর ব.ব./pl. of قصبه].

قصب الحبیب (খ্বাসাবোল্ হাবীব্/ ğasabol-habib) ১/1)= نی ২/2)= نی شکر ৩/3) কলম। Pen.

قصب الذریره (খ্বাসাবোয্ যারীরে/ ğasaboz-zarire) এক ধরনের পাম জাতীয় গাছ। Calamus; sweetflag.

قصبه(খ্বাসাবে/ğasabe) [ব.ব./pl.قصبات] কয়েকটি গ্রাম নিয়ে গঠিত জনপদ; ছোট শহর বা গ্রাম। Borough; small town.Village.

قصبة الریه (খ্বাসাবাতোর্ রীয়ে/ ğasabator-riye)= نای শ্বাসনালী। Trachea; wind-pipe.

قصبی (খ্বাসাবী/ ğasabi) জঙ্ঘা; অনুজঙ্ঘা ও শ্বাসনালী সংক্রান্ত। Tibial. Fibular. Tracheal.

قصد (খ্বাস্‌দ্/ğasd) উদ্দেশ্য; নিয়্যত; চেষ্টা; লক্ষ্যস্থিরকরণ। Intention. Purpose. Attempt. ق. داشتن উদ্দেশ্য থাকা। To have an aim.
ق. کردن নিয়্যত করা। To intend. To determine.
قصد جان وی را کردن তারা তাঁকে হত্যার চেষ্টা করেছে। They made an attempt on his life.
... بقصد - قصداً = از قصد উদ্দেশ্যে; ...অভিমুখে। With the intention of.

قصدا(খ্বাস্‌দান্/ğasdan)= ইচ্ছাকৃতভাবে;

উদ্দেশ্যমূলকভাবে। Intentionally; on purpose.

قصدى (গ্বাস্‌দী/ ğasdi) উদ্দেশ্যমূলক; ইচ্ছাকৃত। Intentional. بچه ق. বদল হয়ে যাওয়া শিশু; এক শিশুর বদলে অপর শিশু। Changeling; elf-child.

قصر (গ্বাস্‌র্/ğasr) [ব.ব./pl. قصور]=کاخ

قصر دررفتن (খেসের্ দার্ রাফ্‌তান্/ ğesr-dar-raftan) পিঠ বাঁচানো; গা বাঁচানো। To go scot-free; save one's skin.

قصص (খেসাস্/ ğesas) [قصه এর ব.ব./ pl. of قصه].

قصور (খোসূর্/ğosur) [کوتاهی]= عیب ত্রুটি/অক্ষম হয়ে পড়া/অবহেলা; দোষ; অক্ষমতার কারণে কোন কাজ না করা। Shortcoming. Omission. Defect. از ق. ورزیدن ত্রুটি করা; উপেক্ষা প্রদর্শন। To fail; come short; neglect.

قصور(খোসূর্/ğosur) [قصر এর ব.ব./pl. of قصر].

قصه (খেস্‌সে/ğesse) [ব.ব./pl. قصص]= داستان গল্প; কাহিনী; কিচ্ছা। Tale. Story. ق. گفتن বর্ণনা করা। To narrate. ق. کوتاه کردن কথা সংক্ষেপ করা; সংক্ষেপে বলা। To shorten the story; sum up.

قصیده (গ্বাসীদে/ ğaside) [ব.ব./pl. قصائد] প্রশংসা বা নিন্দাবাচক কবিতা বা শোকগাঁথা; যা একই ছন্দ ও অন্ত্যমিলযুক্ত ও সংক্ষিপ্ত হয়। Elegy; laudatory; elegiac or satirical poem; "purpose-poem".

قصير(গ্বাসীর্/ ğasir)= (قد)کوتاه

قصيل(গ্বাসীল্/ ğasil) প্রাণী খাদ্যরূপে ব্যবহারের জন্য কেটে রাখা সবুজ ঘাস বা ফসল। Green barley for fodder.

قضاء (গ্বাযা'-/ ğază') ফয়সালা দেওয়া; ভাগ্য; তকদীর; যে নামাজ যথাসময়ে পড়া হয়নি; দুর্ঘটনা; অপ্রত্যাশিত ঘটনা। Judgement. Decree. Destiny; fate. Accident; chance. ق. شدن (নামাজ, রোজা ইত্যাদি) কাজা হওয়া। To lapse. قضاء حاجت کردن প্রয়োজন পূরণ করা; প্রকৃতির ডাকে সাড়া দেওয়া। To ease nature.
از ق./ق. را ঘটনাক্রমে। By chance. It (so) happened that.
قضا = قضاوت বিচার কার্য; ফয়সালা দান। Judgement. ق. کردن বিচার করা; ফয়সালা করা। To judge.

قضات/قضاة (খোয্‌যা'ত্/ğozzăt) [قاضى এর ব.ব./pl. of قاضى].

قضائى (গ্বাযা'ঈ/ ğază'i) বিচার সংক্রান্ত; বিচার বিভাগীয়। Judicial; juridical; legal.

قضيب(গ্বাযীব্/ğazib) [ব.ব./pl.قضبان]= شاخه/ميل

قضيه(গ্বাযীয়্যে/ğaziyye) [ব.ব./pl.قضايا] ঘটনা; বিষয়; যুক্তির মাধ্যমে প্রতিপাদনকৃত সত্য; তর্কের ভিত্তিস্বরূপ গৃহীত উক্তি বা বাক্য; হুকুম; পূর্ণ অর্থবোধক বাক্য বা কথা যে সম্পর্কে মত দেওয়া যায়; বাক্যাংশ। Case. Theorem; proposition; premise or premiss. Clause. قضيهٔ بديهيه স্বতঃসিদ্ধ/ স্বপ্রমাণিত সত্য। Axiom. بى خبر از قيضايا কি ঘটছে বা ঘটছে সে

সম্পর্কে বে-খবর। Unaware of what is (or was) going about.

قطاب (গোতা'ব্[গোত্তা'ব্/ğotăb[ğottăb]) এক ধরনের মিষ্টি। (Kind of pastry like) turnover.

قطار (গাতা'র্/ğatăr) ট্রেন; সারি; কাতার; ভারবাহী পশুর সারি। Train. Row; file. ق . کردن সারিবদ্ধ করা; কাতারবন্দী করা। To set in a row or file. To make a string of.

قطاع (গেতা'-/ ğetă') (কোন বৃত্তের) অংশ বিশেষ। Sector (of a circle).

قطاع (গোত্তা'-/ğottă') [قاطع এর ব.ব./ pl. of قاطع] কর্তনকারী; ডাকত। Cutters; robbers.

قُطّاع الطريق (গোত্তা-ওত্ তারীগ্/ ğottă'ot-tariğ) তরাস্তায় রাহজানী করে এমন ডাকাত; দস্যু। Highway robbers.

قطاعی (গাত্তা'ঈ/ğattă'i) কাটাকাটি; বেশী বেশী কাটা বা ছেঁটে ফেলা। (Act of) scissoring out.

قطب (গোত্ব্/ ğotb) মেরু; মেরুদণ্ড; অক্ষ; কোন গোত্রের নেতা বা প্রধান ব্যক্তি কেন্দ্রবিন্দু। Pole. Axis; pivot.

قطب نما (গো.-নামা'/ğ.-namă) দিকদর্শন যন্ত্র; কম্পাস। Compus.

قطبی (গোত্বী/ğotbi) মেরু সংশ্লিষ্ট। Polar. ستارهٔ ق . ধ্রুবতারা। The North Star or pole-star.

قطر (গোত্র্/ğotr) ব্যাস; ঘনত্ব; জ্যামিতিক সরল রেখা; এলাকা; অঞ্চল। Diameter. Thickness. Diagonal. [তুল. ব.ব./Cf. The pl. اقطار] قطر درونی لوله নলের ভেতরের ব্যাস। Calibre.

قطرات (গাতারা'ত্/ ğatarăt) [قطره এর ব.ব./ pl. of قطره].

قطران(গাত্রা'ন্/ğatrăn)= قیر কোন কোন গাছের গা থেকে বের হওয়া কালো নরম পদার্থ; আলকাতরা। Tar. جوهر ق . বীজকে জীবাণুমুক্ত করার তৈলাক্ত পদার্থ। Creosote.

قطرب (গোত্রোব্/ ğotrob) মূর্খ; নির্বোধ; লম্বা পাবিশিষ্ট পানির ওপর সদাচলমান পোকা বিশেষ; এক ধরনের হাত-পা কাঁপা রোগ। Chorea. Vitus's dance.

قطره (গাত্রে/ ğatre) [ব.ব./pl.قطرات] ফোঁটা; বিন্দু। Drop. ق . ق . ফোঁটায় ফোঁটায়; বিন্দু বিন্দু। Drop by drop. ق . ق . چکیدن ফোঁটায় ফোঁটায় চুইয়ে/ টপকে পড়া। To Drip; fall in drops.

قطره چکان (গা.-চেকা'ন্/ ğ.-čekăn) ফোঁটায় ফোঁটায় তরল পদার্থ ফেলার উপকরণ; ড্রপার। Dropping tube; dropper.

قط زن (গাত্যান্/ ğatzan) যে কাঠের টুকরা বা হাড়ের ওপরে রেখে নল বা কঞ্চির কলম কাটা বা সুঁচালো করা হয়। Bone on which pens are nibbed; pen-cutter.

قطع(গাত্-/ğat') কাটা; বিচ্ছিন্ন করা; প্রত্যয় (অকাট্য ধারণা); নির্ধারণ করা; আকার। Cutting; amputation. Interruption. Severance. Setting; fixing. Size. To decide.

ق. کردن = بریدن কাটা; কেটে ফেলা; বিচ্ছিন্ন করা; ব্যাহত করা। To cut (off). To break off; interrupt. قطع امید کردن হতাশ হওয়া। To lose hope; despair. قطع روابط کردن সম্পর্কচ্ছেদ করা। To break off relations. قطع رحم کردن আত্মীয়তা-সম্পর্ক ছিন্ন করা। Breaking. off ties of relationship. قطع نظر از... (কোন কিছু) এড়িয়ে গিয়ে/বাদ দিয়েও। Apart from; irrespective of.

قطع (গ্বেতা-/ ğeta') [قطعه এর ব.ব./ pl. of قطعه]

قطعاً (গ্বাত্‌আন্/ ğat'an) নিঃসন্দেহে; নিশ্চিতভাবে; অবশ্যই। Certainly. Absolutely. [দ্র./S.u. اصلا].

قطعات (গ্বাতাআ'ত্/ ğata'ăt) [قطعه এর ব.ব./ pl. of قطعه].

قطع نامه (গ্বাত-না'মে/ğat'-năme) কোন সভার শেষে গৃহীত প্রস্তাব, সিদ্ধান্ত বা ঘোষণাপত্র। Resolution; manifesto.

قطعه(গ্বেত্‌এ/ğet'e) [ব.ব./pl. قطع/قطعات] অংশ; টুকরা; খণ্ড; ক্ষুদ্রাংশ; অঞ্চল; এলাকা; মহাদেশ; টুকরো কবিতা। Piece. Section; part. Segment. Tract; plot. Fragment of an elegy-often an independent poem. Continent. [তুল./Cf. پاره/تکیه]. ق.ق کردن টুকরা টুকরা করা। To cut to pieces.

قطعی (গ্বাত্‌ঈ/ ğat'i) নিশ্চিত; চূড়ান্ত; অপরিবর্তনীয়। Final. Definite. Decisive. Positive; certain. بهای ق. একদাম; রেয়াত বা কনসেশন বাদে চূড়ান্তভাবে দেয় মূল্য। Fixed price. قطعاً = بطور ق.

قطعیت (গ্বাত্‌ইয়্যাত্/ ğat'iyyat) নিশ্চয়তা; অকাট্যতা। Final nature. بچیزی ق. دادن কোন কিছু চূড়ান্ত করা। To finalise something.

قطور (গ্বাতূর্/ ğatur) ঘন; মোটা; পুরু। Thick; voluminous.

قطیفه (গ্বাতীফে/ ğatife) গোসলের পরে গা মোছার জন্য ব্যবহৃত বড় তোয়ালে। Bath-towel. Bathing- wrap; bath-robe.

قعر (গ্বা-র্/ ğa'r)= ته তলা; গভীরতা। Bottom. Depth.

قعود (গ্বোউদ্/ ğo'ud)= نشستن বসা। Sitting.

قفا (গ্বাফা'/ ğafă) ঘাড়/মাথার পেছন দিক; ঘাড়/গলা। Nape of the neck. Neck. ق. خوردن ঘাড়ে থাপ্পড় খাওয়া। To receive a slap on the neck. از قفای کسی رفتن কাউকে অনুসরণ করা; পিছু পিছু যাওয়া। To follow some one.

قفائی (গ্বাফা'ঈ/ ğafă'i) ফিকে নীল রঙের; রক্তিমাভ নীল রঞ্জক বিশেষ। Of the colour of lavender; also, mauve.

قفس (গ্বাফাস্/ğafas) খাঁচা। Cage.

قفص (গ্বাফাস/ ğafas)= قفس খাঁচা। Cage.

قفسه(গ্বাফাসে/ ğafase) তাক; খাদ্যদ্রব্য, থালা, বাসন প্রভৃতি রাখার তাকযুক্ত আলমারি। Cupboard; set of

shelves. قفسهٔ سینه বুকের খাঁচা (সবগুলো পাঞ্জরাস্থির সমন্বিত রূপ)। Thorax.

قفسه بندی(খা.-বান্দী/ ğ.-bandi) তাকে সংরক্ষণ; তাকে গুছিয়ে রাখা। Arrangements of shelves; shelving.

قفقاز (খাফ্খা'য্/ ğafğăz) ককেশাস পার্বত্য অঞ্চল। Caucasia.

قفقازی (খাফ্খা'যী/ ğafğăzi) ককেশাস পার্বত্য অঞ্চলের অধিবাসী। Caucasian.

قفقازیه (খাফ্খা'যীয়্যে/ğafğăziyye) ককেশাস পার্বত্য অঞ্চল। Caucasia.

قفل (খোফ্ল্/ ğofl) তালা। Padlock. قفل حروفی/قفل ابجد বর্ণ বা সংখ্যা মিলিয়ে খোলা হয় এমন তালা। Combination lock; letter-lock.

قفل ساز (খো.-সা'য্/ ğ.-săz) তালা প্রস্তুতকারী; তালা মেরামতকারী। Locksmith.

ققنس(খোখ্নোস্/ğoğnos) গল্পের কাল্পনিক পাখিঃ ফিনিক্স। Phoenix.

قلاب (খোল্লা'ব্/ğollăb) বড়শী; আংটা; লৌহ আঁকশি বিশেষ। Hook. Grapnel. ق. کردن বড়শীর ন্যায় বাঁকা করা। To curve like a hook. ق. زدن হুক দিয়ে আটকানো/বন্ধ করা; হুকে ঝোলানো। To hang or fasten with a hook.

قلابدار (খো.-দা'র্/ ğ.-dăr) হুক্-বিশিষ্ট। Hooked.

قلابدوز (খো.-দূয্/ ğ.-duz) যে কাপড়ের ওপরে ফুল তোলার কাজ করে। Crocheter.

قلابدوزی(খো.-দূযী/ğ.-duzi) কাপড়ের ওপরে নকশা তৈরির কাজ। Chochet work. Crochetring.

قلاب سنگ (খো.-সাঙ্গ/ ğ.-sang)= سنگ قلاب

قلابی (খোল্লা'বী/ ğollăbi) নকল; ভুয়া। Faked; phon(e)y)

قلاج (খোল্লা'জ/ğallăj) সশক্তিতে ধনুকের জ্যা টানা; দুই বাহু দুই দিকে প্রসারিত করলে যে বিস্তার হয় তার মাপ। Fathom.

قلاده (খেলা'দে/ğelăde) (কুকুরের) গলার বেল্ট। (Dog's) collar. سه ق. سگ তিনটি কুকুর। Three dogs.

قلاش (খাল্লা'শ্/ğallaš) ১/1) বদমাশ দুর্বৃত্ত (লোক)। Rogue ২/2)= مفت خور ৩/3)= میگسار 8/4)= لوده

قلاع (খেলা'-/ğella') [ব.ব./pl. قلعه এর ব.ব/pl. of قلعه]

قلب (খাল্ব্/ğalb) [قلوب =] دل হৃৎপিণ্ড; হৃদয়; অন্তঃকরণ; মন; সাহস; কোন কিছুর মধ্যখান। Heart. Mind. Courage. Centre. از ته ق. অন্তরের অন্তস্তল থেকে; আন্তরিকভাবে। Most heartily; sincerely. قوت ق. নিশ্চয়তা; মনোবল; সাহস। Assurance. Stout heart.

قلب (খাল্ব্/ğalb) উল্টে দেওয়া; ওলটপালট করা। Inversion. Permutation. ق. کردن উল্টে দেওয়া। To invert. قلب ماهیت রূপান্তর। Transmutation.

قلبًا(খাল্বান/ğalban) আন্তরিকভাবে। Heartly; cardially.

قلب الاسد(গ্বালবোল্ আসাদ/ ğalbol-asad) সিংহ রাশিস্থ নক্ষত্র বিশেষ; বছরের উষ্ণতম সময় (জুলাই-আগস্ট মাস) Regulus. Alpla Leonis. The dog-days.

قلب العقرب (গ্বাল্বোল্ আ'গ্বারাব্/ ğalbol-ağarab) বিছা রাশিস্থ প্রধান নক্ষত্রটি। Antares. Alpha scorpio.

قلب زن (গ্বাল্ব্ যান্/ğalb-zan) যে টাকা জাল করে। Coiner of base money.

قلب ساز (গ্বা.-সা'য্/ğ.-săz)=قلب زن

قلبه (গ্বোল্বে/ğelbe)= قلوه/ كليه

قلبى (গ্বাল্বী/ğalbi আন্তরিক; অন্তরঙ্গ। Heartfelt; cordial.

قلّت (গ্বেল্লাত্/ğellat)= كمى

قلتاق (গ্বাল্তা'গ্ব/ğaltăğ) ১/1) ঘোড়ার জিনের কাঠামো। Saddle-tree. ২/2) (গালি) অসৎ; বাঁকা স্বভাবের।2(Slang) Crooked. رو آدم قالتاقى است লোকটি বক্র স্বভাবের। He is a crooked man.

قلتبان (গ্বাল্ত্বা'ন/ğaltbăn) অসতী স্ত্রীর স্বামী; দাইয়ুস। Cuckold. Effeminate person.

قلدر (গ্বোল্দোর্/ğoldor) পেশী শক্তির অধিকারী; যে জবরদস্তি করে অন্যের ওপর নিজের অন্যায় মত চাপিয়ে দেয়; উদ্ধত ব্যক্তি। Tough guy. Bully. One who by using violence, imposes his unjust views on others. حكومت قلدرى স্বৈরশাসন। Sword-law.

قلزم (গ্বোল্যোম্/ğolzom) সাগর; বড় নদী। Clysma. دریای ق. লোহিত সাগর। The Red Sea.

قلع(গ্বা'ল-/ğal') টিন [قلعى ও বলা হয়] মূলোৎপাটন। Tin [also قلعى].সমূলে উৎপাটন করা; উপড়ে ফেলা। Eradication. Evulsion. ق. وقمع كردن সমূলে উৎখাত করা। To eradicate.

قلعه (গ্বাল্এ/ğal'e) [ব.ব./pl. قلاع]= دژ দুর্গ। Castle. Fort.

قلعى (গ্বাল্ঈ/ğal'i)= قلع টিন। Tin.

قلفه (গ্বালাফে/ğalafe)= غلفه

قلق (গ্বালাগ্ব/ğalağ)= اضطراب

قلق (গ্বেলেগ্ব/ğeleğ) মনের গতি; অভ্যাস। Mood. Habit. قلق كسى را بدست آوردن কারো অভ্যাস বা মনোভাব বুঝতে পারা। To get the length of one's shoes.

قلل (গ্বোলাল্/ğolal) [قله এর ব.ব./ Pl. of قله].

قلم(গ্বালাম্/ğalam) [ব.ব./pl. اقلام]= خامه কলম যে কোন উপকারণ; সংখ্যা বৈচিত্র্য; পদ্ধতি; প্রকার। Pen. Item; calamus. Variety; style; penmanship. قلم پا পায়ের নলা; জঙ্ঘাস্থি। Shin; shin-bone. قلم حجارى পাথর কাটা বা খোদাই বা খোদাই করার বাটালি। Boasting-chisel. قلم حكاكى অলঙ্কারাদিতে খোদাই করার ছোট বাটালি। Engraving chisel. قلم حجارى বাঁশের কঞ্চির বা নলখাগড়ার তৈরী কলম। Reed pen. قلم زدنقلم كشيدن (লেখা) কেটে বাদ দেওয়া। To write off; cross out. قلم كردن ভেঙ্গে ফেলা; ভেঙ্গে দুই টুকরা করা। To break; cut in two, as a

bone. از قلم افتادن লেখায় বাদ পড়ে যাওয়া। To be omitted in writting.

قلم انداز(খা.-আন্দা'য্/ğ.-andăz) দ্রুত হিজিবিজি লেখা। Scribblingly; rapidly.

قلمتراش(খা.-তারাশ্/ğ.-tarăš) কঞ্চি বা পাখির পালক কেটে কলম বানাবার ছুরি; ক্ষুদ্র ছুরি। Penknife.

قلم خوردگی(খা.-খোরদেগী/ğ.-xordegi) [লেখায়] কাটাকাটি হওয়া; বাতিল হওয়া। Alteration. Cancellation. [দ্র./S.u. قلم داد کردن].

قلم خورده (খা.-খোর্দে/ğ.-xorde) (লেখায়) কাটাকাটি বা বাতিল হয়েছে এমন। Crossed out. Canclled.

قلمداد کردن (খা.-দা'দ্ কার্দান্/ ğ.-dăd-kardan) গণ্য করা; অভিহিত করা। To figure. To present.

قلمدان (খা.-দান/ğ.-dăn) কলমদানি। Pen case.

قلمرو (খা.-রো/ğ.-ro) এলাকা; রাজত্ব; আওতা; এক্তিয়ারাধীন বিষয়। Realm; jurisdiction. Area.

قلم زده (খা.-যাদে/ğ.-zade) বাতিলকৃত। Crossed out. Cencelled.

قلمزن (খা.-যান্/ğ.-zan) খোদাইকারী; চিত্রকর। Calico. Engraver.

قلمستان (খালামেস্তা'ন্/ ğalamestăn) গাছপালার নার্সারী। Nursery for raising trees.

قلمکار(খালাম্‌কা'র/ğalam-kăr) ছাপানো সুতি কাপড়। (Printed) calico; printed cloth.

قلم مو (খা.-মু/ğ.-mu) তুলি। Painting-brush.

قلمه(খালামে/ğalame) যা দেখতে কলমের ন্যায়; কেটে জমিতে লাগানো গাছের ডাল; গাছের কলম। Cutting; slip; scion.

قلمی (খালামী/ğalami) ক্রমশ সরু হয়ে গেছে এমন; খোদাইকৃত; কেরানি সংক্রান্ত। Tapering; slender. Etched. Engraved. Clerical. شورهٔ ق. পটাসিয়াম নাইট্রেট। Potassium nitrate.

قلندر (খালান্দার্/ğalandar) কলন্দর; দরবেশ; ঘরসংসার ও দুনিয়াত্যাগী ব্যক্তি। Calender; mendicant or wandering dervish. چادر ق. ভবঘুরেদের অবস্থানের জন্য স্থাপিত তাঁবু। Bell-tent; gypsy-tent.

قلوب(খোলূব্/ğolub) [قلب এর ব.ব./pl. of قلب]

قلّ و دلّ(খাল্লা ভা দাল্লা/ğalla-va-dall) সংক্ষিপ্ত অথচ অর্থপূর্ণ বক্তব্য। Concise and expressive; laconic.

قلوه (খোল্‌ভে/ğolve) কিডনী। Kidney.

قلوه سنگ (খো.-সাঙ্গ/ğ.-sang) ছোট পাথর; পাথরকুচি। Rubble- stone.

قلوه کن کردن (খো.-কান্ কার্দান্/ ğ.-kan kardan) কোন কিছু ছিঁড়ে যাওয়ার পরে তা ছিঁড়ে আলাদা করে ফেলা বা মাঝ বরাবর ছিঁড়ে ফেলা। To tear (some thing) so that a piece is cut out of it; tear it in the middle.

قله(খোল্লে/ğolle) [ব.ব./pl. قلل] শীর্ষ; সর্বোচ্চ শিখর; পাহাড়চূড়া। Summit. Climax.

قلی(খোলী/ğoli)= پسر পুত্র [অন্য শব্দের সাথে যুক্ত ভাবে ব্যবহার্য]; পুংবাচক নাম। Son. Mas pr. name.

قلیا (খালীয়া/ğalyă) এ্যালকালি; ক্ষার। Alkali.
قلیای صابون پزی/قلیای قمی সাবান তৈরির ক্ষার। Barilla. جوهر ق. সোডা কার্বোনেট। Carbonate of soda. شبه ق. বৃক্ষাদিতে প্রাপ্ত ক্ষার জাতীয় পদার্থ; উপক্ষার। Alkaloid.

قلیا سنج (খা.-সান্'জ্/ğ.-sanj) এ্যালকালি মিটার। Alkalimeter.

قلیان (খালিয়া'ন/ğalyăn) হুক্কা। Hookah; nargileh.

قلیائی (খালীয়াঈ/ğalya'i) ক্ষারযুক্ত; ক্ষারধর্মী। Alkaline.

قلیل (খালীল্/ğalil)= کم অল্প পরিমাণ; সামান্য। Little; few.

قلیل المدت (খালীলোল্ মোদ্দাত্/ ğalilol-moddat)= کم مدت

قلیه (খালীয়ে/ğalye) রোস্ট করা গোশ্‌তের টুকরা; কোর্মা; কাবাব। Dish like fricassee.

قمار (খোমা'র্/ğomăr) জুয়া; বাজি ধরা। Gambling. ق. کردن জুয়ার চাল চালা। To gamble (away).

قمارباز (খো.-বা'য্/ğ.-băz) জুয়াড়ী। Gambler.

قماربازی(খো.-বা'যী/ğ.-băzi) জুয়াখেলা। Gambling.

قمار خانه (খো.-খা'নে/ğ.-xăne) জুয়ার আড্ডা; জুয়া খেলার জন্য নির্ধারিত ঘর। Gambling-house.

قماری(খোমা'রী/ğomări) ঝুঁকিপূর্ণ; দৈবনির্ভর; ভাগ্যনির্ভর। Hazarodus; aleatory; speculative.

قماش(খোমা'শ্/ğomăš) [ব.ব./pl. اقمشه] টুকিটাকি জিনিস; ঘরের ছোটখাট জিনিস ও কাপড়চোপড়; সুতী কাপড়। Piece-goods; textile fabrics.

قمپز در کردن (খোম্‌পোয্ দার্ কার্‌দান্/ ğompoz-dar-kardan) ধোঁকা দেওয়া; বড়াই দেখানো। To bluff or swagger.

قمر (খামার/ğamar) [ব.ব./pl. اقمار]= ماه চাঁদ; উপগ্রহ; স্ত্রীবাচক নাম। Moon. Satelite Fem. pr. name.

قمر در عقرب (খা.-দার্ আখ্‌রাব্/ ğ.-dar-'ağrab) বৃশ্চিক রাশি ও চাঁদের অভিন্ন সময়ে উদয় যাকে অলক্ষুণে মনে করা হয়। Mansion of the moon confronting the Scorpio, and believed by some to have an unlucky consequence. [তুল./Cf. شمسی].

قمری (খামারী/ğamari) চান্দ্র। Lunar.

قمری (খোমরী/ğomri) বনঘুঘু; কপোত বিশেষ। Turtledove; ringdove.

قمع (খাম্-/ğam') দলন; দমন করা। Suppression. Battering.

قمقمه(খোম্‌খোমে/ğomğome) সফরকালে পানি সাথে নিয়ে যাবার জন্য ছোট মুখযুক্ত ধাতব বা প্লাস্টিকের পাত্র। Flask. Thermos-pot.

قمه(গামের্ম্মে]/ğam[m]e) তলোয়ারের চেয়ে ছোট দু'ধারী অস্ত্র। Straight poniard.

قنات(খ্বানা'ত্/ğanăt) [ব.ব./pl. قنوات] ভূগর্ভস্থ পানির ধারা; অন্তঃসলিলা নদী; পানির ভূগর্ভস্থ নালা। Subterranean.

قناد (খ্বান্না'দ্/ğannăd) ময়রা; মিষ্টি প্রস্তুতকারী। Confectioner.

قنادی (খ্বান্না'দী/ğannădi) মিষ্টির দোকান; ময়রার দোকান। Confectionery.

قناره (খ্বেন্না'রে/ğennăre) গোশতের দোকানে গোশ্‌ত ঝোলানোর জন্য ব্যবহৃত বড় পেরেক বা হুকযুক্ত কাষ্ঠ বা লৌহখণ্ড। Butcher's hook; gambrel.

قناری (খ্বানা'রী/ğanari) কানারী দ্বীপপুঞ্জে বসবাসকারী এক ধরনের ছোট গায়ক পাখি; যার রং হলুদ, কমলা বা দুই রঙের মিশ্রিত রূপ। Canary (-bird).

قناعت (খ্বানা'আত্/ğană'at) পরিতৃপ্তি; অল্পে তৃষ্টি। Contentment. ق . کردن পরিতৃপ্ত হওয়া; অল্পে তুষ্ট থাকা। To be contented; content oneself.

قنبر (খ্বাম্বার/ğanbar) পু;বাচক নাম বিশেষ। Mas. pr. name.

قند ন(খ্বান্দ্/ğand) মিছরি; জমাট চৌকা চিনি; চিনির জমাট খণ্ড। Lump sugar; cube sugar. شیرهٔ ق . চিনিকলে চিনি উৎপাদনের জন্যে তৈরী শিরা; মাতগুড়। Molasses. مرض ق . বহুমূত্র রোগ। Diabetes mellitus. ق . توی دلش آب شد সে প্রাণ খুলে হাসল। He was all smiles.

قنداغ (খ্বানদা'খ্ব/ğandăğ) চিনিযুক্ত গরম শরবত। । Hot water with sugar.

قُنداق (খ্বোন্দাখ্ব/ğondağ) নবজাত বাচ্চাকে যে সাদা কাপড় দিয়ে পেঁচানো হয়; রাইফেল বা বন্দুকের বাট। Swaddling-clothes; -bands. [Of a rifle or gun] Stock. ق . کردن (নবজাত বাচ্চাকে) কাপড় দিয়ে পেঁচানো। To swaddle; swathe.

قنداقه (খ্বোন্দা'খ্বে/ğondăge) বন্দুকের বাট। Gunstock.

قندان (খ্বান্দ্দা'ন্/ğand-dăn) মিছরি/ জমাট চিনি/চিনি পরিবেশনের পাত্র। Sugar-bowl.

قندران(খ্বান্দারা'ন্/ğandarăn) ধানপাতার মত পাতাযুক্ত এক ধরনের উদ্ভিদের পাতা থেকে নির্গত মিষ্ট আঠালো রস। Caoutchouc.

قندگیر (খ্বান্দ্গীর্/ğandgir) মিষ্টি তোলার জন্য ব্যবহৃত বড় চিমটা। Sugar-tongs.

قندی (খ্বান্দী/ğandi) চিনি বা মিছরিযুক্ত। Sugared; candied.

قنوات (খ্বানাভা'ত্/ğanavăt) [قنات এর ব.ব./pl. of قنات].

قنوط (খ্বোনূত্/ ğonut) চাবুক বিশেষ যা শাস্তি দানের জন্য ব্যবহৃত হত। Knout.

قو (খ্বূ/ğu)= غو রাজহাঁস। Swan. پر قو উত্তর সাগরের কোমল পালকযুক্ত হাঁসের পালক। Eider-down.

قوا (খ্বোভা'/ ğovă) বাহিনীসমূহ; অনুষদ বা বিভাগসমূহ। Forces. Faculties. [তুল. এ.ব./ Cf. the s. قوه]. تجدید قوا নতুন সৈন্য মোতায়েন। Reinforcement.

قواره(খ্বাভা'রে/ğavăre) যার চারদিক কাটা; পোশাক তৈরির জন্য কাটা কাপড়;

قوه শক্তি; সামর্থ্য; বল; বিভাগ। Strength; force. Faculty. Authority ق. دادن শক্তি প্রদান; শক্তিশালী করা; পৃষ্ঠপোষকতা দান। To strengthen. To give nourishment (to). ق. گرفتن শক্তি সঞ্চয় করা। To take vigour. بقوت خود باقی بودن বহাল থাকা; পূর্বাবস্থায় কার্যকর থাকা। To remain in force; continue to be valid. قوت قلب মনোবল; নিশ্চয়তা; সাহস। Assurance. Courage.

قورباغه (ঘুর্‌বা'ঘে/ğur-băğe) [غوك/وزغ] ব্যাঙ। Frog. سنگ ق. এক ধরনের পাথর যা ব্যাঙের শরীরে তৈরি হয় বলে অনেকের বিশ্বাস। Toadstone. علف ق. এক ধরনের আগাছা। Ironwort.

قورخانه(ঘুর্‌খা'নে/ğurxăne)=زراد خانه

قوری (ঘুরী/ ğuri) চা পরিবেশনের পাত্র; টী-পট। Tea-pot.

قوز(ঘুয্/ğuz) কুঁজ; কুব্জ; অস্বাভাবিক স্ফীতি; বক্র পৃষ্ঠ; কুঁজো। Hump. Portuberance. Humpbacked. Humped. قوز بالای ق. ব্যথার ওপরে ব্যথা; বিপদের ওপর বিপদ। Kick in the pants; one difficulty added to another. قوز سینه বুকে কুঁজ। Chicken-breast. ق. کردن কুঁজো হওয়া; গুটিসুটি হয়ে যাওয়া; খুব বেশী আনত হওয়া। To crouch or squant. To hump.

قوز پشت(ঘু.-পোশ্‌ত্‌/ğ.-pošt) কুঁজো পিঠ বিশিষ্ট। Humpbacked.

ধরন; পুরো টুকরা; একটি জামা তৈরির জন্য প্রয়োজনীয় কাপড়ের টুকরা; কোন ব্যক্তির দৈহিক উচ্চতা; গড়ন; অবয়ব। (Dress) length. Stature; figure or cut.

قواره کن (ঘো.-কান্/ ğ.-kan) মূল্যবান পাথর বা তথ্য অনুসন্ধানের কাজে নিয়োজিত ব্যক্তি। Quarryman.

قواعد (ঘাভা'এদ্/ ğavă'ed) [قاعده এর ব.ব./pl. of قاعده].

قوافی (ঘাভা'ফী/ğavăfi) [قافیه এর ব.ব./ pl. of قافیه].

قوال (ঘাভ্‌ভা'ল্/ğavvăl)= خنیاگر/قصه گو

قوام (ঘাভা'ম্/ ğavăm) সরল বা সোজা অবস্থা; দৈহিক উচ্চতা। Straightness. Stature.

قوام (ঘাভা'ম্/ ğevăm) যার ওপর কোন কিছু বা কোন কাজ ভিত্তিশীল হয় বা প্রতিষ্ঠিত থাকে; দৃঢ়তা; স্থিতিশীলতা; পুংবাচক নাম। Consistency; firmness. Existence. Order. Mas pr. name. قوام بول পেশাবের ওপর সৃষ্ট পাতলা পর্দার ন্যায় পদার্থ। Pellicle of the urine. ق. کردن গড়ে ওঠা; স্থায়িত্ব লাভ করা। To get into shape.

قوانین (ঘাভা'নীন্/ ğavănin) [قانون এর ব.ব./ pl. of قانون].

قوت (ঘূত্/ ğut) মানুষের খাদ্য; রুজি। Nourishment; food. قوت لایموت কোনমতে প্রাণে বেঁচে থাকার উপযোগী খাদ্য। Scanty food just enough to keep one alive.

قوت (ঘোভ্‌ভাত্/ ğovvat) [زور/نیرو]=

قوز دار(গু.-দা'র্/ ğ.-dăr) ১/1) স্ফীত; কুঁজ বিশিষ্ট। Protuberant. ২/2)= قوز پشت

قوزك (গুযাক্/ ğuzak)= غوزك

قوزی (গুযী/ ğuzi) কুঁজো পিঠ বিশিষ্ট। Humpback(ed).

قوس (গোওস্/ğows) [ব.ব./pl. اقواس] = كمان ধনুক। ধুন রাশি; [آذر মাসের পুরনো নাম]। Bow. Are. Sagittarius. [Old name of آذر] قوس آورتا হৃদপিণ্ডের বাম দিক থেকে রক্তধারাবাহী ধমনী/ মহাধমনী। Arch of the aorta. قوس خارجی ধনুকের দুই মাথার বাঁকা অংশ। Extrados. قوس داخلی ধনুকের মাঝখানের বাঁকা অংশ। Intrados. قوس قزح রংধনু। Rainbow.

قوش (গুশ্/ ğuš) বাজপাখি। Falcon. قوش جره পুরুষ বাজ পাখি। Male falcon. قوش طور/قوش ماده স্ত্রী বাজপাখি। Female falcon. قوش قزل লাল বাজ। Goshawk.

قوشی (গুশী/ ğuši) বাজ সংক্রান্ত; গালের ঠোঁটের ন্যায় বাঁকা। Aquiline.

قوطی (গুওতী/ğouti) কার্ডবোর্ডের/ পিচবোর্ডের ছোট বাক্স; ধাতব কৌটা; টিন। Small box; can; tin. قوطی چای চায়ের কৌটা। Tea-caddy. قوطی سیگار সিগারেট কেস। Cigarette-case. قوطی کبریت দিয়াশলাইর বাক্স। Match-box. در ق. ریختن কৌটাজাত বা টিনজাত করা। To can or tin.

قوطی بازکن(গো.-বা'য্ কোন্/ ğ.-baz-kon) টিন বা কৌটার মুখ খোলা বা কাটার হাতিয়ার। Tin- opener; can-opener.

قول (গাওল্/ğawl) [ব.ব./pl. اقوال] কথা; ভাষণ; প্রতিশ্রুতি; উক্তি। Promise; word; speech. Saying. ق. دادن প্রতিশ্রুতি প্রদান; ওয়াদা করা। To promise. ق. گرفتن از কারো কাছ থেকে কথা (প্রতিশ্রুতি) আদায় করা। To make (some one) promise. قول شرف পাকা কথা [শরাফতের/ ভদ্রতার শপথসহ কথা দান]। Word of honour; paroled, honneur. سر قول خود ایستادن ওয়াদায়/ প্রতিশ্রুতিতে অটল থাকা। To abide by one's word. بقول شما আপনার মতে; আপনার কথা অনুযায়ী। According to you; as you say.

قولنامه (গা.-না'নে/ ğ.-năme) লিখিত ওয়াদা/প্রতিশ্রুতি; প্রাথমিক চুক্তি; সমঝোতা। Written promise; preliminary agreement.

قلنج (গুলেন্জ্/ğulenj) পেটের বৃহদন্ত্র, ক্ষুদ্রান্ত্র অথবা কিডনীর ব্যথা; পেটের শূলবেদনা। Colic. قلنج امعاء অন্ত্রের ব্যথা। Gripes. قلنج ایلاوس নিতম্বাস্থির/ পাছার হাড্ডির ব্যথা। Ileus; iliac passion.

قوم (গাওম্/ ğawm) [ব.ব./pl.اقوام] জনসমষ্টি; সম্প্রদায়; আত্মীয়-স্বজন; জাতি; গোত্র। People; nation. Tribe. Group of fallowers.

قوم و خویش(গা.-ও-খীশ্/ ğ.-o-xiš) আত্মীয়-স্বজন। Relativs.

قوم و خیشی(গ্বা.-ও-খীশী/ ğ.-o-xiši)= خویشاوندی

قومیت (গ্বাওমিয়্যাত্/ ğawmiyyat) জাতীয়তা; গোত্রীয়তা; জাতীয় বা গোত্রগত বৈশিষ্ট্য। Racial or national character. Relationship.

قوه (গ্বোভ্‌ভে/ ğovve) [قوا ।] শক্তি; সামর্থ্য; ক্ষমতা; বাহিনী; বিভাগ; কর্তৃপক্ষ; সম্ভাবনা; ব্যাটারী। Power; strength; force; energy. Faculty. Authority. Battery. قوهٔ ناطقه বাকশক্তি। Faculty of speech. (به) ق. دادن শক্তিশালী করা। To strengthen. از قوه بعمل آوردن সম্ভাবনা থেকে বাস্তবে নিয়ে আসা; সম্ভাবনাকে বাস্তবে পরিণত করা। To realise. To bring into effect. قوه اش نمی رسد که তার শক্তিতে কুলোয় না যে,....। He is not strong enough to ....; he can not afford to .....

قوی (গ্বাভী/ ğavi) ১/1) [স্ত্রী./Fem. قویه] = نیرومند শক্তিমান; শক্তিশালী। Strong; powerful [২/2) শুধু ব.ব. اقویاء এর ক্ষেত্রে/only in the pl. اقویاء। ক্ষমতাবান বা প্রভাবশালী (লোক)] the powerful or influential (people)]. احتمال ق. می رود জোর সম্ভাবনা রয়েছে (যে,)...। There is a strong probability.

قویا(গ্বাভিয়্যান্/ğaviyyan) জোরালোভাবে। Strongly.

قوی البنیه(গ্বাভীওল্ বোনিয়ে/ ğaviol-bonye) শারীরিকভাবে শক্তিশালী; স্বাস্থ্যবান। Physically strong; robust.

قوی القلب(গ্বা.-গ্বাল্‌ব্/ğ.-ğalb) দৃঢ় মনের অধিকারী; সাহসী ব্যক্তি। Stout-hearted.

قوی بنیه (গ্বাভী বোনীয়ে/ğavi-bonye)= قوی البنیه

قوی پنجه (গ্বাভী পান্‌জে/ ğavi-panje) মজবুত; শক্তিশালী পাঞ্জার অধিকারী ব্যক্তি; শক্তিমান। Of strong claws. Strong.

قوی هیکل (গ্বা.-হেইকাল/ ğ.-heykal) বিশালদেহী; সুঠামদেহী। Huge. Formidable; robust. Well-set.

قهار(গ্বাহ্‌হা'র্/ğahhăr) অত্যন্ত শক্তিশালী; শক্তিমান; পরাভূতকারী; প্রতিশোধ গ্রহণকারী; প্রবল প্রতাপান্বিত আল্লাহ্‌র গুণবাচক নাম। Very powerful; omnipotent. Avenger or subduer: epithet of God.

قهر (গ্বাহ্‌র্/ ğahr) রাগ; ক্রোধ; শক্তি; আড়ি। Wrath; anger. Violence; force. Sulking. من با او ق. هستم ওর সাথে আমার আড়ি [আমি ওর সাথে কথা বলি না]। I am not on speaking terms with him. ق. کردن আড়ি দেয়া/রাগ করে কারো সাথে কথা বন্ধ করে দেয়া; মনে মনে রাগ করা। To sulk. To break up Relations. قهر خود را (بر) سر کسی خالی کردن কারো ওপর রাগ ঝাড়া/ঝাল ঝাড়া। To vent one's anger on some one.

قهرا (গ্বাহ্‌রান্/ ğahran) অনিচ্ছা সত্ত্বেও; স্বাভাবিকভাবে; অবশ্যই; স্বয়ংক্রিয়ভাবে। By force; forcibly. Naturally. Automatically.

قهرمان(গ্বাহ্‌রামা'ন্/ ğahramăn) বীর; পালোয়ান; সর্বজয়ী মল্ল। Hero.

Champion. قهرمان رانندگی শ্রেষ্ঠ (যানবাহন) চালক। Champion driver.

قهرمانی (ঘ্বাহ্রামা'নী/ ğahramăni) বীরত্ব; বীরত্ব দেখানো; পালোয়ানী। Championship. Promoting championship.

قهری (ঘ্বাহ্রী/ ğahri) যা চাপের মুখে বা বল প্রয়োগে সম্পাদিত হয়; অবশ্যম্ভাবী; অনিবার্য; স্বাভাবিক; স্বয়ংক্রিয়। Forcible. Natural. Automatic. [স্ত্রী./ Fem. قهریه].

قهقرا (ঘ্বাহ্ঘ্বারা'/ğahğară) পশ্চাদগমন/ পশ্চাদপসরণ; পতনমুখিতা; পশ্চাদপসরণ/পশ্চাদগমন করা; অধঃপতন। Hetrogradation. ق. رفتن অধঃপতিত হওয়া। To retograde.

قهقرائی (ঘ্বাহ্ঘ্বারা'ঈ/ ğahğară'i) প্রত্যাগমন করে এমন; পতনমুখী। Retrogressive. سیر قهقرائی পশ্চাদগতি। Retrogradation.

قهقهه (ঘ্বাহ্ঘ্বাহে/ ğahğahe) অট্টহাসি। Baisterous laugh. ق. زدن অট্টহাস্য করা। To roar with laughter.

قهوه (ঘ্বাহ্ভে/ ğahve) কফি। Coffee. قهوهٔ بی شیر কালো কফি; দুধ ছাড়া কফি। Black coffee. جوهر ق. কফির মধ্যে প্রাপ্ত উপক্ষার বিশেষ। Coffein(e).

قهوه ای (ঘ্বাহ্ভেঈ/ğahve'i) কফি রঙের; বাদামী রঙের Coffee-brown.

قهوه جوش (ঘ্বাহ্ভে জূশ/ ğahve-juš) কফি তৈরির পাত্র। Coffee-pot.

قهوه چی (ঘ্বা.-চী/ğ.-či) চা-বিক্রেতা (যে তৈরী চা বিক্রি করে) মৃ.অ. কফিখানার পরিচারক। Tea-shop keeper. OS. Coffee-house keeper.

قهوه خانه (ঘ্বা.-খা'নে/ğ.-xăne) তৈরী চায়ের দোকান; কফিখানা। Tea-house; coffee-house.

قهوه خوری(ঘ্বা.-খোরী/ğ.-xori) [فنجان বোঝাতে/For. فنجان ق.] কফি খাওয়ার কাপ। Coffee-cup.

قی (ঘ্বেই/ğey) বমি করা; বমি(কৃত বস্তু)। Vomiting. داروی ضد قی বমিরোধক ওষুধ। Antemetic قی خونی রক্তবমি। Homatemesis. قی آوردن বমনোদ্রেক করা। To provoke vomiting. قی کردن বমি করা। To Vomit.

قیاس (ঘ্বীয়া'স/ğiyăs) পরিমাণ করা; এক জিনিসকে অন্য জিনিসের সাথে তুলনা করে তাকে পরিমাপ করা বা সাদৃশ্য বর্ণনা করা; অনুমান করা; কিয়াস করা। Analogy. Deduction. ق. کردن কোন কিছুর সাদৃশ্য বা মিলের সাথে অনুমান করে অন্য কোন বিষয়ে সিদ্ধান্তে উপনীত হওয়া; কিয়াস করা। To infer by analogue; analogize. ق. بنفس کردن অন্যকে নিজের ওপর কিয়াস/অনুমান করা। To measure other people's corn one's own bushel. بر قیاس... ...এর ভিত্তিতে; ...এর ওপর তুলনা করে। On the analagy of.

قیاساً (ঘ্বীয়া'সান্/ğiyăsan) কিয়াস অনুযায়ী/তুলনা বা অনুমানের ভিত্তিতে Analogically; by analogy of comparison.

قیاسی(ঘ্বীয়া'সী/ğiyăsi) কিয়াসভিত্তিক; তুলনা বা অনুমান বিষয়ক; (প্রধানত ক্রিয়া সম্পর্কে) সাধারণ নিয়মানুযায়ী

বিভক্তি-প্রত্যয়াদি যোগে গঠিত। Analogical. Deductive Regular.

قیافه (খ্বিয়া'ফে/ğiyăfe) চেহারা ছুরত; দেহকাঠামো; অবয়ব। Physiognomy; mien.

قیافه شناس (খে.-শেনাস/ğ.-šenăs) চেহারা দেখে চরিত্র নির্ণয়কারী। Physiognomist.

قیافه شناسی (খে.-শেনা'সী/ ğ.-šenăši) চেহারা দেখে চরিত্র নির্ণয়ের বিদ্যা। Physiognomy.

قیام (খ্বীয়া'ম/ğiyăm) দাঁড়ানো; উত্থান/জাগরণ বিদ্রোহ। Rising. Insurrection; revolt. [তুল./cf. جنبش/نهضت] ق. کردن উত্থান করা; অভ্যুত্থান করা। To revolt or rise. تا قیام قیامت কিয়ামত হওয়া পর্যন্ত; চিরদিন। Till doomsday; for ever and a day.

قیاماً (খ্বিয়া'মান্/ğiyăman) উত্থানের মাধ্যমে; দণ্ডায়মান অবস্থায়। By rising or standing. In a standing position.

قیامت (খ্বিয়া'মাত্/ğiyămat)=رستاخیز পুনরুত্থান দিবস; কিয়ামত। Resurrection. ق. کردن অত্যন্ত চমৎকারভাবে বড় ধরনের কোন ভাল কাজ করে ফেলা। To do something marvellously well. ق. برپاکردن হুলস্থুল করা। To kick up a row.

قی آور (খেই অ'ভার/ğey-ăvar) বমনোদ্রেককারী; বমি করানোর জন্যে ব্যবহৃত ওষুধ। Emetic.

قیچی (খেইচী/ğeyči) কাঁচি। (Pair of) scissors. ق. کردن কেটে বাদ দেওয়া। To scissor (out). To cut (up). قیچی باغبانی গাছের ডালপালা ছাঁটার বড় কাঁচি। Pruning-shears.

قید (খেইদ/ğeyd) [ব.ব./pl. قیود] বন্দী করা; রুদ্ধ করা; বন্ধন; শর্ত; দায়বদ্ধতা; কোন পদের তাৎপর্যে স্থান, কাল বা অবস্থা আরোপবাচক শব্দ। Press; cramp. Tie; fond; obligation. Stipulation; reservation. Care. Adverb. ق. کردن শর্তাবদ্ধ করা; শর্তারোপ করা। To stipulate. در قید چیزی بودن কোন কিছুতে আকৃষ্ট হয়ে থাকা; কোন কিছুতে আবদ্ধ থাকা। To care for; or be particular about, some thing. قید چیزی را زدن কোন কিছু পরিত্যাগ করা/ভুলে যাওয়া। To abandon or forget some thing. بدون ق. و شرط নিঃশর্তভাবে। Unconditional(ly). در قید حیات بودن জীবিত থাকা। To be living.

قیدی (খেইদী/ğeydi) শর্তযুক্ত; স্থান, কাল বা অবস্থা নির্দেশক। Adverbial.

قیر (খ্বীর্/ğir) আলকাতরা; পিচ। Tar. ق. زدن/با ق. اندودن আলকাতরার প্রলেপ দেওয়া; পিচ ঢালাই করা। To smear with tar; bituminize. قیر خیابان রাস্তায় ব্যবহার্য পিচ/এ্যাসফল্ট। Asphalt. قیر معدنی বিটুমিন। Bitumen.

قیراط (খ্বীরা'ত্/ ğirăt) ক্যারাটঃ হীরা মাপার ওজন-একক যা এক গ্রামের প্রায় এক-পঞ্চমাংশের সমান। Carat.

قیر اندود(খ্বী.-আন্‌দূদ/ ğ.-andud) আলকাতরা দ্বারা আবৃত বা পিচ দ্বারা ঢালাই করা হয়েছে এমন। Tarred;

smeared with tar. ق. اندود کردن আলকাতরা দ্বারা আবৃত করা; পিচ ঢালাই করা। To smear with tar; bituminize.

قیرگون (খী.-গূন্/ ğ.-gun) পিচের ন্যায় রংবিশিষ্ট কালো। Pitch-dark; black.

قیروان (খেইরাভা'ন্/ ğeyravăn) বিশ্বের প্রতিবেশ; দিগন্ত; শেষ প্রান্ত। Environs of the earth. Horizon. End.

قیری (খীরী/ğiri) ১/1)= قیر بودن ২/2)= قیر اندود ৩/3) পিচ বা আলকাতরা দ্বারা আবৃত। Bituminous.

قیسی (খেইসী/ ğeysi) খুবানী (এক ধরনের ফল)। Variety of apricot.

قیش (খেইশ্/ ğeyš) চামড়ার সরু ফালি; চামড়ার কোমরবন্ধ। Thong; strap.

قیصر(খেইসার্/ğeysar) [ব.ব./pl. قیاصره] কাইজার [রোম সম্রাটদের উপাধি]। Caesar.

قیصي (খেইসী/ğeysi)= قیسی

قیف(খীফ্/ ğif) কুপি; চুঙ্গি। Funnel.

قیفی (খীফী/ ğifi) চুঙ্গির আকৃতিবিশিষ্ট। Funnel-shaped. کلاه ق. কাগজের তৈরী চূড়াকার টুপি যা বিদ্যালয়ের গবা ছেলেকে শাস্তিস্বরূপ পরানো হয়। Dunce's cap.

قیل و قال (খীল্-ও-খা'ল্/ ğil-o-găl) কথাবার্তা; তর্কাতর্কি; বাহাস। Noise; din; fuss. ق. کردن তর্কাতর্কি করা; হৈ চৈ করা। To make a noise. To wrangle.

قیلوله (খেইলূলে/ ğeylule) দুপুরের ঘুম; দুপুরে ঘুমানো। Siesta.

مجید(মাজীদ্/majid) মহান; মর্যাদাবান; সম্মানের অধিকারী; পুংবাচক নাম। Great; honourable. Mas. pr. name.

مجیر(মোজীর্/mojir)= حامی / یاور

مجیز گفتن(মাজীয্ গোফ্তান্/ majiz-goftan) চাটুকারিতা করা। To flatter or cajole.

مچ (মোচ্/moč) কব্জি বা টাখ্নু। Wrist. Ankle. مچ دست হাতের কব্জি। Wrist. مچ پا পায়ের টাখনু। Ankle. مچ کسی را گرفتن হাতেনাতে ধরা। To catch one in the act.

مچ پیچ(মো.-পীচ্/m.-pič) পায়ের টাখ্নুতে বাঁধার জন্যে সূতী বা পশমী চওড়া ফিতা। Puttee.

مچی (মোচী/moči) কব্জি সম্পর্কিত। Carpal. Tarsal. ساعت م. হাতঘড়ি। Wrist-watch.

مچاله کردن (মোচা'লে কার্দান্/ močăle kardan) কোন জিনিসকে হাতে ঘষে বা পিষে মণ্ডে, গুঁড়ায় বা টুকরা-টুকরায় পরিণত করা [রূপক অর্থে প্রাণী বা মানুষের জন্যও ব্যবহৃত হয়]; ভেঙ্গে টুকরো টুকরো করা; চূর্ণ-বিচূর্ণ হওয়া। To crumple (up).

مچل شدن(মাচাল্ শোদান্/ mačal-šodan)= شکار شدن/ پور شدن / بکر شدن

محابا (মোহা'বা'/ mohăbă) সতর্কতা; খেয়াল রাখা; সমীহ। Regard; consideration; respect.

محاجه (মোহা'জ্জে/mohăjje) প্রমাণ উপস্থাপন; যুক্তি প্রদর্শন। To reason.

محاذی (মোহা'যী/ mohăzi) মুখোমুখী; বিপরীত; সমান্তরাল। Opposite; parallel.

محارب (মোহা'রেব্/ mohăreb) যোদ্ধা। Combatant.

محاربه (মোহা'রেবে/mohărebe) দ্বন্দ্বযুদ্ধ; যুদ্ধ। Fighting (together); war.

محارم (মাহা'রেম্/ mahărem) [محرم এর ব.ব./ pl. of محرم].

محاسب(মোহা'সেব্/mohăseb)= حسابدار

محاسبات (মোহা'সেবা'ত্/ mohăsebăt) [محاسبه এর ব.ব./ pl. of محاسبه] হিসেব-নিকাশসমূহ; হিসেবসমূহ। Accounts.

محاسباتی(মোহা'সেবা'তী/mohăsebăti) হিসাব সংক্রান্ত। Related to accounts. اشکالات م. হিসাব সংক্রান্ত সমস্যা। Accounting difficulties.

محاسبه(মোহা'সেবে/mohăsebe) হিসেব করা; হিসেব-নিকাশ করা; প্রাক্কলন। Calculation. Computation.

محاسن (মোহা'সেন্/mahăsen) ভাল কাজসমূহ; সৌন্দর্যসমূহ; দাড়ি। Good deeds; beauties. Beard.

محاصره(মোহা'সেরে/mohăsere) অবরোধ। Siege; blockade.

محاضر (মাহা'যের্/ mahăzer) [محضر এর ব.ব./pl. of محضر].

محاط(মোহা'ত্/mohăt) যা চতুর্দিকে অন্য কিছুর দ্বারা ঘেরাও হয়ে আছে। Surrounded. Inscribed.

محافظ (মোহা'ফেয্/mohăfez)=نگهدار

محافظت(মোহা'ফেযাত্/ mohăfezat)=

نگهداری হেফাজত; রক্ষণাবেক্ষণ। Protection.

محافظه (মোহা'ফেযে/ mohăfeze)= محافظت

محافظه کار (মো.-কা'র্/ m.-kăr) রক্ষণশীল। Conservative.

محافظه کاری (মো.-কা'রী/ m.-kări) রক্ষণশীলতা। Conservativeness. اصالت م. রক্ষণশীলতাবাদ। Conservatism.

محافل (মাহা'ফেল্/ mahăfel) [محفل এর ব.ব./pl. of محفل].

محاق (মোহা'ঘ্/ mohăğ) চান্দ্র মাসের শেষ ৩ দিনে রাতে চাঁদ দেখা না যাওয়ার অবস্থা। Wane of the moon.

محاقی (মোহা'ঘী/ mohăği) চান্দ্র মাসের শেষ তিন দিনে চাঁদ দেখা না যাওয়াকালীন। Interluner.

محاکا (মোহা'কা'/ mohăkă) পরস্পরের কাহিনী শোনানো; কারো কথা হুবহু উদ্ধৃত করা। Talking to or imitating each other. Resembling.

محاکم (মাহা'কেম্/ mahăkem) [محکمه এর ব.ব./ pl. of محکمه].

محاکمات(মোহা'কেমা'ত্/mohăkemăt) [محاکمه এর ব.ব./pl. of محاکمه].

محاکمه (মোহা'কেমে/ mohăkeme) [محاکمات] বিচার; বিচারকার্য; শুনানি। Trial; court procedure; hearing.

محال (মাহা'ল্[ল]/ mahăl[l]) [محل এর ব.ব./ pl. of محل].

محال(মোহা'ল্/mohăl) অসম্ভব; যা হওয়ার নয়। Impossible. [স্ত্রী./fem. محاله]

محالات(মাহা'লা'ত্/ mahălăt) [محاله এর ব. ব./pl. of محاله] অসম্ভব বিষয়সমূহ। Impossibilities; absurdities.

محال علیه (মোহা'লোন্ আলাইহ্/ mohălon-'alayh)= برات گیر

محامد(মোহা'মেদ্/mohămed) প্রশংসনীয় গুণাবলী। Laudable qualities.

محامل (মাহা'মেল্/ mahămel) [محمل এর ব.ব./pl. of محمل].

محاوره(মোহা'ভেরে/mohăvere) পরস্পর কথোপকথন। Conversation.

محاوره ای (মোহা'ভেরেঈ/mohăvere'i) কথোপকথনে ব্যবহৃত; কথ্য। Colloquial.

محب (মোহেব্ব্/ mohebb)= دوستدار

محبت(মাহাব্বাত্/mahabbat) ভালবাসা; দয়া; স্নেহ। Love. Kindness. Affection.

محبت آمیز(মা.-অ'মীয্/m.-ămiz) দয়ার্দ্র; স্নেহপূর্ণ। Affectionate; kind.

محبس (মাহ্বাস্/ mahbas)= زندان

محبوب (মাহ্বূব্/ mahbub) প্রিয়; বন্ধু; প্রেমিক; পছন্দনীয়; জনপ্রিয়। Beloved; loved; favourite. Popular. Friend; darling.

محبوب القلوب (মাহ্বূবোল্ ঘোলূব্/ mahbubol-ğolub) সর্বজনপ্রিয়; জনপ্রিয়। Loved by all; popular.

محبوبه (মাহ্বূবে/ mahbube) প্রিয়া। Sweet heart. [محبوب এর স্ত্রীবাচক/Fem. of محبوب]

محبوبیت(মাহ্বূবিয়্যাত্/mahbubiyyat) জনপ্রিয়তা। Popularity.

محبوس(মাহ্বূস্/ mahbus) বন্দী। Imprisoned. [দ্র./S.u. زندانی]

محتاج (মোহ্তা'জ্/ mohtăj)= نیازمند অভাবী; দরিদ্র; মুখাপেক্ষী। Needy; poor. [به সহকারে with به] কোন কিছুর মুখাপেক্ষী। Needing. م. به ذکر نیست উল্লেখ করার প্রয়োজন নেই; বলা বাহুল্য। It is needless to mention. م. ساختن (কাউকে) গরীব/মুখাপেক্ষী করা। To reduce to poverty. محتاج کسی شدن কারো মুখাপেক্ষী হওয়া। To need some one's help.

محتاط (মোহ্তা'ত্/ mohtăt) সতর্ক। Cautious.

محتاطانه (মোহতা'তা'নে/ mohtătăne) সতর্কভাবে। Cautiously.

محتال (মোহ্তা'ল্/ mohtăl)= حیله گر

محترز (মোহ্তারেয্/ mohtarez) যে দূরে থাকে; পরিহার করে; সতর্ক ব্যক্তি। Shunning or shunner. Cautious (person).

محترق(মোহ্তারেগ্ব/mohtareğ) যা জ্বলে; জ্বলন্ত। Inflamable. Explosive.

محترم (মোহ্তারাম্/ mohtaram) সম্মানিত। Honourable. [স্ত্রী./ fem. محترمه] م. داشتن সম্মান করা। To honour or respect.

محترماً (মোহ্তারামান্/ mohtaraman) সসম্মানে। Respectfully.

محترمانه (মোহ্তারামা'নে/ mohtaramăne) সম্মানজনকভাবে। Respectably; honourably.

محترمه(মোহ্তারামে/ mohtarame) [محترم এর স্ত্রী./Fem. of محترم]।

محتسب (মোহ্তাসেব্/ mohtaseb) মন্দ কাজে নিষেধকারী; পৌর বা পুলিশ কর্মকর্তা। Municipal or police officer.

محتشم(মোহ্তাশাম্/ mohtašam) মহান/ শান-শওকতের অধিকারী ব্যক্তি। Magnificent; pompous.

محتضر(মোহ্তাযার্/mohtazar) মরণোন্মুখ; মৃত্যুশয্যায় শায়িত। In a dying state; moribund.

محتکر(মোহ্তাকের্/mohtaker) মজুতদার। Hoarder.

محتلم (মোহ্তালেম্/ mohtalem) যার স্বপ্নদোষ হয়েছে। (One) who has a nocturnal pollution.

محتمل (মোহ্তামাল্/ mohtamal) সম্ভাবনাময়। Probable.

محتمل الوجهین (মোহ্তামালোল্ ভাজ্হেইন্/mohtamalol- vajheyn) পরস্পর ভিন্ন দ্ব্যর্থবোধক (কথা)। Equivocal verse susceptible of two opposite interpretations.

محتمل الوقوع (মোহ্তামালোল্ ভোগ্ব/ mohtamalol-voğu') যা ঘটার সম্ভাবনা আছে। Contingent.

محتوی (মোহ্তাভা'/mohtavă) উপাদান; বিষয়বস্তু; অন্তর্ভুক্ত বিষয়াদি। Content. Subject matter.

محتوی (মোহ্তাভী/mohtavi) ধারণকারী/ আয়ত্তকারী/শামিলকারী। Containing.

محتویات(মোহ্তাভিয়া'ত্/mohtaviyăt) [محتوی এর ব.ব./ pl. of محتوی]

ধারণকৃত বিষয় বা উপাদানসমূহ। Contents.

محجبه (মোহাজ্জাবে/ mohajjabe) পর্দানশীনা; শরীয়ত নির্ধারিত শালীন পোষাকে আবৃত থাকে এমন মহিলা। Veiled.

محجر (মাহ্জার/ mahjar) গ্রাম বা জনপদের চারদিককার বাগান বা এ জাতীয় ঘর; বাড়ীর বা চারদিককার বেড়া বা রেলিং; চোখের কোটর। Fence; railing; parapet.

محجر (মোহাজ্জার্/ mohajjar) পাথরের মত শক্ত হয়েছে এমন; পাথর বসিয়ে চিহ্নিত করা হয়েছে এমন। Petrified.

محجوب (মাহ্জূব্/ mahjub) পর্দান্তরালে অবস্থিত; আবৃত; শালীন; ভদ্র। Modest; coy.

محجوبانه (মাহ্জূবা'নে/ mahjubane) ভদ্রভাবে; শালীনতার সাথে। Modestly. Politely.

محجوبه (মাহ্জূবে/ mahjube) আবৃতা; পর্দানশীন মহিলা; শালীনা। Veiled woman. Modest woman. Polite woman.

محجوبيت(মাহ্জূবিয়্যাত্/mahjubiyyat) শালীনতা; লজ্জাশীলতা। Modesty. Shame- facedness.

محجور (মাহ্জূর্/mahjur) যাকে কোন কাজ বা কোন বস্তুর ব্যবহার থেকে নিষেধ করা হয়েছে। Interdicted.

محجوريت(মাহ্জূরিয়্যাত্/mahjuriyyat) নিষেধাজ্ঞার কারণে বঞ্চিত অবস্থা। Interdiction.

محدب(মোহাদ্দাব্/mohaddab)= گوژ স্ফীতি; কুজপৃষ্ঠবিশিষ্ট। Convex.

محدب الطرفين(মোহাদ্দাবোত্ তারাফেইন্/mohaddbot- tarafeyn) দুই দিকে স্ফীতিবিশিষ্ট; দ্বিকুব্জ। Biconvex.

محدث (মোহাদ্দেস্/mohaddes) হাদীসবিশারদ। Narrator or relator [of traditions].

محدثه (মোহাদ্দেসে/ mohaddese) [محدث এর স্ত্রী./Fem. of محدث].

محدثين (মোহাদ্দেসীন্/ mohaddesin) [محدث এর ব.ব./ pl. of محدث].

محدود (মাহ্দূদ্/ mahdud) সীমাবদ্ধ; সীমিত। Bounded. Limited.

محدوديت(মাহ্দূদিয়্যাত্/mahdudiyyat) সীমাবদ্ধতা। Limitations.

محذور (মাহ্যূর্/mahzur) পরিহার্য; পরিহারকৃত। Things to be avoided. Avoided.

محذوف (মাহ্যূফ্/mahzuf) বিলুপ্ত। Omitted. Eliminated.

محراب (মেহ্রা'ব্/ mehrăb) মসজিদের মেহ্রাব মসজিদে ইমাম যেখানে দাঁড়িয়ে ইমামতি করেন। Altar; adytum.

محرر (মোহাররের্/ moharrer) চিঠিপত্র ও দলিলাদির লেখক; কারণিক। Deed-writer.

محرز(মোহ্রায্/mohraz) হস্তগত; সুনিশ্চিত; সংগৃহীত। Established. Confirmed.

محرف(মোহার্‌রাফ্/ moharraf) বিকৃত। Tampered with. Anagram.

محرق(মোহ্‌রেগ্ব/ mohreğ) দগ্ধকারী; দাহক। Burning. Caustic.

محرقه (মোহ্‌রেগ্বে/mohreğe) [حمای م. বোঝাতে/For حمای م.] টাইফাস জ্বর। Typhus. [محرق এর স্ত্রী./fem. of محرق].

محرك (মোহার্‌রেক/ moharrek) উদ্দীপক; প্রেরণাদানকারী; উস্কানিদাতা। Motive. Stimulant. Instigator. [স্ত্রী./ fem. محركه]

محرم (মাহ্‌রাম্‌/ mahram) ঘনিষ্ঠ আত্মীয়; বিবাহবন্ধনে আবদ্ধ হওয়া নিষিদ্ধ এমন ঘনিষ্ঠজন। Of those with whom marriage is prohibited.
محرم راز একান্ত বিশ্বস্ত। Confident.

محرم (মোহার্‌রাম/ moharram) মহররম চান্দ্র বর্ষের প্রথম মাস। First Arabic lunar month.

محرمانه (মাহ্‌রামা'নে/ mahramăne) গোপনীয়; গোপনীয়ভাবে। Confidential. Confidentially.

محرميت(মাহ্‌রামিয়্যাত্‌/mahramiyyat) ঘনিষ্ঠ আত্মীয়তা; গোপনীয়তা। Close relationship. Privity.

محروس (মাহ্‌রূস্‌/ mahrus) প্রহরাধীন; সংরক্ষিত। Fortified. Guarded. [স্ত্রী./ Fem. محروسه]

محروم (মাহ্‌রূম্‌/ mahrum) বঞ্চিত। Deprived.

محروميت(মাহ্‌রূমিয়্যাত্‌/ mahrumiyyat) বঞ্চনা। Privation. Bereavement. م. از حقوق مدنی নাগরিক অধিকারহীনতা। Civil degradation.

محرومين (মাহ্‌রূমীন্‌/ mahrumin) [محروم এর ব.ব./ pl. of محروم] বঞ্চিত শ্রেণী। Deprived class.

محزن (মোহ্‌যেন্‌/ mohzen)= غم انگیز

محزون (মাহ্‌যূন্‌/ mahzun)= غمگین

محسن (মোহ্‌সেন্‌/ mohsen) নেককার; পরোপকারী; পুংনাম বিশেষ। Beneficent. Mas. pr. name.

محسنات (মোহ্‌সানা'ত্‌/mohsanăt) উত্তম কাজ; উত্তম গুণাবলী। Virtues; good qualities.

محسنه (মোহ্‌সেনে/ mohsene) [محسن এর স্ত্রী./ Fem. of محسن] স্ত্রী বাচক নাম। Fem. pr. name.

محسوب (মাহ্‌সূব্‌/ mahsub) পরিগণিত; যা ধরে নেওয়া হয়েছে (মনে করা হয়েছে)। Carried to account; taken into account.

محسود (মাহ্‌সূদ্‌/ mahsud) যাকে হিংসা করা হয়েছে। Envied.

محسوس (মাহ্‌সূস্‌/ mahsus) [স্ত্রী./ fem محسوسه] অনুভবযোগ্য; ইন্দ্রিয়গ্রাহ্য; উল্লেখযোগ্য। Perceptible; sensible. Marked. تفاوت م. সুস্পষ্ট পার্থক্য। Marked difference.

محسوسات(মাহ্‌সূসা'ত্‌/ mahsusăt) ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় ও বস্তুসমূহ। Perceptible or obvious things. [محسوس এর স্ত্রী. محسوسه এর ব.ব./ pl. of محسوسه fem. of محسوس]

محشر (মাহ্শার্/ mahšar) হাশরের ময়দান; বিচার দিবসে মানুষের জমায়েত হওয়ার জায়গা। Gathering place of mankind on the day of judgement. روز م. হাশরের দিন। The day of judgement.

محشور (মাহ্শূর্/mahsur) যাকে কারো সাথে একত্র করা হয়েছে; একত্রে পুনরুত্থান। Associated.

محصّل(মোহাস্সেল/mohassel) [ব.ব./pl. محصلين] ১/1) ছাত্র। Student. ছাত্রিগণ। Female students; school-girls. ২/2)= تحصيلدار

محصن (মোহ্সান্/ mohsan) পরহেজগার ব্যক্তি; বিবাহিত ব্যক্তি। Continent. Married man.

محصنه (মোহ্সানে/ mohsane) [محصن এর স্ত্রী./ fem. of محصن] বিবাহিতা স্ত্রী লোক। Married woman.

محصور (মাহ্সূর্/ mahsur) অবরুদ্ধ; ঘেরাও হয়ে আছে এমন। Besieged. Fenced.

محصول (মাহ্সূল্/ mahsul) ফসল; শস্য; উৎপাদন। Crop. Produce; product. م. فرعى উপজাত। Byproduct.

محصولات (মাহ্সূলা'ত্/ mahsulăt) [محصول এর স্ত্রী. محصوله এর ব.ব./Pl. of محصول Fem. of محصوله] উৎপাদিত দ্রব্যাদি; ফসলাদি। Products.

محض (মাহ্য্/ mahz) কেবল; শুধু; মাত্র; খাঁটি; নির্ভেজাল। Mere. Downright. دروغ م. নির্জলা; নির্ভেজাল; মিথ্যা। Mere lie.

محضا (মাহ্যান্/mahzan) স্রেফ; শুধু। Merely.

محضا لله (মাহ্যান লেল্লা'হ্/ mahzan-lellah) শুধু আল্লাহ্‌র ওয়াস্তে। Merely for God's sake.

محضر (মাহ্যার্/ mahzar) উপস্থিতির জায়গা; উপস্থিতি; নোটারী পাবলিকের অফিস। Presence. Notary public's office.

محضرى (মাহ্যারী/ mahzari) নোটারী পাবলিক সংক্রান্ত; তদ্দ্বারা রেজিস্ট্রিকৃত। Notarial; registered (by a notary public).

محظور (মাহ্যূর্/ mahzur) প্রতিবন্ধকতা; বাধা; বিঘ্ন। Obstacle. Impediment. Difficulty.

محظوظ(মাহ্যূয্/mahzuz) [از সহযোগে/ with از] ভাগ্যবান; অধিকারী; আনন্দিত। Delighted; enchanted.

محفظه (মাহ্ফাযে/ mahfaze) থলি; বাক্স ইত্যাদি যার মধ্যে বিভিন্ন জিনিস সংরক্ষণ করা হয়। Case; chest; compartment.

محفل(মাহ্ফেল্/mahfel) [ব.ব./pl. محافل] মাহফিল; সমাবেশ। Assembly. محافل سیاسی রাজনৈতিক মহল। Political circles.

محفوظ(মাহ্ফূয্/mahfuz) সংরক্ষিত; নিরাপদ। Protected; reserved. Secured. [স্ত্রী./Fem. محفوظه] حق طبع م. است গ্রন্থসত্ব সংরক্ষিত। "Copy right reserved".

محفوظات(মাহ্ফূযা'ত্/ mahfuzăt) [محفوظএর স্ত্রী. محفوظه এর ব.ব./ pl. of محفوظه fem. of محفوظ] স্মৃতি; যা ভালভাবে মনে রাখা হয়েছে। Memories. Things learnt by heart.

محق (মোহেগ্ব্/ moheğ) অধিকারী; স্বত্বাধিকারী; সত্য যার পক্ষে। Entitled; rightful.

محقّر (মোহাগ্বগ্বার্/mohağğar) যাকে তুচ্ছ করা হয়েছে; হীন; নিচ; ক্ষুদ্র। Contemptible. Small; paltry; mean.

محقّق(মোহাগ্বগ্বাগ্ব/mohağğağ) সুনিশ্চিত; প্রমাণিত; সুপ্রতিষ্ঠিত; যে সম্পর্কে গবেষণা হয়েছে। Certain.

محقّق (মোহাগ্বগ্বেগ্ব/mohağğeğ) গবেষক; সত্য অনুসন্ধানকারী। Researcher; investigator (of truth); inquirer.

محقّقاً (মোহাগ্বগ্বাগ্বান্/ mohağğağan) নিশ্চিতভাবে। Certainly.

محقّقانه(মোহাগ্বগ্বেগ্বা'নে/ mohağğeğăne) গবেষকসুলভ; গবেষকের পদ্ধতিতে। Researcher-like. In the way of researchers.

محک (মাহাক্/mahak) কষ্টি পাথর; মানদণ্ড; পরীক্ষা। Touchstone. Test; criterion. م.زدن পরীক্ষা করা। To test.

محکم (মোহ্কাম্/mohkam) ১/1)= استوار সুদৃঢ়; শক্তিশালী; নিরাপদ; মজবুত। Firm; strong; secure. ২/2) শক্তভাবে; মজবুতভাবে। Firmly; tightly. [স্ত্রী./Fem. محکمه]

محکمات(মোহ্কামা'ত্/ mohkamăt) [محکمه এর ব.ব./pl. of محکمه] কোরআনের সুস্পষ্ট অর্থবোধক আয়াতসমূহ। Verses of the Quran having clear meaning.

محکم کاری(মোহ্কামকা'রী/ mohkamkări) কোন কাজ যথাযথ সতর্কতাসহকারে আঞ্জাম দেওয়া। Precautious or preventive measures.

محکمه(মাহ্কামে/mahkame) বিচারালয়। Law court. [ব.ব./ pl. محاکم]

محکمی (মোহ্কামী/ mohkami) দৃঢ়তা। Firmness.

محکوك (মাহ্কূক্/ mahkuk) ঘষে তুলে ফেলা হয়েছে এমন; খোদাইকৃত। Engraved. Erased; obliterated.

محکوم(মাহ্কূম্/mahkum) নিন্দিত; দণ্ডিত; শাস্তির রায় প্রাপ্ত। Condemned. Sentenced. Adjudged. م.به اعدام মৃত্যুদণ্ডে দণ্ডিত। Sentenced to death.

محکوم به(মাহ্কূমোন বেহ্/mahkumon beh) হুকুমকৃত; রায়ের বিষয়বস্তু। Judgement debt.

محکوم علیه (মা.-আলাইহ্/ m.-alayh) মামলায় পরাজিত পক্ষ; ক্ষতিগ্রস্ত পক্ষ। Losing party.

محکوم له (মা.-লাহ্/ m.-lah) মামলায় বিজয়ী পক্ষ। Winning party.

محکومیت(মাহ্কূমীয়্যাত্/ mahkumiyyat) নিন্দিত হওয়া; শাস্তিপ্রাপ্ত হওয়া। Conviction.

محل(মাহাল্[ল]/ mahal[l]) [ব.ব./pl. محال] জায়গা; জনপদ। Place. Locality.

محل (মাহাল্/mahal) মনোযোগ/গুরুত্ব দেওয়া। Heed. م. گذاشتن গুরুত্ব প্রদান বা মনোযোগ দেওয়া। To heed or pay attention to.

محلل (মোহাল্লেল্/mohallel) হালালকারী; সমাধানকারী; কারো তিন তালাক দেয়া স্ত্রীকে পূর্ব স্বামীর সাথে বিবাহ বৈধ করার লক্ষ্যে যে ব্যক্তি বিবাহ করে এবং পরে তালাক দেয়। Resolvent. One who marries a "thrice-divorced" woman and dismisses her after consummation of marriage so that she may lawfully marry her former husband.

محلول (মাহ্লূল্/ mahlul) তরল পদার্থে গলে যাওয়া বস্তু (যেমন: লবণ); তরল পদার্থ ও তাতে গলে যাওয়া বস্তুর যৌগিক রূপ (যেমন: চিনির শরবত)। Solution.

محله (মাহাল্লে/ mahalle) [ব.ব./pl. محلات] পাড়া; মহল্লা; এলাকা। Quarter; parish.

محلی(মাহাল্লী/mahalli) স্থানীয়। Local.

محلی (মোহাল্লা'/ mohallă)= آراسته

محمد (মোহাম্মাদ্/ mohammad) মহানবী হযরত মুহাম্মদ (সাঃ); মূ.অ. প্রশংসিত বা প্রশংসাযোগ্য। Muhammad the Prophet (A.S.) OS. Praised or praiseworthy.

محمدی (মোহাম্মাদী/ mohammadi) মোহাম্মাদের সাথে সম্পর্কিত। Mohammedan. گل م. গোলাপ ফুল; দামেস্কের গোলাপ। Damascus rose.

محمر(মোহাম্মের্/mohammer) যে বা যা লাল করে; শরীরের কোন অঙ্গকে গরম করার ওষুধ। Rubefacient.

محمل (মাহ্মেল্/mahmel) [ব.ব./pl. محامل] উটের পিঠের দু'পাশে যে বাক্স বাঁধা হয় (যাতে লোক বসা বা মালামাল রাখা যায়)। Camel-litter.

محمود (মাহ্মূদ্/mahmud) পুং নাম বিশেষ। মূ.অ. প্রশংসাযোগ্য। Mas. pr. name. OS. Laudable.

محموده(মাহ্মূদে/ mahmude) [محمود এর স্ত্রী./ Fem. of محمود] স্ত্রীবাচক নাম। Fem. pr. name.

محمول (মাহ্মূল্/ mahmul) যা বহন করা হচ্ছে; বোঝাই; চালান। Consigned. [স্ত্রী./ Fem. محموله]

محمولات (মাহ্মূলা'ত্/ mahmulăt) [محموله এর ব.ব./ pl. of محموله].

محمول اليه (মাহ্মূলোন্ এলাইহ্/ mahmulon-elayh) যার বরাবরে মালের চালান পাঠানো হয়। Consignee.

محموله (মাহ্মূলে/ mahmule) [محمول এর স্ত্রী./Fem. of محمول]

محمی (মাহ্মী/mahmi) সংরক্ষিত; সমর্থিত। Protected. Protege.

محن (মেহান্/ mehan) [محنت এর ব.ব./ pl. of محنت].

محنت(মেহ্নাত্/mehnat) [ব.ব./pl. محن] পরিশ্রম; দুঃখ-কষ্ট; পরীক্ষা। Suffering; affliction; hardship.

محنت زده(মে.-যাদে/m.-zade) শ্রমক্লান্ত; কষ্টক্লান্ত। Afflicted.

محو (মাহ্‌ভ্/ mahv) ধ্বংস করা; নিশ্চিহ্ন করা; মুছে ফেলা। Effacement. Abolition. م. شدن বিলুপ্ত; নিশ্চিহ্ন হওয়া। To be obliterated. م. کردن নিশ্চিহ্ন করা; মুছে ফেলা। To eliminate.

محور(মেহ্‌ভার্/mehvar)= آسه অক্ষরেখা; মেরুদণ্ড; কেন্দ্রবিন্দু। Axis; pivot.

محوری (মেহ্‌ভারী/ mehvari) অক্ষমূলক; কেন্দ্রবিন্দুভিত্তিক। Axial; pivoted.

محوطه (মোহাভ্‌ভাতে/ mohavvate) দেয়ালঘেরা জায়গা; অঙ্গন; নির্দিষ্ট এলাকা। Enclosure; precincts; yard. محوطهٔ دانشگاه বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। University campus.

محول (মোহাভ্‌ভাল্/ mohavval) ন্যস্ত; আরোপিত; প্রদত্ত। Turned over; given over. م. کردن به کسی কারো ওপর কোন দায়িত্ব অর্পণ করা। To devolve; turn over; delegate.

محیر العقول (মোহাইয়্যেরোল্ ওগূল্/ mohaiyyerol-oğul) বিস্ময়কর; আশ্চর্যজনক। Stupendous; wonderful.

محیط (মোহীত্/ mohit) আয়ত্তকারী; যে বা যা কোন কিছুকে ঘেরাও করে রেখেছে; পরিবেশ; পরিপার্শ্বিকতা। Circumference. Perimeter. Environment. Atmosphere; meridian.

محیطی(মোহীতী/mohiti) পরিধি সংক্রান্ত; পরিবেশ সংক্রান্ত। Circumferential.

محیل(মোহীল্/ mohil) প্রতারক; কৌশলী প্রতারক। Cunning (person).

مخ (মোখ্/ mox) মগজ। Brain. بی مخ মস্তিষ্কশূন্য (নির্বোধ)। Brainless.

مخا (মোখা'/ moxă) উৎকৃষ্ট মানের কফি বিশেষ। Mocha.

مخابرات (মোখা'বেরা'ত্/ moxăberăt) টেলিগ্রাম ও টেলিফোন ব্যবস্থা। Telegram & telephone network. دفتر م. টেলিগ্রাম ও টেলিফোন অফিস। Telegram & telephone office.

مخابره (মোখা'বেরে/moxăbere) [مخابرات] খবর প্রেরণ; খবর আদান-প্রদান। Despatch. Message. Communication.

مخارج (মাখা'রেজ্/ maxărej)= هزینه ব্যয়। Expenses.

مخازن (মাখা'যেন্/ maxăzen) [مخزن এর ব.ব./ pl. of مخزن].

مخاصمه (মোখা'সেমে/ moxăseme) কারো সাথে শত্রুতা করা/ঝগড়ায়, সংঘাতে লিপ্ত হওয়া। Hostility. [ব.ব./ pl. مخاصمات]

مخاصمات(মোখা'সেমা'ত্/moxăsemăt) শত্রুতামূলক কার্যকলাপ। Hostilities.

مخاط (মোখা'ত্/ moxăt) রঙিন মুখোশ। Mucus.

مخاطب(মোখা'তাব্/ moxătab) যাকে সম্বোধন করে কথা বলা হয় (শ্রোতা); মধ্যম পুরুষ। Person spoken to. Second person. م. ساختن (কাউকে) সম্বোধন করে কথা বলা। To address to.

مخاطب(মোখা'তেব্/ moxăteb) বক্তা; কথক। Addresser. Speaker.

مخاطره (মোখা'তেরে/ moxătere) ঝুঁকি; বিপদ। Risk. Adventure. بـه م. انداختن ঝুঁকির মুখে ঠেলে দেওয়া। To risk or jeopardise.

مخاطره آميز (মো.-অ'মীয্/ m.-ămiz) ঝুঁকিপূর্ণ; বিপজ্জনক। Perilous; hazardous. Adventurous.

مخاطره جو (মো.-জূ/ m.-ju) দুঃসাহসী। Adventurous.

مخاطی (মোখা'তী/moxăti) মুখোশ সম্বন্ধীয়। Mucous.

مخافت(মোখা'ফাত্/moxăfat)= خطر / ترس

مخالطت (মোখা'লেতাত্/ moxăletat) সঙ্গম করা; কারো সাথে মেলামেশা; মাখামাখি করা। Intercourse. To associate or mix.

مخالف (মোখা'লেফ্/ moxălef) [ব.ব./pl. مخالفين] বিরোধী; বিপরীত; ভিন্নমত পোষণকারী। Opposed. Contrary. Disagreeing.

مخالفت (মোখা'লেফাত্/ moxălefat) বিরোধিতা; বৈপরীত্য; ভিন্নমত পোষণ। Opposition.

مخالف خوانی (মোখা'লেফ্খা'নী/ moxălef-xăni) বিরোধিতা প্রদর্শন। (Showing signs of) opposition.

مخبر (মোখ্বের্/ moxber) সংবাদদাতা। Reporter.

مخبط (মোখাব্বাত্/ moxabbat) মানসিক ভারসাম্যহীনতায় আক্রান্ত; হাবা; দিশাহারা। Affected with mental disorder; idiotic.

مختار(মোখ্তা'র্/ moxtăr) স্বাধীনতার অধিকারী; ক্ষমতাপ্রাপ্ত। Free in one's action. Empowered. وزير مختار হাই কমিশনের মিনিস্টার। Minister plenipotentiary.

مخترع (মোখ্তারে-/moxtare') [ব.ব./pl. مخترعين] উদ্ভাবক; আবিষ্কারক। Inventor.

مختص(মোখ্তাস্‌স্/moxtass) বিশেষভাবে নির্দিষ্ট; নির্ধারিত। Special; allocated.

مختصات (মোখ্তাস্‌সা'ত্/ moxtassăt) বিশেষ লক্ষণসমূহ; বৈশিষ্ট্যসমূহ। Special features; characteristics. [مختص এর স্ত্রী. مختصه এর ব.ব./ pl. of مختصه fem. of مختص]

مختصر(মোখ্তাসার্/moxtasar) সংক্ষিপ্ত; সংক্ষেপিত; মোদ্দা (কথা)। Brief; short. Slight.

مختصراً (মোখ্তাসারান্/ moxtasaran) সংক্ষেপে। Briefly.

مختفی(মোখ্তাফী/moxtafi)= پنهان / مخفی

مختل (মোখ্তাল্[ল্]/moxtal[l]) ত্রুটিযুক্ত; বিশৃঙ্খল; অচলাবস্থা। Deranged; disordered. Confused.

مختلج (মোখ্তালেজ্/moxtalej) কম্পনযুক্ত; অসুস্থতাজনিত কারণে শরীরের অঙ্গ-প্রত্যঙ্গে কম্পন। Convulsive. Thrilling.

مختلس(মোখ্তালেস্/moxtales) ব্যক্তিগত বা প্রাতিষ্ঠানিক অর্থ বা সম্পদ আত্মসাৎকারী। Embezzler.

مختلط(মোখ্তালাত্/moxtalat)= آمیخته মিশ্রিত। Mixed.

مختلف(মোখ্তালেফ্/moxtalef) বিভিন্ন; বিবিধ। Different; various. Sundry. [স্ত্রী./fem. مختلفه]

مختلف الاضلاع (মোখ্তালেফোল আয্‌লা'/moxtalefol azlǎ) বিষম বাহু ত্রিভুজ। Scalene.

مختلف الشکل (মোখ্তালেফোশ্ শেক্‌ল্/ moxtalefoš-šekl) অসম আকৃতিবিশিষ্ট। Heteromorphic.

مختلف المرکز (মোখ্তালেফোল্ মার্‌কায্/ moxtalefol markaz) ভিন্ন ভিন্ন কেন্দ্রবিশিষ্ট। Eccentric.

مختنق (মোখ্তানেগ্ব/ moxtaneğ) শ্বাসরুদ্ধকর অবস্থায় পতিত (ব্যক্তি)। Strangulated.

مختوم (মাখ্তূম্/ maxtum) সীলমোহরকৃত; সমাপ্ত। Sealed. Finished.. گل م সীলমোহর করার গালা। Sealing clay.

مختون (মাখ্তূন্/ maxtun) যার খৎনা করা হয়েছে। Circumcised.

مخچه (মোখ্‌চে/ moxče) লঘু মস্তিষ্ক; মস্তিষ্কের যে অংশ স্বেচ্ছাচালিত পেশীর আন্দোলন নিয়ন্ত্রণ করে। Cerebellum.

مخدر (মোখাদ্দার/ moxaddar) ন চেতনা নাশ করা হয়েছে এমন; পর্দা করে চলে এমন মহিলা; সতী নারী। Opiate. Veiled. Chaste woman.

مخدر (মোখাদ্দের/ moxadder) মাদক; নেশাকর। Narcotic; opiate. [স্ত্রী./Fem. مخدره]

مخدوش(মাখ্‌দূশ্/maxduš) ক্ষত চিহ্নযুক্ত; বিকৃত; ত্রুটিযুক্ত হয়েছে এমন। Having signs of alteration; altered.

مخدوم(মাখ্‌দূম্/maxdum) খেদমতপ্রাপ্ত; শ্রদ্ধাভাজন; চাকর-চাকরানী, দাস-দাসী আছে এমন ব্যক্তি। Served. Master.

مخده (মোখাদ্দে/moxadde) পিঠে ঠেস দিয়ে বসার গদী বা বালিশ। Cushion for the back.

مخذول(মাখ্‌যূল্/maxzul) লজ্জিত; আশাহত; অপমানিত; লাঞ্ছিত। Deserted; hopeless. Humiliated.

مخراش (মেখ্‌রা'শ্/ mexrǎš) কাগজে লাইন টানার স্কেল। Scale to draw line on paper.

مخرب(মোখার্‌রেব্/moxarreb) ধ্বংসাত্মক। Destructive.

مخرج(মাখ্‌রাজ্/maxraj) নির্গম পথ; মুখের ভেতরকার বিভিন্ন বর্ণ উচারণের স্থান। Outlet.

مخروب (মাখ্‌রুব্/ maxrub) ধ্বংসপ্রাপ্ত। Ruined [স্ত্রী./Fem. مخروبه]=ویران

مخروبه(মাখ্‌রুবে/ maxrube) [مخروب এর স্ত্রী./Fem. of مخروب] ধ্বংসপ্রাপ্ত স্থান। Ruined (place).

مخروط (মাখ্‌রূত্/ maxrut) অগ্রভাগ বা শেষাংশ ছেঁটে চিকন করা হয়েছে এমন; কোণ। Cone.

مخروطی (মাখ্‌রুতী/ maxruti) কৌণিক বস্তু বা পাত্র সম্বন্ধীয়। Conic(al).

مخزن(মাখ্‌যান্/maxzan) [ব.ব./pl. مخازن] ভাণ্ডার; গুদাম; ট্যাঙ্ক; কোষাগার। Magazine.

Store(house); warehouse. Tank. Treasure.

مخزن دار (মা.-দা'র্/ m.-dăr) ট্যাঙ্ক (আধার) যুক্ত। Provided with a tank. ماشین م. ট্যাঙ্ক বা ট্যাঙ্কার যুক্ত লরি। Tank-lorry.

مخصوص (মাখ্সূস্/ maxsus) বিশেষ ধরনের; বিশিষ্ট; সুনির্দিষ্ট। Special; particular. Specific. [তুল./Cf. ویژه].

مخطط (মোখাত্তাত্/moxattat) দাগকাটা; ডোরাকাটা; টানা দাগযুক্ত। Striped.

مخطوبه (মাখ্তূবে/maxtube)= نامزد যে নারীর সাথে বিবাহ নির্ধারিত হয়েছে; বাগদত্তা। Fiancee.

مخفف (মোখাফ্ফাফ্/ moxaffaf) সংক্ষেপকৃত; সংক্ষেপিত। Abbreviated. Abbreviation.

مخفی (মাখ্ফী/maxfi)= پنهان গোপন; গুপ্ত; লুক্কায়িত। Hidden. Secret.

مخفیانه (মাখ্ফীয়া'নে/ maxfiyăne) গোপনে। Secretly.

مخل (মোখেল্ল/moxell) বাধাদানকারী; বিঘ্ন সৃষ্টিকারী। Disturbing; interrupting.

مخلد (মোখাল্লাদ্/moxallad)=جاودانی

مخلص (মোখ্লেস্/ moxles) অকৃত্রিম; অন্তরঙ্গ বন্ধু; নিবেদিতপ্রাণ। Devoted; devoted friend. مخلص شما (আমি) তোমার অনুরক্ত বন্ধু। (I am) your devoted friend.

مخلصانه (মোখ্লেসা'নে/ moxlesăne) আন্তরিকভাবে; বিনীতভাবে। Devotedly; sincerely.

مخلفات (মোখাল্লাফা'ত্/moxallafăt) মৃত ব্যক্তির রেখে যাওয়া সম্পদ; ঘরের আসবাবপত্র। Sundries.

مخلوط (মাখ্লূত্/maxlut) মিশ্রিত; মিশ্রণ বা মিশ্রিত দ্রব্য। Mixed; blended. Mixture.

مخلوع(মাখ্লূ-/maxlu') ক্ষমতাচ্যুত; পদচ্যুত। Deposed.

مخلوق (মাখ্লূগ্ব/maxluğ) সৃষ্ট জীব; সৃষ্ট বস্তু; প্রাণী; মানুষ। Created. Created beings. Creature. Man.

مخلوقات (মাখ্লুগ্বা'ত্/ maxluğat) [مخلوق এর স্ত্রী বাচক مخلوقه এর ব.ব./pl. of مخلوقه fem. of مخلوق] সৃষ্টিকুল; সৃষ্ট বস্তুসমূহ। Created beings; creatures.

مخلی(মোখাল্লা'/moxallă) ১/1)= خالی ২/2) খালি করা হয়েছে এমন; শূন্য করা হয়েছে এমন। Vacated. Set free.

مخمر (মোখাম্মার্/ moxammar) খামিরে (আটায়) পরিণত করা হয়েছে এমন; যা জরুরী; অপরিহার্য। Fermented. Kneaded.

مخمر (মোখাম্মের্/ moxammer) খামির প্রস্তুতকারী। Fermentative.

مخمس (মোখাম্মাস্/ moxammas) ১/1) পঞ্চপদী (কবিতা)। Five some (poem). ২/2)= پنج گوشه

مخمصه(মাখ্মাসে/maxmas)= اشکال/ دردسر

مخمل (মাখ্‌মাল্/ maxmal) মখমল; ভেলভেট (কাপড়)। Velvet.

مخملک (মাখ্‌মালাক্/ maxmalak) লাল বর্ণের ফুসকুরিসহ জ্বর। Scarlet fever.

مخملی (মাখ্‌মালী/ maxmali) মখমল সংক্রান্ত; মখমলের ন্যায়; নরম। Velvety. Soft.

مخمور (মাখ্‌মূর্/ maxmur) নেশায় বিভোর; নেশাগ্রস্ত। Half-drunk. Languishing.

مخنث(মোখান্নাস্/moxannas) মেয়েলী; মেয়েলী ধরনের পুরুষ; হিজড়া। Effeminate. Effeminate man. Catamite.

مخوف (মাখূফ্/ maxuf)= ترسناک

مخیر (মোখাইয়ার্/moxayyar) এক্তিয়ারের অধিকারী; স্বাধীনভাবে বাছাই করা বা সিদ্ধান্ত গ্রহণের অধিকারী। Having the option or choice (to....).

مخیله (মোখাইয়েলে/ moxayyele) কল্পনাশক্তি। Imaginative faculty.

مد (মাদ্[দ্]/ mad[d]) জোয়ার। Flow.

مد (মাদ্[দ্]/mad[d]) প্রলম্বিত করে উচ্চারণের জন্য আলেফ-এর ওপর যে চিহ্ন ব্যবহার করা হয়, যেমনঃ آسمان। The vowel placed over the "consonant alef" as in. آسمان

مد نظر داشتن (মাদ্দেনাযার্ দা'শ্‌তান্/ madde-nazar daštan) স্মরণ রাখা; মনে রাখা (কোন বিষয়) বিবেচনায় রাখা। To have in mind.

مد (মাদ্/med)= ماد মাদ জাতি। Media.

مد (মোদ্/mod) ফ্যাশন; স্টাইল। Fashion. Fashionable.

مداح(মাদ্দা'হ্/ maddăh) অনেক বেশী প্রশংসাকীর্তনকারী; পেশাদার প্রশংসাকীর্তনকারী। Penegyrist.

مداحی (মাদ্দা'হী/ maddăhi) প্রশংসা কীর্তন। Eulogy.

مداخل (মাদা'খেল্/ madăxel) আয়-উপার্জনসমূহ; প্রবেশস্থলসমূহ। Earning; perquisite.

مداخله(মোদা'খেলে/modăxele) হস্তক্ষেপ। Intervention.

مداخله طلب (মোদা'খেলেতালাব্/ modăxeletalab) হস্তক্ষেপকামী। Interventionist.

مداد (মেদা'দ্/medăd) পেন্সিল। Pencil.

مداد پاک کن(মে.-পা'ক্‌কোন্/ m.-pak-kon) ঘষে লেখা তোলার রাবার। Rubber; eraser.

مدادتراش (মে.-তারা'শ্/ m.-tarăš) পেন্সিল-কাটার। Pencil-sharpener.

مدار(মাদা'র্/madăr) কক্ষপথ; অক্ষরেখা। Orbit. Pivot; axis.

مدارا(মোদা'রা'/modără) সদ্ভাব; সদাচার; ঝুঁকে পড়া; দয়ার্দ্রতা; আপোস ও মিল। Moderateness. Leniency. Caution. Fellowship.

مدارج (মাদা'রেজ্/ madărej) ডিগ্রীসমূহ; স্তরসমূহ। Degrees; steps. [مدرج এর ব.ব./pl. of مدرج].

مدارس (মাদা'রেস্/ madăres) [مدرسه এর ব.ব./pl. of مدرسه].

مدارک (মাদা'রেক্/ madărek) [مدرک এর ব.ব./pl. of مدرک].

مدارین(মাদা'রাইন্/madărayn) [مدار এর দ্বি ব./ D. of مدار] দুই ক্রান্তি রেখা

(কর্কটক্রান্তি ও মকর ক্রান্তি)। The two tropics.

مدافع(মোদা'ফে-/modăfe') যে কোন কিছু দূর বা প্রতিরোধ করে; প্রতিরক্ষাকারী। Defender. وکیل مدافع আসামী পক্ষের আইনজীবী। Defending attorney.

مدافعه(মোদা'ফেএ/modăfe'e) প্রতিরক্ষা। Defence.

مدال (মেদা'ল্/ medăl) (পুরস্কার) পদক। (Prize-) medal.

مدام(মোদা'ম্/modăm) সব সময়; অবিরত। Continually.

مداوا (মোদা'ভা'/ modăvă) চিকিৎসা। Medical treatment.

مداوم (মোদা'ভেম্/modăvem) অব্যাহত; নিরবচ্ছিন্ন। Continuous; continued.

مداومت (মোদা'ভেমা'ত্/ modăvemăt) অব্যাহত রাখা; অধ্যবসায়। Continuance.

مداهنه (মোদা'হেনে/modăhene) প্রতারণা; মোনাফেকী; চাটুকারিতা। Flattery.

مدائح (মাদা'এহ্/ madăeh) [مدیحه এর ব.ব./ pl. of مدیحه].

مدائن (মাদা'এন্/ madăen) মাদায়েন। Ctesiphon.

مدبر (মোদ্‌বার/ modbar) দুনিয়া যাকে পৃষ্ঠ প্রদর্শন করেছে; হতভাগার। Unfortunate; unlucky.

مدبّر (মোদাব্বের/ modabber) চিন্তাশীল; প্রজ্ঞাবান; জ্ঞানী; সুদক্ষ। Efficient or prudent (person).

مدبّرانه(মোদাব্বেরা'নে/modabberăne) দক্ষতার সাথে; প্রজ্ঞাবানসুলভ। Prudently. Efficiently.

مدت(মোদ্দাত্/moddat) মেয়াদ; সময়পর্ব। Period; duration. Term.

مدت دار (মোদ্দাত দা'র্/ moddat-dăr) সময়ের অবকাশযুক্ত; মেয়াদী। Due at a specified date after sight; payable at maturity.

مدتی (মোদ্দাতী/ moddati) কিছু সময়ের জন্য; দীর্ঘমেয়াদী। For some time. Having a long period.

مدح (মাদ্‌হ্/ madh) প্রশংসা; গুণকীর্তন। Praise; eulogy.

مدحت(মাদ্‌হাত্/madhat)= ستایش / تمجید

مدخل (মাদ্‌খাল্/madxal) প্রবেশ; প্রবেশস্থল; প্রবেশ পথ। Entrance. Prelude. [ব.ব./pl. مداخل].

مدخول بها (মাদ্‌খূলোন বেহা'-/ madxulon-behă) যে নারীর সাথে সহবাস করা হয়েছে। (Woman) lain with.

مدد (মাদাদ্/ madad) সাহায্য; আর্থিক সহায়তা। Aid; assistance.

مددکار (মা.-কা'র্/ m.-kăr) সাহায্যকারী; সহায়ক। Assistant.

مدر (মোদের্[র্]/ moder[r]) [স্ত্রী./Fem. مدره] (বন্ধ হয়ে যাবার পর) মূত্র বা ঋতু সৃষ্টিকারী ওষুধ বা খাদ্য। Diuretic.

مدرب (মোদার্‌রাব্/ modarrab) প্রশিক্ষণপ্রাপ্ত। Trained.

مدرج(মোদার্‌রাজ্/ modarraj) ডিগ্রীধারী; স্তর বা ক্রমবিন্যাসকৃত। Graduated.

Scaled. خطکش مدرج দাগকাটা রুলার বা মাপকাঠি। Scaled ruler.

مدرس (মোদার্‌রেস্/ modarres) শিক্ষক (বিশেষত ধর্মীয়। Teacher (esp. of theology). [তুল./Cf. معلم & آموزگار].

مدرسه (মাদ্‌রেসে/ madrese) [ব.ব./pl. مدارس] শিক্ষা প্রতিষ্ঠান; স্কুল। = آموزشگاه آموزشگاه School.

مدرسین (মাদ্‌র্‌রেসীন্/ modarresin) [مدرس এর ব.ব./ pl. of مدرس].

مدرك (মাদ্‌রাক্/ madrak) [ব.ব./pl. مدارك] দলিল-প্রমাণ; সনদপত্র। Document; evidence.

مدرك (মোদরাক্/ modrak) [স্ত্রী. مدركه /Fem. مدركه] পর্যবেক্ষণকৃত; পর্যবেক্ষণলব্ধ (বিশেষত অন্তর্দৃষ্টি দ্বারা)। Observed (particularly through inner senses).

مدرك (মোদ্‌রেক্/ modrek) [স্ত্রী./Fem. مدركه] উপলব্ধির ক্ষমতাসম্পন্ন। Perceptive.

مدركات (মোদ্‌রাকা'ত্/ modrakăt) মানসিক ধারণার বিমূর্ত বিষয়সমূহ; উপলব্ধিসঞ্জাত জ্ঞান। Percepted things. Knowledge got through inner observation.

مدركه (মোদরেকে/ modreke) مدرك এর স্ত্রী./Fem of مدرك যেমন:/Ex. قوهٔ مدركه

مدرن (মোদের্‌ন্/ modern) আধুনিক। Modern.

مدرنيست(মোদেরনীস্ত্/ modernist) আধুনিকতাবাদী। Modernist.

مدرنيسم (মোদের্‌নীস্‌ম্/ modernism) আধুনিকতাবাদ। Modernism.

مدره (মোদের্‌রে/ moderre) বন্ধ হয়ে যাওয়া প্রস্রাব বা ঋতু পুনঃসৃষ্টিকারী ওষধি ও মশলা জাতীয় উপকরণ। Diuretic spices or elements.

مدساز (মোদ্ সা'য্/ mod-saz) ফ্যাশন উদ্ভাবক। Introducer of fashion.

مدعا (মোদ্দাঅ'/ moddaă)= مدعى দাবিকৃত; দাবি। Claim; pretension.

مدعابه (মোদ্দাঅ'বেহ্/moddaă-beh)= خواشه দাবিকৃত বস্তু। Object of claim.

مدعو (মাদ্‌ওভ্‌ভ্/ mad'ovv) আহ্বানকৃত; দাওয়াতকৃত; নিমন্ত্রিত। Invited.

مدعى(মোদ্দাঈ/modda'i) দাবিদার; ভানকারী; বাদী; ফরিয়াদী। Claimant. Pretender.

مدعى العموم (মোদ্দাএল্ ওমূম্/modael omum)= دادستان

مدعى عليه (মোদ্দাআ' আলাইহ্/ moddaă-alayh)= خوانده বিবাদী। Defendent.

مدفن (মাদ্‌ফান্/madfan)=آرامگاه/ گور

مدفوع (মাদ্‌ফূ-/ madfu') মল; বিষ্ঠা। Excrement; feces.

مدفوعات(মাদ্‌ফূঅ'ত্/ madfuăt) [مدفوعه এর ব.ব./pl. of مدفوعه] মল ও অনুরূপ বর্জ্যসমূহ। Excerements.

مدفون(মাদ্‌ফূন্/ madfun) দাফনকৃত; সমাহিত। Buried.

مدقق (মোদাগ্বগ্বেগ্ব/ modağğeğ) যে নিখুঁতভাবে/নির্ভুলভাবে কাজ করে বা কোন কিছু পর্যবেক্ষণ করে; কামেল ব্যক্তি যার নিকট সত্য পুরোপুরি ও সুস্পষ্টভাবে প্রকাশিত। Scrutinizer.

مدل (মোদেল্/model) আদর্শ (অনুকরণযোগ্য); মডেল; ডিজাইন। Model. Design.

مدلّ (মোদেল্ল/ modell) প্রমাণকারী; পথনির্দেশ। Guiding. Demonstrating.

مدلّل (মোদাল্লাল্/modallal) যে সম্পর্কে দলিল-প্রমাণ উপস্থাপিত হয়েছে; প্রমাণিত। Demonstrated; proved.

مدلّل (মোদাল্লেল্/ modallel) দলিল-প্রমাণ উপস্থাপনকারী; প্রমাণকারী। (One) who submits documents or proves.

مدلول (মাদ্‌লূল্/ madlul) যা প্রমাণ করা হয়েছে; অর্থ; তাৎপর্য; প্রদর্শিত। Purport; sense.

مدمّغ (মোদাম্মাগ্ব/modammağ) অহঙ্কারী; বোকার ন্যায় অহঙ্কারকারী। Sniffy. Foolishly proud.

مدن (মোদোন্/ modon) [مدينه এর ব.ব./ pl. of مدينه] শহরসমূহ। Towns; cities.

مدنی (মাদানী/madani)= كشورى দেওয়ানী; পৌর; নাগরিক। Civil.

مدنی (মাদানী/madani) মাদীনা সংক্রান্ত। Of Medina.

مدنيّت (মাদানীয়্যাত্/madaniyyat) (নগর-) সভ্যতা। Civilization.

مدوّر(মোদাভ্‌ভার্/ modavvar)= گرد

مدوّن (মোদাভ্‌ভান্/ modavvan) সংকলন; সংকলিত। Collected into a book; compiled.

مدهش (মোদ্‌হেশ্/modheš)= ترسناك

مدهوش (মাদ্‌হুশ্/ madhuš)= بيهوش দিশাহারা; বেহুশ। Unconscious; senseless.

مدياتور (মেদীয়া'তোর্/ medyător) মধ্যস্থতাকারী। Mediator.

مديترانه (মেদীতেরা'নে/ mediterăne) ভূমধ্য(সাগর)। Mediterranea (n).

مديحه (মাদীহে/ madihe) [ব.ব./pl. مدايح] প্রশংসা; প্রশস্তি। Eulogy; praise.

مديد (মাদীদ্/ madid) সুদীর্ঘ। Long. مدت مديدى است كه সুদীর্ঘকাল হয়ে গেল যে। It is a long time since.

مدير (মোদীর্/modir) পরিচালক; ব্যবস্থাপক; (স্কুলের) প্রধান শিক্ষক (সংবাদত্রের) সম্পাদক। Director; manager. (Of a school) Headmaster. (Of a newspaper) Editor. [স্ত্রী./ Fem. مديره]. مدير دروس রেজিস্ট্রার। Registrar. مديركل মহাপরিচালক। Director General. مدير عامل নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক। Executive Director; Managing Director.

مديريت (মোদীরীয়্যাত্/ modiriyyat) পরিচালনা; ব্যবস্থাপনা। Directorship; management.

مديريه(মোদীরীয়্যে/modiriyye) পরিচালনা সংক্রান্ত। Managing.

هیئت مدیریه পরিচালনা পরিষদ। Board of Directors.

مدیست (মোদীস্ত্/ modist) ফ্যাশনবাদী। Fashonist.

مدینه (মাদীনে/ madine) [ব.ব./pl. مدائن /مدن]= شهر শহর; নগর; মদীনা নগরী। City. Medina.

مدیون (মাদয়ূন্/ madyun)= بدهکار ঋণী; ঋণগ্রস্ত। Debtor.

مذاب (মোযা'ব্/mozăb)= گداخته গলিত। Melted.

مذابح (মাযা'বে/ mazăbeh) [مذبح এর ব.ব./ pl. of مذبح].

مذاق (মাযা'খ্/mazăğ) স্বাদ; রুচি; অভ্যাস; প্রবণতা। Taste; palate.

مذاکرات (মোযা'কেরা'ত্/ mozăkerăt) [مذاکره এর ব.ব./ pl. of مذاکره].

مذاکره (মোযা'কেরে/ mozăkere) [ব.ব./pl. مذاکرات] আলোচনা; সংলাপ। Conversation; discussion.

مذاهب (মাযা'হেব্/ mazăheb) [مذهب এর ব.ব./ pl. of مذهب].

مذبح(মায্‌বাহ্/mazbah) [ব.ব./pl. مذابح] জবাই করার জায়গা; বেদি। Altar.

مذبذب(মোযাব্‌যাব্/mozabzab)= دودل দিশাহারা; সন্দেহে নিপতিত; কিংকর্তব্যবিমূঢ়। Confused.

مذبوح (মায্‌বূহ্/mazbuh) জবাইকৃত। Slaughtered.

مذبوحانه (মায্‌বূহা'নে/ mazbuhăne) জবাইকৃত পশুর ন্যায়; আত্মঘাতী; নির্বোধের ন্যায়; নিষ্ক্রিয়ভাবে। Like a slaughtered animal. Passively. عمل مذبوحانه আত্মঘাতী (বোকামি) কাজ। Self-destructive (foolish) action.

مذکر (মোযাক্‌কার্/ mozakkar) পুরুষ জাতীয়; পুরুষবাচক। Masculine. Masculine words.

مذکر(মোযাক্‌কের্/mozakker) যে বা যা স্মরণ করিয়ে দেয়। (One) who reminds.

مذکور(মায্‌কূর্/mazkur) উল্লিখিত; উক্ত। Mentioned.

مذلت(মাযাল্লাত্/mazallat)= خواری / ذلت

مذمت(মাযাম্মাত/mazammat) তিরস্কার; ধিক্কার। Reproach. Slander.

مذموم (মায্‌মূম্/ mazmum)= زشت / ناپسند অপছন্দনীয়; অসুন্দর; কুৎসিত। Slandered. Indecent. عمل م. কুৎসিত কাজ; নিন্দনীয় কাজ। Ugly or indecent deeds.

مذهب(মায্‌হাব্/mazhab)= آئین / کیش / دین [ব.ব./pl. مذاهب] ধর্ম; ধর্মীয় মতাদর্শ; মাযহাব; ধর্মীয় সম্প্রদায়। Religion. School of thought.

مذهب(মোযাহ্‌হাব্/mozahhab) স্বর্ণখচিত; স্বর্ণের কারু কাজ করা হয়েছে এমন (বই)। Gilt. Illuminated as a book.

مذهبی (মায্‌হাবী/ mazhabi) ধর্মীয়। Religious.

مذی(মাযী[মোযী]/ mazi[mozi]) কামেচ্ছা থেকে পুরুষাঙ্গ হতে বহির্গত তরল পদার্থ

(বীর্য নয়)। Erotic male liquid (not semen).

مذیّل (মোযাইয়্যাল/ mozayyal) ফুটনোট বা পরিশিষ্টবিশিষ্ট বই। (Book) having a specified appendix.

مر (মার্/ mar) কোন সুনির্দিষ্ট সংখ্যাকে একক হিসেবে ধরে গণনার ক্ষেত্রে ঐ একককে বা এজন্য ব্যবহৃত চিহ্নকে مر বলে। যেমন: এক স্তূপ আপেল গণনা করতে গিয়ে প্রতি ১০০ গণনার পর তাকে ১ ধরা; সংখ্যা (শুধু بی مر অসংখ্য এর ক্ষেত্রে ব্যবহার্য)। Counter. By especial Number (only in بی مر uncountable).

مر (মার্/mar) এক ধরনের মাছি (সাধারণত মাংসে বসে)। Blow fly.

مر (মার্/ mar) সাহিত্যের প্রাচীন রীতিতে বাক্যের কর্তা বা কর্মের ওপর জোর দেওয়ার জন্য তার পূর্বে ব্যবহৃত শব্দ। Pleonastic or emphatic particle used in old styles before the objective case.

مر (মোর্‌র্/ morr) ১/1) تلخ = তিক্ত। Bitter. ২/2) এক ধরনের বৃক্ষজ আঠা। Myrrh. مرقانون আইনের চিঠি। The letter of the law.

مرا (মারা'/ marā) আমাকে। To me; for me.

مرابحه (মোরা'বেহে/ morăbehe) সূদ বা মুনাফাভিত্তিক লেনদেন। percentage.

مرابطه (মোরা'বেতে/morăbete) আন্তঃসম্পর্ক রক্ষা; অভ্যন্তরীণ যোগাযোগ। (Inter) communication; (inter)relation.

مرآت(মের্‌আ'ত্/merăt)= آئینه (ব.ব./pl. مرایا) আয়না। Mirror [দ্র.ব.ব./Cf. مرایا].

مرات (মার্‌রা'ত্/marrăt) [দ্র./S.u. مره

مراتب (মারা'তেব্/marăteb) [مرتبه এর ব.ব./pl. of مراتبه]
Circumstances; facts. Degrees; time. Particulars. بمراتب অপেক্ষাকৃত; অতিমাত্রায়। Out and away. Comparatively.

مراتع (মারা'তে-/marăte') [مرتع এর ব.ব./ pl. of مرتع].

مراثی(মারা'সী/marăsi) [مرثیه এর ব.ব./ pl. of مرثیه].

مراجع (মারা'জে/marăje') [مرجع এর ব.ব./pl. of مرجع].

مراجعات (মোরা'জেঅ'ত্/ morăjeăt) [مراجعه এর ব.ব./ pl. of مراجعه]. সূত্র; বাণিজ্যিক কার্যাদেশ। Reference. Business orders.

مراجعت (মোরা'জেআত্/ morăjeat) প্রত্যাবর্তন। Return.

مراجعه(মোরা'জেএ/ moraje'e) [ব.ব./ pl. مراجعات] কারো কাছে যাওয়া; রুজু করা; সূত্র গ্রহণ। Reference. Recourse. م. کردن (কারো কাছে) যাওয়া/সাক্ষাত করা (কোন উদ্দেশ্যে)। (কারো কাছে) পাঠানো। To refer to; approach; call on.
به پزشک م. کردن ডাক্তারের সাথে পরামর্শ করা। To consult with a physician.

مراحل (মারা'হেল্/ marăhel) [مرحله এর ব.ব./pl. of مرحله].

مراحم (মারা'হেম্/ marăhem) [مرحمت এর ব.ব./ pl. of مرحمت].

مراد(মোরা'দ্/morăd) আকাঙ্ক্ষা; কাঙ্ক্ষিত; উদ্দেশ্য; অভীষ্ট। Desire; desired. Wish; intention. Intended; looked for.

مرادف (মোরা'দেফ্/ morădef)=مترادف

مرارت (মারা'রাত্/ marărat) [ব.ব./pl. مرارات] তিক্ততা; দুঃখ-কষ্ট। Hardship; suffering.

مراره(মারা'রে/marăre)= زهرا/ صفرا

مراسله (মোরা'সেলে/ morăsele) [ব.ব./pl. مراسلات]= نامه চিঠিপত্র; পত্রবিনিময়। Letter. Correspondence.

مراسم (মারা'সেম/ marăsem) অনুষ্ঠান; আনুষ্ঠানিকতা; রীতিনীতি। Ceremonial formalities. Customs.

مراعات (মোরা'অ'ত্/ moră'ăt) মেনে চলা; বিবেচনায় রাখা; সমীহ করে চলা। Observance. Regard.

مرافعه (মোরা'ফেএ/ morăfe'e) [مرافعات]. মামলা; আইনের আশ্রয় গ্রহণ। Litigation; lawsuit.

مرافعه جو (মো.-জু/ m.-ju) মামলাবাজ। Litigious.

مرافقت (মোরা'ফেগ্বাত্/ morăfeğat) পরস্পর সাথী হওয়া; সহযাত্রী হওয়া। Comradeship; companionship.

مراق (মেরা'গ্ব/ merăğ) হাইপোকন্‌ড্রিয়া (এক ধরনের স্নায়বিক রোগ যাতে রোগী সব সময় আতঙ্কগ্রস্ত থাকে। Hypochondria.

مراقب(মোরা'গ্বেব্/morăğeb) মনোযোগী; যত্নবান; সতর্ক। Attentive; watchful.

مراقبت (মোরা'গ্বেবাত্/ morăğebat) মনোযোগ; যত্ন; তত্ত্বাবধান; নিয়ন্ত্রণ; দেখাশোনা করা। Attention; supervision; control.

مراقد (মারা'গ্বেদ্/ marăğed) [مرقد এর ব.ব./ pl. of مرقد].

مراكب (মারা'কেব্/ marăkeb) [مركب এর ব.ব./ pl. of مركب].

مراكز (মারা'কেয্/ marăkez) [مركز এর ব.ব./ pl. of مركز].

مراكش (মারা'কেশ্/ marăkeš) মরক্কো। Morocco.

مراكشی (মারা'কেশী/ marăkeši) মরক্কোবাসী; মরক্কোর। Moroccan.

مرال (মা[মে-]রা'ল্/ ma[e]răl)= شکار / بز کوهی

مرام (মারা'ম্/ marăm) উদ্দেশ্য; লক্ষ্য; কোন রাজনৈতিক দলের নীতি- আদর্শ। Aim; object. Platform (of a party).

مرامنامه(মা.-না'মে/marămnăme) কোন সামাজিক সংস্থার সংবিধানের উদ্দেশ্য-লক্ষ্যের ঘোষণাসম্বলিত অংশ। 'Aims' [part of a society's constitution describing its aims.].

مراوده(মোরা'ভেদে/ morăvede) কারো সাথে ওঠাবসা, চলাফেরা ও মেলামেশা। Intercourse. Frequentation.

مرایا(মারা'ইয়া'/ marăyă) [مرآت এর ব.ব./ pl. of مرآت]. আয়নাসমূহ। Mirrors.

مربا (মোরাব্বা'/morabbă) মোরব্বা। Jam.

مربائی (মোরাব্বা'ঈ/ morabbă'i) মোরব্বাযুক্ত; মোরব্বা সংক্রান্ত; মোরাব্বায় ব্যবহার্য। Containing jam.

مربع (মোরাব্বা'/morabba') চতুষ্কোণবিশিষ্ট; বর্গাকৃতির; বর্গ। Square.

مربوط (মার্বূত্/marbut) সংশ্লিষ্ট; সম্পর্কিত; প্রাসঙ্গিক। Connected; related. Relevant. [স্ত্রী./ Fem. مربوطه]

مربی (মোরাব্বী/ morabbi) শিক্ষক; যে (পশুকে) পোষ মানায়; প্রশিক্ষক। Educator; tutor. Tamer (of animals).

مرتاض (মোর্তা'য্/ mortăz) [ব.ব./pl. مرتاضین] (হিন্দু) যোগী। Yogi.

مرتب (মোরাত্তাব্/. morattab) নিয়মিত; সুবিন্যস্ত; যথাযথ। In good shape; regular; proper.

مرتباً (মোরাত্তাবান্/ morattaban) নিয়মিত(ভাবে)। Regularly.

مرتبط (মোর্তাবেত্/ mortabet) সম্পর্কযুক্ত; সম্পর্কিত; সংশ্লিষ্ট। Connected.

مرتبه (মার্তাবে/ martabe) ১/1) পদ; মর্যাদা; স্তর; পর্যায় Degree; rank ২/2) দফা; বার। Time. سه مرتبه তিনবার। Thrice.

مرتجع (মোর্তাজে-/mortaje') [ব.ব./pl. مرتجعین] প্রাচীন রীতিনীতির অনুসারী; প্রতিক্রিয়াশীল। Reactionary.

مرتد (মোর্তাদ্[দ]/mortad[d]) ধর্মদ্রোহী; ধর্মত্যাগী; মুরতাদ। Apostate; backslider.

مرتشی (মোর্তাশী/mortaši) ঘুষখোর। Bribee.

مرتضوی (মোরতাযাভী/mortazavi) হযরত আলী (মুরতাযা) (রাঃ)-এর বংশধর। Descended from Mortaza (Ali. A.S.) Mortazavi.

مرتضی (মোরতাযা'/mortază) পুং বাচক নাম। [মূ. অ. যাকে রাজী করা হয়েছে/সন্তুষ্ট করা হয়েছে; মনোনীত]। Mas. pr. name. [O.S. Approved].

مرتع (মার্তা/marta') [ব.ব./pl. مراتع]= چراگاه

مرتعش (মোর্তাএশ্/morta'eš) কম্পমান। Trembling.

مرتفع (মোর্তাফে-/mortafe')= بلند উঁচু উচ্চ; টিলা; উচ্চভূমি। High; elevated; overhead. Hill.

مرتفع (মোর্তাফা-/mortafa') অপসারিত; দূরীভূত। Removed or eliminated. م. ساختن/م. کردن দূর করা; অপসারিত করা। To eliminate or remove.

مرتکب (মোর্তাকেব্/mortakeb) যে কোন কাজে (সাধারণত পাপ কাজে) লিপ্ত হয়েছে বা সম্পাদন করেছে। Perpetration.

مرتهن (মোর্তাহান্/mortahan) বন্ধককৃত দ্রব্য; দায়; ঋণ। Mortgaged.

مرتهن(মোর্তাহেন্/ mortahen) বন্ধক গ্রহণকারী; ঋণদাতা। Mortgagee.

مرثیه (মার্সীয়ে/ marsiye) [ব.ব./pl. مراثی] মৃত ব্যক্তির প্রশংসাসহ তার জন্য শোক প্রকাশ; শোকগাঁথা। Elegy; lamentation; threnody.

مرجان(মার্জা'ন্/marjăn) প্রবাল। Coral.

مرجان آور (মা.-অ'ভার্/ m.-ăvar)= مرجان دار প্রবালবিশিষ্ট ঝিনুক। Coralliferous.

مرجان دار (মা.-দা'র্/m.-dăr)= مرجان آور

مرجانی (মার্জা'নী/ marjăni) প্রবাল সম্পর্কিত; প্রবালতুল্য। Coral(ine); coralloid. جزیره مرجانی প্রবাল দ্বীপ; কোরাল দ্বীপ। Coral island.

مرجح (মোরাজ্জাহ্/ morajjah) অগ্রাধিকারপ্রাপ্ত; অগ্রাধিকারযোগ্য। Preferred; preferable.

مرجع(মার্জা-/marja') [ব.ব./pl. مراجع] [মু. অ. প্রত্যাবর্তন বা রুজু করার জায়গা] কর্তৃপক্ষ; ধর্মীয় নেতা; সর্বনামের দ্বারা যাকে বোঝানো হয়েছে। [OS. place to return or refer.] Authority. Religious leader. Anticedent. مرجع تقلید অনুসরণযোগ্য ধর্মীয় নেতা। Religious leader to be followed. مراجع قانونی আইন-কর্তৃপক্ষ; বৈধ কর্তৃপক্ষ। Legal or judicial authorities.

مرجعیت (মার্জাঈয়্যাত্/marja'iyyat) ধর্মীয় নেতৃত্ব; ধর্মীয় নেতার পদ। Religious leadership. The post of a religious leader.

مرجمک (মার্জোমাক্/marjomak)= عدس (মসুরের ডালের ন্যায় অপেক্ষাকৃত বড় নীলচে খোসাযুক্ত ডাল যার ভেতরের অংশ সাদা)। Lentil.

مرجوع(মার্জূ/marju') যাকে ফিরিয়ে আনা হয়েছে; যার কাছে যাওয়া হয়েছে। Returned. Brought back.

مرحبا (মার্হাবা'/ marhabă) মারহাবা! সাবাশ! চমৎকার! অভিনন্দন! স্বাগতম! Well done! Hail! Welcome!

مرحله (মার্হালে/ marhale) [ব.ব./pl. مراحل] স্তর; পর্যায়; প্রক্রিয়া। Stage. Phase. Process.

مرحمت (মার্হামাত্/marhamat) [ব.ব./ pl. مراحم] দয়া; অনুগ্রহ। Favour. Mercy.

مرحمةً (মার্হামাতান্/ marhamatan) দয়া করে; অনুগ্রহপূর্বক। By way of favour; as a favour; kindly.

مرحمتی (মার্হামাতী/ marhamati) প্রদত্ত; দানকৃত। Given. Present.

مرحوم (মার্হূম্/ marhum) [মূ. অ. যাকে দয়া করা হয়েছে]। মরহুম; (সম্মানার্থে) মৃত ব্যক্তি। [OS. Pitied or blessed.] Deceased.

مرحومه (মার্হূমে/ marhume) মরহুমা (সম্মানার্থে ঃ পরলোকগত মহিলা)। Deceased (lady).

مرخص(মোরাখ্খাস্/ moraxxas) মুক্ত; ছুটিপ্রাপ্ত; অব্যাহতিপ্রাপ্ত। Released. Excused. Dismissed.

حال م. شوید এখন আপনারা যেতে পারেন। Now may you go.

مرخصی (মোরাখ্খাসী/ moraxxasi) ছুটি। Leave of absence.

مرخم(মোরাখ্খাম্/moraxxam) লেজকাটা; শেষের দিক কাটা বা বাদ দেওয়া হয়েছে এমন; যে সব শব্দের শেষের এক বা একাধিক বর্ণ বাদ দেওয়া হয়েছে। Apocopated.

مرد (মার্দ/mard) পুরুষ লোক; সাহসী; স্বামী; (কোন কিছুর) উপযুক্ত ব্যক্তি। Man. Husband.

او مرد این کارنیست সে এ কাজের (উপযুক্ত) লোক নয়। He is not the man for it.

مرد (মোর্দ/ mord) মারা গেছে। Died.

مرداب (মোর্দা'ব্/ mordăb) জলাভূমি; হাওড়; বিল। Lagoon. Marsh.

مردابی (মোর্দা'বী/ mordăbi) জলাভূমি সম্বন্ধীয়; হাওড় জাতীয়। Marshy. Paludal; paludine.

مرداد(মোর্দা'দ্/mordad) ইরানী পঞ্জিকার পঞ্চম মাস। Fifth month of the Iranian calendar.

مردار (মোর্দা'র্/mordăr) মৃতদেহ; পশু-পাখীর মৃতদেহ। Carrion; dead corpse.

مردافگن (মার্দ্আফ্গান্/ mard-afgan) সাহসী; বীর; বিক্রমী। Valiant.

مردانگی (মার্দা'নেগী/ mardănegi) সাহস; পৌরুষ; দানশীলতা। Manliness; courage. Generosity.

مردانه(মার্দা'নে/mardăne) পুরুষসুলভ; পুরুষোচিত; সাহসী। Manly. Couragious. Men's. کفش مردانه পুরুষের জুতা। Men's shoe.

مردد (মোরাদ্দাদ্/ moraddad) দ্বিধান্বিত; দ্বিধা-দ্বন্দ্বে ভুগছে এমন; অনিশ্চিত। Uncertain. Wavering.

مردرند (মার্দে রেন্দ্/marder end) চপল প্রকৃতির; চালাক; ধোপদুরস্ত। Cheaply clever or smart.

مردك(মার্দাক্/mardak) (ক্ষুদ্র ও তুচ্ছার্থে) [Diminutive of مرد] ছোট্ট লোকটি; বেচারা; হীন লোক। Little fellow.

مردکه (মার্দাকে/ mardake) (শুধু তুচ্ছার্থে) ছোট লোক। Fellow; son of a gun; sirrah.

مردگان (মোর্দেগা'ন্/ mordegăn) [مرده এর ব.ব./ pl. of مرده].

مردگی(মোর্দেগী/mordegi) মৃত অবস্থা; মরণ (زندگی; জীবনের বিপরীত)। Death; dead state.

مردم (মার্দোম্/ mardom) মানুষ (জাতি); জনগণ; জনসাধারণ; জনতা। People; men. Man(kind).

مردم آزار(মা.-অ'যা'র্/m.-ăzăr) মানুষকে কষ্ট দানকারী; জালেম; অত্যাচারী। Man-tormenting; inhumane (to mankind). Oppressor; tyrant.

مردم آزاری (মা.-অ'যা'রী/ m.-ăzări) অমানবিক আচরণ; জুলুম-অত্যাচার। Inhumanity (to mankind). Oppression.

مردم پرور(মা.-পার্ভার্/ m.-parvar) জনগণের কল্যাণকারী; জনদরদী। (One) who does welbeing to the people.

مردم خوار(মা.-খা'র্/m.-xăr) মানুষখেকো। Man-eating; cannibal.

مردم دار (মা.-দা'র্/ m.-dăr) পরের মন বুঝে চলার ক্ষমতাসম্পন্ন; জনগণের সাথে ভাল ব্যবহারকারী; স্বাচ্ছন্দ প্রকৃতির গণমুখী। Possessing tact, Eassy going civil. Tactful.

مردم داری (মা.-দা'রী/m.-dări) জনগণের সাথে ভাল ব্যবহার; ভদ্রতা; গণমুখিতা। Address; civility; tact.

مردم در (মা.-দার্‌র্/ m.-darr)= درنده

مردم شناس (মা.-শেনা'স্/ m.-šenăs) নৃতত্ত্ববিদ। Anthroplogist.

مردم شناسی (মা.-শেনা'সী/ m.-šenăsi) নৃতত্ত্ববিদ্যা। Anthropology.

مردمک(মার্‌দোমাক্/mardomak) চোখের মণি বা তারা। Pupil (of the eye).

مردم کش(মার্‌দোম্ কোশ্/mardomkoš) =آدم کش নরঘাতক; জল্লাদ। Homicide; murderer.

مردم گیاه (মা.-গিয়াহ্/m.-giyah)= مهر گیاه

مردم نوازی (মা.-নাভা'যী/ m.-navăzi) সৌজন্য; ভদ্রতা মানুষের প্রতি দরদ। Courtesy; civility.

مردمی (মার্‌দোমী/ mardomi) মানবতা; সৌজন্য; গণমুখী; জনপ্রিয়। Humanity; courtesy.

مردن (মোর্‌দান্/ mordan) মারা যাওয়া; মৃত্যুবরণ করা। To die.

مرد نادیده(মার্‌দ্ না'দীদে/ mard-nădide)= باکره/دوشیزه

مردنی(মোর্‌দানী/mordani) (যার অবস্থা) মরণাপন্ন; মরণশীল; ব্যবহারের ফলে অত্যন্ত ক্ষয়প্রাপ্ত বা অব্যবহার্য হয়েছে এমন। Dying; moribund. Worn-out.

مردوار (মার্‌দ্‌ভা'র্/ mardvăr) পুরুষালী; বীরের ন্যায়। Manly. Like a man. زن م. পুরুষালী নারী; যৌন অনুভূতিহীন মেয়ে। Sexless woman.

مردود (মার্‌দূদ্/ mardud) প্রত্যাখ্যাত; বিতাড়িত; নিষিদ্ধ। Rejected. Banned.

مرده (মারাদে/ marade) বিদ্রোহী; অবাধ্য; জেদী; [مارد এর/pl. of مارد] Stubborn.

مرده (মোর্‌দে/ morde) [مردن এর ক্রি. বিণ./p.p. of مردن] মৃত; মুর্দা। Dead. Dead person. م. باد মুর্দাবাদ; নিপাত যাক। Down with.

مرده پرستی (মো.-পারাস্তী/m.-parasti) মৃতের পূজা; প্রেতাত্মার সাথে যোগাযোগ প্রতিষ্ঠা; মৃত ব্যক্তির গুণকীর্তন। Necrolatry. Praising of the dead.

مرده خوار (মো.-খা'র্/m.-xăr) লাশ ভক্ষক; লাশখোর। Necrophagous.

مرده خور (মো.-খোর্/m.-xor)= مرده خوار

مرده دل (মো.-দেল্/ m.-del) যার অন্তর মরে গেছে; হতাশ। Dejected; depressed; disappointed.

مرده ریگ(মো.-রীগ্/m.-riğ)= میراث উত্তরাধিকার; মীরাস; ঐতিহ্য। Patrimony. Heritage.

مرده سنگ(মো.-সাঙ্গ/m.-sang)= مردار سنگলীড মনোক্সাইড। Litharge.

مرده شور (মো.-শূর্/m.-šur) যে মৃতদেহকে গোসল করায়। Washer of the dead.

مرده شوی(মো.-শূয়্/m.-šuy)=مرده شور

مرده شوی خانه (মো.-শূয়খা'নে/ m.-šuy-xane) মৃতদেহকে গোসল করানোর নির্ধারিত স্থান। Place where the dead are washed.

مرده وار(মো.-ভা'র্/m.-văr) মৃতের ন্যায়; মৃতবৎ। As dead. م. شناکرن চিৎ সাঁতার দেওয়া। To swim on the back.

مردی (মার্দী/mardi) পুরুষ হওয়া; পুরুষত্ব; সাহস; দানশীলতা। Manhood; manliness. Virility.

مرز (মার্য্/ marz) সীমান্ত। Frontier. نقاط مرزی সীমান্তবর্তী এলাকাসমূহ। Frontier localities.

مرزبان (মা.-বা'ন্/m.-ban) সীমান্ত প্রহরী; সীমান্তরক্ষী। Frontier official; frontier controller.

مرزبانی (মা.-বা'নী/ m.-bani) সীমান্ত এলাকার কর্মকর্তা; প্রশাসক বা ভূস্বমী। সীমান্ত সংরক্ষণ ও নিয়ন্ত্রণ; সীমান্ত সংরক্ষণ বিভাগ। Frontier Control Department.

مرزدار (মা.-দা'র/m.-dăr)= مرزبان

مرزنجوش (মার্যান্‌জূশ্/marzanjuš) এক ধরনের উদ্ভিদ যা দেখতে অনেকটা পুদিনার মত। Mouse car; myosotis. Marjoram.

مرزنشین(মার্য্ নেশীন্/ marz-nešin) সীমান্তের অধিবাসী। Frontiersman.

مرزنگوش (মার্যানগূশ্/ marzanguš)= مرزنجوش

مرز و بوم (মার্য্-ও-বূম্/ marz-o-bum) জন্মভূমি। (Native) country.

مرزه (মার্যে/ marze) এক ধরনের উদ্ভিদ। Sweet fennel.

مرس(মারাস্/maras) সিংহ, কুকুর প্রভৃতির গলায় পরানোর চামড়ার রশি। Leash; couple.

مرس (মের্স্/ mers) এক ধরনের বনবৃক্ষ। Beech.

مرسریزه (মের্সেরীযে/mercerize) উজ্জ্বল ও চকচকে করা (সূতী বস্ত্র)। Mercerized.

مرسل(মোর্সাল্/morsal) প্রেরিত দূত; ঐশী গ্রন্থধারী নবী (রাসূল)। Sent on a mission, as a Prophet.

مرسله (মোর্সালে/morsale) প্রেরিত বস্তু, সামগ্রী, চিঠি, পণ্য। Thing sent; letter or consignment.

مرسلین (মোর্সালীন্/ morsalin) [مرسل এর ব.ব./pl. of مرسل] রাসূলগণ। The Prophets.

مرسول (মার্সূল্/marsul) [স্ত্রী. مرسوله / Fem. مرسوله] প্রেরিত; ডাকযোগে প্রেরিত। Despatched; mailed.

مرسولات (মার্সূলা'ত্/ marsulăt) [مرسوله এর ব.ব./pl. of مرسوله] চিঠিপত্র; ডাকযোগে প্রেরিত চিঠিপত্র। Letters; mail.

مرسوم(মার্সূম্/ marsum) রীতিসিদ্ধ; প্রচলিত; রেওয়াজ। Custom(ary).

مرشد(মোর্শেদ্/ moršed) মোরশেদ (আধ্যাত্মিক পথ নির্দেশক); Spiritual guide or preceptor.

مرصع (মোরাস্সা-/ morassa')= گوهر نشان মণি-মুক্তা খচিত। Studded (or inlaid) with jewels.

مرض (মারায্/maraz) [ব.ব./pl.امراض] রোগ; ব্যাধি; অসুস্থতা। Desease; illness.

مرضا (মার্যা/marza) [مریض এর ব.ব./ pl. of مریض].

مرض شناس (মারায্ শেনা'স্/ maraz-šenăs) প্যাথোলোজিস্ট; রোগ নিরূপণবিদ্যায় পণ্ডিত। Pathologist.

مرض شناسی (মা.-শেনা'সী/m.-šenăsi) প্যাথোলজি; রোগ নিরূপণবিদ্যা। Pathology.

مرضی (মার্যা'/marză) [مریض এর ব.ব./ pl. of مریض].

مرضی(মার্যী/marzi) [স্ত্রী./Fem مرضیه] পছন্দনীয়; সন্তোষজনক। Agreeable; laudable.

مرضی (মারাযী/ marazi) রোগ বিষয়ক। Morbid; pathological.

مرضی الطرفین (মারযিয়োত্তারাফেইন্/ marziottarafeyn) উভয় পক্ষের সম্মতিক্রমে। Mutually agreed to.

مرضیه (মার্যীয়্যে/ marziyye) [مرضی এর স্ত্রী./ Fem. of مرضی] স্ত্রীবাচক নাম/ Fem. pr. name.

مرطوب (মার্তূব্/ martub)= نمسار স্যাঁতসেঁতে; ভেজাভেজা; ঈষৎ আর্দ্র। Damp; moist. Humid.

مرعوب(মার্উব্/mar'ub) ভীত; যাকে ভয় দেখানো হয়েছে; প্রভাবান্বিত। Terrified.

مرعی(মার্ঈ/mar'i) অনুসৃত; যা মেনে চলা হয়েছে; যাকে বিবেচনায় রেখে কাজ করা হয়েছে। Observed; regarded.

مرغ (মার্গ্ব/ marğ) ঘাস, দূর্বাঘাস, লনে রোপিত ঘাস। Meadow.

مرغ (মোর্গ্ব/ morğ) মুরগী; পাখি। Hen. Bird. مرغ و خروس মুরগী ও মোরগ। Poultry. مرغان خانگی গৃহপালিত পাখি। Domestic fowls.

مرغابی (মোর্গ্বা'বী/ morğăbi)পাতিহাঁস। Duck. مرغابی جره মিঠা পানিতে বসবাসকারী ক্ষুদ্র হাঁস। Teal. مرغابی نر হাঁসা (হংসীর বিপরীত)। Drake.

مرغباز (মোর্গ্ববা'য্/ morğbăz) যে ব্যক্তি মোরগ নিয়ে বাজী ধরে বা মোরগের লড়াইয়ের প্রতিযোগিতায় অংশ নেয়। Bird-fancier.

مرغدار (মোর্গ্ব দা'র্/morğ-dăr) হাঁস-মুরগী পালনকারী। Owner of a poultry.

مرغداری (মো.-দা'রী/ m.-dări) হাঁস-মুরগী পালন; হাঁস-মুরগীর খামার। Poultry farm.

مرغ دل(মো.-দেল্/m.-del) ভীতু; দুর্বলমনা; কাপুরুষ। Coward.

مرغزار (মার্গ্ব্যা'র্/ marğ-zăr) তৃণবহুল ক্ষেত্র; লন। Meadow. Lawn.

مرغ زبانی(মোর্গ্বযাবা'নী/morğ-zabăni) অর্থহীন কথাবার্তা বলা। Meaningless talk.

مرغ شناسی(মো.-শেনা'সী/ m.-šenăsi) পক্ষী বিজ্ঞান। Ornithology.

مرغ فروش (মো.-ফোরূশ/ m.-foruš) মুরগী বিক্রেতা। Poulterer.

مرغک (মোরগ্বাক্/ morğak) ছোট পাখি; ছোট মুরগী। Birdie.

مرغوا (মোর্‌গ্বোভা/ morğovă) অলক্ষণ; (পাখির ওড়া দেখে খারাপ ভাগ্যের . আভাস নির্ণয়)। Bad omen.

مرغوب (মার্‌গ্বূব্/marğub) উত্তম বৈশিষ্ট্যসম্বলিত; আকর্ষণীয় মূ.অ. পছন্দনীয়। Of good quality; in demand OS. Desirable.

مرغوبیت (মার্‌গ্বূবীয়্যাত্/marğubiyyat) আকর্ষণীয় হওয়া; উত্তম বৈশিষ্ট্যসম্পন্ন হওয়া। Desirability; good quality.

مرغول(মার্‌গ্বূল্/marğul) পচানো; জড়ানো; কোঁকড়ানো (চুলের) জুল্‌ফি। Curl. Ringlet (of hair).

مرغوله (মার্‌গ্বূলে/marğule) কোঁকড়ানো চুল; জুলফি। Ringlet (of hair).

مرفق (মের্‌ফাগ্ব/merfağ)= آرنج

مرفوع(মার্‌ফু-/ marfu') যাকে উর্ধ্বে তুলে ধরা হয়েছে; আরবী ব্যাকরণে কর্তৃবাচকের চিহ্নযুক্ত শব্দ। Raised high level. Arabic nouns & adjectives given subjective signs.

مرفه(মোরাফ্‌ফাহ্/moraffh)= اسوده حال প্রাচুর্যময়; বিলাসী জীবন। Luxurious. প্রাচুর্যময় জীবন; বিলাসী জীবন। Luxurious life.

مرفین(মোর্‌ফীন্/ morfin) মরফিন (মাদক দ্রব্য)। Morphine.

مرق (মারাগ্ব/ marağ) ঝোল; শুরুয়া। Gravy; dripping.

مرقد(মার্‌গ্বাদ্/marğad) [ব.ব./pl. مراقد] সমাধি; কবর। Sepulchre.

مرقس (মার্‌গ্বোস্/marğos) মার্ক (নিউ টেস্টামেন্টের অন্যতম লেখক। Mark. انجیل مرقس মার্ক লিখিত সুসমাচার। Gospel of Mark.

مرقع (মোরাগ্বগ্বা-/morağğa') ১/1) ছিন্ন বস্ত্র জোড়াতালি দেয়া জামা; সুফীদের তালি দিয়ে তৈরী জামা। Ragged. Grament. ২/)2 হিজিবিজি কাগজ; এ্যালবাম; সুন্দর হস্তলিপির সংকলন। Scrap book; album. Patchwork.

مرقوم (মার্‌গ্বূম্/ marğum) লিখিত; চিঠি [نوشتن এর মার্জিত বিকল্প/polite substitute for نوشتن]. Written.

مرقومه (মার্‌গ্বূমে/ marğume) [مرقوم এর স্ত্রী./Fem. of مرقوم] চিঠি। Letter].

مرکب (মার্‌কাব্/ markab) [ব.ব./pl. مراکب] বাহন; বাহক পশু (ঘোড়া, গাধা, খচ্চর, উট ইত্যাদি)। Animal for riding.

مرکب (মোরাক্‌কাব্/ morakkab) [স্ত্রী./ Fem. مرکبه] মিশ্রিত; যৌগিক; (বিভিন্ন বিষয় বা উপাদান) সমন্বিত বা শামিলকারী; লেখার কালি (কালো)। Composed; consisting; made up. Compound. Ink.

مرکبات (মোরাক্কাবা'ত্/ morakkabăt) [مرکبه এর ব.ব./ pl. of مرکبه] কমলা

জাতীয় ফল; যৌগিক শব্দাবলী। Citrous fruits. Compound words.

مرکب پاك کن(মোরাক্কাব্ পা'ক্ কোন্/ morăkkăb-păk-kon) কালির লেখা তোলার রাবার। Ink eraser.

مرکب خشک کن (মো.- খোশক্ কোন্/ m.-xošk kon) ব্লটিং পেপার। Blotting paper. Blotter.

مرکز (মার্কায্/ markaz) [ব.ব./pl. مراکز] কেন্দ্র; সদর দফতর। Centre. Head quarters; head office. Principal seat.

مرکز گریز (মা.-গোরীয্/ m.-goriz) কেন্দ্র হতে অপসরণশীল; বহির্মুখী। Centrifugal.

مرکزی (মার্কাযী/markazi) কেন্দ্রীয়। Central.

مرکزیت (মার্কাযীয়্যাত্/ markaziyyat) কেন্দ্র হওয়া; কেন্দ্রিকতা। Centrality. مرکزیت دادن কেন্দ্রীভূত করা। To centralize.

مرکوب (মার্কূব্/markub) যে পশুর ওপর কাউকে সওয়ার করা হয়েছে;যাকে সওয়ার করা হয়েছে; ঘোড়া। Ridden. Ridden animal.

مرکورکرم (মের্কূরকোরোম্/merkur-korom) মার্কারক্রোম (পচনরোধক লোশন)। Mercurochrome.

مرکوز (মার্কূয্/markuz) মজবুতভাবে বসে গেছে বা মজবুতভাবে বসানো হয়েছে এমন কেন্দ্রিভূত। Implanted centralized.

مرگ (মার্গ্/marg) মৃত্যু। Death. در دم م. মৃত্যুর অপেক্ষায়; মৃত্যুপথ যাত্রী। On the point of death. بمرگ خودم আমার মৃত্যুর শপথ। On my life; (I swear) by my life.

مرگ بار (মা.-বা'র্/m.-băr) মৃত্যুর ন্যায় ধ্বংসকারী; মারণাত্মক। Deathful; deathly.

مرگ موش(মারগে মূশ্/marge-muš) ইঁদুর মারার বিষ। Rat-killer (poison).

مرگ و میر (মার্গ্-ও-মীর্/marg-o-mir) মৃত্যুহার। Mortality.

مرگی (মার্গী/ margi) গো-মোড়ক। (Cattle-) pest.

مرمت (মারাম্মাত্/marammat) মেরামত। Repair.

مرمر (মার্মার্/marmar) মার্বেল (পাথর)। Marble.

مرمر نما (মা.-নামা'/m.-namă) মার্বেলখচিত; মর্মরে গঠিত বা মর্মরতুল্য। Marbled; marble veined; marmoreal.

مرمری(মার্মারী/marmari) মর্মরের তৈরী; মার্বেলখচিত; মারবেল পাথরের ন্যায়। Marbly. Marmoreal. Polished.

مرموز (মার্মূয্/ marmuz) রহস্যজনক; গোপন। Mysterious; secret.

مرموك(মার্মূক্/marmuk) বাগানে রোপণ করা হয় এমন মধ্যম আকারের এক ধরনের সুগন্ধিয উদ্ভিদ। Garden clary.

مرمی(মার্মী/marmi) নিক্ষেপণীয়; নিক্ষিপ্ত; উৎক্ষিপ্ত। Missile; projectile.

مرنگ(মারাঙ্/ marang) শজারু।
Porcupine.

مرنگ (মেরাঙ্/ merang) ডিমের শ্বেতাংশ থেকে তৈরী এক ধরনের মিষ্টান্ন।
Meringue.

مرو (মার্ভ/ marv) সমুদ্র তীরবর্তী তৃণ বিশেষ; লনে লাগানো হয় এমন এক ধরনের ঘাস; মার্ভ শহর। Marram; beach grass. Merv. مرو خوشبو সুগন্ধি মার্ভ। Marum- germander.

مروا (মোর্ভা'/ morvă) (ফাল দৃষ্টে) শুভলক্ষণ। Good omen.

مروارید (মোর্ভা'রীদ্/ morvărid) মুক্তা। Pearl. صید م. মুক্তা সংগ্রহ। Pearl-fishing. گل م. ডেইজী ফুল। Daisy.

مروت (মোরোভ্ভাত্/ morovvat) ভদ্রতা; নম্রতা; দানশীলতা; মহানুভবতা। Manliness. Compassion. Generosity.

مروج (মোরাভ্ভেজ্/ moravvej) প্রচলনকারী; প্রবর্তনকারী। Promoter.

مرور (মোরূর্/ morur) অতিক্রম; প্রবাহ; অধ্যয়ন ও পর্যালোচনা। Passing; passage. To go over; review. م. کردن পার হয়ে যাওয়া। To pass (over). به مرور زمان কালের প্রবাহে। In the course of time.

مروزی (মার্ভাযী/ marvazi) মার্ভ শহরের অধিবাসী; মার্ভে তৈরী। (Native) of Merv. Made in Merv.

مروق (মোরাভ্ভাগ্ব/ moravvağ)= ناب/صاف

مروی (মার্ভী/marvi) মার্ভ সম্পর্কিত; মার্ভের অধিবাসী। Related to Merv. Inhabitants of Merv.

مرةً (মার্রাতান্/marratan)= مره

مرّه (মার্রে/ marre) [ব.ব./pl.مرات] (এক) বার। (Single) Time.

مرهم (মার্হাম্/marham) মলম; সান্ত্বনা। (Cooling) ointment; Balm.

مرهم کش (মা.-কেশ্/ m.-keš) মলম লাগাবার চ্যাপটা কাঠি বা চামচ। Spatula.

مرهم نه (মা.-নেহ্/m.-neh) যে ক্ষতস্থানে মলম লাগায়। One who applies an ointment to a wound; dresser.

مرهون (মার্হূন্/marhun) ঋণী; দায়বদ্ধ। Indebted. مرهون او তার নিকট ঋণী। Indebted to him.

مری (মেরী/meri) অন্ননালী; কণ্ঠ। Oesophagus; gullet.

مریخ (মের্রীখ/ merrix)= بهرام মঙ্গল গ্রহ। Mars.

مرید (মোরীদ্/ morid) মুরীদ; শিষ্য; ভক্ত। Disciple. Devotee.

مریض (মারীয্/mariz)=بیمار [ব.ব./pl. مرضا/مرضی] অসুস্থ; রোগী। Ill; sick. Morbid; deseased.

مریضخانه (মা.-খা'নে/ m.-xăne)= بیمارستان

مریم(মারইয়াম্/maryam) মরিয়ম: (হযরত ঈসা আঃ-এর মাতা)। Mary. (Mother of Hazrat Isa (A.S.) گل مریم মরিয়াম ফুল। Tuberose.

مریم گلی(মা.-গোলী/ m.-goli) এক ধরনের উদ্ভিদ। Garden sage.

مريم نخودی(মা.-নোখোদী/(m.-noxodi) এক ধরনের উদ্ভিদ। Water germander.

مرئوس (মারউস্/ mar'us) অধীনস্থ। Subordinate.

مرئی (মারঈ/mar'i)= پدیدار দৃশ্যমান। Visible.

مزاج (মেযা'জ্/ mezăj) শারীরিক অবস্থা; মেজাজ; মনমানসিকতা। (Condition of) health; physical condition. Temperament.

مزاج گوئی (মে.-গূঈ/m.-gu'i) চাটুকারিতা। Obsequiousness; flattery.

مزاجی(মেযা'জী/mezăji) মানসিক অবস্থা বা স্বাস্থ্য সম্পর্কিত। Constitutional.

مزاح (মেযা'হ্/mezăh)= شوخی

مزاح(মায্‌যা'হ্/mazzăh) যে অনেক বেশী হাসি-ঠাট্টা করে। Jester.

مزاحم (মোযা'হেম্/ mozăhem) যে কষ্ট দেয়/অসুবিধা সৃষ্টি করে/কাজ ব্যাহত করে। Obstrusive.

مزاحمت (মোযা'হেমাত্/ mozăhemat) অসুবিধা; ঝামেলা; বিড়ম্বনা; ক্লেশ। Inconvenience.

مزار (মাযা'র্/ mazăr)=زیارتگاه/ قبر

مزارع (মাযা'রে-/ mazăre') [مزرعه এর ব.ব./ pl. of مزرعه].

مزارع (মোযা'রে-/ mozăre') জমি বর্গাদানকারী। Farm lessor.

مزارعه (মোযা'রেএ/ mozăre'e) চাষাবাদ; জমি বর্গাদানের চুক্তিনামা। Contract of farm-letting.

مزامیر (মাযা'মীর্/ mazămir) [مزمور ও مزمار এর ব.ব./pl. of مزمور & مزمار].

مزاوجت (মোযা'ভেজাত্/ mozăvejat)= عروسی বিবাহ করা। Marrying.

مزایا (মাযা'ইয়া'/ mazăyă) [مزیت এর ব.ব./ pl. of مزیت].

مزایده (মোযা'য়েদে/mozăyede) নিলাম। Auction.

مزبله (মায্‌বালে/ mazbale) [ব.ব./ pl. مزابل] ময়লা-আবর্জনা ফেলার জায়গা; ডাস্টবিন্। Rubbish-heap.

مزبور(মায্‌বূর্/mazbur) ওপরের; উপরোক্ত; উল্লিখিত। Aforesaid; above mentioned. [স্ত্রী./Fem. مزبوره].

مزج (মায্‌জ্/ mazj) মেশানো; সংমিশ্রণ; মেলামেশা। Mixing.

مزجات(মোয্‌জা'ত্/mozjăt) ক্ষুদ্র; গুরুত্বহীন। Small; insignificant; of little value.

مزخرف (মোযাখ্‌রাফ্/ mozaxraf) কিম্ভূতকিমাকার; উদ্ভট; অর্থহীন গালগপ্প। Absurd. Nonsensical. Nonsense; silly talk. [স্ত্রী. مزخرفه এর ব.ব. مزخرفات / Fem. مزخرفه pl. مزخرفات].

مزد (মোয্‌দ্/ mozd) পারিশ্রমিক; প্রতিদান। Wage(s). Reward.

مزدکی (মায্‌দাকী/ mazdaki) মাযদাকের অনুসারী। Follower of Mazdak.

مزدوج (মোয্‌দাভাজ্/ mozdavaj) দম্পতি; জোড়া; বিবাহিত। Coupled; consorted. Married.

مزدور(মোয্‌দূর্/mozdur) ভাড়াটে (ভাড়া

করা লোক); দালাল; মজদুর; শ্রমিক। Mercenary. Hired worker. Wage- earner.

مزدوری (মোয্‌দূরী/ mozduri) ভাড়ায় খাটা; শ্রম দান; মজদুরী। Being mercenary. Wage earning.

مزدیسنی (মায্‌দাইয়াস্‌নী/ mazdayasni) মায্‌দাইস্‌নার অনুসারী ও তাঁর মতবাদ। Mazdaism.

مزراق (মেয্‌রা'গ্ব/mezrăğ)= زوبین

مزرع (মায্‌রা'/ mazra') [مزرعه এর সমষ্টিবাচক রূপ/Collective for مزرعه].

مزرعه (মায্‌রাএ/ mazra'e) [ব.ব./ pl. مزارع] কৃষিক্ষেত। Farm.

مزروع (মায্‌রূ-/mazru') কর্ষিত; চাষকৃত; ফসল। Cultivated. cultivated land. Crop.

مزروعی (মায্‌রূয়ী/ mazru'i) চাষযোগ্য; চাষকৃত। Arable. Cultivated.

مزعفر (মোযা-ফার্/ moza'far) জাফরান দ্বারা ও রঙ্গিন কৃত খাবার (প্রধানতঃ পোলাও); জাফরানী। (Rice dish) flavoured with saffron.

مزکّی (মোযাক্‌কা/ mozakka) যাকে তাযকিয়াহ্ বা পরিশুদ্ধ করা হয়েছে; যার যাকাত দেওয়া হয়েছে। Purified.

مزلّف (মোযাল্লাফ/ mozallaf) জুলফিধারী; জুলফিধারী প্রেমিক; সুবিন্যস্ত বেশধারী বালক বা কিশোর। [Of a young gigolot] Wearing a head of hair. [زلف; in the Arabic fashion].

مزمار (মেয্‌মা'র্/ mezmăr) বাঁশী। Pipe; flute.

مزمزه(মায্‌মাযে/ mazmaze) স্বাদ গ্রহণ। To sip; tasting a little at a time.

مزمزه کردن (মা.-কার্‌দান্/ m.-kardan) লবণ, ঝাল, ঘ্রাণ, স্বাদ ইত্যাদি বোঝার জন্য খাদ্যবস্তুর সামান্য অংশ খাওয়া বা আস্বাদন। Tasting a little at a time. To taste a little at a time.

مزمن (মোয্‌মেন্/ mozmen) (রোগ বা অবস্থা সম্বন্ধে) দীর্ঘস্থায়ী; জটিল; পুরনো। Chronic. بیماری مزمن পুরাতন রোগ। Chronic desease.

مزمور (মায্‌মূর্/ mazmur) [مزامیر] প্রার্থনা সঙ্গীত; গান; স্তব। Psalm; song.

مزوّر (মোযাভ্‌ভের্/ mozavver) মিথ্যাকে সত্য হিসেবে প্রচলনকারী; জালিয়ত; প্রতারক। Dissimulator; impostor. Deceitful; guilty of fraud.

مزه (মাযে/ maze) মজা; স্বাদ। Taste.

مزه دار (মা.-দা'র্/ m.-dăr) মজাদার; সুস্বাদু। Tasteful.

مزیّت (মাযীয়্যাত্/ maziyyat) [ব.ব./pl. مزایا] শ্রেষ্ঠত্ব; অগ্রাধিকার; সুযোগ-সুবিধা; প্রাধিকার; ইতিবাচক বৈশিষ্ট্য। Preference. Merit. Advantage; benefit. privilege.

مزید (মাযীদ্/ mazid) বর্ধিত; অতিরিক্ত। Increase.

مزیدن (মাযীদান্/ mazidan)= چشیدن

مزیّن(মোযাইয়্যান/mozayyan)

সুন্দরকৃত; সজ্জিত; অলংকৃত। Adorned; decorated.

مژدگانی (মোজ্‌দেগা'নী/ moždegăni) সুসংবাদ দেওয়ার জন্য বখশিশ। Reward for bringing good news.

مژده (মোজ্‌দে/ možde) সুসংবাদ। Good news or tidings.

مژك (মোজ্‌াক্/mažk) বিভিন্ন ধরনের কীটের বা পাতার গায়ের পশমতুল্য কৈশিক ঝিল্লী। Ciliat.

مژكدار(মোজ্‌াক্‌দা'র্/mažkdăr) কৈশিক ঝিল্লীর অধিকারী। Ciliate.

مژگان (মোজ্‌েগা'ন্/ možegan) [مژه এর ব.ব./pl. of مژه] চোখের পাপড়িসমূহ। Eyelashes.

مژه (মোজ্‌ে[মেজ্‌ে]/ može[meže]) [ব.ব./ pl. مژگان] চোখের পাপড়ি। Eyelash.

مس (মাস্‌স্/ mass) স্পর্শ করা; ছোঁয়া; অনুভব করা। Touching.

مس (মেস্/ mes) তামা। Copper.

مساء (মাসা'-/ masă')= غروب/شام

مسائل (মাসা'এল্/ masăel) [مسئله এর ব.ব./Pl. of مسایل] সমস্যাবলী; প্রশ্নাবলী; বিষয়সমূহ। Problems. Questions. Affairs; matters.

مسابقات (মোসা'বেগ্বা'ত্/ mosăbeğăt) [مسابقه এর ব.ব./ pl. of مسابقه].

مسابقه (মোসা'বেগ্বে/ mosăbeğe) [مسابقات] প্রতিযোগিতা। Competition. مسابقهٔ دو দৌড় প্রতিযোগিতা। Race.

مساجد (মাসা'জেদ্/masăjed) [مسجد এর ব.ব./pl. of مسجد].

مساح(মাস্‌সা'হ্/ massăh)= زمین پیما

مساحت (মাসা'হাত্/ masăhat) আয়তন। Area.

مساحی (মাস্‌সা'হী/massăhi) জমি পরিমাপ করা; জরিপ করা। Land-measurement; surveying.

مساعد (মোসা'এদ্/ mosăed) অনুকূল; সহায়ক। Favourable.

مساعدت (মোসা'এদাত্/ mosăedat) সাহায্য; সহায়তা। Assistance; aid.

مساعده (মোসা'এদে/ mosăede) (বেতন ইত্যাদির) অগ্রিম। Advance (money).

مساعی (মাসা'ঈ/ masă'i) [مسعاة এর ব.ব./ pl. of مسعاة] প্রয়াস; প্রচেষ্টা; ভাল উদ্যোগসমূহ। Efforts. (Good) offices.

مسافت (মাসা'ফাত্/ masăfat) দূরত্ব। Distance.

مسافت پیما (মা.-পেইমা'/ m.-peymă) দূরত্বমাপক যন্ত্র। Odometer.

مسافت سنج (মা.-সান্‌জ্/ m.-sanj) গতিমাপক যন্ত্র। Speedometer.

مسافت یاب (মা.-ইয়া'ব্/ m.-yăb) দূরত্ব নির্দেশক। Range-finder.

مسافر (মোসা'ফের্/ mosăfer) [ব.ব./pl. مسافرین] মুসাফির; ভ্রমণকারী; যাত্রী। Traveller. Passenger.

مسافر بر (মো.-বার্/ m.-bar) যাত্রীবাহী। Fit for carrying passenger. بنگاه مسافر بر(ی) যাত্রী পরিবহন সংস্থা। Passenger service.

مسافرت(মোসা'ফেরাত্/mosăferat) ভ্রমণ; সফর। Travel(ling); journey; visit.

مسافر خانه (মোসা'ফের্ খা'নে/ mosăfer-xăne) পান্থশালা; মুসাফিরখানা; হোটেল। Inn; hotel.

مسافری (মোসা'ফেরী/ mosăferi) সফর বা ভ্রমণ উপযোগী। Fit for travelling.

مساکن (মাসা'কেন্/masăken) [مسکن এর ব.ব./ pl. of مسکن].

مساکین (মাসা'কীন্/ masăkin) [مسکین এর ব.ব./ pl. of مسکین].

مسالک(মাসা'লেক্/masălek) [مسلک এর ব.ব./pl. of مسلک].

مسالمت (মোসা'লেমাত্/ mosălemat) (পরস্পর) আপোস বা সন্ধি। Peacefulness. Peace.

مسالمت آمیز (মো.- অ'মীয্/ m.-ămiz) শান্তিপূর্ণ। Peaceful.

مسام (মাসা'ম্[ম্]/ masăm[m]) [مسم এর ব.ব./pl. of مسم]. [প্রায়শঃ often مسامات] সূক্ষ্ম রন্ধ্রে; লোমকূপ। Pores.

مسامحه (মোসা'মেহে/ mosămehe) শৈথিল্য; উদাসীনতা; অসাবধানতা; কাজ ফেলে রাখা; নম্র আচরণ করা। Negligence. Non-chalance. Forbearance.

مسامحةً(মোসা'মেহাতান্/ mosămehatan) শৈথিল্যের সাথে; উদাসীনতার সাথে। Negligently; carelessly.

مسامحه کار (মোসা'মেহে কা'র্/ mosămehe-kăr) উদাসীন; দায়িত্ববোধহীন। Negligent; careless.

مساوات(মোসা'ভা'ত্/mosăvăt)=برابری সাম্য; সমতা। Equality.

مساوی(মোসা'ভী/mosăvi)= برابر সমান। Equal.

مساهله(মোসা'হেলে/mosăhele) শৈথিল্য; অসাবধানতা; উদাসীনতা। Indulgence; leniency; carelessness.

مسایل (মাসা'য়েল্/masăyel) [مسئله এর ব.ব./ pl. of مسئله] সমস্যাবলী; প্রশ্নাবলী; বিষয়াদি। Problems; questions; affairs; matters.

مسئلت (মাস্আলাত্/ mas'alat) প্রার্থনা; অনুরোধ। Asking. Request.

مسئله (মাস্আলে/ mas'ale) [ব.ব./pl. مسائل] বিষয়; প্রশ্ন; সমস্যা। Subject. Question. Problem.

مسئول(মাস্উল্/mas'ul) ১/1) দায়িত্বশীল। Responsible. ২/2) দায়ী। Liable.

مسئولیت (মাস্উলীয়্যাত্/mas'uliyyat) দায়িত্বশীলতা; দায়িত্ব। Responsibility.

مسئولین (মাস্উলীন্/ mas'ulin) [مسئول এর ব.ব./ pl. of مسئول].

مسبار (মেস্বা'র্/ mesbăr) (বিভিন্ন ধাতব পদার্থ মিশ্রিত) তামা। (Tombac, bronze or other alloy) containing copper

مسبب(মোসাব্বেব্/mosabbeb) [ব.ব./pl. مسببین] কারণ; যে বা যা (কোন কিছুর) কারণ হয়েছে। Cause; one who occasions something.

قمار مسبب بدبختی است জুয়া দুর্ভাগ্যের কারণ। Gambling causes (or brings about) adversity.

مسببات(মোসাব্বেবা'ত/ mosabbebăt) [مسببه এর ব.ব./ pl. of مسببه].

مسبع (মোসাব্বা-/ mosabba') যাকে সাতে পরিণত করা হয়েছে; সপ্তপদী-কবিতা: প্রতি স্তবকে সাত লাইনবিশিষ্ট কবিতা; সপ্তভুজ। (Stanza) composed of seven lines. Heptagon(al).

مسبوق(মাস্‌বূগ্/masbuğ)= آگاه অভিজ্ঞ; পূর্ব থেকে অবহিত; যে বা যা পিছিয়ে পড়েছে। Aware; informed. Knowledge regarding the matter of discussion.

مست (মাস্‌ত্/ mast) নেশাগ্রস্ত; মাতাল। Drunk(en); intoxicated. Drunken.

مستان (মাস্তা'ন্/mastăn) নেশাগ্রস্ত; মাতাল। Drunk.

مستأجر (মোস্তা-জের্/mosta'jer) ভাড়াটে (যে বাড়ী ভাড়া নিয়েছে)। Tenant; lessee.

مستأجره (মোস্তা-জারে/ mosta'jare) ভাড়ার বস্তু (যেমন: ঘর)। Object of lease.

مستأصل (মোস্তা-সাল্/ mosta'sal) রিক্তহস্ত; নিঃস্ব; নিরুপায়; হতভাগা; দিশাহারা। Driven to extremities; helpless.

مستأنف (মোস্তা'নেফ্/mosta'nef)= پژوهش خواه

مستأنف عنه (মোস্তা-নেফোন আন্‌হ্/ mosta'ne fon-anh)= پژوهش خواسته

مستانه (মাস্তা'নে/mastăne) মাতালসুলভ; বেদনার্তভাবে। Drunken. Languishing.

مست بازی (মাস্ত্ বা'যী/ mast-băzi) মাতালের ন্যায় আচরণ; মাতাল হবার ভান করা। Acting like a drunken.

مستبد (মোস্তাবেদ্[দ্]/ mostabed[d]) স্বৈরাচারী; স্বেচ্ছাচারী। Despotic; arbitrary.

مستبدانه(মোস্তাবেদ্দা'নে/ mostabeddăne) স্বৈর; স্বৈরতান্ত্রিক; স্বৈরাচারীভাবে; স্বেচ্ছাচারী। Despotically. Despotic(al); arbitrary.

مستبشر (মোস্তাব্‌শের্/ mostabšer) সুখবরে খুশী ব্যক্তি। Glad (person) of good news.

مستبعد (মোস্তাব্‌এদ্/ mostab'ed) যা অসম্ভব বলে গণ্য হয়। Improbable.

مستتر (মোস্তাতার্/ mostatar) গোপন; গুপ্ত; গোপন হবার জায়গা; অনুভূত; বাহ্যত বিলুপ্ত। Hidden. Elliptical. Understood.

مستثنی(মোস্তাস্‌না'/mostasnă) ব্যতিক্রম; যাকে ব্যতিক্রম করা হয়েছে। Exception. Excepted.

مستجاب (মোস্তাজা'ব্/mostajăb) গৃহীত; মঞ্জুর; কবুল (যেমন: দোয়া)। Granted (as prayer).

مستجاب الدعوه (মোস্তাজা'বোদ্দা-ভে/ mostajăbod-da've) যার প্রার্থনা বা দোয়া কবুল হয়। Whose prayers are accepted.

مستحاثه(মোস্তাহা'সে/ mostahăse)

[ব.ব./pl. متحاثات]=سنگوار
ফসিল। Fossil.

مستحاضه (মোস্তাহা'যে/ mostahăze) ঋতুবতী (নারী)। Menstruating (woman).

مستحب(মোস্তাহাব[ব্]/ mostahab[b]) (ধর্মীয় দৃষ্টিতে) পছন্দনীয় (কাজ): মুস্তাহাব। [Of certain religious precepts] Recommended.

مستحسن (মোস্তাহ্সান্/mostahsan)= پسندیده

مستحضر (মোস্তাহ্যার্/ mostahzar) জ্ঞাত; অবহিত; সচেতন; হাজিরকৃত; প্রস্তুত। Informed; aware.

مستحفظ (মোস্তাহ্ফেয্/ mostahfez) রক্ষক; তত্ত্বাবধায়ক। Guardian. Caretaker.

مستحق (মোস্তাহেগ্ব/ mostahеğ)= سزاور হকদার; উপযুক্ত। Deserving; entitled.

مستحکم (মোস্তাহ্কাম্/ mostahkam)= محکم/استوار

مستخدم (মোস্তাখ্দাম্/ mostaxdam) কর্মচারী; চাকর। Employee. Servant.

مستخرج (মোস্তাখ্রাজ্/ mostaxraj) [স্ত্রী./ Fem. متخرجه] যা বের করে আনা হয়েছে; উৎকলিত। Extracted.

مستخلص (মোস্তাখ্লাস্/ mostaxlas) খালাসপ্রাপ্ত; মুক্তিপ্রাপ্ত। Released; set free.

مستدام (মোস্তাদা'ম্/ mostadăm)= دائمی/مدام

مستدعی(মোস্তাদ্আ'/mostad'ă) প্রার্থিত; আবেদনকৃত (বস্তু বা বিষয়)। (Thing) asked for. (Object) wished.

مستدعی (মোস্তাদ্ঈ/ mostad'i) প্রার্থনাকারী; আবেদনকারী। (One) who requests or asks.

مستدل (মোস্তাদাল্ল্/ mostadall) দলিল ও যুক্তির দ্বারা প্রমাণিত; দলিল ভিত্তিক। Proved or convinced by reasoning. Documentary.

مستدیر (মোস্তাদীর্/ mostadir)= گرد যা ঘুরে আসে; বৃত্তাকার। Round.

مستراح (মোস্তারা'হ্/ mostarăh)= آبریز বিশ্রামগার; শৌচাগার। Lavatory; water-closet.

مسترد (মোস্তারাদ্[দ্/ mostarad[d]) প্রত্যাখ্যাত; যা ফেরত দেয়া হয়েছে। Restored; refunded. Returned.

مسترق (মোস্তারাগ্ব/ mostarağ)=دزدیده চোরাই; চুরি হয়ে যাওয়া। Stolen.

مستزاد(মোস্তাযা'দ/mostazăd) বৃদ্ধিকৃত; ছন্দের মিল বজায় রেখে দ্বিতীয় বা পরবর্তী লাইনে অতিরিক্ত শব্দযুক্ত কবিতা। [Of some verses] Having an additional part.

مستسقی (মোস্তাস্ঘী/ mostasği) পিপাসা নিবারণার্থে পানিপ্রার্থী; উদ্‌রী রোগাক্রান্ত। Dropsical (person).

مستشار(মোস্তাশা'র্/mostašăr) উপদেষ্টা। Adviser.

مستشرق (মোস্তাশ্রেগ্ব/ mostašreğ) [ব.ব./pl.مستشرقین]=خاور شناس

مستشعر(মোস্তাশ্আর্/ mostaš'ar) উদ্বিগ্ন; চেতনাপ্রাপ্ত; যে অন্তরে ভয়-ভীতি চেপে রাখে। Apprehensive; conscience.

مستضعف (মোস্তায্‌আফ্/ mostaz'af) [ব.ব./pl. مستضعفان/ مستضعفين] যাকে দুর্বল করে রাখা হয়েছে; অসহায়; দুর্বল। Weakened. Weak.

مستطاب (মোস্তাতা'ব্/ mostatăb) পবিত্রতার অধিকারী; পবিত্র; (সম্মানার্থ সম্বোধন) মহান (নেককার)। Excellent; great. جناب م. آقای মাননীয় জনাব। His excellency.

مستطيل (মোস্তাতীল্/ mostatil) লম্বা; দীর্ঘ; সমকোণী ও সমবাহু চতুর্ভুজ। Rectangular. Rectangle.

مستظرف (মোস্তায্‌রাফ্/ mostazraf) সূক্ষ্মভাবে; সুন্দরভাবে সৃষ্ট; সুন্দর। Fine. [স্ত্রী./ Fem. مستظرفه].

مستظهر (মোস্তায্‌হের্/ mostazher) পৃষ্ঠপোষকতা গ্রহণকারী; অন্যের ওপর নির্ভরকারী। Relying or relier.

مستعار (মোস্তাঅ'র্/ mosta'ăr) রূপক; ছদ্ম; ধারকৃত। Metaphorical. Fictitious. Transient. نام م. ছদ্মনাম। Pseudonym.

مستعان (মোস্তাআ'ন্/ mosta'ăn) যার নিকট সাহায্য চাওয়া হয়েছে; আল্লাহ্‌র একটি গুণবাচক নাম। Whose aid is asked; epithet of God.

مستعجل (মোস্তা-জাল্/ mosta'jal) যে বিষয়ে তাড়াহুড়া করা হয়েছে। Hurried.

مستعجل (মোস্তা-জেল্/ mosta'jel) তাড়াহুড়াকারী; যে তাড়াতাড়ি চায়; অপসৃয়মান। Hasty; precipitate.

مستعد (মোস্তাএদ্[দ্]/ mostaed[d]) কার্যোপযোগী; উপযুক্ত; প্রতিভাবান; প্রস্তুত। Fit; talented; apt. Disposed; ready.

مستعرب (মোস্তা-রেব্/ mosta'reb) আরবদের কৃষ্টিতে মিশে যাওয়া অনারব; আরবদের অনুসরণ বা অনুকরণকারী অনারব। One who adopts Arabian customs.

مستعصم (মোস্তা-সেম্/ mosta'sem) দৃঢ়ভাবে ধারণকারী; আশ্রয় গ্রহণকারী। Holding fast.

مستعفى (মোস্তা-ফী/ mosta'fi) ইস্তাফাদানকারী। Resigned or resigning.

مستمرّ (মোস্তা-মার[র]/mosta'mar[r]) যে জায়গাকে আবাদ করতে চাওয়া হয়েছে; উপনিবেশ। Colonized. Colony.

مستعمر (মোস্তা-মের্/ mosta'mer) উপনিবেশবাদী। Colonialist.

مستعمرات (মোস্তা-মারা'ত্/ mosta'marăt) [مستعمره এর ব.ব./ pl. of مستعمره].

مستعمراتى (মোস্তা-মারা'তী/ mosta'marăti) ঔপনিবেশিক। Colonial.

مستعمره (মোস্তা-মারে/ mosta'mare) [ব.ব./pl.مستعمرات] উপনিবেশ। Colony.

مستعمل (মোস্তা-মাল্/ mosta'mal) ব্যবহার করা হয়েছে এমন; প্রচলিত; পুরাতন; চলতি। Used; second hand. Current; in common use.

مستغاث(মোস্তাগ্বা'স্/mostağăs) যাঁর

নিকট সাহায্য চাওয়া হয়; আল্লাহ্‌র গুণবাচক নাম। Implored to for help. epithet of God.

مستغرب (মোস্তাগ্বরাব্/ mostağrab) যাকে অচেনা/ বহিরাগত গণ্য করা হয়েছে; যা বিস্ময়কর বলে গণ্য করা হয়েছে। Treated as unknown or stranger.

مستغرب (মোস্তাগ্বরেব্/ mostağreb) পাশ্চাত্যপন্থী। Occidentalist.

مستغرق (মোস্তাগ্বরাগ্ব/ mostağrağ) পানিতে নিমজ্জিত; কোন কাজে ডুবে গেছে এমন। Drowned. Absorbed; overwhelmed.

مستغفر (মোস্তাগ্বফের্/ mostağfer) ক্ষমা প্রার্থনাকারী। (One) who asks forgiveness.

مستغل (মোস্তাগ্বাল্ল্/ mostağall) [স্ত্রী./ Fem. مستغله এর ব.ব. مستغلات] চাষাবাদের জমি; বাড়ী; সরাইখানা; ভাড়ার দোকান। Real estate; landed property.

مستغلات (মোস্তাগ্বাল্লা'ত্/ mostağallăt) [مستغله এর ব.ব./pl. of مستغله] স্থাবর সম্পত্তি। Real estates. مالیات م. ভাড়ার ওপর কর। Rental tax.

مستغنی(মোস্তাগ্বনী/mostağni)অভাবমুক্ত; ধনী; সম্পদশালী; অমুখাপেক্ষী। Able to do without; wealthy.

مستغيث (মোস্তাগ্বীস্/ mostağis) সাহায্য প্রার্থনাকারী (আল্লাহ্‌র নিকট) বিচারপ্রার্থী। One who seeks help.

مستفاد(মোস্তাফা'দ্/mostafăd) যা থেকে উপকৃত হওয়া গেছে; যা ব্যবহৃত হয়েছে; যার তাৎপর্য গৃহীত বা অনুভূত হয়েছে। Understood; gathered.

مستفسر (মোস্তাফ্‌সের্/ mostafser) ব্যাখ্যাপ্রার্থী। Inquirer.

مستفيد (মোস্তাফীদ্/ mostafid) যে ব্যক্তি কোন কিছুর দ্বারা লাভবান হয়েছে। (One) who profits from something.

مستفيض (মোস্তাফীয্/ mostafiz) ফয়েযপ্রার্থী; ফয়েয গ্রহণকারী; লাভবান; আনন্দিত। Benefited. Delighted.

مستقبل (মোস্তাগ্ববাল্/mostağbal)= آینده

مستقبل (মোস্তাগ্ববেল্/ mostağbel) যে কাউকে বরণ করে বা অভ্যর্থনা জানায়। (One) who goes out to meet some one.

مستقر (মোস্তাগ্বার[র্]/ mostağar[r]) মোতায়েন; দৃঢ়ভাবে স্থাপিত; প্রতিষ্ঠিত। Setteled; firmly fixed; established.

مستقل (মোস্তাগ্বেল্ল্/ mostağell) স্বাধীন; স্বতন্ত্র। Independent.

مستقلاً (মোস্তাগ্বেল্লান্/ mostağellan) (অন্যদের থেকে) স্বাধীনভাবে; স্বতন্ত্রভাবে। Independently (of others). Separately.

مستقيم (মোস্তাগ্বীম্/ mostağim) সুদৃঢ়; মজবুত; সরল; সোজা। Direct. Straight.

مستقيماً(মোস্তাগ্বীমান্/ mostağiman) সরাসরি; সোজাসুজি। Direct. Directly.

مستکبر(মোস্তাক্‌বের্/ mostakber) [ব.ব./pl. مستکبرین] অহঙ্কারী; উদ্ধত; দাম্ভিক। Arrogant.

مستلزم بودن (মোস্তাল্‌যেম বূদান্/ mostalzem-budăn) অপরিহার্য হওয়া। To necessitate or require.

مستمرّ (মোস্তামার্[র]/mostamar[r]) অব্যাহত। Continued.

مستمرّ (মোস্তামের[র্]/ mostamer[r])= دائمی

مستمراً (মোস্তামের্‌রান্/ mostamerran) স্থায়ীভাবে; অব্যাহতভাবে। Continually.

مستمری (মোস্তামের্‌রী/ mostamerri) অবসর ভাতা। (Life) pension.

مستمسک (মোস্তাম্‌সাক্/ mostamsak) আঁকড়ে ধরার বিষয়/ বস্তু; অবলম্বন; উপায়; ভিত্তি। Pretext. Ground.

مستمع (মোস্তামে-/ mostame') [ব.ব./pl. مستمعین] শ্রবণকারী; শ্রোতা। Hearer; listener.

مستملکات (মোস্তামালাকা'ত্ mostamalakăt) স্থাবর সম্পদসমূহ; উপনিবেশসমূহ। Possessions. Colonies. [مستملک এর স্ত্রী. مستملکه এর ব.ব./pl. of مستملکه fem. of مستملک]

مستمند (মোস্তামান্দ্/ mostamand)= بیچاره নিঃস্ব; দরিদ্র। Afflicted. Needy.

مستنبط (মোস্তান্‌বাত্/ mostanbat) যা বহির্গত করা হয়েছে; প্রমাণিত; পর্যবেক্ষণ করা হয়েছে এমন। Taken out. Observed. Proved.

مستند (মোস্তানাদ্/mostanad) প্রামানিক; দালিলিক; যে সম্পর্কে দলিল- প্রমাণ উপস্থাপিত হয়েছে। Based; supported. ... مستند بر ...এর ওপর ভিত্তিশীল/... এর দ্বারা প্রমাণিত। Based on ... /supported by ... .

مستنسخ (মোস্তান্‌সেখ্/ mostansex) যে ব্যক্তি কোন বই বা লেখা কপি করে। Transcriber; copyist.

مستنصر (মোস্তান্‌সের্/ mostanser) সাহায্যপ্রার্থী। (One) who seeks help.

مستنطق (মোস্তান্‌তেগ্ব/ mostanteğ)= بازپرس

مستنکف (মোস্তান্‌কেফ্/ mostankef) অস্বীকৃতি জ্ঞাপনকারী; প্রত্যাখ্যানকারী। Refuser.

مستوجب (মোস্তাওজেব্/ mostawjeb)= سزاور উপযুক্ত/ যথাযথ/যোগ্য হওয়া। Deserving.

مستور (মাস্তূর্/mastur)= پوشیده [স্ত্রী./ Fem. مستوره] আবৃত; গোপন; ঢাকা; পর্দা পরিহিতা (নারী); অবৈধ যৌনতা থেকে পূত:চরিত্র। Covered Veiled; chaste.

مستوری (মাস্তূরী/ masturi) আবৃত থাকা; গুপ্তাবস্থা। Being veiled. Concealment.

مستوفی(মোস্তাওফী/mostawfi) সরকারী (করের) হিসেব রক্ষক। State accountant.

مستولی(মোস্তাওলী/ mostawli) (কোন

কিছুর ওপর) পূর্ণ নিয়ন্ত্রণ/ আধিপত্য প্রতিষ্ঠাকারী। Predominant. Seizing.

مستوی (মোস্তাভী/ mostavi) ১/1) সমতল। Plane. ২/2)= برابر ৩/3)= راست

مستهجن (মোস্তাহ্জান্/ mostahjan) অশিষ্ট; অশিষ্টভাষী। Obscene; immodest.

مستهلک (মোস্তাহ্লাক্/ mostahlak) যে ধ্বংস হয়েছে/ নিপাত গিয়েছে/ নিশ্চিহ্ন হয়েছে। Amortized. Absorbed.

مستی (মাস্তী/ masti) মাতাল অবস্থা; নেশাগ্রস্ততা। Drunkenness. Intoxication.

مسجد (মাস্জেদ্/ masjed) [ব.ব./pl. مساجد] মসজিদ। Mosque.

مسجع (মোসাজ্জা-/ mosajja') ছন্দময়/ ঝঙ্কারময় (গদ্য)। Rimed (prose).

مسجل(মোসাজ্জাল্/mosajjal) রেজিস্ট্রিকৃত দলিলপত্রাদি; নিশ্চিত; প্রমাণিত। Confirmed. Registered.

مسح (মাস্হ্/mash) হাত বুলানো; মোছা। Anointing. م. کشیدن (ওজুতে) মাসেহ্ করা; ভেজা হাত দ্বারা মাথা ও পায়ের অঙ্গুলি মোছা। Touching and rubbing wet hands on head and toes in ablution.

مسحور (মাস্হূর্/ mashur) যাদুকৃত; যাদুগ্রস্ত; মোহগ্রস্ত। Fascinated.

مسحوق (মাস্হূগ্/ mashuğ) যা চেঁছে ফেলা হয়েছে; চূর্ণিত। Pulverized.

مسخ (মাস্খ্/ masx) আকারের বা চরিত্রের পরিবর্তন; রূপান্তর; চেহারা বিকৃতকরণ। Metamorphosis.

مسخر (মোসাখ্খার্/ mosaxxar) বিজিত; পরাভূত; আওতাধীন। Conquered.

مسخرگی (মাস্খারেগী/ masxaregi) হাসিঠাট্টা; বিদ্রূপ। Buffoonary; mockery; drollery.

مسخره (মাস্খারে/ masxare) যাকে নিয়ে হাসিঠাট্টা করা হয়; ভাঁড়; বৈহাসিক। Buffoon; clown. Mockery.

مسخره آمیز (মা.-অ'মীয্/ m.-ămiz) হাস্যস্পদ; উদ্ভট; বিদ্রূপাত্মক; ইয়ার্কিসুলভ। Ridiculous.

مسخره بازی (মা.-বা'যী/ m.-băzi) উপহাস; মস্করা; উদ্ভট কার্যকলাপ; হাসি-ঠাট্টা করা। Buffoonery. Mockery business.

مس دار (মেস্ দা'র্/ mes-dăr) তাম্রযুক্ত; তাম্রবিশিষ্ট। Cupriferous.

مسدد (মোসাদ্দেদ/ mosadded) বাধাদানকারী; প্রতিহতকারী। Obstructing; stopping [স্ত্রী./ Fem. مسدده].

مسدس (মোসাদ্দাস্/ mosaddas) ১/1) ছয় (স্তম্ভ, অঙ্গ ইত্যাদি)-এর অধিকারী; ষড়ভুজ বা ষড়বাহু ক্ষেত্র। Composed of six parts. Hexagonal. ২/2) ছয় লাইনের কবিতা। Verses composed of six lines.

مسدود(মাসদূদ্/masdud) বন্ধ; বাধাপ্রাপ্ত। Closed; obstructed.

مسرت(মাসার্‌রাত্/masarrat)= خوشی আনন্দ; আহ্লাদ। Joy; pleasure.

مسرت آمیز(মো.-অ'মীয্/ m.-ămiz) আনন্দপূর্ণ; আনন্দদায়ক। Joyful.

مسرت بخش(মো.-বাখ্‌শ্‌/ m.-baxš)= مسرت آمیز

مسرف (মোস্‌রেফ/ mosref) অপচয়কারী; অপব্যয়ী। Lavish; prodigal.

مسرفانه (মোস্‌রেফা'নে/ mosrefăne) অপচয়কারীসুলভ; অপব্যয়সুলভ। Prodigally. Prodigal; extravagant.

مسرور (মাস্‌রূর/masrur) = خوشحال / شادمان

مسروق (মাস্‌রূগ্ব/ masruğ) [স্ত্রী./ Fem. مسروقه] চোরাই (মাল)। Stolen.

مسری (মোস্‌রী/ mosri) [স্ত্রী./ Fem. مسریه] সংক্রামক। Contagious.

مسطح (মোসাত্তাহ্‌/ mosattah) সমতল। Flat; level. Plain.

مسطر (মোসাত্তার্‌/mosattar)= سطرآرا

مسطور (মাস্‌তূর্‌/ mastur)= نوشته পূর্বোক্ত; লিখিত; উল্লিখিত। Written. Aforesaid; above-mentioned.

مسطوره (মাস্‌তূরে/ masture) = نمونه নমুনা। Sample. [مسطور এর স্ত্রী./fem. of مسطور].

مسعود (মাস্‌উদ্‌/ mas'ud) ভাগ্যবান; পুংবাচক নাম। Happy; prosperous. Mas. pr. name.

مسقط (মোস্‌গ্বেত্‌/ mosğet) [স্ত্রী./fem. مسقطه] যে বা যা পতন ঘটায়; গর্ভপাতকারী নারী। Causing to lapse.

مسقط الرأس (মাসগ্বাতোর্‌ রা-স্‌/ masğator-ra's) জন্মস্থান। Birth place.

مسقف(মোসাগ্ব্‌গ্বাফ্‌/mosağğaf) ছাদবিশিষ্ট। Roofed.

مسک (মাস্‌ক্‌/mask) নিয়ন্ত্রণ; সংযম। Restraining. مسک نفس আত্মসংযম; আত্মনিয়ন্ত্রণ। Self-restraint; self-control.

مسک (মেস্‌ক্‌/mesk) = مشک

مسکت (মোস্‌কেত/mosket) নিবারণকারী; (ব্যথা) প্রশমনকারী; (গরম অবস্থাকে) শীতলকারী। Silencing; convincing.

مسکر (মোস্‌কের্‌/ mosker) নেশাকর (পানীয়)। Intoxicating (drink).

مسکرات (মোসকেরা'ত্‌/ moskerăt) নেশাকর পানীয়সমূহ। Intoxicating drinks. [مسکر এর ব.ব./ pl. of مسکر].

مسکن (মাস্‌কান্‌/ maskan) [ব.ব./ pl. مساکن] বাসস্থান। Dwelling; abode.

مسکّن (মোসাক্‌কেন/ mosakken) আরামদায়ক; প্রশমনকারী; বেদনানাশক। Calmative.

مسکنت (মাস্‌কানাত্‌/maskanat) = تهیدستی / فقر

مسکوت (মাসকূত্‌/ maskut) [مسکوت عنه ও বলা হয় Also مسکوت عنه] যাকে কথা বলা থেকে বিরত রাখা হয়েছে; যে কথা বলা হয়নি; অব্যক্ত। Left unsaid. Untold speech.

مسکوك(মাসকূক্‌/ maskuk) ধাতব মুদ্রায় পরিণত; ধাতব মুদ্রা। Coined. Coin [سکه]= [স্ত্রী./ Fem. مسکوکه].

مسکوکات(মাস্কূকা'ত্/ maskukăt) [مسکوکه এর ব.ব./pl. of مسکوکه] ধাতব মুদ্রাসমূহ। Coins.

مسکون (মাসকূন্/maskun) বাসযোগ্য; অভিবাসী। Habitable; inhabited.

مسکونی (মাসকূনী/ maskuni) বাসযোগ্য; আবাসিক। Residential.

مسکه (মাস্কে/maske) তাজা মাখন। Fresh butter.

مسکین (মেস্কীন্/ meskin) [ব.ব./pl. مساکین] নিঃস্ব; দরিদ্র। Indigent; poor.

مسگر (মেস্গার্/ mesgar) তাম্রশিল্পী। Coppersmith.

مسگرخانه (মে.-খা'নে/ m.-xăne) তাম্রশিল্পালয়। Copperworks.

مسگری (মেস্গারী/ mesgari) তাম্রশিল্প; তামার কাজ। Coppersmithing.

مسلح (মোসাল্লাহ্/ mosallah) সশস্ত্র। Armed. [স্ত্রী./ Fem. مسلحه].

مسلحانه (মোসাল্লাহা'নে/ mosallahăne) সশস্ত্রভাবে; সশস্ত্র। With arms or weapons; in arms. Armed.

مسلخ (মাস্লাখ্/ maslax) =کشتارگاه

مسلسل (মোসাল্সাল/ mosalsal) ধারাবাহিক; পরস্পর সংযুক্ত; একের পর এক; মেশিনগান। Chained or linked together. Consecutive. Fluent; flowing. Machinegun.

مسلط (মোসাল্লাত্/ mosallat) কর্তৃত্বশালী; নিয়ন্ত্রণ/আধিপত্য প্রতিষ্ঠাকারী। Predominant; over-ruling.
م. شدن আধিপত্য করা; কর্তৃত্ব করা। To rule over. To get mastery of.
م. کردن কর্তৃত্বশালী করা। To give predominance.

مسلک (মাস্লাক্/ maslak) [ব.ব./pl. مسالک] পদ্ধতি; তরিকা; চলার পথ। Principle. Course; policy. Method; way.

مسلم (মোসাল্লাম্/ mosallam) সুনিশ্চিত; তর্কাতীত। Certain; indisputable [স্ত্রী. مسلمه /Fem. مسلمه].

مسلم (মোস্লেম/ moslem) মুসলিম; মুসলমান। [স্ত্রী. مسلمه] পুংবাচক নাম। Muslim. [Fem. مسلمه] Mas. pr. name.

مسلماً (মোসাল্লামান্/ mosallaman) সুনিশ্চিতভাবে; সন্দেহাতীতভাবে। Certainly; undoubtedly.

مسلمان(মোসাল্মা'ন্/mosalmăn) [ব.ব./ pl. مسلمانان] মুসলমান। Musalman. Mohammedan.

مسلمانی (মোসাল্মা'নী/ mosalmăni) মুসলমানিত্ব; মুসলমানী জীবনযাত্রা। Mohammedanism. Muslim life.

مسلمین (মোস্লেমীন্/msslemin) [مسلم এর ব.ব./pl. of مسلم]

مسلوب (মাস্লূব্/maslub) হরণকৃত; বাতিল(কৃত); বঞ্চিত। Deprived; negated. Takn away.

مسلوب المنفعه (মাসলূবোল্ মানফাএ/ maslubol- manfa'e) অনুৎপাদনশীল; ব্যবহার-অযোগ্য। Non-productive. Unutilized.

مسلول(মাসলূল্/ maslul) [ব.ব./pl. مسلولین] যক্ষারোগী; কোষমুক্ত, যেমনঃ তরবারী। Tuberculous (person); consumptive.

مسمًا(মোসাম্মা'/mosammă) মাছ বা গোশতের সাথে বেগুন বা অন্য কোন তরকারি সহযোগে তৈরী খাদ্য। Dish of brinjal, marrow (or other vegetables), and meat.

مسمّط (মোসাম্মাত্/ mosammat) সূতা দিয়ে গাঁথা (মুক্তা ইত্যাদির) মালা; এক ধরনের চার স্তবকের কবিতা। Multiple poem.

مسمّن (মোসাম্মান্/mosamman)= فربه/ سمين

مسموع (মাস্মূ-/masmu') শ্রুত; গৃহীত; যুক্তিযুক্ত। Heard. Justifiable [স্ত্রী./ Fem. مسموعه].

مسموم (মাস্মূম্/masmum) বিষ প্রয়োগ করা হয়েছে এমন; বিষাক্ত। Poisoned.

مسموميّت (মাস্মূমীয়্যাত্/ masmumiyyat) বিষক্রিয়া; বিষ ক্রিয়ায় আক্রান্ত অবস্থা। Poisoning. Morbid condition due to poison.

مسمّى(মোসাম্মা'/mosammă) [به সহযোগে/with به] নামকৃত; নামে অভিহিত। Named; called.

مسنّ (মোসেন্ন/ mosenn) বয়োবৃদ্ধ; বয়স্ক। Advanced in years; aged.

مسند (মাস্নাদ্/ masnad) মসনদ; সিংহাসন; পদমর্যাদা। Seat. Throne. Dignity; positon.

مسند (মোস্নাদ্/mosnad) বিধেয়। Predicate.

مسند اليه(মো.-এলাইহ্/ mosnadon-elayh) (ব্যাকরণের ক্ষেত্রে) উদ্দেশ্য। Subject.

مسنّن(মোসান্নেন্/mosannen)= دندانساز

مسوار (মেস্ভা'র্/mesvăr) ১/1) তাম্রবৎ; তামা ও অন্য ধাতুর মিশ্রণে তৈরী সোনার মত উজ্জ্বল যৌগিক ধাতু (যেমন: ব্রোঞ্জ)। Resemembling copper. ২/2)= مسبار

مسواك (মেস্ভা'ক্/ mesvăk) মেসওয়াক; দাঁতের ব্রাশ। Tooth-brush.

مسوّده (মোসাভ্ভাদে/ mosavvade) মুসাবিদা; খসড়া; ড্রাফট কপি। Rough copy; draft.

مسودّه(মোস্ভাদ্দে/mosvadde)= مسوّده

مسهل (মোস্হেল্/moshel) পেট পরিষ্কারকারক (ওষুধ)। Purgative; physic.

مسى (মেসী/ mesi) তামার তৈরী; তাম্র সম্বন্ধীয়। Made of copper.

مسيح(মাসীহ্/masih) হযরত ঈসা (আঃ); যীশু। Hazrat Isa (A.S.) Messiah. Christ.

مسيحا (মাসীহা'/masihă) হযরত ঈসা (আঃ) যীশু। Hazrat Isa (A.S.) Christ.

مسيحى (মাসীহী/ masihi) খৃস্টান। Christian.

مسيحيت (মাসীহীয়্যাত্/ masihiyyat) খৃষ্ট ধর্ম। Christianity.

مسير (মাসীর্/ masir) চলার পথ; গতিপথ; আচরণ পদ্ধতি। Course; route; itinerary. Line; direction.

مسيل(মাসীল্/ masil) পানি প্রবাহের পথ; মওসুমী নদী যা শুকিয়ে আছে। Dry river.

مسین(মেসীন্/mesin) তামার তৈরী; তাম্র সংক্রান্ত। Made of copper.

مش (মাশ্/ maš) [مشهدی এর সংক্ষেপ/ Contraction of مشهدی] মাশহাদবাসী; মাশহাদী। Inhabitant of Mashad. Related to Mashad. مش رحمان মাশহাদী রহমান। Rahman of Mashad.

مشاء (মাশ্‌শা'-/ maššā') [ব.ব./pl. مشائین] যে বেশী পথ চলে; পদাতিক; 'হিকমাতে মাশশা' নামক দার্শনিক ধারার অনুসারী। Peripatetic; walker. Follower of the philosophical school of though 'thikmat-e-mashsha'.

مشابه (মোশা'বেহ্/ mošābeh)= همانند/ مانند অনুরূপ; সদৃশ; মত; ন্যায়। Similar; analogous; resembling.

مشابهت (মোশা'বেহাত্/ mošābehat)= شباهت

مشاجره (মোশা'জেরে/ mošājere) [ব.ব./pl. مشاجرات] ঝগড়া; বিরোধ। Dispute; quarrel.

مشار (মোশা'র্/ mošār) ইশারাকৃত; উল্লেখকৃত; যা ইঙ্গিত করা হয়েছে। Indicated; pointed to. Advised to.

مشار الیه (মোশা'রোন্ এলাইহে/ mošāron-elayh) [স্ত্রী./fem مشارالیها] = او সে; তিনি; (মৃ. অ.) যাকে ইঙ্গিত করা হয়েছে। He. OS. (Man) referred to.

مشارق (মাশা'রেগ্ব/ mašāreǧ) [مشرق এর ব.ব./pl. of مشرق].

مشارکت(মোশা'রেকাত্/ mošarekat) অংশীদারিত্ব। Partnership.

مشارکه (মোশা'রেকে/ mošāreke)= مشارکت

مشاطه (মাশশা'তে/ maššāte) কনে সাজানো যে মহিলার পেশা। Bride dresser; tire-woman.

مشاع (মোশা'-/mošā') অবিভক্ত যৌথ মালিকানাধীন জমি বা সম্পদ। Held in undivided shares; held in common.

مشاعاً (মোশা'আন্/ mošāan) যৌথভাবে; সাধারণভাবে। Jointly; in common.

مشاعر (মাশা'এর্/ mašā'er) [مشعر এর ব.ব./ pl. of مشعر].

مشاعره (মোশা'এরে/ mošāere) স্বরচিত কবিতা পাঠের প্রতিযোগিতা; মুশায়েরা। Capping verses; poetical contest.

مشاعل (মাশা'এল্/ maša'el) [مشعله এর ব.ব./ pl. of مشعله].

مشافهه (মোশা'ফেহে/mošāfehe) মুখোমুখি; সামনাসামনি কথোপকথন। Mouth to mouth conversation.

مشاق (মাশ্‌শা'গ্ব/ maššāǧ) যন্ত্রসঙ্গীত বা ক্যালিগ্রাফির প্রশিক্ষক। Instructor or teacher (of music or writing).

مشام (মাশা'ম্[ম্]/ mašām[m]) ঘ্রাণেন্দ্রিয়; ঘ্রাণশক্তি। (Organ) of smelling. (Sense of) smell.

مشاور(মোশা'ভের্/mošāver) উপদেষ্টা। Advisor; counsellor. Consulting. وزیر مشاور প্রতিমন্ত্রী। Minister without portfolio.

مشاوره(মোশা'ভেরে/ mošāvere) পারস্পরিক পরামর্শ; পরামর্শ দান। Consulting together; deliberations.

مشاهد (মোশা'হেদ্/mošāhed) [ব.ব./pl. مشاهدین] দর্শনকারী; পর্যবেক্ষক। Observer; watcher.

مشاهده(মোশা'হেদে/mošāhede) [ব.ব./ pl. مشاهدات] (বহির্চক্ষু বা অন্তর্চক্ষু দ্বারা) পর্যবেক্ষণ। Observation.

مشاهیر (মাশা'হীর্/ mašāhir) [مشهور এর ব.ব./ pl. of مشهور].

مشایخ (মাশা'য়েখ্/ mašāyex) [شیخ এর ব.ব./ pl. of شیخ].

مشایعت (মোশা'য়েআত্/ mošāyeat) কারো অনুগমন করা; কাউকে বিদায় দেওয়া। Seeing a person home. See off (to person).

مشبک (মোশাব্বাক্/ mošabbak) বহু সমভাগ যুক্ত (যেমন: জানালার গ্রিল); বহু ছিদ্রযুক্ত; জালের ন্যায় বানানো। Netted; reticular. Latticed.

مشبه (মোশাব্বাহ্/ mošabbah) অনুরূপ; তুলনীয়। Likened; compared. The thing likened.

مشبه به (মোশাব্বাহোন্ বেহ্/ mošabbahon-beh) যার সাথে তুলনা করা হয়। [In a simile] That unto which a thing is likened.

مشت (মোশ্ত্/ mošt) মুষ্টি; ঘুষি; অল্প (নগণ্য) সংখ্যক; মুষ্টিমেয়। Fist. Blow with the fist. Handful; a handful.

مشتاق (মোশ্তা'খ্/moštāğ) ১/1) আগ্রহী; পছন্দকারী। Eager; anxious. ২/2) প্রেমিক আসক্ত। Loving; amorous.

مشتاقانه (মোশ্তা'খা'নে/ moštāğāne) আগ্রহের সাথে; সাগ্রহে। Eagerly.

مشت باز (মোশ্ত্ বা'য্/ mošt-bāz) মুষ্টিযোদ্ধা। Boxer. [দ্র./S.u. مشت زن]

مشتبه(মোশ্তাবাহ্/moštabah) সন্দেহপূর্ণ; যে ভুলের মধ্যে আছে। Dubious; confused; abscure. Confusing.

مشت پرکن (মোশ্ত্ পোর্ কোন্/ mošt-por-kon) মুঠিপূর্ণকারী; স্বল্প মূল্যের জিনিস অথচ অনেক জায়গা জুড়ে থাকে। মূ. অ. যা কারো হাতের মুঠো পূর্ণ করে। Tangible. Requiring lot of room but of little value. O.S. That can fill one's hand.

مشترک (মোশ্তারাক/ moštarak) যৌথ; অভিন্ন। Common. Joint.

مشترک(মোশ্তারেক/mostarek) [ব.ব./ pl. مشترکین] পত্রিকার গ্রাহক; অংশীদার। Subscriber. Participator.

مشترکاً (মোশ্তারেকান্/ mostarekan) যৌথভাবে; একত্রে। Jointly. In common. In partnership.

مشترک المقیاس(মোশ্তারেকোল্ মেখ্ইয়া'স্/moštarekol-meğyās) অভিন্ন মাপের। Commensurable.

مشترک المنافع(মোশ্তারেকোল্ মানা'ফে-/ moštarekol-manāfe') অভিন্ন স্বার্থের অধিকারী। Having common interest. کشورهای م. কমনওয়েল্থ্ভুক্ত দেশসমূহ। Commonwealth.

مشت رنده(মোশ্ত্ রান্দে/ mošt-rande)

কাঠ সমান ও মসৃণ করার রাঁদা। Hand-plane.

مشتری (মোশ্‌তারী/moštări) ক্রেতা; বুধ গ্রহ। Customer. Jupitar..

مشت زن (মোশ্‌ত্‌ যান্‌/mošt-zan) মুষ্টিযোদ্ধা। Boxer.

مشت زنی (মো.-যানী/m.-zani) মুষ্টিযুদ্ধ। Pugilism; boxing.

مشتعل (মোশ্‌তাএল্‌/ mošta'el) শিখাময়; প্রজ্বলিত; উত্তেজিত। Aflame; in flames; ablaze. Inflamed; excited.

مشتغل (মোশ্‌তাগ্বেল্‌/ moštağel)= مشغول

مشتق (মোশ্‌তাগ্ব/ moštağ) [স্ত্রী/ Fem. مشتقه] যা অন্য কিছু থেকে পৃথক করা হয়েছে/ নিষ্পন্ন হয়েছে; অন্য শব্দ থেকে নিষ্পন্ন শব্দ। Derived. Derivative. Differencial coefficient.

مشتقات (মোশ্‌তাগ্বগ্বা'ত্‌/ moštağğăt) [مشتقه এর ব.ব./pl. of مشتقه] (অন্য কিছু থেকে) নিষ্পন্ন বিষয়/বস্তু/শব্দসমূহ। Derivatives. Derivations.

مشتق گیری (মোশ্‌তাগ্ব গীরী/ moštağ-giri) পৃথকীকরণ। Differenciation.

مشتلق(মোশ্‌তোলোগ্ব/moštoloğ) হারানো জিনিসের প্রাপ্তি সংবাদদানকারীকে দেয়া পুরস্কার। Reward to one who gives tidings that a lost object has been found.

مشت مال (মোশ্‌ত্‌ মা'ল্‌/ mošt-măl) হাত দিয়ে কারো হাত বা কোন কিছু ঘষা; গোসলখানায় বা হাম্মামে মুষ্ঠিবদ্ধ হাত দ্বারা কারো গা মালিশ করা; গা মালিশ (ম্যাসেজ) করা; কানমলা; শাস্তি। Massage; kneading.

مشتمل (মোশ্‌তামাল্‌/ moštamal) [بر সহযোগে/with بر] শামিলকারী; ধারণকারী। Consisting of; containing.

مشتوك (মোশ্‌তূক্‌/ moštuk) যে নল বা পাইপের মাথায় সিগারেট লাগিয়ে ধূমপান করা হয়। Hollow stem of a cigarette.

مشت و مال(মোশ্‌ত্‌-ও-মা'ল্‌/ mošt-o-măl)= مشتمال

مشته (মোশ্‌তে/mošte) কাঠের ছোট হাতুড়ি; মুচির মুগুর। Muller. Wooden instrument with which cotton beater strikes his bow. Shoemaker's mallet.

مشتهی (মোশ্‌তাহা'/ moštahă) আগ্রহের ও কামনার বস্তু (খাদ্য, পানীয় ইত্যাদি)। Desired; aspired.

مشتهی(মোশ্‌তাহী/moštahi) কোন কিছুর প্রতি আগ্রহী; শাহাওয়াত (কামনা-বাসনা)-এর অধিকারী; ক্ষুধার্ত; খাদ্যপ্রার্থী। Interested to. Having desire. Tempt.

مشتهیات (মোশ্‌তাহীয়্যা'ত্‌/ moštahiyyăt) আগ্রহ ও কামনার বস্তুসমূহ (যেমন: খাদ্য, পানীয়, পোশাক; বাড়ীঘর প্রভৃতি); আকর্ষণের ও লোভনীয় বস্তুসমূহ। Desires. Appetites. Temptations.

مشتی(মোশ্‌তী/mošti) (এক) মুষ্ঠি পরিমাণ; মুষ্টিযুদ্ধ সংক্রান্ত। Fistic; pugilistic.

مشجر (মোশাজ্জার্/mošajjar) বৃক্ষরোপিত; বৃক্ষশোভিত; যা দেখতে বৃক্ষের ন্যায়। Planted with trees. Figured with trees and leaves.

مشهون (মাশ্হূন্/ mašhun)=پر/مملو

مشخص (মোশাখ্খাস্/ mošaxxas) বিশিষ্ট; নির্দিষ্টকৃত; চিহ্নিত। Distinguished; marked. Specified. [স্ত্রী./ Fem. مشخصه].

مشخص (মোশাখ্খেস্/ mošaxxes) যে নির্দিষ্ট বা বিশেষভাবে চিহ্নিত করে; রোগ নির্ণয়কারী। (One) who distinguishes or specifies. Diognostic.

مشخصات(মোশাখ্খাসা'ত্/ mošaxxasăt) বৈশিষ্ট্যসমূহ; পরিচিতিমূলক তথ্যাদি। Specification; particulars. [مشخصه এর ব.ব./ pl. of مشخصه].

مشدد (মোশাদ্দাদ্/ mošaddad) চরমে উপনীত; মজবুত; সুদৃঢ়কৃত; সত্য বলে প্রমাণিত; তাশ্দীদযুক্ত হরফ। Aggravated. Corroborated. Marked with the sign of تشديد .

مشدد (মোশাদ্দেদ/ mošadded) যে বা যা (কোন কিছুকে) চরমে উপনীত করে, সুদৃঢ়কারী; সত্য বলে প্রমাণকারী। Aggravating. Intensifying.

مشرب(মাশরাব্/mašrab) স্বভাব; মেজাজ; প্রবণতা। Natural disposition.

مشرف (মোশাররাফ্/ mošarraf) সম্মানপ্রাপ্ত/ ধন্য [কোন ধর্মীয় পবিত্র স্থান জিয়ারত করে বা কোন মহান ব্যক্তির সাথে সাক্ষাত লাভের মাধ্যমে]। Honoured [because of having visited a person or a holy place]. م. فرموديد আপনার সাক্ষাত দিয়ে আপনি আমাদের ধন্য করেছেন (সৌজন্যমূলক উক্তি)। It was nice having you; you have honoureees by your visit.

مشرف (মোশ্‌রেফ্/ mošref) উঁচুতে অবস্থানকারী; তত্ত্বাবধায়ক; উপরিস্থ। Imminent. Overlooking.

مشرق (মাশ্‌রেগ্ব/ mašreğ) [ব.ব./ pl. مشارق]= خاور পূর্ব; প্রাচ্য; সূর্যোদয়ের স্থান। East.

مشرق زمين (মা.-যামীন্/ m.-zamin) প্রাচ্যদেশ। The Orient.

مشرقين (মাশরেগ্বেইন্/ mašreğeyn) পূর্ব-পশ্চিম। East and West.

مشرك (মোশ্‌রেক্/ mošrek) [ব.ব./ pl. مشركين] মোশরেক (দুই বা বহু ঈশ্বরে বিশ্বাসী)। Polytheist or dualist.

مشروب (মাশ্‌রূব্/ mašrub) [ব.ব. مشروبات যা মূলত مشروب এর স্ত্রী. مشروبه এর ব.ব./pl. مشروبات original pl. of مشروبه fem. of مشروب] ১/1) মদ; পানীয়; ২/2) পানযোগ্য। Alcoholic liquor or drink. Drinkable.

مشروبات (মাশরূবা'ত্/ mašrubăt) [مشروبهএর ব.ব./ pl. of مشروبه] পানীয়সমূহ। Drinks.

مشروب فروش(মাশরুব্ ফোরূশ্/ mašrub-foruš) মদ বিক্রেতা। Seller of alcoholic liquor.

مشروب فروشی(মা.-ফোরূশী/ m.-foruši) মদের দোকান; পানশালা। Liquor store. Saloon. Bar.

مشروح (মাশরূহ্/mašruh) বিশদ/বিস্তৃত বিবরণ; বিস্তারিত। Detailed; comprehensive. Amplified. [স্ত্রী./Fem. مشروحه].

مشروحان (মাশ্রূহান্/ mašruhan) বিস্তারিতভাবে। In details.

مشروط (মাশ্রূত্/ mašrut) শর্তযুক্ত; শর্তাধীন। Conditioned. Conditional. [স্ত্রী./Fem. مشروطه].

مشروطه(মাশরূতে/mašrute) সাংবিধানিক; সংবিধান। Constitutional; government; constitution.

مشروطیت(মাশ্রূতিয়্যাত্/mašrutiyyat) সাংবিধানিকতা; নিয়মতান্ত্রিকতা। Constitutionality. اصول مشروطیت সাংবিধানিক রীতিনীতি। Constitutionalism.

مشروع (মাশ্রূ-/ mašru') বৈধ; শরিয়তসম্মত; আইনসিদ্ধ। Lawful; legitimate. [স্ত্রী./ Fem. مشروعه]. غیر م. অবৈধ; শরিয়ত বিরোধী। Unlawful; illegitimate.

مشط پا (মোশতে পা'/ mošte-pă) পায়ের গোড়ালি থেকে আঙ্গুল পর্যন্ত অংশ। Metatarsus.

مشط دست (মো.-দাস্ত/ m.-dast) হাতের কব্জি থেকে আঙ্গুল পর্যন্ত অংশ। Metacarpus.

مشعر(মাশ্আর্/maš'ar) [ব.ব./pl. مشاعر] অভ্যন্তরীণ ও বাহ্যিক জ্ঞানেন্দ্রিয়; পর্যবেক্ষণ শক্তি; হাজীদের নির্দিষ্ট ইবাদতের স্থানসমূহ; কোরবানীর জায়গা; ছায়াবান বৃক্ষ; ইবাদতগাহ। External or internal sense. Wit. Intelligene.

مشعر (মোশএর্/ moš'er) নির্দেশক; যে জানায়। Indicating; stating.

مشعشع (মোশা-শা-/moša'ša') বিক্ষিপ্ত ছায়া; অতি উজ্জ্বল; দীপ্তিময়। Brilliant.

مشعل (মাশ্আল্/maš'al) প্রজ্বলিত; শিখাময়; মশাল; রাজা-বাদশাহদের প্রাসাদে ব্যবহৃত দীর্ঘ ধাতব হাতলযুক্ত বাতি। Torch.

مشعل دار (মা.-দা'র্/m.-dar) মশালধারী; রাজপ্রাসাদে মশাল হাতে দাঁড়িয়ে থাকা বা মশাল বহনের কাজে নিয়োজিত খাদেম/বালক; অগ্রদূত। Torch-bearer; link-boy. Pioneer.

مشعوف (মাশ্উফ্/ maš'uf) আনন্দিত; খুশী; উদ্বেলিত। Delighted; pleased. [তুল./ Cf. خوشنود]

مشغله (মাশ্গালে/ mašğale) [ব.ব./pl. مشاغل] কাজ; পেশা; ব্যস্ততা। Occupation; work. [তুল./Cf. شغل]

مشغول (মাশ্গূল/ mašğul) ব্যস্ত; কর্মে নিয়োজিত; দখলকৃত জায়গা। Busy; occupied.

مشغول الذمه(মাশগূলোয্ যেম্মে/ mašğuloz zemme) দায়িত্বের কারণে ব্যস্ততা; ঋণী দায়বদ্ধ। Under obligation; indebted.

مشغولی(মাশ্গূলী/ mašğuli) ব্যস্ততা; মশগুল অবস্থা। Business; occupying condition.

مشغولیت (মাশগূলীয়্যাত্/mašğuliyyat) কর্মে নিযুক্ত অবস্থা; কর্মব্যস্ততা। Employment.

مشفق (মোশফেগ্ব/ mošfeğ) দয়াশীল; অনুগ্রহকারী। Kind; tender.

مشق(মাশ্গ্ব/mašğ) মশ্ক্; অনুশীলন; চর্চা; কোন কাজে দক্ষতা অর্জনের জন্য পুনঃ পুনঃকরা (বিশেষত খেলা, ক্যালিগ্রাফি, যন্ত্রসঙ্গীত ও সঙ্গীত)। Exercise; drill; training.

مشقت (মাশাগ্বগ্বাত্/ mašağğat) [ব.ব./ pl. مشقات]= سختی

مشقی (মাশ্গ্বী/mašği) অনুশীলন সংক্রান্ত; যা শুধু খেলাধূলা বা চর্চার জন্য (প্রকৃত নয়)। Designed for sporting or exercise.

مشک (মাশ্ক্/ mašk) মশক (পুরো একটি দুম্বার চামড়া যা আস্ত খুলে তার মধ্যে পানি বহন করা বা রাখা হয়)। Large leather bottle; water- skin.

مشک (মোশ্ক্[মেশ্ক্]/mošk[mešk]) মেশ্ক; মৃগনাভি কস্তুরী। Musk.

مشکات (মেশ্কা'ত্/ meškăt)= مشكوة/ مشكاة দীপাধার (বাতি রাখার জন্য কাঠের বা ধাতব উপকরণ অথবা তাক)। (Niche for a) lamp.

مشکبار (মোশ্ক্ বা'র্/ mošk-băr) মেশক্ বর্ষণকারী; সুগন্ধ বিস্তারকারী। Spreading (or diffusing) musk.

مشکبو(মো.-বূ/m.-bu) মেশ্কের ঘ্রাণযুক্ত। Musk-scented.

مشک فشان (মো.-ফাশা'ন্/ m.-fašăn) মেশকের সুগন্ধি ছড়ায় এমন। Musk-scented. Diffusing musk.

مشکل (মোশ্কেল/ moškel)= سخت কঠিন; দুরূহ; সমস্যাপূর্ণ। Difficult; hard. [স্ত্রী./ Fem. مشکله].

مشکلات (মোশ্কেলা'ত্/ moškelăt) [مشکله এর ব.ব./ pl. of مشکله] সমস্যাবলী; জটিলতাসমূহ। Problems. Difficulties.

مشکل پسند (মোশ্কেল্ পাসান্দ্/ moškel-pasand) যে সহজে কোন জিনিস পছন্দ করে না; খুঁতখুঁতে। Hard to please; fastidious.

مشکل گشا(ی) (মো.-গোশা[য়]/ m.-goša[y]) সমস্যা সমাধানকারী; সংকট মোচনকারী। Resolver of difficulties.

مشکل گشائی(মো.-গোশা'য়ী/ m.-gošăyi) সংকট মোচন; সমস্যার সমাধান। Resolving of difficulties.

مشکو(ی) (মাশ্কূ[য়]/ mašku[y])= کوشک/حرم سرا রাজা-বাদশাদের হেরেম; বালাখানা; ভিলা। Harem of kings & emperors. Women's apartment. Villa.

مشکوك (মাশ্কূক্/ maškuk) সন্দেহপূর্ণ; সন্দেহযুক্ত; দ্বিধান্বিত। Doubtful. Uncertain.

مشكوة(মেশ্কা'ত্/meškăt)= مشکات

مشکی(মেশ্‌কী[মোশ্‌কী]/ meški[moški]) কালো রঙের; মেশ্‌ক্‌যুক্ত; মেশক্ রঙের। Black. Musk-coloured.

مشکیجه (মাশ্‌কীজে/ maškije) [. گل م বোঝাতে/For. .گل م] মেশক্ গোলাপ। musk-rose.

مشکین (মেশ্‌কীন্[মোশ্‌কীন্]/ meškin[moškin]) মেশকের ঘ্রাণযুক্ত; মেশ্‌ক্ রঙের; ঘন কালো। Musk-scented. Musk-coloured; jet-black.

مشمئز(মোশ্‌মাএয্/mošma'ez) ঘৃণাকারী; অসন্তুষ্ট; ভীত। Shrunk. Horrified.

مشمش (মেশ্‌মেশ্/mešmeš) সাদা মসলিন। White book muslin.

مشمشه (মেশমেশে/ mešmeše) ঘোড়া ও গাধার গলা ফোলা ও নাক দিয়ে রক্ত পড়া রোগ। Glanders.

مشمشه ای (মেশমেশেঈ/ mešmeše'i)= **مشمشه** সম্পর্কিত। Glanderous.

مشمع (মোশাম্মা-/mošamma') অয়েল-ক্লথ; ফ্লোর কভার; অয়েল ক্লথের বিকল্প পাতলা প্লাস্টিক বা পলিথিনের শীট; মেঝে ঢাকার তেলতেলে আস্তরণ বিশেষ। Oil- cloth; floor-cover; linoleum. Plaster.

مشمول (মাশ্‌মূল/ mašmul) [ব.ব./ pl. مشمولین] শামিল; অন্তর্ভুক্ত; আওতাধীন। Included; covered.

مشمولیت(মাশ্‌মূলীয়্যাত্/mašmuliyyat) দায়িত্ব (সামরিক বাহিনীতে বাধ্যতামূলক অংশ গ্রহণ ইত্যাদি)। Liability to (military service, etc).

مشمولین(মাশমূলীন্/mašmulin) [مشمول এর ব.ব./pl. of مشمول] (সামরিক সেবা, কর প্রদান ইত্যাদির) দায়িত্ব যাদের জন্য অপরিহার্য হয়েছে। Liable persons (for military service or paying tax).

مشوب (মাশূব্/ mašub) দূষিত; মূ. অ. (কোনরূপ) খাদমিশ্রিত। Tainted. OS. Mixed (with an alloy).

مشورت (মাশ্‌ভারাত্/mašvarat) পরামর্শ; সলা-পরামর্শ। Consultation; deliberation.

مشوش (মোশাভ্‌ভাশ/mošavvaš) পেরেশান; বিড়ম্বিত; মানসিক যন্ত্রণাগ্রস্ত। Disturbed; agitated...

مشوق (মোশাভ্‌ভেগ্ব/mošavveğ) উৎসাহদানকারী; অনুপ্রেরণাদাতা। Encourager. Patron.

مشهد(মাশ্‌হাদ্/mašhad) শহীদের দাফনস্থল; ইরানের খোরাসানের কেন্দ্রীয় শহর: মাশহাদ। Place where a martyr has been burried. A city in Khorason: Mashhad.

مشهدی (মাশ্‌হাদী/ mašhadi)= مشدی মাশহাদবাসী; মাশহাদে (হযরত ইমাম রেযা (আঃ)-এর মাজার) জিয়ারতকারী ব্যক্তির উপাধি। People of Mashad. (One) who has visited the shrine of Imam Reza (A.S.) at Mashhad.

مشهود(মাশ্‌হূদ্/mašhud) দৃষ্ট; যে সম্বন্ধে সাক্ষ্য দেওয়া হয়েছে; সুস্পষ্ট।

Obvious; clear. Witnessed. [ব.ব./ Fem. مشهوده].

مشهودات (মাশ্হূদা'ত্/ mašhudăt) [مشهوده এর ব.ব./ pl. of مشهوده] পর্যবেক্ষণসমূহ; পর্যবেক্ষণকৃত বিষয় বা বস্তুসমূহ। Observations. Things observed or experienced.

مشهور(মাশ্হূর্/ mašhur) মশহুর; বিখ্যাত; সুপরিচিত। Celebrated. Well-known.

مشهی (মোশাহ্হী/ mošahhi) আগ্রহ সৃষ্টিকারী; কামনা উদ্রেককারী; ক্ষুধা বৃদ্ধিকারী ওষুধ বা খাদ্য। Appetitive. Aphrodisiac.

مشی (মাশী/ mašy) চলা; পথচলা; পদ্ধতি; আচরণ; জীবনধারা; তরিকা। Walking. Gait. خط م. = رویه নীতি; কর্মকৌশল। Policy.

مشیت(মাশীয়্যাত্/mašiyyat)= خواست ইচ্ছা। Will. مشیت الهی আল্লাহ্র ইচ্ছা। Will of God.

مشیر (মোশীর্/mošir) উপদেষ্টা; পরামর্শদাতা; মূ. অ. যে কোন বস্তুর দিকে ইঙ্গিত করে। Counsellor. OS. One who points to something.

مشیمه (মাশীমে/ mašime) মাতৃগর্ভে শিশু যে পাতলা পর্দার থলিতে থাকে। Amxion.

مشئوم (মাশ্উম্/maš'um)= شوم

مصاحب(মোসা'হেব্/ mosăheb) সাথী; বন্ধু। Companion.

مصاحبت (মোসা'হেবাত্/ mosăhebat) বন্ধুত্ব; সাহচর্য; সঙ্গ। Companionship.

مصاحبه(মোসা'হেবে/ mosăhebe) সাক্ষাৎকার। Interview.

مصاحف (মাসা'হেফ্/masăhef) [مصحف এর ব.ব./ pl. of مصحف].

مصادر (মাসা'দের্/ masăder) [مصدر এর ব.ব./ pl. of مصدر].

مصادرت (মোসা'দেরাত্/mosăderat)= مصادره

مصادره(মোসা'দেরে/mosădere) বাজেয়াপ্ত; জরিমানা। Confiscation. Requisition. Fine.

مصادف (মোসা'দেফ্/mosădef) যে একই সময় ঘটে; সমকালীন; মোতাবেক। Coincident. Concurrent.

مصادم(মোসা'দেম্/mosădem) সাংঘর্ষিক। Colliding.

مصادمت (মোসা'দেমাত্/mosădemat) সংঘর্ষ; সংঘাত। Collision. Concussion.

مصارعت (মোসা'রেআত্/mosăreat)= کشتی

مصارف(মাসা'রেফ/masăref) খরচপাতি। Expenses. [তুল. এ.ব./Cf. the s. مصرف]

مصاف(মাসা'ফ্[ফ্]/masăf[f]) কাতারবন্দী হবার জায়গা; যুদ্ধক্ষেত্র; যুদ্ধ। Battle. Battlefield.

مصافحه (মোসা'ফেহে/mosăfehe) মুসাফাহা; করমর্দন। Shaking hands.

مصالح(মাসা'লেহ্/ masăleh) স্বার্থসমূহ; কল্যাণসমূহ; উপকরণাদি। Interests. Materials. Seasonings. مصالح کشور দেশের স্বার্থাবলী। Interests of the country.

مصالح ساختمانی নির্মাণ উপকরণাদি। Construction materials.

مصالح(মোসা'লেহ্/mosăleh) আপোসের ভিত্তিতে অন্যের নিকট কোন সম্পদ অর্পণকারী। Donor (by compromise).

مصالحه(মোসা'লেহে/mosălehe) আপোস; সন্ধি। Compromise.

مصائب (মাসা'এব্/ masă'eb) [مصیبت এর ব.ব./ pl. of مصیبت].

مصباح (মেস্‌বা'হ্/ mesbăh) [ব.ব./ pl. مصابیح] = چراغ

مصحح (মোসাহ্‌হেহ্/ mosahheh) সংশোধনকারী; প্রুফ রীডার। Corrector. Proof-reader.

مصحف(মোস্‌হাফ্/moshaf) বই, বিশেষত কুরআন। Book; especially the Qur'an.

مصحف (মোসাহ্‌হেফ্/ mosahhef) ভুল উচ্চারণকারী; শব্দ ভুল লেখক; নোক্‌তাহ্ কম-বেশী করে শব্দ পরিবর্তনকারী। One who misreads something.

مصحوب (মাস্‌হূব্/ mashub) সঙ্গপ্রাপ্ত; সঙ্গযুক্ত; সাহচর্যপ্রাপ্ত। Accompanied.

مقتضی(মোগ্‌তাযী/ moğtazi) যথাযথ; মানানসই। Appropriate. Advisable. م. دانستن যোগ্য বা যথাযথ মনে করা। To think fit; advisable.

مقتضیات(মোগ্‌তাযিয়া'ত্/moğtaziyat) [দ্র./S.u. مقتضا].

مقتول(মাগ্‌তূল্/ mağtul) [ব.ব./pl. مقتولین] নিহত (ব্যক্তি)। Killed (person). م. ساختن হত্যা করা। To kill.

مقدار (মেগ্‌দা'র্/ meğdăr) [ব.ব./pl. مقادیر] পরিমাণ; সংখ্যা; অংশ বিশেষ। Quantity; amount; number. Worth; value. مقدار کمی آرد সামান্য পরিমাণ (ময়দা)। Small quantity of flour. یک م. کتاب কয়েকটি বই। A number of books.

مقداری (মেগ্‌দা'রী/meğdări) পরিমাণমূলক; সংখ্যা বা মাত্রাবাচক। Quantitative.

مقدر (মোগ্বাদ্দার্/moğaddar) তকদীর; যা সংঘটিত হবার বিষয়; যে আল্লাহ্‌র পক্ষ থেকে নির্ধারিত হয়েছে; ভাগ্য; কিসমত; উহ্য। [স্ত্রী./fem. مقدره]। Destined. Understood; implied. م. کردن পূর্বনির্ধারণ করা। To predestine. وارث م. পূর্ব নির্ধারিত উত্তরাধিকারী। Heir presumptive.

مقدرات(মোগ্বাদ্দারা'ত্/ moğaddarăt) পূর্ব নির্ধারিত বিষয়সমূহ; ভাগ্যলিপি। [مقدره এর ব.ব. যা مقدر এর স্ত্রী/pl. of مقدره fem. of مقدر] Destinies. Divine decrees.

مقدس(মাগ্বদেস্/ mağdes) পবিত্র স্থান। Holy place.

مقدس (মোগ্বাদ্দাস্/ moğaddas) পবিত্র। Holy. [স্ত্রী./Fem. مقدسه].
کتاب م. বাইবেল। Bible.

مقدسات (মোগ্বাদ্দাসা'ত্/ moğaddasăt) [مقدسه এর ব.ব./pl. of مقدسه] পবিত্র সব কিছু। All that is sacred.

مقدم (মাগ্বদাম্/ mağdam) আগমন; আসা! Arrival; comming خیر مقدم স্বাগত সম্ভাষণ। Address of welcome.

مقدم (মোগ্বাদ্দাম্/ moğaddam) অগ্রবর্তী; অগ্রাধিকারযুক্ত; পূর্ববর্তী; সামনে অবস্থানকারী (নেতা)। Prior; preferred. Antecedent. [স্ত্রী./Fem. مقدمه] م. بر ... ...এর তুলনায় অগ্রণী; ...এর পূর্ববর্তী। Prior to. م. داشتن (কারো বা কিছুর তুলনায়) অগ্রাধিকার দান/বেশী পছন্দ করা। To give priority (to). To prefer.

مقدمات(মোগ্বাদ্দামা'ত্/moğaddamăt) কোন কাজ শুরুর জন্য প্রয়োজনীয় পূর্বপ্রস্তুতি বা পদক্ষেপসমূহ। Preliminaries; first steps. Elements. [তুল. এ. ব./Cf. the s. مقدمه]

مقدماتی(মোগ্বাদ্দামা'তী/moğaddamăti) প্রাথমিক। Preliminary.

مقدم السفراء (মোগ্বাদ্দামোস্ সোফারা'/ moğaddamoš-sofară) কূটনৈতিক মিশনের প্রবীণতম সদস্য। Doyen.

مقدمه(মোগ্বাদ্দামে/moğadadme) [مقدم এর স্ত্রী./Fem. of مقدمات] পুস্তক বা প্রবন্ধের ভূমিকা। Introduction; preface. Preamble [তুল. ব.ব./Cf. the pl. مقدمات]. م. چیدن কৈফিয়ত দেওয়ার জন্য বক্তব্য তৈরী; মোকদ্দমা দায়ের করা। To set forth an introductory statement serving as an excuse; build up a case or argument.

مقدمةً(মোগ্বাদ্দমাতান্/moğaddamatan) শুরুতে; ভূমিকায়; প্রাথমিকভাবে। First of all; before everything else.

مقدمة الجیش (মোগ্বাদ্দামাতোল্ জেইশ্/ moğaddamatol-jeyš)= جلودار

مقدور (মাগ্বদূর্/ mağdur) ক্ষমতার আওতাধীন; সম্ভবপর। Possible; within one's power. What is in one's power; ability.
برای من م. نیست আমার ক্ষমতা নেই যে, আমার পক্ষে সম্ভবপর নয় যে,--। I am not in a position to..

مقدونی(মাগ্বদূনী/mağduni) মেসিডোনীয়। Mecedonian.

مقر (মাগ্বার্[র্]/ mağar[r]) বাসস্থান; অবস্থানস্থল। Domicile; residence. Seat.

مقرّ(মোগ্বের্[র্]/moğer[r]) স্বীকারোক্তিকারী। (One) who confesses. م. آمدن স্বীকারোক্তিতে বাধ্য হওয়া। To be reduced to confession. م. شدن(به) (কোন কিছুর) স্বীকারোক্তি করা। To confess.

مقراض(মেগ্বরায্/meğraz)= قیچی কাঁচি। Scissors.

مقرّب(মোগ্বার্‌রাব্‌/ moğarrab) যাকে ঘনিষ্ঠ করা হয়েছে; ঘনিষ্ঠ; নৈকট্যপ্রাপ্ত। Admitted to be near. Favourites; esteemed.

مقرّح (মোগ্বার্‌রেহ্‌/ moğarreh) শরীরে জখম সৃষ্টিকারী ওষুধ। Epispastic.

مقرر (মোগ্বার্‌রার্‌/ moğarrar) নির্ধারিত; নিযুক্ত; নিয়মিত [স্ত্রী./fem. مقرره]। Prescribed; specified; laid down. Appointed; arranged. Regular. م. داشتن নির্ধারণ করে দেওয়া; সাব্যস্ত করা। To prescribe; ordain; fix.

مقررات (মোগ্বার্‌রারা'ত্‌/ moğarrarăt) নিয়মাবলী; বিধি-বিধান; আইন। Provisions; requirements; dispositions; regulations. [مقرر এর স্ত্রী مقرره এর ব.ব./pl. of مقرره fem. of مقرره]

مقرراتی (মোগ্বার্‌রারা'তী/moğarrarăti) শক্ত আইন-কানুন ও রীতি-নীতির অনুসারী; লাল ফিতার দৌরাত্ম্যের পক্ষপাতী। Adhering to hard and fast rules; advocating red-tapism.

مقرری (মোগ্বার্‌রারী/ moğarrari) আইন-কানুন ও রীতি-নীতি সংক্রান্ত; নিয়মিত কর্মচারীর বেতন বা পেনশন। Regular salary or pension.

مقرنس (মোগ্বার্‌নাস্‌/ moğarnas) রেলিং ও ধাপ ধাপ আকারে নির্মিত; নকশাবিশিষ্ট সুউচ্চ গোলাকার ভবন; বাড়ীঘরের নির্মাণ কাজে (প্রধানতঃ দেয়ালে) ব্যবহৃত সিমেন্ট-বালুর তৈরী নকশা; যে কোন বহুরঙা জিনিস; টুপি ও পাগড়ী বিশেষ। Vaulted or arched (building). (Place) decorated with paintings.

مقروض (মাগ্বরূয্‌/mağruz) ঋণগ্রস্ত। Having a (specified amount of) debt; indebted. [তুল./Cf. بدهکار]

مقرون(মাগ্বরূন্‌/mağrun) পরস্পর সংযুক্ত। Connected. Allied. م. به حقیقت সত্যাশ্রিত। True.

مقرّه (মাগ্বার্‌রে/ mağarre) ক্ষুদ্রাকৃতির পানির হাউজ বা সুরাহী; বৈদ্যুতিক তার সংযোগের ইনসুলেটর। Insulator.

مقسم (মাগ্বসেম্‌/ mağsem) বিভক্ত করার জায়গা। Place of partition.

مقسّم (মোগ্বাস্‌সেম্‌/moğassem) বিভক্তকারী; বণ্টনকারী। Divider; distributor.

مقسوم(মাগ্বসূম্‌/mağsum) বিভক্ত; বণ্টিত। Distributed. Apportioned.

مقسوم علیه (মাগ্বসূমোন্‌ আলাইহ্‌/ mağsumon-alayh) ভাজক। Divisor.

مقشّر (মোগ্বাশ্‌শার্‌/ moğaššar) খোসা ছড়ানো দানা (যেমন মশুর)। Hulled; shelled.

مقصد (মাগ্বসাদ্‌/ mağsad) [ব.ব./pl. مقاصد] ১/1) লক্ষ্যস্থল; লক্ষ্য। Destination. Aim. ২/2)= مقصود

مقصّر(মোগ্বাস্‌সের্‌/moğasser) দোষী (ব্যক্তি); শাস্তিযোগ্য। Guilty (person); culpable (person).

مقصود(মাগ্বসূদ্/mağsud) লক্ষ্য; উদ্দেশ্য; প্রার্থিত; বাঞ্ছিত। Purpose; intention; aim; object (of desire). Moral. م. از این کلمه چیست؟ এ শব্দটির তাৎপর্য কি? What is meant by this word? مقصودی ندارم আমার বিশেষ কোন উদ্দেশ্য নেই। I have no particular motive.

مقضیّ المرام (মাগ্বযীয়োল্ মারা'ম্/ mağziyyol-marăm)= کامیاب

مقطّر (মোগ্বাত্তার্/ moğattar) যা ফোঁটায় ফোঁটায় নিষ্কাশিত করা হয়েছে; বিশোধিত (ডিস্টিল্ড্)। Distilled.

مقطع (মাগ্বতা-/ mağta') [ব.ব./pl. مقاطیع] কর্তনস্থল; পৃথক হবার স্থান; কবিতার শেষ পংক্তি বক্তৃতার সুন্দর উপসংহার। Section. Closing verse of a poem. حسن م. (কবিতার) চমৎকার সমাপ্তি। Beauty of peroration.

مقطع (মোগ্বাত্তা-/ moğatta') [স্ত্রী./Fem. مقطعه]. কর্তিত; পৃথককৃত; বাহুল্যবর্জিত; মৃ. অ. টুকরো টুকরো করে কাটা; বিশ্লেষিত; কিস্তিতে বিভক্ত; টুকরা (কবিতা)। Interrupted. Separated. OS. Cut to pieces.

مقطعات (মোগ্বাত্তাআ'ত্/ moğattaăt) [مقطعه এর ব.ব./pl. of مقطعه] টুকরাসমূহ। Fragments.

مقطعی (মাগ্বতাঈ/ mağta'i) বিভাগ বা অংশবিশিষ্ট; সাময়িক। Showing the section. نقشهٔ م. আংশিক মানচিত্র। Profile.

مقطوع(মাগ্বতূ-/mağtu') কর্তিত; সুনির্দিষ্ট (দাম)। Cut off. Fixed, as a price.

مقطوعاً (মাগ্বতূআন্/ mağtuan) সুনির্দিষ্টভাবে; অকাট্যভাবে। As a fixed sum. At a fixed price. صد ریال م. এক দাম ১০০ রিয়াল। A fixed sum of 100 rials.

مقعد (মাগ্বআদ্/mağad)= کون বসার স্থান; মলদ্বার; পায়ু। Anus.

مقعّر (মোগ্বা-আর্/moğa"ar)= کاو যা বসে গেছে; গর্ত; গভীরতাযুক্ত; অবতল। Concave.

مقعرالطرفین (মোগ্বা-আরোত্তারাফেইন্/ moğa"arot-tarafeyn) দ্বি-অবতল: উভয় দিকে অবতলবিশিষ্ট। Biconcave; concavo-concave.

مقفل (মোগ্বাফ্ফাল্/ moğaffal) তালাবদ্ধ; বদ্ধ। Locked.

مقفی (মোগ্বাফ্ফা/ moğaffa)= مقفا অন্ত্যমিলযুক্ত/ছন্দোবদ্ধ (কবিতা)। Rhymed or rimed.

مقل (মোগ্ল্/ moğl) খেজুর গাছের সাথে অনেকটা মিল আছে এমন এক ধরনের গাছ। Bdellium.

مقلد (মোগ্বাল্লেদ্/ moğalled) ধর্মীয় ক্ষেত্রে কারো চিন্তা-বিশ্বাস ও কর্মের অনুসরণকারী; অনুসারী; যে কথা বা ক্রীড়ায় অন্যের নকল করে; ভাঁড়। Imitator; mimic. Follower. Buffoon.

مقلوب(মাগ্বলূব্/mağlub) যে উল্টে গেছে; যাকে উল্টে দেওয়া হয়েছে; অন্য শব্দের বর্ণানুক্রম পরিবর্তন করে তৈরী করা শব্দ। Inverted; reversed. Anagram.

مقله(মোগ্বলে/ moğle)= تخم چشم

مقناطیس (মেগ্বনা'তীস্/ meğnătis) চুম্বক। Magnet.

مقناطیسی (মেগ্বনা'তীসী/ meğnătisi) চুম্বকের গুণসম্পন্ন; আকর্ষণ করতে পারে এমন। Magnetic.

مقنع (মোগ্বনে-/ moğne') সন্তুষ্টকারী। Convincing.

مقنعه (মেগ্বনাএ/ meğna'e) সেলাইকৃত মস্তকাবরণ [বোরকার অংশ বিশেষ]। Veil.

مقنن (মোগ্বান্নেন/moğannen) আইনপ্রণেতা। Legislator. Legislative. [স্ত্রী./Fem. مقننه]. قوه مقننه আইন বিভাগ; আইন পরিষদ। The legislative power.

مقنی (মোগ্বান্নী/ moğanni)= چاه کن

مقوّی (মোগ্বাভ্ভা'/ moğavvă)= مقوا পিচবোর্ড; কার্ডবোর্ড। Cardboard or pasteboard.

مقوّائی (মোগ্বাভ্ভা'ঈ/ moğavvă'i) কার্ডবোর্ড/ পিচবোর্ড সংক্রান্ত; কার্ড বোর্ড বা পিচবোর্ডের তৈরী। Of Cardboard or pasteboard. Flimsy. جعبهٔ م. কার্টোন; পিচবোর্ড; কার্ডবোর্ডের বাক্স। Carton; bandbox.

مقوّس (মোগ্বাভ্ভাস্/ moğavvas) ধনুকাকৃতিবিশিষ্ট; বাঁকানো। Arched.

مقوله (মাগ্বূলে/ mağule) [ব.ব./pl. مقولات] উক্তি; অধ্যায়। Category. Topic.

مقوم(মোগ্বাভ্ভেম্/moğavvem)= ارزیاب

مقوی (মোগ্বাভ্ভী/ moğavvi) বলবর্দ্ধক; স্বীকৃতিদানকারী; প্রত্যয়নকারী। Strengthening; fortifying; tonic. [স্ত্রী./Fem. مقویه].

مقهور(মাগ্বহূর্/mağhur) পরাভূত; পরাজিত। Subdued.

مقیء (মোগ্বাইয়ে-/moğayye')= قی آور বমনোদ্রেককারী। Emetic.

مقیاس (মেগ্বইয়া'স্/meğyăs) মাপের উপকরণ (দাঁড়িপাল্লা, স্কেল, মিটার, ফিতা ইত্যাদি); প্রতীকী পরিমাপের অনুপাত। Scale. مقیاس یک اینچ در یک میل স্কেলঃ এক ইঞ্চি= এক মাইল। On a scale of one inch to the mile.

مقیّد (মোগ্বাইয়্যাদ্/ moğayyad) যাকে (মানুষ বা পশু) বাঁধা হয়েছে; বন্দী; শর্তাধীন; নিয়মতান্ত্রিক। Tied. Bound. Stipulated. Particular. عدد م. সুনির্দিষ্ট সংখ্যা। Concrete number.

مقیم (মোগ্বীম্/moğim) বাসিন্দা; কোথাও বসবাসকারী; অবস্থানকারী। Resident; residing. مقیم ایران ইরানে বসবাসকারী। Residing in Iran; resident of Iran.

مک (মেক্/mek) [مکیدن এর অনু./ Imp. of مکیدن] مک زدن চোষণ; চুষে নেওয়া। To suck. To twinge slightly.

مک (মোক্/ mok) ঠিক; না কম, না বেশী। Neither more nor less.

مکابره(মোকা'বেরে/ mokăbere) বড়াই করা; বাদানুবাদ। Contention. م. کردن হামবড়া ভাব দেখিয়ে বাদানুবাদ বা তর্ক করা। To contend or dispute (saucily).

مكاتب(মাকা'তেব্/makăteb) [مكتب এর ব.ব./ pl. of مكتب].

مكاتبه (মোকা'তেবে/ mokătebe) পরস্পর পত্র বিনিময়; পত্রমিতালি। Correspondence; communicating with each other by letters [ব.ব./ pl. مكاتبات পত্র বিনিময়/ [correspondence].

مكاتيب (মাকা'তীব্/ makătib) [مكتوب এর ব.ব./ pl. of مكتوب].

مكار (মাক্কা'র্/ makkăr) [স্ত্রী./ Fem. مكاره] প্রতারক; ধূর্ত; রঙ্গিলা। Deceitful. Also sly.

مكارم (মাকা'রেম্/ makărem) [مكرمت এর ব.ব./ pl. of مكرمت].

مكاره (মাকা'রে[মাক্‌কা'রে]/ mak[k]ăre) সেন্ট ম্যাকারিয়াসের বার্ষিক বাজার; যে কোন বার্ষিক মেলা। Makariev. بازار مكاره বার্ষিক মেলা। Fair.

مكارى (মোকা'রী/ mokări) [ঘোড়া, গাধা, খচ্চর প্রভৃতি] বাহন ভাড়ায় সরবরাহকারী; সাধারণ পরিবহন। Common carrier.

مكاسب (মাকা'সেব্/ makăseb) [مكسب এর ব.ব./pl. of مكسب] উপার্জন। Earnings; acquisitions.

مكاشفه (মোকা'শেফে/ mokăšefe)= مكاشفت [ব.ব./pl. مكاشفات] উন্মোচন; উদ্‌ঘাটন; সুস্পষ্টকরণ; অন্তর্লোকে আল্লাহ্‌র গুণাবলী ও মহিমার অকাট্য উপলব্ধি। Revelation. Divine presence. Spritual contemplation.

مكافات (মোকা'ফা'ত্/ mokăfăt) প্রতিদান প্রদান; শাস্তি; কষ্ট; ভোগান্তি। Retribution; retaliation.

مكافى (মোকা'ফী/ mokăfi) প্রতিদান ও শাস্তি প্রদানকারী; সদৃশ; অনুরূপ। Parabolic. قطع م. সদৃশ অংশ। Parabolic section; parabolia. شبه قطع م. প্রায় অনুরূপ। Parabaloid.

مكالمه(মোকা'লেমে/mokăleme) [ব.ব./ pl. مكالمات]= گفتگو পরস্পর কথোপকথন; আলোচনা। Conversation; dialogue.

مكان(মাকা'ন্/makăn) [ব.ব./pl. امكنه/ اماكن] জায়গা; অবস্থান; বাসস্থান; পদমর্যাদা। Place; locality. Dwelling.

مكانيزه (মেকা'নীযে/mekănize) যান্ত্রিকীকৃত। Mechanized. م. كردن যান্ত্রিকীকরণ। To mechanize.

مكانيک (মেকা'নীক্/ mekănik) যান্ত্রিক কর্ম; মেকানিক্‌স; যন্ত্রকর্মী; মেকানিক। Mechanics. Mechanic.

مكانيک دان(মে.-দা'ন্/m.-dăn) যন্ত্রকর্মী; মেকানিক। Mechanic.

مكانيكى (মেকা'নীকী/ mekăniki) যন্ত্র সম্বন্ধীয়; যান্ত্রিক। Mechanical. آدم م. রোবট। Robot.

مكائد (মাকা'এদ্/ makă'ed) প্রবঞ্চনা/ প্রতারণাসমূহ। Deceits. Snares. [مكيده এর ব.ব./ pl. of مكيده].

مكبّ (মোকেব্‌ব্/ mokebb) নতশির; পতিত; ভূলুণ্ঠিত। Prostrating. Humiliating. [স্ত্রী./ Fem. مكبه].

مكتب(মাক্‌তাব্/maktab) [ব.ব./pl.

مكاتب] লেখার জায়গা; প্রাচীন পদ্ধতির শিক্ষা প্রতিষ্ঠান; মক্তব; মতাদর্শ। Old foshioned primary school. School.

مكتب گريز (মা.-গোরীয্/m.-goriz) স্কুল পালানো (ছাত্র)। Truant.

مكتسب(মোক্তাসাব্/moktasab) অর্জিত; উপার্জিত। Acquired.

مكتوب (মাক্তূব্/ maktub) [ব.ব./pl. مكاتيب]= نوشته [نامه] পত্র। Letter. মৃ. অ. লিখিত। OS. Written.

مكتوم(মাক্তূম্/maktum)= پنهان/پوشيده

مكث(মাক্স্/maks) বিরতি; বিলম্ব; অপেক্ষা করা; বিরতি দেওয়া। Pause. Halting.

مكثف (মাক্সাফ্/ maksaf) ডাস্টবিন্। Waste busket.

مكدر (মোকাদ্দার্/ mokaddar) যে বা যা কালো হয়েছে; অন্ধকার; মনোক্ষুণ্ন; দুশ্চিন্তাগ্রস্ত; মর্মাহত। Offended.

مكر (মাক্র্/makr) ধোঁকা দেওয়া; প্রতারণা করা; ধোঁকা; প্রতারণা। Trick. Deceit.

مكر آميز (মা.-অ'মীয্/ m.-ămiz) প্রতারণাপূর্ণ। Deceitful.

مكرر (মোকার্রার/ mokarrar) বার বার; পুনরাবৃত্তিসহকারে। Repeated. [স্ত্রী. مكره এর ব.ব. مكرات / Fem. مكره with the pl. مكرات].

مكرراً (মোকার্রারান্/ mokarraran) পুনঃপুনঃ; বার বার; পুনরায়। Repeatedly; again.

مكرّم(মোকার্রাম্/mokarram) সম্মানিত। Honoured; honourable [স্ত্রী./ Fem. مكرمه].

مكرمت (মাক্রামাত্/makramat) [ব.ব./ pl. مكارم] মহানত্ত্ব; দানশীলতা। Generosity. Greatness; noble act. مكارم اخلاق উন্নত নৈতিক গুণাবলী। Good morals.

مكروه (মাক্রূহ্/ makruh) অপছন্দনীয়; মাকরুহ; নোংরা। Abominable. Disapproved but not absolutely unlawful.

مكشوف (মাকশূফ্/ makšuf) উদ্ঘাটিত; অনাবৃত; সুস্পষ্টকৃত; সুস্পষ্ট। Discovered; revealed.

مكعب (মোকা-আব্/moka"ab) ঘনক্ষেত্রবিশিষ্ট; ঘনক্ষেত্র; ঘনফল। Cubic. Cube.

مكفول(মাক্ফূল্/makful) জামিনকৃত ব্যক্তি (যাকে হাজির করতে জামিন হওয়া ব্যক্তি বাধ্য থাকে)। One whose presence must be produced by a person who has undertaken to do so.

مكفول له(মাক্ফূলোন-লাহ্/ makfulon-lah) যাকে হাজির করার জন্য কেউ জামিন হয়েছে। One to whom it has been undertaken to produce the presence of a person.

مكلس (মোকাল্লাস্/ mokallas) ভস্মীভূত। Calcined. م. كردن ভস্মীভূত করা। To calcine.

مكلف(মোকাল্লাফ্/ mokallaf) ঝামেলা ও শ্রমসাধ্য অবস্থায় পতিত; কোন কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ; শরীয়তের হুকুম

পালন অপরিহার্য হবার বয়সে উপনীত; বয়োসন্ধিতে উপনীত। Bound; required. Charged with a duty. Having attained puberty.
م. کردن বাধ্য করা; কোন বিশেষ দায়িত্ব প্রদান। To bind; charge with a (specified) duty.

مکمّل (মোকাম্মাল্/ mokammal) যে বা যা পূর্ণ হয়েছে/পূর্ণ করা হয়েছে; পূর্ণ; কামেল। Completed. Perfect.

مکمّل(মোকাম্মেল্/mokammel) পূর্ণকারী; সমাপ্ত; পরিপূরক। Complementary. Supplementary.

مکمن (মাক্‌মান্/ makman)= کمینگاه

مکنت (মোক্‌নাত্/ moknat) আর্থিক সামর্থ্য; সম্পদ। Pecuniary ability. Wealth.

مکنون (মাক্‌নূন্/ maknun)= پوشیده

مکنونات (মাকনূনা'ত্/ maknunăt) গোপন জিনিস/ বিষয়/ রহস্যসমূহ। Hidden things; scerets. [مکنونه এর ব.ব. যা مکنون এর স্ত্রী./pl. of مکنونه fem. of مکنون].

مکه(মাক্কে/makke) মক্কা (নগরী)। Mecca.

مکی(মাক্কী/makki) মক্কাবাসী; মক্কার সাথে সংশ্লিষ্ট। Meccan. [স্ত্রী./ Fem. مکیه].
سورهٔ مکیه মক্কায় অবতীর্ণ সূরাহ্‌। Surah revealed at Mecca.

مکیدن (মাকীদান্/ makidan) চোষণ। To suck. To absorb.

مکیده (মাকীদে/ makide) [مکیدن এর ক্রি. বিণ./ p.p. of مکیدن].

مکیّف (মোকাইয়েফ্/ mokayyef) বৈচিত্র্যপূর্ণ; নেশাকর। Inebriant; intoxicant. Intoxicating.

مکین (মাকীন্/ makin) নিবাসী; অভিবাসী; কোন স্থানের বাসিন্দা; যে কোন স্থানে সমাসীন। Fixed or dwelling in a place. Dweller. Occupier of a place.

مکینه(মাকীনে/makine) তরল পদার্থ পান করার নল। Sucker [pipe through which water etc. is drawn by suction.].

مگر(মাগার্/ mağar) ১) কিন্তু; তবে। [এ শব্দের পূর্বে ব্যবহৃত বাক্যের সাধারণ তাৎপর্য থেকে শব্দটির পরবর্তী বাক্য বা বাক্যাংশকে ব্যতিক্রম হিসেবে উপস্থাপন করা হয়] 1) Except. Unless.
مگر آنکه/ مگر اینکه যদি না; অন্যথায়।
م. شما بمن کمک کنید(وگرنه دیگری نمیکند) তুমি কিন্তু আমাকে সাহায্য করবে (নইলে অন্য কেউ সাহায্য করবে না); মূ. অ. যদি তুমি আমাকে সাহায্য না কর তাহলে আর কেউ সাহায্য করার নেই। It is only you who could help me (and none else). OS. Unless you help me there is no one else. ২) পূর্ব ধারণার বিপরীত কিছু দর্শন বা শ্রবণের কারণে ধারণাটি সম্পর্কে নিশ্চিত হবার জন্য প্রশ্ন। [Interrogative word used by one who hears a remark contrary to his previous supposition]. مگر شما نمیدانید؟ তাহলে কি তোমার জানা নেই? You know, don't you? چطور مگر؟ এর

মানে!? (অর্থাৎ কেন তুমি জিজ্ঞেস করছ?) Why (why do you ask)?

مکر مج (মাগার্ মাজ্/ magarmaj) গো-সাপ; কুমীর। Lizard. Crocodile.

مگس (মাগাস্/ magas) মাছি। Fly. م. پراندن (মাছি ওড়ানো) সময়ের অপচয় করা। To idle away one's time. م. در هوا زدن (হাওয়ায় আঘাত হানা) অর্থহীন কাজ। To beat the air. م. در آنها پر نمی زند (সেখানে মাছিও ওড়ে না) সেখানে কোন মানুষ বসবাস করে না। There is not a soul there.

مگس پران (মা.-পারা'ন্/ m.-parăn) যে মাছি তাড়ায়; বেকার; যার ব্যবসার অবস্থা মন্দা; মাছি তাড়ানোর জন্য জালের ন্যায় তৈরী উপকরণ। Fly-net; fly-flap.

مگس پرانی (মা.-পারা'নী/ m.-parăni) মাছি তাড়ানো বেকারত্ব; অলসভাবে সময় নষ্ট করা। Idleness; loafing.

مگس خوار (মা.-খা'র্/ m.-xăr) যে মাছি খায়/মাছি ধরে; এক জাতের পাখি। Feeding on flies. مرغ م. মাছিখেকো পাখী (হামিং-বার্ড)। Humming-bird.

مگس کش (মা.-কোশ্/ m.-koš) মাছি হত্যাকারী; মাছি মারার জন্য তৈরী হাতলযুক্ত এক ধরনের উপকরণ। Killing flies. کاغذ م. মাছি মারার জন্য তৈরী বিষাক্ত কাগজ; ফ্লাই-পেপার। Fly-paper. گرد م. মাছি মারার গুঁড়ো ওষুধ। Fly-powder.

مگس گیر(মা.-গীর্/m.-gir) যে বা যা মাছি ধরে; মাছি মারার জন্য কাচের তৈরী যন্ত্র বিশেষ যাতে সিরকা ও চিনি দেওয়া হয় এবং চিনির লোভে মাছি তাতে প্রবেশ করে সিরকায় আটকা পড়ে মারা যায়; মাকড়শা; পোকা-মাকড়খেকো এক ধরনের উদ্ভিদ। Fly-trap. Catch-fly.

مگس وزن (মা.-ভায্ন্/ m.-vazn) মাছির ন্যায় ওজন যার; হালকা-পাতলা। Fly-weight.

مگسی (মাগাসী/magasi) তুচ্ছ (মাছিবৎ)। Flea-bitten.

مگو (মাগূ/magu) [বলো না] যা উচ্চারণোপযোগী বা বলার মত নয়। Unutterable.

مل (মোল্/ mol)= شراب / باده

ملا (মোল্লা'/mollă)= مولی শিক্ষিত; অক্ষর জ্ঞানসম্পন্ন; আলেম; পাগড়ীধারী আলেম; মোল্লা। Mullah; person versed in theology and sacred law.

ملاء(মালা'-/mală') পরিপূর্ণতা; জনসমষ্টি। Fullness. Crowd; assembly. ملاء اعلی আল্লাহ্‌র দরবার; ঐশী দরবার; ফেরেশতাদের সমাবেশ। Heavenly court; assembly of angels. در ملاء عام জনসমক্ষে। In the public view; in public.

ملاج (মালা'জ্/ malăš)= ملازگ শিশুর মাথার খুলির সম্মুখ ভাগের নরম অংশ। Fontanelle.

ملاح (মাল্লা'হ্/ mallăh)= ملوان

ملاحت(মালা'হাত্/ malăhat) লাবণ্য; কমনীয়তা; মনোহারিত্ব। Charm; attractiveness.

ملاحده(মালা'হেদে/ malăhede) [ملحد এর ব.ব./ pl. of ملحد].

ملاحظات (মোলা'হেযা'ত্/ molăhezăt) [ملاحظه এর ব.ব./ pl. of ملاحظه].

ملاحظه (মোলা'হেযে/ molăheze) [ব.ব./ pl. ملاحظات] দেখা; তাকানো; পরস্পরের প্রতি অপাঙ্গে দৃষ্টিপাত; যত্ন নেওয়া; বিবেচনায় রাখা; লক্ষ্য রাখা। Observation; notice. Consideration; regard. Remark.

ملاحظه كار (মো.-কা'র্/m.-kăr) সতর্ক; সজাগ। Cautious; reserved; circumspective.

ملاحی (মাল্লা'হী/ mallăhi)= ملوانی

ملاذ (মালা'য্/ malăz)= پناه گاه

ملازم (মোলা'যেম্/molăzem) সর্বদা সংশ্লিষ্ট; কোথাও সর্বদা অবস্থানকারী; [ব.ব. ملازمین সার্বক্ষণিক পরিচর্যাকারিগণ/pl. ملازمین Attenants] Attending; accompanying. Attached; inherent.

ملازمت (মোলা'যেমাত্/ molăzemat) সার্বক্ষণিক সংশ্লিষ্টতা; বাধ্যবাধকতার সম্পর্ক। Attendance. Assiduity. ... م. داشتن با (কারো বা কিছুর) সাথে অপরিহার্য সম্পর্ক থাকা; সার্বক্ষণিক পরিচর্যা করা। To attend. To involve necessarily.

ملاز(ه)(মালা'য্[মালা'যে]/ malăz[malăze]) আলজিভ। Uvula.

ملاس (মেলা'স্/ melăs) চিনির কলে আখ বা বীট জ্বাল দিয়ে যে ঘন কালচে মিষ্ট তরল পদার্থ পাওয়া যায় (যা থেকে চিনি উৎপাদিত হয় এবং দ্বিতীয় দফায় জ্বাল দিয়ে প্রাপ্ত তরল পদার্থ যা সাধারণত পশুখাদ্যরূপে বা মদ উৎপাদন ও অন্য কাজে ব্যবহৃত হয়); মোলাসেস। Molasses.

ملاست (মালা'সাত্/ malăsat)= نرمی (কোন কিছু) নরম হওয়া; সমতল হওয়া; রুক্ষ বা কঠিন না হওয়া। Softness. ملاست استخوان রিকেট (রোগ)। Rickets.

ملاط (মেলা'ত্/melăt) দেয়ালে মসৃণ প্রলেপের জন্য ব্যবহৃত চুন বা এ জাতীয় পদার্থ; দেয়াল তৈরী বা ঢালাই কাজে ব্যবহৃত সিমেন্ট ও বালুর সাথে পাথর বা ইটের কণার সংমিশ্রণ। Mortar. Clay. Cement.

ملاطفت (মোলা'তেফাত্/ molătefat)= مهربانی

ملاعب (মোলা'এব্/ molă'eb) [ملعبه এর ব.ব./ pl. of ملعبه].

ملاعبه (মোলা'এবে/ molă'ebe) ১/1) পরস্পর খেলা করা; নারীর সাথে পুরুষের ঠাট্টা-মস্করা করা। Playing together. ২/2)= شوخی

ملاعین (মালা'ঈন্/ mală'in) [ملعون এর ব.ব./ pl. of ملعون].

ملافه(মালা'ফে/malăfe)= ملحفه বিছানার চাদর; লেপের ওপরে দেয়া আবরণ। Bedsheet; cover.

ملاقات (মোলা'গা'ত্/molăğat) মুখোমুখি হওয়া; সাক্ষাত করা; সাক্ষাত। Meeting; visit; interview.

ملاقه(মালা'গে/malăğe)= ملعقه পাতিল

থেকে খাদ্যবস্তু তোলার বড় চামচ। Ladle; dipper.

ملاك (মেলা'ক/ melăk) যে কোন কিছুর মূল/ উৎস; ভিত্তি; মানদণ্ড; মাপক। Basis. Criterion.

ملاك(মাল্লা'ক/mallăk) [ব.ব./pl. ملاكين] অনেক বেশী ভূ-সম্পত্তির মালিক। Landowner.

ملاكتابى(মোল্লা'কেতা'বী/mollă-ketăbi) পুঁথিগতবিদ্যানির্ভর পণ্ডিত ও শিক্ষক। Pedantic.

ملال (মালা'ল্/ malăl)= ملالت

ملال انگيز (মা.-আঙ্গীয্/ m.-angiz) বিরক্তিকর; যা মনকে খারাপ করে দেয়। Wearisome; annoying.

ملالت (মালা'লাত্/malălat)= ملال অসন্তুষ্ট অবস্থা; মনমরা অবস্থা; বিষাদ; অবসাদগ্রস্ততা। Weariness. Vexation. Sadness.

ملامت(মালা'মাত্/malămat)=سرزنش

ملامسه (মোলা'মেসে/ molamese) পরস্পরকে স্পর্শ দ্বারা অনুভব করা; হাতে স্পর্শ করা। Feeling, or flirting, with the hand.

ملانتربوق (মালা'ন্তার্বূগ্/ malăntarbuğ) দুর্ঘটনাকবলিত; দেখতে জীর্ণশীর্ণ এমন ব্যক্তি। Mishappen, rough-hewn, or shabby-looking person.

ملانقطى (মোল্লা'নোগ্বাতী/mollănoğati) ১/1) যে মোল্লা শব্দে হরফের নোক্‌তাসমূহ যথাযথ প্রদানের ব্যাপারে খুবই কড়াকড়ি করেন, কিন্তু তাৎপর্যের প্রতি দৃষ্টি দেন না; সাহিত্যের প্রাচীন রীতিনীতির কঠোর অনুসারী। One who searches for dots and strocks. ২/2)= ملاكتابى .

ملاهى (মালা'হী/ malăhi) নিয়ম বর্জিত খেলাধূলা; খেল-তামাশা। Unlawful sports; profane delights.

ملائت (মালা'আত্/mală'at) জামিন হওয়ার জন্য প্রয়োজনীয় আর্থিক সঙ্গতি। Pecuniary ability to justify bail.

ملائک (মালা'এক্/ mală'ek) [ملک এর ব.ব./ pl. of ملک].

ملائکه (মালা'একে/ mală'eke)= ملائک

ملايم (মোলা'য়েম্/ molăyem) যথাযথ; নমনীয়; ধীর; শান্ত; বিনম্র; মোলায়েম। Mild; gentle. Temperate. Soft. Lenient.

ملايمت (মোলা'য়েমাত্/ molăyemat) নম্রতা; ভদ্রতা; নমনীয়তা। Mildness; gentleness; softness. Moderateness. Leniency.

ملبّس (মোলাব্বাস্/ molabbas) পোশাক পরিহিত; মিশ্রিত; পোষাকে সজ্জিত; আচ্ছাদিত। Clothed; dressed. Clad; attired.

ملبوس(মাল্‌বূস্/malbus)=لباس/پوشاك

ملت (মেল্লাত্/ mellat) [ব.ব./pl.ملل] জাতি; জনগণ; দেশবাসী; জনগোষ্ঠী। Nation; people.

ملتجى (মোল্‌তাজী/ moltaji) আশ্রয়প্রার্থী; আশ্রয় গ্রহণকারী। (One) who takes refuge or seeks protection.

ملتحمه(মোল্‌তাহেমে/ moltaheme) [ملتحم এর স্ত্রী./fem of ملتحم

সংযোজক; মিলনাত্মক; জোড়া লেগে যাওয়া; পরস্পর লেগে যাওয়া (কোন কিছু); শরীরে যে ক্ষত জোড়া লেগেছে। Conjunctive.

ملتزم (মোলতাযেম্/ moltazem) [ব.ব./ pl. ملتزمین] যে নিজের জন্য (কোন কিছু) অপরিহার্য করেছে/ দায়িত্ব গ্রহণ করেছে; রাজা-বাদশাহ্ বা বিশিষ্ট ব্যক্তিদের সাথে চলাচলকারী (সৈন্য ইত্যাদি)। Bound over. Attendant. م. شدن বাধ্য হওয়া। To be bound over; undertake. م. کردن বাধ্য করা। To bind over. ملتزمین رکاب সহচরবৃন্দ। Suite; retinue.

ملتفت (মোল্তাফেত্/ moltafet) কোন দিকে মনোনিবেশকারী; সজাগ; অবহিত। Aware; sensible. م. شدن লক্ষ্য করা; বুঝতে পারা। To take notice (of). To understand.

ملتقا (মোল্তাগ্বা'/ moltağă)= ملتقی যার সাথে সাক্ষাত হয়েছে; সাক্ষাতস্থল। Confluence. Junction.

ملتمس (মোল্তামাস্/ moltamas) অনুরোধকৃত; আবেদনকৃত; প্রার্থিত। Request(ed).

ملتوی (মোল্তাভী/ moltavi) যে নিজে নিজে পেঁচিয়ে বা জড়িয়ে যায়; হাতের নাড়ীর এক বিশেষ ধরনের গতি। Distorted; twisted. [মু. অ./OS. پیچیده]

ملتهب (মোল্তাহেব্/ moltaheb) শিখাময়; লেলিহান। Inflamed. Enthusiastic; fervent.

ملجا(মাল্জা/maljă)= پناه گاه

ملچ ملوچ کردن(মোলেচ্ মোলূচ্ কারদান্/ meleč-moluč-kardan) খাবার গ্রহণ বা পানি পান করার সময় মুখে চপ চপ শব্দ করা। To smack ones lips; lick one's chops.

ملح(মেল্হ্/melh) [ব.ব./pl. املاح]=نمک

ملحد (মোল্হেদ্/ molhed) [ব.ব./pl. ملاحده] নাস্তিক; ধর্মহীন। Atheist.

ملحفه (মেল্হাফে/melhafe) [দ্র./S.u. ملافه].

ملحق(মোল্হাগ্ব/molhağ) সংযুক্ত; যোগদানকারী। Joined. م. شدن যোগ দেওয়া। To be joined; join. م. کردن যুক্ত করা। To join. To annex.

ملحقات (মোল্হাগ্বা'ত্/ molhağăt) [ملحق এর স্ত্রী. ملحقه এর ব.ব./pl. of ملحقه fem. of ملحق] সংযোজনসমূহ; পরিশিষ্ট। Additions; supplements.

ملحوظ (মাল্হূয্/ malhuz) দৃষ্ট; লক্ষ্য বা পর্যবেক্ষণকৃত; বিবেচনায় রাখা হয়েছে এমন। Observed; seen. م. شدن/م. افتادن দৃষ্ট হওয়া; লক্ষ্যগোচর হওয়া; বিবেচিত হওয়া। To be seen or observed.

ملحوظات (মাল্হূযা'ত্/ malhuzăt) গোচরীভূত বিষয়সমূহ; বিবেচনায় রাখা হয়েছে এমন বিষয়সমূহ; চিন্তাসমূহ। Observations. Thoughts. [ملحوظ এর স্ত্রী ملحوظه এর ব.ব./pl. of ملحوظ Fem. of ملحوظه].

ملخ(মালাখ্/malax) পঙ্গপাল; ফড়িং;

[বিমানের] স্ক্রু; প্রোপেলার। Locust; grasshopper. [Of a plane] Airscrew; propeller.

ملخص(মোলাখখাস্/molaxxas) সংক্ষিপ্ত; সারসংক্ষেপকৃত। Summarized. Summary; extract.

ملزم(মোল্যাম্/molzam) বাধ্য। Bound.

ملزوم (মাল্যূম্/ malzum) অপরিহার্য বিষয়; অবিযোজ্য; অবিচ্ছেদ্য। Attached. Inseparable. [স্ত্রী./ Fem. ملزومه].

ملزومات (মাল্যূমা'ত্/ malzumăt) প্রয়োজনীয়; সরবরাহসমূহ; অপরিহার্য বিষয়/ জিনিসসমূহ। Supplies; necessaries. [ملزوم এর স্ত্রী. ব.ব./pl. of ملزومه fem. of ملزوم]

ملس (মালাস্/ malaš)= میخوش টক ও মিষ্টির মাঝামাঝি স্বাদ ঈষদম্ল। Subacid.

ملصق(মোল্সাগ্ব/molsağ) লাগানো হয়েছে এমন (যেমন আঠা দিয়ে); সংযুক্ত। Fastened; pinned. Attached.

ملعبه (মেল্আবে/mal'abe) [ব.ব./pl. بازیچه [ملاعب

ملعقه (মেল্আগ্বে/ mel'ağe)= ملاقه

ملعون (মাল্উন্/ mal'un) লা'নতের শিকার; অভিশপ্ত। [ব.ব./pl. ملاعین] Accursed; damned. Accursed person. The Devil.

ملغی(মোল্গ্বা'/molğă) বাতিলকৃত; রহিত। Cancelled.

ملفوظ (মাল্ফূয্/ malfuz) উচ্চারিত; পূর্ণ শ্বাসাঘাতসহ উচ্চারিত। Pronouned. Aspirate. [স্ত্রী./fem. ملفوظه] غیر ملفوظه অনুচ্চারিত। Mute.

ملفوفه(মাল্ফূফে/malfufe) বাঁধন; দমকল কর্মীর দড়ি বিশেষ। Enclosure. (Annex of a) fireman.

ملفه (মালাফে/ malafe)= ملحفه/ ملافه

ملقّب به (মোলগ্বগ্বাব্ বে/molağğab-be) ...উপাধির অধিকারী; ...ডাকনামের অধিকারী। Entitled; surnamed.

ملک (মালাক্/malak)= فرشته [ব.ব./pl. ملائک/ ملائکه] ফেরেশতা। Angel.

ملک (মালেক/ malek) [ব.ব./pl.ملوک]= پادشاه বাদশাহ; রাজা। King.

ملک(মেল্ক্/melk) ব্যক্তির ভোগ-দখলাধীন সম্পত্তি; জমিজমা; স্থাবর সম্পত্তি। Landed property; estate. Possession.

ملک (মোল্ক্/molk) রাজ্য; রাজত্ব। Kingdom.

ملکات (মালাকা'ত্/malakăt) [ملکه এর ব.ব./ pl. ofملکه].

ملک الحارس (মালাকোলহা'রেস্/ malakol-hares) প্রহরী ফেরেশতা। Guardian angel.

ملک الشعراء (মালেকোশ্ শোআরা'/ malekoš-šoară) কবিকুল শিরোমণি; কবিরত্ন। Prince of poets; poet laureate.

ملک الموت(মালাকোল্ মোওত্/ malakol-mowt) আজরাইল; মৃত্যুর ফেরেশতা। Angel of death.

ملک المورخین(মালেকোল্‌মোভার্‌রেখীন্‌/ malekol-movarrexin) ইতিহাস-গুরু। Prince of historian.

ملکزاده (মালেক্‌যা'দে/ malek-zăde)= شاهزاده

ملکوت (মালাকৃত্‌/malakut) আল্লাহ্‌ তাআলার মহানত্ব (সীমাহীন ক্ষমতা); আলমে মালাকুত (উর্ধ্বলোক)। Kingdom (of heaven).

ملکوتی (মালাকৃতী/malakuti) মালাকুত সম্বন্ধীয়; আসমানী; আধ্যাত্মিক। Heavenly; celestial. Spiritual.

ملکوك (মাল্‌কৃক্‌/ malkuk)= لکه دار

ملکه (মালাকে/ malake) [ব.ব./pl. ملکات] প্রতিভা; পরিবর্তনযোগ্য নয় এমন গুণবিশিষ্ট। Habit; second nature. Automatism. م.اش شد সে দক্ষতা অর্জন করেছে। He mastered it.

ملکه (মালেকে/maleke) [ملک এর স্ত্রী./ Fem. of ملک] রাণী। Queen. ملکهٔ مادر রাণীমাতা (রাজার মাতা)। Queen mother.

ملکی (মেল্‌কী/melki) জমিজমা সংক্রান্ত; ব্যক্তি মালিকানাধীন জমি। Privately-owned. Landed. دلال معاملات م. জমিজমা বেচাকেনার দালাল। Real estate broker; land- agent.

ملکیت(মেল্‌কিয়্যাত্‌/melkiyyat) মালিকানা। Ownership.

ملل (মেলাল্‌/ melal) [ملت এর ব.ব./ pl. of ملت].

ململ(মোলাম্মা-/ molamma') উজ্জ্বলকৃত; উজ্জ্বল; রংবেরং; বিভিন্ন রঙবিশিষ্ট কাপড়; যে পশুর শরীরে মূল রঙের বরখেলাফে বিভিন্ন রঙের ছাপ বা তিলচিহ্ন থাকে; যে কবিতার প্রতি দুই লাইনের (বয়াত) এক লাইন আরবী ও এক লাইন ফারসী। Macaronic verse; bilingual poem.

ململ (মাল্‌মাল্‌/ malmal) মলমল (এক ধরনের মসলিন কাপড়)। Variety of muslin; mull.

ملموس(মাল্‌মূস্‌/malmus) যা অনুভব করা যায়; স্পর্শকৃত। Touched.

ملنگ (মালাঙ্গ্‌/malang) খোশখেয়ালে নিমগ্ন; আত্মভোলা। Gay. Tipsy.

ملوان(মালাভা'ন্‌/malavăn) মাল্লা; নাবিক। Sailor.

ملوانی(মালাভা'নী/malavăni) মাল্লাগিরি; নাবিকের কাজ। Sailorship; seamanship.

ملوث (মোলাভ্‌ভাস্‌/molavvas) দূষিত; নোংরা। Polluted. Contaminated. م.کردن দূষিতকরণ। To defile. To contaminate.

ملوس (মালূস্‌/ malus) সুন্দর; চমৎকার; হৃদয়হরণকারী; মনোলোভা। Lovable; pet. Mignon.

ملوط (মালূত্‌/ malut) সমকামী কর্তৃক ব্যবহৃত বা ব্যবহারের জন্য রক্ষিত বালক। Catamite.

ملوك(মোলূক্‌/ moluk) ১/1) [ملک এর ব.ব.] [pl. of ملک] ২/2) স্ত্রীবাচক নাম। Fem. pr. name.

ملوك الطوايفى (মোলূকোত্তাভা'য়েফী/ molukot-tavăyefi) সামন্ততান্ত্রিক ব্যবস্থা। Feudal (system).

ملوکانه (মোলূকা'নে/ molukăne) রাজাসুলভ; রাজকীয়; শাহানশাহী। Kingly; royal. In a kingly manner.

ملول (মালূল/ malul) বিরক্ত; ত্যক্ত বিরক্ত; মন খারাপ; দুঃখিত; বিষণ্ন; অবসাদগ্রস্ত। Wearied. Fed up. Dejected. Tepid. Indisposed.

ملوّن (মোলাভ্ভান্/ molavvan) রংকৃত; রঙিন; রঙ-বেরঙের। Colouring. [স্ত্রী./ Fem. ملونه].

مله (মালে/ male) এক ধরনের খাকী রঙের কাপড়। Species of tick.

ملهم (মোল্হাম্/ molham) যার নিকট এল্হাম হয়েছে; যাকে কোন বিষয়ে আত্মিক প্রেরণা দেওয়া হয়েছে। Inspired.

ملهم (মোল্হেম/ molhem) আত্মিক প্রেরণা দাতা। Inspirer.

ملی (মেল্লী/ melli) জাতীয়; জনপ্রিয়। National. Popular. آموزشگاه ملی জাতীয়/সরকারী শিক্ষা প্রতিষ্ঠান। Public school. باغ م. জাতীয় বাগান; ন্যাশনাল গার্ডেন। National garden. حکومت م. গণতান্ত্রিক সরকার। Democratic government. م. کردن জাতীয়করণ করা। To nationalize.

ملیت (মেল্লীয়্যাত্/ melliyyat) জাতীয়তা। Nationality.

ملیح (মালীহ্/malih) লবণাক্ত; লাবণ্যময়; সুন্দর চেহারাবিশিষ্ট; কমনীয়। Charming; of attractive beauty. Melodious.

ملیحه (মালীহে/ malihe) ১/1) ملیح এর স্ত্রী./Fem. of ملیح] ২/2) স্ত্রীবাচক নাম। Fem. pr. name.

ملیله دوزی (মালীলে দূযী/ malile-duzi) সোনা-রূপার তৈরী ঝালরের কারুকার্য। Filigree(d) work.

ملین (মোলাইয়্যেন/ molayyen) নরমকারী; জোলাপ। Laxative.

ملیون (মেল্লীয়্যূন্/ melliyyun) [ملي এর ব.ব. বিশেষ্য হিসেবে ব্যবহৃত হয়/pl. of ملی used as a noun] জাতীয়তাবাদীরা। Nationalists.

ممات (মামা'ত্/ mamăt)= موت/مرگ

ممارست (মোমা'রেসাত্/ momăresat) কোন কাজ অব্যাহতভাবে করা; চর্চা। Assiduity; application. Practice.

مماس(মোমা'স্/momăs) পরস্পর ঘর্ষণকৃত; পরস্পরকে স্পর্শকৃত; পরস্পরকে স্পর্শকারী (রেখা বা ক্ষেত্র)। Tangent.

مماشات (মোমা'শা'ত্/ momašăt) কারো সাথে পথ চলা; মিলেমিশে যাওয়া; সাথে পথ চলা; মিলমিশ (আপোস) সদয় বা প্রসন্ন আচরণ। Condescension. Pretended concordance. م. کردن মিলেমিশে যাওয়া; আপোসরফা করা। To condescend (flatteringly). To comply or agree.

ممالک(মামা'লেক্/ mamălek) [مملکت এর ব.ব./ pl. of مملکت].

ممانعت(মোমা'নেআত্/momăneat) [جلوگیری] কাউকে কোন কাজ থেকে বিরত রাখা; বাধা দেওয়া; বাধা দান; নিষেধ। Prevention.

ممتاز (মোমতা'য্/ momtăz) নির্বাচিত; বাছাইকৃত; শ্রেষ্ঠত্ব বা বিশেষ উত্তম গুণ-বৈশিষ্ট্যের অধিকারী। Distinguished; excellent. [স্ত্রী./ Fem. ممتازه]. سهام ممتازه (কোম্পানীর) অগ্রাধিকার শেয়ার। Preference shares; gilt-edgd.

ممتحن (মোম্তাহেন্/ momtahen) ১/1) পরীক্ষক। Examiner. [ব.ব./ pl. ممتحنين] [স্ত্রী. /Fem. ممتحنه]. هيئت ممتحنه পরীক্ষকমণ্ডলী। Examining board; examiners.

ممتد (মোম্তাদ্[দ্]/ momtad[d]) ১/1) দীর্ঘায়িত; প্রলম্বিত; দীর্ঘ; লম্বা। Prolonged; extended ২/2)= زياد

ممتنع (মোম্তানে-/momtane') [ব.ব./pl. ممتنعين] অসম্ভব; বিরত। Impossible. Abstainer. دونفر م. بودند দুইজন (যেমনঃ ভোট দানে) বিরত ছিলেন। There were two abstentions.

ممثل (মোমাস্সাল্/momassal) আকৃতিপ্রদত্ত; তুলনাকৃত; প্রতিকৃতি হিসেবে নির্মিত। Likened; compared. Object of comparision. غير م. অতুলনীয়। Far-fetched.

ممد (মোমেদ্[দ্]/momed[d]) সাহায্যকারী; সহায়তাকারী। Helping; promoting.

ممدوح(মাম্দূহ্/ mamduh) প্রশংসিত; প্রশংসাভাজন। Praised. Object of praise.

ممدود(মাম্দূদ্/mamdud) বর্ধিত; সম্প্রসারিত; মদ্দ-চিহ্ন (~) যুক্ত। Extended. Marked with the sign (~).

ممرّ (মামার্[র্]/ mamar[r]) অতিক্রমের জায়গা; পুল; গমনাগমন পথ; উপায়-উপকরণ। Pass(age). Outlet. Means. Source. Respect.

ممرز(মাম্রায্/ mamraz) এক ধরনের বনবৃক্ষ যা উত্তর ইরানে পাওয়া যায়। Blue beech.

ممزوج (মাম্যূজ/ mamzuj)= آميخته

ممسک (মোম্সেক্/ momsek) যে আঁকড়ে ধরে; কৃপণ। Parismonious.

ممسک الأعنّه (মোম্সেকোল্ আ-এন্নে/ momsekol-a'enne) উত্তর আকাশের নক্ষত্রপুঞ্জ বিশেষ জ্যোতির্বিদরা যাকে শকটের সাথে তুলনা করেছেন। The Auriga. or charioteer.

ممضى (মোম্যা'/ momză) স্বাক্ষরকৃত। Signed.

ممکن(মোম্কেন্/ momken) [স্ত্রী./ Fem. ممکنه] সম্ভব; যা সংঘটিত হওয়া সম্ভব। Possible. غير م. অসম্ভব। Impossible. م.است بيآيد সে আসতে পারে; সম্ভবত সে আসবে। He may come. آيا م. است بروم আমি কি যেতে পারি? May I go? تا آنجا که م. است যতদূর সম্ভব...। As much as possible; so far as possible.

ممكنه(মোম্‌কেনে/ momkene) [ব.ব./pl. ممكنات] [ممكن এর স্ত্রী./fem. of ممكن] সম্ভব বিষয়; সম্ভাবনা। Possible thing; passibility.

ممل (মোমেল্ল/momell) দুঃখজনক; বিরক্তিকর; অস্বস্তিকর। Wearisome. Disgusting.

مملكت(মামলেকাত্‌/mamlekat) [ব.ব./pl. ممالک]= کشور দেশ। Country. امور مملکتی রাষ্ট্রীয়/ সরকারী বিষয়াদি/ কাজকর্ম। State affairs.

مملو (মামলোভ[ভ্‌]/mamlov[v])= پر পূর্ণ। Full; filled.... مملواز এ পরিপূর্ণ। Full of..

مملوك (মামলূক্‌/ mamluk) [ব.ব./pl. ممالیک] দাস। Slave.

ممنوع (মাম্‌নূ-/ mamnu') [স্ত্রী ممنوعه এর ব.ব. ممنوعات নিষিদ্ধ বিষয়সমূহ] নিষিদ্ধ; বাধাগ্রস্ত; বাধাপ্রাপ্ত। Prohibited; forbidden. Debarred. [Fem. ممنوعه with pl. ممنوعات Forbidden things.

ممنوع الورود (মাম্‌নূউল্‌ ভোরূদ্‌/ mamnuol-vorud) যার প্রবেশ নিষিদ্ধ; যার আমদানী নিষিদ্ধ। The import of which is prohibited.

ممنوعیت (মাম্‌নূঈয়্যাত/ mamnu'iyat) নিষেধাজ্ঞা। Prohibition.

ممنون (মাম্‌নূন্‌/ mamnun) অনুগৃহীত; কৃতজ্ঞ। Obliged; grateful. از شما ممنونم তোমার প্রতি আমি কৃতজ্ঞ; ধন্যবাদ। I am grateful to you.

ممنونیت(মাম্‌নূনীয়্যাত্‌/mamnuniyyat) = امتنان

ممه (মামে/mame)= پستان স্তন। Breast.

ممهد (মোমাহ্‌হাদ্‌/ momahhad) বিস্তৃত; প্রস্তুত। Arranged; prepared.

ممهور(মাম্‌হূর্‌/mamhur) সীলমোহরকৃত। Sealed; stamped. م. کردن সীলমোহর করা। To seal. To stamp.

ممیز(মোমাইয়েয্‌/ momayyez) ১/1) হিসেব নিরীক্ষক; জমির খাজনা নির্ধারণকারী; জরিপকারী। Auditor; controller. Surveyor. [ব.ব./pl. ممیزین] দশমিক চিহ্ন। Decimal point. ২/2) ভালমন্দ পৃথককারী। Discerning. Discriminative. [স্ত্রী./Fem. ممیزه যেমন/Ex. قوهٔ م. ممیزه (ভাল-মন্দ) নির্ণয়কারী/ পৃথককারী শক্তি। The discriminative faculty.

ممیزعنه(মো.-আন্‌হ্‌/m.-anh) যার বিরুদ্ধে সুপ্রীম কোর্টে আপীল করা হয়েছে। Person against whom appeal has been made to the Supreme Court.

ممیزی (মোমাইয়েযী/ momayyezi) হিসেব নিরীক্ষণ; পরিদর্শন; কর নির্ধারণ; জরিপ। Audit; control. Survey.

من(মান্‌/ man) ১/1) আমি। I. من رفتم আমি গিয়েছিলাম। I went. ২/2) [অব্যয়ের পরে] আমাকে। [Governed by a preposition] Me. آنرا بمن گفت সে এ কথা আমাকে বলল। He told it to me. ৩/3) [সম্বন্ধ পদের পরে] আমার। [Preceded by

an ezafah] My. برادر من আমার ভাই। My brother.

من (মান্/ man) ওজনের একক (মন) যার পরিমাণ বিভিন্ন যুগে ইরানের বিভিন্ন স্থানে বিভিন্ন রকম; প্রায় ৩ কেজি ওজনের পরিমাপ একক [কয়েক গ্রাম থেকে সর্বোচ্চ ১৩৮ কিলোগ্রাম পর্যন্ত] ছিল। Unit of weight approximately=3 kilogrammes.

منّ (মান্নান্/ mann) মান্না (এক ধরনের অলৌকিক খাদ্য যা বনি ইসরাইলকে ফিলিস্তিনে উদ্‌ভ্রান্ত থাকাকালে আল্লাহ্‌র পক্ষ থেকে দেওয়া হত)। Manna.

منابر (মানা'বের্/ manăber) [منبر এর ব.ব./ pl. of منبر].

منابع (মানা'বে-/ manăbe') [منبع এর ব.ব./ pl. of منبع].

منات (মানা'ত্/ manăt) রুবল। Rouble.

مناجات (মোনা'জা'ত্/ monăjăt) মোনাজাত; আল্লাহ্‌র কাছে আবেদন-নিবেদন। Fervent prayer [often chanted].

منادم (মোনা'দেম্/monădem) বন্ধু; সাথী; সহচর। Companion. [দ্র./S.u. نديم].

منادمت (মোনা'দেমাত্/monădemat) বন্ধুত্ব; সাহচর্য। Companionship.

منادی (মোনা'দী/ monădi) আহ্বানকারী; শহরের রাস্তায় যে সরকারী হুকুম বা অন্য কোন বিষয় উচ্চৈঃস্বরে ঘোষণা করে। Proclaimer; herald. Public crier.

منادی (মোনা'দা'/ monădă) আহূত; যাকে ডাকা হয়েছে; প্রকাশ্যে বা সর্বসমক্ষে উচ্চৈঃস্বরে ঘোষিত খবর বা অন্য কোন বিষয়; সম্বোধিত ব্যক্তি বা নাম। Addressed.

منار (মানা'র্/ manăr)= مناره

مناره(মানা'রে/manăre) মিনার; বাতিঘর। Minaret. Lighthouse.

منازعه (মোনা'যেএ/ monăze'e) ঝগড়া; পরস্পর ঝগড়া-বিবাদ করা; ঝগড়া-বিবাদ। Litigation. Quarrel.

منازل (মানা'যেল্/ manăzel) [منزل এর ব.ব./ pl. of منزل].

مناسب (মোনা'সেব্/ monăseb) যথাযথ; মিলমত। Suitable; fit. (Rather) cheap. مناسب موقع সময়ের উপযোগী। Fit for the occasion.

مناسبات (মোনা'সেবা'ত্/ monăsebăt) সম্পর্কসমূহ; উপলক্ষসমূহ। Ralations. Occasions. [তুল./এ. ব./Cf. the s. مناسبت]

مناسبت (মোনা'সেবাত্/ monăsebat) [ব.ব./pl. مناسبات] পারস্পরিক সম্পর্ক; অনুরূপ হওয়া; সাযুজ্য; উপলক্ষ। Suitability; fitness. Relation. Occasion. م. داشتن প্রাসঙ্গিক হওয়া; উপলক্ষ থাকা। To be fit or opportune. To be based on some reason. ... بمناسبت ...উপলক্ষে/প্রসঙ্গে। On the occasion of. Due to. بچه مناسبت কি উপলক্ষে? কি প্রসঙ্গে? কেন? For what reason? What is the occasion.

مناسک(মানা'সেক্/ manăsek) [منسک এর ব.ব./pl. of منسک]= مراسم

مناصب(মানা'সেব্/ manăseb) [منصب এর ব.ব./ pl. of منصب].

مناصفه (মোনা'সেফে/ monăsefe) আধাআধি করা; ভাগ করা। Dividing in halves.

مناط(মানা'ত্/manăt) দলিল-প্রমাণ; ভিত্তি; দৃষ্টান্ত। Basis. Example.

مناطق (মানা'তেগ্ব/ manăteğ) [منطقه এর ব.ব./ pl. of منطقه].

مناظر (মানা'যের্/ manăzer) [منظر এর ব.ব./ pl. of منظر] [স্ত্রী./ Fem. منظره].

مناظره (মোনা'যেরে/ monăzere)= مناظرات বিতর্ক ও বাহাস করা; বিতর্ক ও ঝগড়া। Debate; dispute.

مناعت (মানা'আত্/manăat) শক্তিশালী ও সুদৃঢ় হওয়া; উন্নত দৃষ্টিভঙ্গিসম্পন্ন হওয়া; দৃঢ়তা; উন্নত দৃষ্টি। Inaccessibility. Magnanimity. Proper pride.

منافات (মোনা'ফা'ত্/monăfăt) অসঙ্গতি; ভিন্নতা; বিরোধ। Incompatibility. Inconsistency. م. داشتن با ... কারো বা কিছুর সাথে সঙ্গতিহীন হওয়া। To be inconsistent with.

منافذ (মানা'ফেয্/ manăfez) [منفذ এর ব.ব./ pl. of منفذ].

منافع (মানা'ফে-/ manăfe') লাভসমূহ; সুবিধাসমূহ; স্বার্থসমূহ। Interests. Profits. [তুল. এ. ব./Cf. the s. منفعت]

منافق (মোনা'ফেগ্ব/ monăfeğ) [ব.ব./pl. منافقين] যার ভেতর-বাইরে পরস্পর বিরোধী; দোমুখো; যে মুখে মুসলমান অন্তরে কাফের; মুনাফিক। Hypocritical. Seditious. Mischief-maker. Hypocrite.

منافقت (মোনা'ফেগ্বাত্/ monăfeğat)= دورويى/ تزوير

منافى (মোনা'ফী/ monăfi) অস্বীকারকারী; বিরোধী; বিপরীত পরিপন্থী। Inconsistent. Inconsistent with; repugnant to. عمل منافى عفت সতীত্বের পরিপন্থী কাজ। Unchaste act.

مناقب (মানা'গ্বেব্/ manăğeb) [منقبت এর ব.ব./pl. of منقبت].

مناقشه(মোনা'গ্বেশে/monăğeše) [ব.ব./ pl. مناقشات] ঝগড়া করা; কারো সাথে (বিশেষ করে হিসেবের ক্ষেত্রে) কড়াকড়ি করা; ঝগড়া। Dispute.

مناقصه (মোনা'গ্বেসে/monăğese) সর্বনিম্ন দরপত্রদাতার কাছ থেকে ক্রয় করা; দরপত্র আহ্বান; নিলাম। Calling for tenders. Tender. Buying from the lowest bidder. آگهى م. دادن নিলাম বিজ্ঞপ্তি প্রদান। To call for tenders. به م. گذاشتن নিলামে দেওয়া। To put out to tenders; invite bids for. حائزحد اقل م. شدن সর্বনিম্ন দরপত্রদাতা হওয়া। To be the lowest bidder.

منال(মানা'ল্/ manăl) মুনাফা; লাভ; ধন-সম্পদ; জমিজমা। Profit or share. منال ديوانى দেওয়ানী খাতে সরকারী আয়। Government's

share of the proceeds of a ceded crown land.

منام (মানা'ম্/manăm)= خوابگاه/خواب

منان (মান্না'ন্/mannăn) পরম অনুগ্রহশীল; আল্লাহ্‌র গুণবাচক নাম। Munificent or beneficent: epithet of God.

مناهی (মানা'হী/ manăhi) [منهی এর ব.ব./ pl. of منهی] নিষেধকৃত বিষয়সমূহ; নিষিদ্ধ বিষয়াবলী। Prohibited acts; sins.

منباب (মেন্‌বা'বে/men-băbe)...হিসেবে। By way of.

منبت (মোনাব্বাত্/ monabbat) কাঠের ওপরে ফুল, লতাপাতা ইত্যাদির খোদাইকৃত নকশা। Inlaid. Fretted.

منبت کاری (মো.-কা'রী/ m.-kari) কাঠের ওপরে খোদাইয়ের কাজ। Fretwork. Inlaid work.

منبر (মেম্বার/ menbar) [ব.ব./pl. منابر] মসজিদের মিম্বর; রুটির কারখানার গরম রুটি ঠাণ্ডা করার জন্য ছড়িয়ে রাখার উঁচু বেঞ্চি। Raised structure for a preacher; pulpit. Baker's board on which bread is exhibited. قبل از قاضی به م. رفتن অগ্রিম মন্তব্য করা। To prejudge.

منبسط (মোন্‌বাসেত্/monbaset) সম্প্রসারিত; খুশী; আনন্দিত; আহ্লাদিত। Expanded. [স্ত্রী./ Fem. منبسطه]. م. کردن সম্প্রসারিত করা। To expand. عضلهٔ منبسطه সম্প্রসারণশীল পেশী। Extensor-muscle.

منبع (মান্‌বা-/ manba') [ব.ব./pl. منابع] ফোয়ারা; উৎস; সূত্র। Source. Cistern. Origin. منبع موثق নির্ভরযোগ্য/ বিশ্বস্ত সূত্র। Reliable source; authority. منابع طبیعی প্রাকৃতিক সম্পদ। Natural resources.

منبعد (মেন্‌বা-দ্/ menba'd) অতঃপর। Henceforth.

منبه (মোনাব্বেহ্/monabbeh) সতর্ককারী। Awakening.

منت (মেন্নাত্/ mennat) [ব.ব./ pl. منن] কারো কল্যাণ সাধন বা উপকার করার পর খোটা দেওয়া; অনুগ্রহ; কল্যাণ সাধন। Obligation; indebtedness. Praise. Grace; favour. از کسی منت داشتن কারো অনুগ্রহভাজন হয়ে থাকা। To hold oneself indebted to some one for his favour. م. بر سر کسی گذاشتن কারো প্রতি অনুগ্রহ করে খোটা দেওয়া। To remind some one of a favour done to him; not let him forget it; reproach him for it. م. از کسی کشیدن অনুগ্রহের বিনিময়ে কারো বাধ্যবাধকতার অধীনে পড়া। To put oneself under a person's obligation for his favour; be beholden to some one for a favour. به منتش نمی ارزد কারো অনুগ্রহ এর জন্য অনুগ্রহ প্রার্থনা মানায় না। It is not worth asking for the favour.

من تبع(মান্‌তাবে-/man-tabe') অনুসারী/অনুসারিগণ। Followers.

منتج(মোন্তাজ/montaj) ফলশ্রুতি; উপকার; উৎপাদিত দ্রব্য। Resulting. Inferred. منتج شدن ফলপ্রসূ হওয়া; কাজে লাগা। To result.

منتج (মোন্তেজ/ montej) ফলদানকারী; উপকারী; ফলপ্রসূ। Producing a result. [Often redundantly منتج نتیجه] [منتج نتیجه ও বলা হয়]

منتحل(মোন্তাহেল্/ montahel) যে অন্যের সাহিত্যকর্ম চুরি করে নিজ নামে চালায়। Plagiarist.

منتخب (মোন্তাখাব্/montaxab) [ব.ব./ pl. منتخبین] নির্বাচিত; মনোনীত। Elected. [স্ত্রী./Fem. منتخبه].

منتخب (মোন্তাখেব্/ montaxeb) [ব.ব./pl. منتخبین] নির্বাচনকারী; মনোনয়নকারী; নির্বাচক। Elector. Chooser.

منتخبات(মোন্তাখাবা'ত্/montaxabăt) منتخب এর স্ত্রী. منتخبه এর ব.ব.] নির্বাচিত বিষয়াবলী। [pl. of منتخبه fem. of منتخب Selections.

منتر کردن (মান্তার্ কার্দান্/ mantar-kardan) যাদু করা; যাদুগ্রস্ত করা; আজ্ঞাবহ করে ফেলা। To enchant by animal magnetism; magnetize. cause to follow or obey.

منتزع (মোন্তাযা-/ montaza') বিচ্ছিন্ন; পৃথককৃত। (Being) wrested.

منتسب (মোন্তাসাব্/ montasab) যার প্রতি সম্পর্ক আরোপ করা হয়েছে; সম্পর্কযুক্ত; আত্মীয়-স্বজন। Related.

منتشر (মোন্তাশের/ montašer) প্রকাশিত; প্রচারিত; বিলিকৃত; বিস্তার লাভকারী; ছড়িয়ে পড়া। Published. Circulated. م. شدن প্রকাশিত হওয়া। To be published. م. کردن প্রকাশ করা; ছড়িয়ে দেওয়া; প্রচার বা বিলি করা। To publish. To spread. To circulate or issue.

منتصر(মোন্তাসের্/montaser)= پیروز

منتظر (মোন্তাযার্/ montazar) প্রতীক্ষিত; প্রত্যাশিত। Expected. [স্ত্রী./ Fem. منتظره]. غیر منتظره অপ্রত্যাশিত। Unexpected.

منتظر (মোন্তাযের্/montazer) প্রতীক্ষাকারী; প্রত্যাশাকারী; অপেক্ষমাণ। Waiting. منتظر . . . شدن কোন কিছুর অপেক্ষায় থাকা। To wait for.

منتظر الوکاله (মোনতাযেরোল্-ভেকা'লে/ montazerol-vekăle) (ঠাট্টাসহকারে/ ব্যঙ্গাত্মক: হবু প্রতিনিধি/সংসদ সদস্য; যে প্রতিনিধি (সংসদ সদস্য) হতে আগ্রহী। (Humourous) Would be deputy; aspirant to the position of M.P.

منتظم(মোন্তাযাম্/montazam) সুশৃঙ্খল; মালায় গাঁথা মুক্তা; সাজানো গোছানো। Regular.

منتفع(মোন্তাফে-/montafe') মুনাফাকারী; লাভবান। Deriving a benefit. م.... شدن থেকে লাভবান হওয়া। To profit by; be benefited by.

منتفی شدن(মোন্তাফী শোদান্/ montafi-šodan) নিশ্চিহ্ন হওয়া;

অস্তিত্বহীন হওয়া; অন্তর্হিত হওয়া। To cease to exist; lose its point.

منتقد (মোন্‌তাগ্বেদ/ montağed) সমালোচক। Criticizer.

منتقل (মোন্‌তাগ্বেল্/montağel) স্থানান্তরিত; যে স্থানান্তরিত হয়; বোঝানো। Transferred. Moved. Made to understand.

منتقل اليه (মোন্তাগ্বেলোন্-এলাইহে/ montažalon-elayh)= انتقال گیرنده

منتقم (মোন্‌তাগ্বেম্/ montağem) প্রতিশোধ গ্রহণকারী। Revenger.

منّت گذار(মেন্নাত্‌গোযা'র্/ mennat-gozar) অনুগ্রহ প্রকাশকারী। Obliger.

منتها (মোন্‌তাহা'/montahă)=منتهی সর্বোচ্চ; চূড়ান্ত সীমা; চূড়ান্ত। Maximum; utmost [extent]. منتهای آرزوی وی তার চূড়ান্ত আকাঙ্ক্ষা। His utmost desire.

منتها (মোন্‌তাহা'/montahă)= منتهی বিশেষণের বিশেষণ হিসেবে পরিবর্তিত অর্থে ব্যবহার] বড়জোর; শেষ পর্যন্ত; এ ছাড়াও; একমাত্র; প্রকৃত অর্থে; প্রকৃত ব্যাপার হচ্ছে। At the most. At (the) latest. Except that; only; the thing .

منتهی (মোন্‌তাহা'/montahă)= منتها

منتهی (মোন্‌তাহী/ montahi) শেষ; চূড়ান্ত; কোন জ্ঞান-বিজ্ঞানে পূর্ণ দক্ষ ব্যক্তি। Ending. ... منتهی شدن به ...তে উপনীত/উন্নীত। To end or culminate in.

منتهی اليه(মোন্‌তাহা' এলাইহ্/ montahă-elayh)= منتها اليه প্রান্ত; দূরতম প্রান্ত। End. Extremely farthest end.

منتهی درجه (মোন্‌তাহা' দারাজে/ montahădaraje) সর্বোচ্চ মাত্রা। Highest degree. به منتهی درجه সর্বোচ্চ মাত্রায়; চূড়ান্তভাবে। To the highest degree; extremely.

منثور(মান্‌সূর্/mansur) বিক্ষিপ্ত; অবিন্যস্ত; গদ্য; ফুল; যা রাতে ফোটে এক ধরনের। Written in prose. شعر م. গদ্যকবিতা। Blank verse.

منجانب (মেন্‌জা'নেব্/ menjăneb) হতে; পক্ষ থেকে; দ্বারা। From; on the part of; by. منجانب الله আল্লাহ্‌র পক্ষ থেকে। From God.

منجذب(মোন্‌জাযেব্/monjăzeb) আকৃষ্ট; আকর্ষিত। Attracted; drawn.

منجر (মোনজার্‌[র্]/monjar[r]) যাকে টেনে নেওয়া হয়; টানা; যে কোন পরিণতিতে উপনীত হয়। Heading. Terminating; resulting. م. شدن به ...এ উপনীত হওয়া। To culminate in. To result in.

منجّز(মোনাজ্‌জায্/monajjaz) (প্রতিশ্রুতি) পূরণকৃত; শর্তহীন। Fulfiled. Unconditional.

منجّزاً (মোনাজ্‌জাযান্/ monajjazan) পূরণকৃতভাবে; শর্তহীনভাবে। Unconditionally.

منجلاب(মান্‌জালা'ব্/ manjalăb) ময়লা পানি জমা করার গর্ত বা কূপ; ময়লা ও দুর্গন্ধযুক্ত পানি। Voidance water.

منجلی(মোন্‌জালী/monjali) উজ্জ্বল; সুস্পষ্ট; সহজে দেখা যায় এমন; প্রকাশমান। Clear; conspicuous.

منجم (মোনাজ্জেম্/ monajjem) [ব.ব./pl. اختر شناس=[مجمین

منجمد (মোন্‌জামেদ্/ monjamed) জমাট; জমাটবদ্ধ। Frozen. [স্ত্রী./ Fem. منجمده]. م. شدن জমাট বাঁধা। To freeze. م. کردن জমাট বাঁধানো। To cause to freeze; congeal.
اقیانوس منجمد شمالی উত্তর মহাসাগর। Arctic Ocean.
اقیانوس منجمد جنوبی দক্ষিণ মহাসাগর। Antarctic Ocean.
منطقهٔ م. হিমমণ্ডল। Frigid Zone.

منجمله (মেন্‌জোম্‌লে/men-jomle) অন্যতম; সহ; যেমন। Among others. Including. Such as. Such is; such are.

منجنیق (মান্‌জানীগ্‌/ manjaniğ) পাথর বা অগ্নিপিণ্ড নিক্ষেপের ধনুক। Catapult; ballista.

منجوق (মান্‌জূগ্‌/ manjuğ) পতাকাদণ্ডের মাথায় ব্যবহৃত গোলক। Glass beads.

منجی(মোন্‌জী/monji)=رهاننده মুক্তিদাতা। Saviour.

منحرف(মোন্‌হারেফ্‌/monharef) যে বাঁকা পথে চলে; পথভ্রষ্ট; অসমবাহু চতুর্ভুজ। Deviated. م. ساختن পথভ্রষ্ট করা; বিকৃতির দিকে ঠেলে দেওয়া। To deviate. To pervert.

منحصر(মোন্‌হাসের্‌/monhaser) সীমাবদ্ধ; নির্ধারিত; সীমিত। Confined. Limited. Exclusive. م. به فرد একক; স্বতন্ত্র বৈশিষ্ট্যমণ্ডিত। Unique; single in kind.

منحصراً (মোন্‌হাসেরান্‌/ monhaseran) এককভাবে; বিশেষভাবে। Exclusively.

منحل (মোন্‌হাল[ল]/ monhal[l]) যা মিশে বা গলে গেছে; বিলুপ্ত; অবলুপ্ত। Dissolved; disbanded. Wound up.

منحنی (মোন্‌হানী/monhani) বক্র; বাঁকানো; নমনীয়। Curved.
منحنی تراز বর্ণবৈচিত্র্যের দ্বারা বিভিন্ন বস্তুর পরিচয় নির্দেশক নকশা। Contour.

منحوس (মান্‌হূস্‌/ manhus) অশুভ; অলক্ষুণে। Sinister. Wretched.

من حیث المجموع (মেন্‌ হেয়সোল্‌ মাজ্‌মূ/men-hoeysol-majmu')= روی همرفته সার্বিকভাবে; সর্বসাকুল্যে। On the whole.

منخرین (মোন্‌খারেইন্‌/ monxareyn) নাকের দুই ছিদ্র। Nostrils.

منداب (মান্‌দা'ব্‌/ mandăb) তেলবীজ উৎপাদনের জন্য চাষকৃত বুনো শালগম। Wild rocket.

من درآوردی (মান্‌ দার্‌অ'ভার্‌দী/ man-dar-ăvardi) স্বকল্পিত; নিয়মবহির্ভূত; মনগড়া। Self-invented. Immethodical. Eccentric.

مندرج(মোন্‌দারেজ্‌/mondarej) যা প্রবিষ্ট হয়; সন্নিবেশিত; লিপিবদ্ধ [স্ত্রী. مندرجه এবং এর ব.ব. مندرجات বিষয়বস্তু]।

Inserted. [Fem. مندرجه with pl. مندرجات Contents.].

مندرس (মোন্‌দারেস্/mondares) জরাজীর্ণ; ব্যবহার অনুপযোগী। Worn out. Obliterated.

مندفع (মোন্‌দাফে-/ mondafe') যা তিরোহিত বা দূরীভূত হয়। Repulsed.

منزجر(মোন্‌যাজের্/monzajer)= بیزار বিরক্ত; ত্যক্তবিরক্ত। Disgusted.

منزل (মান্‌যেল্/ manzel) সফরে যাত্রাবিরতিস্থল; বাড়ী; ঘর; মনজিল স্তর; পর্যায়; লক্ষ্য। Lodging; accommodation; house; quarters. Halting place. Stage; degree; goal. منزل اجاره ای ভাড়া বাড়ী। Lodging; diggings. م. دادن(به) (কাউকে) থাকতে; বসবাস করতে দেওয়া। To lodge; accommodate. م. کردن (কোথাও) বসবাস শুরু করা। To lodge.

منزل (মোন্‌যাল্/ monzal) [স্ত্রী./ Fem. منزله] নিচে নেমে এসেছে এমন; ওহি; অবতারিত। Sent down (from heaven).

منزلت (মান্‌যেলাত্/ manzelat) স্তর; পর্যায়; মর্যাদা; মর্তবা; পদমর্যাদা। Rank. Esteem.

منزلگاه (মান্‌যেলগা'হ্/ manzelgah) অবতরণস্থল; মনজিল। Halting place. Goal.

منزله(মান্‌যেলে/manzele)= منزلت بمنزلهٔ যেমন; ...পর্যায়ে; ...এর সদৃশ। As; in the rank of. Tantamount to.

منزوی(মোন্‌যাভী/ monzavi) নির্জনবাসী; জনগণ থেকে বিচ্ছিন্ন; ঘরকুনো; কোণঠাসা। Hermit; recluse. Secluded. م. شدن কোণঠাসা হওয়া; নিঃসঙ্গ জীবন যাপন। To retire; live in seclusion.

منزه (মোনায্‌যাহ্/ monazzah) পবিত্র; পাক; নিখাদ। Pure; guiltless. Infalible. Transcendent. م. از... থেকে মুক্ত/পবিত্র। Free from.

منسوب (মান্‌সূব্/ mansub) সম্বন্ধযুক্ত; সম্পর্কিত; সম্পর্কযুক্ত; আত্মীয়-স্বজন; ব.ব./pl. منسوبین] আত্মীয়-স্বজন [خویشاوندان]। Related; allied. Imputed; ascribed. আত্মীয়-স্বজন। Relatives. م. کردن به (কোন কিছুর বা কারো) সাথে সম্পর্কযুক্ত করা বা সম্পর্ক নির্দেশ করা। To charge with.

منسوج(মান্‌সূজ/mansuj)= بافته বয়নকৃত; কাপড় [স্ত্রী./fem. منسوجه এর ব.ব./pl. منسوجات বয়নকৃত বস্ত্র]। Textile; tissue. بافته Woven. [Fem. منسوجه with the pl. منسوجات textile or woven fabrics].

منسوخ (মান্‌সূখ্/ mansux) রহিত; বিলুপ্ত; বাতিলকৃত। Abolished.

منش(মানেশ্/maneš) [رغبت] মন-মানস; মেজাজ; অভ্যাস; আগ্রহ-প্রবণতা। Nature; disposition. Relish.

منشأ(মান্‌শা-/manša') জন্মস্থল; উৎসস্থল; উৎস। Source. منشأ اثر কার্যকর বা

যথাযথ উৎসজাত। Effective. Valid. منشا اثر نیست যথাযথ উৎসজাত নয়। It is null and void.

منشآت (মোন্‌শাঅ'ত্‌/ monšaăt) [منشا এর স্ত্রী منشا এর ব.ব.] লিখিত বিষয়াদি; চিঠিপত্রাদি। [pl. of منشا fem. of منشاء] Epistolary writings. Compositions.

منشعب (মোন্‌শায়েব্‌/mmonša'eb) শাখা-প্রশাখায় বিস্তৃত; শাখা-প্রশাখায় বিভক্ত। Branching. Forked. م. شدن শাখা-প্রশাখায় বিভক্ত হওয়া। To branch out (or off). م. کردن শাখা-প্রশাখায় বিভক্ত করা। To divide into branches.

منشق (মোন্‌শাগ্ব/ monšağ) যা বিভক্ত হয়ে যায়; যাতে ফাটল ধরে; বিভক্ত; ছিন্ন। Split; forked.

منشور (মান্‌শূর্‌/ manšur) প্রকাশিত; বিক্ষিপ্ত; পুনরুত্থিত; সরকারী ঘোষণাপত্র; প্রিজম। Charter. Firman; patent. Prism.

میخکوب (মীখকূব্/ mixkub) পেরেক বসাবার হাতিয়ার; স্থির; গতিহীন। Pile-driver. Mallet. م. کردن পেরেক বসানো; নিশ্চিতকরণ। To stud with nail. To nail [up]. To ensure.

میخکوبی (মীখকূবী/ mixkubi) পেরেক মারা; পাইলিং করা। Staking. Pile-driving. Driving nails.

میخوار (মেইখা'র্/ meyxăr)= میگسار

میخواری (মেইখা'রী/ meyxări)= میگساری

میخوش (মেইখোশ্/ meyxoš) টক-মিষ্টি স্বাদবিশিষ্ট। Subacid.

میخی (মীখী/ mixi) পেরেক সংক্রান্ত; পেরেকবৎ; দরবেশদের খের্কা। Nail-shaped. Cuneiform.

میدان (মেইদা'ন্/meydăn) [ব.ব./pl. میادین] ময়দান; মাঠ; স্কোয়ার; গোলচক্কর; ক্ষেত্র কাজের ক্ষেত্র বা সুযোগ। Square; open space. Field. Furlong. Range. Liberty of action. میدان مغناطیسی চৌম্বক ক্ষেত্র। Magnetic field. میدان اسب دوانی ঘোড়দৌড়ের মাঠ। Race-course. میدان جنگ রণক্ষেত্র; যুদ্ধের ময়দান। Battlefield. روز میدان মোকাবিলার দিন; যুদ্ধের দিন। Field- day; day of battle. ময়দান ছেড়ে পালানো; কাপুরুষতার পরিচয় দেওয়া। To show the white feather.

میدانگاه (মে.-গা'হ্/m.-găh) খোলা ময়দান; মাঠ; স্কোয়ার; গোলচক্কর। Open space; square.

میده (মেইদেহ্/ meydeh) ময়দা। Fine flour.

میر (মীর্/ mir) [مردن এর অনু./Imp. of مردن] দ্র./S.u. مرگ]

میر (মীর্/ mir)= امیر মীর; সৈয়দ।

میراب (মীরা'ব্/ mirăb) পানি বণ্টনকারী। Water-distributor.

میراث (মীরা'স্/ miräs) উত্তরাধিকার; মি'রাসী সম্পদ। Inheritance. (به)م. بردن মিরাসী সম্পদ লাভ করা। To inherit.

میراث بر (মী.-বার্/ m.-bar)= وارث

میراخور(মীরা'খোর্/ mirăxor) যে ব্যক্তি ঘোড়া দেখাশোনা করে; অশ্বচালক; সভাসদ; রাজকর্মচারী। Head-groom; master of the horse; equerry.

میراندن(মীরা'ন্দান্/ mirăndan) মৃত্যু ঘটানো; মৃত্যুর কারণ হওয়া; হত্যা করা। To cause to die; deprive of life. [তুল./ C.f. کشتن]

میرزا (মীর্যা'/ mirză) ১/1) কোন সম্ভ্রান্ত লোক বা রাজকুমারের নামের পূর্বে ব্যবহৃত উপাধি; যা বর্তমানে পরিত্যক্ত। Abolished title used before a gentleman's or after a prince's name. [মূ. অ./ Orig. আমিরতনয়; আমিরজাদা; শাহজাদা। Son of a prince]. ২/2)= دبیر/منشی

میرزا بنویس(মী.-বেনেভিস্/ m.-benevis) অল্প শিক্ষিত মুন্সী/ সচিব বা স্বল্প বুদ্ধিসম্পন্ন লেখক (ড্রাফটসম্যান); যাকে অক্ষরে অক্ষরে বলে দিয়ে লেখাতে হয়; বিশেষ কোন নির্দিষ্ট দায়িত্ব নেই, বরং যে কোন নির্দেশিত কাজ করে, বিশেষত লেখার কাজ করে এমন কর্মচারী; জ্বী-হুজুর। Clerk who writes only what is dictated to him; yesman.

میر شکر (মীর্ শেকা'র্/mir-šekar) রাজার শিকারিগণের সর্দার। Master of the hunt.

میرغضب(মীর্ গাযাব্/mir-ğazab) জল্লাদ। Executioner.

میز(মীয্/miz) টেবিল। Table. میز تحریر ডেস্ক; লেখাপড়ার টেবিল। Desk. میزگرد গোল টেবিল। Round table. سر م. টেবিলে; টেবিলে যথাস্থানে (যে আবেদন বা ফাইল অবিলম্বে দেখা হবে)। At table. فرهنگ میزی ডেস্ক অভিধান। Desk dictionary.

میزاب(মীযা'ব্/mizăb)= ناودان ছাদের পানি নিচে মাটিতে আসার জন্যে ব্যবহৃত পাইপ বা নালা। Rainpipe.

میزان (মীযা'ন্/ mizăn) [ব.ব./pl. موازین ১/1)= ترازو ২/2) তুলা রাশি। Libra. ৩/3) ইরানী পঞ্জিকার সপ্তম মাসের পুরনো নাম; বর্তমানের এটিকে مهرماه বলা হয়। Sevenh month of the Iranian year now called مهر ماه ৪/4) পরিমাপ। Measure. ৫/5) পরিমাণ। Amount. ... بمیزان ...পরিমাণে। Amounting. م.کردن ঠিক করা, যেমন ঘড়ির সময় ঠিক করা; সমন্বয় করা; পরিমিত করা; নিয়মিত করা। To set, as a watch. To adjust or regulate; focus.

میزان الحراره (মীযা'নোল্ হারা'রে/ mizănol-harăre)= گرماسنج

میزان الهوا (মীযা'নোল্ হাভা'/ mizănol-havă)= هواسنج

میزانه (মীযা'নে/mizăne) পরিমাপ; সময়; বেগমাত্রা। Measure; time; tempo. چوب م. ব্যাটন; লাঠি। Baton.

میزانه شمار (মী.-শোমা'র্/ m.-šomăr) সঙ্গীতে তাল রাখার জন্য যন্ত্র বিশেষ। Metronome.

میزبان (মীয্বা'ন্/ miz-băn) মেজবান; যিনি মেহমানদারী করেন; আপ্যায়নকারী। Host(ess).

میزبانی (মীয্বা'নী/ miz-băni) মেহমানদারী; মেজবানের কাজ; আপ্যায়ন। Duty of a host(ess); entertainment.

میزه(মীযে/mize)= پیشاب প্রস্রাব। Urine.

میزه راه(মী.-রা'হ্/ m.-răh) মূত্রনালী। Urethra.

میزه شناسی (মী.-শেনা'সী/ m.-šenăsi) মূত্র সংক্রান্ত রোগ-ব্যাধি বিষয়ক বিজ্ঞান। Urinology.

میزه نای (মী.-না'য়/ m.-năy) মূত্রনালী। Ureter.

میسّر(মোইয়াস্সার্/moyassar) সহজীকৃত; সহজলভ্য; সম্ভব; সহজ। Possible. Procurable. Easy. [তুল./C.f. شدنی / ممکن]

میش (মীশ্/miš) ভেড়ী; মেষ; দুম্বা। Ewe.

میشن (মীশান্/ mišan)= میشین ভেড়া; মেষ বা দুম্বার পাকা চামড়া। Sheep leather; basil or basan.

میشوم (মেইশুম্/ meyšum) অশুভ; অমঙ্গলসূচক। Inauspicious.

میشی (মীশী/ miši) মেষ সংক্রান্ত; মেষের ন্যায়; নীল ও খয়েরী রঙের মাঝামাঝি রংবিশিষ্ট। Hazel; maroon.

میعاد (মীঅ'দ্/ mi'ăd) প্রতিশ্রুতি প্রদানের স্থান ও কাল। Rendezvous.

میعاد گاه (মী.-গা'হ্/ m.-găh)= میعاد.

میعان (মায়াঅ'ন্/ mayaăn) তারল্য। Liquidity.

میغ (মীগ্ব/ miğ)= [ابر] مه কুয়াশা; মেঘ। Fog. Cloud.

می فروش (মেই ফোরূশ্/ mey-foruš) মদ বিক্রেতা; মদের দোকানের মালিক; বার মালিক। Tavern-keeper. Wine-seller.

میکائیل (মীকা'ঈল্/ mika'il) মিকাইল ফিরিশতা। Michael.

میکده(মেইকাদে/ mey-kade)= میخانه

میکروب(মীক্রোব্/mikrob) রোগ জীবাণু; ব্যাকটেরিয়া। Microbe; bacteria; germ.

میکروب شناس(মী.-শেনা'স্/m.-šenăs) জীবাণুবিদ্যাবিশারদ। Bacteriologist.

میکروب شناسی(মী.-শেনা'সী/ m.-šenăsi) জীবাণুবিদ্যা। Bacteriology.

میکروب کش (মী.-কোশ/m.-koš) জীবাণুনাশক। Microbicide.

میکروسکوپ(মীক্রোস্কোপ্/ mikroskop) অণুবীক্ষণ যন্ত্র। Microscope.

میکروفون (মীক্রোফোন্/mikrofon) মাইক্রোফোন। Microphone.

میگسار (মেইগোসা'র্/mey-gosăr) মদ্যপ; শরাবখোর; মদ পরিবেশনকারী। Wine-bibber.

میگساری (মে.-গোসা'রী/m.-gosări) মদ পান; শরাবখোরী; মদ পরিবেশন। Wine-drinking.

میگو (মেইগূ/ meygu) চিংড়ি। Prawn; shrimp.

میل(মেইল্/meyl) [ব.ব./pl. امیال] আগ্রহ; কামনা; ঝোঁক; প্রবণতা; ঝুঁকে পড়া; বিচ্যুতি। Desire; wish; inclination; desideration; trend. م. داشتن পছন্দ করা; আগ্রহ করা; কামনা করা; মূ. অ. (কোন কিছুর দিকে) ঝুঁকে পড়া]। To like. To wish or desire. OS. To be inclined (toward). ›
م. فرمودن (آشامیدن অথবা خوردن এর সৌজন্য ও বিনয়বাচক) খাওয়া; পান

করা। [Polite substitute for خوردن or آشامیدن To eat or drink; take.] با کمال م. পরিপূর্ণ আগ্রহের সাথে। Most willingly.

میل (মীল্/mil) রড; দণ্ড; কাঠি; সুরমা কাঠি; কাঠের ওপর নকশা কাটার ছোট বাটালি; যে কোন সরু ও লম্বা ধাতব হাতিয়ার; আলপিন। Rod; bar; shaft. Pin. میل بافندگی (সোয়েটার ইত্যাদির) বুনন-কাঁটা। Knitting- needle. میل ورزشی লাঠি খেলার লাঠি; মুগুর। Indian club.

میل(মীল্/mil) মাইল (দূরত্ব মাপের একক)। Mile.

میلاد (মীলা'দ্/ milăd) জন্মকাল; জন্মদিন; জন্ম; খৃস্টাব্দ। Birth. Christian era. پیش از م. খৃস্টপূর্ব; খৃস্টপূর্ব অব্দ। Before the birth of Christ. پس از میلاد খৃস্টাব্দ। After the birth of Christ. عید میلاد مسیح হযরত ঈসার (আঃ) জন্মদিন; বড় দিন। Christmas.

میلادی (মীলা'দী/ milădi) খৃস্টীয় (সন)। Of the Christian era. در سال شصت م. ৬০ খৃস্টাব্দে। In the year 60 A.D.

میل میلی (মীল্‌মীলী/ milmili) খাড়াভাবে ফাঁক ফাঁক করে তৈরী কাপড় বিশেষ। Corded; ribbed.

میله(মীলে/mile) রড; কাঠি; নালা ও কূপের গাত্রস্থ ছিদ্র; ফুলের পুং কেশর। Bar; shaft; rod Rib. Bot. Filament.

میله ای(মীলেঈ/mile'i) দণ্ড বা বড় বিশিষ্ট। Roller-bearing.

میلی(মীলী/ mili) মানসিক শক্তি সম্বন্ধীয়; ইচ্ছাজাত। Facultative Of one's free will.

میلیارد (মেলিয়ার'দ্/ melyard) বিলিয়ন; এক শ' কোটি। Milliard (billion).

میلیگرم (মীলীগেরাম্/ miligeram) মিল্লিগ্রাম। Milligramme.

میلیون (মেলয়ূন/melyun) মিলিয়ন (দশ লাখ)। Million.

میلیونر (মেলয়ূনের/melyuner) মিলিয়নপতি; লাখ লাখ টাকার মালিক। Millionaire.

میمنت (মেইমানাত্/meymanat) বরকতময় হওয়া; শুভ লক্ষণ; শুভ উপলক্ষ। Auspiciousness; good-omen.

میمنه (মেইমানে/ meymane) রণাঙ্গনের ডান অংশের সেনাদল; রণাঙ্গনের ডানভাগ। Right wing.

میمون (মেইমূন্/meymun) বরকতময়; খুশী; আনন্দময়। Auspicious; happy.

میمون (মেইমূন্/meymun)= بوزینه বানর; বানর জাতীয় প্রাণী; ভল্লুক। Monkey; ape. گل م. ড্রাগনের মুখের মত দেখতে এক জাতীয় ফুল। Snapdragon.

مین (মীন্/ min) মাইন (সমরাস্ত্র যা মাটিতে বা পানিতে পুঁতে বা পেতে রাখা হয়)। Mine.

مینا(মীনা'/mină) এনামেল; নীল দর্পণ; অলঙ্কারে রঙের কারুকার্য; কারুকার্যময় কাচের তৈরী পাত্র; নীলিমা। Enamel.

Blue glass; blue decanter. Azure. گل م. তারা ফুল। Aster.

میناکار (মী.-কা'র্/m.-kăr) যে এনামেলের কাজ করে। Enameller.

میناکاری(মী.-কা'রী/m.-kări) এনামেলের কাজ। Enamel-work; enamelling.

میناگر (মী.-গার্/m.-gar)= میناکار

میناگری (মী.-গারী/m.-gari)=میناکاری

مینایی (মীনা'য়ী/ minăyi) এনামেলকৃত; চকচকে। Enamelled. Glazed.

مین جمع کن (মীন্ জাম্ কোন্/ min-jam'-kon)= مین روب পুঁতে বা পেতে রাখা মাইন খুঁজে বের করার যন্ত্র। Mine-sweeper.

مین روب(মী.-রূব্/m.-rub)= مین جمع کن পুঁতে বা পেতে রাখা মাইন খুঁজে বের করার যন্ত্র। Mine-sweeper.

مین گذار (মী.-গোযা'র্/m.-gozăr) মাইন স্থাপনকারী; মাইন স্থাপক। Mine-layer.

مین گذاری (মী.-গোযা'রী/m.-gozări) মাইন স্থাপন। Mine-laying.

مینو (মীনূ/ minu)= بهشت

مینوت (মীনূত্/minut)= پیش نویش

مینو رشت (মীনূ রাশ্‌ত্/ minu rašt) বেহেশতী; স্বর্গীয় প্রকৃতির। Of a heavenly nature.

مینوی (মীনাভী/ minavi)= بهشتی

مینیاتور (মীনীয়া'তূর্/ minyător) মিনিয়েচার (সূক্ষ্ম শিল্পগুণসম্পন্ন প্রাচ্য দেশীয় ক্ষুদ্রাকার চিত্রকর্ম)। Miniature.

مینیاتور ساز(মী.-সা'য্/m.-săz) মিনিয়েচার শিল্পী। Miniaturist.

میو (মীয়াও[মীয়োও]/ miyaw[miyow]) মিউ (বিড়ালের শব্দ)। Miaou; mewing. میو(میو)کردن মিউমিউ করা। To mew.

میوجات (মীভেজা'ত্/ mivejăt)= میوه

میوه(মীভে/mive) ফল [ব.ব./.میوجات]।

Fruit.

میوه خوار(মী.-খা'র্/m.-xăr) যে সব প্রাণী ফল খেয়ে বেঁচে থাকে। Frugivorous.

میوه خوری (মী.-খোরী/ m.-xori) ফল খাওয়ার পাত্র। Fruit-bowl.

میوه دار (মী.-দা'র্/ m.-dăr) ফলবান। Fruit-bearing; fructiferous.

میوه فروش (মী.-ফোরূশ্/ m.-foruš) ফল বিক্রেতা। Fruit-monger.

میهمان (মীহ্‌মা'ন্/ mihmăn)= مهمان

میهن (মীহান্/ mihan) জন্মভূমি; বাসস্থান; স্বদেশ। Native land; motherland; native country.

میهن پرست (মী.-পারাস্ত্/ m.-parast) দেশপ্রেমিক। Patriotic.

میهن پرستانه (মী.-পারাস্তা'নে/ m.-parastăne) দেশাত্মবোধক; স্বদেশ প্রেমিকসুলভ। Patriotically. Patriotic..

میهن پرستی (মী.-পারাস্তী/ m.-parasti) দেশপ্রেম। Patriotism.

میهن دوست (মী.-দূস্ত্/m.-dust)= میهن پرست

میهن فروش(মী.-ফোরূশ্/ m.-foruš) স্বদেশের প্রতি বিশ্বাসঘাতকতাকারী। Traitor to one's country.

ن (ন/ n) ফার্সী বর্ণমালার ২৯তম বর্ণ, নাম 'নূন্'। The twentyninth letter of the Persian alphabet called 'nun'.

ن (না/ na) [نه এর সংক্ষেপ, ক্রিয়ার প্রথমে যুক্ত হয়ে না-বাচক অর্থ প্রদান করে। Contration of نه used in making negative verbs.] نمیروم আমি যাব না। I do not go. نرو যেয়ো না। Do not go.

نا (না'/nă) প্রত্যয় শব্দের শুরুতে ব্যবহৃত হয়ে না-সূচক অর্থ প্রদান করে। Prefix equivalent to the English in-, un-, etc. نادرست ভুল; অনুচিত; ত্রুটিপূর্ণ। Incorrect. ناگفته অকথিত। Unsaid. Untold.

نا آزموده (না'অ'য্মূদে/ nă-ăzmude) অনভিজ্ঞ; পরীক্ষিত নয় এমন। Inexperienced.

نا استوار (না'ওস্তোভা'র্/ nă-ostovăr) স্থিতিহীন; নড়বড়ে। Unstable; unsteady.

ناامن (না'আম্ন্/ nă-amn) নিরাপত্তাহীন। Insecure.

ناامنی (না'আম্নী/ nă-amni) নিরাপত্তাহীনতা। Insecurity.

ناامید(না'ওমীদ্/nă-omid) নিরাশ; হতাশ। Hopeless. ن. شدن হতাশ/ নিরাশ হওয়া। To despair; give up hope. ن. کردن হতাশ/নিরাশ করা। To disappoint.
امید کسی را ن. کردن কারো আশাকে নিরাশায় পরিণত করা; আশার গুড়ে বালি দেওয়া। To dash one's hopes.

ناامیدی (না'ওমীদী/ nă-omidi) নৈরাশ্য; হতাশা। Hopelessness.

نا اهل (না'আহ্ল্/ nă-ahl) অযোগ্য; অনুপযুক্ত। Unworthy.

ناب (না'ব্/ năb) খাঁটি; নিখাদ; নির্ভেজাল। Pure. Clear.

ناباب (না'বা'ব্/ nă-băb) অনুপযোগী; অনুপযুক্ত। Unsuitable; unfit.

نابالغ(না'বা'লেগ্/nă-baleğ) অপ্রাপ্ত বয়স্ক; নাবালক। Under age.

نابجا(না'বেজা'/nă-bejă) অনুচিত; অপাত্রে; অসময়োচিত। Inopportune.

نابرجا (না'বার্জা/ nă-barjă)= منقول চলনশীল; যা সুদৃঢ় নয়; যা নড়ানো যায় এমন। Movable.

نابغه(না'বেগে/năbeğe) [ব.ব./pl. نوابغ] প্রতিভা; প্রতিভাবান ব্যক্তি। Genius.

نابلد (না'বালাদ্/ nă-balad) অনবহিত, অপরিচিত। Unacquainted.

نابود (না'বূদ্/ nă-bud) অস্তিত্বহীন; নাস্তানাবুদ; ধ্বংস; বিলুপ্ত। Non-existent. Annihilated.

شدن . ن নাস্তানাবুদ হওয়া; ধ্বংস হওয়া; বিলুপ্ত করা। To disappear. To be annihilated. کردن . ن ধ্বংস করা; নিশ্চিহ্ন করা; নাবুদ করা। To annihilate or destroy.

نابهنگام (না'বেহাঙ্গা'ম্/năbehangăm) অসময়ে; অকালে সংঘটিত; অসময়োচিত। Untimely; Inopportune.

نابینا (না'বীনা'/ năbină) = کور অন্ধ; দৃষ্টিহীন। Blind.

نابینایی (না'বীনা'য়ী/năbinăyi)= کوری অন্ধত্ব; দৃষ্টিহীনতা। Blindness.

ناپاك (না'পা'ক্/ năpăk) অপবিত্র; নোংরা; নাপাক। Unclean.

ناپاکی (না'পা'কী/ năpăki) অপবিত্রতা; অপরিচ্ছন্নতা; নাপাকি। Uncleanness. Polution.

ناپایدار (না'পা'য়দা'র্/ nă-păydăr) ক্ষণস্থায়ী; অস্থায়ী। Transient. Unstable.

ناپایداری (না'পা'য়দা'রী/ nă-păydări) ক্ষণস্থায়িত্ব; অস্থায়িত্ব। Transience. Instability.

ناپخته (না'পোখ্তে/ nă-poxte)= ن نارس/خام/نپخته نا آزموده

ناپدری(না'পেদারী/năpedari) বিপিতা; সৎ পিতা। Step-father.

ناپدید (না'পাদীদ্/ nă-padid) অদৃশ্য; অন্তর্ধান। Invisible. Disappeared. شدن . ن অদৃশ্য হওয়া। To disappear or vanish. کردن . ن নিশ্চিহ্ন করে দেওয়া; গুম করা। To cause to disappear.

ناپرهیزگار(না'পার্হীয্গা'র্/ năparhizgăr) অসংযমী; তাকওয়াবিহীন; খোদাভীতিহীন। Incontinent.

ناپرهیزی (না'পার্হীযী/ năparhizi) সংযমী না হওয়া; খাওয়া-দাওয়ায় সংযম প্রদর্শন না করা; অমিতাচার। Inattention to diet; intemperance; [দ্র./S.u. پرهیز].

ناپسری(না'পেসারী/năpesari) সতীনপুত্র; স্ত্রীর পূর্ব স্বামীর ঔরসজাত পুত্র। Step-son.

ناپسند (না'পাসান্দ্/năpasand) গর্হিত; অশিষ্ট; অপছন্দনীয়। Indecent. Disagreeable.

ناپسندیده(না'পাসান্দীদে/ năpasandide)= ناپسند

ناپیدا(না'পেইদা'/năpeydă) অদৃশ্য; দেখা যায় না এমন। Invisible.

ناتمام (না'তামা'ম্/ nă-tamăm) অসম্পূর্ণ; অসমাপ্ত। Incomplete. گذاردن . ن অসমাপ্ত রেখে দেওয়া। To leave unfinished.

ناتنی (না'তানী/nătani) বৈমাত্রেয় বা বৈপিত্রেয় (ভাই বা বোন)। Of half blood. برادر ن. বৈমাত্রেয় বা বৈপিত্রেয় ভাই। Half-brother.

ناتو(না'তাও/ nătaw) ব্যবহারোপযোগী করে নির্মিত নয় এমন; বেমানান (স্থান/বস্তু)। Awkward. Hard to deal with. آدم ن. যে লোক বা প্রাণীর সঙ্গে কাজ কারবার করা অথবা মেলামেশা করা বিপজ্জনক, সাংঘাতিক লোক বা প্রাণী। Awkward customer.

ناحق(না'হাগ্/năhağ) অন্যায়; অবিচারপূর্ণ; অবৈধ; অসত্য। Unjustified; undue. False. بناحق অন্যায়ভাবে; অবৈধভাবে বেআইনীভাবে। Unlawfully. Unjustly. Unduly.

ناحیه (না'হীয়ে/năhiye) [ব.ব./نواحی] জেলা; (প্রত্যন্ত) এলাকা। District. Area.

ناخدا (না'খোদা'/ nă-xodă) নাবিক; জাহাজের কাপ্তান; সারেং। Captain (of a ship).

ناخدا دو (না'.-দো/n.-do) (নৌবাহিনীর) লেফটেন্যান্ট কর্নেল। Lieutenant colonel (in the Navy).

ناخدا سه (না'.-সে/ n.-se) (নৌবাহিনীর) মেজর। Major (in the Navy).

ناخلف (না'খালাফ্/ năxalaf) পিতার অনুপযুক্ত সন্তান। Not worthy of his (or her) father.

ناخن (না'খোন্/ năxon) নখ। (Finger-) nail. ن. گرفتن নখ কাটা। To pare (or trim) one's nails.

ناخن خشک (না'.-খোশ্‌ক্/ n.-xošk) কৃপণ। Close-fisted. [তুল./Cf. خسیس / جوکی].

ناخنک (না'খোনাক্/ năxonak) ক্ষুদ্র নখ; নখের কোণা; ফুলের পাপড়ির নখাকৃতির বর্ধিত অংশ। Melilot.

ناخن گیر (নাখোন্‌গীর্/ năxon-gir) নখ কাটার কাঁচি; নেইল-কাটার। Nail-scissors.

ناخنی(না'খোনী/năxoni) খুরওয়ালা (পশু)। Ungual.

ناخواسته(না'খা'স্তে/năxăste)

ناتوان(না'তাভা'ন্/nătavăn) দুর্বল; হীনবল; অক্ষম। Weak. Infirm.

ناتوانی(না'তাভা'নী/nă-tavăni) দুর্বলতা; অক্ষমতা। Weakness; debility.

ناجنس (না'জেন্‌স্/ năjens)= بد جنس

ناجوانمرد (না'জাভা'ন্‌মার্‌দ্/ năjavănmard) ভীরু; কাপুরুষ। Coward(ly).

ناجوانمردانه (না'জাভা'ন্‌মার্‌দা'নে/ năjavănmardăne) কাপুরুষোচিত; অন্যায়রূপে। As a coward. Foul(ly). ن. رفتار کردن কাপুরুষোচিত আচরণ করা; অসাধু আচরণ করা। To play foul.

ناجوانمردی (না'জাভা'ন্‌মার্‌দী/ năjavănmardi) ভীরুতা; কাপুরুষতা। Cowardice. Foul play.

ناجور(না'জূর্/năjur) অনুপযোগী; বেমানান; অসংলগ্ন; অস্বাভাবিক। Ill-matched; odd. Uncongenial. وضع ن. প্রতিকূল পরিস্থিতি; বেকায়দা অবস্থা; বিব্রতকর পরিস্থিতি। Awkward situation.

ناچار (না'চা'র্/năčăr) নিরুপায়; অসহায়; বাধ্য করা হয়েছে এমন; বাধ্য হয়ে; অপারগ অবস্থায়। Compelled; forced. Helpless. بناچار Necessarily; of necessity.

ناچاری (না'চা'রী/ năčări) চরম বিপদ; অসহায়ত্ব। Distress; helplessness.

ناچیز (না'চীয্/năčiz) মূল্যহীন; ক্ষুদ্র; তুচ্ছ; অনুল্লেখ্য। Insignificant. Worthless.

অনাকাঙ্ক্ষিত; অনভিপ্রেত। Unwished; unwanted.

ناخوانده (না'খা'ন্দে/năxănde) অনাহূত; অনিমন্ত্রিত। Uninvited.

ناخوش(না'খোশ্/năxoš) নাখোশ; অসন্তুষ্ট; অসুস্থ। Ill; sick. Unpleasant.

ناخوشی (না'খোশী/ năxoši) অসুস্থতা; অসন্তুষ্টি; নাখুশী। Illness. Disease.

نادار (না'দার্/ nă-dăr)= ندار

نادان (না'দা'ন্/ nă-dăn) অজ্ঞ; নির্বোধ; নাদান। Ignorant. Foolish.

نادانی (না'দা'নী/nădăni) অজ্ঞতা; মূর্খতা; বোকামি। Ignorance. Foolishness.

نادختری (না'দোখ্তারী/ nă-doxtari) সতীনের মেয়ে; স্ত্রীর পূর্ব স্বামীর ঔরসজাত কন্যা। Step-daughter.

نادر (না'দের্/năder)= کمیاب বিরল। Rare. পুংবাচক নাম বিশেষ। Mas. pr. name.

نادرست (না'দোরোস্ত্/ nă-dorost) অশুদ্ধ; বেঠিক; অসত্য। Incorrect; untrue.

نادرستی (না'দোরোস্তী/ nă-dorosti) অসাধুতা; অশুদ্ধতা। Dishonesty. Incorrectness.

نادره (না'দেরে/ nădere) [ব.ব./pl.نوادر] বিরলতা; বিরল; দুর্লভ। Rarity; curiosity. [نادر এর স্ত্রী./fem of نادر].

نادم (না'দেম্/ nă-dem)= پشیمان

نادیده(না'দীদে/nădide) অদৃশ্য; অদেখা। Unseen. ن. گرفتن/ن. پنداشتن দেখেও না দেখার ভান করা; উপেক্ষা করা। To ignore. To be indifferent to.

نار (না'র্/ năr)= انار

نار (না'র্/ năr)= آتش / دوزخ

ناراحت(না'রা'হাত্/nărăhat) অস্বস্তিকর; অস্থির। Uncomfortable. Uneasy. ن. کردن অসন্তুষ্ট করা; বিরক্ত করা; মনোকষ্ট দেওয়া। To inconvenience; disturb. To worry. ن. شدن দুঃখিত হওয়া; অসন্তুষ্ট হওয়া। To worry. To be inconvenienced.

ناراحتی (না'রা'হাতী/ nărăhati) অস্বস্তি; উদ্বেগ; মানসিক অশান্তি; অসন্তুষ্টি। Incovenience; uneasiness.

ناراست (না'রা'স্ত্/ nărăst)= نادرست / دروغ

ناراسته (না'রা'স্তে/nărăste) [غیر مستقیم] পরোক্ষ। Indirect.

ناراستی (না'রা'স্তী/ nărăsti) মিথ্যা; মিথ্যাচার; অবিশ্বস্ততা। Falsehood. Dishonesty.

ناراضی (না'রা'যী/nărăzi) অসন্তুষ্ট; ক্রুদ্ধ; নারাজ। Dissatisfied; displeased.

ناردان(না'র্দা'ন্/nărdăn) শুকনো ডালিম দানা। Dried pomegranate seeds.

نارس (না'রাস্/nă-ras) কাঁচা; অপক্ব; সবুজ। Unripe; green.

نارسا (না'রাসা'/ nărasă) অস্পষ্ট; শুনতে পাওয়া যায় না এমন; অপর্যাপ্ত; অবর্ণনীয়। Inaudible. Inexpressive.

نارضایتی(না'রেযা'ইয়াতী/nă-rezăyati) অসন্তোষ; অতৃপ্তি। Dissatisfaction; discontent.

نارگیل(না'র্গীল্/ nărgil) নারিকেল। Cocoanut. درخت ن. নারিকেল গাছ। Cocoanut palm.

نارگیله (না'র্গীলে/ nărgile) হুক্কা; নারিকেলের খোলের হুক্কা। Nargile; Hookah [তুল./Cf. غلیان].

نارنج (না'রান্জ/ năranj) (টক) কমলালেবু। (Sour) orange.

نارنجستان(না'রান্জেস্তা'ন্/ năranjestăn) টক কমলালেবুর বাগান; প্রচুর টক কমলালেবু জন্মে এমন এলাকা। Orangery.

نارنجک(না'রান্জাক্/năranjak) গ্রেনেড; শেল; হাতবোমা। Grenade; shell.

نارنجی (না'রান্জী/ năranji) কমলা রঙের। Orange (-coloured).

نارنگی (না'রাঙ্গী/ nărangi) কমলা। Targerine.

نارو (না'রু/năru) ধোঁকা; প্রতারণা। Foul play; nasty trick. ن. بکسی زدن কাউকে ধোঁকা দেওয়া। To play some one a nasty trick.

ناروا (না'রাভা'/ năravă) অন্যায়; অবৈধ; অগ্রহণীয়; নাজায়েজ। Inadmissible; unjust.

نارون (না'র্ভান্/ nărvan) ছাতিম জাতীয় বৃক্ষ বিশেষ। Elm-tree.

ناز (না'য্/ năz) প্রেমিকের প্রতি প্রেমিকার ভালবাসাপূর্ণ কৃত্রিম রাগ; লাজুকতা। Love-airs. Mincing air.

نازا (না'যা'/nă-ză) অনুর্বর; ঊষর; নিষ্ফলা; বন্ধ্যা। Barren.

نازایی (না'যা'য়ী/nă-zăyi) বন্ধ্যাত্ব; নির্বীর্যতা; উষ্ণতা; অনুর্বরতা। Barrenness.

ناز بالش (না'য্ বা'লেশ্/ năz-băleš) নরম বালিশ। Small cushion.

ناز پرورده(না.-পার্ভার্দে/ n.-parvarde) অতি আদরে লালিত-পালিত; অত্যধিক প্রশ্রয়প্রাপ্ত। Delicately brought up; pampered.

نازدار (না'.-দা'র্/ n.-dăr) হৃদয়স্পর্শী; ভালবাসাপূর্ণ। Affected; lackadaisical.

نازک (নাযোক্/ năzok) পাতলা; সরু; হালকা। Thin. Delicate; tender.

نازک بدن(না'.-বাদান্/n.-badan) নাজুক; কমনীয়; কোমল শরীরের অধিকারিণী। Of a delicate body.

نازک دل (না'.-দেল্/n.-del) কোমল হৃদয়; নরম মনের অধিকারী। Tender-hearted.

نازک کاری (না'.-কা'রী/n.-kări) সূক্ষ্ম কাজ; সূক্ষ্ম চিত্রকর্ম। Elaborate work; delicate touch.

نازک نارنجی(না'.-না'রাঞ্জী/n.-năranji) যাকে সন্তুষ্ট করা যায় না, যে ব্যক্তি দৈহিক ও মানসিক কষ্ঠ বা তিক্ত কথায় সহজে ভেঙ্গে পড়ে। Hard to please; fastidious.

نازک نی (না'.-নেই/ n.-ney) অনুজংঘাস্থি; পায়ের পাতা ও হাঁটুর মধ্যকার দু'টি লম্বা অস্থির মধ্যে যেটি বাইরের দিকে অবস্থিত। Fibula.

نازکی(না'যোকী/năzoki) সূক্ষ্মতা; হালকা-পাতলা অবস্থা; কোমল স্বভাব। Thinness. Delicateness.

نازل(না'যেল্/ năzel) নীচের দিকে নেমে আসছে এমন; অবতরণকারী। Low; reduced. قیمتهای ن. হ্রাসকৃত মূল্য। Low/cheap price. ن. شدن = پائین آمدن

نازنین (না'যানীন্/năzanin) সুন্দর; মনোরম; আদরণীয় প্রীতিকর; লাবণ্যময়। Nice; fine. Lovely.

نازیبا (না'যীবা'/năzibă)= زشت

نازیدن (না'যীদান্/ năzidan) [ناز] দম্ভোক্তি বা দম্ভ করা; (তুচ্ছার্থে) অতিশয় আনন্দ করা বা উল্লসিত হওয়া। To boast. To exult.

ناس (না'স্/ năs)= مردم

ناس (না'স্/ năs)= نفیه নস্য; নস্যি। Snuff; nose.

ناساز(না'সা'য্/năsaz) বেখাপ্পা; বেমানান; বেসুরো; অস্বাস্থ্যকর। Out of tune. Discordant. Unhealthy.

نا سازگار (না.-গা'র্/ n.-găr) বেখাপ্পা; অসঙ্গত; অসংলগ্ন। Unwholesome. Unsuitable. Unsociable.

ناسازگاری (না'.-গা'রী/ n.-gări) অসমন্বয়তা; খাপ না খাওয়া; অসংলগ্নতা। Unsociability. Incompatibility.

ناسپاسی (না'সেপা'সী/ năsepăsi) অকৃতজ্ঞতা; নিমকহারামি। Ingratitude.

ناسخ (না'সেখ্/ năsex) বিলোপকারী; রদ বা রহিতকারী; বাতিল করার ক্ষমতাসম্পন্ন; পূর্ববর্তী আদেশ পরিবর্তনকারী। Abolisher. Abrogating. Order superseding previous one.

ناسره (না'সারে/ năsare) (ব্যক্তি, আচরণ, চিন্তা ইত্যাদি সম্বন্ধে) নিচ; হীন; কদর্য; কুৎসিত। Base; bad.

ناسزا (না'সেযা'/ nă-seză) গালিগালাজ; অশ্লীল ভাষা; কটূক্তি; অসঙ্গত; অনুপযুক্ত। Abusive (language).

ناسزاوار (না'সেযা'ভা'র্/ nă-sezăvăr) অনুপযুক্ত; অনুচিত; অসঙ্গত। Undeserving.

ناسفته(না'সোফ্তে/năsofte) যা ছিদ্র করা হয়নি; কুমারী; অক্ষতযোনি। Unbored. Virgin.

ناسوت (না'সূত্/ năsut) প্রকৃতি; মানব প্রকৃতি; বস্তুজগত। Human nature. علم ن. প্রাকৃতিক জগত; বস্তুজগত। The earthly world.

ناسور (না'সূর্/ năsur) [ব.ব./pl.نواسیر] ভগন্দর রোগ; দূষিত ক্ষত। Fistula; sinus.

ناسوز (না'সূয্/ nă-suz)= نسوز

ناشاد (না'শা'দ্/ nă-šăd)= غمگین

ناشایسته (না'শা'য়েস্তে/ nă-šăyeste) গর্হিত; অশিষ্ট; অশোভন; অনুপযুক্ত। Indecent. Undeserving.

ناشتا (না'শ্তা'/ năštă) ক্ষুধার্ত; প্রত্যূষ থেকে যে কিছুই খায় নি। Fasting; hungry.

ناشتایی (না'শ্তা'য়ী/ năštăyi) ক্ষুধা; প্রত্যূষ থেকে না খাওয়া অবস্থা। Hunger; fast. صبحانه নাস্তা। Breakfast.

ناشر(না'শের/năšer) [ব.ব./pl.ناشرین] প্রকাশক। Publisher.

ناشکر(না'শোকর্/ nă-šokr) অকৃতজ্ঞ (বিশেষত আল্লাহ্ তাআলার প্রতি); নিমকহারাম। Ungrateful (to God).

ناشکری (না'শোক্‌রী/ nă-šokri) অকৃতজ্ঞতা (আল্লাহ্ তাআলার প্রতি); নিমকহারামি। Unthankfulness or ingrateful (toward God).

ناشکیب (না'শাকীব্/nă-šakib)= ناشکیبا অধৈর্য। Impatient.

ناشکیبا (না'শাকীবা'/ nă-šakibă)= ناشکیب

ناشکیبایی(না'শাকীবা'য়ী/nă-šakibayi) অধৈর্য্য; অস্থিরতা। Impatience.

ناشمرده (না'শোমোর্দে/ nă-šomorde) অগণ্য; অসংখ্য; যা গণনা করা হয়নি; অগণিত। Indistinct. Uncounted or countless. [তুল./ Cf. شمرده].

ناشناخت (না'শেনা'খ্‌ত্/ nă-šenăxt) অজ্ঞাত; অপরিচিত; অদেখা। Disguised; incognito.

ناشناس (না'শেনা'স্/nă-šenăs) অখ্যাত; অপরিচিত; বেগানা অজ্ঞাত-পরিচয়। Unacquainted. Disguised; incognito.

ناشنیده (না'শেনীদে/nă-senide) অশ্রুত। Unheard (of).

ناشور (না'শূর্/ năšur) মসৃণ সূতী কাপড় বিশেষ। Unbleached sheeting.

ناشی (না'শী/năši) [স্ত্রী./Fem. ناشیه] আবির্ভূত; জেগে ওঠা; উৎসারিত। Arising; resulting. ن. شدن از কোন কিছু থেকে উৎসারিত হওয়া। To arise or spring from.

ناشی(না'শী/ năši) অদক্ষ; অনভিজ্ঞ; অবিচক্ষণ; আনাড়ি। Inexpert; unskilful.

ناشی گری(না'.-গারী/n.-gari) অদক্ষতা; অনভিজ্ঞতা। Lack of skill.

ناصاف (না'সা'ফ্/ nă-săf) অসম; অমসৃণ; পরিষ্কার নয় এমন; অপরিচ্ছন্ন। Uneven. Impure.

ناصبور(ی)(না'সাবূর্[-রী]/nă-sabur[i]) = ناشکیبا [یی]

ناصح (না'সেহ্/ năseh) [ব.ব./pl. نصحا/ ناصحین] উপদেশদাতা; পরামর্শদাতা; নসিহতকারী। Admonitor; adviser.

ناصر (না'সের্/ năser) সাহায্যকারী; বন্ধু; সহায়তাদানকারী; পুংবাচক নাম। Assister; friend. Defender. Mas. pr. name.

ناصواب (না'সাভা'ব্/ nă-savăb)= نادرست অযথার্থ; ভুল। Incorrect.

ناصیه (না'সীয়ে/năsiye) [ব.ব./pl. نواصی]= پیشانی

ناطق (না'তেঘ্/ năteğ) বক্তা; সবাক; যে কথা বলে। Talking. Speaker; orator. حیوان ن. কথক/ সবাক প্রাণী; মানুষ। Rational animal; man. فیلم ن. সবাক চলচ্চিত্র। Talking film.

ناطقه (না'তেঘে/ năteğe) ১/1) [ناطق এর স্ত্রী./ Fem. of ناطق] ২/2) [قوهٔ ناطقه বোঝাতে/ For قوهٔ ناطقه] বাকশক্তি। Faculty of speech.

ناطلبیده(না'তালাবীদে/ nă-talabide)= ناخوانده

ناظر(না'যের্/ năzer) [ব.ব./pl. ناظرين
انظار] প্রত্যক্ষকারী; পর্যবেক্ষক;
তদারককারী; নিয়ন্ত্রক। Spectator.
Observer. Controller. Seeing;
watching. Controlling.

ناظم (না'যেম্/ năzem) তত্ত্বাবধায়ক;
কর্মাধ্যক্ষ; নিয়ামক; নিয়ন্ত্রক।
Superintendent. Regulator.

ناف (না'ফ্/ năf) নাভি; নাভিকুণ্ড; কেন্দ্র।
Navel. Centre.

نافذ (না'ফেয্/năfez) প্রবেশকারী;
ভোগকারী; প্রভাবশালী; কার্যকর।
Penetrating. Binding. Valid.

نافر (না'ফের্/năfer)=بيزار/بى ميل

نافرمان (না'ফার্মা'ন্/nă-farmăn)
অবাধ্য; নাফরমান। Disobedient.

نافرمانى (না'ফার্মা'নী/ nă-farmăni)
অবাধ্যতা; নাফরমানী।
Disobedience. ن . كردن নাফরমানী
করা; অবাধ্য হওয়া। To be
disobedient.

نافع (না'ফে-/ năfe')= سودمند

نافله(না'ফেলে/năfele) [ব.ব./pl. نتوافل]
প্রয়োজন বা প্রত্যাশার অতিরিক্ত;
বাড়তি। Supererogatory (prayer).

نافه(না'ফে/năfe) কস্তুরি বা মৃগনাভির থলে।
Bag of musk.

نافهم(না'ফাহ্ম্/nă-fahm)= نفهم
নির্বোধ; বোকা। Stupid; foolish;
unintelligent.

نافهمى (না'ফাহ্মী/ nă-fahmi)
উপলব্ধিহীনতা; বোকামি। Silliness;
dullness of understanding.

ناقابل(না'গ্বা'বেল্/nă-găbel)=
ناشايسته/ ناچيز তুচ্ছ ; অগ্রহণযোগ্য;
অনুপযুক্ত। Insignificant.
Unworthy; undeserving.

ناقص(না'গ্বেস্/năges) অসম্পূর্ণ; ত্রুটিযুক্ত।
Defective. Deficient. Imperfect.
ن . شدن বিকৃত হওয়া; বিকলাঙ্গ হওয়া।
To be mutilated or deformed.
ن . كردن বিকৃত করা; অঙ্গহানি করা।
To mutilate.

ناقصالخلقه (না'গ্বেসোল্ খেল্গ্বে/
năgesol-xelge) পঙ্গু বিকলাঙ্গ।
Deformed; malformed.

ناقص العقل (না'.-আগ্বল্/ n.-ăgl)=
بى خرد / كم عقل

ناقض (না'গ্বেয্/ năgez) চুক্তি ভঙ্গ বা
লংঘনকারী/ বাতিলকারী Violating.
Cancelling. Violator.

ناقل (নাগ্বেল্/năgel) স্থানান্তরকারী; উদ্ধৃতি
প্রদানকারী; বর্ণনাকারী। Conductor.
Transmitter. Narrator. [স্ত্রী./
Fem. ناقله].

ناقلا(না'গ্বোলা'/năgolă) দুষ্ট;ধূর্ত; ধুরন্দর।
Naughty. Shrewd; cunning; sly.

ناقله (না'গ্বেলে/ năgele) ১/1) [ناقل এর
স্ত্রী./ fem. of ناقل] ২/2) [آلات ن
বোঝাতে/ For. آلات ن] বাহন।
Means of transport. آلات ن
যাতায়াত ও পরিবহনের উপকরণ/
যানবাহন। Means of conveyance;
transport-means.

ناقوس(না'গ্বূস্/năgus) ধাতু নির্মিত চাকতি
আকারের ঘণ্টা; বেল। Gong; bell.

ناك(না'ক্/ năk) প্রত্যয় হিসেবে ব্যবহৃত
হয়; কোন কিছু পরিপূর্ণতার অর্থ বহন

করে। Suffix. Meaning; full of.
যেমন/Ex. ترسناك ভয়ঙ্কর।
Dreadful.

ناکام (না'কা'ম্/ nă-kăm) অকৃতকার্য; ব্যর্থ। Unsuccessful; disappointed.

ناکامی (না'কামী/ nă-kămi) ব্যর্থতা; অকৃতকার্যতা। Disappointment; failure.

ناکس(না'কাস্/năkăs) জঘন্য; নিচ; কদর্য; হীন(প্রকৃতির লোক)। Ignoble (person).

ناکسی (না'কাসী/ năkasi) হীনমন্যতা; নিচতা; কাপুরুষতা। Meanness. Cowardice.

ناکوك(না'কূক্/năkuk) বেসুরো; অসংগত। Out of tune.

ناگاه (না'গা'হ্/ nă-găh) হঠাৎ; অকস্মাৎ। Suddenly.

ناگزیر (না'গোযীর্/ nă-gozir) অনিবার্য; অপরিহার্য; অগত্যা। Having no alternative. Inevitable.

ناگسستنی (না'গোসাস্তানী/ nă-gosastani) অবিচ্ছেদ্য; অভেদ্য। Inseparable.

ناگفتنی (না'গোফ্তানী/nă-goftani)= نگفتنی অবর্ণনীয়; বলার মত নয় এমন। Unspeakable; inexpressible.

ناگفته (না'গোফ্তে/ nă-gofte) অকথিত; বলা হয়নি এমন। Unsaid. ن. نماند که এটা অবশ্যই বলা উচিত যে, এটা না বললে নয় যে। Let it not remain unsaid that.

ناگوار(না'গোভা'র্/nă-govăr)= ناگوارا অপ্রীতিকর; অপ্রিয়; অরুচিকর; যা হযম হয় না। Unpleasant. Unwholesome. Indigestible.

ناگوارا(না'গোভা'রা'/năgovără)= ناگوار

ناگه (না'গাহ্/ năgah)= ناگاه

ناگهان (না'গাহা'ন্/ nă-gahăn) অকস্মাৎ; অতর্কিতে; হঠাৎ; আচমকা। Suddenly.

ناگهانی (না'গাহা'নী/nă-gahăni) আকস্মিক; অপ্রত্যাশিত। Sudden. Unexpected.

نالان (না'লা'ন্/ nălăn) যন্ত্রণায়, হতাশায় বা দুঃখে কাতর; আর্তনাদরত; বিলাপকারী। Groaning. Complaining.

نالایق (না'লা'য়েগ্ব/ nă-lăyeğ) অযোগ্য; অপদার্থ; অনুপযুক্ত। Incapable. Unworthy.

نالش (না'লেশ্/ năleš) = ناله

ناله (না'লে/ năle) আর্তনাদ; আহাজারি; ক্রন্দন; ফরিয়াদ। Groan(ing). Complaint. آه و ن. نالیدن = ن. کردن আহাজারি ও আর্তনাদ করা। Groaning and cursing.

نالیدن (না'লীদান্/nălidăn) [نال] বিলাপ করা; আর্তনাদ করা; আহাজারি করা। To groan. To lament.

نام(না'ম্/năm) নাম [اسم]; সুনাম; সুখ্যাতি। Name. Fame. بنام خدا আল্লাহ্‌র নামে। By the name of Allah. ن. بردن নামোল্লেখ করা কাউকে নির্দেশ করা। To name or

mention. ن. نهادن নাম রাখা; অভিহিত করা। To name or call. ن. و نشان নাম-ঠিকানা; নাম-ঠিকানা ও পরিচিতিমূলক বিবরণ। Name and particulars (or address). بنام (কারো) নামে; কারো পক্ষ হতে। In the name of. On behalf of. By the name of.

نامادری (না'মা'দারী/ nă-mădari) সৎ মা। Step-mother.

نام آور (না'ম্‌অ'ভার্/năm-ăvar)=نامدار

نامبرده(না'.-বোর্‌দে/n.-borde) উল্লিখিত; ওপরে বর্ণিত; উপরোল্লিখিত ব্যক্তি; সে/ তিনি। Above-named; abovementioned. The above-named person; he or she. [ব.ব./ pl. نامبردگان উপরিউক্ত ব্যক্তিগণ। The above-mantioned persons].

نامتناهی(না'মোতানা'হী/nă-motanăhi) অসীম; অনন্ত; অপার; অপরিমেয়; অশেষ। Infinite.

نامجو (না'ম্‌জূ/ năm-ju) খ্যাতিলিপ্সু; নামের পূজারী। Who seeks fame.

نامحدود (না'মাহ্‌দূদ্/ nă-mahdud) সীমাহীন; অসীম। Unlimited.

نامحرم(না'মাহ্‌রাম্/nă-mahram) বেগানা; নারী বা পুরুষের জন্য যাদেরকে বিবাহ করার অনুমতি নেই তারা বাদে অন্য লোক; যাকে বিশ্বাস করা যায় না। Not intimate (enough to have access to the women's apartment).

نامدار (না'ম্‌দা'র্/ năm-dăr) প্রসিদ্ধ; বিখ্যাত; নামকরা। Celebrated; famous.

نامرادی (না'মোরা'দী/nămorădi)= ناکامی

نامربوط (না'মার্‌বূত্/ nă-mabut) অপ্রাসঙ্গিক; অবান্তর। Irrelevant. Incoherent.

نامرتب (না'মোরাত্‌তাব্/ nă-morattab) অনিয়মিত; নিয়মবহির্ভূত; বিধিবিরুদ্ধ; অবিন্যস্ত; এলোমেলো। Irregular. Untidy.

نامرد(না'মার্‌দ্/nă-mard) ভীরু; কাপুরুষ; হীন; নিচ; জঘন্য। Coward(ly).

نامردی(না'মার্‌দী/nă-mardi) কাপুরুষতা; হীনতা; নিচতা। Cowardliness; dastardliness; foul play. ن. کردن কাপুরুষতার পরিচয় দান; নিচ/ হীন/জঘন্য মনের পরিচয় দান। To play foul; be cowardly.

نامرضی (না'মার্‌যী/ nă-marzi)= ناپسند(یده)

نامرغوب (না'মার্‌গূব্/ nă-marğub) অপছন্দনীয়; উন্নত মানের নয় এমন; অনাকর্ষণীয়। Of inferior quality. Undesirable.

نامرغوبی (না'মার্‌গূবী/ nă-marğubi) নিচু মানের (বস্তু) হওয়া; (বস্তুর) আকর্ষণীয় না হওয়া। Undesirability; inferior quality.

نامرئی (না'মার্‌ঈ/ nă-mra'i)= ناپیدا

نامزد(না'ম্‌যাদ্/năm-zad) বাগদত্ত; বাগদত্তা; কোন কাজের জন্য যাকে বিবেচনায় রাখা হয়েছে; প্রার্থী। Engaged; betrothed.

Candidate. ن. شدن বাগদত্ত/ বাগদত্তা হওয়া; মনোনীত হওয়া; প্রার্থী হওয়া। To be betrothed. To be nominated. ن. کردن বাগদান করা; প্রার্থী মনোনয়ন দেওয়া। To engage. To nominate.

نامزدی (না'.-যাদী/n.-zadi) আনুষ্ঠানিকভাবে বিয়ের অঙ্গীকার; বাগদান। Engagement.

نامزروع(না'মায্রূ-/nă-mazru') অকর্ষিত; অনাবাদী। Uncultivated.

نامساعد (না'মোসাএদ্/ nă-mosăed) অনুকূল নয় এমন; প্রতিকূল; অশুভ। Unfavourable.

نامساوی (না'মোসা'ভী/ nă-mosăvi) অসম; অসমান। Unequal.

نامستعد (না'মোস্তা'এদ্/ nă-mostăed) প্রতিভাহীন; দক্ষতাহীন; যোগ্যতাহীন। Untalented.

نامشروع (নামাশ্রূ/ nă-mašru) অবৈধ; বেআইনী। Unlawful. در آمد ن. হারাম আয়; অবৈধ উপার্জন। Illicit (or immoral) earning.

نامطبوع (না'মাত্বূ-/ nă-matbu') অপ্রীতিকর; বিরক্তিজনক। Unpleasant; disagreeable.

نامطلوب (না'মাত্লূব্/ nă-matlub) অপ্রীতিকর; অবাঞ্ছিত; অপছন্দনীয়। Undesirable.

نامعتبر (না'মো-তাবার্/nă-mo'tabar) নির্ভরযোগ্য নয় এমন; ভিত্তিহীন। Unreliable.

نامعتمد (না'মো-তামাদ/nă-m'otamad) অনির্ভরযোগ্য; অবিশ্বাস্য; আস্থাভাজন নয় এমন। Unreliable.

نامعروف (না'মা-রূফ্/nă-ma'ruf) অপরিচিত; অখ্যাত; অচেনা। Unknown. Fameless.

نامعقول (না'মা-গুল্/nă-ma'ğul) বিচারবুদ্ধির কাছে যা গ্রহণযোগ্য নয়; যুক্তিবহির্ভূত। Irrational.

نامعلوم(না'মা-লূম্/nă-ma'lum) অজ্ঞাত; অজানা; অনিশ্চিত। Indefinite. Uncertain.

نامفهوم(না'মাফ্হূম্/nă-mafhum) অবোধ্য; অস্পষ্ট; দুর্বোধ্য। Unintelligible.

ناملایم (না'মোলা'য়েম্/ nă-molăyem) রূঢ়; কর্কশ; অশোভন। Rough; harsh.

ناملایمات(না'মোলা'য়েমা'ত্/ nă-molăyemăt) অগ্রহণযোগ্য কাজকর্ম/আচরণ। Disagreeables.

ناممنون (না'মাম্নূন্/ nă-mamnun) অকৃতজ্ঞ। Ungrateful.

نامناسب (না'মোনা'সেব্/ nă-monăseb) অনুপযোগী; অনুপযুক্ত; অসংগত। Unsuitable. Unfit.

نامنظم(না'মোনায্যাম্/nă-monazzam) বিশৃঙ্খল; নিয়মবহির্ভূত। Irregular.

نام نویسی (না'ম্ নেভীসী/ năm-nevisi) নাম তালিকাভুক্তি। Enlistment; enrolment. ن. کردن নাম তালিকাভুক্ত করা। To enrol. To register.

ناموافق (না'মোভা'ফেগ্/ nă-movăfeğ) প্রতিকূল; অসঙ্গত; অসম্মত। Adverse. Unfavourable.

ناموجه(না'মোভাজ্জাহ্/nă-movajjah)

অযৌক্তিক; ভিত্তিহীন; অগ্রহণযোগ্য। Poor; unfounded; lame.

نامور (না'ম্‌ভার্‌/năm-var)= نامدار

ناموس (না'মূস্‌/ nămus) [ব.ব./pl. نوامیس] অন্তর্নিহিত বিষয়; সম্ভ্রম; মর্যাদা; কারো স্ত্রী-কন্যা। Principle. Chastity. One's wife and daughters.

نامه (না'মে/ năme) চিঠি; চুক্তি; দলীল; সনদ। Letter. Deed. Certificate.

نامه بر (না'.-বার্‌/ n.-bar) পত্রবাহক; ডাক-হরকরা। Letter- carrier. کبوتر ن. বার্তাবাহী কবুতর।

نامه رسان (না'.-রাসা'ন্‌/ n.-rasăn) পত্রবাহক; ডাক-পিয়ন। Postman. Post-boy. دفتر نامه رسانی পিয়ন-বই; পত্র প্রেরণ বই; রেজিস্টার। Peon-book; dispatch-book.

نامهربان (না'মেহ্‌র্[রা]বা'ন্‌/ nămehr[a]băn) নির্দয়; দয়াহীন; কঠোর হৃদয়। Unkind.

نامهربانی (না'মেহ্‌র্[রা]বা'নী/ nămehr[a]băni) নির্দয়তা; দয়াহীনতা। Unkindness.

نامه نگاری(না'মেনেগা'রী/ năme-negări) চিঠি লেখা; পত্রলিখন। Letter-writing.

نامی (না'মী/nămi)= نامدار / معروف

نامیدن (না'মীদান্‌/ nămidan) [نام] নাম রাখা; নামকরণ; অভিহিত করা। To name. Call.

نامیده (না'মীদে/ nămide) [نامیدن এর ক্রি. বিণ./p.p. of نامیدن].

نامیسر(না'মোইয়াস্‌সার্‌/nă-moyassar) অসম্ভব; সহজসাধ্য নয় এমন। Impossible.

نان (নান্‌/năn) রুটি। Bread. نان بستنی দুই টুকরার মাঝে আইসক্রিম দিয়ে খাবার জন্য তৈরী বিস্কুট বিশেষ। Wafer. نان شیرینی ওপরে চিনিমিশ্রিত মাখন লেপনকৃত পাউরুটি বিশেষ; পেস্ট্রি। Pastry. روز خریدن ن. را بنرخ স্রোতের অনুকূলে চলা; হাওয়ার অনুকূলে পাল তোলা। To go with the tide. پیدا کردن/ ن. در آوردن অন্ন সংস্থান করা; কমপক্ষে ন্যূনতম ভরণ-পোষণের ব্যবস্থা করা। To earn one's bread.

نان آور (না'.-অ'ভার্‌/ n.-ăvar) পরিবারের উপার্জনশীল সদস্য; সমর্থক। Bread-winer; supporter.

نان پز (না'.-পায্‌/ n.-paz)= نانوا

نانجیب (না' নাজীব্‌/ nă-najib) কুলহীন; চরিত্রহীন; লম্পট। Unchaste; lewd.

نانخور (না'ন্‌খোর্‌/ năn-xor) আশ্রিত; পোষ্য; কোন উপার্জনশীল ব্যক্তির পরিবারের সদস্য(বর্গ)। Dependant; dependent.

نانوا (না'ন্‌ভা'/ nănvă) রুটি প্রস্তুত ও বিক্রয়কারী। Baker.

نانوا خانه (না'.-খা'নে/ n.-xăne) রুটি তৈরির ঘর; রুটির কারখানা; রুটি তৈরি ও বিক্রির দোকান। Bakery.

نانوایی(না'নভা'য়ী/nănvăyi) রুটি তৈরির পেশা; [دکان ن. বোঝাতে] রুটি তৈরি ও বিক্রির দোকান। Baking bread. [For دکان ن.] Bakery.

ناو(না'ভ্/năv) [যুদ্ধ] জাহাজ। [War]ship.
ناو استوار(না.-ওস্‌তোভা'র/n.-ostovăr) (নৌ বাহিনীর) ওয়ারেন্ট অফিসার। [In the Navy] Warrant officer.
ناوبان (না'.-বা'ন্/ n.-băn) (নৌবাহিনীর) লেফ্‌টন্যান্ট। [In the Navy] Lieutenant.
ناوبر (না.-বার্/n.-băr) নৌচালক; জাহাজ চালক। Navigator.
ناوبری (না'.-বারী/ n.-bari) নৌচলনা; নৌচালনা বিদ্যা। Navigation. ناو بری هوائی নৌবাহিনীর জঙ্গী বিমান চালনা; এ্যারোনেভিগেশন। Aeronavigation.
ناوتیپ (না'.-তীপ্/ n.-tip) নৌবাহিনীর ব্রিগেড; নৌ-ব্রিগেড। Naval brigade.
ناوچه (না'.-চে/ n.-če) রণপোত; ছোট যুদ্ধ জাহাজ। Small battleship; picket-boat.
ناودان (না.-দা'ন্/ n.-dăn) ছাদ থেকে বৃষ্টির পানি নিচে নামার পাইপ। Downpipe; rain-(water) pipe.
ناودیس (না'.-দীস্/ n.-dis) নৌকার মত; পাহাড়ের ঢালু পরস্পর মিশে গিয়ে সৃষ্ট প্রায় নৌকাকৃতি। Synclinal.
ناوسروان (না'.-সার্‌ভা'ন্/ n.-sarvăn) নৌবাহিনীর ক্যাপ্টেন। Naval captain.
ناوسمان (না.-সামা'ন্/ n.-samăn) পানি সরবরাহের কৃত্রিম প্রণালী বা নালা। Aqueduct.
ناوشکن (না'.-শেকান্/n.-šekan) দ্রুততম রণপোত বিশেষ যা অন্য যুদ্ধ জাহাজ ধ্বংসে সক্ষম; ডেস্ট্রয়ার। Destroyer.
ناوك (না'ভাক্/ năvak) ছোট জাহাজ; তীর (অস্ত্র)। Small arrow.
ناوگروه(নাভগোরূহ্/năvgoruh) রণতরীর বহর; নৌবহর। Brigade [in the Navy].
ناوه(না'ভে/năve) ইট, পাথর, মাটি ইত্যাদি কাঁধে বহন করার জন্য শ্রমিকদের ব্যবহার্য লম্বা হাতলযুক্ত হালকা মুখখোলা বাক্স বিশেষ। Hod.
ناوه کش (না'.-কাশ্/ n.-kaš) বাক্সে ইট, সুরকি ইত্যাদি বহনকারী শ্রমিক। Hodman.
ناوی (না'ভী/ năvi) ১/1) নৌকা-সদৃশ। Boat-like. ২/2) নৌসেনা; নাবিক। Soldier (in the Navy); Sailor.
ناویژه (না'ভীজ্বে/ năviẑe) (খরচ বাদ না দিয়ে) মোট। Gross.
ناهار (না'হা'র্/ năhăr) দুপুরের খাবার; মধ্যাহ্নভোজ। Lunch. Luncheon.
ناهارخوری (না'.-খোরী/ n.-xori) খাবারের ঘর। Dining-room.
ناهمرنگ (না'হাম্‌রাঙ্গ্/ nă-hamrangّ) যার অন্যের রঙের সাথে অমিল রয়েছে। Ill-matched.
ناهموار (না'হাম্‌ভা'র্/ nă-hamvăr) অসমতল; এবড়োথেবড়ো; বন্ধুর; যা সন্তোষজনক নয়। Uneven. Disagreeable.
ناهمواری(না'হাম্‌ভা'রী/ nă-hamvări) অসমতল/ এবড়োথেবড়ো/ বন্ধুর অবস্থা। Unevenness.

ناهنجار (না'-হান্জা'র্/ nă-hanjăr) বিশৃঙ্খল; আঁকাবাঁকা; বক্র; অসৎ; জটিল; অস্বাভাবিক। Rough. Crooked. Abnornal.

ناهید (না'হীদ্/năhid) শুক্রগ্রহ; শুকতারা। Venus.

نای (না'ই/ nǎy) ১/1)= نی ২/2) বাঁশী; ফাঁকা নল; সানাই। Windpipe.
ن. دریچه বাঁশীর যে জায়গায় ফুঁ দিয়ে বাজানো হয়। Epiglottis.

نایاب (না'ইয়াব্/ nă-yăb) দুষ্প্রাপ্য; যা সচরাচর পাওয়া যায় না; বিরল। Unobtainable; rare.

نایب (না'য়েব্/ năyeb) [ব.ব./pl.نواب] প্রতিনিধি; সচিব। Deputy. Secretary.

نایب الحکومة (নায়েবোল্ হোকূমে/ năyebol-hokume)= بخشدار

نایب السلطنه (নায়েবোস্ সাল্তানে/ năyebos-saltane) ভাইসরয়; রাজপ্রতিনিধি। Regent; viceroy.

نایب رئیس(না'য়েব্ রাঈস/năyeb-ra'is) ভাইস প্রেসিডেন্ট; ডেপুটি চেয়ারম্যান; সহ-সভাপতি; উপপ্রধান। Vice president. Deputy chairman.

نایب مناب (না.-মানা'ব্/ n.-manăb) স্থলাভিষিক্ত। Locum-tenens; vicegerent; deputy.

نایره(না'য়েরে/năyere)= آتش / شعله

نایل(না'য়েল/ năyel)= نایل অর্জনকারী; কোন কিছু লাভকারী; যে লক্ষ্যে পৌঁছেছে। Attaining. ن. شدن به কোন কিছু লাভ করা। To attain or obtain.

نائم(না'এম্/năem)= خوابیده/ خواب

نبات (নাবা'ত্/ nabăt)= گیاه উদ্ভিদ। Plant; vegetable.

نبات (নাবা'ত্/ nabăt) চিনি দ্বারা তৈরী মিষ্টি বিশেষ। Sugar-candy.

نباتی (নাবা'তী/ năbăti)= گیاهی

نبادا (না'বা'দা'/ nabădă)= مبادا

نبرد (নাবার্দ্/nabard) যুদ্ধ; লড়াই; সংগ্রাম। Battle.

نبردگاه (না.-গা'হ্/n.-găh) যুদ্ধের ময়দান; রণাঙ্গন। Battlefield.

نبرد ناو (না.-নাভ্/ n.-năv) ক্রুজার; যুদ্ধজাহাজ; রণতরী। Battle cruiser.

نبش (নাবশ্/ nabš) গুপ্তধন আবিষ্কার; ফাঁস করে দেওয়া; কবর খুঁড়ে তুলে আনা। Exhumation.

نبش (নাব্শ্/ nabš) কিনারা; প্রান্ত; কোণা। Corner; angle; edge
خانه اش نبش خیابان است তার ঘর রাস্তার এক কোণায় অবস্থিত। His house stands at an angle to the street.

نبض (নাব্য্/ nabz) ধমনী বা নাড়ির নিয়মিত স্পন্দন। Pulse.
نبض کسی را گرفتن কারো নাড়ি দেখা। To feel a person's pulse.

نبض سنج (না.-সান্জ্/ n.-sanj) নাড়ি মাপার যন্ত্র বিশেষ। Pulsimeter; pulsometer.

نبض شناسی (না.-শেনা'সী/ n.-šenăsi) নাড়ি মাপা বা পরীক্ষা করার বিদ্যা। Sphygmology.

نبوت(নোবোভ্ভাত্/nobovvat) নবুওয়াত। Prophecy.

نبوغ(নোবূগ/nobuğ) প্রতিভা; সৃজনীশক্তি। Genius.

نبوی (নাবাভী/ nabavi) নবুওয়াতী; নবীর সাথে সম্পর্কিত; হযরত মুহাম্মদের (সঃ) সাথে সম্পর্কিত। Prophetic. Descended from the Prophet.

نبی(নাবী[ই]/năbi[yy]) [ব.ব./pl. انبياء]= پیغمبر

نبیره (নাবীরে/ nabire) সন্তানের (সন্তান; নাতি-নাতনীর সন্তান।) Great great grandchild.

نبیه (নাবীয়্যে/ nabiyye) [نبی এর স্ত্রী./ Fem of نبی].

نپخته(না'পোখ্তে/na-poxte)= نارس / خام

نت(নোত্/not) নোট; চিহ্ন; ব্যাখ্যা। Note.

نتاج (নেতা'জ্/ netăj) উৎপাদন করা; সন্তান-সন্ততি; বংশধর। Breed. Progeny.

نتایج (নাতা'য়েজ্/ natăyej) [نتيجه এর ব.ব./ pl. of نتیجه].

نتیجه (নাতী'জে/ natije) [ব.ব./pl.نتایج] পরিণাম; ফল; শেষ ফল; উপসংহার; তৃতীয় স্তরের নাতি-নাতনী Result. Conclusion. Issue. Great grand-child. ن. دادن ফল প্রসব করা; শুভ ফল প্রদান। To produce result. To be efficacious. ن. گرفتن ফল লাভ করা; উপসংহারে উপনীত হওয়া; সুফল লাভ করা। To conclude. To infer. To get a good result. ن. آنکه উপসংহার হচ্ছে এই যে। To sum up. در نتیجه ফলত। Conseqnetly. در نتیجهٔ ...এর ফলে; ... এর পরিণামে। As a (or the) result of.

نتیجةً (নাতীজাতান্/natijatan) পরিণামে; ফলস্বরূপ; ফলত। Consequently.

نتیجه بخش(নাতীজেবাখ্শ্/ natije-baxš) ফলপ্রদ; সুফলদায়ক; কাজের; উপকারী। Efficacious; useful.

نثار (নেসা'র্/ nesăr) উৎসর্গ; বিবাহ উপলক্ষে বর-কনে ও মেহমানদের মাথার ওপর ছড়িয়ে দেয়া কাগজি মুদ্রা। Money scattered at a wedding or feast. Garnish. ن. کردن উৎসর্গ করা; ছড়িয়ে দেওয়া। To sacrific. To scatter.

نثر (নাস্র্/ năsr) গদ্য। Prose.

نثراً(নাস্রান্/nasran) গদ্যে; গদ্য সাহিত্যে। In prose.

نجابت (নাজা'বাত্/ najăbat) মহৎ চরিত্র; ভদ্রতা; অমায়িকতা। Noble charater; gentleness.

نجات (নাজা'ত্/najăt)= رستگاری মুক্তি; ত্রাণ; পরিত্রাণ; নিস্তার। Deliverance; salvation ن. دادن = رهانیدن রক্ষা করা। To save; deliver. کرجی ن জীবনতরী। Life-boat.

نجات دهنده(না.-দাহান্দে/ n.-dahande) ত্রাণকর্তা; মুক্তিদাতা; রক্ষাকর্তা। Saviour; deliverer; redeemer.

نجار(নাজ্জা'র্/ najjăr) কাঠমিস্ত্রি; ছুতার। Carpenter. نجار شیروانی টিনের বা ঢেউ প্লাস্টিকের ছাদ (চালা) তৈরির মিস্ত্রী। Roof-truss maker.

نجاری(নাজ্জা'রী/ najjări) কাঠমিস্ত্রীর কাজ; ছুতারগিরি। Carpentry.
نجاست (নেজা'সাত্/ nejăsat) নোংরা অবস্থা; অপবিত্রতা; নাপাকি; মানুষ ও অন্যান্য জীবজন্তুর বর্জ্য। Uncleanness. Excrement.
نجاشی(নাজা'শী/ najaši) প্রাচীনকালে ইথিওপিয়ার সম্রাটের সাধারণ উপাধি। Negus.
نجباء (নোজাবা'/ nojabă') [نجیب এর ব.ব./pl. of نجیب].
نجس (নাজেস্/ najes) অপবিত্র; নাপাক; শরয়ী দৃষ্টিতে নাপাক। [Ceremonially] unclean. [দ্র./ S.u. پلید/ناپاك].
نجم(নাজ্‌ম/najm) [ব.ব./pl.انجم/نجوم] = ستاره
نجوا (নাজ্‌ভা'/ najvă)= نجوی ফিস্‌ফিস্ ধরনের কথা। Whisper. ن . کردن ফিস্‌ফিস করে কথা বলা। To whisper.
نجوی (নাজ্‌ভা'/ najvă)= نجوا
نجوم(নোজূম/nojum) [نجم এর ব.ব./pl. of نجم].
نجوم بین (নো.-বীন্/n.-bin)= ستاره شناس
نجوم بینی (নো.-বীনী/ n.-bini)= ستاره شناسی
نجومی (নোজূমী/ nojumi) জ্যোতিষতত্ত্ব সম্বন্ধীয়; জ্যোতির্বিদ্যা সম্বন্ধীয়। Astronomical. Astrological. تقویم ن. জ্যোতিষশাস্ত্রীয় পঞ্জিকা। Almanach.
نجیب (নাজীব্/najib) মহানুভব; মহৎ; অভিজাত; শরীফ; মিহি। Noble; gentle; chaste. Soft; sober.
نحریر (নেহ্‌রীর্/ nehrir) = دانشمند /زبردست
نحس (নাহ্‌স্/nahs)= نحوست অলক্ষুণে; ভাগ্যহীন। Unlucky; sinister. Miserable.
نحسان (নাহ্‌সা'ন/ nahsăn)=نحسین দুই অলক্ষুণে তারকা মঙ্গল গ্রহ ও শনি গ্রহ। The two unlucky stars Mars & Saturn.
نحسی (নাহ্‌সী/nahsi)= نحوست ن . کردن বিড়ম্বনা/ জ্বালাতন করা। To be miserable, as a child.
نحل (নাহ্‌ল্/ nahl)= زنبور عسل
نحو(নাহ্‌ভ্/nahv) [ব.ব./pl. انحاء] পদ্ধতি; পন্থা; বাক্য প্রকরণ। Manner; way. Syntax. بچه نحو কিভাবে? How? In what manner?
نحوست(নোহূসাত্/nohusat) অশুভ হওয়া; অলক্ষুণে হওয়া। Inauspiciousness.
نحسین (নাহ্‌সেইন্/ nahseyn)= نحسان
نحوه (নাহ্‌ভে/ nahve) পথ; পদ্ধতি; কোন কিছু করার বিশেষ প্রক্রিয়া। Special manner of doing something. [তুল./ Cf. نحو].
نحوی (নাহ্‌ভী/ nahvi) বাক্য গঠন বা পদ বিন্যাস সম্বন্ধীয়; ব্যাকরণগত। Syntactic. ২/2) ব্যাকরণবিদ; বৈয়াকরণ Grammarian.
نحیف(নাহীফ/nahif)= ضعیف/لاغر
نخ(নাখ/nax) সেলাই বা বোনার জন্য সুতা। Thread; string; yarn.

نخاع(নোখা'-/noxă') মেরুরজ্জু। Spinal cord. Marrow.

نخاعی (নোখা'য়ী/ noxă'i) [স্ত্রী./ Fem. نخاعیه] মেরুরজ্জু সংক্রান্ত। Medullary.

نخاله (নোখা'লে/ noxăle) তুষ; ভুসি; কোন কিছুর অসার অংশ। Siftings; bran. Rubbish.

نخبه (নোখ্‌বে/ noxbe) উত্তম অংশ; পছন্দনীয় অংশ; একই ধরনের বস্তুর মধ্যে সর্বোত্তম অংশ। Best part; choice part.

نخ تاب (নাখ্‌তা'ব্/naxtăb)=نخ ریس

نخجیر (নাখ্‌জীর্/ naxjir)= شکار শিকার করা। Prey. Hunting. ن . کردن শিকার করা। To hunt.

نخ ریس (নাখ্ রীস্/ nax-ris) সুতা কাটার কল; চরকা। Spinner. Spinning jernny.

نخ ریسی (না.-রীসী/n.-risi) তাঁত পেশা; বুননকার্য; তাঁত। Spinning.

نخست(নোখোস্‌ত্/noxost) প্রথম; প্রধান। First.

نخست زاده (নো'.-যা'দে/ n.-zăde) প্রথম সন্তান। First-born (child).

نخست وزیر (নো'.-ভাযীর্/ n.-vazir) প্রধান মন্ত্রী। Prime Minister; Premier.

نخستین (নোখোস্‌তীন্/ noxostin) প্রথম; প্রারম্ভিক। First.

نخشب (নাখ্‌শাব্/ naxšab) তুর্কিস্তানের একটি বড় শহরের নাম। City in Turkistan.

نخ کوک(নাখ্ কূক্/nax-kuk) বাঁধাছাঁদা বা বোনার কাজ। Basting(s).

نخ گیر (না.-গীর্/ n.-gir) সেলাই মেশিন, বস্ত্র, নৌকার পাল ইত্যাদিতে রশি বা সুতা পরানোর জন্য যে ছিদ্র করা হয়, সে ছিদ্রকে দৃঢ় করার জন্য ব্যবহৃত ধাতব আংটা। In a sewing- machine) Thread eyelet.

نخل (নাখ্‌ল্/ naxl)= درخت خرما খেজুর গাছ। Date-palm.

نخلستان (নাখ্‌লেস্‌তা'ন্/ naxlestăn) খেজুর বাগান। Palm-grove.

نخلی (নাখ্‌লী/naxly) খেজুর জাতীয়/পাম জাতীয় (গাছ)। Palmaceous.

نخ نما(নাখ্‌নামা'/nax-namă) পুরনো জামা যার আঁশ বের হয়ে গেছে; সুতোর মত। Threadbare.

نخوت (নাখ্‌ভাত্/naxvat)= غرور / خود بینی

نخود(নোখোদ্/noxod) ছোলা বুট; চানাবুট ও অনুরূপ জাতীয় উদ্ভিদ ও তার শস্য। Pea. نخود همه آشی بودن সব সালুনের তরকারি (হওয়া); সকল বিষয়ে নাক গলানো। To have a finger in every pie.

نخود آب (নো.-অ'ব/ n.-ăb) চর্বিবিহীন গোশত ও বুট দিয়ে রোগীর জন্য তৈরী স্যুপ যাতে তেল দেওয়া হয় না। Pea-soup.

نخودچی (নো.-চী/n.-či) ভাজা বুট। Chick-pea.

نخودی (নোখোদী/noxodi) চানা বা ছোলা বুট সংক্রান্ত; যা দেখতে বুটের ন্যায়;

বুটের রংবিশিষ্ট। Pea-shaped. Buff (colour).
نخی (নাখী/ naxi) সুতী। Cotton.
نخیل (নাখীল্/naxil) খেজুর গাছ। (Date-) palm.
نداء(নেদা'/nedă) কণ্ঠস্বর; ডাক; আহ্বান। Proclamation. Voice. حالت ن. সম্বোধনকারক। Vocative case. حرف ن. সম্বোধনবাচক শব্দ (হে! ওহে! ওগো! ইত্যাদি)। Interjection.
ندار (নাদা'র্/ nadăr)= نادار
نداری (নাদা'রী/ nadări)= ناداری দারিদ্র্য; দৈন্য। Poverty; indigence.
ندامت (নাদা'মাত্/nadămat)= پشیمانی
ندانسته (নাদা'নেস্তে/ nadăneste) অজান্তে; অজ্ঞাতসারে; অজ্ঞতাবশত। Unknowingly.
ندانم کار (নাদা'নাম্ কা'র্/ nadănam-kăr) অনভিজ্ঞ; অকৌশলী; অদক্ষ। Tactless. Inexperienced.
ندانم کاری (না.-কা'রী/ n.-kări) অনভিজ্ঞতা; অদক্ষতা; কৌশলহীনতা। Lack of experience or tact.
ندبه(নোদ্‌বে/nodbe)=گریه / سوگواری
ندرت (নোদ্‌রাত্/ nodrat) বিরলতা। Rareness. بندرت কদাচিৎ; কালেভদ্রে। Seldom; rarely.
ندما (নুদামা'/nodamă) [ندیم এর ব.ব./ pl. of ندیم].
ندید بدید(নাদী'দবাদী'দ্/nadid-badid) স্বার্থ বা হীন উদ্দেশ্যপ্রণোদিত; ভুঁইফোঁড় ব্যক্তি। Parvenu; sordid.
ندیده (নাদীদে/nadide) অদৃষ্ট; অদেখা। Unseen. পঞ্চম স্তরের বংশধর। Great great great grandchild.
ندیم (নাদীম্/ nadim) [ব.ব./pl.ندماء] ভাঁড়; যে রসিকতা করে; রাজসভার বিদূষক। Boon companion. King's jester.
نذر (নায্‌র্/ nazr) মানত; ব্রত। Vow. Oblation. ن. بستن = شرط بستن = ن. داشتن (কারো) নযর বা মানত থাকা। To be under a vow. ن. کردن মানত করা; মানতকৃত দ্রব্য বিতরণ করা। To vow; dedicate by a vow. To distribute charitably.
نذری (নাযরী/nazri) কোন মানত পূরণের কারণে আল্লাহ্‌র উদ্দেশ্যে প্রদত্ত বা উৎসর্গীকৃত; মানত পূরণ সাপেক্ষে প্রদেয় বা উৎসর্গের জন্য রক্ষিত। Vowed; votive; oblatory. مجانی
نر (নার্/ nar) পুরুষ জাতীয়। Male.
نرخ (নের্‌খ্/ nerx) মূল্য; দর; হার। Rate; price. بنرخ ...দরে;...হারে। At the rate of. بنرخ روز প্রচলিত হারে; বর্তমান বাজার দরে; লেনদেনের সময়কার বাজার দরে। At the current price. ن. بستن بر মূল্য নির্ধারণ; শুল্ক ধার্যকরণ। To fix price. To rate or tariff.
نرخ بندی (নে.-বান্‌দী/ n.-bandi) মূল্য নির্ধারণ; দর বেঁধে দেওয়ার কাজ; শুল্ক নির্ধারণ। Rating; fixing rates; tariffication.
نردبان(নারদ(া)বা'ন্/ nard(a)băn) মই; সিঁড়ি। Ladder. نرده بان دو طرفه

ডবল মই; ওপরের দিক পরস্পর যুক্ত ও নীচের দিক বিচ্ছিন্ন দু'টি মই। Pair (or set) of steps.

نرده (নার্দে/narde) লোহা বা কাঠের রেলিং। Hand-rail; palisade. [দ্র./S.u. نورد].

نرگس (নার্গেস্/narges) নার্গিস ফুল/ফুলের গাছ; স্ত্রীবাচক নাম। Narcissus. Fem. pr. name.

نرگسی (নার্গেসী/ nargesi) পালং শাক দিয়ে তৈরী খাবার বিশেষ যা খাবার প্লেটে পরিবেশনকালে তার ওপরে ডিমের কুসুম দেওয়া হয়। Kind of dish with eggs and vegetables.

نرم(নার্ম্/narm) নরম; মোলায়েম; নমনীয়; ভদ্র। Soft. Smooth. Fine. Mild; gentle. ن. کردن নরম করা; নমনীয় করা; পোষ মানানো। To reduce to powder; pulverize. To soften.

نرماده (নার্মা'দে/ narmăde) উভলিঙ্গ। Hermaphrodite.[দ্র./S.u. نر/ماده].

نرم تن(নার্ম্ তান্/narm-tan) [ব.ব./ pl. نرم تنان] নরম খোলবিশিষ্ট শামুক বিশেষ; নরম শরীরবিশিষ্ট যে কোন প্রাণী; মূ. অ. নরম শরীরের অধিকারী; কোমলাঙ্গ; কোমলাঙ্গী। Molluscan. OS. Of a soft or delicate body. নরমদেহী প্রাণীকুল। Mollusks.

نرم دل (না.-দেল্/ n.-del) কোমল হৃদয়; দয়ার্দ্র। Tender-hearted; soft.

نرمش (নার্মেশ্/ narmeš) নমনীয়তা; কোমলতা; (শরীর চর্চায়) শরীরকে বিভিন্ন ধরনের কঠিন ব্যায়ামের জন্য উপযোগী করা। Suppleness; softness.

نرم نرم(নার্ম্নার্ম্/ narm-narm) নমনীয়ভাবে; নম্রতার সাথে; ভদ্রভাবে। Softly; gently.

نرم نرمک (না.-নারমাক্/ n.-narmak) ১/1)= نرم نرم ২/2) ভদ্রভাবে; ক্রমশ: ক্রমাগতভাবে। Gradually.

نرموك (নার্মূক্/ narmuk)= نرماده

نرمه(নার্মে/narme) যে কোন নরম জিনিস; কানের লতি। Soft part. Fontanel. نرمه ساق پا পায়ের হাঁটুর নিচের পেছন দিকের মাংসল স্থান। Calf. نرمه گوش কানের লতি। Earlap; lobe of the ear.

نرمه استخوان (না.-ওস্তোখা'ন/ n.-ostoxăn) [غضروف] জীবদেহে অস্থিসন্ধির সাথে সংযুক্ত নমনীয়, অথচ দৃঢ় শুষ্ক তন্তুময় অংশ। Cartilage.

نرمی (নার্মী/ narmi) কোমলতা; নম্রতা; নমনীয়তা; ভদ্রতা। Softness; gentleness. Fineness. Mildness. ن. کردن নম্রতার সাথে/ ভদ্রভাবে/ সহানুভূতির সাথে আচরণ করা। To behave softly; gently. بنرمی নম্রতার সাথে; ভদ্রতার সাথে। Gently or softly.

نروژ (নোর্ভেজ্/norveΩ) নরওয়ে। Norway.

نروژی (নোর্ভেজী/ norveẑi) নরওয়ে ভাষা; নরওয়ের অধিবাসী; নরওয়ের তৈরী। Norwegian.

نره خر(নার্রেখার/ narexar)= خر نر পুংজাতীয় গাধা; মোটা বুদ্ধির (পুরুষ) লোক। He-ass. Burly, coarse fellow.

نره گاو(না.-গা'ভ্/ n.-găv) = گاو نر ষাঁড়; বলদ। Bull. Ox.

نره غول (না.-গূল্/ n.-ğol) (রূপ কথায়) দৈত্য; দানব; দানবীয় আকারের মানুষ। Giant; OS. Male ghoul.

نری (নারী'/ nari) পুরুষ জাতীয়; পুরুষ সংক্রান্ত; পুরুষত্ব। Maleness. Virility.

نریان (নারীয়া'ন্/ nariyăn) (সাধারণত প্রজননার্থে রক্ষিত) পুং জাতীয় ঘোড়া। Stallion.

نریمان (নারীমা'ন্/ narimăn) পুং নাম বিশেষ। Mas. pr. name.

نزار (নাযা'র্/nazăr) পাতলা; সরু; দুর্বল। Thin; lean.

نزاع (নেযা'-/ neză') ঝগড়া; বিবাদ। Quarrel; dispute. ن . کردن ঝগড়া-বিবাদ করা। To quarrel or dispute.

نزاکت (নাযা'কাত্/ nazăkat) মার্জিত আচরণ; ভালবাসা উদ্রেককারী শিষ্টাচার। Elegance. Courtesy.

نزد (নাযদ্/ nazd) কাছে; পাশে; নিকটে; মতে। Near; by the side of. With. In the opinion of.

نزدیک(নায্দী'ক্/nazdik) কাছে; কাছাকাছি; ঘনিষ্ঠ। Near. Neighbouring. At hand. Close. Related. نزدیک (কোন কিছুর/ কারো) নিকটে; কাছে; প্রায়; কাছাকাছি। Near; close to; by. نزدیک دو سال প্রায় দুই বছর। Nearly 2 years. ن . شدن কাছে আসা; ঘনিষ্ঠ হওয়া; ঘনিয়ে আসা। To come near(er). To draw near; approach. ن . کردن কাছে আনা; ঘনিয়ে আসার ব্যবস্থা করা। To bring near; cause to approach. راه را نزدیک کردن সংক্ষিপ্ত পথ বেছে নেওয়া; মারা যাওয়া। To take a short cut. Met. To meet one's end. از ن . دیدن স্বচক্ষে দেখা। To see for oneself.

نزدیک بین(না.-বীন্/n.-bin) কাছে দেখা; নিকট দৃষ্টি (রোগ); ক্ষীণদৃষ্টি; অদূরদর্শী। Near-sighted; myopc.

نزدیک بینی (না.-বী'নী/n.-bini) দৃষ্টিক্ষীণতা; নিকটদর্শন রোগ; অদূরদর্শিতা। Short-sightedness; myopia; near-sightedness.

نزدیکی (নায্দী'কী/ nazdiki) নৈকট্য; আত্মীয়তা; ঘনিষ্ঠতা; যৌনসঙ্গম। Nearness; proximity. Vicinity. Relationship. در این ن. এই কাছাকাছি; আশেপাশেই। In the vicinity; nearby. در همین ن . ها খুব কাছেই; অতি সম্প্রতি; শীঘ্রই। Shortly; presently. ن . کردن যৌনসঙ্গম করা। Have a sexual intercourse.

نزع (নায্-/ naz') উৎপাটন; জীবনপাত; জীবন দান। Agony of death.

نزف الدم(নায্ফোদ্দাম্/nazfod-dam)= خون روی

نزله(নায্লে/nazle) সর্দি; শ্লেষ্মা। Catarrh; rheum. ن . وبائی همه جا گیر ইনফ্লুয়েঞ্জা। Influenza.

نزول(নোযূল্/nozul) নামা; অবতরণ। Descending. Revelation.ن . کردن

১/1) অবতরণ করা; নামা;হ্রাস পাওয়া। To come down; descend. ২/2) শুভাগমন করা। To arrive or lodge.

نزهت (নোয্হাত্/ nozhat) সুখ; প্রীতি; অনন্দ; তুষ্টি; অবকাশ। Pleasure; recreation.

نژاد (নেজ্বা'দ্/ nežǎd) বংশ; বংশসূত্র; মানব প্রজাতি; নরগোষ্ঠী। Breed; race.

نژاد شناس (নে.-শেনা'স্/ n.-šenǎs) নৃতাত্ত্বিক; নৃবিজ্ঞানী। Ethnologist.

نژاد شناسی (নে.-শেনা'সী/ n.-šenǎsi) নৃতত্ত্ব। Ethnology.

نژادی (নেজ্বা'দী/ nežǎdi) বর্ণগত; বর্ণ বা বংশ সংক্রান্ত। Racial.

نژند (নাজ্বান্দ্/nažand)= غمگین / خشمگین / ترسناك

نساء(নেসা/nesǎ')=زنان নারী। Women.

نساج (নাস্সা'জ্/ nassǎj)= بافنده বয়নকারী। Weaver.

نسّاجی (নাস্সা'জী/nassǎji)=بافندگی

نسب (নাসাব্/ nasab) [ব.ব./pl.انساب] কুল; বংশ; বংশানুক্রম; বংশ পরিচয়। Lineage; parentage. علم انساب বংশ পরিচয়বিদ্যা। Genealogy.

نسبت (নেস্বাত্/ nesbat) সম্পর্ক; সম্বন্ধ (রক্তের); বিষয় স্বগোত্র; অনুপাত; হার। Relation. Consanguinity. Ratio or proportion. Regard; respect. به ن. ...এর তুলনায়; অনুপাতে; ...এর সাথে সম্পর্কিত। As compared with. Than. With respect to. Relative to; concerning. به ن. আনুপাতিক হারে। Proportionally. به نسبت ...এর তুলনায়; ...এর হারে। In the proportion of. On a scale of. ن. دادن (কারো প্রতি) আরোপ করা; অভিযুক্ত করা (কারো সাথে) যুক্ত করা। To attribute; impute or ascribe.

نسب نامه (নাসাব্ না'মে/ nasab-nǎme) বংশ তালিকা; কুরসিনামা। Genealogy; genealogical tree.

نسبةً (নেস্বাতান্/nesbatan) তুলনামূলকভাবে; আপেক্ষিকভাবে। Comparatively; relatively.

نسبی (নেস্বী/nesbi) তুলনামূলক; আপেক্ষিক; আনুপাতিক; সমানুপাতিক; তুল্য। Relative. Proportional. شرکت ن. প্রতি অংশীদারের শেয়ার অনুপাতে দায়-দায়িত্বভিত্তিক কোম্পানী। Proportional partnership.

نسبی (নাসাবী/nasabi) স্বগোত্র; রক্তের সম্পর্ক; স্বগোত্রীয়তা। Consanguineous; consanguinity. قربت ن. রক্তসম্পর্কের আত্মীয়তা; সগোত্র। Consanguinity.

نسبیت (নেসবী'য়্যাত্/ nesbiyyat) আপেক্ষিকতা; আপেক্ষিকতাবাদ; আইনস্টাইনের আপেক্ষিকতত্ত্ব। Relativity.

نسترن (নাস্তারান্/ nastaran) সাদা/ লাল রংয়ের ছোট সুগন্ধি ফুল বিশেষ; বন গোলাপ বিশেষ। Sweetbrier; eglantine.

نستعلیق(নাস্তা-লীগ্ব/ nasta'liğ) আরবী-ফার্সী ভাষার লিপিপদ্ধতি বিশেষ।

Style of writing used in lithography.

نسج(নাস্‌জ্/nasj) বয়ন করা; বুননকৃত; বয়নের কাজ। Tissue; texture.

نسخ (নাস্‌খ্/ nasx) বাতিল করা; রহিত করা; বিলুপ্ত করা। Abrogation; abolition.

نسخ (নাস্‌খ্/ nasx) আরবী-ফার্সী লিপির ধরন বিশেষ। Style of writing used in typhography.

نسخ (নোসাখ্/nosax) [نسخه এর ব.ব./ pl. of نسخه]

نسختین (নোস্‌খাতেইন্/ nosxateyn) দুই কপি; ডুপ্লিকেট কপি; অনুলিপি। Two copies; duplicate.

نسخه (নোস্‌খে/ nosxe) [ব.ব./pl.نسخ] অনুকৃতি; অনুলিপি; প্রতিলিপি; নকল; প্রেসক্রিপশন। Copy. Recipe; prescription. ن. برداشتن از (কোন কিছুর) অনুলিপি গ্রহণ; কপি করা। To copy or transcribe; make a copy of. در دو نسخه একটি প্রতিলিপিসহ। In duplicate. در سه نسخه দুই অনুলিপিসহকারে। In triplicate.

نسخه بدل (নো.-বাদাল্/n.-badal) ভিন্ন; বিভিন্ন; বিকল্প। Variant.

نسر (নাস্‌র্/nasr) ১/1)= دال ঈগল। Eagle. ২/2)= کرکس শকুন। Vulture.

نسرین (নাস্‌রী'ন্/ nasrin) [گل ن. বোঝাতে/ For. گل ن.] ফুল বিশেষ বা তার গাছ। Jonquil.

نسطوری (নেস্‌তূরী/ nesturi) [ব.ব./pl. نساطره] প্রাচীন কনস্টান্টিনোপলের খৃস্টান ধর্মনেতা নেস্তুরের সাথে সম্পর্কযুক্ত বা তাঁর অনুসারী। Nestorian.

نسق (নাসাগ্‌/nasağ) রীতি; ধরন; বিন্যাস। Mode; manner. Style.

نسل (নাস্‌ল্/ nasl) সন্তান; সন্তান-সন্ততি; বংশধর; প্রজন্ম। Offspring. Generation.

نسلاً (নাস্‌লান্/ naslan) বংশানুক্রমে; বংশরীতি হিসেবে। By generation. نسلاً بعد نسل বংশানুক্রমিকভাবে। From generation to generation.

نسناس (নাস্‌না'স্/ nasnăs) ওরাংওটাঙ্গ। Orang-outang.

نسوان (নেস্‌ভা'ন/nesvăn)= زنان নারী। Women.

نسوز (না'সূয্/ nasuz)= ناسوز আগুনে পোড়ে না এমন; অদাহ্য। Fireproof. آجر نسوز আগুনে পুড়ে ঝামায় পরিণত হয় না এমন বিশেষ ধরনের ইট। Firebrick; refractory brick. پنبه ن. অদাহ্য বস্ত্র তৈরির কাজে ব্যবহৃত আঁশযুক্ত খনিজ পদার্থ বিশেষ; এ্যাসবেস্টস। Asbestos.

نسیان (নেস্‌ইয়া'ন্/ nesyăn)= فراموشی

نسیم (নাসী'ম্/ nasim) (ভোরের) কোমল হাওয়া; শীতল বায়ু; মৃদুমন্দ বায়ু। Breeze. Zephyr.

نسیه (নেসীয়ে/nesye) বাকীতে বেচাকেনা। Credit transaction; credit sale. ن. فروختن বাকীতে বিক্রি করা। To sell on credit.

نشا(নেশা'/nešă) বীজজাত চারা গাছ; চারা। Seedling. ن. کردن (গাছের) চারা গাছ রোপণ করা। To plant out.

نشادر(নেশা'দোর্/ nešădor) এমোনিয়াম ক্লোরাইড; রাসায়নিক লবণ বিশেষ। Sal-ammoniac; ammonium chloride.

نشاسته (নেশা'স্তে/ nešăste) শ্বেতসার; মাড় যা সুতি কাপড় কঠিন করার কাজে ব্যবহৃত হয়। Starch.

نشاسته ای (নেশা'স্তেঈ/ nešaste'i) শ্বেতসারযুক্ত; কঠিন। Starchy. Amylaceous.

نشاط (নেশা'ত্/ nešat)= خوشی খুশী; আনন্দ; ফুর্তি। Joy; mirth. ن. کردن = خوشی کردن

نشاط آور(নে.-অ'ভার্/n.-ăvar)= نشاط انگیز

نشان (নেশা'ন্/ nešan) আলামত; চিহ্ন; নিদর্শন; প্রতীক; লক্ষ্যস্থল। Mark; trace; sign; token. Symptom. Aim; target.

نشان (নেশা'ন্/ nešan) [نشاندن এর অনু./ Imp. of نشاندن]. ن. دادن দেখানো। To show.ن. کردن চিহ্নিত করা; বাছাই করা; লক্ষ্যস্থলে পরিণত করা। To mark (out); mark off. To select. To aim. ن. زدن با یک تیر دو এক ঢিলে দুই পাখী মারা। To kill two birds with one shot.

نشاندار (নে.-দা'র্/ n.-dăr) চিহ্নিত। Marked.

نشاندن(নেশা'ন্দান্/nešăndan) বসানো; আসন গ্রহণ করানো; স্থাপন করা। To seat. To set. To settle.

نشانده (নেশান্দে/ nešănde) [نشاندن এর ক্রি. বিণ./ p.p. of نشاندن].

نشانگاه(নেশা'ন্গা'হ্/nešăn-găh) নিশানা; লক্ষ্য। Butt; target.

نشانه (নেশা'নে/ nešăne) লক্ষণ; পূর্ব লক্ষণ; ইঙ্গিত; গুলীর লক্ষ্য। Indication; sign; token. Symptom. Aim. Target. ن. رفتن গুলী করার জন্য কোন কিছুকে লক্ষ্য করা। To (take) aim.

نشانه روی (নে.-রাভী/ n.-ravi) কোন কিছুকে লক্ষ্য পরিণত করা; গুলী করার জন্য লক্ষ্যস্থলকে দেখা। Aiming; sighting. دستگاه ن. যুদ্ধে শত্রুপক্ষের অবস্থান পর্যবেক্ষণের যন্ত্র। Sighting instrument.

نشانی(নেশা'নী/nesăni) ঠিকানা; নির্দেশনা; নিদর্শন। Address. Indication.

نشانیدن (নেশা'নীদান্/ nešănidan)= نشاندن

نشت (নাশ্ত্/ našt)= نشو তরল পদার্থ ইত্যাদি নির্গত হওয়া; গোপন বিষয় ফাঁস হওয়া। Leakage. ن. کردن চোঁয়ানো; নিঃসরণ। To leak or ooze.

نشتر (নেশ্তার্/ neštar)=نیشتر

نشتی (নাশ্তী/našti)= نشدی চুঁইয়ে পড়া বা বের হওয়া বস্তু; চুঁইয়ে পড়ার মত ছিদ্র বা ফাটলবিশিষ্ট। Leaky. Leakage.

نشخوار (নোশ্খা'র্/ nošxăr) যে প্রাণী জাবর কাটে। Chewing the cud.

نشخوار کردن(নো.-কার্দান্/ n.-kardan) চিবানো; জাবর কাটা। To chew the cud.

نشخوار کننده(নো.-কোনান্দে/ n.-konande) [نشخوار کنندگان] রোমন্থক বা জাবর-কাটা (প্রাণী)। Ruminant; cud-chewer.

نشدنی (নাশোদানী/ našodani) অসম্ভব; অসাধ্য; সাধ্যাতীত। Impossible.

نشدی (নাশ্‌দী/ našdi)= نشتی

نشر (নাশ্‌র্/ našr) প্রকাশ; প্রচার; ছড়িয়ে দেওয়া। Publication. Spreading about. حشر و ن. হাশর্‌ ও নশর; একত্র হওয়া; শেষ বিচার দিনের মহাসমাবেশ। Associating together. ن. کردن = انتشار دادن

نشریه (নাশ্‌রি'য়্যে/ našriyye) [ব.ব./pl. نشریات] প্রকাশনা; প্রচারপত্র; সাময়িকী। Publication. Leaflet.

نشست (নেশাস্‌ত্‌/ nešast) বসা; বৈঠক; অধিবেশন; বসে (দেবে) যাওয়া। Act of sitting. Session. Subsiding. ن. و برخاست ওঠা-বসা; মেলামেশা। Association.

نشستن (নেশাস্‌তান্‌/nešastan) [نشین]= ساکن شدن বসা; উপবেশন করা; আসন গ্রহণ করা; বসবাস করা। To sit; take a sit. To reside. آب در این زمین نمی نشیند এত উচ্চ জমিতে পানি থাকে না। This land is too high to be irrigated.

نشسته (নেশাস্‌তে/ nešaste) [نشستن এর ক্রি. বিণ./ p.p. of نشستن]. বসা অবস্থায়। Sitting. In a sitting posture. ব.ব./pl. نشستگان যারা বসে আছে। Those sitting; sitters.

نشمرده (নাশোমোর্‌দে/ na-šomorde) অগণিত; অসংখ্য; যা গণনা করা হয়নি; অগণ্য; Uncounted. Countless.

نشنیدنی (নাশেনীদানী'/ na-šenidani) শোনার অযোগ্য; আশ্রাব্য; অতি জঘন্য; মর্মঘাতী। Unfit to be heard; shocking.

نشنیده(নাশেনীদে/našenide)= ناشنیده

نشو(নাশ্‌ভ্‌/našv) উদ্‌গম হওয়া; গজানো; ক্রমবৃদ্ধি; বিকাশ। Growth. ن. و نما کردن বৃদ্ধি পাওয়া; বড় হওয়া। To grow up.

نشور (নোশূর্‌/ nošur)= رستاخیز

نشوق (নাশূগ্‌/našuğ) নাসারন্ধ্রের অভ্যন্তরে গ্রহণীয় ওষুধ। Errhine.

نشوه (নাশ্‌ভে/našve) নেশা; নেশা গ্রহণের পর উল্লসিত অবস্থা। Inebrity. Ecstasy.

نشیب (নেশীব্‌/ nešib) ঢালু; উৎরাই; অবরোহণ; অধোগতি; নিচু (জায়গা)। Declivity; descent.

نشید (নাশী'দ্‌/ našid)= سرود

نشیمن(নেশী'মান্‌/nešiman) বাড়ি; বৈঠক ঘর; আসন; বাসা। Dwelling. Seat. اطاق ن বসার ঘর; ড্রইং রুম; বৈঠকখানা। Sitting room. ن. کردن বসবাস করা; বসা। To dwell. To sit.

نشیمن گاه(নে.-গা'হ্‌/n.-găh) বসার স্থান; বাড়ি; বসার জায়গা; (পাখির) বাসা। Dwelling place. [Of a bird] Roost.

نشین(নেশী'ন্‌/ nešin) [نشستن এর অনু./ Imp. of نشستن].

نشین(নেশীন্/nešin) গুহ্য বা মলদ্বার; পাছা। Anus or podex.

نشئه (নাশ্এ/ naš'e)= نشوه

نص (নাস্[স্/ nas[s]) [ব.ব./pl. نصوص] নির্ভরযোগ্য বক্তব্য; অকাট্য ভাষ্য; একাধিক অর্থ করা যায় না এমন সুস্পষ্ট বক্তব্য। Text.

نصاب (নেসা'ব্/nesăb) কোন কিছুর সুনির্দিষ্ট পরিমাণ; যাকাত আরোপযোগ্য সম্পদের পরিমাণ; প্রতিপত্তি। Taxable limit. Estate dignity. حد ن. সুনির্দিষ্ট ন্যূনতম সংখ্যা; কোরাম। Quorum.

نصارا (নাসা'রা'/ nasără) [نصرانی এর ব.ব./pl. of نصرانی].

نصایح (নাসা'ইয়েহ্/nasăyeh) [نصیحت এর ব.ব./pl. of نصیحت].

نصب (নাস্‌ব্/nasb) প্রতিষ্ঠা; স্থাপন; নিয়োগ। Erection. Appointment. ن. کردن প্রতিষ্ঠা/ স্থাপন করা; নিয়োগ করা। To erect; instal. To appoint.

نصب العین(নাস্‌বোলএইন্/nasbol-'eyn) লক্ষ্যবস্তু; লক্ষ্যস্থল। Set before the eyes. ن. قرار دادن লক্ষ্যবস্তুতে পরিণত করা বা পর্যবেক্ষণ করা। To set before the eyes i.e. observe.

نصحا (নোসাহা'-/ nosahă') [ناصح এর ব.ব./ pl. of ناصح].

نصر (নাস্‌র্/ nasr)= یاری / پیروزی

نصر الله (নাস্‌রোল্লা'হ্/ nasrollăh) পুংবাচক নাম; মূ. অ. আল্লাহ্‌র সাহায্য। Mas. pr. name. OS. Help from Allah.

نصرانی(নাস্‌রা'নী/ nasrăni) [ব.ব./pl. انصارا] খ্রীস্টান; ত্রিত্ববাদী। Christian.

نصرت (নোস্‌রাত্/ nosrat)= پیروزی / یاری স্ত্রী বাচক নাম/ Fem. pr. name. طاق ن. বিজয় তোরণ। Arch of triumph.

نصرت الله(নোস্‌রাতোল্লা'হ্/ nosratollăh) পুংবাচক নাম; মূ. অ. আল্লাহ্‌র সাহায্য; বিজয় বা সাফল্য। Mas. pr. name. OS. God's help or triumph.

نصف (নেস্‌ফ্/ nesf) অর্ধেক; অর্ধাংশ; দুই ভাগের এক ভাগ। (One) half. ن. کردن সমান দুই ভাগে ভাগ করা; অর্ধেকে পরিণত করা। To divide in halves. To reduce to half. نصف شب মধ্যরাত। Midnight. درد نصف سر আধ-কপালে মাথাব্যথা; মাইগ্রেন। Hemicrany; migraine. فلج نصف بدن অর্ধাঙ্গ পক্ষাঘাত। Hemiplegia.

نصف النهار (নেসফোন্ নাহা'র্/ nesfon-nahăr) দুপুর; মধ্যাহ্ন। Midday. [তুল./Cf. ظهر] دایرهٔ ن. দ্রাঘিমা রেখা। Meridian.

نصفه (নেস্‌ফে/nesfe) অর্ধেক; অর্ধসমাপ্ত। Half. Half-done.

نصفه کاره(নে.-কা-রে/n.-kăre) অর্ধসমাপ্ত। Half-finished.

نصفه کاری(নে.-কা'রী'/ n.-kări) কাজ অর্ধসমাপ্ত রেখে দেওয়া; লভ্যাংশের সমবণ্টন। Dividing of profits in equal shares.

نصوح(নাসূহ্/ nasuh) উপদেশদাতা; নসিহতকারী; আজীবনের জন্য পাপ থেকে তওবাকারী এক ব্যক্তির নাম। Name of a man proverbial for his sincere repentance.

نصوص (নোসূস্/nosus) [نص এর ব.ব./ pl. of نص].

نصیب(নাসী'ব্/nasib) অংশ; ভাগ; হিস্যা; শেয়ার; ভাগ্য; নিয়তি। Portion; share; lot. نصیب ... شدن এর ভাগ্যে (কোন কিছু) ঘটা। To fall to the lot of.

موفقیت هایی که نصیب ما شد আমরা যে সাফল্যের অধিকারী হলাম। Successes won by us.

خدا ن. کند আল্লাহ্ দিন/প্রদান করুন। God grant.

نصیحت (নাসীহাত্/ nasihat) [ব.ব./pl. نصایح] উপদেশ; পরামর্শ। Advice; exhortation; admonition.

ن. کردن উপদেশ দান করা। To admonish.

نصیحت آمیز (না.-অ'মীয্/ n.-ămiz) উপদেশমূলক; পরামর্শমূলক। Exhortative; admonitory.

نصیر (নাসী'র্/ nasir) [ব.ব./pl.انصار] সাহায্যকারী; সহায়তাকারী; পুংবাচক নাম। Helper; Defender. Mas. pr. name.

نضج (নোয্জ্/ nozj) রন্ধনকৃত হওয়া; পরিপক্বতা; ফল পাকা; পেকে ওঠা। Ripening. Suppuration.

ن. کردن পাকানো; পরিপক্ব করা; সমৃদ্ধ করা; (ফোঁড়া) পেকে যাওয়া। To ripen. To develop. To flourish.

نطاق(নাত্তা'ঘ্/ nattăğ) বক্তা; সুবক্তা; বক্তৃতা-দক্ষ ব্যক্তি। Great talker. Orator.

نطاقی (নাত্তা'ঘী/ nattăği) বাগ্মিতা; বাগাড়ম্বরতা। Oratory.

نطع(নাত্-/nat') চামড়ার টেবিল ক্লথ; বসার জন্য ব্যবহারযোগ্য চামড়ার কাপড় এক সময় যাতে বসিয়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ব্যক্তির শিরশ্ছেদ করা হত। Leathern (table-) cloth.

نطفه(নোত্ফে/notfe) শুক্র; বীর্য। Sperm.

نطق(নোত্ঘ্/notğ) কথা বলা; বক্তৃতা করা; কথা; বক্তৃতা; বাকশক্তি। Speech. Power of speech. [তুল./Cf. سخنرانی / سخن]

نظار (নোয্যা'র্/nozzăr) [ناظر এর ব.ব./ pl. of ناظر]. দর্শকগণ; নিয়ন্ত্রকগণ। Spectators. Controllers.

انجمن ن নির্বাচন পর্যবেক্ষক পরিষদ; তত্ত্বাবধায়ক পরিষদ। Election supervisory council.

نظارت (নেযা'রাত্/ nezărat) নিয়ন্ত্রণ; দেখাশোনা; তত্ত্বাবধান। Control.

ن. کردن দেখাশুনা; তদারক করা; নিয়ন্ত্রণ করা। To control or supervise. انجمن ن নির্বাচন পর্যবেক্ষণ পরিষদ; তত্ত্বাবধায়ন পরিষদ। Election supervisory council.

نظاره (নেযা'রে/ nzăre) দেখা; লক্ষ্য করা; পর্যবেক্ষণ করা। Looking; watching. [দ্র./ S.u. نظارت].

ن. کردن = دیدن দেখা; পর্যবেক্ষণ করা। To see; watch.

نظّاره(নায্যা'রে/ nazzăre) [ব.ব./pl. نظارگان] দর্শকবৃন্দ। Spectator[s].

نظافت(নাযা'ফাত্/ nazăfat)= پاکیزگی নির্মলতা; পরিষ্কার-পরিচ্ছন্নতা। Cleanliness.

نظام (নেযা'ম্/nezăm) বিন্যাস; ব্যবস্থা; শৃঙ্খলা; নিয়মানুবর্তী করা; সামরিক বাহিনী; পুংবাচক নাম। Order. Discipline. The military. Mas. pr. name. خدمت ن. সামরিক সেবা; সামরিক বাহিনীতে চাকরি বা স্বেচ্ছাশ্রম। Military service. ن. گرفتن কাতারবন্দী হওয়া; সুশৃঙ্খলিত হওয়া। To get into line; line up. To be restored to order. ن. وظیفه বাধ্যতামূলক সামরিক সেবা। Compulsory military service.

نظامت (নেযা'মাত্/nezămat) নিয়ম-কানুন। Regulations; rules.

نظامنامه (নেযা'ম্না'মে/ nezăm-năme) লিপিবদ্ধ নিয়ম-কানুন; গঠনতন্ত্র। Regulation(s). Constitution (of a society). [দ্র./S.u. آئین نامه].

نظامی (নেযা'মী/ nezămi) সামরিক; সৈন্যদল; সামরিক বাহিনী। Military. آجر ن. ৪০×৪০ সেন্টিমিটার মাপের বিশেষ ধরনের ইট। Kind of brick 40 centimetres by 40 centimetres. حکومت ن. সামরিক শাসন। Military government. قانون حکومت ن. সামরিক আইন। Martial law. دادگاه ن. সামরিক আদালত। Court martial; military court.

نظایر (নাযা'য়ের/ nazăyer) [نظیره এর ব.ব./ pl. of نظیره] সাদৃশ্যপূর্ণ ব্যাপার; ঘটনা। Similar cases. مطبقه و نظایر آن টাইফয়েড ও অনুরূপ অন্যান্য রোগব্যধি। Typhoid and the like.

نظر(নাযার্/nazar) [ব.ব./pl. انظار] দেখা; মতামত; দৃষ্টিভঙ্গি। Sight. Look. View. Opinion. بنظر من আমার মতে। In my opinion. نظر اجمالی এক নজর; মোটামুটিভাবে দৃষ্টিপাত। Glance. ن. افکندن/ ن. انداختن দৃষ্টিপাত করা। To look; cast a glance. ن. دادن মতামত দেওয়া/ ব্যক্ত করা; মন্তব্য করা। To express one's opinion; make a comment. ن. کردن بر কোন কিছু বা কাউকে দেখা; কোন কিছু বা কাউকে লক্ষ্য করা বা স্মরণে রাখা। To look at; see. To regard. بنظر آمدن মনে হওয়া। To seem; appear; look. بنظر رسید که (আমার) মনে হল যে। It occured to me to. در ن. داشتن মনে রাখা; স্মরণ রাখা; বিবেচনায় রাখা। To have in mind; bear in mind; remember. در ن. گرفتن বিবেচনায় রাখা; বিবেচনা করা; মঞ্জুর/ বরাদ্দ করা। To take into consideration. To bear in mind. To take into account. با در ن. گرفتن বিবেচনায় রেখে; স্মরণ রেখে। Taking into consideration; with due regard to. صرف ن. کردن از (কোন কিছু) বিবেচনা না করা; মন থেকে বাদ দেওয়া; (কোন কাজ হতে) বিরত থাকা। To dispense with. To waive; relinquish. تجدید نظر کردن(در) (কোন বিষয়) পুনর্বিবেচনা করা/ মত পরিবর্তন করা। To revise. ن. کردن جلب দৃষ্টি আকর্ষণ করা। To attract

notice or attention. ن. باینکه এ দৃষ্টিতে যে। In view of the fact that; considering that. از نظر اقتصادی অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে। From an economic point of view. با نظر مساعد نگریستن সহানুভূতির দৃষ্টিতে দেখা। To view favourably. تحت نظر ...এর তত্ত্বাবধানে। Under the supervision of. ن. بچپ (সামরিক) বাম দিকে তাকাও! Military. Eyes left!

نظراً (নাযারান্/nazaran) বাহ্যত; দৃশ্যত; দেখার ভিত্তিতে। Apparently. By sight.

نظر باز (নাযার্বা'য্/ nazarbăz) লোলুপ দৃষ্টিতে চেয়ে থাকে এমন লোক; অপাঙ্গ দৃষ্টিকারী। Ogler.

نظربازی(না.-বা'যী/ n.-băzi) লোলুপ দৃষ্টিতে দেখা বা তাকানো; অপাঙ্গদৃষ্টি করা। Ogling.

نظر بلند(না.-বোলান্দ্/n.-boland) বদান্য; উদার; মুক্তহস্ত; মহানুভব; উঁচু মনের অধিকারী। Liberal; magnanimous; high-minded.

نظرتنگ (না.-তাঙ্গ্/ n.-tang) অনুদার; সংকীর্ণমনা; হীনমনা। Illiberal; narrow-minded.

نظر تنگی (না.-তাঙ্গী/n.-tangi) অনৌদার্য; অনুদারতা; মনের সংকীর্ণতা; হীনমন্যতা; কার্পণ্য। Illiberality.

نظر کرده (না.-কার্দে/n.-karde) যার প্রতি দৃষ্টি দেওয়া হয়েছে; অপেক্ষাকৃত বেশী পছন্দের বা প্রিয় ব্যক্তি/বস্তু। Favoured or favourite.

نظر گاه(না.-গা'হ্/ n.-găh) দৃষ্টিকোণ। Viewpoint.

نظری(নাযারী/nazari) তত্ত্বগত; কাল্পনিক। Theoretical. Speculative.

نظریات (নাযারিয়্যাত্/nazariyyăt) [نظریه এর ব.ব./pl. of نظریه].

نظریه (নাযারিয়্যে/ nazariyye) [ব.ব./pl. نظریات] দৃষ্টিভঙ্গি; সুপারিশ; পরামর্শ। View; suggestion; recommendation. ن. دادن মতামত প্রদান; মন্তব্য করা। To express one's views; make a comment.

نظم (নায্ম্/nazm) বিন্যাস; পদ্য; কবিতা। Good order. Verse; poetry. ن. دادن(به) শৃঙ্খলা বিধান করা; সুবিন্যস্ত করা। To restore order in; give good shape to. بنظم در آوردن কবিতায় রূপান্তরিত করা। To versify.

نظیر (নাযী'র্/nazir)=مانند মত; অনুরূপ; সদৃশ; নজির; সমকক্ষ। Equal; like; parallel. ن. ندارد এটি অতুলনীয়/ অনুপম। It is unparalleled. نظیر قضیه شما است আপনার বিষয়টির মতই/অনুরূপ। It is similar (or analogous) to your case.

نظیره (নাযীরে/ nazire) [ব.ব./pl. نظائر দৃষ্টান্ত; নজির, উদাহরণ; সমকক্ষ বস্তু/ব্যক্তি। Example. Similar thing.

نظیف(নাযী'ফ্/nazif)=پاك পরিষ্কার-পরিচ্ছন্ন। Clean.

نعال(নেঅ'ল্/neăl) [نعل এর ব.ব./ pl. of نعل].

نعت (না-ত্/ na't) চরিত্র ও গুণের প্রশংসা; বিশেষত রাসূলে খোদা (সাঃ)-এর প্রশংসাসূচক কবিতা। Epithet. Description. Praise.

نعره (না-রে/ na're) উচ্চৈঃস্বরে ধ্বনি; আর্ত চিৎকার; শ্লোগান। Cry; clamour; roar. ن . زدن উচ্চৈঃস্বরে ধ্বনি করা; আর্ত চিৎকার করা; শ্লোগান দেওয়া। To cry or roar.

نعش (না'শ্/ na'š) মৃতদেহ; শব; লাশ। Corpse. Coffin.

نعش کش (না.-কাশ্/ n.-kaš) কবর পর্যন্ত মৃতদেহ বয়ে নিয়ে যাবার গাড়ি। Hearse.

نعل (না'ল্/na'l) [ব.ব./pl. نعال] (ঘোড়ার পায়ের) নাল। Horseshoe.

نعلبکی (না'ল্‌বেকী'/ na'lbeki) পিরিচ; তশতরী। Saucer.

نعلبند (নাল্‌বান্দ্/ na'l-band) যে ব্যক্তি ঘোড়ার খুরে নাল পরায়। Shoesmith; farrier.

نعلبندی (না.-বান্‌দী/n.-bandi) খুরে নাল পরানো; নাল পরানোর পেশা। Farriery.

نعلین (না'লেইন্/ na'leyn) [نعل নাগড়া; একজোড়া; চটি জুতা। Slippers or sandals.

نعم (নাআম্/naam)= بله হ্যাঁ; জ্বী। Yes.

نعم (নেআম্/ neam)= نعمات [نعمت এর ব.ব./ pl. of نعمت]

نعمات(নেআমা'ত্/ne'amăt)=نعم [نعمت এর ব.ব./pl. of نعمت].

نعمت (নে-মাত্/ ne'mat) [نعم/نعمات] বৈভব; প্রাচুর্য; সমৃদ্ধি; স্বচ্ছন্দ জীবন; নেয়ামত; অনুগ্রহ। Affluence; riches. Easy life. Blessing; gift; favour.

نعمت الله(নে-মাতোল্লা'হ্/ ne'matollăh) পুংবাচক নাম; মূ. অ. আল্লাহ্ তাআলার দান। Mas. pr. name OS. God's gift.

نعنا(ع) (না-না'/ na'nă) পুদিনা। Spearmint.

نعوذ بالله(নাউযো বেল্লা'হ্/ na'uzobellăh) আল্লাহ্ না করুন; খোদা না করুন; মূ. অ. আমরা আল্লাহ্‌র নিকট আশ্রয় চাই। God forbid. Save us, God Lord. OS. We seek refuge in God.

نعیم (নাঈম্/na'im) নেয়ামত; প্রাচুর্য; সম্পদ; বিলাসসামগ্রী; পুংবাচক নাম। Luxury; pleasure. Blessing. Mas. pr. name.
بهشت = جنات ن.

نغز (নাগ্‌য্/ nağz) চমৎকার; বিস্ময়কর; চমকপ্রদ। Excellent. Marvellous.

نغمه (নাগ্‌মে/ nağme) [ব.ব./pl.نغمات] সুমিষ্ট সঙ্গীত; সুরেলা ধ্বনি। Melody.

نغمه پرداز (না.-পার্‌দা'য্/ n.-pardăz) সঙ্গীতবিশারদ; সুরকার; সুরস্রষ্টা। Musician.

نغمه سرا (না.-সারা'/ n.-sară) গায়ক। Singer.

نغمه سرایی (না.-সারা'য়ী/ n.-sarăyi) গান গাওয়া; সঙ্গীত পরিবেশন। Singing.

نفاس(নেফা'স্/nefăs) = زایمان সন্তান জন্মদান; সন্তান প্রসবের পর জরায়ু থেকে যে রক্ত ঝরে। Child birth. Lochia.

نفاق(নেফা'খ্/ nefăğ) দ্বিমুখী ভাব পোষণ করা; কপটতা; ভণ্ডামি; মুনাফেকী। Hypocrisy.

نفائس (নাফা'য়েস্/ nafăyes) [দ্র./ S.u. نفیس]

نفت (নাফ্ত্/naft) তেল। Oil; petroleum. نفت سفید কেরোসিন। Krosene. نفت سوختی জ্বালানি তেল। Fuel oil.

نفتالین (নাফ্তা'লীন্/naftălin) আলকাতরা ও পেট্রোল থেকে তৈরী কড়া গন্ধযুক্ত শক্ত সাদা পদার্থ যা কীটদষ্টতা থেকে কাপড়-চোপড় রক্ষার্থে ব্যবহৃত হয়; ন্যাপথলিন। Naphthaline.

نفت سوز (নাফ্ত্সূয্/ naft-suz) তেলচালিত ইঞ্জিন, জাহাজ ইত্যাদি। Oil-burner.

نفت کش (না.-কাশ্/ n.-kaš) [ن. کشتی বোঝাতে/For ن. کشتی] তেলবাহী জাহাজ। Oil tankar.

نفتی (নাফ্তী/ nafti) তেলচালিত; তেল সংক্রান্ত; তেলের মতো; তৈলবৎ; তেলজাত। Oily. Produced from petroleum.

مواد ن./ محصولات ن. তেলজাত সামগ্রী। Oil products.

نفخ (নাফ্খ্/ nafx) ফুলে ওঠা; ফুঁ দেওয়া; ফুঁ দিয়ে ফোলানো; অহঙ্কার; আত্মগৌরব। Blowing. Swelling.

نفخه (নাফ্খে/ nafxe) একবার ফুঁ দেওয়া; পেট ফুলে ওঠা। Blowing or blast.

نفر (নাফার্/ nafar) ব্যক্তি; জন। Individual. Person. ن. محصل سه তিনজন ছাত্র। 3 students.

نفر اول প্রথম বা সর্বোত্তম ব্যক্তি। The first or the best one.

نفره (নাফারে/ nafare) ...ব্যক্তি বিশিষ্ট। Having persons. ماشین ۷ ن. সাত আসনবিশিষ্ট গাড়ি। Seven-seater.

نفرات (নাফারা'ত্/ nafarăt) সৈন্যদল; মিলিটারী ব্যাটেলিয়ন। Soldiers; militaries. [তুল. এ.ব./Cf. the s. نفر].

نفرت (নেফরাত্/ nefrat) বিরূপতা; ঘৃণা। Aversion; disgust. ن. داشتن از (কাউকে) ঘৃণা করা। To hate.

نفرت انگیز (নে.-আঙ্গীয্/ n.-angiz) অতিশয় বিরক্তিকর; ঘৃণার উদ্রেককারী। Disgusting.

نفرین (নেফ্‌রী'ন্/nefrin) অভিশাপ; কঠোর ভাষায় গালাগাল দেওয়া। Curse. [তুল./ Cf. دشنام] ن. کردن অভিশাপ দেওয়া; বদদোয়া করা। To curse; imprecate.

نفس (নাফাস্/ nafas) [ব.ব./pl. انفاس] শ্বাস-প্রশ্বাস। Breath. ن. زدن শ্বাস টানা। To breathe. ن. کشیدن (স্বাভাবিকভাবে) শ্বাস-প্রশ্বাস গ্রহণ। To breathe. ن. ن. زدن হাঁপানো। To pant or gasp for breath. از ن. افتادن শ্বাস-প্রশ্বাস থেমে যাওয়া; মারা যাওয়া। To get out of breath. ن. کشیدن از یادش رفت (কাজের চাপে) তার শ্বাস ফেলারও অবকাশ ছিল না। He resigned his breath.

نفس(নাফ্স্/nafs) আত্ম; আত্মা; ব্যক্তিসত্তা; মূল বস্তু বা বিষয়। Self. Soul; person. Essence.

نفس الامر(নাফ্সোল্ আম্‌র্/nafsol-amr) কোন বস্তুর মৌলিক গুণাবলী বা স্বভাব। Essence of a thing.

نفسانی (নাফ্সা'নী/ nafsăni) ইন্দ্রিয়সুখ সম্পর্কিত; নফসের সাথে সম্পর্কিত। Sensual; carnal.

نفسانیت(নাফ্সা'নিয়্যাত্/nafsăniyyat) ইন্দ্রিয়সেবা; ইন্দ্রিয়পরায়ণতা; ভোগাসক্তি; আত্মপূজা। Sensuality.

نفس پرست(নাফ্স্ পারাস্ত্/ nafs-parast) ইন্দ্রিয়প্রবণ। Sensual; carnal. خودپرست

نفس پرستی (না.-পারাস্‌তী/n.-parasti) = خود پرستی / شهوت پرستی

نفس تنگه (নাফাস্ তাঙ্গে/ nafas-tange) হাঁপানি; শ্বাসরোগ। Asthma.

نفس تنگی (না.-তাঙ্গী/ n.-tangi)= نفس تنگه

نفع (নাফ্-/ naf ') লাভ; উপকার; মঙ্গল; সুবিধা; সুফল। Profit. Benefit. Interest. [তুল./ Cf. سود] بنفع ...এর স্বার্থে/কল্যাণে। In the interests of. For the benefit of. ن. بردن/ن. کردن লাভ করা; মুনাফা করা। To benefit. To make a profit. ن. رساندن কল্যাণ করা। To do good.

نفقه (নাফাগ্বে/ nafağe) জীবন নির্বাহের ব্যয়; স্ত্রী ও সন্তান-সন্ততির ভরণ-পোষণ; বিচারকের নির্দেশে বর্তমান বা প্রাক্তন স্ত্রীকে দেয় খোরপোশ। Alimony. Subsistence.

نفله شدن(নেফ্‌লে শোদান্/nefle-šodan) নষ্ট হয়ে যাওয়া; অপচয়ের কারণে নিঃশেষ হয়ে যাওয়া। To be wasted or spoiled.

نفوذ (নোফূয্/nofuz) প্রবেশ; অনুপ্রবেশ; প্রভাব; প্রতাপ; প্রতিপত্তি। Penetration. Influence. تحت ن. قراردادن প্রভাব বিস্তার করা। To influence. ن. کردن অনুপ্রবেশ করা। To penetrate. اعمال ن. کردن প্রভাবকে কাজে লাগানো। To use one's influence; exercise influence. اعمال نفوذ ناروا অন্যায়/অবৈধ প্রভাব খাটানো। Undue influence.

نفوس (নোফূস্/ nofus) [نفس এর ব.ব./ pl. of نفس] জনসংখ্যা; লোকজন। Population.

نفهم (নাফাহ্‌ম্/nafahm)= نافهم

نفی (নাফী/ nafy) না-বাচক; অস্বীকার করা; রদ বা বাতিল করা। Negative. Negation. ن. کردن অস্বীকার করা; প্রত্যাখ্যান করা। To negate; deny. نفی در نفی ডবল নেতিবাচক; দুই বার প্রত্যাখ্যান; নেতিবাচককে প্রত্যাখ্যান। Double negative; two negatives.

نفیر(নাফীর্/nafir) ফরিয়াদ; আর্ত চিৎকার; তূর্যধ্বনি; তূর্যনিনাদ; উচ্চ শব্দ। (Sound of a) trumpet.

نفیس (নাফী'স্/nafis)= گرانبها/پربها বহুমূল্য ও অত্যন্ত সুন্দর; মহার্ঘ। Precious. [স্ত্রী./ Fem. نفیسه ব.ব./pl. نفائس].

نقاب(নেগ্বা'ব্/ neğăb) চেহারা ঢাকার মুখোশ; নেকাব। Mask. Black veil.

ن . زدن মুখোশ পরিধান করা। To wear a mask. ن . پوشیدن নেকাব পরিধান করা। To wear a veil.

نقابت (নেগ্বা'বাত্/ neğăbat)= بزرگی / ریاست

نقاب دار (নেগ্বা'ব্দা'র্/ neğăb-dăr) অবগুণ্ঠিত; মুখোশ পরিহিত; নেকাব পরিহিতা। Masked. Veiled.

نقاد (নাগ্বগ্বা'দ্/ naǧğăd) সমালোচক; খুঁত সন্ধানী; সোনা-রূপার বিশুদ্ধতা পরীক্ষাকারী। Critic. Assayer.

نقادی (নাগ্বগ্বা'দী'/naǧğădi) শিল্প-সাহিত্য সমালোচনা; খুঁত সন্ধান; সোনারূপার বিশুদ্ধতা পরীক্ষা। Criticism. Critique. Assay. ن . کردن সমালোচক হিসেবে কাজ করা; সোনা-রূপার বিশুদ্ধতা যাচাইয়ের কাজ করা। To act as a critic.

نقار (নেগ্বা'র্/ neğăr)= کینه / دشمنی

نقاره (নাগ্বগ্বা'রে/ naǧğăre) বাদ্যযন্ত্র বিশেষ; নাকাড়া। Kettledrum. ن . زدن নাকাড়া বাজানো। To beat the kettledrum.

نقاره خانه (না.-খা'নে/ n.-xăne) যে স্থানে সূর্য ওঠার আগে ও অস্ত যাওয়ার পরে এবং কোন অনুষ্ঠানের ঘোষণাস্বরূপ ঢাক-ঢোল পেটানো হয়। Place where the drum are beaten at fixed intervals.

نقاش (নাগ্বগ্বা'শ্/ naǧğăš) চিত্রশিল্পী; চিত্রকর; যে বাড়ীঘরে রঙ করে। Painter. Portraitist.

نقاش خانه (না.-খা'নে/ n.-xăne) চিত্রশিল্পীর কর্মশালা; চিত্র প্রদর্শনের গ্যালারী। Painter's studio. Picture-gallery.

نقاشی (নাগ্বগ্বা'শী'/ naǧğăši) বাড়ীঘরের রঙের কাজ; চিত্র অঙ্কন; চিত্র; চিত্রকর্ম। Painting. Drawing. Picture. ن . کردن চিত্র অঙ্কন; বাড়ীঘরে রং করা। To paint. To draw.

نقاط(নেগ্বা'ত্/neğăt) [نقطه এর বহুবচন/ pl. of نقطه]

نقال (নাগ্বগ্বা'ল্/ naǧğăl) বর্ণনাকারী; যে কোন বিষয়কে এক জায়গায় শুনে অন্য জায়গায় গিয়ে বর্ণনা করে; গল্পকার; গল্প বলা যার পেশা। Narrator. Conveyor.

نقاله (নাগ্বগ্বা'লে/ naǧğăle) [نقال এর স্ত্রী/fem. of نقال] কোন অঙ্কন ও মাপার জন্য ব্যবহৃত অর্ধবৃত্তাকার হাতিয়ার; চাঁদা। Protractor. سیم ن . আকাশ তার; শূন্যের ওপর দিয়ে নিয়ে যাওয়া তার। Aerial ropeway. سیم نقالهٔ الکتریکی উর্ধ্বকাশে চালিত গাড়ি বা বাহনের বৈদ্যুতিক তার। Telpher line.

نقاهت(নাগ্বা'হাত্/naǧăhat) রোগমুক্তির পর স্বাস্থ্যের ক্রমোন্নতি; রোগমুক্তির পরবর্তী দুর্বলতা; অনুধাবন। Convalescence.

نقائص (নাগ্বা'এস্/ naǧăes) [نقیصه এর ব.ব./ pl. of نقیصه].

نقد (নাগ্বদ্/ naǧd) মুদ্রা বা নোটরূপে বিনিময়যোগ্য নগদ অর্থ; নগদ। Cash.

نقدا (নাগ্বদান্/ naǧdăn) নগদে; নগদ অর্থে। In cash.

نقدی(নাগ্বদী'/ naǧdi) নগদ অর্থ; নগদ

অর্থে লেনদেনকৃত; যা নগদ অর্থে লেনদেনযোগ্য। Cash. Paid to be or paid for, in cash. Pecuniary. Monetary. غیر نقدی যা অর্থে বিনিময়যোগ্য নয়; নগদ অর্থে পরিশোধ অপরিহার্য নয় এমন। Non-monetary; non-pecuniary.

نقدینه (নাগ্দীনে/ nağdine) নগদ অর্থ; মূল্যবান সামগ্রী। Cash; precious articles.

نقرس (নেগ্‌রেস্/ neğres) গেঁটেবাত। Gout.

نقرسی (নেগ্‌রেসী/ neğresi) গেঁটেবাতে আক্রান্ত; গেঁটেবাত সংক্রান্ত। Gouty.

نقره (নোগ্‌রে/ noğre)= سیم রূপা। Silver.

نقره آبی (নো.-অ'বী'/ n.-ăbi) ঈষৎ নীল সাদা। Bluish-white.

نقره آلات (নো.-অ'লা'ত্/ n.-ălăt) রূপার তৈরী সামগ্রী/অলঙ্কারাদি। Silverware.

نقره ای (নোগ্‌রে'ঈ/ noğre'i) রূপালী; রূপার ন্যায় সাদা। Silver(y) argentine. Silver-white.

نق زدن(নেগ্ যাদান্/neğ-zadan) কারো দোষ ধরা; কারো বিরুদ্ধে বকবক করা। To nag and murmur.

نقش (নাগ্‌শ্/ nağš) [ব.ব./pl.نقوش] নকশা; ডিজাইন; চিত্র; স্কেচ; ভূমিকা। Design; drawing. Painting. Trace. Part; role. چه‌نقشی ایفاء کرد সে কি ভূমিকা পালন করেছে? What part did he play? در نقشِ... ...এর ভূমিকায় (অভিনয়/অবতীর্ণ হওয়া)। As; playing the part of. ن. بستن ছাপপড়া; নকশা বা ডিজাইনে পরিণত হওয়া। To be imprinted. To be formed or designed. ن. کردن অঙ্কন করা। To draw; paint. نقش بر آب کردن ব্যর্থ করে দেওয়া; বানচাল করে দেওয়া; হতাশ করা। To bring to nought; frustrate. نقش زمین شدن ব্যর্থ হওয়া; ধরাশায়ী হওয়া। To measure one's length; come a cropper.

نقش بند (না.-বান্দ্/n.-band)=نقاش

نقشه (নাগ্‌শে/ nağše) নকশা; ঘরবাড়ি ইত্যাদির নকশা; মানচিত্র। Plan; drawing. Map. نقشهٔ دریایی সামুদ্রিক/সমুদ্র সংক্রান্ত মানচিত্র/নকশা। Chart. ن. کشیدن মানচিত্র অঙ্কন; পরিকল্পনা প্রণয়ন; ষড়যন্ত্র করা; নীল নকশা প্রণয়ন। To draw a map or plan. To design.

نقش بردار (না.-বার্‌দা'র্/ n.-bardăr) মানচিত্র অঙ্কনকারী; ভূমি জরিপকারী। Topographer. Surveyor.

نقشه برداری(না.-বার্‌দা'রী/n.-bardări) মানচিত্র অঙ্কন; ভূমি জরিপ। Topography. Survey.

نقص(নাগ্‌স্/nağs) অভাব; কমতি; ঘাটতি। Deficiency; defect. Decrease.

نقصان(নোগ্‌সা'ন্/noğsăn) অভাব; কমতি; ঘাটতি;হ্রাস; লোকসান। Deficiency. Decrease. Shortage; deficit. کم شدن =ن. پذیرفتن হ্রাস পাওয়া। To be decreased. روبه ن. گذاردن

হ্রাস পেতে শুরু করা। To be in decrease; begin to decline.

نقض(নাগ্‌য্/nağz) লঙ্ঘন; ভাঙ্গা। Breach; violation. **نقض عهد** চুক্তি ভঙ্গ করা। Perjury. **ن . کردن** ভঙ্গ করা; লঙ্ঘন করা; খণ্ডন করা। To violate. To reverse.

نقط (নোগ্বাত্/noğat) [**نقطه** এর ব.ব./pl. of **نقطه**] বিন্দুসমূহ।

نقطه(নোগ্‌তে/noğte) [ব.ব./pl. **نقط-نقاط**] ফোঁটা; বিন্দু; দশমিক চিহ্ন; (আরবী-ফারসী ভাষার হরফের) নোকতা; লোকালয়। Point; dot. Spot; locality. **نقطۀ اتکاء** ভরকেন্দ্র; যে বিন্দুর চারদিকে একটি যন্ত্র বা চাকা ঘুরতে থাকে। Fulcrum. **نقطۀ مقابل** বিপরীত প্রান্ত। Reverse; opposite. **نقطۀ نظر** দৃষ্টিকোণ; মতামত। Point of view. **ن . گذاشتن** বিন্দু চিহ্ন দেওয়া; ফোঁটা দেওয়া। To point or dot. **در بعضی نقاط** কোন কোন এলাকায়/ অংশে/ ক্ষেত্রে। In certain parts.

نقطه چین (নো.-চীন্/ n.-čin) বিন্দু দ্বারা চিহ্নিত; ফোঁটা দ্বারা সজ্জিত; ফুটকি দ্বারা চিহ্নিত। Dotted. **ن . کردن** বিন্দু; ফুটকি দ্বারা চিহ্নিত করা; ফোঁটা দ্বারা সজ্জিত করা। To dot; mark with dots.

نقطه گذاری (নো.-গোযা'রী/ n.-gozări) বিরাম চিহ্নের ব্যবহার; বাক্যের শেষে দশমিক চিহ্নের ব্যবহার;(আরবী-ফারসী) ফোঁটা দেওয়া। Dotting. Punctuation. **ن . کردن** বিন্দুচিহ্নিত করা; ফোঁটা বসানো। To dot or point. To punctuate.

نقل(নাগ্‌ল্/nağl) পরিবহন; এক স্থান থেকে অন্য স্থানে বহন; স্থানান্তর; উদ্ধৃতি; বর্ণনা। Conveying; transport. Transfer. Transmission. Quotation. Narration. **ن . کردن** বর্ণনা করা; উদ্ধৃতি প্রদান। To narrate. To convey. To qoute. **نقل قول کردن** হুবহু উদ্ধৃতি প্রদান। To quote or cite. **نقل مکان کردن** বাসস্থান পরিবর্তন করা। To remove; shift to a new place.

نقل(নোগ্‌ল্/noğl) চিনির তৈরী ছোট মার্বেল আকারের সাদা শুকনা মিষ্টি বিশেষ। Sugar-plum. Comfit. **نقل مجلس** সভার/ মজলিসের মধ্যমণি। The life and soul of a party.

نقلاً (নাগ্‌লান্/ nağlan) পরম্পরাগত বর্ণনা অনুসারে; (পবিত্র) ধর্ম গ্রন্থের বর্ণনাসূত্রে; হাদীস উদ্ধৃত। Traditionally. According to the scriptures.

نقلی (নাগ্‌লী'/ nağli) উদ্ধৃতিভিত্তিক; কুরআন-হাদীস ও অন্যান্য উদ্ধৃতিযোগ্য দলীলভিত্তিক। Traditional.

نقلیه (নাগ্‌লিয়্যে/ nağliyye) [**نقلی** এর স্ত্রী./fem of **نقلی**] পরিবহন। Transport. **وسائط ن.** পরিবহন মাধ্যম; যানবাহন। Transport means.

نقود (নোগূদ্/noğud) [**نقد** এর ব.ব./pl. of **نقد**].

نقوش(নোগূশ্/noğuš) [**نقش** এর ব.ব./ pl. of **نقش**].

نقی(নাগী/ nağî) পুংবাচক নাম বিশেষ। Mas. pr. name. [মূ.অ./OS.=پاک].

نقیب (নাগী'ব্/ nağib) [ব.ব./pl.نقباء] নাকিব; প্রধান; নেতা; দূত; অগ্রদূত। Chief. Leader. Apostle.

نقیصه (নাগীসে/nağise) [ব.ব./pl. نقائص] ত্রুটি; খুঁত; অভাব; ঘাটতি; কমতি। Defect or deficiency.

نقیض (নাগী'য্/ nağiz) পরস্পরবিরোধী; বিপরীত বস্তু/ধারণা। Contradictory (remark); contrary; opposite.

نقیضه (নাগীযে/ nağize) [ব.ব./pl. نقائض] পরস্পরবিরোধী মন্তব্য বা মত। Contradictory remark or judgment.

نک (নাক্/ nak)= اکنون / اینک

نکات (নেকা'ত্/ nekăt) [نکته এর ব.ব./ pl. of نکته].

نکاح (নেকা'হ্/ nekăh) বিবাহ; বিয়ে। Marriage. زنیرا بعقد ن. در آوردن কোন মহিলাকে বিবাহ করা। To marry a woman.

نکبت (নাক্বাত্/nekbat) দুর্ভাগ্য; দুর্বিপাক; প্রতিকূলতা। Adversity.

نکبت زده(না.-যাদে/n.-zade) দুর্বিপাকের শিকার; দুর্দশাগ্রস্ত। Stricken by adversity.

نکته (নোক্তে/ nokte) [ব.ব./pl.نکات] পয়েন্ট; কোন কথা বা লেখার মধ্যকার গুরুত্বপূর্ণ ও মনে রাখার মত বিষয়; (সংক্ষিপ্ত, সরস উক্তি বা বাক্য)। Point. Witticism. Epigram.

نکته سنج(নো.-সান্জ্/n.-sanj) সওক্ষদর্শী; বিচক্ষণ। Witty. Ingenious.

نکته گیر (নো.-গীর/ n.-gir) যে খুঁত বের করে/ দোষত্রুটি ধরে; অকারণে খুঁত বের করতে অভ্যস্ত ব্যক্তি। Caviller. Critic.

نکته گیری (নো.-গীরী/ n.-giri) খুঁত বের করা; দোষ-ত্রুটি বের করা। Cavilling.

نکرده کار(নাকার্দে কা'র্/ nakarde-kăr)= ناکرده کار

نکره (নাকেরে/ nakare) অনির্দিষ্ট বাচক বিশেষ্য। Indeterminate noun. یاء ن. অনির্দিষ্টবাচক ইয়া [যেমনঃ مردی (এক ব্যক্তি)-এর ی] The indefinite article ی [as in مردی (a man)].

نکو (নেকূ'/ neku)= نیکو

نک و نال (নেক্-ও-না'ল্/ nek-o-năl) অন্যের ওপর দোষারোপ ক'রে বকবক করা। Nagging and complaining (or groaning).

نکو نام (নেকূনা'ম্/neku-năm)= نیکنام

نکوهش (নেকূহেশ্/ nekuheš) নিন্দা; তিরস্কার; ভর্ৎসনা; কটুকাটব্য। Blame; reproach. ن. کردن ভর্ৎসনা/ তিরস্কার/ কটুকাটব্য করা। To blame or reproach.

نکوهیدن(নেকূহী'দান্/nekuhidan) নিন্দা করা; তিরস্কার করা; ভর্ৎসনা করা। To blame. To despise.

نکوهیده(নেকূহীদে/nekuhide) নিন্দনীয়; তিরস্কারের উপযুক্ত। Blameworthy.

نکهت(নাক্হাত্/ nakhat) একবার ঘ্রাণ নেওয়া; মুখের গন্ধ; সুগন্ধ। Breath. Odour.

نکیر(নাকীর্/nakir) 'মুনকার' ফেরেশতাসহ মৃত ব্যক্তিকে কবরে জিজ্ঞাসাবাদকারী ফেরেশতার নাম। Name of an angel who with his companion angel منکر (monkar) interrogates the dead person in his tomb.

نگار (নেগা'র্/ negăr) ছবি; নকশা; চিত্র; আলেখ্য; প্রেমিক/প্রেমিকা; প্রিয়া। Picture. Painting. Sweet heart or mistress.

نگار (নেগা'র্/ negăr) [نگاشتن এর অনু./ Imp. of نگاشتن].

نگار خانه (নে.-খা'নে/ n.-xăne) ছবির গ্যালারি। Picture-gallery. [দ্র./ S.u. نقاشخانه].

نگارش (নেগা'রেশ্/negăreš) লেখা; অঙ্কন; ছবি বা চিত্র অঙ্কন। Writing. Painting.

نگارنده (নেগা'রান্দে/ negărande) লেখক; (বিনয়সূচক) পত্র লেখক (আমি)। Writer. I, the present writer.

نگاره (নেগা'রে/ negăre)= شکل ছবি; অবয়ব; প্রতিকৃতি। Figure.

نگارین (নেগা'রী'ন্/ negărin) রঙ্গিন; চিত্রিত; সুসজ্জিত; নকশা; রূপসী প্রিয়া; মৃ.অ. সম্বলিত। Beautiful mistress. OS. Painted or dyed.

نگاشتن (নেগা'শ্তান্/ negštan) [نگار] লেখা; রচনা করা; আঁকা বা চিত্রায়িত করা। To write. To paint or draw.

نگاشته(নেগা'শ্তে/ negăste) ১/1) [نگاشتن এর ক্রি. বিণ./ P.P. of نگاشتن] ২/2) লেখা; চিঠি। Writing. Letter.

نگاه (নেগা'হ্/ negăh) দৃষ্টি; দেখা; লক্ষ্য করা; দর্শন; অবলোকন; পর্যবেক্ষণ; সংরক্ষণ। To look. To observe. To preserve. ن. داشتن/نگهداشتن ধরা; রাখা; রক্ষা করা; সংরক্ষণ করা; বহাল রাখা; মেনে চলা; বিরত থাকা। To hold. To keep. To support. To observe. To prevent. To preserve. To retain. ن. کردن দেখা; দৃষ্টিপাত করা। To look. بمن ن. کنید আমার দিকে তাকাও; আমার কথা শোন। Look at me. ن. کن/ن. کنید দেখ; দেখ! সাবধান! Look here! I say. Be careful.

نگاهبان(নে.-বা'ন্/n.-băn) প্রহরী; রক্ষক; দারোয়ান; পাহারাদার। Watchman. Sentinel.

نگاهبانی (নে.-বা'নী/ n.-băni) প্রহরা। Watch; guard.

نگاهداری(নে.-দা'রী/n.-dări)= نگهداری রক্ষণাবেক্ষণ; যত্ন; সযত্ন সংরক্ষণ; তত্ত্বাবধান। Keeping. Maintenance. Observance. ن. کردن রক্ষণাবেক্ষণ; দেখাশোনা; তত্ত্বাবধান করা। To keep; have custody of.

نگر (নেগার্/ negar) [نگریستن এর অনু./ Imp. of نگریستن].

نگران(নেগারা'ন্/negarăn) উদ্বিগ্ন; চিন্তিত। Anxious. Uneasy.

نگرانی(নেগারা'নী/ negarăni) উদ্বেগ; দুশ্চিন্তা; অনিশ্চয়তাবোধ। Anxiety. ن . داشتن উদ্বিগ্ন হওয়া। To be anxious or concerned.

نگریستن (নেগারীস্তান/ negaristan) [نگر] দেখা; লক্ষ্য করা; দৃষ্টিপাত করা। To look; see. To view.

نگفتنی (নাগোফ্তানী'/ nagoftani)= ناگفتنی

نگون (নেগূন্/negun) যা বাঁকা হয়ে গেছে; যা উল্টে গেছে; ঢালু; প্রতিকূল। Turned upside down. Adverse. ن . کردن নিজের দিকে উল্টে দেওয়া। To turn upside down.

نگون بخت (নে.-বাখ্ত্/n.-baxt)= بدبخت

نگون سار (নে.-সা'র্/n.-săr) যা নিজের দিকে উল্টে গেছে। Turned upside down.

نگه (নেগাহ্/ negah)= نگاه

نگهبان (নে.-বা'ন্/ n.-băn) প্রহরী; রক্ষক; পাহারাদার। Guard. Watchman.

نگهبانی (নে.-বা'নী'/ n.-băni) প্রহরা; তত্ত্বাবধান। Watch; guard. ن . کردن প্রহরা দেওয়া; তত্ত্বাবধান করা। To watch or guard. افسر ن. প্রহরীদের তত্ত্বাবধায়ক অফিসার। Orderly officer.

نگهدار (নে.-দা'র্/ n.-dăr) প্রহরী; তত্ত্বাবধায়ক; পালক; রক্ষক। Keeper. Preserver.

نگهداری(নে.-দা'রী/n.-dări)=نگاهداری

نگهداشت (নে.-দা'শ্ত্/n.-dašt) ১/1)= نگهداری ২/2) রক্ষণাবেক্ষণ। Maintenance.

نگین(নেগী'ন্/ negin) মূল্যবান পাথর; মূল্যবান পাথরবিশিষ্ট আংটি। Stone; bezel; signet.

نم (নাম্/ nam) আর্দ্রতা; স্যাঁতসেঁতে ভাব; ভেজাভেজা ভাব। Moisture; humidity. [شبنم বোঝাতে For. شبنم] শিশির। Dew. ن . کشیدن আর্দ্রতার কারণে নষ্ট হয়ে যাওয়া। To be damaged by moisture.

نما (নামা'/ namă) কোন কিছুর বাইরের চেহারা; বহির্দৃশ্য; নির্দেশক; চার্ট। Facing; facade. Outward appearance.

نما (নামা'/namă) [نمودن এর অনু./Imp. of نمودن].

نماء (নামা-/namă) বৃদ্ধি; উৎপাদন; বর্ধিত হওয়া। Growth. Growing.

نماز (নামা'য্/ namăz) নামায। Prayer.

نمازخانه(না.-খা'নে/n.-xăne) নামাযখানা; নামায পড়ার স্থান; মসজিদ। Mosque.

نمام (নাম্‌মা'ম্/nammăm)=سخن چین

نمایان(নামা'ইয়া'ন্/namăyăn) দৃষ্টিগ্রাহ্য; দৃষ্টিগোচর; সুস্পষ্ট। Visible; apparent.

نمایاندن(নামা'ইয়ান্দান্/namăyăndan) দেখানো; নির্দেশ করা; সুস্পষ্ট করে তোলা। To show; indicate.

نمایش(নামা'য়েশ্/ namăyeš) প্রদর্শন; প্রদর্শনীয়; দৃশ্য। Representation; exhibition; show; play. در معرض ن. প্রদর্শনস্থলে; সর্বসাধারণকে প্রদর্শনের জন্য। On view; open to public inspection.

دادن . ن প্রদর্শন করা; দেখানো। To show; exhibit. To give a show. بمعرض ن . گذاشتن প্রদর্শনীর জন্য পেশ করা; প্রদর্শন করা; শো। To present; show; exhibit.

نمایشگاه (না.-গা'হ্/ n.-găh) প্রদর্শনী; প্রদর্শনীস্থল; মেলা; প্রদর্শনী কক্ষ। Fair; place of exhibition; display room. نمایشگاه جراحی অস্ত্রোপচার কক্ষ। Operation theatre.

نمایش نامه (না.-না'মে/n.-năme) নাটক; নাটিকা (পুস্তক)। Play (-book).

نمایندگان (নামা'ইয়ান্‌দেগা'ন্/ namăyandegăn) [نماینده এর ব.ব./ pl. of نماینده].

نمایندگی(নামাইয়ান্‌দেগী/ namăyandegi) প্রতিনিধিত্ব; অন্যের হয়ে কাজ করা। Agency. Representation; delegation. نمایندگی ...এর প্রতিনিধি। Representing; (acting) on behalf of.

نماینده (নামা'ইয়ান্‌দে/ namăyande) [ব.ব./pl. نمایندگان] প্রতিনিধি; এজেন্ট; প্রদর্শক। Representative. Agent. Indicator. نمایندهٔ مجلس পার্লামেন্ট সদস্য। Member of Parliament. هیئت نمایندگان سیاسی কূটনৈতিক মিশন/ প্রতিনিধি দল। Diplomatic body (or corps).

نمد (নামাদ্/ namad) মোটা; পশমী বস্ত্র বিশেষ; গালিচা; পশমী আস্তরণ। Felt. Felt Carpet. مالیدن ن . মোটা পশমী কাপড়ে বা বুননকৃত মূল কম্বলে আলগা পশমের আস্তরণ সৃষ্টি। To make felts. کلاه ن . আলগা পশমের আস্তরণযুক্ত পশমী টুপি। Felt hat.

نمدار (নাম্‌দা'র্/ nam-dăr) ঈষৎ আর্দ্র; ভেজা। Moist. Wet.

نمد زین(নামাদ্ যী'ন্/namad-zin) পশম দিয়ে আবৃত করা কাপড়/ঘোড়ার জিন। Woolen saddle-cloth.

نمد مال (না.-মা'ল্/ n.-măl) পশমী বস্ত্র প্রস্তুতকারক; পশমী বস্ত্র বা কম্বলে পশমের আস্তরণ প্রদানকারী। Felt-maker.

نمدی (নামাদী/ namadi) পশমে তৈরী ও পশমের আস্তরণবিশিষ্ট বস্ত্র; রাখালদের এক ধরনের জ্যাকেট বিশেষ। (Made of) felt. Kind of felt jacket worn by shepherds.

نمدیده (নাম্‌দী'দে/ nam-dide) আর্দ্রতায় ক্ষতিগ্রস্ত হয়েছে এমন। Damaged by moisture.

نمره (নোম্‌রে/ nomre) [ব.ব./pl.نمرات] সংখ্যা; নম্বর। Number. No. Mark. زدن ن . নম্বর দেওয়া। To number.

نمره دار (নো.-দা'র্/ n.-dăr) সংখ্যায়িত; ক্রমিক সংখ্যাবিশিষ্ট। Numberd.

نمره زنی (নো.-যানী'/ n.-zani) সংখ্যা বসানো; ক্রমিক নম্বর প্রদান। Numbering. ماشین ن . ক্রমিক নম্বর মুদ্রণের যন্ত্র। Numbering machine.

نمره گذاری(নো.-গোযা'রী/ n.-gozări) সংখ্যা বসানো; ক্রমিক নম্বর প্রদান। Numbering.

نمساز(নাম্সা'য্/namsăz) আর্দ্রতা সৃষ্টিকারী; যেখানে আর্দ্রতা/স্যাঁতসেঁতে অবস্থা সৃষ্টি হয়। Dump; moist.

نم سنج (না.-সান্য্/ n.-sanj) আর্দ্রতা পরিমাপক যন্ত্র। Hygrometer.

نمسه (নাম্সে/namse) অস্ট্রিয়া বা জার্মানী। Austria or Germany. چای ن. জাভা দ্বীপে উৎপাদিত চা। Javanese tea.

نمط (নামাত্/namat) পদ্ধতি; রঙিন; রীতি; ধারা; কার্পেট বিশেষ। Manner.

نمک (নামাক্/ namak) লবণ; আকর্ষণ। Salt. Charm. کسی پاشیدن ن. بر زخم কাটা ঘায়ে নুনের ছিটা দেওয়া। To aggravate one's sad condition. حق ن. নুন খাওয়ার কারণে গুণ গাওয়ার নৈতিক দায়িত্ব; নেমকহালালীর কর্তব্য। Ties of hospitality. نان و ن. خوردن باکسی কারো সাথে আহার করা ও বন্ধুত্ব করা। To eat with someone bread and salt.

نمک بحرام(না.-বেহারা'ম্/ n.-be-harăm)= نمک نشناس

نمک پاش (না.-পা'শ্/ n.-păš) ছিদ্রযুক্ত মুখ-বন্ধ লবণের কৌটা যা থেকে খাবার প্লেটে লবণ ছিটানো হয়। Salt-sprinkler.

نمک پرورده(না.-পার্ভার্দে/ n.-parvarde) অন্যের দ্বারা প্রতিপালিত। Brought up or fed by another.

نمک خوارگی (না.-খা'রেগী/n.-xăregi) কারো দয়ায়, ভরণ-পোষণ করায় বা কারো দ্বারা আপ্যায়িত হওয়ায় কৃতজ্ঞতা; নিমকহালালী। Gratitude due to hospitality received.

نمک دان (না.-দা'ন্/n.-dăn) ১/1) লবণদানী; নিমকদানী; লবণের বাটি। Salt- cellar. ২/2) যে হালকা রসিকতা করে। One who makes flat jokes.

نمک زار (না.-যা'র/ n.-zăr) লবণাক্ত জলাভূমি; লবণ উৎপাদন ক্ষেত্র। Salt-marsh.

نمک زده (না.-যাদে/ n.-zade) লোনা; লবণাক্ত। Salted.

نمک سود (না.-সূদ্/n.-sud) লবণে ডুবিয়ে সংরক্ষণকৃত গোশ্‌ত বা অন্য যে কোন দ্রব্য। Pickled with salt; preserved in brine.

نمک سوز (না.-সূয্/ n.-suz)= نمک سود

نمک شناس (না.-শেনা'স্/ n.-šenăs) কৃতজ্ঞ। Grateful.

نمک شناسی (না.-শেনা'সী/ n.-šenăsi) কৃতজ্ঞতা। Gratitude.

نمک فرنگی (না.-ফারাঙ্গী/n.-farangi) ম্যাগনেসিয়াম গন্ধকাম্লজাত লবণ। Sulphate of sodium or sulphate of magnesium.

نمک گیر (না.-গীর্/ n.-gir) আতিথেয়তার কারণে নৈতিক দায়িত্বে আবদ্ধ হয়ে পড়া ব্যক্তি। Bound by ties of hospitality.

نمک ناشناس(না.-না'শেনা'স্/ n.-năšenăs) অকৃতজ্ঞ; কৃতঘ্ন। Ungrateful.

نمک نشناس(না.-নাশেনা'স্/ n.-našenās)= نمک ناشناس
نمکین (নামাকী'ন্/ namakin) নোনতা; লোনা। Salty. [দ্র./ S.u. با نمک].
نمناك (নাম্‌না'ক্/ namnăk) কিঞ্চিৎ আর্দ্র; স্যাঁতসেঁতে; ভেজাভেজা। Damp; humid.
نم نم (নাম্‌নাম্/ nam-nam) গুঁড়িগুঁড়ি; ঝিরঝিরে। In fine drop. نم نم باران গুঁড়িগুঁড়ি বৃষ্টি। Drizzling-rain.
نمو (নোমোভ্[ভ্]/nomov[v])= رشد বৃদ্ধি; বিকাশ। ن. كردن বৃদ্ধি পাওয়া; বিকাশপ্রাপ্ত হওয়া। Growth. Development.
نمود (নোমূ'দ্/ nomud) বাহ্য অবস্থা বা রূপ দৃষ্টিগোচরতা; চিহ্ন; ঔজ্জ্বল্য প্রকাশ। Appearance.
نمودار (নোমূ'দা'র্/ nomudăr) দৃশ্যমান; সুস্পষ্ট; স্পষ্ট দেখা যায় বা বোঝা যায় এমন রেখাচিত্র; গ্রাফ; আকৃতি। Apparent; visible. Graph. ن. شدن দৃশ্যমান হওয়া; সুস্পষ্টভাবে প্রকাশিত হওয়া। To appear.
نمودن (নোমূ'দান্/ nomudan) [نما] [সাহায্যকারী ক্রিয়া= كردن [Auxiliary verb=كردن] মূ.অ. OS. ১/1) দৃষ্টিগোচর হওয়া দৃশ্যমান হওয়া। To show. ২/2) দেখানো। OS. To appear. چنین مینماید که এরূপ প্রতীয়মান হচ্ছে যে। It appears that.
نموده(নোমূ'দে/nomude) [نمودن এর ক্রি. বিণ./ p.p. of نمودن].
نمور(নামূর্/ namur)= نمناك
نمونه (নোমূনে/ nomune) নমুনা; মডেল। Sample; specimen. Model. [نمونه غلطگیری বোঝাতে For نمونه‌غلطگیری] প্রুফ (শীট)। Proof.
نمونه گیر (না.-গীর্/n.-gir) নমুনা/স্যাম্পল সংগ্রহকারী; যে নমুনাস্বরূপ প্রদর্শনের জন্য রক্ষিত দ্রব্যাদি চুরি করে: নমুনা চোর; পণ্য যাচাই বা পছন্দের কথা বলে যে নমুনা সংগ্রহ করে আত্মসাৎ করে, কিন্তু পণ্য ক্রয় করে না। Sampler. Sample-thief.
نمونه گیری (না.-গীরী/ n.-giri) স্যাম্পল/ নমুনা গ্রহণ; নমুনা সংগ্রহ করা। Sampling.
نمیر (নামী'র্/ namir) অমর। Undying; immortal.
ننر (নোনোর্/ nonor) ১/1)= لوس ২/2) যে বোকামির সাথে স্বার্থপরতার পরিচয় দেওয়া। Foolishly selfish.
ننگ (নাঙ্/ nang) লজ্জা; অপমান; লাঞ্ছনা; ঘৃণা; অবজ্ঞা। Shame; disgrace. Disdain.
ننگین (নাঙ্গী'ন্/nangin) লজ্জাকর; লজ্জাজনক; অপমানজনক; লাঞ্ছনাকর। Shameful.
ننو (নান্/ nanu) শিশুদের চামড়া বা মোটা কাপড়ের তৈরী দোলনা বিশেষ যার দুই মাথার রশি দুই গাছের বা খুঁটির সাথে বাঁধা হয়। Hammock (for children).
ننه(নানে/nane) মা। Mamma; mummy.

نو(নোও/ now) নতুন। New. نونو একদম নতুন। Brand-new.
از نو/از سر نو নতুন করে; পুনরায়। Anew; over again.

نوا (নাভা'/navă) সুর। Tune.
نوای کسی را در آوردن কারো কণ্ঠের অনুকরণ করে গাওয়া। To mimic some one.

نواب (নাভ্‌ভা'ব্/ navvăb) [نایب এর ব.ব./ pl. of نایب].

نواحی (নাভা'হী/ navăhi) [ناحیه এর ব.ব./ pl. of ناحیه].

نواختن (নাভা'খ্‌তান্/ navăxtan) [نواز] বাজানো; আদর করা; সোহাগ করা। To play (on). To strike. To caress.

نواخوان (নাভা'খা'ন্/ navă-xăn) গায়ক; যে অন্যের কণ্ঠের অনুকরণ করে। Singer. Imitator.

نوادر (নাভা'দের্/ navăder) [نادره এর ব.ব./ pl. of نادره].

نواده (নাভা'দে/ navăde) ১/1) বংশধর। Descendant. ২/2)= نوه নাতি-নাতনী। Grandchild.

نوار (নাভা'র্/ navăr) ফিতা। Ribbon. Band. نوارضبط صوت টেপ রেকর্ডারের ক্যাসেট। Tape (for a tape recorder).

نوار پیچ (না.-পীচ্/ n.-pič) ক্ষত বা আঘাতস্থলে বাঁধার জন্য কাপড়ের ফালি; পট্টি; ব্যান্ডেজ। Bandage. ن . کردن ব্যান্ডেজ করা। To (tie up with) bandage.

نوار چسب (না.-চাস্‌ব্/ n.-časb) আঠাল ফিতা; স্কচ টেপ। Scotch tape; adhesive tape.

نواز(নাভা'য্/ navăz) [نواختن এর অনু./ Imp. of نواختن].

نوازش (নাভা'যেশ্/navăzeš) আদর; সোহাগ; স্নেহস্পর্শ। Caress; fondling. ن . کردن আদর করা; সোহাগ করা। To caress.

نوازندگی(নাভা'যান্দেগী/navăzandegi) যন্ত্রসঙ্গীত বাজানো; বাদকের পেশা। Musical peformance. Musical profession.

نوازنده (নাভা'যান্‌দে/ navăzande) [ব.ব./pl. نوازندگان] সঙ্গীতশিল্পী; বাদক; সুরস্রষ্টা; সুরকার। Player; musician.

نواقص (নাভা'ঘেস্/ navăğes) [ناقصه এর ব.ব./ pl. of ناقصه] খুঁত; ত্রুটি। Defects. Deficiencies.

نواله (নাভা'লে/navăle) রুটি তৈরির জন্য ময়দার খামিরের গোলা (গোলক); কারো জন্য আলাদা করে রাখা খাবার যে পরিমাণ খাদ্য একই সময়ে পরিবেশিত হয়। Mess; victual; morsel. Draft.

نوامبر (নোভা'ম্‌ব্‌র্/novămbr) নভেম্বর। November.

نوآموز (নোওঅ'মূয্/ now-ămuz) শিক্ষানবিশ; অনভিজ্ঞ। Beginner. Apprentice.

نوامیس (নাভা'মীস্/ navămis) [ناموس এর ব.ব./ pl. of ناموس].

نواهی(নাভা'হী'/ navăhi) [ناهیه এর ব.ব./ pl. of ناهیه]. নিষিদ্ধ জিনিস/ কাজসমূহ। Forbidden things or acts.

نوآئین(নাওঅ'য়ীন্/naw-ă'in) নবদীক্ষিত; যে সদ্য কোন ধর্মমতে দীক্ষা নিয়েছে। Convert.

نوباوه (নাওবা'ভে/ naw-băve) মওসুমের প্রথম ফল। First fruits. [তুল/ Cf. نوبر] [ব.ব. /pl. نوباوگان] তরুণগণ; নতুন প্রজন্ম। Young men; new generation.

نوبت (নাওবাত্/ nawbăt) পালা; সময়। Turn. Time. بنوبت পালাক্রমে। In turn. در نوبتهای معین নির্ধারিত পালা অনুযায়ী; সুনির্দিষ্ট সময় পরপর। Periodically. ن. گرفتن পালা সংরক্ষণ করা; লাইনে দাঁড়ানো; পালার জন্য নাম লেখানো বা ক্রমিক নম্বর গ্রহণ। To reserve one's turn; queue up; line up; wait one's turn.

نوبت کار (না.-কা'র্/ n.-kăr) পালাক্রমে কাজ করে এমন শ্রমিক। Shift (worker).

نوبت کاری (না.-কা'রী/ n.-kări) পালাভিত্তিক কাজ। Shift (work).

نوبتی(নাওবাতী'/nawbati) পালা অনুযায়ী কাজ করে এমন। Periodical; working by shift. Operating by turn.

نوبر (নাওবার্/ naw-bar) মওসুমের প্রথম ফল; বাজারে নতুন উঠেছে যে ফল; নতুন; প্রথম বারের মত। First fruits. New. ن. کردن প্রথম বারের মত খাওয়া। To eat for the first time.

نوبنیاد (নো.-বোনীয়া'দ্/ n.-bonyăd) নব প্রতিষ্ঠিত। Newly-established.

نوبه (নাওবে/ nawbe) ম্যালেরিয়া। Paludal fever; malaria. [تب ن বোঝাতে For تب ن.] পালা জ্বর। Intermitent fever.

نوبهار (নোওবাহার্/now-bahar) বসন্তের শুরু; নতুন বসন্ত। Early spring.

نوبه خیز (নোওবেখীয্/ nowbe-xiz) ম্যালেরিয়া ঘটিত; সহজে ম্যালেরিয়ায় আক্রান্ত হয় এমন। Malarious. Malarial. Paludal.

نوجوان(নোওজাভা'ন্/now-javăn) তরুণ; কিশোর। Lad; youth.

نوجوانی(নো.-জাভা'নী/n.-javăni) কৈশোর; তারুণ্য; নব যৌবন; বয়ঃসন্ধি। Youth; adolescence.

نوچه(নো.-চে/n.-če) শিক্ষার্থী; কুস্তী খেলার শিক্ষানবিশ। Beginner; novice.

نوح (নূহ্/nuh) হযরত নূহ (আঃ)। Hazrat Noah (A.S.).

نوحه (নোওহে/ nowhe) মৃত ব্যক্তির জন্য বিলাপ/আহাজারি/রোনাজারি/ কান্নাকাটি; শোকগাঁথা। Wailing. Mournful songs.

نوخاسته (নোওখা'স্তে/ now-xăste) নবউত্থিত; তারুণ্যপূর্ণ; তরুণ বয়স্ক। Youthful (person); youth.

نود (নাভাদ্/ navad) নব্বই। Ninety.

نوداماد (নোওদামাদ্/ now-dămăd) নতুন জামাই; পাত্র। Young husband; bridegroom.

نودم (নাভাদোম্/ navadom) নব্বইতম। Ninetieth.

نودمی(নাভাদোমী/navadomi) নব্বইতম (টি)। (The) Ninetieth.

